
১ম খণ্ড। ১ম সংখ্যা।

# ফলিত জ্যোতিষ।

# ASTROLOGY.

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়

প্রণীত।



The Hevens declare the Glory of God;
And the firmament sheweth his handy work.

Psalms XIX.

भपञ्जर: स्थिरो भूरे वावृत्यावृत्य प्रातिदैवसिकौ।
उदयास्तमयौ सम्पादयति नक्षत्र ग्रहाणाम्॥

आर्य्यभट्टवचनम्।

কলিকাতা।

করন্‌ওয়ালিস ষ্ট্রীট ৭১ নং রাজকীয় যন্ত্রালয়ে
শ্রীশ্রীশচন্দ্র ভট্টাচার্য্য কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

সন ১২৮৩ সাল, পৌষ।

মূল্য ১[illegible] টাকা।

# ফলিত জ্যোতিষ।

# ASTROLOGY.

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়

প্রণীত।

সাং বুতনি জেলা ঢাকা, হাল সাং যোড়াসাঁকো।

The Hevens declare the Glory of God;
And the firmament sheweth his handy work.

Psalms XIX.

अपञ्जरः स्थिरो भूरेवावृत्यावृत्य प्रातिदैवसिकौ।
उदयास्त मयौ सम्पादयति नक्षत्र ग्रहाणाम्॥

आर्य्यभट्टवचनम्।

কলিকাতা।

করন্‌ওয়ালিস ষ্ট্রীট ৭১ নং রাজকীয় যন্ত্রালয়ে
শ্রীশ্রীশচন্দ্র ভট্টাচার্য্য কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

সন ১২৮৩ সাল, পৌষ।

# উপক্রমণিকা।

"মন্দঃ কবি যশঃ প্রেপ্সুর্গমিষ্যামুপহাস্যতাং।
প্রাংশু গম্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ॥"

যখন মহাকবি কালিদাস 'রঘুবংশ' নামক গ্রন্থের আরম্ভে এতাদৃশ কবিতা রচনা করিয়াছিলেন, তখন আমার ন্যায় অজ্ঞ ব্যক্তির পক্ষে এরূপে মহান্ কার্য্যে হস্তক্ষেপ ও তাহাতে কৃতকার্য্য হইবার আশা বামনের উচ্চতর বৃক্ষ হইতে ফললাভের আশার ন্যায় এবং মন্দ কবির যশ লাভের আশর ন্যায় অবশ্যই জনসমাজে উপহাসের কারণ হইবে। তবে জানিয়া শুনিয়া আমি যে এই বৃহৎ কার্য্যে কেন হস্তক্ষেপ করিয়াছি, তাহা আমি নিজেই বলিতে পারি না।

অধুনা পুরাণ এবং বেদাদি নানাবিধ প্রাচীন হিন্দুশাস্ত্র প্রচারিত হইতেছে এবং বিজ্ঞান-শাস্ত্রের আলোচনাও কিয়ং পরিমাণে হইতে আরম্ভ হইয়াছে। কিন্তু আমাদিগের দেশীয় প্রাচীম জ্যোতিষ শাস্ত্র প্রচারের অদ্যাপি কেহ হস্তক্ষেপ করেন নাই। এমন কি বহুকাল হইতে এই শাস্ত্রটী আলোচনাভাবে এক প্রকার মৃত-প্রায় হইয়া রহিয়াছে। এক কালে হিন্দুগণের মধ্যে এই শাস্ত্রটী সম্যকরূপে আলোচিত হইয়াছিল এবং কলিকালের প্রারম্ভে অর্থাৎ খৃষ্ট জন্মের ৩১০১ বৎসর পূর্ব্বে ভারতবর্ষীয় জ্যোতির্ব্বিদ্‌গণ কর্ত্তৃক গগণমণ্ডলের মধ্যস্থ গ্রহগণের গতি বিষয়ক যাহা স্থিরীকৃত হইয়াছিল তাহা ভ্রমশূন্য বলিয়া ইউরোপখণ্ডের আধুনিক জ্যোতির্ব্বিদগণ স্বীকার করিতেছেন। যদিও সম্প্রতি ইউরোপ-খণ্ডে বিজ্ঞান শাস্ত্রের বহুল আলোচনা দ্বারা নূতন নূতন নক্ষত্র ও গ্রহাদি আবিষ্কার হইয়াছে, কিন্তু ভারতবর্ষকে এই শাস্ত্রের আকর স্থান বলিয়া নির্দ্দেশ করিতে হইবে।

এই প্রাচীন জ্যোতিষ শাস্ত্র পুনর্জীবিত করিবার নিমিত্ত আমি বহু আয়াস এবং ব্যয় স্বীকার করিয়া বৃহজ্জাতক, জাতকালঙ্কার, কোষ্ঠীসারাবলী, কোষ্ঠীপ্রদীপ, নীলকণ্ঠ তাজক, দ্বিপীকা, ষষ্ঠীদাস, দৈবজ্ঞবল্লভা, হোরাষট্পঞ্চাশিকা, পঞ্চস্বর, রমলপাষ্ঠিগণন, নাহারাদিলক্ষণমুক্তা, অমরসেন, চন্দ্রমিলন, প্রশ্নাঙ্কচূড়ামণি, রমলামৃত, দিনাচার্য্য, কাকচরিত্র, শিবোক্তপঞ্চপক্ষী, পারিজাত পঞ্চপক্ষী, সর্ব্বতোভদ্রচক্র, প্রস্তাবচক্র, কেরলী, নিকষা কেরলী, মনরম, প্রশ্নতন্ত্র, নষ্টকোষ্ঠী বিচার, রেখাসামুদ্রিক, পবনবিজয় স্বরোদয়, যামলোক্ত বর্ণস্বরোদয়, শল্য উদ্ধার, রত্ন উদ্ধার, অঙ্ক সামুদ্রিক, রমল নবরত্ন এবং খনার বচন ইত্যাদি পুস্তক সংগ্রহ করিয়াছি। এক্ষণে পণ্ডিতগণের দ্বারা উক্ত পুস্তক সকলের বচন এবং তাহার বাঙ্গালানুবাদ ও চক্রাদি এবং গণনা করিবার উপদেশ সহিত 'ফলিত জ্যোতিষ' এই নামে প্রতি মাসে এক এক খণ্ড করিয়া প্রকাশ করিতে সঙ্কল্প করিয়াছি। বোধ হয় ইহা পাঠে সাধারণে গণনা শাস্ত্র অনায়াসে অবগত হইতে পারিবেন। সম্প্রতি 'ফলিত জ্যোতিষের' এক খণ্ড রাজকীয় যন্ত্রের অধ্যক্ষ মহোদয়ের সাহায্যে প্রকাশিত হইয়া সাধারণের হস্তে অর্পিত হইল। যদি ইহা পাঠ দ্বারা কিয়ৎ পরিমাণে আমার উদ্দেশ্য সফল হয়, তাহা হইলেই আমার শ্রম ও ব্যয়ের স্বার্থকতা জ্ঞান করিব। অলমেতি বিস্তরেন।

কলিকাতা ৭ নং শিবকৃষ্ণদাঁর ষ্ট্রীট জোড়াসাঁকো।
১ লা পৌষ, সন ১২৮৩ সাল।

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়।
সাং বুতনী জেলা ঢাকা।

# ফলিতজ্যোতিষের প্রথমখণ্ডের

## নির্ঘণ্ট পত্র।


পৃষ্ঠা

সাধারণ উপদেশ ১

পবনবিজয় স্বরোদয়।

ইড়াপিঙ্গলাসুষুম্না নাড়ী উদয়ের বিবরণ ৬
পৃথ্বী তত্ত্বের লক্ষণ ৭
জলতত্ত্বের লক্ষণ ৮
অগ্নি তত্ত্বের লক্ষণ ৮
বায়ুতত্ত্বের লক্ষণ ৮
আকাশ তত্ত্বের লক্ষণ ৯
তত্ত্বের গুণ ৯
মৃত্যুজ্ঞান ৯
তত্ত্ব দ্বারা শুভাশুভ জ্ঞান ১০
কর্ম্ম বিশেষে ভূতোদয়ের ফল ১০
তত্ত্ব জ্ঞান দ্বারা হৃত নষ্ট বা চিন্তিত দ্রব্যের আকৃতি জ্ঞান ১০
ঐ বস্তুর বর্ণজ্ঞান ১০
তত্ত্বাদির অধিষ্টাত্রী দেবতা ১০
তত্ত্বদ্বারা দিক্ জ্ঞান ১০
যুদ্ধ বিষয়ক জ্ঞান ১১
রোগ প্রশ্নে শুভাশুভ জ্ঞান ১১
গর্ভ সম্বন্ধীয় প্রশ্নের ফলাফল গণনা ১১
তত্ত্ববিশেষে গর্ভাধান হইলে সন্তানের সুখ দুঃখাদির বিবরণ ১১
মর্ত্ত প্রকরণ ১১
সংবৎসর প্রকরণ ১২

পৃষ্ঠা

বাম ও দক্ষিণ নাসিকার শ্বাস বহনের নিরূপিত সময়ের ব্যতিক্রমে ফলাফল কথন ১২
ঐ দিন ভেদে বিপরীত ফল ১৩
যাত্রাকালের প্রক্রিয়া ১৩
যুদ্ধ প্রকরণ ১৪
শয়ন প্রকরণ ১৪
বাম কিম্বা দক্ষিণ নাসাপুটে বায়ুর নিরূপিত বহন সময় প্রশ্ন হইলে তাহার শুভাশুভ গণনা ১৪
শ্বাস ও তত্ত্বোদয়ের দৃষ্টান্ত ১৪
স্বরোদয় প্রমাণ সংস্কৃত শ্লোক ১৫
পৃথ্বীতত্ত্বাদির নক্ষত্র ১৬
পূর্ণ নাড্যাদি প্রশ্নফল ১৬
কার্য্য বিশেষে নিশ্বাসের বহির্গতি নির্ণয় ১৬
অঙ্গুলি বিশেষ দ্বারা ভূত নিরূপণ ও তৎফল ১৬
পঞ্চভূতের গুণ ও সৃষ্টি সংহার কথন ১৬
মৃত্যু কাল জ্ঞান ১৭
ভূত বিশেষে ষট্ কর্ম্ম বিশেষ ১৭
পঞ্চভূত দ্বারা প্রশ্নের শুভাশুভ ফল ১৭
ভূত বিশেষে মূল জীবাদি নির্ণয় ১৭
বহু পদাদি নির্ণয় ১৭
ভূত রূপাণি ১৭
তত্ত্ব বিশেষে যুদ্ধাদি জ্ঞান ও যুদ্ধ বিজয় প্রকরণ ও সন্ধি বিগ্রহ কথন ১৮
তত্ত্ব দ্বারা গর্ভের সন্তানাদি গণনা ১৮

পৃষ্ঠা

পঞ্চতত্ত্ব দ্বারা সংবৎসর ফল কথন ১৮
বারাদি ভেদে নাড়ী বিশেষ ফল কথন ১৯
স্ব স্ব নাড়ীফল কথনাদি ১৯
তত্ত্ব বিপরীত নিন্দাদি ১৯
বার ভেদে বিপরীত ফল ১৯
নিশ্বাস বিশেষে যাত্রাফল ২০
তত্ত্ব বিপরীত ফল ১৯
বার ভেদে পাদ যাত্রাভেদ ২০
কর্ম্ম বিশেষে ইড়া নাড়ী ফল ২০
কর্ম্ম বিশেষে পিঙ্গলা নাড়ী ফল ২১
কর্ম্ম বিশেষে সুষুম্না নাড়ী ফল ২১


### স্বরোদয় পরিশিষ্টাংশের নির্ঘণ্ট।


ইড়া পিঙ্গলা সুষুম্নানাড়ীর সংজ্ঞাদি রাশি ও দেবতার বর্ণ ও লগ্নমান ২২
বার বিশেষে দক্ষিণ নাসাপুট বহন সময় নিদ্রা ভঙ্গ হইলে তাহার ফল ২২
স্বরের সাধন ২২
স্বর পরিবর্ত্তন করার উপায় ২২
শ্বাস নির্গত ও প্রবেশ কালে প্রশ্ন হইলে তাহার ফল ২২
তত্ত্বের আকৃতি নেত্র দ্বারা দৃষ্টি করার ক্রম ২৩
তত্ত্ব সকলের উদয় জানিবার নিয়ম ২৩
তত্ত্বের প্রকৃতি ২৩
তত্ত্বের স্থান ২৩
তত্ত্বদিগের দ্বার ২৩
তত্ত্বের দ্বারের ক্রিয়া ২৩

পৃষ্ঠা
কোন্ তত্ত্ব মনে উদয় হইলে কোন্ কোন্ বস্তু আহারের ইচ্ছা হয় ২৩
তত্ত্বের গুণ ২৩
এক এক তত্ত্বের মধ্যে পঞ্চতত্ত্বের উদয় চক্র ২৩
পক্ষ মধ্যে নিজ দেহে কোন রোগ জন্মিবে কিনা তাহা জানিবার ক্রম ২৩
ঐরূপে রোগোৎপত্তি হইলে তাহা নিবারণের উপায় ২৪
দৈনন্দিন সুখ দুঃখের বিচার ২৪
গর্ভ প্রশ্ন ২৪
গর্ভ হইয়াছে কিনা ২৪
বাম ও দক্ষিণ নাসা পুটে বায়ু বহন কালে কোন্ তত্ত্ব উদয় কালে গর্ভাধান হইলে সেই গর্ভে কিরূপ সন্তান অর্থাৎ পুত্র কি কন্যা জন্মিবে তাহা ও তাহার ফলাফল কথন ২৪
ঋতু রক্ষার রাত্রি প্রকরণ ২৫
দূর দেশস্থিত ব্যক্তির আগমন প্রশ্ন ২৫
মনোবাঞ্ছা পূর্ণ হইবে কিনা ২৫
যুদ্ধ প্রকরণ ২৫
ক্রোধিত ব্যক্তির নিকট গমনের নিয়ম ২৬
ছায়াপুরুষ সাধন প্রক্রিয়া ২৬
মৃত্যুকাল জ্ঞান ২৬
অহোরাত্র মধ্যে অজাপাজপ জ্ঞান ২৭
শ্বাসের অর্থ ২৭
অগ্নি লাগিলে নির্ব্বাণের প্রক্রিয়া ২৭
শত্রুর সহিত মিলনের প্রক্রিয়া ২৭
স্বরোদয় সম্বন্ধে মহাদেব ভগবতীকে যাহা বলিয়াছেন ২৭
যোগ শাস্ত্র প্রকরণ ২৮
ঘেরণ্ড সংহিতার প্রথম উপদেশ ২৮
সংস্কৃত শ্লোক ও সংস্কৃত প্রয়োগ ২৯
উপদেশ ৩০
বাত সার প্রয়োগ ৩১
বারিসার প্রয়োগ ৩১
বহ্নিসার প্রয়োগ ৩১
বহিষ্কৃত প্রয়োগ ৩১
পঞ্চ প্রকার দন্ত ধৌতি ৩১
দন্ত মূল ধৌতি ৩১
জিহ্বা মূল ধৌতি ৩১
রন্ধ্র ধৌতি প্রয়োগ ৩২
কর্ণ ধৌতি প্রয়োগ ৩২
কপাল রন্ধ্র ধৌতি ৩২
হৃদ্ধৌতি ৩২
মূল শোধন ৩২
বস্তি প্রকরণ ৩২
নেতি কর্ম্ম ৩২
ত্রাটক ৩২
লৌলিকি ৩২
কপাল ভাতি ৩৩
যোগাভ্যাস করিতে হইলে যে সকল ক্রিয়ার প্রয়োজন তাহার সংক্ষেপ বিবরণ ৩৩
যোগশাস্ত্র সম্বন্ধীয় সাঙ্কেতিক শব্দ ৩৩
প্রাণায়াম বিবরণ ৩৪
যোগাঙ্গ পথ্য ও নিষেধাদি ৩৪।৩৫

**অথ জ্যোতিষ গণনা আরম্ভ।**

আকাশমণ্ডল তিন খণ্ডে বিভক্ত, তাহার মধ্য খণ্ডের রাশি চক্রের বিবরণ ৩৬
অশ্বিন্যাদি নক্ষত্র কয়টি করিয়া তারাতে বিভক্ত তাহার বিবরণ ৩৭
পৃথিবীর আকার ও গতি ৩৮
অয়নাংশানয়নের বচন ও অয়নাংশ মতে লগ্ন নিরূপণ ৩৯
প্রাচীনকালের লগ্নমান অর্থাৎ স্থিরলগ্নমান ৩৯
অয়নাংশ মতে লগ্নমানানয়ন ৩৯
রবিভুক্তিক্রম সৌরমানের রাঢ়ীয়মতে মাস-সংখ্যায় দিনভুক্তি ৪১
অয়নাংশ মতে মাস সংখ্যার দিন ভুক্তি ৪১
দেশ বিশেষে বিংশত্যয়ন শোধিত লগ্নমান ৪২
অয়নাংশ শোধিত লগ্নমান, ও হোরা দ্রেক্কাণ
পৃষ্ঠা
নবাংশ দ্বাদশাংশ ত্রিংশাংশ বিভাগ ৪৩
কালনিরূপণ ৪৩
নক্ষত্রিক মাস কথন ৪৪
সৌরমাস কথন ৪৪
সাবনমাস ও তৎপ্রয়োজন ৪৪
চান্দ্রমাস ৪৫
নক্ষত্রাদি কালের ব্যবস্থা ৪৫
যুগাদি নিরূপণ ৪৫
বার প্রকরণ ৪৬
শুভাশুভ বার ৪৬
বারবেলা ও কাল বেলা ৪৬
কালরাত্রি ও কুলিকরাত্রি ৪৬
তিথি নিরূপণ ৪৭
ইংরাজি যে সন ও যে মাসের যে তারিখে যে তিথি হইবে তাহার চক্র ৪৭
তিথ্যধিপ কথন ৪৮
নন্দাদি তিথি ৪৮
মাস দগ্ধা ও তৎফল কথন ৪৮

ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় প্রণীত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের প্রথম খণ্ডের প্রথম সংখ্যার নির্ঘণ্ট সমাপ্ত।

---

অথ প্রথম খণ্ডের দ্বিতীয় সংখ্যার নির্ঘণ্ট।

নক্ষত্র কথন ৪৯
নক্ষত্রাধিপতি ৪৯
ঊর্দ্ধমুখ নক্ষত্র ৪৯
অধোমুখ নক্ষত্র ৪৯
তির্য্যঙ্মুখ নক্ষত্র ৪৯
যে নক্ষত্রে জন্ম গ্রহণে যে গণ হয় ৪৯
নক্ষত্রের জাতি নিরূপণ ৫০
শতপদ চক্র ও কোন্ কোন্ নক্ষত্রে কোন্ কোন্ মাস ৫২
বর্ণ স্বরোদয় মতে তিথিবার নক্ষত্র যোগে দৈনিক ফলাফল ৫৩
করণের নাম ৫৪

| | পৃষ্ঠা |
|---|---|
| যোগ প্রকরণ | ৫৪ |
| মেষাদি দ্বাদশ রাশির নাম | ৫৪ |
| রাশি বিভাগ | ৫৫ |
| রাশি স্বরূপ | ৫৫ |
| রাশ্যধিষ্ঠাতৃদেবতা কথন | ৫৫ |
| নীলকণ্ঠীতাজক মতে দ্বাদশ রাশির স্বরূপ | ৫৫ |
| রাশিদিগের শত্রু মিত্র কথন | ৫৭ |
| ভট্টোৎপল ধৃত যবনেশ্বর মতে মেষাদি দ্বাদশ রাশির সংজ্ঞা | ৫৯ |
| নক্ষত্র দ্বারা রাশি নির্ণয় | ৬১ |
| রাশিদিগের বিশেষ নাম | ৬১।৬৩ |
| রাশির আকার | ৬৩ |
| রাশির পর্য্যায় | ৬১।৬৩ |
| ওজ যুগ্মাদি বিষম সম | ৬১।৬৩ |
| মেষাদির বিশেষ নাম রাশির ক্রূর ও সৌম্য সংজ্ঞা | ৬১।৬৪ |
| ঐ দ্বিপদাদি | ৬৪ |
| ঐ কীট সরীসৃপ | ৬১।৬৪ |
| পুণ্যাদি বিবেচনা | ৬১ |
| ঐ গ্রাম্য অরণ্য ও জলজ সংজ্ঞা ঐ হ্রস্ব ও দীর্ঘ এবং সম সংজ্ঞা | ৬১।৬৪ |
| গ্রহদিগের ক্ষেত্র কথন | ৬২ |
| মেষাদি দ্বাদশ রাশ্যধিপ | ৬২ |
| ঐ দিগধিপতি সংজ্ঞা | ৬১।৬৪ |
| ঐ রাত্রি সংজ্ঞা | ৬২।৬৪ |
| ঐ দিবা সংজ্ঞা | ৬২।৬৪ |
| রাশিদিগের বর্ণ | ৬২।৬৪ |
| পৃষ্ঠোদয় সংজ্ঞা | ৬২।৬৪ |
| শীর্ষোদয় রাশি সংজ্ঞা | ৬২।৬৪ |
| উচ্চ ও নীচ স্থান | ৬২।৬৪ |
| ও ভোগের কাল | ৬২।৬৫ |
| মূল ত্রিকোণ | ২৬।৬৫ |
| স্থান নির্ণয় | ৬৩।৬৫ |
| কাল পুরুষের অঙ্গ বিভাগ | ৬৩।৬৫ |
| [illegible] কর্তৃক শরীর বিভাগ | ৬৩।৬৬ |

| | পৃষ্ঠা |
|---|---|
| রাশি কর্তৃক মানবশরীর বিভাগ | ৬৩।৬৬ |
| স্থান বল নির্ণয় | ৬৬ |
| বৃদ্ধি স্থান | ৬৭ |
| ষড়্বর্গ | ৬৭ |
| ক্ষেত্র | ৬৭ |
| হোরা | ৬৭ |
| দ্রেক্কাণ ও চক্র | ৬৮ |
| নবাংশ | ৬৮ |
| নবাংশ চক্র | ৬৯ |
| দ্বাদশাংশ ও চক্র | ৭০ |
| ত্রিংশাংশ ও চক্র | ৭১ |
| জল দহন মিশ্র দ্রেক্কাণ | ৭২ |
| সৌম্যরূপ দ্রোক্কাণ | ৭২।৭৩ |
| রত্নভাণ্ডান্বিত দ্রেক্কাণ | ৭২।৭৩ |
| রৌদ্র দ্রেক্কাণ | ঐ |
| উদ্যতাস্ত্র দ্রেক্কাণ | ঐ |
| সর্প নিগড় দ্রেক্কাণ | ঐ |
| ব্যাড় দ্রেক্কাণ | ঐ |
| পাশধারি পক্ষি দ্রেক্কাণ | ঐ |
| ষড়্বর্গ করিবার দৃষ্টান্ত | ঐ |
| মোহিনীমোহন চক্র | ৭৪।৭৫ |
| ষড়্বর্গের বিশেষ উপদেশ | ৭৫ |
| গ্রহাদি নির্ণয়। | |
| গ্রহগণের নাম | ৭৫।৭৬ |
| গ্রহগণের বিশেষ সংজ্ঞা | ৭৫।৭৬ |
| শুভ ও পাপ গ্রহ | ৭৫।৭৬ |
| গ্রহদিগের কালাঙ্গত | ৭৫।৭৬ |
| গ্রহদিগের নৃপাদি সংজ্ঞা | ৭৫।৭৬ |
| গ্রহগণের বর্ণ | ৭৫।৭৬ |
| ঐ স্ত্রী পুরুষ নপুংসক সংজ্ঞা | ৭৫।৭৭ |
| ঐ গুণাধিপ সংজ্ঞা | ৭৬।৭৭ |
| ঐ রসাধিপ সংজ্ঞা | ৭৬।৭৭ |
| ঐ প্রভাতাদি সংজ্ঞা | ৭৬।৭৭ |
| ঐ পৈত্তিকাদি সংজ্ঞা | ৭৬।৭৭ |
| ঐ তির্য্যঙ্মুখ সংজ্ঞা | ৭৬।৭৭ |

| | পৃষ্ঠা |
|---|---|
| ঐ যুবাদি সংজ্ঞা | ৭৬।৭৮ |
| ঐ জল চরাদি সংজ্ঞা | ৭৮।৮০ |
| ঐ দ্বিপদাদি সংজ্ঞা | ৭৮।৮১ |
| ঐ স্থূলাদি সংজ্ঞা | ৭৮।৮১ |
| ঐ আকৃতি কথন | ৭৮ |
| দিক্পতি | ৭৮।৮১ |
| গ্রহদিগের জাত্যধিপ সংজ্ঞা | ৭৮।৮১ |
| ঐ বেদাধিপ | ৮৭।৮১ |
| ঐ নৈসর্গিক মিত্র কথন | ৭৮।৮১ |
| ঐ শত্রু কথন | ৭৮।৮১ |
| ঐ সম কথন | ৭৮।৮১ |
| তাৎকালিক মিত্রাদি | ৭২ |
| রাহুর উচ্চনীচ শত্রু মিত্র কথন | ৭৮।৮২ |
| গ্রহগণের স্থানবল | ৭৯।৮২ |
| দিগ্বল | ৭৯।৮৩ |
| চেষ্টাবল | ৭৯।৮৩ |
| বর্ষবল ও কালবল | ৭৯।৮৩ |
| বর্ষাধিপগণনার প্রকরণ | ৭৯।৮৩ |
| ঋতুবল | ৭৯।৮৪ |
| কোন্ ঋতুতে কোন্ কোন্ মাস | ৮৪ |
| যাম ও দিবারাত্রিকালে গ্রহদিগের বল নির্ণয় | ৭৯।৮৪ |
| গ্রহদিগের স্বাভাবিক বল | ৭৯।৮৪ |
| চন্দ্রের বিশেষ বল | ৮০।৮৪ |
| গ্রহগণের বলাবল নির্ণয় জন্য সাধারণ উপদেশ | ৮৪ |
| গ্রহগণের দৃষ্টি স্থান | ৮০।৮৫ |
| রাহুর দৃষ্টি ও অদৃষ্টি স্থান | ৮০।৮৫ |
| উপচয় সংজ্ঞা | ৮০।৮৫ |
| কেন্দ্র সংজ্ঞা | ৮০।৮৫ |
| পণ ফরাদি সংজ্ঞা | ৮০।৮৫ |
| চতুর্থাদিপর্য্যায় | ৮০ |
| বক্রাদি গতি নিরূপণ | ৮০।৮৬ |
| বৃহজ্জাতক মতে গ্রহগণের আকৃতি প্রভৃতি | ৮৬ |
| সপ্ত ধাতুর অধিপতি | ৮৬ |

পৃষ্ঠা

গ্রহদিগের স্থান ৮৬
গ্রহ দ্বারা বস্ত্র জ্ঞান ৮৬।৮৭
প্রসবঘরের দ্রব্যের নির্ণয় ৮৬।৮৭
ঋতু জ্ঞান ৮৬।৮৭
অয়নাদির অধিপতি গ্রহ ৮৬।৮৭
দিবসের যামার্দ্ধাধিপতি গণনা ৮৭।৮৮
রাত্রির যামার্দ্ধাধিপতি গণনা ৮৭।৮৮
দিবসের যামার্দ্ধের দণ্ডপতি গ্রহগণের গণনা ৮৭।৮৮
রাত্রির যামার্দ্ধের দণ্ডপতি গ্রহগণনা ৮৮।৯০
গ্রহগণের রাশি ভোগের কাল ৯০।৯২
গ্রহগণের বক্রগতির কারণ ৯২
বক্রগতির সময় ৯৩
ইংরাজি মতে গ্রহগণের সূর্য্যের চতুষ্পার্শ্বে পরিভ্রমণ করিবার কাল ৯৩
গ্রহ দ্বারা শরীর বিভাগ ৯৪

**ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের দ্বিতীয় সংখ্যার নির্ঘণ্ট সমাপ্ত।**

---

কোষ্ঠী জাতক গণনা।

সুখ প্রসব জ্ঞান ৯৫।৯৭
প্রসূতির প্রসব কালের শয্যার বিষয় ৯৬।৯৮
কষ্টে প্রসব ৯৫।৯৮
পথে প্রসব ৯৫।৯৮
কাহার গৃহে প্রসব ৯৫।৯৮
বাহিরে প্রসব ৯৫।৯৮
স্বীয় গৃহে প্রসব ৯৫।৯৮
সূতিকাগৃহ নূতন কি জীর্ণ ইত্যাদি ৯৫।৯৯
প্রসব গৃহের জ্ঞান ৯৯
বাটীর কোন্ দিকে সূতিকা গৃহ ৯৯
ক্রীড়া ভবন দেবালয় সোথর ভূমিতে প্রসব জ্ঞান ৯৫।৯৯
গর্ত্তে কিম্বা কারাগারে প্রসব জ্ঞান ৯৫।১০০
রমণীর গৃহে শ্মশানে দেবালয়াদিতে প্রসব জ্ঞান ৯৫।১০০
জল সমীপে প্রসব জ্ঞান ৯৫।১০০
নৌকায় প্রসব জ্ঞান ৯৫।১০০
পিতৃমাতৃগৃহে প্রসব জ্ঞান ৯৬।১০০
প্রসব ঘরে জন সংখ্যা ৯৬।১০১
উপসূতিকা জনের জাতি বর্ণ এবং বয়স ৯৬।১০১
প্রসবঘরের মধ্যে এবং বাহিরে উপসূতিকা গণের নির্ণয় ১০১
অন্যমতে জনসংখ্যা ১০১
সূতিকাগৃহ এবং জনসংখ্যা ৯৬।১০১
বালকের শয্যা জ্ঞান ৯৬।১০১
জাত বালকের শিরো জ্ঞান ৯৬।১০২
জাত বালকের বর্ণ জ্ঞান ৯৬।১০২
জাত বালকের অবয়ব নির্ণয় ৯৬।১০২
সর্পবেষ্টিত বালকের জন্ম জ্ঞান ৯৬।১০২
যমজ ও কোষ বেষ্টিত জন্ম জ্ঞান ৯৬।১০২
নাড়ী বেষ্টিত জন্ম জ্ঞান ৯৬।১০৩
দীপের তৈল ও শলিতা জ্ঞান ৮৬।১০৩
প্রদীপের স্থিতি নির্ণয় ৯৬।১০৩
অন্য মতে সূতিকা গৃহের দ্বার জ্ঞান ৯৬।১০৩
ধাত্রী জ্ঞান ৯৭।১০৪
পিতার বিদেশ স্থানে থাকা কালীন বালকের জন্ম জ্ঞান ৯৭।১০৪
পিতার অসাক্ষাতে জন্ম জ্ঞান ৯৭।১০৪
পিতার বন্ধনকালে জন্ম ৯৭।১০৪
মাতা কর্ত্তৃক জাত বালকের পরিত্যাগ জ্ঞান ৯৭।১০৪
মাতৃত্যক্ত বালকের মৃত্যু জ্ঞান ৯৭।১০৪
পিতৃ মাতৃ সদৃশ জ্ঞান ৯৭।১০৫
কোন্ লগ্নের কোন্ দ্রেক্কাণে প্রসব করিলে পুত্র এবং কোন্ দ্রেক্কাণে প্রসব করিলে কন্যা জন্মে এবং চুরি বিষয়ক প্রশ্নে কোন্ দ্রেক্কাণে প্রশ্ন হইলে তস্করকে জানা যাবে, তাহা ১০৫। ১০৬
জাত বালকের অঙ্গের চিহ্নাদি ১১৩
বৃহজ্জাতক মতে জাত বালকের কিম্বা প্রশ্ন কারকের কিম্বা চোরের অঙ্গের চিহ্নাদি ১১৪
জ্যোতির্ব্বিদা ভরণ মতে রাত্রি লগ্ননিরূপণ ১১৯

**অথ শিশুরিষ্ট**

পঞ্চস্বরা মতে শিশুরিষ্ট ১২[illegible]
বৃহজ্জাতক মতে শিশুরিষ্ট ১২৫।১২৬
কোষ্ঠী সারাবলির অন্তর্গত সঙ্কেতকৌমুদী মতে শিশুরিষ্ট ১২৮।১৩০
দীপিকা মতে রব্যাদি গ্রহদিগের রিষ্ট নিরূপণ ১২৯।১৩০
অন্য প্রকার রিষ্ট কথন ১৩২
জ্যোতিষতত্ত্ব মতে রিষ্ট গণনা ১৩৩
জ্যোতিঃসারে রিষ্ট গণনা ১৩৩।১৩৪
গণ্ডরিষ্ট নিরূপণ ও তৎকাল কথন ১৩৫।১৩৬
মূলা নক্ষত্রের বিশেষ ফল ১৩৬
পঞ্চস্বরা মতে মাতৃরিষ্ট ১৩৮।১৪১
ঐ পিতৃরিষ্ট ১৩৯।১৪২
ভ্রাতৃরিষ্ট ১০৪
রিষ্টভঙ্গ ১৪০।১৪৪

**ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের তৃতীয় সংখ্যার নির্ঘণ্ট সমাপ্ত।**

---

ভট্টোৎপলধৃত রিষ্ট ভঙ্গযোগ ১৪১।১৪৫
চন্দ্ররিষ্ট ভঙ্গ ১৪১।১৪৬
জাতকাভরণ মতে শিশুরিষ্ট ১৪৭।১৪৯
ঐ মতে রিষ্ট ভঙ্গ ১৫১।১৫৪
যুদ্ধ জয়ার্ণবোক্ত মূল বৃক্ষ বিচার ১৫৫।১৫৭
অশ্লেষাবৃক্ষ বিচার ১৫৬।১৫৮
দন্ত বিশিষ্ট জাত বালকের শুভাশুভ এবং তাহার শান্তি ১৫৭।১৫৯
পঞ্চস্বরা মতে পতাকীচক্র ১৫৯।১৬২
বস্ত্র জ্ঞানে দণ্ডাধিপ জ্ঞান ১৬০।১৬[illegible]
জ্যোতিষ তত্ত্ব মতে পতাকীনির্ণয় ১৬০।১৬৪

| | পৃষ্ঠা |
|---|---|
| যামার্দ্ধাধিপতি গ্রহের শুভ দণ্ড | ১৬১।১৬৪ |
| পতাকীচক্রেশিশুরিষ্ট নিরূপণের উদাহরণ | ১৬৪ |
| কল্যাণবর্ম্মকৃত সারাবলী মতে মেষাদি দ্বাদশ লগ্নের ফল | ১৬৬।১৬৮ |
| ঐ শ্রীনাথভট্টকৃত কোষ্ঠীপ্রদীপে | ১৭০ |
| কোষ্ঠীপ্রদীপোক্ত ক্ষেত্র ফল | ১৭৩ |
| সারাবলী মতে হোরা ফল | ১৭৪।১৭৫ |
| ঐ মতে দ্রেক্কাণ ফল | ১৭৮।১৮০ |
| কোষ্ঠীপ্রদীপেরব্যাদি গ্রহের দ্রেক্কাণ ফল | ১৭৯।১৮২ |
| সারাবলী ইত্যাদি মতে সপ্তাংশ নির্ণয় | ১৮৩ |
| সপ্তাংশের উদাহরণ সপ্তাংশফল | ১৮৩ |
| সারাবলী মতে নবাংশ ফল | ১৮৪।১৮৫ |


ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের চতুর্থ সংখ্যার নির্ঘণ্ট সমাপ্ত

---


| | |
|---|---|
| শ্রীনাথ ভট্ট কৃত কোষ্ঠী প্রদীপোক্ত নবাংশ ফল | ১৯৫ |
| কোষ্ঠীপ্রদীপে অন্যপ্রকার নবাংশ ফল | ১৯৬ |
| কোষ্ঠীপ্রদীপ ও কোষ্ঠীসারাবলী মতে অন্য প্রকার নবাংশ ফল | ১৯৭ |
| কোষ্ঠীপ্রদীপোক্ত দ্বাদশাংশ ফল | ১৯৮ |
| প্রকারান্তর দ্বাদশাংশ ফল | ১৯৯ |
| ত্রিংশাংশ ফল | ২০০ |
| প্রকারান্তর ত্রিংশাংশ ফল | ২০১ |
| ঐ | ২০২ |
| কোষ্ঠীকলাপোক্ত দণ্ডাধিপ গ্রহ ফল | ২০২।২০৩ |
| কোষ্ঠীদীপিকা মতে ঋতু ফল | ২০৩ |
| জন্মমাসের ফল | ২০৪ |
| পক্ষফল | ২০৫ |
| জন্মবারের ফল | ২০৬ |
| জন্মতিথির ফল | ২০৬।২০৭ |
| কৃষ্ণচতুর্দ্দশীর ফল | ২০৮ |



| | পৃষ্ঠা |
|---|---|
| সিনীবালী অমাবস্যার ফল | ২০৮।২০৯ |
| দিনক্ষয়াদি জাতফল | ২০৯ |
| নন্দাতিথির ফল | ২০৯ |
| জন্মনক্ষত্র ফল | ২১০ |
| ঐ কোষ্ঠীকলাপে | ২১১।২১৩ |
| যোগফল | ২১৪।২১৬ |
| গণফল | ২১৮ |
| করণফল | ২১৮ |
| জন্মরাশি ফল | ২১৯।২২১ |
| অন্য মতে রাশি ফল | ২২২।২২৩ |
| সারাবলী মতে রবিস্থিত রাশি ফল | ২২৪।২২৫ |
| ,, মতে চন্দ্রস্থিত রাশি ফল | ২৩০ |
| সারাবলী মতে অংশস্থ চন্দ্রফল | ২৩৯ |


ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কর্ত্তৃক সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের পঞ্চক সঙ্খ্যার নির্ঘণ্ট সমাপ্ত।

---


| | |
|---|---|
| সারাবলী মতে কুজাশ্রিত রাশি ফল | ২৪৪ |
| স্বগৃহস্থিত মঙ্গলের দৃষ্টিফল | ২৪৪ |
| শুক্র ইত্যাদি গৃহস্থিত মঙ্গলের দৃষ্টিফল | ২৪৪ |
| মেষ ইত্যাদি রাশিস্থিত বুধের ফল | ২৪৭ |
| রব্যাদি গ্রহ দৃষ্ট বুধের ফল ও মঙ্গল ইত্যাদি গৃহস্থিত বুধের ফল | ২৪৯ |
| মেষাদি রাশিস্থিত বৃহস্পতির ফল | ২৫২ |
| রব্যাদি গ্রহদৃষ্ট বৃহস্পতির ফল ও মঙ্গলাদি গৃহস্থিত বৃহস্পতির দৃষ্টিফল | ২৫৫ |
| মেষাদি রাশি স্থিত শুক্র ফল | ২৫৮।২৫৯ |
| রব্যাদি গ্রহদৃষ্ট শুক্রের ফল কুজাদি গ্রহের ভবনস্থ শুক্রের ফল | ২৬০।২৬১ |
| মেষাদি রাশিস্থ শনি ফল | ২৬৪ |
| রব্যাদি গ্রহ দৃষ্ট শনির ফল। | |
| কুজ ইত্যাদি গ্রহের গৃহস্থিত ফল | ২৬৬ |
| বৃহজ্জাতকোক্ত রাশি ফল | ২৬৯।২৭০ |
| বৃহজ্জাতক মতে মেষাদি রাশি স্থিত চন্দ্রের দৃষ্টি ফল | ২৭২।২৭৩ |



| | পৃষ্ঠা |
|---|---|
| বৃহজ্জাতক মতে অংশস্থ চন্দ্র ফল | ২৭৪ |
| সত্যাচার্য্য মতে মেষাদি লগ্ন ফল | ২৭৬ |
| শয়নাদি দ্বাদশ ভাব | ২৮০ |
| গ্রহগণের বিশেষচেষ্টা | ২৮৩ |
| রবির ভাবফল | ২৮৪।২৮৫ |
| ঐ চন্দ্রের | ২৮৫।২৮৬ |
| ঐ মঙ্গলের | ২৮৭।২৮৮ |


ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের প্রথম খণ্ডের ষষ্ঠ সংখ্যা সমাপ্ত।

---


| | |
|---|---|
| বুধের শয়নাদি দ্বাদশ ভাব ফল | ২৮৯।২৯০ |
| ঐ বৃহস্পতির | ২৯১।২৯২ |
| ঐ শুক্রের | ২৯৩।২৯৪ |
| ঐ শনির | ২৯৫।২৯৬ |
| ঐ রাহুর | ২৯৭।২৯৮ |
| গ্রহগণের লজ্জিত প্রভৃতি ষড়্ভাব ও তত্তৎফল কথন | ২৯৯।৩০০ |
| দৈবজ্ঞবল্লভা মতে গ্রহগণের দীপ্তাদি দশভাব | ৩০১ |
| দীপ্তাদি দশ ভাবের ফল | ৩০১ |
| সারাবলীমতে দীপ্তাদি নয় ভাব কথন | ৩০১।৩০২ |
| তন্বাদি দ্বাদশ ভাব কথন | ৩০২।৩০৩ |
| গ্রহস্ফুট গণনা | ৩০৪ |
| অব্দ পিণ্ড ও দিনবৃন্দ গণনা | ৩০৪ |
| রবি বুধ এবং শুক্রের মধ্যানয়ন ক্রম | ৩০৪ |
| বুধ শীঘ্রানয়ন | ৩০৬ |
| শুক্র মধ্যানয়ন | ৩০৬ |
| শুক্র শীঘ্রানয়ন | ৩০৬ |
| শনি মধ্যানয়ন | ৩০৬।৩০৭ |
| রাহু মধ্যানয়ন | ৩০৭ |
| রাহুস্ফুট সাধন | ৩০৭ |
| ভুক্তি কথন | ৩০৭ |
| গ্রহদিগের ভুক্তি কলাদি | ৩০৭ |

| | পৃষ্ঠা |
|---|---|
| বীজানয়ন | ৩০৭ |
| সূর্য্যাদি গ্রহের ক্ষেপাঙ্কের উৎপত্তি | ৩০৮ |
| দেশান্তর শোধন | ৩০৮ |
| অথ তাৎকালিক প্রকার | ৩০৯ |
| মন্দোচ্চ | ৩০৯ |
| তাৎকালিক মন্দোচ্চ | ৩০৯ |
| কুজ গুরুশনৈশ্চরের শীঘ্র এবং বুধ ও শুক্রের মধ্য কথন | ৩০৯।৩১০ |
| কেন্দ্রানয়ন | ৩১০ |
| রবিস্ফুট সাধন | ৩১০ |
| চন্দ্রস্ফুট সাধন | ৩১০। |
| ভৌমাদি গ্রহের স্ফুট সাধন | ৩১১ |
| কেন্দ্র ফল সাধন | ৩১১ |
| রবি ও চন্দ্রের স্ফুট ভুক্তি সাধন | ৩১১ |
| মান্দ্য শীঘ্র ফল সাধন | ৩১২ |
| কুজাদি গ্রহের স্ফুট ভুক্তি সাধন ও বক্র শীঘ্র কথন | ৩১২ |
| অয়নাংশানয়ন | ৩১৩ |
| দিনমানানয়ন | ৩১৩. |
| তিথ্যাদ্যানয়ন | ৩১৪ |
| গ্রহদিগের নক্ষত্র সঞ্চার দিন জ্ঞান | ৩১৪ |
| গ্রহগণের রাশিসঞ্চার দিনানয়ন | ৩১৫ |
| রবি মান্দ্য খণ্ডা কলাদি | ৩১৬ |
| চন্দ্রের মান্দ্য খণ্ডা কলাদি | ৩১৭ |
| মঙ্গলের শীঘ্র খণ্ডা অংশাদি | ৩১৯ |
| মঙ্গলের মান্দ্য খণ্ডা অংশাদি | ৩২০ |
| বুধের শীঘ্র খণ্ডা অংশাদি | ৩২২ |
| বুধের মান্দ্য খণ্ডা অংশাদি | ৩২৩ |
| গুরুর শীঘ্র খণ্ডা অংশাদি | ৩২৫ |
| গুরুর মান্দ্য খণ্ডা অংশাদি | ৩২৬ |
| শুক্র শীঘ্র খণ্ডা অংশাদি | ৩২৮ |
| শুক্রের মান্দ্য খণ্ডা অংশাদি | ৩২৯ |
| শনির শীঘ্র খণ্ডা অংশাদি | ৩৩১ |
| শনির মান্দ্যখণ্ডা অংশাদি | ৩৩২ |
| গ্রহদিগের সন্নিবেশ | ৩৩৪ |
| গ্রহস্ফুট গণনার উদাহরণ | ৩৩৫ |
| মধ্যানয়নের উদাহরণ | ৩৩৬ |
| কুজমধ্যের উদহরণ | ৩৩৬ |

ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় কর্তৃক সঙ্কলিত ও প্রকাশিত কলিত জ্যোতিষের সপ্তম সংখ্যার নির্ঘণ্ট। সমাপ্ত।

---

| | পৃষ্ঠা |
|---|---|
| মন্দোচ্চের উদাহরণ | ৩৩৭ |
| রবি স্ফুটের উদাহরণ | ৩৩৭ |
| মঙ্গলের স্ফুটের উদাহরণ | ৩৩৭ |
| গ্রহস্ফুটের অশুদ্ধ সংশোধন অর্থ পরিষ্কার ও কোন কোন স্থানে শব্দ পরিবর্ত্তন | ৩৩৮ |
| অন্য প্রকার গ্রহস্ফুট গ্রহার্ণব গ্রন্থ | ৩৪০ |
| বিষুবের দিনবৃন্দ ও বারাদি দেশান্তর | ৩৪১ |
| বিষুবে সংক্রম কাল | ৩৪১ |
| ভগণ কথন | ৩৪১ |
| তাৎকালিক ভগণ | ৩৪২ |
| তাৎকালিক গ্রহ | ৩৪০ |
| মন্দোচ্চ | ৩৪২ |
| সিদ্ধান্ত রহস্যের মতে দিনবৃন্দ আনয়ন | ৩৪৩ |
| সিদ্ধান্ত রহস্যের খণ্ডা মতে মধ্য আনয়ন | ৩৪৪ |
| রবির মধ্য খণ্ডা | ৩৪৫ |
| চন্দ্রের মধ্য খণ্ডা | ৩৪৫ |
| চন্দ্রকেন্দ্রের মধ্য আনিবার খণ্ডা | ৩৪৬ |
| মঙ্গলের মধ্য আনয়নের খণ্ডা | ৩৪৬ |
| বুধের শীঘ্র খণ্ডা | ৩৪৭ |
| বৃহস্পতির মধ্য খণ্ডা | ৩৪৭ |
| শুক্রের শীঘ্র খণ্ডা | ৩৪৮ |
| শনির মধ্য খণ্ডা | ৩৪৯ |
| রাহু মধ্য আনিবার খণ্ডা | ৩৪৯ |
| সিদ্ধান্ত রহস্যের খণ্ডা মতে মধ্য আনিবার উদাহরণ | ৩৫০ |
| **তিথি** | |
| চন্দ্র কলার হ্রাসবৃদ্ধির কারণ | ৩৫০ |
| দিন চন্দ্রিকা মতে পঞ্চাঙ্গ সাধন পঞ্জিকা গণনা আরম্ভ | ৩৫২ |
| যে মাস যত দিনে শেষ হইবে তাহার পরিমাণ | ৩৫৬ |
| তিথি বারাদি ও তিথি কেন্দ্রের দৈনিক ধ্রুবাঙ্ক | ৩৫১ |
| প্রতিদিনের নক্ষত্র বারাদি ধ্রুবের ও নক্ষত্র কেন্দ্রধ্রুবের ক্ষেপাঙ্ক | ৩৫৭ |
| প্রতিদিনের যোগবারারাদি ধ্রুবের ক্ষেপাঙ্ক | ৩৫৭ |
| বিশেষ উপদেশ | ৩৫৮ |
| দিন সংখ্যা তিথি বারাদি ধ্রুব ও তিথি কেন্দ্রের ধ্রুব | ৩৫৮ |
| দিন সংখ্যা নক্ষত্র বারাদি ধ্রুব ও নক্ষত্র কেন্দ্রের ধ্রুব | ৩৫৮ |
| দিন সংখ্যা যোগ বারাদি ধ্রুব ও যোগ কেন্দ্রের ধ্রুব | ৩৫৯ |
| তিথির খণ্ডা | ৩৫৯ |
| নক্ষত্র খণ্ডা | ৩৬৪ |
| যোগ কেন্দ্র ফল | ৩৭০ |
| দিন চন্দ্রিকার উদাহরণ অব্দপিণ্ড ও তিথি দিন আনয়নের উদাহরণ | ৩৭৫ |
| নক্ষত্র দিন ও যোগ দিন আনয়নের উদাহরণ | ৩৭৫ |
| প্রথম তিথি আনয়নের উদাহরণ | ৩৭৫ |
| প্রথম নক্ষত্র ও প্রথম যোগ আনয়নের উদাহরণ | ৩৭৫ |
| তিথি কেন্দ্রের আনয়নের উদাহরণ | ৩৭৬ |
| তিথি বারাদি আনয়নের উদাহরণ | ৩৭৬ |
| নক্ষত্র কেন্দ্র আনয়নের উদাহরণ | ৩৭৬ |
| নক্ষত্রবারাদি আনয়নের উদাহরণ | ৩৭৭ |
| যোগ কেন্দ্র আনয়নের উদাহরণ | ৩৭৭ |
| যোগ বারাদি আনয়নের উদাহরণ | ৩৭৮ |
| প্রত্যেক দিবসের তিথি নক্ষত্র যোগের স্থিতি দণ্ড পলাদি সাধনের উদাহরণ | ৩৭৮ |
| নক্ষত্রের স্থিতি দণ্ড পলাদির উদাহরণ | ৩৭৯ |

| | পৃষ্ঠা |
|---|---|
| যোগের স্থিতি দণ্ড পলাদির উদাহরণ | ৩৭৯ |
| করণের উদাহরণ | ৩৭৯ |
| সংক্রান্তির বার দণ্ডাদি আনয়নের উদাহরণ | ৩৮০ |
| খণ্ডা মতে সংক্রান্তির বার দণ্ডাদি আনয়নের উদাহরণ | ৩৮০ |
| খণ্ডা মতে সংক্রান্তি আনয়নের উদাহরণ | ৩৮০ |
| গ্রহণের কারণ | ৩৮১ |
| সিদ্ধান্তরহস্য মতে গ্রহণ গণনা | ৩৮৩ |
| ঐ মতে চন্দ্র গ্রহণ গণনা | ৩৮৪ |
| ঐ মতে সূর্য্যগ্রহণ গণনা | ৩৮৬ |
| নতানয়ন | ৩৮৬ |
| লম্বনানয়ন | ৩৮৬ |
| মধ্যোদয়ানয়ন | ৩৮৬ |
| ক্রান্তি ও হারানয়ন | ৩৮৬ |
| স্ফুট নতানয়ন | ৩৮৭ |
| স্থির লম্বনানয়ন | ৩৮৭ |
| স্ফুট দশমোদয়ানয়ন | ৩৮৭ |
| নত্যানয়ন | ৩৮৭ |
| স্ফুটদর্শদণ্ড আনয়ন | ৩৮৭ |
| গ্লৌ আনয়ন | ৩৮৭ |
| শর ও স্ফুট শরানয়ন | ৩৮৮ |
| চন্দ্রমানানয়ন | ৩৮৮ |
| রবিমানানয়ন | ৩৮৮ |
| গ্রাসানয়ন | ৩৮৮ |
| স্থিত্যর্দ্ধানয়ন | ৩৮৮ |
| স্পর্শকাল ও মোক্ষকালানয়ন | ৩৮৮ |
| সূর্য্য গ্রহণের নত দণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডা | ৩৮৯ |
| লঙ্কোদয় ক্রান্তি হার জ্যা নতি প্রভৃতি খণ্ডা | ৩৮৯ |
| গ্রাসক্রমে স্থিত্যর্দ্ধ খণ্ডা | ৩৯০ |
| গ্রাস ক্রমে রবি পল ভোগ্য | ৩৯১ |
| ভাস্বতী মতে গ্রহণ গণনা | ৩৯১ |

| | পৃষ্ঠা |
|---|---|
| খণ্ডা মতে পালক ও শেষাঙ্ক আনয়ন | ৩৯৩ |
| পালক ও শেষাঙ্ক আনিবার খণ্ডা | ৩৯৩ |
| খণ্ডা মতে শুদ্ধি আনয়ন | ৩৯৩ |
| শুদ্ধি আনিবার খণ্ডা | ৩৯৩ |
| খণ্ডা মতে রবির ধ্রুব আনয়ন | ৩৯৩ |
| রবির ধ্রুব আনিবার খণ্ডা | ৩৯৩ |
| মধ্য চন্দ্রের ধ্রুব আনিবার খণ্ডা | ৩৯৩ |
| খণ্ডা মতে চন্দ্রের ধ্রুব আনয়ন | ৩৯৩ |
| শুদ্ধি সংখ্যায় যে খণ্ডা গ্রহণ করিয়া মধ্য চন্দ্রে যোগ করিতে হইবে | ৩৯৪ |
| চন্দ্রকেন্দ্রের ধ্রুব আনিবার খণ্ডা | ৩৯৪ |
| চন্দ্রকেন্দ্রের ধ্রুব আনয়ন | ৩৯৪ |
| খণ্ডা মতে শ্রীচন্দ্র আনয়ন | ৩৯৪ |
| শ্রীচন্দ্র আনিবার খণ্ডা | ৩৯৪ |
| খণ্ডা মতে রাহুর ধ্রুব আনয়ন | ৩৯৪ |
| রাহুর ধ্রুব আনিবার খণ্ডা | ৩৯৫ |
| দিনবৃন্দানয়ন | ৩৯৫ |
| ঋতুবাসরাঙ্ক | ৩৯৫ |
| ভাস্বতী মতে রবির স্ফুট খণ্ডা | ৩৯৫ |
| চন্দ্রস্ফুট আনিবার জন্য চরার্দ্ধ খণ্ডা | ৩৯৬ |
| রবির গতি সাধন | ৩৯৭ |
| চন্দ্রের গতি সাধন | ৩৯৭ |
| চন্দ্রগ্রহণ গণনা | ৩৯৮ |
| চন্দ্রমান ও রাহুমান সাধন | ৩৯৮ |
| ভাস্বতী মতে সূর্য্যগ্রহণ গণনা | ৩৯৮ |
| লম্বন সাধন | ৩৯৮ |
| শর সাধন | ৩৯৯ |
| নতি সাধন | ৩৯৯ |
| খরাংশু আনয়ন | ৩৯৯ |
| স্ফুটশর সাধন | ৪০০ |
| রবিমান সাধন | ৪০০ |
| গ্রাস আনয়ন | ৪০০ |
| গ্রহণ কালীন মেঘাচ্ছন্ন হইবে কি না ইত্যাদি | ৪০০ |

| | পৃষ্ঠা |
|---|---|
| চন্দ্র ও সূর্য্য গ্রহণের স্পর্শ ও মোক্ষ দিক্ কথন | ৪০১ |
| গ্রহণ সময়ে মণ্ডলবর্ণ | ৪০১ |
| যাম্য ও সৌম্যশর কথন | ৪০১ |
| সিদ্ধান্তরহস্য মতে চন্দ্রগ্রহণের উদাহরণ | ৪০১ |
| স্ফুটপাতানয়নের উদাহরণ | ৪০২ |
| সিদ্ধান্তরহস্য মতে সূর্য্য গ্রহণের উদাহরণ | ৪০২ |
| নতানয়নের উদাহরণ | ৪০২ |
| লম্বনানয়নের উদাহরণ | ৪০২ |
| মধ্যোদয়ানয়নের উদাহরণ | ৪০৩ |
| ক্রান্তি ও হারানয়নের উদাহরণ | ৪০৩ |
| স্ফুটনতানয়নের উদাহরণ | ৪০৩ |
| স্থিরলম্বনের উদাহরণ | ৪০৩ |
| তাৎকালিক মধ্যোদয়ানয়নের উদাহরণ | ৪০৩ |
| নত্যানয়নের উদাহরণ | ৪০৩ |
| গ্লৌ আনয়নের উদাহরণ | ৪০৪ |
| শর ও স্ফুটশর সাধনের উদাহরণ | ৪০৪ |
| চন্দ্র মানানয়নের উদাহরণ | ৪০৪ |
| রবিমান গ্রাসমান স্থিত্যর্দ্ধ আনয়নের উদাহরণ | ৪০৪ |
| স্পর্শ ও মোক্ষকালের উদাহরণ | ৪০৪ |
| গ্রহদিগের রাশি ভোগকাল কথন | ৪০৪ |
| গ্রন্থ সমাপ্তি | ৪০৬ |


ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের অষ্টম সংখ্যায় প্রথম খণ্ডের নির্ঘণ্ট সমাপ্ত।

DIEU ET MON DROIT

# বিজ্ঞাপন।

পূর্ব্বকালে অস্মদ্দেশে জ্যোতিঃশাস্ত্রের বিশেষরূপ সমাদর ছিল। তৎকালীন জনগণ ইহার ফল প্রত্যক্ষ দেখিতে পাইতেন। তৎকালে নানাদেশে ইহার বাহুল্যরূপে প্রচার হইয়া উঠে। যখন মুসলমানেরা ভারতবর্ষ আক্রমণ করে, তখন তাহারা জ্যোতিঃশাস্ত্রের অনেক গ্রন্থ নষ্ট করিয়া ছিল। যাহা কিছু অবশিষ্ট থাকিল, তাহাও জ্যোতির্ব্বিৎ পণ্ডিতেরা নানা কারণে গোপন করিতে লাগিলেন। এই কারণে জ্যোতিঃশাস্ত্র বিলোপোন্মুখ হইয়া উঠিয়াছে। এই কলিকাতার অনেকে অনেক শাস্ত্র অনুবাদ ও প্রচার করিতেছেন বটে কিন্তু দুঃসাধ্য বলিয়া অদ্যাপি কেহ জ্যোতিঃ-শাস্ত্র অনুবাদ ও প্রচারে হস্তক্ষেপ করেন নাই। আমি প্রায় বিংশতি বৎসর অবধি নানাদেশীয় জ্যোতিঃশাস্ত্রবিশারদ নানা পণ্ডিতের নিকট গ্রন্থ সংগ্রহ ও সঙ্কেত হৃদয়ঙ্গম করিয়া আসিতেছি। এ বিষয়ে আমার যে কত দূর পরিশ্রম ও কত অর্থব্যয় হইয়াছে এবং কত সময় কত কুটিলহৃদয় জ্যোতিষিকের যে কত প্রকার উপাসনা করিয়া ভগ্নোৎসাহ হইতে হইয়াছে, তাহা প্রকাশ করিলে উপন্যাসের ন্যায় বোধ হয়। এক্ষণে এতৎপ্রচারেও বিচক্ষণ পণ্ডিতগণের সাহায্য গ্রহণ করা হইতেছে। এই জ্যোতিঃশাস্ত্র প্রকৃতরূপে পরিজ্ঞাত থাকিলে ভূত ভবিষ্যৎ বর্ত্তমান ঘটনা সমুদায় যে কত দূর অভ্রান্ত রূপে গণনা করিতে পারা যায়, তাহা অনেকেই প্রত্যক্ষ করিয়াছেন। যাহা হউক্ এক্ষণে এই ফলিত জ্যোতিষের প্রথম খণ্ড ৮ সংখ্যায় শেষ হইল। প্রথম খণ্ডে যে যে বিষয় আছে, তাহার একটী নির্ঘণ্ট প্রদত্ত হইল। দ্বিতীয় খণ্ড প্রচার হইতেছে। তাহাতে চৌর্য্য মানসিক ভাব নানাগ্রন্থ মতে প্রশ্নগণনা সামুদ্রিক পঞ্চপক্ষী, কেরলি, চন্দ্রোন্মীলন, মনোরমা, নষ্টকোষ্ঠী উদ্ধার, গর্ভস্থ সন্তানের জন্ম পত্রিকা করণের পদ্ধতি প্রভৃতি প্রকাশ করা যাইতেছে। তৃতীয় খণ্ডে বিদগ্ধতোষিণী ভাবফল যোগফল যোগিনী বার্ষিকী নক্ষত্রিকী লাগ্নিকী মুকুন্দা বিংশোত্তরা ত্রিংশোত্তরা পতাকী হরগৌরী দিনদশা, এই দশ দশা পঞ্চস্বরা ত্রিপাপ সপ্তশূন্য আয়ুর্দায় প্রভৃতি প্রকাশিত হইবে। ইচ্ছা আছে, চতুর্থ খণ্ডে গ্রন্থ সমাপ্তি করা যায়। এই চতুর্থ খণ্ডে ভৃগু সংহিতা প্রকাশ করিবার অভিলাষ আছে।

এই ফলিত জ্যোতিষ যখন প্রথম মুদ্রাঙ্কিত ও প্রচারিত করিতে আরম্ভ করি, তৎকালে আমি শারীরিক অসুস্থ থাকায় রাজকীয় যন্ত্রের অধ্যক্ষের হস্তে প্রুফ সংশোধনের ভার দিয়া উক্ত যন্ত্রালয়েই হস্ত লিখিত কাপি মুদ্রাঙ্কন জন্য প্রদান করি। পরন্তু যন্ত্রাধ্যক্ষ মহাশয় কোন গূঢ় অভিসন্ধির বশবর্ত্তী হইয়া আমার অনুমতি ব্যতিরেকে কবরিংপত্রে এবং টাইটেল পত্রে প্রকাশক স্থলে আমার নাম না দিয়া যাঁহার নামে তাঁহার প্রেস প্রভৃতি বেনামী আছে, তাঁহার নাম দিয়াছেন অর্থাৎ শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় প্রকাশিত, এরূপ না করিয়া শ্রীশ্রীশচন্দ্র ভট্টাচার্য্য কর্ত্তৃক প্রকাশিত, এইরূপ ছাপাইয়া দিয়াছেন। রাজকীয় যন্ত্রাধ্যক্ষ মহাশয়, প্রথম খণ্ড প্রথম সংখ্যায় উপক্রমণিকার মধ্যে আমার সম্মতি ব্যতিরেকে একটী লাইন অতিরিক্ত রচনা করিয়া দিয়াছেন। যথা—

"সম্প্রতি ফলিত জ্যোতিষের এক খণ্ড রাজকীয় যন্ত্রের অধ্যক্ষ মহোদয়ের সাহায্যে প্রকাশিত হইয়া সাধারণের হস্তে অর্পিত হইল।"

এই অংশ আমার লিখিত বা অনুমত বা অনুমোদিত নহে। পাঠক মহাশয়গণ অনুগ্রহ করিয়া ঐ অংশটী কাটিয়া দিবেন এবং ১ম ২য় ৩য় ৪র্থ খণ্ডের কবরে এবং ১ম খণ্ডের টাইটেল পেজে যে "শ্রীশচন্দ্র ভট্টাচার্য্য কর্ত্তৃক প্রকাশিত"

'আছে, তাহার পরিবর্ত্তে শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় প্রকাশিত লিখিয়া রাখিবেন। আমার এই মাত্র প্রার্থনা।

প্রথম খণ্ডের চতুর্থ সংখ্যা প্রকাশের পর আমি যখন পরিজ্ঞাত হইয়া রাজকীয় যন্ত্রাধ্যক্ষ মহাশয়কে ঐরূপ করিতে নিষেধ করিলাম, তখন তিনি পঞ্চম খণ্ড হইতে ষষ্ঠ খণ্ড পর্য্যন্ত, প্রকাশক স্থলে আমার নাম দিলেন। পরন্তু পূর্ব্বে যে চারি খণ্ড মুদ্রিত ও প্রচারিত হইয়াছে, তাহার আর কোন প্রতিকার করিতে পরিলাম না। রাজকীয় যন্ত্রাধ্যক্ষের এইরূপ ব্যবহারে অসন্তোষ হইয়া ও তিনি মুদ্রাঙ্কন কার্য্যে আমার নিকট অধিক টাকা লইতেন ও তাঁহার যবওয়ার্ক কার্য্যের সরঞ্জাম না থাকাতে চক্রাদি কার্য্য নির্ব্বাহ হওয়া কঠিন দেখিয়া ও নিজের তত্ত্বাবধানে জ্যোতিষ পুস্তক ছাপা হওয়া সর্ব্বতোভাবে শ্রেয় বিবেচনা করিয়া, রাজকীয় যন্ত্রাধ্যক্ষের মুদ্রাঙ্কন জন্য ও প্রুফ দেখা জন্য প্রাপ্য বক্রী সমুদায় টাকা নিঃশেষ রূপে পরিশোধ করিয়া আমি স্বয়ং এই জ্যোতিষ প্রকাশ যন্ত্রালয় স্থাপন করিয়া এই কলিত জ্যোতিষ ও অন্যান্য নানাবিধ পুস্তক মুদ্রিত করিতেছি।

কলিকাতা
যোড়াসাঁকো শিবকৃষ্ণ দাঁর লেন ৭ নং

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়
সম্পাদক।

## শ্রীরাম চক্র।

| | | | |
|---|---|---|---|
| রাম | সীতা | লক্ষ্মণ | বিভীষণ |
| কুম্ভকর্ণ | রাবণ | অঙ্গদ | সুগ্রীব |
| ইন্দ্রজিৎ | নীল | হনুমান্ | জাম্বুবান্ |
| নারদ | ভরত | কেকয়ী | পুলস্ত্য |

স্থাননাশশ্চ রামেণ সীতায়াং দুঃখমেবচ ॥ লক্ষ্মণে কার্য্যসিদ্ধিশ্চ।
সর্ব্বনাশো বিভীষণে ॥ মরণং কুম্ভকর্ণে চ। রাবণে চ কুলক্ষয়ম্ ॥
অঙ্গদে চ ধ্রুবং রাজ্যং। সুগ্রীবে যক্ষদর্শনম্। ইন্দ্রজিতি চ সৌভাগ্যং ॥
কার্য্যনাশশ্চ নীলকে। হনূমতা সর্ব্বলাভো। দীর্ঘায়ুর্জ্জাম্বুবত্যপি ॥
নারদে কলহশ্চৈব। ভরতে কার্য্যবর্দ্ধনম্। কৈকেয্যাং কার্য্যনাশশ্চ ॥
পুলস্ত্যে পরদর্শনম্। শুভমেবাশুভং বাপি রামচক্রে প্রকীর্ত্তিতম্ ॥

ঈশ্বরস্মরণ পূর্ব্বক চিন্তিত ব্যক্তি ঐকান্তিকমনে উপরি লিখিত শ্রীরাম চক্রে ধান্য দূর্ব্বা সংস্থাপন করিলে ভাবি শুভাশুভ জানিতে পারিবেন।

# ফলিত জ্যোতিষ।

## প্রথম খণ্ড।

অন্যান্য শাস্ত্র অপেক্ষা জ্যোতিষশাস্ত্র প্রত্যক্ষ ও ফলিত। এতৎপ্রদেশে জ্যোতিষশাস্ত্র দুই প্রকার-সিদ্ধান্ত ও ফলিত। যে গণনার দ্বারা গ্রহগণের গতিবিধি ইত্যাদির জ্ঞান জন্মে, তাহার নাম সিদ্ধান্তজ্যোতিষ আর যদ্দ্বারা গ্রহাদির স্থিতি ও গোচর এবং তিথি বার ও নক্ষত্রের যোগে দৃষ্টের, মানবদেহের, ধনের, কুটুম্বের, ধর্ম্মের, কর্ম্মের, আয়ব্যয়ের, রাজ্যের, গ্রামের, রাজার, প্রজার, শস্যাদির ও পৃথিবীর সমস্ত বিষয়ের ও ক্রিয়াকর্ম্মের এবং নানা বিষয়ের ফলাফল জানা যায়, তাহার নাম ফলিত-জ্যোতিষ।

এই ফলিতজ্যোতিষের গণনা যেরূপ সিদ্ধান্তজ্যোতিষের ক্রম মতে গ্রহাদির স্থিত্যনুসারে হইয়া থাকে, তদ্রূপ অন্যান্য প্রণালী মতেও হয়। যথা মানব অঙ্গ প্রত্যঙ্গ স্পর্শনে, সন্দর্শনে ও মানবদেহের ও করকপালের ও পদের চিহ্ন ও রেখাদি দৃষ্টে ও বাক্যের আদ্যবর্ণ গ্রহণে কিম্বা সমুদায় বর্ণ গণনা করিয়া ও মানব শ্বাস ও প্রশ্বাস ও তন্মধ্যস্থিত পঞ্চতত্ত্বের উদয় জ্ঞাতে ও পাষ্টি ফেলাইয়া ও কাকাদির রব শুনিয়া ও অন্যান্য প্রণালী মতে গণনায় ভূত, ভবিষ্যত ও বর্ত্তমান ত্রিকালের ফলাফল বলা যায়।

কোষ্ঠি এবং জন্মপত্রিকা প্রস্তুত করা ও তাহার বিচার করা, কেবল লগ্ন নির্ণয় করিয়া গ্রহরাশির স্থিতিতে ভাবাদি জানিয়া হইয়া থাকে। আর তিথি বার ও নক্ষত্রের যোগে ও গ্রহগোচরে ও স্থিতিতে রাশি জানিয়া বিবাহাদি শুভ কর্ম্মের দিন নির্ণয় হয়। কিন্তু প্রশ্ন গণনা নানা প্রণালী মতে হইয়া থাকে। এক্ষণে লগ্ন নির্ণয় না করিয়া ও গ্রহরাশির স্বভাব ও স্থিতি বিচার না করিয়া কিরূপে অঙ্গ-প্রত্যঙ্গ স্পর্শনে ও সন্দর্শনে মানসিক চিন্তা জানা যায় ও প্রশ্ন গণনা কি কি প্রণালী মতে করিতে হয়. এবং ভূত, ভবিষ্যত, বর্ত্তমান সম্বন্ধীয় ঘটনা আর কোন প্রকারে জ্ঞাত হওয়া যাইতে পারে, এই সমস্ত বিষয়ের সাধারণ উপদেশ লিখিত হইতেছে।

দূর হইতে আগত প্রশ্ন কর্ত্তাকে দেখিবামাত্র দৈবজ্ঞ অর্থাৎ জ্যোতিষবেত্তা সতর্ক মনে দেখিবেন যে, তিনি প্রশ্ন সময়ে কোন দিকে দৃষ্টিপাত করেন এবং তাঁহার অঙ্গের কোন কোন স্থানে হস্ত প্রদান করেন। যদি পঞ্চপক্ষিমতে গণনা করেন, তবে তাঁহার প্রশ্নের আদিবর্ণ কি তাহা জানিতে হইবে। যদি প্রশ্নতন্ত্রকৌমুদী ইত্যাদি মতে গণনা করেন তবে সমুদায় প্রশ্ন বাক্যের অক্ষরগুলি স্মরণ রাখিবেন। কেরলি মতে গণনা করিলেও অক্ষরের প্রয়োজন। এই সকলের দ্বারা প্রশ্নকারকের মনের ভাব জানিয়া ঐমতে অথবা লগ্ন নির্ণয় করিয়া, সেই লগ্নে গ্রহরাশির স্থিতি ও দৃষ্টি এবং বলাবল জানিয়া যে গণনা করিবেন, তাহা দ্বারা পদপদার্থ ও ফলাফল অভ্রান্ত রূপে বলিতে পারিবেন। প্রশ্নকর্ত্তা অত্যন্ত চিন্তিত হইয়া কায়মনোবাক্যে যদি প্রশ্ন করেন তবেই অঙ্গ পরীক্ষাদি গণনা ঠিক মিলিবে নচেৎ নহে। কেননা বাস্তবিক অত্যন্ত চিন্তিত হইলে যে চিন্তা মনে উদয় হয়, সেই চিন্তাই দেহে হস্ত স্পর্শাদি এবং বাক্যের আদ্য অক্ষর দ্বারা প্রকাশ পায়। মনের সহিত যে শরীরের যোগ আছে তাহা সর্ব্বসাধারণেই জ্ঞাত আছেন, নিম্নলিখিত অঙ্গ প্রত্যঙ্গ পরীক্ষা দ্বারা মনের চিন্তা যে বলিতে পারা যায়, ইহাতে বোধ হয় অন্তঃকরণের সহিত শিরাদির যোগ আছে। মনে কোন চিন্তা উদয় হইলে, সেই শিরাদি দ্বারা অঙ্গ প্রত্যঙ্গের নির্দ্দিষ্ট স্থলে ঐ চিন্তা চালিত হইয়া থাকে।

এই জন্যই যোগশাস্ত্রে কোন এক নাড়ীকে জ্ঞাননাড়ী বলিয়াছে। প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে শরীরের কোন কোন অঙ্গে হস্ত স্পর্শ করিলে, তাহার মানসিক কোন কোন চিন্তা কিরূপে প্রকাশ পায়, আর কোন কোন স্থান কোন কোন চিন্তার নির্দ্দিষ্ট স্থান তাহা বলা হইতেছে। কণ্ঠে হস্ত স্পর্শে নিজ দেহের চিন্তা। কর্ণে হস্ত স্পর্শ হইলে হৃত বা নষ্ট দ্রব্যের চিন্তা। চক্ষু মুদিত হইলে আত্ম শুভ চিন্তা। মস্তকে হস্ত স্পর্শ হইলে পর কর্ম্ম ও গমনাগমনের চিন্তা। ললাটে হস্ত স্পর্শ হইলে পুত্র চিন্তা। বাহুদ্বয়ে হস্ত স্পর্শ হইলে বন্ধু চিন্তা। উদর স্পর্শে ব্যাধি চিন্তা। কটিদেশ স্পর্শে বিচ্ছেদ চিন্তা। গুহ্যদেশে হস্ত স্পর্শে শত্রু চিন্তা। পাদে হস্ত স্পর্শ হইলে দুঃখ চিন্তা। পাদে বিক্ষেপ করিলে গমন চিন্তা। হৃদয়ে হস্ত স্পর্শ হইলে নিজ বিত্ত চিন্তা। বাহুতে এবং কণ্ঠে হস্ত স্পর্শ হইলে জীব চিন্তা। বক্ষে হস্ত স্পর্শ হইলে পীড়িত ব্যক্তির চিন্তা। (কোন মতে বস্ত্র চিন্তা)। স্পৃষ্ঠদেশ স্পর্শে বন্ধন মোচন চিন্তা। গ্রীবা স্পর্শে সুখ দুঃখ চিন্তা। নাভি স্পর্শে রোগ অথবা মৃত্যু চিন্তা। নেত্র স্পর্শে অর্থ চিন্তা। মস্তকে পরকার্য্য চিন্তা। মুখে ব্যবসায় চিন্তা। চিবুকে পরমন্দ চিন্তা। পার্শ্বে গমনাগমন চিন্তা। স্পৃষ্ঠে পরচক্র অথবা ক্লেশ চিন্তা। প্রশ্ন-কালে কম্পন এবং কণ্ডুয়নে দুঃখ চিন্তা। কিন্তু কর কম্পনে শুভ চিন্তা ও শুভ ফল। প্রশ্নকালে হাস্য করিলে পরগত সৌখ্য চিন্তা। দেহ মার্জ্জনে এবং ওষ্ঠ মার্জ্জনে দুঃখ চিন্তা। প্রশ্নকালে পরাঙ্গ স্পর্শে পর মঙ্গল চিন্তা। গর্ভে হস্ত স্পর্শে গর্ভ চিন্তা। পার্শ্ব স্পর্শে তীর্থ চিন্তা। পাদ যুগ্মে হস্ত স্পর্শ হইলে গর্ভ ভক্ষ্য ভূমি চিন্তা। বস্ত্র কিম্বা অন্য দ্রব্য হস্তে করিয়া প্রশ্ন করিলে প্রবাস লাভ চিন্তা। ত্রস্ত হইয়া প্রশ্ন করিলে নষ্ট বস্তুর চিন্তা অথবা গমনাগমন চিন্তা। উরুদেশে হস্ত স্পর্শ করিলে বিবাহ এবং পুত্র চিন্তা।

কোন ব্যক্তি তাহার হস্তের মধ্যে কোন বস্তু রাখিয়া প্রশ্ন করিলে, প্রথমতঃ জীব, ধাতু, মূল নির্ণয় জন্য অঙ্গ প্রত্যঙ্গ পরীক্ষা বলা হইতেছে।

শির বাহু মুখ জানু ইহার কোন স্থানে হস্ত স্পর্শে জীব চিন্তা। ঐরূপ হৃদয় কিম্বা কটি উদর ও জঙ্ঘা স্পর্শে ধাতু চিন্তা। গুল্‌ফদ্বয় কিম্বা পাদ স্পর্শে মূল চিন্তা। ঐরূপ দৃষ্টিভেদে ও মুষ্টি এবং মনোমুষ্টি ও মানসিক চিন্তা জানা যায়। যথা প্রশ্নকালে জীব অর্থাৎ কোন প্রাণি সম্বন্ধীয় চিন্তা হওয়া মাত্র, চক্ষু ঊর্দ্ধগামী হইবে। ধাতু বিষয়ক চিন্তা হইলে সমদৃষ্টি হইবে। মূল অর্থাৎ উদ্ভিদ পদার্থের চিন্তা হইলে চক্ষু অধোগামী হইবে। প্রশ্নকালে এই সকল অতিশয় সাবধান হইয়া সতর্ক মনে দৃষ্টি করিতে হয়। ঐরূপ, চিন্তিত ব্যক্তির বাক্যের স্বর বর্ণ গ্রহণ করিয়া তদ্দ্বারা মানসিক চিন্তা বলিতে পারা যায়। পঞ্চপক্ষিগ্রন্থের মতাবলম্বনে স্বরের দ্বারা পক্ষী কল্পনা করিয়া সেই পক্ষীর দ্বারা মানসিক চিন্তা বলা যায়। যথা, প্রশ্ন বাক্যের আদ্য অক্ষর ইকার হইলে, তাহাতে শুক্লপক্ষ সোমবারে পিঙ্গল পক্ষী জন্মাইয়া তদ্দ্বারা জীব চিন্তা অথবা লভ্য চিন্তা জানা যায়। প্রশ্ন কালে প্রশ্নকারকের হস্ত তাহার যে অঙ্গে স্পর্শ হয় সেই অঙ্গে যে পক্ষী হয় (যথা শ্যেনো মুখং), সেই পক্ষী দ্বারা বাক্য ও জ্ঞান জন্মে।

অন্য প্রকার গণনা যথা, প্রশ্ন অক্ষর গণনা করিয়া তাহাকে দশ গুণ করিয়া তাহাতে দ্বাদশ মিশ্রিত করিলে যত অঙ্ক হইবে, তাহাকে পুনর্ব্বার পাঁচ দিয়া গুণ করিয়া চতুঃষষ্টি মিশ্রিত করিয়া সপ্তদ্বারা হরণ করিয়া অবশিষ্ট যত অঙ্ক থাকিবে তদ্দ্বারা জীবাদি জানিবেন। যথা, এক থাকিলে জীব, দুই থাকিলে ধাতু তিন থাকিলে মূল, চারি থাকিলে জীবাশ্রিত, জীব পাঁচ থাকিলে জীবাশ্রিত ধাতু, ছয় থাকিলে জীবাশ্রিত মূল। ঐরূপ, প্রশ্ন অক্ষরকে দ্বিগুণকরিয়া তাহাতে এক যোগ করিয়া তিন দিয়া হরণ করিলে অবশিষ্ট যাহা থাকিবে তদ্দ্বারা জীব, ধাতু, মূল জানা যায়।

---

অথাক্ষরপিণ্ডে কেরলি মতং।
অকারে দশকং গ্রাহ্যং দশবৃদ্ধ্যোত্তরোত্তরম্।
ককারাদিক্ষকারস্তু একমেকমুদীরয়েৎ।

সর্ব্বাণ্যক্ষরপিণ্ডানি একীকৃত্য ত্রিভির্হরেৎ।
প্রথমং দ্বিতীয়ং শূন্যং জীবধাতুঞ্চ মূলকম্।
স্থলজং জলজঞ্চৈব দ্বিশেষে জীবমূলয়োঃ।
ধাতুরষ্টবিধাভেদাঃ স্বর্ণাদীনি কথ্যতে।
আলিঙ্গংচাভি ধূমঞ্চ দগ্ধঞ্চ দিবসংনিশি।
ত্রিভাগে চ কৃতে জীবধাতুমূলঞ্চ লক্ষণম্।
ভাগঞ্চত্রিবিধং কৃত্বা জীবধাতুঞ্চ মূলকম্।
অক্ষরংদ্বিগুণংকৃত্বা মাত্রাপিণ্ডংচতুর্গুণম্।
বসুশেষে চ য লব্ধং চৌরনামাদ্যমক্ষরম্।
এবঞ্চজীবনংমৃত্যুরঙ্কে পিণ্ডে চ যো ভবেৎ।
পিণ্ডাঙ্কং দ্বাদশে কৃত্বা তন্নাদিনীবিচিন্তয়েৎ।

---

মনুষ্যের দেহমধ্যে সর্ব্বজ্ঞতা শক্তি আছে, তাহা উপরি উক্ত ও নিম্নলিখিত মতে নানাপ্রকারে জানা যায়। কোন ব্যক্তি শুভাশুভ প্রশ্ন করিয়া যদ্যপি তৎকালে তাহার হস্ত, মস্তক কিম্বা ঊর্দ্ধ স্থান স্পর্শ করে তবে তাহার কার্য্য সিদ্ধি হইবে এবং প্রশ্ন কালীন দেহের মধ্যস্থানে হস্ত স্পর্শ করিলে ঐ কার্য্যের মধ্য ফল হইবে। আর নাভির নিম্ন স্থান হইতে পাদাগ্র পর্য্যন্ত হস্ত দিলে অশুভ ফল জানিবেন। বোধ হয় এইরূপ সংস্কার জন্য ভজক ব্যক্তি যোড় হস্ত ঊর্দ্ধে রাখিয়া ভজনা করে এবং যাচক ব্যক্তি যোড় হস্তে রাজদরবারে প্রার্থনা জানায়। এতৎ ভিন্ন প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিয়া যে দিকে দৃষ্টিপাত করেন সেই দিকে তাঁহার চিন্তিত দ্রব্যের স্থিতি জানিবে। প্রশ্নকারকের স্থিতি দৃষ্টেও ফলাফল বলা যায়, যথা, প্রশ্নকর্ত্তা দৈবজ্ঞের পূর্ব্ব ও উত্তর দিক হইতে প্রশ্ন করিলে নিকটস্থ বোধ করিবে। দক্ষিণ ও পশ্চিম দিক হইতে প্রশ্ন করিলে দূরস্থ বোধ করিবে। আর অগ্নি কোন অথবা ঈশান কোন হইতে প্রশ্ন করিলে পথে বোধ করিবে। বায়ু ও নৈঋত কোন হইতে প্রশ্ন করিলে অদৃশ্য বোধ করিবে।

কেবল যে মনুষ্যেরই সর্ব্বজ্ঞতা শক্তি আছে তাহাও নহে, জীব জন্তু কীট পতঙ্গ পশ্বাদিরও এবং ঐ শক্তি আছে; তাহা দৃষ্টেও নানাপ্রকার ভবিষ্যত ঘটনা জানা যায়। ঝড় হওয়ার পাঁচ সাত দিন পূর্ব্বে মাকড়শা তাহার জাল মোটা করিয়া বুনট করে। ইহা দৃষ্টে ব্যারমিটারের কর্ম্ম হয়। অত্যন্ত বৃষ্টি হওয়ার পূর্ব্বে ভেক ডাকে, এবং কাকের রবে ত্রিকালের ঘটনা জানা যায়। এই সমস্ত কাক চরিত্রে এবং শকুন শাস্ত্রে প্রকাশ আছে। কোন স্থানে কোন কার্য্যে যাত্রা করিলে, হাঁচি টিকটিকী পড়িলে তদ্দারা ফলাফল জানা যায়। "থিককাকারেওতা বুলী তিনি এক ভাওজোবারসো পূর্ব্ব দিওগুনি। মতপিচ্ছে আও ভয় কহে ভানু ভাল কহে চাঁদ মঙ্গল কহে উতপাত হো। বুধে আনন্দ জীবসর্ব্বসিদ্ধ, শুক্র কহে গৌনা শানি কহে আওতে হে', রাহু কহে মর্না।"

এই দেহেভবিষ্যত জানিবার যে কত প্রকার উপায় আছে তাহা বলা যায় না। শরীর স্পন্দন দ্বারাও শুভাশুভ জানা যায়। হস্তের মধ্যস্থানে স্পন্দন হইলে অর্থ লাভ হয়। দক্ষিণ শিরা স্পন্দন হইলে সুখ লাভ হয়। বাম নাসিকা স্পন্দনে মরণ হয়। ঐরূপ স্থানবিশেষে জেষ্ঠী পতন হইলে শুভাশুভ জানা যায়। যথা জানুসন্ধোতে জ্যেষ্ঠী পতন হইলে অর্থব্যয়ের কারণ হয়। দক্ষিণাঙ্গে পতনে বিরোধ হয়। বামাঙ্গে পতন হইলে ধন লাভ হয়। গুহ্যেতে পতন হইলে মৃত্যু হয়। ইহা ভিন্ন স্বপ্নের দ্বারাও ভবিষ্যত ফলাফল জানা যায়। যদ্যপি চিন্তা কিম্বা পীড়াযুক্ত না হয় তবে নৌকা আরোহণ, রক্ত দর্শন, আবির ক্রীড়া স্বপ্ন দেখিলে অর্থ লাভ হয় এবং শব দাহের ধূম দর্শনে মরণ হয় ইত্যাদি। যে ব্যক্তি জ্যোতিঃ গণনা করিবেন তাঁহার এই সকল অভ্যাস করা কর্ত্তব্য। তৎপরে লগ্ন নির্ণয় করিয়া লগ্নের অংশাদি দ্বারা ও গ্রহগণের স্থিতি ও বলাবল এবং দৃষ্টি ও গ্রহ-ভাব ও স্বভাব জ্ঞাত হইয়া সূক্ষ্ম গণনা করিলে নিশ্চয় গণনা হইবে। কোন ব্যক্তি ত্রস্ত হইয়া প্রশ্ন করিলে এবং কর্ণে হস্ত প্রদান করিলে, হৃত বা নষ্ট বস্তুর চিন্তা জানা-যায়। তৎপরে লগ্ন নির্ণয় করিয়া সেই লগ্নে পাপ গ্রহের

স্থিতি অথবা দৃষ্টি থাকিলে চুরি হইয়াছে জানা যায়। পরে অঙ্ক পরীক্ষার সহিত ঐক্য করিয়া, নিশ্চয় জানিয়া ঐ হৃত নষ্ট দ্রব্য ও উহার আকৃতি ও তস্করের রূপ, জাতি, বয়ঃক্রম, নাম, কোন সময় হৃত হইয়াছে, কোন দিকে ও কোন দেশে, কোন স্থানে, কি ভাবে স্থিত আছে সমুদায় জানিতে পারা যায়। লগ্নকে নবাংশ করিয়া যে অংশে প্রশ্ন হয়, সেই অংশে যে দ্রব্য লেখা আছে, সেই দ্রব্য জানিবেন এবং ঐ লগ্নকে তিন ভাগ করিয়া চোরের স্ত্রীত্ব, পুংত্ব এবং আকৃতি এবং প্রশ্ন-লগ্ন দ্বারা তস্করের বয়ঃক্রম ও জাতি নির্ণয় হয়; এবং রাশি দ্বারা কাল ও দিগ ও দেশ স্থির হয়। দ্রেকচক্রের দ্বারা তস্করের শরীর চিহ্নাদি জ্ঞাত হইতে পারা যায়।

অন্য প্রকার। (প্রশ্নাঙ্কচূড়ামণি মতে) ধ্রুবাঙ্ক এবং পিণ্ডাঙ্ক যোগে গণনা হয়, যথা লাভালাভ প্রশ্নে ধ্রুবাঙ্ক ৪২ তাহার সহিত বর্ণাঙ্ক যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে তাহাকে তিন দিয়া হরণ করিলে অবশিষ্ট এক থাকিলে লাভ, দুই থাকিলে অল্প লাভ, শূন্য থাকিলে শূন্য। এইরূপ, জীবন মরণ ধ্রুবাঙ্ক ৪০ আর পুত্র কন্যা ধ্রুবাঙ্ক ৩২ ইত্যাদি।

অন্য প্রকার। ফল এবং পুষ্পাদির নামোল্লেখেও প্রশ্ন হইয়া থাকে। যথা প্রাতঃকালে পুষ্পের নাম, মধ্যাহ্ন-কালে ফলের নাম, সায়াহ্নে দেবতার নাম, রাত্রিতে নদনদীর নাম প্রশ্নকর্তাকে উচ্চারণ করিতে বলিবেন। তৎপরে তাহাতে যত অক্ষর হইবে, অক্ষর সংখ্যা গণনা করিয়া অঙ্ক হইবে তাহাতে বিন্দু যুক্ত করিয়া গণনার দিবসের বারের সংখ্যা এবং পঞ্চ মিশ্রিত করিয়া সপ্তদ্বারা হরণ করিলে অবশিষ্ট যাহা থাকিবে তদ্দ্বারা ফল স্থির হয়। এক থাকিলে স্থিতি, দুই থাকিলে চঞ্চল, তিন থাকিলে অর্দ্ধপথে, চার থাকিলে গ্রামের সান্নিধ্যে, পাঁচ থাকিলে পুনরাবৃত্তি, ছয় থাকিলে রোগযুক্ত এবং সপ্তমে অদৃশ্য।

তিথি, বার এবং নক্ষত্র যোগে প্রতি মাসে দ্রব্যাদির মূল্যামূল্য জ্ঞাত হইবার সঙ্কেত বলা হইতেছে।—মহাজনদিগের পক্ষে এই গণনা অত্যন্ত ফলদায়ক। সংক্রান্তি দিবসের নক্ষত্র এবং তিথি ও বারের অঙ্ক একত্র করিয়া যে দ্রব্যের গণনা করিবেন সেই দ্রব্যের যত অক্ষর হইবে তাহা ঐঅঙ্কের সহিত যোগ করিয়া তিন দিয়া হরণ করিয়া যত অঙ্ক থাকিবে; এক থাকিলে সুলভ, দুই থাকিলে সমভাব, তিন থাকিলে মহার্ঘ্য জানিবেন।

## লগ্নদ্বারা জাত বালকের শুভাশুভাদি কিরূপ নির্ণয় হয় তাহা বলা হইতেছে।

জন্ম কালে চন্দ্রের অথবা রবির গৃহে যদি রাহু থাকে এবং ঐ চন্দ্র কিম্বা রবি বা রাহু এক ঘরে থাকে, আর ঐ লগ্নকে যদি শনি ও মঙ্গল দৃষ্টি করেন তবে ঐ লগ্নে যে বালকের জন্ম হইবে তাহার এক পক্ষ মধ্যে মৃত্যু হইবে।

## অন্য প্রকার লগ্ন দ্বারা কার্য্যসিদ্ধি প্রশ্ন বলা হইতেছে।

প্রশ্ন লগ্নের কেন্দ্র ও ত্রিকোন স্থানে যদ্যপি শুভ গ্রহ থাকেন এবং পাপ গ্রহ যদি সেই কেন্দ্র এবং ত্রিকোন স্থানে না থাকেন তবে সর্ব্বার্থ সিদ্ধি হয়। অন্য প্রকার প্রশ্ন—লগ্নের অধিপতি যে গ্রহ, সে যদ্যপি প্রশ্ন—লগ্নকে দেখে এবং কার্য্যাধিপতি, যে গ্রহ সে যদি কার্য্যকে এবং লগ্নকে দেখে তবে সম্পূর্ণ কার্য্য সিদ্ধি হয়। ধনলাভ প্রশ্নে, প্রশ্ন—লগ্নে যদি চন্দ্র বা বুধ থাকে ও পাপ গ্রহের দৃষ্টি না থাকে তবে ধন লাভ হয়। প্রশ্ন—লগ্নকে যদ্যপি বুধ ও চন্দ্র সম্পূর্ণ দর্শন করেন এবং পাপ—গ্রহের দৃষ্টি বুধ বা চন্দ্রে না থাকে তবে শীঘ্র ধন লাভ হয়। প্রশ্ন—লগ্নের অধিপতি যে গ্রহ হয়। সে যদি বলযুক্ত হয় এবং তাহার মিত্র গ্রহ যদি সম্পূর্ণ দৃষ্টি করে তবে পক্ষ মধ্যে ধন লাভ হয়। প্রশ্ন—লগ্নের দশম স্থানে যদি রবি থাকেন ও লগ্নে যদি শুভ গ্রহ থাকেন এবং চন্দ্রের যদি চতুর্থ বা সপ্তম স্থানে শুভ গ্রহ থাকেন তবে সদ্য অর্থ লাভ হয়। প্রশ্ন—লগ্নে চন্দ্র থাকিলে এবং চন্দ্রকে যদি শনি, মঙ্গল, রবি, রাহু সম্পূর্ণ দর্শন না করেন, তবে সম্পূর্ণ ধন-

লাভ হয়, কিন্তু গ্রহগণের বলাবল ও দৃষ্টি বিচার করা কর্ত্তব্য। অন্য প্রকার প্রশ্ন বলা হইতেছে।—ত্রিকোণকেন্দ্রে যদি সৌম্যখেটা পাপেষু কেন্দ্রাষ্টমবর্জ্জিতেষু। সর্ব্বার্থসিদ্ধিং প্রবদেন্নরাণাং বিপর্য্যয়স্তেষু বিপর্য্যয়স্যাৎ। ত্রিকোণ স্থান এবং কেন্দ্র স্থানে যদ্যপি শুভ গ্রহ থাকে এবং কেন্দ্র ও অষ্টম স্থানে পাপ গ্রহ না থাকে, তবে সর্ব্বার্থ সিদ্ধি হয়, ইহার বিপর্য্যয় হইলে হয় না। এতৎ ভিন্ন শরীরের চিহ্ন দ্বারা ও গ্রহ রাশি, এবং তিথি বার ইত্যাদি জ্ঞাত হইয়া ফলাফল বলা যায়। নখের উপরি ভাগে শ্বেতবর্ণ দৃশ্য হইলে, তাহারি শুক্ল পক্ষে জন্ম হওয়ার লক্ষণ। শুক্ল পক্ষে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি দীর্ঘজীবী এবং পুত্রবান্, বন্ধুগণের প্রতিপালক, দাতা, সুবুদ্ধিশালী, সম্মানবিশিষ্ট এবং স্ত্রীজিত মনুষ্য হয়। মধ্যমাঙ্গুলির নখদ্বারা বৃদ্ধাঙ্গুলির নখ টিপিয়া ধরিয়া ত্যাগ করিলে, ঐ নখের মধ্যে যদি শ্বেতবর্ণ দৃশ্য হয়, তবে তাহাও শুক্লপক্ষে জন্মিবার লক্ষণ, এবং ঐ রক্ত যদি পাতলা বোধ হয় তবে বর্ষাকালে জন্ম হইবার লক্ষণ। যে স্ত্রীর উদরে শ্যাম বর্ণ চিহ্ন থাকে, সে শ্বশুরঘাতিনী হয়। যে স্ত্রীর কুক্ষির নিকটে কৃষ্ণবর্ণ চিহ্ন থাকে, সে পতিঘাতিনী হইবে। জন্মাদি শুভাশুভ চিহ্ন দ্বারা যেরূপ জানা যায়, জন্ম লগ্নের দ্বারাও তদ্রূপ জানা যায়। জন্ম লগ্নে যদি মঙ্গল, শুক্র, শনি ও চন্দ্র থাকে তবে সেই স্ত্রী পতিঘাতিনী হইবে। যদি দন্তের নিম্ন হইতে মাংসপিণ্ড উপরে উঠে তবে চোর হইবার লক্ষণ।

যে স্ত্রীর গলা মোটা ও ওষ্ঠ উচ্চতর ও কেশ রুক্ষাবৃত দৃষ্ট হয়, সে অতিশয় কলহপ্রিয়া। যে নারীর অনামিকা ও অঙ্গুষ্ট গমনকালে পৃথিবী স্পর্শ করে না, সে শীঘ্রই পতিকে নষ্ট করে এবং স্বেচ্ছাচারিণী হইয়া থাকে। যে ব্যক্তির গলা লম্বা সে ব্যক্তি সদাসদ্ যে কর্ম্মে রত হইবে তাহা হইতে কেহই তাহাকে প্রতিনিবৃত্ত করিতে পারিবে না। নর কিম্বা নারীর হস্ত মধ্যে যে সকল বিবিধ রেখা ও চিহ্ন আছে, তাহাতে জন্ম মৃত্যু পরমায়ুর লক্ষণ, জীবন-কালের বৃত্তান্ত, সুখ দুঃখ ভোগ ও গত বয়ঃক্রমে যে যে ঘটনা ঘটিবে এবং পুত্র কন্যা নপুংসক ইত্যাদি বিবরণ, রাজ যোগ ও দরিদ্র যোগ, সাধু কি চোর হইবে ইত্যাদি তাহা জানা যায়। যথা—হস্ত মধ্যে ঊর্দ্ধ রেখা প্রতীত হইলে, যশ ও ধন হয়। যাহার বৃদ্ধাঙ্গুলির নিম্ন হইতে পিতৃরেখা পর্য্যন্ত মধ্যস্থলে পিতৃ রেখা সমতুল্য কোন রেখা প্রতীত হয়, তাহা হইলে পরধন পাইবে। যে ব্যক্তির অনামিকা ও মধ্যমাঙ্গুলির মধ্যে ছিদ্র থাকে, সে ব্যক্তির সর্পাঘাত কিম্বা কুক্কুর ইত্যাদি হিংস্রক জন্তুদিগের দ্বারা দংশিত হইবার সম্ভাবনা। যে ব্যক্তির ললাটের উপরে কোন রেখা প্রতীত না হয়, তাহার নবতি বৎসর পরমায়ু। আর যদ্যপি ললাটে ছিন্ন ভিন্ন বহু রেখা প্রতীত হয় তবে সেই ব্যক্তি অতিশয় লম্পট হইবে। যদি ললাটদেশ নিম্ন হয় অর্থাৎ মধ্যভাগ খালের মত প্রতীত হয়, তবে বধার্হ ও সর্ব্বদা ক্রূর কর্ম্মে রত থাকিবে এবং যদি সংবৃত কপাল হয় তবে অতিশয় কৃপণ হইবে। অঙ্গ প্রত্যঙ্গের ও মস্তকের মাপ, পরিমাণ দ্বারা এবং অবয়ব দৃষ্টে আয়ু, স্বভাব চরিত্র বুদ্ধি জ্ঞান ইত্যাদি জানা যায়। যদি কোন ব্যক্তির কর্ণে দীর্ঘ লোম থাকে তবে সে ব্যক্তি দীর্ঘায়ু হয়, কর কপাল ও পদের যে সকল রেখা ও চিহ্ন আছে, তাহা সময়ানুসারে শুভাশুভ গ্রহক্রমে পরিবর্ত্ত হইয়া থাকে। ইহা দ্বারা স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায় যে গ্রহাদির আকর্ষণ মানবদেহ মধ্যে বিরাজমান আছে। পঞ্চ তত্ত্বে মানবদেহের উৎপত্তি হইয়াছে, কিন্তু গ্রহরাশি নক্ষত্রাদির ন্যুনাধিক ভাগে দেহে অবস্থিতি হওয়ায়, রূপ বল বুদ্ধি জ্ঞান সুখ দুঃখ ও লাভালাভ ইত্যাদি বিভিন্নতা হইয়া থাকে। সৌর জগৎ এক মুহূর্ত্তের নিমিত্তও স্থির নহে, কুম্ভকারের চক্রের প্রায় অহরহ ঘুরিতেছে। এই কারণেই মানবদেহে গ্রহরাশি নক্ষত্রাদি সমভাবে অবস্থিতি করিতে পারে না।

এই পুস্তকে উপরি উক্ত সমস্ত বিষয়ের ও নানা প্রণালী মতে ও অন্যান্য বিষয়ের সমস্ত বিবরণ ক্রমশঃ প্রকাশিত হইবে, অতএব এই পুস্তক পাঠে ত্রিকাল সম্বন্ধীয় সমস্ত অবগত হইতে পারিবার সম্পূর্ণ সম্ভাবনা।

ফলিত ও সিদ্ধান্ত জ্যোতিষ শিক্ষা করিয়া যাহাদের দৈবজ্ঞতা শক্তি লাভের বাসনা হইবে, তাহাদের অগ্রে স্বরোদয় শাস্ত্র শিক্ষা করা উচিত। মহাদেব উক্ত করিয়াছেন। যথা—স্বরহীনোঽদৈবজ্ঞ নাথ হীনং যথা গৃহং। শাস্ত্রহীনং যথাবক্তা শিরহীনঞ্চ যদ্বপুঃ। অর্থাৎ যে দৈবজ্ঞ স্বরোদয় অবগত নন, তিনি কর্ত্তা হীন গৃহ, শাস্ত্রজ্ঞানহীন বক্তা এবং শিরঃশূন্য দেহ সদৃশ। এই স্বরশাস্ত্র কলিকালের প্রদীপ স্বরূপ। অতএব অগ্রে স্বরোদয় শাস্ত্র হইতে যাহা সংগ্রহ করা হইয়াছে, তাহা প্রকাশ করা যাইতেছে।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কৃত ফলিত-জ্যোতিষ গ্রন্থের সাধারণ উপদেশ সমাপ্ত।

---

পবন বিজয় স্বরোদয় হইতে সংগ্রহ।

আদৌ চন্দ্রঃ সিতে পক্ষে ভাস্করস্তু সিতেতরে ॥
প্রতিপত্তো দিনান্যাহুঃ ত্রীণি ত্রীণি ক্রমোদয়ে।
সার্দ্ধদিঘটিকাজ্ঞেয়া শুক্লে কৃষ্ণে শশী রবিঃ ॥
বহেত্যেক দিনে নৈব যথা যষ্টি ঘটি ক্রমাৎ।
বহেদ্ভাবদ্ঘটি মধ্যে পঞ্চ তত্বানি নিদ্দিশেৎ ॥
প্রতিপত্তো দিনানাহু বিপরীতে বিপর্য্যয়।
শুক্লপক্ষে বহেদ্বামা কৃষ্ণপক্ষেচ দক্ষিণা ॥
জানীয়াত্ প্রতিপদ পূর্ব্বং যোগি তদ্গত মানসঃ।
পৃথিব্যাপস্তথা তেজো বায়ুরাকাশমেবচ ॥
পঞ্চভুতাত্মকং সর্ব্বং যো জানাতি স পূজিতঃ।
পীত শ্বেতারুণ শ্যাম বিন্দুর্ভিনিরুপাধিকং ॥
দর্পণে চ সমালোক্য তত্র শ্বাসং বিনিক্ষেপেৎ।
আকারস্তু বিজানীয়াৎ তত্ব ভেদং বিচক্ষণঃ ॥
ইতি ভুত প্রক্রিয়াঃ।

চতুরস্রং চার্দ্ধ চন্দ্রং ত্রিকোণং বর্ত্তুলং স স্মিতং ॥
বিন্দুভিস্ত ন বিজ্ঞেয়ং সাকরৈ স্তত্ব লক্ষণং।
ইতি ভুতজ্ঞান প্রকীরঃ ॥

মধ্যে পৃথ্বী অধশ্চাপশ্চোর্দ্ধং বহতি চালনঃ।
তির্য্যক বায়ু প্রবাহঞ্চ নভো বহতি সংক্রমে ॥
ইতি ভুত গতিঃ।

আপঃশ্বেতাঃ ক্ষিতিঃ পিতা রক্তবর্ণং হুতাশনং ॥
মারুতা নীল জীমুত আকাশং সর্ব্ব বর্ণকং।
ইতি ভুত রুপানিঃ ॥

মাহেয়ং মধুরং স্বাদু কষায়ং জলমেবচ।
তিক্তং তেজঞ্চ সমীরোমল্লং আকাশং কটুকং তথা ॥
ইতি ভুত রসাঃ।

অষ্টাঙ্গুলং বহেদ্বায়ুরনলং চতুরঙ্গুলং ॥
দ্বাদশাঙ্গুল্ মাহেয়ং ষোড়শাঙ্গুল বারুণং।
ইতি ভুত গতিঃ ॥

স্কন্ধ দেশে স্থিতো বহ্নিঃ নাভিমুলে প্রভঞ্জনঃ।
জানু দেশে ক্ষিতিস্তোয়ং পাদান্তে মস্তকে নভঃ ॥
ইতি জ্ঞানঃ বিশেষশ্চ তত্বেন ভুতঃ ॥

কুজো বহ্নি রবিঃ পৃথ্বী সৌরিয়াপঃ প্রকীর্ত্তিতঃ।
বায়ুস্থং স্থিতো রাহু দক্ষরন্ধ্রে প্রবাহকঃ ॥
গুরুঃ শুক্রস্তথা সৌম্য চন্দ্রশ্চৈব চতুর্থকঃ।
বামনাভ্যাস্থ মধ্যস্থান কাররেদাত্মনস্তথা।
ইতি তত্বান গ্রহাধিপঃ।

মানব দেহে যত প্রকার নাড়ী আছে, তন্মধ্যে ইড়া পিঙ্গলা এবং সুষুম্না এই তিনটী নাড়ীই প্রধান। মেরুদণ্ডের বাহ্য প্রদেশের বাম দিকে ইড়া-নাড়ী স্থিত হয়, দক্ষিণ প্রদেশে পিঙ্গলা-নাড়ী এবং মধ্যদেশে মেরু মধ্যভাগে সুষুম্না নাড়ী স্থিত। চন্দ্র, সূর্য্য ও বায়ু এই তিন তিনেতে অবস্থিত এবং সত্ব, রজ, তম এই তিন স্থিত, আর রাত্রি ও দিবা কাল স্থিত হয়। ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নাড়ীর দ্বারায় শ্বাস প্রশ্বাসের কার্য্য নির্ব্বাহ হইতেছে। তৎপ্রমাণ। মনুষ্যের বগল দেশ কোন বস্তুর দ্বারায় কিঞ্চিৎ কাল চাপিয়া রাখিলে শ্বাস বদ্ধ হইবেক, অর্থাৎ যে বগলের নাড়ী চাপিয়া রাখিবে সেই দিকের নাসিকার শ্বাস বন্ধ হইবেক।

এতৎ ভিন্ন দক্ষিণ কিম্বা বাম পার্শ্বে শয়ন করিলে দক্ষিণ কিম্বা বাম নাসিকার শ্বাস বন্ধ হয়। নব্য সম্প্রদায়ী সমুহে জানেন যে, শ্বাস প্রশ্বাস অহরহ উভয় নাসিকায় সমানরূপে বহন হয়, কিন্তু সেটী তাহাদিগের ভ্রম। ঐ শ্বাস প্রশ্বাস, জোয়ার ভাটার ন্যায় চন্দ্র সূর্য্যের ও অন্যান্য গ্রহাদির আকর্ষণে এবং তিথি অনুসারে যথা নিয়মে ইড়া, পিঙ্গলা অর্থাৎ বাম কিম্বা দক্ষিণ নাসিকাপুট মধ্যে প্রথমতঃ সূর্য্য উদয়-কালে উদয় হইয়া এক এক নাসিকায় আড়াই দণ্ড কাল অর্থাৎ এক ঘণ্টা করিয়া স্থিতি হইয়া, উভয় নাসিকায় ২৪ চব্বিশ বার সংক্রমণ হইয়া থাকে। ঐ আড়াই দণ্ড কাল যখন কোন নাসিকার মধ্যে শ্বাস প্রশ্বাস বহন হয়, তৎ-কালে পৃথ্বী, জল, অগ্নি, বায়ু, আকাশ, এই পঞ্চ তত্ত্বের উদয় হয়, যথা পৃথ্বী উদয় হইয়া ৫০ পল ইংরাজি ২০ মিনিট কাল অবস্থিতি করেন, ঐরূপ জলতত্ত্ব ৪০ পল ইংরাজি ১৬ মিনিট, অগ্নিতত্ত্ব ৩০ পল ইংরাজি ১২ মিনিট, বায়ুতত্ত্ব ২০ পল ইংরাজি ৮ মিনিট, আকাশতত্ত্ব ১০ পল ইংরাজি ৪ মিনিট, উদয় হইয়া স্থিতি থাকে॥ এখন শুক্ল ও কৃষ্ণ পক্ষ ভেদে কোন কোন তিথিতে কোন নাসি-কার শ্বাস সূর্য্য উদয়ের সহিত সর্ব্বাগ্রে উদয় হয় এবং পঞ্চ তত্ত্বের লক্ষণ কি তাহা লিখিত হইতেছে। শুক্ল পক্ষে প্রতিপদাদি তিন দিন করিয়া, অগ্রে ইড়া নাড়ী অর্থাৎ বাম নাসিকাপুটে আর কৃষ্ণপক্ষের প্রতিপদাদি তিন দিন করিয়া, অগ্রে দক্ষিণ নাসাপুটে সূর্য্য উদয় কালে শ্বাস বহন আরম্ভ হইয়া এক এক নাসিকায় এক এক ঘণ্টা স্থিত হইয়া ক্রমে দিবা রাত্রি মধ্যে ২৪ বার সংক্রমণ হয়। শুক্লপক্ষের প্রতিপদ দ্বিতীয়া তৃতীয়া শুক্ল সপ্তমী অষ্টমী নবমী ও শুক্ল ত্রয়োদশী চতুর্দ্দশী ও পূর্ণিমা তিথিতে আর কৃষ্ণপক্ষের চতুর্থী পঞ্চমী ষষ্ঠী ও কৃষ্ণ দশমী একাদশী এবং দ্বাদশী তিথিতে সূর্য্য উদয় কালে প্রথমে বাম নাসিকাপুটে বায়ু বহন আরম্ভ হইয়া এক ঘণ্টা কাল স্থিতি থাকে। ঐরূপ কৃষ্ণ পক্ষের প্রতিপদ দ্বিতীয়া তৃতীয়া ও কৃষ্ণ সপ্তমী অষ্টমী নবমী ত্রয়োদশী চতুর্দ্দশী অমাবস্যা এবং শুক্ল-পক্ষের চতুর্থী পঞ্চমী ষষ্ঠী দশমী একাদশী এবং দ্বাদশী তিথিতে সূর্য্য উদয় কালে প্রথমতঃ দক্ষিণ নাসাপুটে শ্বাস বহন আরম্ভ হইয়া এক এক ঘণ্টা ক্রমে ৬ দণ্ড মধ্যে প্রতি নাসিকায় ১২ বার হিসাবে উভয় নাসিকায় ২৪ বার সংক্রমণ হইয়া থাকে। ইহার ব্যতিক্রমে বিপরীত ফল অর্থাৎ পীড়া কিম্বা অশুভ ঘটনা হয়। যখন এক নাসাপুটে বায়ু বহন হয়, তখন অন্য নাসাপুটে শ্বাস বন্ধ কিম্বা কম-তেজ থাকে এবং যখন এক নাসিকা হইতে অন্য নাসি-কায় শ্বাস প্রবেশ করে তখন ক্ষণেক বাম, ক্ষণেক দক্ষিণ নাসিকায় বহন হয় অথবা উভয় নাসিকা সমানরূপে বহন হয়, ইহাকে সুষুম্না নাম্নি নাড়ীর উদয়বলে। কিন্তু সরদি কফ রোগে আক্রান্ত হইলে নিশ্বাসের ব্যতিক্রম হইয়া থাকে। দিবা রাত্রি ষষ্টী দণ্ড মধ্যে উভয় নাসাপুটে শ্বাস-রূপে দ্বাদশ রাশির উদয় হয় অর্থাৎ বাম নাসিকায় বৃষ কন্যা কর্ক্কট বৃশ্চিক মকর ও মিন রাশি স্থিতি করে অর্থাৎ সম রাশিতে চন্দ্রের স্থিতি হয়। এবং দক্ষিণ নাসিকায় মেষ, সিংহ ধনু তুলা মিথুন কুম্ভ আর্থাৎ বিসম রাশিতে সূর্য্যের স্থিতি হয়।

প্রতি নাসাপুটে বায়ু বহন কালে পঞ্চতত্ত্বের উদয় হয়। পঞ্চতত্ত্ব কিরূপে জানিবে তাহার নিয়ম কথিত হই-তেছে। প্রথমে তত্ত্বের সংখ্যা নিরূপণ, দ্বিতীয়ে শ্বাসের সন্ধান, তৃতীয়ে স্বরের চিহ্ন, চতুর্থে বায়ুর গতি, পঞ্চমে বর্ণ, ষষ্টে তত্ত্বের উপদেশ স্থান, সপ্তমে সাধুর নিকট উপদেশ গ্রহণ, অষ্টমে গতির লক্ষণ জানিতে হইবে। প্রত্যুষ কালে যত্ন পূর্ব্বক বৃদ্ধাঙ্গুলি দ্বারায় উভয় নাসাপুট ধারণ করিয়া তত্ত্বাদি জ্ঞাত হইবে।

---

### অথ পৃথ্বীতত্ত্বের লক্ষণ।

নাসিকা রন্ধ্রের ঠিক মধ্য স্থান দিয়া অর্থাৎ ঐ নাসিকার অন্য কোন পার্শ্বে না ঠেকিয়া শ্বাস বহন হইবে ॥ ২॥ ঐ শ্বাসমাপ মাপনে দ্বাদশাঙ্গুলি পরি-মাণে নির্গম হইবে ।৩। তৎকালে গলাতে মধুর রস উৎপত্তি হইবে ।৪। তৎকালে কেবল পীতবর্ণ মনে

উদ্ভব কিম্বা কোন প্রকরণ করিলে পীতবর্ণ দর্শন হইবে ॥ ৫ ॥ উত্তম দর্পণে নিশ্বাস নিক্ষেপ করিলে চতুষ্কোন এবং পীতবর্ণ দৃষ্টি হইবে ॥ ৬ ॥ জানুদেশে ইহার স্থিতি, আড়াই দণ্ড কাল মধ্যে ৫০ পল কাল এই অবস্থায় স্থিত থাকিবে। এই সকল কার্য্যের নাম এস্থলে পৃথিবীতত্ত্ব রাখা হইয়াছে। রবি গ্রহের আকর্ষণে বাম নাসিকায় পৃথ্বী তত্ত্বের উদয় হয় এবং দক্ষিণ নাসিকা বহন কালে যখন পৃথ্বীতত্ত্বের উদয় হয় তখন বুধ গ্রহ তাহার অধিপতি হন। অথ, পৃথ্বীতত্ত্বের নক্ষত্র ২৩ ধনিষ্ঠা, ২৭ রেবতী, ১৮ জ্যেষ্ঠা, ১৭ অনুরাধা, ২২ শ্রবনা, অভিজিত, ২১ উত্তরাষাঢ়া।

## জলতত্ত্বের লক্ষণ।

ইহার গতি অধোগামী অর্থাৎ নাসিকাপুটের নিম্ন ভাগে ঠেকিয়া শ্বাস বহন হইবে ॥ ২ ॥ শ্বাস মাপিলে পরিমাণে ১৬ অঙ্গুলি হইবে ॥ ৩ ॥ গলাতে কষায় রস অনুভব হইবে ॥ ৪ ॥ দর্পণে নিশ্বাস ত্যাগ করিলে অৰ্দ্ধচন্দ্রাকৃত ও শ্বেতবর্ণ দৃষ্ট হইবে ॥ ৫ ॥ শ্বেতবর্ণ মনে উদয় কিম্বা কোন প্রকরণ করিলে শ্বেতবর্ণ দৃষ্ট হইবে ॥ ৭ ॥ পাদান্তে ইহার স্থিতি ও আড়াই দণ্ড মধ্যে ৪০ পল কাল ঐরূপে স্থিতি হইবে। এই কার্য্যগুলি এস্থলে জলতত্ত্ব নামে প্রকাশ হইয়াছে। দক্ষিণ নাসিকা বহন কালে শনি গ্রহ ইহার অধিপতি হয়, এবং বাম নাসিকা বহন কালে চন্দ্র এই তত্ত্বের অধিপতি হন। এই তত্ত্বের যে যে নক্ষত্র তাহাদিগের নাম—২০ পূর্ব্বাষাঢ়া। ৯ অশ্লেষা। ১৯ মুলা। ৬ আৰ্দ্রা। ৪ রোহিনী। ২৬ উত্তরভাদ্রপদ। ২৪ শতভিষা ॥৮॥

---

## অথ অগ্নিতত্ত্বের লক্ষণ।

১। উৰ্দ্ধগামী গতি অর্থাৎ নাসিকাপুটের উপরি ভাগে ঠেকিয়া শ্বাস বহন হইবে। ২। ঐ শ্বাস মাপিলে পরিমাণে চতুরঙ্গুলি হইবে। ৩। গলাতে তিক্ত রসের উদ্ভব হইবে। ৪। দর্পণে নিশ্বাস ত্যাগ করিলে, ত্রিকোনাকার ও রক্তবর্ণ দৃষ্ট হইবেক। ৫। আড়াই দণ্ড মধ্যে ৩০ পল ঐ ভাবে স্থিতি থাকিবে এবং রক্তবর্ণ মনে উদয় হইবে এবং কোন প্রকরণ করিলে রক্তবর্ণ দৃষ্টি হইবে। ৬। স্কন্দদেশে ইহার স্থিতি। দক্ষিণ নাসিকা বহন কালে মঙ্গল গ্রহ ইহার অধিপতি এবং বাম নাসিকা বহন কালে শুক্র গ্রহ ইহার অধিপতি। এই তত্ত্বের যে যে নক্ষত্র—২ তরণী ৩ কৃত্তিকা ৮ পুষ্যা ১০ মঘা ১১ পূর্ব্বফাল্গুণী ২৫ পূর্ব্বভাদ্রপদ ১৫ স্বাতি। অগ্নিতত্ত্ব বহন সময় কোন ব্যক্তি যদি প্রশ্ন করে যে আমি কি রং মনে করিয়াছি? তখন বলিবেন যে তুমি রক্তবর্ণ মনে করিয়াছ, কেন না ঐ তত্ত্বের উদয় কালে অন্য কোন রং মনে উদয় হইবে না। মঙ্গল গ্রহের আকর্ষণে এই তত্ত্বের উদয় হয়। মঙ্গল গ্রহের বর্ণ রক্ত, আকাশ মণ্ডলে যত গ্রহ আছে তন্মধ্যে মঙ্গল গ্রহ ঘোর রক্তবর্ণ, রজনী যোগে আকাশ মণ্ডলে দৃষ্টি করিলেই দেখিতে পাইবেন। সকল প্রাণিই পঞ্চতত্ত্বে সৃষ্টি, এবং সকল প্রাণিতেই যে গ্রহ নক্ষত্রের অংশ আছে তাহার প্রমাণ স্পষ্ট প্রকাশ পাইতেছে। যে গ্রহের যে স্বভাব সেই সমস্তই মানব দেহে দেখা যায়।

---

## অথ বায়ুতত্ত্বের লক্ষণ।

শ্বাস তীর্য্যগামী অর্থাৎ নাসাপুট মধ্যে তীর্য্যকরূপে পার্শ্বে ঠেকিয়া বহন হয়। ২। ঐ বায়ু মাপিলে পরিমাণে ৮ অষ্টাঙ্গুল হইবে। ৩। গলাতে অম্বল রসের উৎপত্তি হইবে। ৪। দর্পণে শ্বাস নিক্ষেপ করিলে গোলাকৃতি ও শ্যাম বর্ণ কিম্বা নীলবর্ণ দৃষ্ট হইবে। নাভিমূলে ইহার স্থিতি জানিবেন। দক্ষিণ নাসিকা বহনকালে ইহার অধিপতি রাহুগ্রহ এবং বাম নাসিকা বহনকালে ইহার অধিপতি বৃহস্পতি গ্রহ। এই তত্ত্বে যে যে নক্ষত্র তাহাদিগের নাম।—১৬ বিশাখা, ১২ উত্তরফল্গুণী, ১৩ হস্তা, ১৪ চিত্রা, ৭ পুনর্ব্বসু, ১ অশ্বিনী, ৫ মৃগশিরা।

---

### অথ আকাশতত্ত্বের লক্ষণ।

সর্ব্বব্যাপী অর্থাৎ নাসাপুটে সর্ব্বস্থান দিয়া বায়ু নির্গম হয়। ২। সর্ব্বগামী, সে জন্য ইহার পরিমাণ করা যায় না।৩। গলাতে কটু রসের উদ্ভব হয়।৪। দর্পণে নিশ্বাস নিক্ষেপ করিলে বিন্দু বিন্দু নানা রকমের বর্ণ দৃষ্ট হয়। ৫। মিশ্রিত বর্ণ মনে হয়। ৬। মস্তকে ইহার স্থিতি, আড়াই দণ্ড কাল মধ্যে দশ পল মাত্র স্থিত হয়েন। এই তত্ত্ব সর্ব্ব কার্য্যে নিষ্ফল, এজন্য এই তত্ত্ব বহন সময় কোন কার্য্য করিবেক না, কেবল যোগ সেবা কর্ত্তব্য ইতি আকাশ তত্ত্বং।

### অথ কার্য্য বিশেষে শ্বাস নিক্ষেপের পরিমাণ।

স্বাভাবিক দশ অঙ্গুলি পরিমাণে শ্বাস প্রবেশ হয়, এবং ১২ বার অঙ্গুলি পরিমাণে শ্বাস নিক্ষেপ হয়। গমনকালে ২৪ আঙ্গুল নিশ্বাস বাহির হয়। বেগে গমন করিলে ৪৩ আঙ্গুল, মৈথুনে ৬৫ আঙ্গুল নিশ্বাস বাহির হয়। শয়নে একশত, ভোজনে ও কথোপকথনে অষ্টাদশাঙ্গুল, নিষ্কামী ব্যক্তির এক আঙ্গুলের কম নিশ্বাস বাহির হয়, আনন্দযুক্ত ব্যক্তির দুই আঙ্গুল, কবির তিন অঙ্গুল ইত্যাদি।—

বাচাসিদ্ধিশ্চতুর্থেতু দূরদৃষ্টিস্তু পঞ্চমে ষষ্টেত্বা- কাশগমনং খণ্ডবেগশ্চ সপ্তমে অষ্টমে সিদ্ধয়শ্চাষ্টৌ নবমে নিধনং ন চ। দশমে দশমূর্ত্তিশ্চ ক্ষয়নাশো দশৈককে। দ্বাদশে হংসচারশ্চ গঙ্গামৃতরসং পিবেৎ॥ আনখাগ্রং প্রাণপূরকস্য ভক্ষঞ্চ ভোজনং। এবং প্রাণবিধিঃপ্রোক্ত সর্ব্বকার্য্যে ফলপ্রদঃ। জ্ঞায়তে গুরুবাক্যেন ন বিদ্যা শাস্ত্রকোটিভিঃ।

---

### অথ তত্ত্বের গুণ।

অস্থি, মাংস, নখ, ত্বক, এবং লোম এই পঞ্চ পৃথিবীর গুণ। শুক্র শোণিত মজ্জা মল মূত্র এই পঞ্চ জলের গুণ। নিদ্রা ক্ষুধা তৃষ্ণা ক্লান্তি আলস্য এই পঞ্চ তেজের গুণ। ধারণ চালন ক্ষেপন সঙ্কোচ এবং প্রসারণ এই পঞ্চ বায়ুর গুণ। কাম ক্রোধ মোহ লজ্জা এবং লোভ এই পঞ্চ আকাশের গুণ। আকাশ হইতে বায়ুর জন্ম এবং বায়ু হইতে অগ্নির এবং অগ্নি হইতে জলের এবং জল হইতে মহীর উৎপত্তি হইয়াছে। অপিচ মহী জলেতে, জল রবিতে এবং রবি বায়ুতে লয় হয়। এই পঞ্চতত্ত্ব হইতে সৃষ্টি হইয়াছে। পৃথিবীর পঞ্চ গুণ, জলের চারি গুণ, তেজের তিনগুণ, বায়ুর দুই গুণ এবং আকাশের এক গুণ। পৃথ্বী, গন্ধ তন্মাত্র। জল রসতন্মাত্র। অগ্নি রূপ- তন্মাত্র। বায়ু স্পর্শতন্মাত্র। আকাশ, শব্দ তন্মাত্র। এই পঞ্চের পঞ্চ গুণ।

### অথ মৃত্যু জ্ঞানং।

১ যাহার নাসা পুটে দিবা রাত্রি একত্রে বায়ু বহন হয়, তাহার তিন বৎসর মধ্যে মৃত্যু হইবে। ২ যাহার দক্ষিণ নাসা রন্ধ্রের দ্বারা দুই দিবা রাত্র পর্য্যন্ত নিরন্তর বায়ু বহন হয়, তাহার দুই বৎসরের মধ্যে মৃত্যু হইবে। ৩। যাহার এক নাসা পুটে তিন রাত্র বায়ু বহে, তাহার এক বৎসরের মধ্যে মৃত্যু হইবে। ৪। যাহার বাম নাসা পুটে রাত্রিতে নিরন্তর বায়ু বহে, এবং দক্ষিণ নাসা পুটে দিবা রাত্রিতে নিরন্তর বায়ু বহে তাহার আয়ু ক্ষয় হইয়া ছয় মাসের মধ্যে মৃত্যু হইবে।৫। যাহার দক্ষিণ নাসাপুটে একাদি- ক্রমে ষোল দিন নিরন্তর বায়ু বহে, তাহার মৃত্যু এক মাসের মধ্যে হইবে। ৬। যাহার দক্ষিণ নাসা পুটে বায়ু বহে, কিন্তু বাম নাসা পুটে বায়ু বহন হয় না, তাহার এক পক্ষ মধ্যে মৃত্যু হইবে।৭। যাহার কেবল বাম নাসা পুটে বায়ু বহে কিন্তু দক্ষিণ নাসা পুটে বায়ু বহে না, তাহার এক মাস মধ্যে মৃত্যু হইবে। ৮। যাহার মল মূত্র বায়ুর সহিত একসমকালে নির্গত হয়, তাহার দশ দিবস মধ্যে মৃত্যু হইবে। ৯। যাহার দক্ষিণ নাসারন্ধ্রে দিবা রাত্রি বায়ু বহে তাহার মৃত্যু তিন বৎসরের মধ্যে হইবে। ১০। যে ব্যক্তির নাসিকা পুট দ্বারা দুই কিম্বা তিন দিবা রাত্রি পর্য্যন্ত নিরন্তর বায়ু প্রবল রূপে বহে, তাহার ৪৫ দিন মধ্যে মৃত্যু হইবে। ১১। যাহার উভয় নাসা পুট দ্বারা নিরন্তর দশ দিবস বায়ু খরতর রূপে বহে, তাহার মৃত্যু তাহার পর তিন দিবসান্তে হইবে! ১২। যে ব্যক্তির উভয় নাসিকা

দ্বারা বায়ু বহন না হইয়া যদি ঊর্দ্ধাযুক্ত বায়ু, মুখ দ্বারা বহন হয়, তবে তাহার দুই দিনের মধ্যে মৃত্যু হইবে। ১৩। কোন ব্যক্তির জন্ম রাশি অবধি গণনায় সপ্তম রাশিতে যদি সূর্য্য অবস্থিতি করেন এবং জন্ম নক্ষত্রেতে চন্দ্র থাকেন এবং সেই কাল দক্ষিণ নাসাতে বায়ু বহন হয়, তবে অকালে কাল প্রাপ্ত হয় অর্থাৎ অকস্মাৎ সেই সময় মধ্যে মৃত্যু হয়। ১৪। যাহার বীর্য্যে বিষ্ঠাতে মূত্রে ও হাঁচির সহিত মল যুক্ত হয় অর্থাৎ স্বভাবের অন্যথা হইয়া এককালে নানা প্রকার দর্শন হয়, সেই ব্যক্তি এক বৎসর পর্য্যন্ত জীবিত থাকে। ১৫। মুখে জল লইয়া সূর্য্যের দিকে ফুৎকার করিয়া ফেলিলে, তাহাতে যদি ইন্দ্রচাপ অর্থাৎ রামধনুক দর্শন হয়, তবে তাহার ছয় মাসের মধ্যে মৃত্যু হইবে।

অথ তত্ত্ব দ্বারা শুভাশুভ জ্ঞান ইত্যাদি।

১ পৃথ্বী কিম্বা জলতত্ত্ব সময় প্রশ্ন হইলে কর্ম্মের শুভফল হয়, বহ্নিতত্ত্ব সময় প্রশ্ন হইলে শুভাশুভ মিশ্র ফল হয়, বায়ু কিম্বা আকাশতত্ত্ব সময় প্রশ্ন হইলে হানি ও মৃত্যুকর ফল হয়।

ইতি কর্ম্মবিশেষে ভূত উদয়ের ফল।

২ অগ্নিতত্ত্বের উদয়কালে মারণাদি কার্য্য করিবে। জলতত্ত্ব বহন সময় শান্তি কার্য্য, বায়ুতত্ত্বে উচ্চাটন, পৃথ্বীতত্ত্বে স্তম্ভনাদি কার্য্য, আকাশতত্ত্ব সময় কোন কার্য্য করিবে না। পৃথ্বীতত্ত্ব সময় স্থির কার্য্য করিবে, জলতত্ত্ব সময় চরকার্য্য করিবে। অগ্নিতত্ত্বে ক্রূর কর্ম্ম, বায়ুতত্ত্বে মারণ উচ্চাটন কার্য্য করিবে, আকাশতত্ত্ব উদয় কালে কোন কার্য্য করিবে না, কেবল যোগ সেবা করিবে।

ইতি ষষ্ঠ কর্ম্মঃ।

৩। পৃথ্বী উদয়কালে প্রশ্ন হইলে তৎক্ষণাৎ লাভ হইবে, অগ্নি কিম্বা বায়ুতত্ত্বে প্রশ্ন হইলে হানি হইবে এবং আকাশতত্ত্বে প্রশ্ন হইলে নিষ্ফল হইবে। ৪। জলতত্ত্ব পশ্চিমদিকের অধিপতি, পৃথ্বীতত্ত্ব পূর্ব্বদিকের অধিপতি, অগ্নিতত্ত্ব দক্ষিণদিকের অধিপতি, বায়ুতত্ত্ব উত্তরদিকের অধিপতি, আকাশতত্ত্ব ঊর্দ্ধ অধঃ মধ্যস্থান এবং অগ্নি, ঈশান, বায়ু, নৈঋত দিকের অধিপতি। ইতি দিক জ্ঞানং।

৫। বামনাসাপুটে বায়ুর উদয় কালে পৃথ্বী ও জলতত্ত্ব এবং দক্ষিণ নাসাপুটে বায়ুর উদয় কালে অগ্নিতত্ত্ব হইলে শুভাশুভ কর্ম্ম সমস্তই সিদ্ধ হইবে। পৃথ্বীতত্ত্বে লাভ হয় এবং নিশাতে বহ্নিতত্ত্বের সময় লাভ হয়। পৃথ্বীতত্ত্বের সময় বায়ু ও বায়ুতত্ত্বের সময় আকাশতত্ত্বের উদয় হইলে জয় লাভ হয় এবং গমনাগমন ইত্যাদি কার্য্যে শুভ ফল হয়। ৬। প্রচ্ছক জলতত্ত্ব বহন কালে আগমন করিয়া, পৃথ্বীতত্ত্ব বহন সময় প্রস্থান করিলে শুভ এবং বায়ুতত্ত্ব সময় গমন করিলে নিত্য হানি হয়। আকাশ কিম্বা অগ্নিতত্ত্ব সময় গমন করিলে মৃত্যু হয়, কিম্বা তৎতুল্য ফল হয়। ৭। পৃথ্বীতত্ত্বে প্রশ্ন হইলে মূল অর্থাৎ উদ্ভিদ পদার্থের চিন্তা। জলতত্ত্বে জীব অর্থাৎ প্রাণী এবং আকাশতত্ত্বে মূল বস্তু জানা যায়। ৮। পৃথ্বীতত্ত্বে বহুপদ, জল ও বায়ুতত্ত্বে দ্বিপদ, অগ্নিতত্ত্বে চতুষ্পদ এবং আকাশতত্ত্বে অপদ বুঝায়। ৮। ইতি পদাদি জ্ঞানং।

এই তত্ত্বজ্ঞান দ্বারা হৃত নষ্ট বা চিন্তিত দ্রব্যের আকৃতি জ্ঞানও জন্মে।

৯। পৃথ্বীতত্ত্বে চতুষ্কোণ, জলতত্ত্বে অর্দ্ধ চন্দ্রাকৃতি; অগ্নিতত্ত্বে ত্রিকোণাকৃতি, বায়ুতত্ত্বে বর্ত্তুলাকার অর্থাৎ গোলাকার, আকাশতত্ত্বে নানাকৃতি।

তত্ত্বের দ্বারা হৃত নষ্টাদি অর্থাৎ চুরি ইত্যাদি বস্তুর বর্ণজ্ঞানও জন্মে।

১০। পৃথ্বীতত্ত্বে পীতবর্ণ, জলতত্ত্বে শ্বেতবর্ণ, অগ্নিতত্ত্বে রক্তবর্ণ, বায়ুতত্ত্বে নীলবর্ণ, আকাশতত্ত্বে নানা বর্ণ, কোনমতে কৃষ্ণবর্ণ।

অথ তত্ত্বাদি অধিষ্ঠাত্রী দেবতা।

১১। পৃথ্বীতত্ত্বের অধিষ্ঠাতা ব্রহ্মা, জলতত্ত্বের বিষ্ণু, অগ্নিতত্ত্বের রুদ্র, বায়ুতত্ত্বের ঈশ্বর ও আকাশতত্ত্বের সদাশিব অধিষ্ঠাতা।

ইহার দ্বারা দেবতা ও গুরুমন্ত্র, শত্রু মিত্র এবং দিক দেবতা জ্ঞান জন্মে।

১২। পূর্ব্বদিকে পার্থিব, তত্ত্ব তাহার অধিষ্ঠাতা বৃহ-

স্পতি। দক্ষিণদিকে জলতত্ত্ব তাহার অধিষ্ঠাতা শুক্রাচার্য্য। পশ্চিমে বহ্নিতত্ত্ব, তাহার অধিষ্ঠাতা মঙ্গল গ্রহ। উত্তরে বায়ুতত্ত্ব বুধ গ্রহ তাহার অধিষ্ঠাতা। ঊর্দ্ধ অধ অগ্নি ঈশান বায়ু নৈঋত কোণে আকাশতত্ত্ব তাহার অধিষ্ঠাতা শনিগ্রহ। এই অধিষ্ঠাত্রী দেবতার দ্বারা প্রশ্ন কর্ত্তার অভীষ্ট দেবতার নাম কিম্বা মন্ত্রাদি বলা যায়।

১৩। পৃথ্বী তত্ত্বে প্রশ্ন হইলে নিশ্চয়ই যুদ্ধ হয়, জলতত্ত্বে প্রশ্ন হইলে সন্ধি হয়, বহ্নি তত্ত্বে প্রশ্ন হইলে বিজয়ী এবং বায়ুতত্ত্বে প্রশ্ন হইলে রণভঙ্গ হয় এবং আকাশতত্ত্বে প্রশ্ন হইলে যুদ্ধে মৃত্যু হয়। ইতি যুদ্ধ সম্বন্ধীয় প্রশ্ন।

অথ রোগ প্রশ্নে শুভাশুভ কথন।

১৪। পৃথ্বীতত্ত্ব বহন সময় প্রশ্নকর্ত্তা আসিয়া প্রশ্ন করিলে, কফ পিত্ত বায়ু মিশ্রিত রোগ জানিবে। জলতত্ত্বে কফ জন্য রোগ, অগ্নিতত্ত্বে পিত্তজন্য রোগ এবং বায়ুতত্ত্বে বাত জন্য রোগ, কিন্তু বায়ুতত্ত্বে বাত জন্য রোগ হইলেও বাতপিত্ত কিম্বা বাতশ্লেষ্ম রোগও হইতে পারে, তাহা জানার উপায় এই যে বায়ুতত্ত্ব বহন সময় প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিয়া বসিয়া থাকিয়া অগ্নিতত্ত্ব বহন সময় যদি চলিয়া যান, তবে বাতপিত্ত জন্য পীড়া, নচেৎ বাতশ্লেষ্ম জানিবে। আকাশতত্ত্বের উদয় সময়ে রোগবিষয়ে প্রশ্ন হইলে, সন্নিপাত জনিত রোগ জানিবেন।

বাম ও দক্ষিণ নাসাপুটে বায়ুর গমনকালে
গর্ভসম্বন্ধীয় প্রশ্ন হইলে তৎফলাফল।

১। প্রশ্নকর্ত্তা যদি চন্দ্র-নাড়ী অর্থাৎ বাম নাসাপুটে বায়ু বহন কালে গর্ব্ভ সম্বন্ধীয় প্রশ্ন করেন, তবে সেই গর্ব্ভে কন্যা জন্মিবে। যদি রবি-নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকা পুটে বায়ু বহন সময়ে প্রশ্ন করেন, তবে গর্ব্ভে পুত্র জন্মিবে। যদি শূন্য মার্গে প্রশ্ন হয়, তবে গর্ব্ভ নষ্ট হইবে।

২। চন্দ্র-নাড়ীতে স্ত্রী, সূর্য্য-নাড়ীতে পুরুষ এবং মধ্য-নাড়ীতে নপুংসক জন্মিয়া থাকে।

---

অথ পঞ্চতত্ত্বের দ্বারা পুত্র কন্যাদি জ্ঞান।

৩। পৃথ্বীতত্ত্বের উদয়কালে গর্ব্ভ সম্বন্ধীয় প্রশ্ন হইলে, গর্ব্ভে পুত্র জন্মিবে, জলতত্ত্বে পুত্রী, বায়ুতত্ত্বে কন্যা, অগ্নিতত্ত্বে গর্ব্ভপাত, আকাশতত্ত্বে নপুংসক এবং শূন্যতত্ত্বে প্রশ্ন হইলে শূন্য জানিবে।

যদি যুগ্মস্বরে অর্থাৎ যে সময় নাড়ীর ও তত্ত্বের পৃথক ভাব থাকে, সেই সময় গর্ব্ভ সম্বন্ধীয় প্রশ্ন হয়, তবে গর্ব্ভে যমজাপত্য হয়।

৪। বায়ু সংক্রমণকালে অর্থাৎ এক নাসিকা হইতে অন্য নাসিকায় বায়ুর গমনকালে, গর্ব্ভ সম্বন্ধীয় প্রশ্ন হইলে গর্ব্ভপাত হয়।

৫। রবি অর্থাৎ দক্ষিণ নাসাপুটে বায়ু গমনকালে গর্ব্ভাধান হইলে সেই গর্ব্ভে পুত্র জন্মিবে। চন্দ্র-নাড়ী অর্থাৎ বাম নাসিকাপুটে বায়ুর গমনকালে গর্ব্ভাধান হইলে কন্যা জন্মায়। বায়ুর সংক্রমণকালে গর্ব্ভ হইলে, গর্ব্ভপাত হয়। এবং উভয় নাসাপুটে বায়ু বহন সময় গর্ব্ভ সঞ্চার হইলে সন্তান নপুংসক হয়।

কোন তত্ত্বে গর্ব্ভাধান হইলে, সন্তানের
সুখ দুঃখাদি ঘটনা হয় তাহার বিবরণ।

৬। পৃথ্বীতত্ত্বের উদয়কালে গর্ব্ভাধান হইলে, সেই গর্ব্ভজাত সন্তান ধনবান্ সুখী ও ভোগী হয়, জলতত্ত্বে গর্ব্ভাধান হইলে সেই সন্তান সুখী হয়, অগ্নিতত্ত্বে গর্ব্ভস্রাব অথবা সন্তান অল্পায়ু হয়, বায়ুতত্ত্বের সময় গর্ব্ভাধান হইলে, সেই গর্ব্ভের সন্তান দুঃখী হয় এবং আকাশতত্ত্বে গর্ব্ভ সঞ্চার হইলে গর্ব্ভ নষ্ট হয়।

৭। পৃথ্বীতত্ত্বে পুত্র এবং জলতত্ত্বে দুহিতা জন্মে, এতদ্ভিন্ন অন্যান্য তত্ত্বে গর্ব্ভ সঞ্চার হইলে গর্ব্ভ নষ্ট হয়, অথবা মৃতাপত্য জন্মে।

---

অথ গর্ব্ভ প্রকরণ।

৮। স্ত্রীলোকের ঋতুর পঞ্চম দিবসে পুরুষের রবি-নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকাপুটে বায়ুর এবং স্ত্রীর চন্দ্র-নাড়ী

অর্থাৎ বাম নাসিকাপুটের বায়ুর যোগে পুত্র জন্মে। বোধ হয় এই স্বরোদয় মতে স্ত্রী পুরুষদিগের শয়নের নিয়ম নির্দ্ধারিত হইয়াছে। পুরুষ স্বীয় বাম পার্শ্বে শয়ন করিবে এবং স্ত্রী তাহার স্বীয় দক্ষিণ পার্শ্বে শয়ন করিবে। এইরূপ অবস্থায় শয়ন করিলে, রবি ও চন্দ্র-নাড়ীর উদয় হইবে।

সুষুম্না নাড়ীর গতি ক্ষণে দক্ষিণ নাসাপুটে, ক্ষণেক বাম নাসাপুটে হইয়া থাকে। এই নাড়ী দক্ষিণ নাসাপুটে থাকা কালে গর্ব্ভাধান হইলে, সেই গর্ব্ভের সন্তান অঙ্গহীন হইবে। ইতি গর্ব্ভ প্রকরণ।

---

## অথ সম্বৎসর প্রকরণ।

১। চৈত্র মাসের শুক্লাপ্রতিপদ তিথির প্রাতঃকালে এবং দক্ষিণায়ন ও উত্তরায়ণের আরম্ভে যোগী ব্যক্তি তত্ব নির্ণয় করিয়া দেখিবেন যে, চন্দ্র-নাড়ীতে অর্থাৎ বাম নাসিকাপুটে বায়ুর বহন সময়ে কোন তত্ত্বে বহন হইতেছে; তাহা অবগত হইয়া ফলাফল জানিবেন। যদি সেই সময় পৃথ্বী, জল অথবা বায়ুতত্ত্বের উদয় হয় তবে বসুন্ধরা শস্যপূর্ণা এবং সুভিক্ষ হইবে। যদি সেই সময় অগ্নি অথবা আকাশ-তত্ত্বের উদয় হয়, তবে ঘোরতর ভয় এবং দুর্ভিক্ষ হইবে। উক্ত তত্ব ফল বর্ষে, মাসে ও দিবসে জানা যাইবে। যদি উক্ত সময়ে মধ্যম অর্থাৎ সুষুম্না নাড়ীর উদয় হয়, তবে সকল কর্ম্মে ক্রূর ও দুষ্ট ফল, দেশভঙ্গ, মহারোগ, ক্লেশ ও কষ্টাদি এবং দুঃখ উপস্থিত হয়।

২। মেষ রাশির সংক্রমণ সময়ে স্বর ভেদ করিয়া বিচার করিলে সম্বৎসরের ফলাফল জানা যায়। অর্থাৎ পৃথিব্যাদি তত্ত্বের দ্বারা দিন, মাস ও অব্দে যে ফল হইবে তাহা জানা যাইবে।

৩। মেষ সংক্রান্তির সময় যদি পৃথ্বীতত্ত্বের উদয় হয়, তবে সুভিক্ষ, বহু শস্য উৎপত্তি, সুবৃষ্টি এবং সুখোদয় হয়।

৪। মেষ সংক্রান্তির সময় যদি জলতত্ত্বের উদয় হয়, তবে সুবৃষ্টি, সুভিক্ষ, আরোগ্য এবং বহু শস্যের উৎপত্তি হয়।

৫। মেষ সংক্রান্তি সময় যদি অগ্নিতত্ত্বের উদয় হয়, তবে দুর্ভিক্ষ, রাষ্ট্রভঙ্গ, দারুণ রোগ উৎপত্তি এবং অল্প বৃষ্টি হয়।

৬। মেষ সংক্রান্তি সময় যদি বায়ুতত্ত্বের উদয় হয়, তবে উৎপাত, উপদ্রব, ভয় এবং পৃথিবীতে অল্প বৃষ্টি হয়।

৭। মেষ সংক্রান্তি সময় যদি আকাশতত্ত্বের উদয় হয়, তবে সেই বৎসর শস্যাদির পক্ষে বিশেষ অনিষ্ট ঘটনা হয়।

---

## অথ বাম ও দক্ষিণ নাসিকার শ্বাস বহনের নিরূপিত সময়ের ব্যতিক্রমে ফলাফল কথন।

১। বাম নাসিকার শ্বাস উদয়ের নিরূপিত সময়ে যদি দক্ষিণ নাসিকার শ্বাস উদয় হয়, অথবা দক্ষিণ নাসিকার শ্বাস উদয়ের নিরূপিত সময়ে যদি বাম নাসিকার শ্বাস উদয় হয়, তবে সেই ব্যক্তির সেই দিবস অশুভ ঘটনা ও হানি হয় এবং নানারূপ উদ্বেগ জন্মে।

২। বাম নাসিকার শ্বাস প্রবেশ কালে যত প্রকার শুভ কর্ম্ম আছে তাহা করিবে, করিলে শুভ হয়। যাত্রা, দান, বিবাহ এবং বস্ত্রালঙ্কার ধারণ ইত্যাদি কার্য্য সকল এই সময়ে করিবে।

দক্ষিণ নাসিকায় শ্বাস প্রবেশকালে যত প্রকার ক্রূর কর্ম্ম আছে তাহা করিবে, করিলে কার্য্য সিদ্ধি হয়। যুদ্ধ যাত্রা, দ্যূত কর্ম্ম, স্নান, ভোজন, মৈথুন, ব্যবহার, ভয় ও ভঙ্গ ইত্যাদি কার্য্য সকল এই সময়ে করিবে।

৩। যখন সুষুম্নার উদয় হয়, সেই সময়ে শুভ বা অশুভ কোন কার্য্যই করিবে না। এই সময়ে কার্য্যের অনুষ্ঠান করিলে নিষ্ফল হইবে, কেবল যোগ সাধনাদি কার্য্যানুষ্ঠান করিবে।

নাড়ীর সংক্রমণকালে এবং তত্ত্বের সংক্রমণকালে শুভ কার্য্যাদি ও দানাদি করিবে না।

৪। যে নাসিকায় শ্বাস বহন হইবে, সেই দিকের পদ অগ্রে ফেলিয়া কোন কার্য্যে যাত্রা করিলে ঐ কার্য্য সিদ্ধি হইবে।

৫। রবি-নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকায় শ্বাস প্রবেশ কালে ষট্ কর্ম্ম অর্থাৎ মারণ, মোহন, স্তম্ভন, উচ্চাটন, বশীকরণ ইত্যাদি কার্য্য করিলে সিদ্ধি হয়।

৬। চন্দ্র-নাড়ী অর্থাৎ বাম নাসিকায় শ্বাস প্রবেশকালে শান্তি পৌষ্টি, ক্ষেম, ঔষধি, রসায়ন এবং যোগাভ্যাসাদি কার্য্য করিবে।

সোম, শুক্র, বুধ এবং বৃহস্পতিবারে বাম নাসিকায় শ্বাস প্রবেশকালে যে কোন কার্য্য করিবে, তাহাই সিদ্ধি হইবে। বিশেষ শুক্লপক্ষে অধিক ফলপ্রদ হয় এবং রবি, মঙ্গল ও শনিবারে দক্ষিণ নাসাপুটে শ্বাস প্রবেশকালে যে কার্য্যের অনুষ্ঠান করিবে তাহাও সিদ্ধি হইবে ; বিশেষ কৃষ্ণপক্ষে অধিক ফলপ্রদ হয়। 'ডাকের বচন' যথা।—

" সোম শুক্র বুধে বাম।
হেলায় লঙ্কা জেতে রাম॥"

৭। দক্ষিণ-নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসাপুটে বায়ু বহন কালে দক্ষিণ এবং পশ্চিম দিকে যাত্রা নিষেধ এবং বাম নাসাপুটে বায়ু বহনকালে পূর্ব্ব এবং উত্তর দিকে যাত্রা নিষেধ ; যাত্রা করিলে মৃত্যু কিম্বা তৎতুল্য ফল হয়। যখন সকল মনুষ্যেরই এক সময়ে বাম বা দক্ষিণ নাসিকায় শ্বাস বহন হয়, তখন কোন ব্যক্তিকে নিষিদ্ধ সময়ে নিষিদ্ধ দিকে গমন করিতে দেখিলে, অনায়াসে বলা যাইতে পারে যে, সে ব্যক্তি যে কার্য্যে গমন করিতেছে সে কার্য্য সিদ্ধি হইবে না। অথবা কার্য্য সিদ্ধি হইতে বহু বিলম্ব হইবে কিম্বা যাত্রাকারীর মৃত্যু তুল্য ফল ঘটনা হইবে।

৯। তিথি অনুসারে বাম নাসিকার শ্বাস বহনের সময় যদি দক্ষিণ নাসিকার শ্বাস বহন হয়, অথবা দক্ষিণ নাসিকার শ্বাস বহনের সময় বাম নাসিকার শ্বাস বহন হয়, তবে সেই দিবস সেই ব্যক্তির উদ্বেগ, কলহ এবং হানি হয় ও সকল কার্য্যে অশুভ হয়।

## অথ দিনভেদে বিপরীত ফল।

১০। চন্দ্র স্থানে রবির উদয় হইলে অথবা রবির স্থানে চন্দ্রের উদয় হইলে, প্রথম দিনে মনের উদ্বেগ, দ্বিতীয় দিনে এইরূপ বিপরীত ঘটিলে ধনহানি; তৃতীয় বার বিপর্য্যয়ে দূরগমন, চতুর্থ বারে ইষ্টনাশ, পঞ্চম বার বিপর্য্যয়ে রাজ্য ধ্বংস, ষষ্ঠ বার বিপরীতে মৃত্যু, সপ্তম বারে ব্যাধি ও দুঃখ, এবং অষ্টম বার বিপরীতে মৃত্যু হয়।

১১। এই অষ্ট কালের মধ্যে যদি তিন কালে কোন ব্যক্তির নাসাপুটে নিরূপিত বায়ুর উদয়ের বিপরীত হয়, তবে ঐ ব্যক্তির কিঞ্চিৎ ন্যূনাতিরিক্ত মন্দ ফল ঘটনা হয়।

১২। প্রাতঃকালে অথবা মধ্যাহ্ন কালে চন্দ্রের উদয় এবং সায়ংকালে রবিনাড়ীর উদয় হইলে, নিত্য জয়লাভ হয় অন্যথা দুঃখ হয়।

## অথ যাত্রাকালে কর্ত্তব্যানুষ্ঠান।

১৩। যাত্রাকালে যে নাসিকাপুটে শ্বাসের উদয় হইবে, অর্থাৎ বাম নাসিকাপুটে শ্বাস উদয় হইলে সেই দিকের পদ অর্থাৎ বাম পদ অগ্রে ফেলিয়া এবং দক্ষিণ নাসিকাপুটে শ্বাস উদয় হইলে দক্ষিণ পদ অগ্রে বাড়াইয়া যাত্রা করিবে। এইরূপে যাত্রা করিলে, যে কার্য্যের নিমিত্ত যাত্রা করা হয় উহা সিদ্ধ হইবে।

১৪। বাম নাসাপুটে বায়ুর উদয় কালে সম্পাদ কার্য্যাদি এবং দক্ষিণ নাসাপুটে বায়ুর উদয় কালে বিষম কার্য্যাদি জন্য যাত্রা করিতে হইলে, ঐ সময়ে যে অঙ্গের বায়ু বহন হয় সেই দিকের পদ অগ্রে ফেলিয়া গমন করিলে কার্য্য সিদ্ধি হইবে।

১৫। শনি ও মঙ্গল বারে মৃত্তিকাতে সপ্তবার, রবি ও সোম বারে একাদশ বার, বুধ ও শুক্র বারে একবার এবং বৃহস্পতি বারে পদ অর্থাৎ পূর্ণাঙ্গের পদ ফেলিয়া যাত্রা করিলে কার্য্য সিদ্ধি হয়।

১৬। কোন স্থানে কোন্ বিশেষ কার্য্যের জন্য যাইবার নিতান্ত আবশ্যক হইলে তৎকালে যে নাসিকার বায়ু বহন হয়, সেই দিকের হস্ত দ্বারা নাসিকা স্পর্শ করিয়া, বাম নাসা বহন কালে মৃত্তিকায় চারি পদ এবং দক্ষিণ নাসা বহন কালে মৃত্তিকায় পঞ্চ পদ আঘাত করিয়া যাত্রা করিলে সেই কার্য্য সিদ্ধি হয়; এমন কি ঐ যাত্রা ফলে ত্রিভুবন জয় লাভ হয়।

১৭। প্রাতঃকালে শয্যা হইতে উঠিবার সময় যে নাসিকার বায়ু বহন হয়, সেই দিকের হস্ত মুখে স্পর্শ করিয়া উঠিলে বাঞ্ছিত ফল লাভ হয়।

অথ যুদ্ধ প্রকরণ।

১৮। চন্দ্রস্বরে প্রশ্ন হইলে দূর দেশের যুদ্ধে জয়লাভ হয় এবং রবিস্বরে প্রশ্ন হইলে নিকটের যুদ্ধে জয় হয়।

অথ শয়ন প্রকরণ।

১৯। যে সময় বাম নাসাপুটে বায়ু বহন হইবে, সেই সময় শয়ন করা কর্ত্তব্য। দক্ষিণ নাসাপুটে বায়ু বহন কালে শ্রান্ত হইয়া অথবা শোকাদি উপস্থিত হইলে শয়ন করিতে পারিবে।

বাম কিম্বা দক্ষিণ নাসাপুটে বায়ুর নিরূপিত বহন সময় প্রশ্ন হইলে তাহার শুভাশুভ গণনা।

২০। যে নাসাপুটে বায়ু বহন হয় সেই দিক্ হইতে প্রচ্ছক প্রশ্ন করিলে যে বিষয়ের প্রশ্ন করিবেক তাহা সিদ্ধ হইবে, আর শূন্য দিক্ হইতে অর্থাৎ তৎকালে যে নাসিকায় শ্বাস বদ্ধ থাকে সেই দিক্ হইতে প্রশ্ন করিলে সে বিষয়ের সিদ্ধি হইবে না।

শ্বাস ও তত্ত্বোদয়ের দৃষ্টান্ত।

প্রথমতঃ সাধারণ পঞ্জিকায় কোন দিবসে কয় ঘণ্টা কয় মিনিটে সূর্য্য উদয় হয় এবং সেই দিবস কোন পক্ষের কোন তিথি তাহা জানিয়া কোন নাসাপুটে বায়ু বহন হইবে তাহা স্থির করিবেন তৎপর এক এক ঘণ্টা করিয়া সেই নাসিকা হইতে বিষম সম মতে গণনা করিয়া কোন নাসাপুটে কোন সময়ে বায়ু বহন হওয়া উচিত তাহা জানিতে পারিবেন। যদি ব্যতিক্রম হইয়া থাকে তবে কোন বস্তু বগলে চাপিয়া রাখিয়া কিম্বা সেই পার্শ্বে কোন প্রকারের ঠেষ দিয়া শ্বাস ফিরাইয়া দিবেন।

শ্বাস প্রশ্বাস জানার জন্য দিনপঞ্জিকা করিয়া রাখার নিয়ম বলা হইতেছে, যথা,— মেষ সংক্রান্তি দিবসে শুক্ল প্রতিপদ তিথিতে সূর্য্য উদয় কালে বাম নাসিকায় শ্বাস বহন হইবে অতএব ৬ ঘণ্টা হইতে বেলা ৭ ঘণ্টা পর্য্যন্ত বাম নাসিকা বহন হইবে তৎপর ৭ ঘটিকা হইতে ৮ ঘটিকা পর্য্যন্ত দক্ষিণ নাসিকা বহন হইবে এইরূপ পর্য্যায় ক্রমে বাম ও দক্ষিণ নাসিকাপুটে শ্বাস বহন হইবে। যথা, ১২ ই চৈত্র শুক্ল প্রতিপদ তিথি। ৬ প্রাতঃকালে হইতে ৭ বাম, ৭ হইতে ৮ দক্ষিণ, ৮ হইতে ৯ বাম, ৯ হইতে ১০ দক্ষিণ, ১০ হইতে ১১ বাম, ১১ হইতে ১২ দক্ষিণ, ১২ হইতে ১ বাম, ১ হইতে ২ দক্ষিণ, ২ হইতে ৩ বাম, ৩ হইতে ৪ দক্ষিণ, ৪ হইতে ৫ বাম, ৫ হইতে ৬ দক্ষিণ।

এই বার ঘণ্টা অন্তে পুনরায় ঐরূপ নিয়মে চলিবে। পঞ্চ তত্ত্বের উদয় ও স্থিতি জানার দৃষ্টান্ত, যথা,—ঐ ৬ ঘণ্টা হইতে ৭ ঘণ্টা পর্য্যন্ত যখন বাম নাসিকায় বায়ু বহন হইবে তৎকালে প্রথমতঃ পৃথ্বীতত্ত্বের উদয় হইয়া ৫০ পল ২০ মিনিট অর্থাৎ ৬ ঘণ্টা ২০ মিনিট পর্য্যন্ত স্থিতি থাকিবে তৎপরে জলতত্ত্বের উদয় হইয়া ৪০ পল ১৬ মিনিট অর্থাৎ ৬ ঘটিকা ৩৬ মিনিট পর্য্যন্ত স্থিতি থাকিবে তৎপর অগ্নিতত্ত্বের উদয় হইয়া ৩০ পল ১২ মিনিট অর্থাৎ ৬ ঘটিকা ৪৮ মিনিট পর্য্যন্ত স্থিতি থাকিবে তৎপর বায়ুতত্ত্বের উদয় হইয়া ২০ পল ৮ মিনিট অর্থাৎ ৬ ঘটিকা ৫৬ মিনিট পর্য্যন্ত স্থিতি থাকিবে, তৎপর আকাশ তত্ত্বের উদয় হইয়া ১০ পল ৪ মিনিট অর্থাৎ ৭ ঘটিকা পর্য্যন্ত স্থিতি থাকিবে। এইরূপ যখন যে নাসিকায় শ্বাস বহন হইবে তৎকালে ঐরূপ হিসাব করিয়া সমস্ত দিনের জন্য লিখিয়া রাখিবেন, ৮ যথা,—

| ঘণ্টা | মিনিট | তত্ত্ব | গ্রহ |
|---|---|---|---|
| ৬ | ২০ | পৃথ্বী | গুরু |
| ৬ | ৩৬ | জল | শুক্র |
| ৬ | ৪৮ | অগ্নি | বুধ |

| | | | |
|---|---|---|---|
| ৬ | ৫৬ | বায়ু | চন্দ্র |
| ৭ | ০ | আকাশ | ০ |

দক্ষিণ নাসাপুটে বায়ুর স্থিতি সময় তত্ত্বের উদয়।

| ঘণ্টা | মিনিট | তত্ত্ব | গ্রহ |
|---|---|---|---|
| ৭ | ২০ | পৃথ্বী | রবি |
| ৭ | ৩৬ | জল | শনি |
| ৭ | ৪৮ | অগ্নি | মঙ্গল |
| ৭ | ৫৬ | বায়ু | রাহু |
| ৮ | ০ | আকাশ | ০ |

এই ক্রমে বাম দক্ষিণ নাসাপুটের সমস্ত দিনের তালিকা করিয়া রাখিলে কোন সময় কোন তত্ত্বের উদয় হইবে তাহা জানিতে পারিবেন এবং তদ্দৃষ্টে জানিয়া ফলাফল বুঝিবেন ইতি।

বাম ও দক্ষিণ নাসিকা তত্ত্বের উদয়ের একই নিয়ম; কিন্তু গ্রহাদির ব্যতিক্রম হইয়া থাকে।

সুষুম্না নাড়ার উদয় জানার ক্রম।

বাম নাসা হইতে দক্ষিণ নাসাপুটে বায়ু গমন করিতে যত সময় লাগিবেক সেই সময়কে সুষুম্না নাড়ার উদয় কহে।

ঘড়ী যন্ত্র যে শ্বাস প্রশ্বাস ও পঞ্চতত্ত্ব ও জ্যোতিষ শাস্ত্র হইতে নির্ম্মাণ হইয়াছে, তাহার সন্দেহ নাই। এই ঘড়া সৃজনের মূল কারণ ও অভিপ্রায় বিবেচনা করিতে গেলে তিথি অনুসারে সূর্য্য উদয়ের সহিত মানব শ্বাস প্রশ্বাসের উদয়ের নির্ণয় ভিন্ন আর কিছু মাত্র উপলব্ধি হয় না। কেন না ঘড়ীর নিম্নে ছয় ঘণ্টার অঙ্ক অর্থাৎ প্রাতঃকালের চিহ্ন তাহার মস্তকের উপরে ১২ ঘণ্টার অঙ্ক অর্থাৎ মধ্যাহ্ন কালের চিহ্ন এবং ঐ ১২ ঘণ্টার অঙ্ক হইতে সন্ধ্যা ৬ ঘণ্টার অঙ্কে ঘড়ির কাঁটা ফিরিয়া আসিয়া থাকে। ঘটিকাযন্ত্র নির্ম্মাণের অভিপ্রায় এই যে, সূর্য্য যখন মীন রাশি হইতে মেষ রাশিতে প্রবেশ করেন, ঐ রেখার নাম বিষুব রেখা। সূর্য্য ঐ স্থানে আগমন করিলে দিবা রাত্রি সমান অর্থাৎ ৬ ঘটিকায় উদয় এবং ৬ ঘটিকায় অস্ত হয়। ঐ মেষ সংক্রান্তি দিবস শুক্ল প্রতিপদ তিথি উদয় ও অস্ত দেখিয়া স্বরোদয় গণনার আরম্ভ হয় এবং ঘড়ীরও সৃজন হয়। কেন না ৬ ঘণ্টার সময় সূর্য্য উদয়ের সহিত বাম নাসিকার শ্বাস বহন আরম্ভ হইয়া এক এক ঘণ্টা করিয়া ১২ ঘণ্টা কাল বিষম সম গণনায় বাম দক্ষিণ করিয়া শেষ হইলে পুনরায় বাম নাসিকার শ্বাস আরম্ভ হইয়া ঐ প্রণালী মতে বিষম সম মতে বহে। এজন্য ঘড়ীযন্ত্র ১২ ভাগে বিভক্ত হইয়াছে এবং বার রাশিতে ঐ বার সংক্রমণ জানিবেন। আর দিবা রাত্র মধ্যে উভয় নাসিকায় ২৪ সংক্রমণ হওয়াতে ২৪ ঘণ্টায় দিবা রাত্রি নির্ণয় হইয়াছে। ঘড়াটিকে ২৪ ভাগ না করিয়া যে বার ভাগ করা হইয়াছে, তাহার কারণই শ্বাস প্রশ্বাস বহনের সময় নির্ণয় করার জন্য এবং ঐ ঘণ্টা মধ্যে পঞ্চতত্ত্ব পঞ্চভাগে উদয় হওয়ার সময় জানা ও নির্ণয় করার জন্য মিনিট বিভাগ কল্পিত হইয়াছে। সুষুম্না নাড়ার ও তত্ত্বের সংক্রমণ কাল নির্ণয় জন্য সেকেণ্ড রূপে ঐ মিনিটের ভাগ করা হইয়াছে। ঘটিকাযন্ত্র যে আমাদের দেশে পূর্ব্বকালে ছিল তাহার প্রমাণ যোগ শাস্ত্রের ঘেরেণ্ড সংহিতার প্রথম উপদেশে লিখিতও আছে, প্রসঙ্গতঃ পরে দেওয়া যাইতেছে।

---

স্বরোদয় প্রমাণ, সংস্কৃত শ্লোক।

দেহমধ্যে স্থিতানাড্যো বহুরূপাঃ সুবিস্তরাঃ।
নাভেরধস্তদাস্কন্ধা অঙ্কুরা স্তত্র নির্গতাঃ॥
দ্বিসপ্ততিসহস্রাস্রাণি নাভিমধ্যে ব্যবস্থিতাঃ।
চক্রবচ্চ স্থিতাস্তাতু সর্ব্বাঃপ্রাণহরাঃস্মৃতাঃ॥
তেসাংমধ্যে ত্রয়ো শ্রেষ্ঠা বামদক্ষিণমধ্যমাঃ।
বামা সোমাত্বিকাপ্রোক্তা দক্ষিণরবিসম্বিতা॥
মধ্যমা চ ভবেদগ্নিঃ ফলতাং কালরূপিণীং॥

পবনবিজয়স্বরোদয়ঃ।

তাসাং তিস্রঃ প্রধানাস্ত তিস্বস্বেকোত্তমা মতা।
ইড়াচ পিঙ্গলাচৈব সুষুম্নাচ তৃতীয়কা॥

তত্রৈকা বামতো যাতি দ্বিতীয়া দক্ষিণে তথা।
মধ্যে বায়ুপথং বিদ্যাৎ ত্রিভিস্তুল্যাং গতাগতং ॥
চন্দ্রসূর্য্যমরুচ্চৈব ত্রয়স্তি স্বস্ববস্থিতাঃ।
সত্বরজস্তমশ্চৈব রাত্র্যহঃ কাল এবচ ॥
অহোরাত্রস্য মধ্যেতু জ্ঞেয়া দ্বাদশ সংক্রমাঃ।
বৃষকর্কটকন্যালিমৃগমীনে নিশাকরঃ ॥
ধনিষ্ঠারেবতাজ্যেষ্ঠানুরাধা শ্রবণা তথা।
অভিজিচ্চোত্তরাষাঢ়া পৃথ্বীতত্বমুদাহৃতং ॥
পূর্ব্বাষাঢ়া তথাশ্লেষা মূলাআর্দ্রাচ রোহিণী।
উত্তরভাদ্রপদা তোয়ং আপস্তত্বস্বভীষ্টদং ॥
ভরণী কৃত্তিকাপুষ্যা মঘা পূর্ব্বাচ ফল্‌গুণী।
পূর্ব্বভাদ্রপদাস্বাতী তেজস্তত্বমিতি প্রিয়ে ॥
বিশাখোত্তরফল্‌গুণ্যৌ হস্তা চিত্রা পুনর্ব্বসুঃ।
অশ্বিনী মৃগশীর্ষাচ বায়ুস্তত্বমুদাহৃতং ॥

ইতিপঞ্চভূতনক্ষত্রাণি।

বহন্নাড়ীস্থিতো ভূতো যদিপৃচ্ছেৎ শুভাশুভং।
তৎসর্ব্বংসিদ্ধিমায়াতি শূন্যে শূন্যং ন সংশয়ঃ॥

ইতিপূর্ণনাড্যাদিপ্রশ্নফলং।

জন্মান্তরীন সংস্করাৎ প্রসাদাদথবা গুরোঃ।
কেচিত্তু জ্ঞায়তে তত্বং বাসনাবিমলাত্মনঃ ॥
কায়নগরমধ্যেতু মারুতো রক্ষপালকঃ।
প্রবেশে দশভিঃ প্রোক্তো নির্গমে দ্বাদশাঙ্গুলঃ ॥
মৈথুনে পঞ্চষষ্ঠীচ শয়নেচ শতাঙ্গুলঃ।
প্রাণস্যতুং গতির্দেবি স্বভাবদ্বাদশাঙ্গুলা ॥
ভোজনে বচনেচৈব গতিরষ্টাদশাঙ্গুলা।

ইতি কার্য্যবিশেষে প্রাণানাংবহির্গতিনির্ণয়ঃ ॥

একাঙ্গুলিবৃতেন্যূনে প্রাণেনিষ্কামতা মতা।
আনন্দস্ত দ্বিতীয়েচ কবিশক্তিস্তৃতীয়কে ॥
বাচাশক্তিশ্চতুর্থেতু দূরদৃষ্টিস্ত পঞ্চমে।
ষষ্ঠে আকাশগমনংখণ্ডবেগশ্চ সপ্তমে ॥
অষ্টমে সিদ্ধয়শ্চাষ্টৌ নবমে নিধনংন চ।
দশমে দশমূর্ত্তিঃ স্যাৎ ছায়ানাশ একাদশে।
দ্বাদশে হংসচারশ্চ গঙ্গামৃতরসং পিবেৎ ॥
পীতঞ্চৈব চতুষ্কোণং মধুরং মধ্যমাশ্রিতং।
ভোগদং পার্থিবং তত্বং প্রবাহে দ্বাদশাঙ্গুলং ॥
স্বেশ্বমর্দ্ধেন্দুসঙ্কাশং স্বাদুকষায়মাদকং।
লাভকৃদ্বারুণং তত্বংপ্রবাহে ষোড়শাঙ্গুলং ॥
রক্তত্রিকোণতিক্তঃ স্যাদূর্দ্ধমার্গপ্রবাহকঃ।
দীপ্তঞ্চ তৈজসং তত্বং প্রবাহে চতুরঙ্গুলং ॥
নীলঞ্চবর্ত্তুলাকারং স্বাদ্বম্লংতীর্য্যগাশ্রিতং।
চপলংমারুতং তত্বংপ্রবাহে হষ্টাঙ্গুলংস্মৃতং ॥
বর্ণাকারং স্বাদুবহং অব্যক্তং সর্ব্বগামিনম্।
মোক্ষদংনাভ সংতত্বং সর্ব্বকার্য্যেস্বনিষ্ফলম্ ॥

ইতি অঙ্গুলিবিশেষগত্বাভূত তৎফলং।

পৃথ্বীপঞ্চ অপাংবেদা গুণাস্তেজোদ্বিবায়ুতঃ।
নভএকগুণশ্চৈব তত্বজ্ঞানমিদংভবেৎ।
অস্থি মাংসং নখশ্চৈব ত্বগ্লোমানি চ পঞ্চমং।
পৃথ্বী পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে ॥
শুক্র শোণিত মজ্জা চ মল মূত্রঞ্চ পঞ্চমং।
অপাং পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে ॥
নিদ্রা ক্ষুধাতৃষাচৈব ক্লান্তিরালস্য পঞ্চমং।
তেজঃপঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে ॥
ধারণং চালনং ক্ষেপং সঙ্কোচংপ্রসরস্তথা।
বায়োঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে ॥
কামং ক্রোধং তথা মোহংলজ্জা লোভঞ্চপঞ্চমং।
নভঃপঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেনভাসতে ॥
আকাশাৎজায়তে বায়ুবায়োরুৎপদ্যতে রবিঃ।
রবেরুৎপদ্যতেতোয়ং তোয়াদুৎপদ্যতে মহী ॥
মহীবিলীয়তে তোয়ে তোয়ং বিলীয়তে রবৌ।
রবির্বিলীয়তে বায়ৌ বায়ুর্বিলীয়তে তু খে ॥

অথ মৃত্যু কাল জ্ঞানং।

অহোরাত্রং যদেকত্র বহতে যস্য মারুতঃ।
তদাতস্য ভবেদায়ুঃ সম্পূর্ণং বৎসরদ্বয়ং॥
অহোরাত্রদ্বয়ং যস্য পিঙ্গলায়াং সদাগতিঃ।
তস্য বর্ষদ্বয়ং জ্ঞেয়ং জীবিতং তত্ত্ববেদিভিঃ॥
ত্রিরাত্রং বহতে যস্য বায়ুরেক পুটে স্থিতঃ।
বৎসরং যাবদায়ুঃ স্যাৎ প্রবদন্তি মনীষিণঃ॥
রাত্রৌ চন্দ্রো দিবা সূর্য্যো বহেদ্‌যস্য নিরন্তরম্।
বিজানীয়াত্তস্য মৃত্যুঃ ষাণ্মাসাভ্যন্তরে সুধীঃ॥
একাদি ষোড়শা হানি যদি ভানুঃ নিরন্তরং।
বহেদ্‌যস্য চ বৈ মৃত্যুঃ শেষাহেন চ মাসিকৈঃ॥
সম্পূর্ণং বহতে সূর্য্যশ্চন্দ্রমানৈরদৃশ্যতে।
পক্ষেণ জায়তে মৃত্যুঃ কালজ্ঞানেন ভাষিতং॥
সম্পূর্ণং বহতে চন্দ্রঃ সূর্য্যোনৈব চ দৃশ্যতে।
মাসেন দৃশ্যতে মৃত্যুঃ কালজ্ঞানেন ভাষিতং॥
মূত্রং পূরীসং বায়ুশ্চ সমকালং প্রজায়তে।
তদাসৌচলিতোজ্ঞেয়ো দশাহে ম্রিয়তে ধ্রুবং॥
যাম্য নাসাপুটে যস্য বায়ুর্বাতি দিবানিশং।
তথান্তমেবং তস্যায়ুঃ ক্ষিবেদব্দত্রয়েণহি॥
দ্ব্যহো রাত্রং ত্র্যহো রাত্রং বায়ুর্ব্বহতি সন্ততঃ।
সার্দ্ধৈক মাসা ভস্যাপি জীবিতং কিলহীয়তে॥
নর নাসাপুটযুগে দশাহানি নিরন্তরং।
বায়ুশ্চেৎ সহসা ক্রান্তি স জীবেদ্দিবসত্রয়ং॥
নাসা বর্ত্তদ্বয়ং হিত্বা বায়ুরুষ্মো মুখাদ্বহেৎ।
সংশেদ্দিন দ্বয়াদর্ব্বাক্ জীবিতং তস্য নিশ্চিতং॥
সূর্য্যে সপ্তম রাশিস্থে জন্ম সংস্থে নিশাকরে।
দংষ্টারস্তৎ পূর্ণ কালে হপ্যকালে তস্য নাশিতাঃ॥
যস্য রেতো মলং মূত্রং ক্ষুতং যুক্তং মলস্তবা।
ইহৈকদা ভবেৎ যস্য অব্দং তস্যায়ু রিষ্যতে॥
পৃথী জলে শুভ তত্বে তেজো মিশ্র ফলোদয়ঃ।
হানি মৃত্যু করৌ পুংসা মুভয়ৌ ব্যোম মারুতৌ॥

ভূতোদয় ফলং।

প্রয়োজনান্তরং, মিত্র শত্রু জ্ঞানার্থ মপি।

ঊর্দ্ধ মৃত্যু রধঃ শান্তি স্তির্যগুচ্চাটনং তথা।
মধ্যে স্তম্ভং বিজানীয়াৎ নভঃ সর্ব্বত্র-মধ্যমং॥
পৃথিবী স্থির কর্ম্মাণি চর কর্ম্মাণি বারুণে।
তেজসি ক্রুর কর্ম্মাণি মারণোচ্চাটনেহনিলঃ॥
ব্যোম্নি কিঞ্চিন্ন কর্ত্তব্যং মভ্যসেৎ যোগ সেবয়া।
শূন্যেতা সর্ব্ব কার্য্যেষু নাত্র কার্য্য বিচারণা॥

ইতি ভূত বিশেষ ষট্‌কর্ম্ম বিশেষঃ।

চির লাভং ক্ষিতি র্জ্ঞেয়ং তৎক্ষণা তোয় তত্ত্বতঃ।
হানিঃ স্যাদ্বহ্নি বাতাভ্যাং নভস্যং নিষ্ফলং ভবেৎ॥
অপূর্ব্বং পশ্চিমে পৃথ্বী তেজশ্চ দক্ষিণে তথা।
বায়ুশ্চ উত্তরে জ্ঞেয়া মধ্য কোণে গতং নভঃ॥
চন্দ্রে পৃথ্বী জলে স্যাতাং সূর্য্যোচাগ্নির্যদাভবেৎ।
তদাসিদ্ধি র্ন সন্দেহঃ সৌম্যা সৌম্যেষু কর্ম্মসু॥
লাভঃ পৃথ্বী কৃতো বহ্নি র্নিশায়াং লাভ [illegible]লং।
বহ্নৌ মৃত্যুঃ ক্ষিতির্ব্বায়ৌ নভ স্থানং দহেৎ কা[illegible]
জীবিতব্যে জয়ো লাভে কৃষ্যাঞ্চ ধন কর্ষণে।
মন্ত্রার্থে যুদ্ধ প্রশ্নেচ গমনাগমনে তথা॥
আয়াতি বারুণে তত্বে তত্রস্থোপি শুভংক্ষিতৌ।
প্রয়াতি বায়ুতোহন্যত্র হানির্ম্মৃত্যু নভেহনলে॥
পৃথিব্যাং মূল চিন্তাস্যাৎ মূলমাকাশতো বহেৎ।
তেজসি ধাতু চিন্তাস্যাৎ জীবঃস্যাজ্জলবাতয়োঃ॥

ইতি জীবাদি নির্ণয়ঃ।

পৃথিব্যাং বহুপাদঃস্যাদ্দিপাদ স্তোয়বায়ুতঃ।
তেজসিচ চতুষ্পাদো নভস্যাং পাদবর্জ্জিতঃ॥

ইতি বহুপদাদি নির্ণয়ঃ।

চতুরস্রমর্দ্ধচন্দ্রং কৌস্রং বর্ত্তুলংসম্মিতং।

বিন্দুভিস্তু ন বিজ্ঞেয়ং সাকারৈ স্তত্ত্ব লক্ষণং ॥
আপঃ শ্বেতাঃ ক্ষিতিঃ পীতা রক্তবর্ণো হুতাশনঃ।
মারুতো নীল জীমূত আকাশং ভূরিবর্ণকঃ ॥
ক্ষিতৌ ব্রহ্মা জলে বিষ্ণু স্তথারুদ্রো হুতাশনে।
ঈশ্বরঃ পবনে চৈব তথাকাশে সদাশিবঃ ॥
প্রাচ্যাং পৃথ্বী গুরুশ্চৈব যাম্যাং শুক্রো জলস্তথা।
পশ্চিমে মঙ্গল অগ্নি র্বুধোবায়ুস্তথোত্তরে ॥
সূর্য্যপুত্রস্তথাকাশে জ্ঞেয়ং বিশেষতঃ ক্রমাৎ ॥
পার্থিবে চ ভবেদ্যুদ্ধং সন্ধির্ভবতি বারুণে।
বিজয়ো বহ্নিতত্ত্বেন বায়ৌ ভঙ্গমৃতিস্তথা ॥
বায়ব্যাং বাতজন্যন্ত মনলাৎ পিত্তজন্যতা।
বারুণাৎ কফজন্যত্বং মাহেন্দ্রা দেবমিশ্রিতঃ ॥

বাতপিত্ত বাতশ্লেষ্মানৌ বায়ব্যা বক্তব্যা নাভসাৎ সন্নিপাতোঽপি জায়তে সর্ব্বসম্মতঃ নাভসাৎ আকাশতত্ত্বাৎ বায়ব্য মণ্ডলে প্রশ্নে জীবো বদানলং ব্রজেৎ। বাতপিত্তোদ্ভবং বিদ্ধি তথৈব দ্বন্দ্বজান্তরং ইত্যাদিনা ব্যাধি নিরূপণং কার্য্যং।

ইতি পঞ্চপক্ষি টীকা যামলোক্তা।

মতান্তরং,—অর্দ্ধচন্দ্রো ভবেদ্বায়ু স্ত্রিকোণ স্থানতোঽনলঃ চতুরস্রস্তুমাহেন্দ্রো বরুণোবর্ত্তুলাকৃতিঃ আকাশস্য নানাত্বং ঘটাকাশ পটাকাশ ভেদেন এতৎ প্রয়োজনং হৃতনষ্ট চিন্তিত দ্রব্যানামাকৃতিজ্ঞানার্থং। প্রয়োজনান্তরঞ্চ। পৃথিব্যাদি অপ্‌তেজস্ত্বেন দিনমাসাব্দকৈঃ ফলং।

---

গর্ব্ভ সম্বন্ধীয় প্রশ্ন।

চন্দ্র নাড়ী বহেৎ প্রশ্নে গর্ভে কন্যা তদাভবেৎ।
সূর্য্যে ভবেৎ তদা পুত্রঃ শূন্যে গর্ভো নিহন্যতে ॥
সূর্য্যেন্দ্রে স্ত্রী পুরুষঃ র্য্যো মধ্যমার্গে নপুংসকঃ।
গর্ভ প্রশ্নে যদা দূতঃ তদা পুত্র প্রজায়তেঃ ॥
পৃথ্ব্যাং পুত্র জলে পুত্রীঃ কন্যকাতু প্রভঞ্জনে।
তেজসা গর্ভপাতঃ স্যাৎ নভস্যাপি নপুংসকঃ ॥
শূন্যে শূন্যং যুগে যুগ্মং গর্ভপাতস্তু সংক্রমে।
সূর্য্যভাগে কৃতে পুত্রঃ চন্দ্রচারে তু কন্যকা ॥
বিষমে গর্ত্ত পাতঃস্যাৎ দ্বয়ো রথ নপুংসকঃ।
গর্ত্তাধানং মারুতেস্যাচ্চ দুঃখী
দিব্যে খ্যাতো বারুণে সৌখ্যযুক্তঃ।
গর্ত্তস্রাবঃ স্বল্পজীবীচ বহ্নৌ
ভোগী ভব্যঃ পার্থিবে হ্নর্থযুক্তঃ ॥
ধনবান্ সৌখ্যযুক্তশ্চ ভোগবান্ গর্ত্তসংস্থিতঃ।
স্যান্নিত্যং বারুণে তত্ত্বে ব্যোম্নি গর্ত্তো বিনশ্যতে
মাহেন্দ্রয়েযু সুতোৎপত্তি র্ব্বারুণে দুহিতা ভবেৎ।
শেষেযু গর্ত্ত হানিস্যাৎ জাত মাত্রস্য বা মৃতিঃ ॥
রবি মধ্য গতশ্চন্দ্র শ্চন্দ্র মধ্যগতো রবিঃ।
জ্ঞাতব্যং গুরতঃ শাস্ত্রং ন বিদ্যা শাস্ত্র কোটিভিঃ ॥

ইতি গর্ত্তপ্রকরণঃ।

সূর্য্যা চন্দ্র মসো যোগে জীবেন পুত্র সম্ভবঃ।
সুষুম্না সূর্য্য গন্ধেন ঋতুদানঞ্চ যোজয়েৎ ॥
অঙ্গহীনঃ পুমান্যস্তু জায়তেচ স বিগ্রহঃ।
নাড়ী সংক্রমণে কালে তত্ত্বসংক্রমণে তথা।
সুভ কিঞ্চিন্নকর্ত্তব্যং পুন্য দানানি কোটিধা ॥

---

অথ সম্বৎসর প্রকরণঃ।

চৈত্র শুক্ল প্রতিপদি প্রাত স্তত্ত্ব বিভেদতঃ।
পশ্যেদ্বিচক্ষণো যোগী দক্ষিণেচোত্তরায়ণে ॥
চন্দ্রস্যোদয় বেলায়াং বহমানো ঽথতত্ত্বতঃ।
পৃথিব্যাপস্তথা বায়ুঃ সুভিক্ষং সর্ব্বশস্যজং ॥
তেজো ব্যোম্নি ভয়ং ঘোরং দুর্ভিক্ষং কালতত্ত্বতঃ।
এবং তত্ত্ব ফলং জ্ঞেয়ং বর্ষে মাসে দিনে তথা ॥

মধ্যমো ভবতি ক্রূরো দুষ্টঃ সর্ব্বত্র কর্ম্মসু।
দেশ ভঙ্গো মহারোগঃ ক্লেষকষ্টাদি দুঃখদাঃ॥
মেষ সংক্রান্তি বেলায়াং স্বর ভেদং বিচারয়েৎ।
সম্বৎসর ফলং জ্ঞায়া লোকানাং তত্ব চিন্তকঃ॥
পৃথিব্যাদি গতত্বমাং দিনমাসাব্দসং ফলং।
ভোজনাঞ্চ তথাদৃষ্ট ব্যোমমারুত বহ্নিভিঃ॥
সুভিক্ষং রাষ্ট্র বৃদ্ধিঃস্যাৎ বহু শস্যাবসুন্ধুরা।
বহু বৃষ্টি স্তথা সৌখ্যং পৃথ্বীতত্বং বহেদ্যদি॥
অতি বৃষ্টিঃ সুভিক্ষংস্যাৎ আরোগ্যং সৌখ্যমেবচ।
বহু শস্যা তথা পৃথ্বী জলতত্বং বহেদ্যদি॥
দুর্ভিক্ষং রাষ্ট্র ভঙ্গঃ স্যাৎ রোগোৎপত্তিঃ সুদারুণা।
অল্পাদল্পতরা বৃষ্টিরগ্নিতত্বং বহেদ্যদি॥
উৎপাতোপদ্রবৌ ভীতিরল্পবৃষ্টিং সুবীতয়ঃ।
মেষ সংক্রান্তি বেলায়াং বায়ুতত্বং বহেদ্যদি॥
মেষ সংক্রান্তি বেলায়াং ব্যোমতত্বং বহেদ্যদি।
তথাপি সূরিভির্জ্ঞেয়ঃ শস্যাদীনামুপদ্রবঃ।
পূর্ণে প্রবেশনে শ্বাসে স্ব স্ব তত্বেন সিদ্ধিদঃ॥
সূর্য্যে চন্দ্রে যথা ভূতে সংগ্রহে সর্ব্বসিদ্ধিদঃ।
বিষমে বহ্নি তত্বস্য জ্ঞায়তে কেবলং নভঃ॥
তৎ কুর্য্যাদ্বস্তু সংগ্রাহী দ্বি মাসেচ মহার্ঘতা।
নাড়ী স্বয়ং বিজানাতি তত্ব জ্ঞানং তথৈবচ।
নৈবতেন ভবেত্তুল্যং লক্ষকোটিরসায়নং॥
রবৌ সংক্রমণে নাড়ী গলান্তেচ প্রবর্ত্ততে।
সলিলে বহ্নি যোগেপি রোরবং জগতী তলে॥

ইতি সম্বৎসর ফলং।

চন্দ্রোদয়ে যদা সূর্য্যশ্চন্দ্রঃ সূর্য্যোদয়ে যদা।
অশুভং হানিরুদ্বেগঃ শুভং সর্ব্বং নিবারয়েৎ॥
যাত্রাদানে বিবাহে চ বস্ত্রালঙ্কার ধারণে।
শুভকর্ম্মসু সর্ব্বেষু প্রবেশে চ শশী শুভঃ॥
বিগ্রহদ্যূত যুদ্ধেষু স্নান ভোজন মৈথুনে।
ব্যবহারে ভয়ে ভঙ্গে ভানুনাড়ী প্রশস্যতে॥

ক্ষণং বামে ক্ষণং দক্ষে যদা বহতি মারুতঃ।
সুষুম্নাসাচ বিজ্ঞেয়া সর্ব্বকার্য্য হরা শুভা॥
মারণং মোহনং স্তম্ভং বিদ্বেষোচ্চাটনং তথা।
প্রেরণাকর্ষণক্ষোভং ভানুনাড্যুদয়ে কুরু॥
শান্তিকং পৌষ্টিকং ক্ষেমং দিব্যৌষধিরসায়ণং
যোগাভ্যাসাদি কর্ম্মাণি কর্ত্তব্যাণিনিশাকরে॥
গুরু শুক্র বুধেন্দূনাং বাসরে বামনাড়িকাঃ।
সিদ্ধ্যন্তিসর্ব্বকার্য্যেষু শুক্লপক্ষে বিশেষতঃ॥
অর্কাঙ্গারক শৌরীণাং বাসরে দক্ষনাড়িকাঃ।
স্মর্ত্তব্যাচরকার্য্যেষু কৃষ্ণপক্ষে বিশেষতঃ॥
ক্রমাদেকৈকনাড্যাস্তু তত্বনাং পৃথগুদ্ভবঃ।
অহোরাত্রস্য মধ্যেতুজ্ঞেয়াদ্বাদশ সংক্রমাঃ॥
বৃষ কর্কট কন্যালি মৃগ মীন নিশাকরে।
মেষে সিংহ চ ধনুষি তুলায়া মিথুনেঘটে॥
উদয়োদক্ষিণেজ্ঞেয়ঃ শুভাশুভবিনির্ণয়ঃ।

ইতি বারাদিভেদেন নাড়ীবিশেষফলকথনং।

তিষ্ঠেৎ পূর্ব্বোত্তরে চন্দ্রোভানুঃ পশ্চিমদক্ষিণে।
দক্ষনাড়ীঃ প্রবাহেতু ন গচ্ছেদ্যাম্য পশ্চিমে॥
বামে চারে প্রবাহেতু ন গচ্ছেদ্ পূর্ব্ব উত্তরে।
পরি পন্থী ভবেত্তস্য গতোহসৌ ন নিবর্ত্ততে॥
তস্মাদত্র ন গন্তব্যং বুধৈঃ সর্ব্বহিতৈঃ শুভে।
তদাতত্রতু সঞ্জাতো মৃত্যুরেব ন সংশয়ঃ॥
সূর্য্যোদয়ে যদা সূর্য্যশ্চন্দ্রশ্চন্দ্রোদয়ে যদা।
সিদ্ধন্তি সর্ব্বকার্য্যানি দিবারাত্রি গতান্যপি॥
চন্দ্রকালে যদাসূর্য্যঃ সূর্য্যে চন্দ্রদয়োভবেৎ।
উদ্বেগঃ কলহো হানিঃ শুভং সর্ব্বং নিবারয়েৎ॥

বিপরীতলক্ষণম্।

যদা প্রত্যূষকালেতু বিপরীতোদয়োভবেৎ।
চন্দ্রস্থানেবহত্যর্কে রবিস্থানে চ চন্দ্রমাঃ॥
প্রথমে মানসোদ্বেগং ধনহানিং দ্বিতীয়কে।
তৃতীয়ে গমনং প্রোক্তং ইষ্টনাশং চতুর্থকে॥

পঞ্চমে রাজ্য বিধ্বংসং ষষ্ঠে সর্ব্বার্থ নাশনং।
সপ্তমে ব্যাধি দুঃখানি অষ্টমে মৃত্যুমাদিশেৎ॥
ইতি দিনভেদেন বিপরীত ফলং॥

কালত্রয়ং দিনা ন্যষ্টৌ বিপরীতস্তু দুঃখদং।
তদাদৃষ্ট ফলং প্রোক্তং কিঞ্চিন্ন্যূনেতু শোভনং॥
প্রাত মধ্যাহ্নযোশ্চন্দ্রঃ স্বায়ংকালে দিবাকরঃ।
তদা নিত্যং জয়ং লাভো বিপরীতস্তু দুঃখদম্॥
বামে বা দক্ষিণে বাপি যত্র সংক্রমতে স্বরঃ।
তৎপাদ মগ্রতঃ কৃত্বা যাত্রা ভবতি সিদ্ধিদা।

ইতি বহন্নাড়ী কস্য যাত্রা ফলং।

চন্দ্রে সমপদ কৃত্বা রবৌতু বিষমং সদা।
পূর্ণ পাদং পুরঃ কৃত্বা যাত্রা ভবতি সিদ্ধিদা॥
সপ্তপাদাঃ শনিশুক্রে জ্ঞাতব্যাশ্চ বিচক্ষণৈঃ।
চন্দ্র রবি পদং রুদ্রং কুজ মন্দং তথৈবচ।
সার্দ্ধং সদা গুরুপাদৌ জ্ঞাতব্যৌ চ বিচক্ষণঃ।
যদঙ্গং বহতে নাড়ী গ্রাহ্যং গতিকরং নৃণাং।
চন্দ্র চারে চতুষ্পাদং পঞ্চ পাদশ্চ ভাস্করে।
এবঞ্চ গমনং শ্রেষ্ঠং সাধয়েদ্ভুবনত্রয়ং।
যত্রাঙ্গে চরতে বায়ুস্তদঙ্গস্য কর স্তথা।
সুপ্তোত্থিতো মুখং শ্রেষ্ঠং লভতে বাঞ্ছিত ফলং।
চন্দ্র চারী বিষং হন্তি সূর্য্যোবালাবশংনয়েৎ।
সুষুম্নায়াং ভবেন্মোক্ষ একোদেবস্ত্রিধামতঃ।
ভুক্ত মাত্রেন মন্দাগ্নি স্ত্রীনাংবশো হথ কর্ম্মাণি।
শয়নং সূর্য্যবাহেন কর্ত্তব্যং সর্ব্বদা বুধৈঃ।
শ্রান্তে শোকে বিবাদে চ জ্বরিতে মূর্চ্ছিতে তথা।
মার্জ্জন স্যাপি বোধার্থং চন্দ্র চারং প্রবাহয়েৎ॥
ঊর্দ্ধে বামাগ্রতো দূতোজ্ঞেয়ো বামপথস্থিতঃ।
পৃষ্ঠে দক্ষে তথাধস্তাৎ সূর্য্যবাহগতোমতঃ।
পূর্ণ নাড়ী গতোদূতে যৎ পৃচ্ছতি শুভাশুভং।
তৎ সর্ব্বং সিদ্ধি মাপ্নোতি শূন্যে শূন্যং নসংশয়।

আদৌ শূন্যগতঃ পৃচ্ছেৎ পশ্চাৎ পূর্ণোদিশেদ্যদি।
তদা সর্ব্বার্থ সিদ্ধিঃ স্যাদিতি॥
মতান্তরে।—
বহন্নাড়ী স্থিতো ভূতো যদি পৃচ্ছেৎ শুভাশুভং।
তৎ সর্ব্বং সিদ্ধিমাপ্নোতি শূন্যে শূন্যং ন সংশয়ঃ॥
নির্গমে চ শুভা বামা প্রবেশে দক্ষিণা শুভা।
শুভ কার্য্যে শুভা বামা দক্ষিণাক্রূর কার্য্যস্থ॥
চন্দ্রঃ সমস্ত বিজ্ঞেয়ো রবিস্তু বিষমঃ সদা॥
ইড়ায়াশ্চ প্রবাহেন সৌম্য কর্ম্মাণি কারয়েৎ।
পিঙ্গলায়াঃ প্রবাহেন রৌদ্রকর্ম্মাণি কারয়েত্।
সুষুম্নায়াঃ প্রবাহেন সিদ্ধি মুক্তি ফলানি চ॥

বামনাসিকা বহন কালে কোন্ কোন্ কর্ম্ম করিলে শুভ হইবে তাহা বলা হইতেছে।

অথ ইড়া।

স্থিরকর্ম্মণ্যলঙ্কারে দূরধ্বগমনে তথা।
আশ্রমেহর্ম্ম্য প্রাসাদেবস্তূনাং সংগ্রহেহপিচ।
বাপী কূপতড়াগাদি প্রতিষ্ঠান্তে তু দেবয়োঃ।
যাত্রাদানে বিবাহেচ বস্ত্রালঙ্কার ভূষণে।
শান্তিকং পৌষ্টিকঞ্চৈব দিব্যৌষধিরসায়ণং।
স্বামিসন্দর্শনোমৈত্রেবাণিজ্যানাঞ্চ সংগ্রহে।
গৃহপ্রবেশে সেবায়াং কৃষীণাং বীজবাপনে।
শুভকর্ম্মণিসন্ধৌচ নির্গমে বা শুভং শশী।
ইতিকর্ম্মবিশেষে কর্ম্মনাড়ীফলং।
বিদ্যারম্ভাদিকার্য্যেষু বান্ধবানাঞ্চ দর্শনে।
জনমুখেচ ধর্ম্মেচ দীক্ষায়াং মন্ত্রসাধনে॥
কালব্যাধিচিকিৎসায়াং স্বাগিসম্বোধনে তথা।
গজাশ্বারোহণে ধন্বী গজাশ্বানাঞ্চ বন্ধনে।
পরোপকরণেচৈব নিধীনাং স্থাপনে তথা॥
গীতবাদ্যাদিনৃত্যাদিগীতশাস্ত্রবিচারণে।

পুরগ্রামনিবাসেচ তিলকচ্ছত্র ধারণে।
শান্তিশোকে বিষাদেচ জরিতেমূর্চ্ছিতেহপিবা।
স্বজনেস্বামিসম্বন্ধেধান্যাদের্দারু সংগ্রহে।
স্ত্রীয়া আনন্দভূষাণাং বিষ্টরাগমনে তথা।
গুরুপূজা বিষাদানঞ্চালনঞ্চবরাননে।
ইড়ায়াং সিদ্ধিদংপ্রোক্তং যোগাভ্যাসাদিকর্ম্মচ।

ইতি কর্ম্মবিশেষে নাড়ী।

তত্রাপি বর্জ্জয়েদ্বায়ু স্তেজ আকাশমেবচ।
সর্ব্বকর্ম্মাণি সিদ্ধ্যন্তি দিবারাত্রৌ গতান্যপি।
সর্ব্বত্রশুভকার্য্যেষু চন্দ্রচারং প্রশস্যতে।

দক্ষিণ নাসিকা বহনকালে কোন্ কোন্
কার্য্য করিলে শুভ হইবে তাহা
বলা হইতেছে।

অথ পিঙ্গলা।

কঠিনক্রূর বিদ্যানাং পঠনেপাঠনেতথা।
স্ত্রীসঙ্গ বেশ্যাগমনে মহানৌকাদিরোহণে।
অভীষ্টকার্য্যে স্বরাপানে বীরমন্ত্র উপাসনে।
বহুলধ্বংসদেশাদিবিষদানাদি বৈরিণাং।
শাস্ত্রাভ্যাসেচগমনে মৃগাদিপশুবিক্রয়ে।
ইষ্টকাকাষ্ঠপাষাণ রত্নঘর্ষণ দারুণে।
গীতাভ্যাসে যন্ত্রতন্ত্রেদুর্গপর্ব্বতরোহণে।
দ্যূতেচৌর গজাশ্বাদিরথবাহন সাধনে।
ব্যায়ামেমারণোচ্চাটে ষট্‌কর্ম্মাদিষু সাধনে।
রক্ষিণীযক্ষবেতাল বিশ্বভূতাদি সংগ্রহে।
খরোষ্ট্রমহিষাদীনাং গজস্যারোহণে তথা।
নদীজলৌঘতরণেভৈষজে লিপিলিখনে।
মারণং মোহনং স্তম্ভং বিদ্বেষোচ্চাটনংবশং।
প্রেরণাকর্ষণে ক্ষোভে দানেচ ক্রয়বিক্রয়ে।

খড়্গহস্তেবৈরিযুদ্ধে ভোগেবা রাজদর্শনে।
ভোজনে ব্যবহারেচ ক্রূরে দীপ্তেরবিঃশুভঃ।
ভুক্তামাত্রেচ মন্দাগ্নৌ স্ত্রীণাংবশ্যাদি কর্ম্মণি।
শয়নং সূর্য্যবাহেন কর্ত্তব্যং সর্ব্বদাবুধৈঃ।
ক্রূরাণি সর্ব্বকর্ম্মাণি চরাণিবিবিধানিচ।
তানিসিদ্ধ্যন্তিসূর্য্যেণ নাত্রকার্য্যা বিচারণা।

ইতি কর্ম্মবিশেষে পিঙ্গলাফলং।

উভয় নাসিকা বহনকালে কোন্ কোন্
কার্য্য করিবে তাহা
বলা হইতেছে।

অথ সুষুম্না।

ক্ষণংবাম ক্ষণংদক্ষে যদাবহতিমারুতঃ।
সুষুম্নাসাচ বিজ্ঞেয়া সর্ব্বকার্য্যহরাশুভা।
তস্যাংনাড্যাং স্থিতোবহ্নির্জ্জ্বলন্ত কালরূপিণং।
বিষমন্তং বিজানীয়াং সর্ব্বকার্য্য বিনাশনম্।
যদানুক্রমমুল্লঙ্ঘ্য তস্য নাড্যাংদ্বয়বহেৎ।
তদাতস্য বিজানীয়াদ্ শুভংসমুপস্থিম্।
ক্ষণংবামে ক্ষণংদক্ষে বিষমংভাবমাদিশেৎ।
বিপরীতফলংজ্ঞেয়ং জ্ঞাতব্যঞ্চবরাননে।
উভয়োরেবসঞ্চারী বিষমংতংবিদুর্বুধাঃ।
ন কুর্য্যাৎ ক্রূরসৌম্যানি তৎসর্ব্বং নিষ্ফলংভবেৎ।
জীবিতেমারণপ্রশ্নে লাভালাভৌ জয়াজয়ৌ।
বিষমেবৈপরীতস্য সম্মরে জ্জগদীশ্বরং।
ঈশ্বরংচিন্তিতংকার্য্যং যোগাভ্যাসাদি কর্ম্মচ।
অন্যংকিঞ্চিন্নকর্ত্তব্যং জয়লাভ সুখাদিভিঃ।
সূর্য্যো বহমানয়াং সুষুম্নায়াং মুহুর্ম্মুহুঃ।
শাপংদদ্যাদ্বরংদদ্যাং সর্ব্বদাচ তদন্যথা।
নাড্যসংক্রমণেকালে তত্ত্বসংক্রমণেতথা।
৬শুভংকিঞ্চিন্নকর্ত্তব্যংপুণ্যদানাদিকোটিধা।

বিষমস্যোদয়ে যাত্রা মমসাপি নচিন্তয়েৎ।
যাত্রাহানি করীতস্য মৃত্যুহানি নসংশয়ঃ।

---

### স্বরোদয়ের পরিশিষ্টাংশ।

পিঙ্গলা নাড়ীর দেবতা শিব, গুণ উষ্ণ। সূর্য্যের স্থিতিকাল চারি দণ্ড মাত্র, দিবাভাগে উদয়, রবি, মঙ্গল এবং শনি এই বারত্রয়ের, পূর্ব্ব ও উত্তর দিকের এবং পৃষ্ঠ ও নিম্ন দেশের অধিপতি। ইহার মিত্র বায়ু ও তেজ, সংজ্ঞা বিষম যথা,—এক তিন ও পাঁচ ইত্যাদি। প্রশ্নাক্ষর গণনা করিয়া বিষম সম জানিয়া রবি জানিতে হইবে। ইহা মেষ, কর্কট, তুলা এবং মকর রাশির অধিপতি।

ইড়া নাড়ীর দেবতা ব্রহ্মা, গুণ শীতল, স্থিতি চারি দণ্ড এবং ইহার উদয় কাল রাত্রি। ইহা সোম, বুধ, বৃহস্পতি ও শুক্র এই বার চতুষ্টয়ের, দক্ষিণ ও পশ্চিম দিকের এবং অগ্রের উচ্চ স্থানের ও বাম দিকের অধিপতি। ইহার মিত্র জল, পৃথ্বী ও আকাশ। ইহার সংজ্ঞা সম যথা,—দুই চারি। এবং ইহা সিংহ বৃশ্চিক কুম্ভ মিথুন ও কন্যা রাশির অধিপতি।

সুষুম্নার দেবতা বিষ্ণু এবং ইহা ধনু, মীন রাশির অধিপতি।

### রাশি ও দেবতার বর্ণ ও লগ্নমান।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মেষ | বৃষ | মিথুন | কর্কট | সিংহ | কন্যা |
| বর্ণঅরুণ | শ্বেত | হরিৎ | পীত | ধূম্র | পাণ্ডু |
| ৩।৩৮ | ৪।১১ | ৫।৩ | ৫।৪৩ | ৫।৪৭ | ৫।৩৮ |
| তুলা | বৃশ্চিক | ধনু | মকর | কুম্ভ | মীন |
| কৃষ্ণ | পিশঙ্গ | পিঙ্গল | কর্ব্বুর | কপিল | মলিন |
| ৫।৩৮ | ৫।৪৭ | ৫।৪৩ | ৫।৩ | ৪।১১ | ৩।৩৮ |

শনি রবি ও মঙ্গলবারে যদি প্রাতঃবেলায় দক্ষিণ নাসাপুট বহন সময় নিদ্রা ভঙ্গ হয়, তবে সেই দিন নিশ্চিন্তরূপে অতিবাহিত হইবে। যদি ঐ দিবস প্রাতঃকালে বাম নাসাপুটে বায়ু বহন সময় নিদ্রাভঙ্গ হয় তবে সেই দিন মনে নানাবিধ চিন্তার উদয় হইবে।

### স্বরের সাধন।

যিনি দিবাভাগে বাম নাসিকায় এবং রাত্রিকালে দক্ষিণ নাসিকায় শ্বাস বহন রাখেন, তাঁহার শরীরে কোন পীড়া জন্মে না এবং আলস্য থাকে না ও দিন দিন চেতনার বৃদ্ধি হয়। এইরূপে শ্বাস বহন হইলে দ্বাদশ বৎসর অন্তে যদি তাঁহার দেহে সর্প কিম্বা বৃশ্চিক দংশন করে, তবে শরীরে বিষ প্রবেশ করিতে পারে না এবং ঐ ব্যক্তি দীর্ঘ জীবী হয়।

### স্বর পরিবর্ত্তন করার উপায়।

যে রূপে বাম ও দক্ষিণ নাসার স্বর রুদ্ধ রাখিতে হয় তাহার ক্রম বলা হইতেছে।—

দিবাভাগে দক্ষিণ নাসাপুটে পুরাতন তুলা দিয়া বন্ধ করিয়া রাখিলে কেবল বাম নাসিকার শ্বাস বহন হইবে, ঐরূপে রাত্রিকালে বাম নাসাপুট পুরাতন তুলা দিয়া বন্ধ করিয়া রাখিলে দক্ষিণ নাসাপুটে শ্বাস বহন হইবে। যদি কোন ব্যক্তির এক নাসাপুট হইতে অন্য নাসাপুটে স্বর পরিবর্ত্তন করিবার প্রয়োজন হয়, তবে ঐ ব্যক্তি দক্ষিণ পার্শ্বে কিঞ্চিৎ হেলিয়া বসিলে বাম নাসিকার শ্বাস বহিবে এবং বাম পার্শ্বে কিঞ্চিৎ হেলিয়া বসিলে দক্ষিণ নাসাপুটে শ্বাস বহিবে।

শ্বাস বহন কালে প্রশ্ন করিলে, কার্য্য সিদ্ধি হয় না। শ্বাস প্রবেশ কালে প্রশ্ন হইলে কার্য্য সিদ্ধি হয়। বাম হইতে দক্ষিণ নাসাপুটে বায়ুর গমন কালকে উদয় এবং দক্ষিণ নাসা হইতে বাম নাসাপুটে বায়ুর সংক্রমণ কালকে অস্ত বলে।

### তত্ত্বের আকৃতি নেত্র দ্বারা দৃষ্টি করার। ক্রম।

এক প্রহর রাত্রি থাকিতে গাত্রোত্থান করিয়া উভয় গুল্‌ফ গুহ্যের নীচে রাখিয়া মৃত্তিকার উপর সিধা হইয়া বসিবে এবং উভয় হস্তের মুষ্টি উলটাইয়া হাঁটুর উপর রাখিবে অর্থাৎ মুষ্টির অঙ্গুলি সকল পেটের দিকে রাখিবে। তৎপরে উভয় নাসিকার উপর দিয়া দুই মুহূর্ত্ত কাল নাসাপুটের বায়ুর গমনাগমন দেখিবে। এইরূপ অভ্যাস করিলে ছয় মাসে তত্ত্বের রূপ দর্শন হইবে।

### তত্ত্ব সকলের উদয় জানিবার নিয়ম।

যে সময় নাসাপুটের মধ্যস্থান দিয়া বা সম্মুখ দিয়া দ্বাদশ অঙ্গুলি পরিমাণে নিশ্বাস বহন হয়, সেই সময় পৃথ্বী তত্ত্বের উদয় হইয়াছে জানিবে। যে সময় নাসাপুটের নিম্ন দিয়া ষোল অঙ্গুলি পরিমাণ শ্বাস বহন হয়, সেই সময় জল তত্ত্বের উদয় জানিবে। যে সময় নাসাপুটের উপর দিয়া ঊর্দ্ধভাবে চতুরঙ্গুলি পরিমাণে শ্বাস বাহির হয়, সেই সময় অগ্নি তত্ত্বের উদয় জানিবে। যে সময় নাসাপুট দিয়া তির্য্যকরূপে অষ্টাঙ্গুলি পরিমাণে শ্বাস বাহির হয়, সেই সময় বায়ু তত্ত্বের উদয় জানিবে এবং যে সময় নাসাপুট মধ্যে ঘুরিয়া ঘুরিয়া শ্বাস বহন হয় অথচ বাহির হয় না। সেই সময় আকাশ তত্ত্বের উদয় জানিযে।

### তত্ত্বের প্রকৃতি।

পৃথ্বী কঠিন ; জল শীতল, অগ্নি উষ্ণ, বায়ু চর এবং আকশ স্থির।

### তত্ত্বের স্থান।

পৃথ্বী তত্ত্বের স্থান নাভির উপর দেশ, জল তত্ত্বের স্থান মস্তিষ্ক, অগ্নি তত্ত্বের স্থান পিত্ত, বায়ু তত্ত্বের স্থান নাভি দেশ এবং আকাশ তত্ত্বের স্থান মস্তক।

### তত্ত্বদিগের দ্বার।

পৃথ্বী তত্ত্বের দ্বার মুখ, জল তত্ত্বের দ্বার লিঙ্গ, অগ্নির নেত্রদ্বয়, বায়ুর উভয় নাসিকা এবং আকাশ তত্ত্বের দ্বার কর্ণ দ্বয়।

### তত্ত্বের দ্বারের ক্রিয়া।

পৃথ্বী দ্বারের ক্রিয়া ভোজন, জল দ্বারের ক্রিয় রমণ, অগ্নি দ্বারের দৃষ্টি, বায়ু দ্বারের আঘ্রাণ এবং আকাশ দ্বারের ক্রিয়া শব্দ।

### কোন তত্ত্ব মনে উদয় হইলে কোন্ কোন্ বস্তু আহারের ইচ্ছা হয়।

পৃথ্বী তত্ত্বের উদয়ে মিষ্টান্ন বস্তু, জল তত্ত্বে লবণাক্ত বস্তু, অগ্নি তত্ত্বে তিক্ত বস্তু, বায় তত্ত্বে অম্বল রস, এবং আকাশ তত্ত্বের উদয়ে মন্দ বস্তু।

### তত্ত্বের গুণ।

পৃথ্বী ভয়, জল লোভ, অগ্নি লজ্জা, বায়ু সন্তোষ এবং আকাশ দুঃখ।

### এক এক তত্ত্বের মধ্যে পঞ্চতত্ত্বের উদয় চক্র।

| | | | | |
|---|---|---|---|---|
| পৃথ্বী | আকাশ | বায়ু | অগ্নি | জল। |
| জল | পৃথ্বী | আকাশ | বায়ু | অগ্নি। |
| অগ্নি | জল | পৃথ্বী | আকাশ | বায়ু। |
| বায়ু | অগ্নি | জল | পৃথ্বী | আকাশ। |
| আকাশ | বায়ু | অগ্নি | জল | পৃথ্বী। |

### পক্ষমধ্যে নিজ দেহে কোন্ রোগ জন্মিবে কি না তাহা জানিবার ক্রম।

কৃষ্ণ পক্ষের প্রতিপদ তিথিতে প্রাতঃবেলায় দক্ষিণ নাসাপুটে বায়ু বহন সময় নিদ্রা ভঙ্গ হইলে, তাহার পঞ্চ-

দশ দিন পর্য্যন্ত কোন ব্যাধি হয় না। যদি বাম স্বর বহন কালে নিদ্রা ভঙ্গ হয় তবে শ্লেষ্মা জন্মিয়া পীড়া হইতে পারে।

ঐ রূপে রোগোৎপত্তি হইলে নিবারণের উপায়।

যে কাল পর্য্যন্ত রোগ সাম্য না হইবে সেই কাল পর্য্যন্ত পুরাতন তুলা দ্বারা বাম নাসাপুট বদ্ধ করিয়া রাখিবে। শুক্ল পক্ষ প্রতিপদ তিথিতে বাম স্বর বহন সময় যদি নিদ্রা ভঙ্গ হয়, তবে পঞ্চদশ দিন পর্য্যন্ত দেহে কোন পীড়া জন্মিবে না। যদি দক্ষিণ স্বর বহন কালে নিদ্রাভঙ্গ হয়, তবে এক পক্ষ দেহ গরম হইয়া পীড়া জন্মে। ঐ কারণে দেহে রোগ জন্মিলে যে অবধি আরগ্য লাভ না হইবে তদবধি ঐ নাসিকা পুরাতন তুলা দ্বারা বদ্ধ করিয়া রাখিবে।

দৈনন্দিন সুখ দুঃখের বিচার।

যদি সোম শুক্র বুধ অথবা বৃহস্পতিবার প্রাতঃকালে বাম নাসাপুটে বায়ু বহন সময়ে নিদ্রাভঙ্গ হয়, তবে সেই দিন সুখে অতিবাহিত হইবে। যদি রবি নাড়ী বহন কালে নিদ্রাভঙ্গ হয়, তবে সে দিবস কোন প্রকার চিন্তা উপস্থিত হইবে।

গর্ভ প্রশ্ন।

প্রশ্ন কালে যদি দৈবজ্ঞ আর প্রচ্ছকের উভয়ের দক্ষিণ নাসাপুটে বায়ু বহন হয়, তবে সেই গর্ব্ভে পুত্র জন্মিবে এবং ঐ পুত্র ভাগ্যবান্ ও দীর্ঘজীবী হইবে। যদি প্রশ্ন কালে উভয়ের বাম নাসিকা বহন হয়, তবে পুত্রী জন্মে। প্রশ্ন কালে যদি প্রচ্ছকের বাম নাসিকা এবং দৈবজ্ঞের দক্ষিণ নাসিকা বহন হয়, তবে পুত্র জন্মিয়া ঐ পুত্রের মৃত্যু হয়। যদি প্রচ্ছকের দক্ষিণ নাসা এবং দৈবজ্ঞের বাম নাসা বহন হয়, তবে পুত্রী জন্মিয়া মৃত্যু হয়। যদি উভয়ের স্বর সুষুম্নায় বহন হয় তবে যমজ পুত্র জন্মে এবং যদি আকাশ তত্ত্বের সময় প্রশ্ন হয়, তবে গর্ব্ভ নষ্ট হয় অথবা নপুংসক সন্তান জন্মে। যদি প্রশ্নকর্ত্তা দৈবজ্ঞের বাম দিক হইতে প্রশ্ন করেন, এবং সেই সময় যদি দৈবজ্ঞের স্বর দক্ষিণ নাসাপুটে বহন হয়, তবে পুত্র জন্মিবে কিন্তু প্রসূতির মৃত্যু হইবে।

গর্ভ হইয়াছে কি না?

দৈবজ্ঞের যে নাসিকায় শ্বাস বহন হয় যদি সেই দিক হইতে প্রচ্ছক গর্ব্ভ সম্বন্ধীয় প্রশ্ন করে, তবে গর্ভ হয় নাই, আর প্রশ্নকালে দৈবজ্ঞের যে নাসাপুটে শ্বাস বহন হইতেছে না যদি সেই দিক হইতে প্রশ্ন হয়, তবে গর্ভ হইয়াছে জানিবে।

অথ পুত্র কন্যা জ্ঞান।

দক্ষিণ নাসাপুটে বায়ু বহন কালে অগ্নি ও বায়ু তত্ত্ব সময়ে যদি গর্ভ সঞ্চার হয়, তবে ঐ গর্ভে পুত্র জন্মে এবং সেই পুত্র ভাগ্যবান্ ও শুভ লক্ষণ যুক্ত হয়। যদি চন্দ্র নাড়ী উদয় কালে গর্ভ সঞ্চার হয় তবে ঐ গর্ভে কন্যা জন্মে কিন্তু প্রসূতির মস্তিষ্কে বীর্য্যের দোষে অল্প দিন মধ্যে বিকার অর্থাৎ রোগ জন্মে। যদি নাসিকা বহন সময় জল ও পৃথ্বী তত্ত্বে গর্ভ সঞ্চার হয়, তবে ঐ গর্ভেও কন্যা জন্মে এবং ঐ কন্যা ভাগ্যবতী ও শুভ লক্ষণ যুক্ত হয়। যদি দক্ষিণ নাসাপুটে বায়ু বহন কালে জল ও পৃথ্বী তত্ত্বে গর্ভ সঞ্চার হয়, তবে ঐ গর্ভে পুত্র সন্তান জন্মে কিন্তু প্রসূতির প্রসবের দুই হইতে চারি দিবস মধ্যে মৃত্যু হয় অথবা ঐ গর্ভ হয় কিম্বা সপ্তম মাসে বিনষ্ট হয়। যদি সুষুম্না নাড়ী বহন কালে গর্ভ সঞ্চার হয় তবে প্রেতদিগের দ্বারা ঐ গর্ভ বিনষ্ট হয় কিন্তু যদি প্রেতগণ দ্বারা গর্ভ বিনষ্ট না হয় তবে ঐ গর্ভে পুত্র জন্মায় এবং সেই সন্তান যোগী ও মহাপুরুষ হইতেও যশস্বী হয়।

### তত্ত্ব অনুসারে পুত্র কন্যা নপুংসক আদির উৎপত্তির বিবরণ বলা হইয়াছে এইক্ষণ ঐ প্রক্রিয়া ঋতুর কোন কোন দিবস করা কর্ত্তব্য।

ঋতুকালে যুগ্ম দিবসে ঋতু রক্ষা করিলে পুত্র এবং অযুগ্ম দিবসে কন্যা জন্মে।

প্রথম দিবসে ঋতু রক্ষা করিলে পুরুষের আয়ু ক্ষয় হয়। তাহাতে গর্ভ হইলে সেই গর্ভ প্রসব কালে স্রাব হইয়া যায়। দ্বিতীয় দিবসে ঋতু রক্ষা করিলেও সেইরূপ ফল হয় অথবা সুতিকা গৃহে সন্তান নষ্ট হয়। তৃতীয় দিবসেও সেই ফল, অথবা সন্তান অসম্পূর্ণ অঙ্গ বা অল্পায়ু হয়। চতুর্থ দিবসে ঋতু রক্ষা করিলে সন্তান সম্পূর্ণ অঙ্গ ও দীর্ঘায়ু হয়। পঞ্চম দিবসে কন্যা জন্মে ও সেই কন্যা কুলটা ও পাপে রতা হয়। ষষ্ঠ দিবসে পুত্র জন্মে, কিন্তু সেই পুত্র দরিদ্র হয়; সপ্তম দিবসে কন্যা জন্মে, সেই কন্যা তাহার স্বামীকে ত্যাগ করিয়া পরপুরুষগামিনী হয়। অষ্টম দিবসে পুত্র জন্মে, সেই পুত্র মহা সুখী ও পণ্ডিত হয়, নবম দিবসে কন্যা জন্মে, সেই কন্যা সতী পতিব্রতা ও অতি শান্ত হয়, দশম দিবসে পুত্র জন্মে, সেই পুত্র জন্মাবধি সুখী হয়. একাদশ দিবসে কন্যা জন্মে, সেই কন্যা কুলবতী ও ধর্ম্মপরায়ণা হয়, দ্বাদশ দিবসে পুত্র জন্মে, সেই পুত্র সত্যবাদী জিতেন্দ্রিয় ও বিষ্ণুভক্তি পরায়ণ হয়। ত্রয়োদশ দিবসে কন্যা জন্মে, সেই কন্যা সত্যবাদিনী জিতেন্দ্রিয়া ও ধর্ম্ম চারিণী হয়, চতুর্দ্দশ দিবসে পুত্র জন্মে, সেই পুত্র মহা সুখী ও পণ্ডিত হয়। অতএব এই সকল বিবেচনা করিয়া তত্ত্বাদির উদয় সময়ে বিচার পূর্ব্বক কার্য্য করা কর্ত্তব্য। আমাবস্যা প্রতিপদ সপ্তমী অষ্টমী পূর্ণমাসী ও রবিবার দিবসে স্ত্রী সঙ্গম নিষেধ, ইহাতে যে সন্তান জন্মিবে তাহার অল্পায়ু হয়। আর অসুস্থ শরীরে ঋতু রক্ষা করিলে সেই দোষে পুত্র কন্যা দুঃখী হয়।

### অথ ঋতু রক্ষার রাত্রি প্রকরণ।

প্রথম প্রহর রাত্রে ঋতু রক্ষা করিলে সেই গর্ভে যে সন্তান জন্মে তাহার অল্পায়ু হয়। দ্বিতীয় প্রহরে ঋতু রক্ষা করিলে সেই গর্ভে যে সন্তান জন্মে, সেই সন্তান দুঃখী ও দরিদ্র হয়। তৃতীয় প্রহরে ঋতু রক্ষা করিলে কন্যা জন্মে সেই কন্যার নষ্টা মতি হয়। আর যদি পুত্র জন্মে তবে সে দাস বৃত্তি করে ও কুকর্ম্মান্বিত হয়। চতুর্থ প্রহরে ঋতু রক্ষা করিলে সেই গর্ভের পুত্র হরিভক্তি এবং ধর্ম্মপরায়ণ হয়। আর দিবাকালে ঋতু রক্ষা করিলে সেই গর্ভে যে পুত্র জন্মে সে দুরাচার এবং অতি অভাজন হয়।

### দূর দেশস্থিত ব্যক্তির আগমন প্রশ্ন।

যদি প্রশ্নকালে প্রশ্নকর্ত্তার ও দৈবজ্ঞের স্বর দক্ষিণ নাসায় বহন হয়, তবে বিদেশগত ব্যক্তি শীঘ্র প্রত্যাগমন করিবে। যদি উভয়ের স্বর বাম নাসাপুটে বহন হয়, তবে বিদেশস্থ ব্যক্তির আগমনে বিলম্ব হইবে। যদি প্রশ্নকর্ত্তার এবং দৈবজ্ঞের কাহার স্বর দক্ষিণে এবং কাহার স্বর বামে বহন হয় তবে বিদেশস্থ ব্যক্তির আগমন হইবে না।

### মনোবাঞ্ছা পূর্ণ হইবে কি না।

যদি প্রশ্নকালে প্রশ্নক এবং দৈবজ্ঞের এক প্রকার স্বর হয় অর্থাৎ বাম, দক্ষিণ, দিবা রাত্রি, রাশি ও অক্ষর এবং প্রশ্নকর্ত্তার বসিবার স্থান যথা উচ্চ নীচ ইত্যাদি মিলিত হইয়া এক স্বর হয়, তবে মনোবাঞ্ছা পূর্ণ হইবে আর যদি সম্পূর্ণ বিভিন্ন হয় তবে মনোবাঞ্ছা পূর্ণ হইবে না।

### যুদ্ধ প্রকরণ।

বায়ু তত্ত্ব বহন সময় যুদ্ধে যাত্রা করিলে বিজয়ী হয়, পৃথ্বী তত্ত্ব বহন সময় যুদ্ধে যাত্রা করিলে শত্রুর সহিত মিলন হয়, জল তত্ত্বে যুদ্ধ যাত্রা করিলে অস্ত্রাঘাত হয়, অগ্নিতত্ত্বেও যুদ্ধে জয়ী হয় অথবা শত্রুর সহিত সন্ধি হয় এবং আকাশ তত্ত্ব বহন কালে যুদ্ধে যাত্রা করিলে মৃত্যু কিম্বা বন্দী হয়।

সুষুম্নাতে যুদ্ধে গমন করিবে না এবং ইড়া নাড়ীতেও যুদ্ধে গমন করিবে না, কেবল পিঙ্গলা নাড়ীতে যুদ্ধে গমন করিবে। ঐ সময়ে যাত্রা করিলে যুদ্ধে নিশ্চয় জয় হয়। যদি উভয় পক্ষ এক তত্ত্বে যুদ্ধে যাত্রা করে, তবে যে পক্ষ অগ্রে যাত্রা করিয়াছে তাহার জয় হয়। যে সেনাপতির পৃষ্ঠ দক্ষিণ কিম্বা পশ্চিম হইবে, তাহারই যুদ্ধে জয় লাভ হইবে।

## ক্রোধিত ব্যক্তির নিকট গমনের নিয়ম।

যে দিকের স্বর বহন হয় তাহার বিপরীত দিকের পদ অগ্রে ফেলিয়া ক্রোধিত ব্যক্তির নিকট গমন করিবে। ক্রোধিত ব্যক্তির নিকট উপস্থিত হইয়া, যে নাসিকার শ্বাস বন্ধ থাকে সেই দিকে ক্রোধিত ব্যক্তিকে রাখিয়া দণ্ডায়মান্ হইয়া উত্তর প্রত্যুত্তর করিবে। এইরূপ প্রয়োগ করিলে ক্রোধিত ব্যক্তির ক্রোধ সাম্য হইবে।

## ছায়াপুরুষ সাধন প্রক্রিয়া।

সূর্য্য, চন্দ্র অথবা প্রদীপের আলোকে দণ্ডায়মান হইলে স্বীয় দেহের যে ছায়া পতিত হইবে, ঐ ছায়ার উপর প্রতিদিন পাঁচ দণ্ডকাল পর্য্যন্ত দৃষ্টি রখিয়া পশ্চাৎ সম্মুখে দৃষ্টি করিবে। এইরূপ ক্রিয়া কিছু দিন করিতে করিতে ছায়াপুরুষ পৃষ্ঠদেশে দূরে দণ্ডায়মান আছেন এইরূপ দৃষ্টি হইবে এবং ক্রমে ক্রমে ছায়াপুরুষ নিকটে আগমন করিতে থাকিবে। এইরূপ ক্রম ছয় মাস যাবৎ করিলে ছায়াপুরুষ সম্মুখে আসিয়া নিজ দেহের ছায়া রূপে দর্শন দিবেন এবং ঐ ছায়াপুরুষকে যে প্রশ্ন করা হইবে ঐ পুরুষ তাহার উত্তর দান করিবেন। এইরূপ প্রক্রিয়া দ্বারা ছায়া-পুরুষ সাধনা করিয়া লোকে ছায়াপুরুষ সিদ্ধ হইয়া থাকে।

## মৃত্যুকাল জ্ঞান।

প্রথমতঃ দক্ষিণ হস্তের মুষ্টি মস্তকে দিয়া চক্ষুঃ দ্বারা ঐ হস্তের 'কবজা' দৃষ্টি করিবে, যাহার মৃত্যুর ছয়মাস মাত্র বাকী থাকিবে সে ব্যক্তি ঐ হস্তের মুষ্টি, তাহার হস্ত হইতে অসংলগ্ন অর্থাৎ পৃথক থাকা দৃষ্টি করিবে।

## অন্য প্রকার।

দক্ষিণ হস্তের মধ্যমাঙ্গুলিকে মুড়িয়া অঙ্গুষ্ঠের নিম্নে লাগাইয়া বক্রী অঙ্গুলিগুলি মৃত্তিকায় সংলগ্ন করিবে। তৎপরে ঐ অঙ্গুলিত্রয় এক একটী করিয়া উঠাইয়া অঙ্গুষ্ঠের নিম্নে সংলগ্ন করিবে। যদি ঐ রূপে অনামিকা অঙ্গুষ্ঠের নিম্নদেশ পর্য্যন্ত যায়, তবে ঐ ব্যক্তির মৃত্যুর আর দুই প্রহর কাল বাকী আছে জানিবে।

যে ব্যক্তির শরীর নীলবর্ণ হয় এবং কটু, অম্ল ও লবণ ইত্যাদি দ্রব্যের আস্বাদনের অন্যথা ভাব প্রাপ্ত হয় তাহার দশমাসে মৃত্যু হয়।

স্ব সামর্থ্যে রমণী রমণান্তে যদি অন্ধকার দেখিয়া মনের ক্ষোভ হয় তবে সেই ব্যক্তি পঞ্চম মাসে ধর্ম্মরাজের অতিথি হয়।

প্রাতঃকালে যাহার হৃদয়, চরণ ও হস্ত শুষ্ক হয় সেই ব্যক্তি তিন মাস পর্য্যন্ত জীবিত থাকে।

যাহার অকস্মাৎ দেহ কম্পিত হয় তাহাকে কৃতান্ত দূতে ধৃত করিয়া চতুর্থ মাসে লইয়া যায়।

যে নিজ প্রতিমূর্ত্তি ও মস্তক জলে দেখিতে না পায় তাহার ছয় মাসে মৃত্যু হয়।

যে দিবাতে আকাশে নক্ষত্র, রাত্রিতে আকাশ নক্ষত্র-বিহীন দেখে, যাহার বুদ্ধি ভ্রংশ ও বাক্য স্খলিত হয়, আর ধনু ও ছিদ্র দৃষ্ট হয় না, নিশাতে দুই চন্দ্র অথবা চন্দ্র সূর্য্য উভয়ই দেখিতে পায়। চতুর্দ্দিকে ইন্দ্রধনুমণ্ডল সহিত পর্ব্বত ও পর্ব্বতাগ্রে গন্ধর্ব্বগণের নগরালয়, দিবাতে চন্দ্র ও রাত্রে শম্ভুর আকৃতি দেখে তবে পঞ্চত্বের এই সকল কারণ হয়।

যাহার অকস্মাৎ হস্ত অবরোধ হয় ও শ্রবণে শব্দ শ্রবণ হয় না এবং স্থূল ব্যক্তি কৃশ ও কৃশ ব্যক্তি স্থূল হয় তবে সেই ব্যক্তি এক মাসের মধ্যে পঞ্চত্ব পায়।

যে ব্যক্তি আপন ছায়া দক্ষিণদিকে সম্যক্ প্রকারে

দেখিতে পায় না সে পাঁচ দিবস জীবিত থাকিয়া পরলোক প্রাপ্ত হয়।

### অহোরাত্র মধ্যে অজাপোজপ সংখ্যা।

দিবা রাত্রি মধ্যে মনুষ্যের শ্বাস ২১৬০০ একুশ হাজার ছয় শত বার প্রবাহিত হয়। দেহে পীড়া থাকিলে শ্বাসের তারতম্য হইয়া থাকে।

### শ্বাসের অর্থ।

শ্বাস প্রশ্বাসে হংস উচ্চারণ, সকারে শক্তিরূপা, এবং হংকারে শিবরূপ মৃত্যু।

শ্বাস বদ্ধ অর্থাৎ কুম্ভক করিয়া রাখিতে পারিলে লোকে অনায়াসে মৃত্যুকে জয় করিতে পারে, শ্বাস বদ্ধ করিতে হইলে যে সকল ক্রমের অভ্যাস আবশ্যক হয় তাহা পাশ্চাৎ যোগাভ্যাস অধ্যায়ে বর্ণিত হইতেছে। যত দীর্ঘ কাল শ্বাস বদ্ধ করিয়া রাখিতে পারা যায় তত দীর্ঘকাল পরমায়ু বৃদ্ধি হয় এবং রোগাদি শূন্য হইয়া দেহ সর্ব্বদা স্বচ্ছন্দে থাকে।

### অগ্নি লাগিলে নির্ব্বানের প্রক্রিয়া।

গৃহে অগ্নি লাগিলে কূপ হইতে এক পাত্রপূর্ণ জল তুলিয়া এবং অগ্নিকে সম্মুখে করিয়া দণ্ডায়মান হইয়া তৎকালে যে নাসিকায় শ্বাস বহন হইবে, সেই নাসাপুটে শ্বাস প্রবেশ কালে সেই নাসাপুট দ্বারা ঐ জল এক শ্বাসে পান করিবে তাহা হইলে অগ্নি আর বৃদ্ধি হইবে না এবং শীতল হইয়া নির্ব্বাণ হইবে।

### শত্রুর সহিত মিলনের প্রক্রিয়া।

যদি কেহ শত্রুর সহিত সন্ধি করিবার ইচ্ছা করেন, তবে এক পূর্ণ পাত্র জল লইয়া রবির দিকে সম্মুখ হইয়া দণ্ডায়মান পূর্ব্বক ঐ সময় যে নাসাপুটে শ্বাস বহন হইবে, সেই নাসাপুটে শ্বাসের প্রবেশ কালে সেই নাসাপুট দ্বারা ঐ জল পান করিবে; তাহা হইলে অল্প দিন মধ্যে বৈরীর চিত্ত হইতে বৈরভাব দূর হইয়া মিত্র ভাব উপস্থিত হয়।

### স্বরোদয় সম্বন্ধে মহাদেব ভগবতীকে যাহা বলিয়াছেন তাহা পাঠকগণের জ্ঞাতার্থ নিম্নে প্রকটন করা হইল।

শৃণুত্বং কথিতং দেবি দেহস্য জ্ঞান মুত্তমং।
যেন বিজ্ঞান মাত্রেণ সর্ব্বজ্ঞত্বং প্রজায়তে॥
স্বরে দেবাশ্চ শাস্ত্রাণি স্বরে গন্ধর্ব্বমুত্তমং।
স্বরে সর্ব্বঞ্চ ত্রৈলোক্যং স্বরে আত্মা স্বরূপকঃ।
স্বরহীনোহথ দৈবজ্ঞো নাথ হীনং যথা গৃহং॥
শাস্ত্রহীনো যথা বক্তা শিরহীনঞ্চ যদ্বপুঃ।
নাড়ী ভেদং যথা প্রাণং তত্ত্ব ভেদং তথৈবচ॥
সুষুম্না মিশ্র ভেদঞ্চ যোজানাতি সমুক্তিগঃ।
সাকারে বা নিরাকারে শুভং বায়ু বলে কৃতে॥
কথয়ন্তি শুভং কেচিৎ স্বর জ্ঞানং বরাননে।
ব্রভাণ্ডে খণ্ড পিণ্ডার্থং স্বরেনৈবহি নির্ম্মিতং॥
সৃষ্টি সংহার কর্ত্তাচ স্বরঃ সাক্ষাৎ মহেশ্বরঃ।
স্বর জ্ঞানাৎ পরং মিত্রং স্বর জ্ঞানাৎ পরং ধনং॥
স্বর জ্ঞানাৎ পরং গুহ্যং নবা দৃষ্টং নবা শ্রুতং।
শত্রুং হন্যাৎ স্বরো বর্ণ স্তথা শিব সমাগমঃ॥
লক্ষ্মী প্রাপ্তিঃ স্বরেবর্ণে কীর্ত্তির্বর্ণে স্বরে তথা।
লঘু দীর্ঘং স্বরে বর্ণেস্বনৈশ্চৈব নিবারয়েৎ॥
সর্ব্ব শাস্ত্র পুরণাদি স্মৃতি বেদাঙ্গ পূর্ব্বকং।
স্বর জ্ঞানাৎ পরং মিত্রং নাস্তি কিঞ্চিৎ বরাননে॥
নামরূপাসিকাঃ সর্ব্বে মিথ্যা সর্ব্বৈক বিভ্রমাঃ।
অজ্ঞান মোহিতা মূঢ়া যাবত্তত্বং নবিদ্যতে।
ইদং স্বরোদয়ং শাস্ত্রং সর্ব্বশাস্ত্রোত্তমোত্তমং।
আত্মা ঘট প্রকাশার্থং প্রদীপং কলিকোপমং॥
যস্মৈ কস্মৈ পরস্মৈ বা ন প্রোক্তং প্রশ্নহেতবে।

তস্মাদেতৎ স্বয়ং জ্ঞেয়মাত্মনৈবাত্মনাত্মনি ॥
ন তিথি র্ন চ নক্ষত্রং নাবার গ্রহদেবতাঃ।
ন বিষ্টি র্ন ব্যতীপাতো বিরুদ্ধায়াস্তথৈবচ।
কুযোগোনৈব দেবেশি প্রভবন্তি কদাচন ॥
প্রাপ্তে বরাননে সিদ্ধিং সর্ব্বমেব ফলং শুভং।

অথ যোগশাস্ত্র প্রকরণ।

যোগ শাস্ত্র দ্বারা মনুষ্য ইহকালে আধিব্যাধি বিরহিত হইয়া স্বচ্ছন্দ শরীরে দীর্ঘায়ু হইতে পারে এবং পরকালে পরব্রহ্মের কৃপালাভ করিতে পারে।

দেহ পীড়াদি বিরহিত হইলে স্বাভাবিক মন স্থির থাকে। মন স্থির থাকিলে স্থির মনে যে কার্য্যের উদ্দ্যম করিবে উহাই সিদ্ধি হইয়া থাকে। যে সকল দৈহিক প্রক্রিয়া দ্বারা মনকে স্থির করা যায় উহাকেই যোগ বলে। এবং ঐ যোগ দ্বারা ভূত ভবিষ্যৎ এবং বর্ত্তমান ত্রিকালজ্ঞ হইতে পারা যায়। পুরাকালের মুনি ঋষিগণ কেবল একমাত্র যোগাভ্যাস দ্বারা দীর্ঘায়ু হইয়া নানাবিধ অলৌকিক কার্য্য সম্পাদন করিয়া লোকসমাজে মান্যাস্পদ হইয়া অসীম যশস্বী হইয়াছিলেন। অতএব ঐ যোগ শাস্ত্রের কিয়দংশ এই স্থলে বিবৃত করা হইতেছে। বোধ হয় ইহা পাঠকগণের কৌতূহল চরিতার্থ করিবে এবং দৈহিক স্বাস্থ্য রক্ষা সম্বন্ধেও কিয়ৎ পরিমাণে উপযোগী হইতে পারিবে।

যোগাভ্যাসের প্রথম কার্য্য কুম্ভক অর্থাৎ শ্বাস রোধ। শ্বাস রোধ দ্বারা লোকে দীর্ঘায়ু হইয়া থাকে। শ্বাস প্রশ্বাসই দেহ ক্ষয়ের একমাত্র কারণ, অতএব শ্বাস রুদ্ধ করিতে পারিলেই দেহ যে বহুদিন স্থায়ী হয় তাহাতে সন্দেহ মাত্র নাই। শ্বাস কিরূপে রুদ্ধ করিতে হয় তাহা নিম্নে বর্ণিত হইতেছে।

---

ঘেরণ্ডসংহিতার প্রথম উপদেশ।

নমঃ আদীশ্বরায়ঃ।

আদীশ্বরায়প্রণমামিতস্মৈ
সনোপদেষ্টাদৃঢ়যোগবিদ্বান্।
বিরাজতেপ্রোত্থিত রাজযোগ
মারোঢ়ুমিচ্ছন বিধিযোগএব ॥
একদা চণ্ডকাপালির্গত্বা ঘেরণ্ডকুট্টিমং।
প্রণম্যবিনয়াদ্ভক্ত্যা ঘেরণ্ডংপরিপৃচ্ছতিঃ ॥

শ্রীচণ্ডকাপালিরুবাচ।

ঘটস্থযোগংযোগেশ তত্ত্বজ্ঞানস্য কারণং।
ইদানীং শ্রোতুমিচ্ছামিতদ্বদস্ব যোগেশ্বর ॥

শ্রীঘেরণ্ডউবাচ।

সাধু সাধু মহাবাহো যন্মাত্বং পরিপৃচ্ছসিঃ।
কথয়ামিহিতেবৎস সাবধানোবহধারয়ঃ ॥
নাস্তিমায়াসমংপাশং নহিযোগাৎ পরংবলং।
নাস্তিজ্ঞানাৎ পরোবন্ধুর্নাহঙ্কারাৎ পরোরিপুঃ ॥
অভ্যাসাৎকাদিবর্ণানি যথা শাস্ত্রাণি বোধয়েৎ।
তথাযোগংসমাসাদ্য তত্বজ্ঞানঞ্চলভ্যতে ॥
সুকৃতে দুষ্কৃতে কার্য্যেজায়তে প্রাণিনাংঘটঃ।
ঘটাদুৎপদ্যতেকর্ম্ম ঘটিযন্ত্রং যথা ভ্রমেৎ ॥
ঊর্দ্ধাধোভ্রমতেয়দ্বদ্ঘটিযন্ত্রংগবাংবসাৎ।
তদ্বৎকর্ম্মবসাজ্জীবোভ্রমতেজন্মমৃত্যুভিঃ ॥
আমকুম্ভমিবাম্ভস্থো জীর্ণমানঃসদাঘটঃ।
যোগানলেনদংদহ্য ঘটশুদ্ধিংসমাচরেৎ ॥
শোধনং দৃঢ়তাঞ্চৈব স্থৈর্য্যংধৈর্য্যঞ্চলাঘবং।
প্রত্যক্ষঞ্চ নির্লিপ্তঞ্চ ঘটস্যসপ্তসাধনং ॥
ষট্‌টকর্ম্মণাশোধনঞ্চ আসনেন ভবেৎদৃঢ়ং।
মুদ্রায়াংস্থিরতাচৈব প্রত্যাহারেণধৈর্য্যতা।
প্রণায়ামাল্লাঘবঞ্চ ধ্যানাৎপ্রত্যক্ষমাত্মনি।

সম্যগ্বিধিনানির্লিপ্তশ্চ মুক্তিরেব নসংশয় ॥

শোধনং যথা।—

ধৌতির্বস্তিস্তথানেতিঃ সৌলিকির্ভ্রাটকংতথা।
কপালভাতিশ্চৈতানি ষট্‌কর্ম্মাণি সমাচরেৎ ॥
অন্তর্ধৌতির্দন্তধৌতির্হৃদ্ধৌতিমূলশোধনং।
ধৌতিচতুর্ব্বিধাংকৃত্বা ঘটংকুর্ব্বন্তু নির্ম্মলং॥
বাতসারং বারিসারং বহ্নিসারং বহিষ্কৃতং—
ঘটস্যনির্ম্মলার্থায় অন্তর্ধৌতিশ্চতুর্ব্বিধা ॥

অথ প্রয়োগঃ।

কাকচঞ্চুবদাস্যেন পিবেদ্বায়ুং শনৈঃ শনৈঃ।
চালয়েদুদরং পশ্চাদ্বর্ত্মেন রেচয়েৎশনৈঃ ॥
বাতসারং পরংগোপ্যং দেহনির্ম্মল কারণং।
আকণ্ঠংপূরয়েদ্বারিং বক্ত্রেণপিবতঃশনৈঃ ॥
চালয়েদধবর্ত্মেন উদরাদ্রেচয়েদধঃ।
বারিসারং পরংধৌতিঃ সাধয়েৎ যং প্রযত্নতঃ ॥
মলদেহং শোধয়িত্বা দেবদেহং প্রপদ্যতেঃ।
নাভিগ্রন্থিং মেরুপৃষ্ঠে শতবারঞ্চকারয়েৎ ॥
উদরাময়সংত্যক্তা জঠরাগ্নিং প্রবর্দ্ধয়েৎ।
বহ্নিসারমিদংধৌতির্যোগিনাং যোগসিদ্ধিদং ॥
ইদংধৌতিপরংগোপ্যং দেবানামপিদুর্ল্লভং।
কেবলংধৌতিমাত্রেণদেবদেহংভবেদ্ধবং ॥
কাকিমুদ্রাং শোধয়িত্বা পূরয়েদুদরং মরুৎ।
ধারয়েদর্দ্ধযামস্তু চালয়েদধবর্ত্মণা ॥
নাভিলগ্নং জলেস্থিত্বা শক্তিনাড়ীং বিসর্জ্জয়েৎ।
করাভ্যাং ক্ষালয়েন্নাড়ীং যাবন্মলং বিসর্জ্জনং ॥
তাবৎ প্রক্ষাল্য নাড়ীঞ্চ উদরেবেশয়েৎ পুনঃ।
ইদং প্রক্ষালনং গোপ্যং দেবানামপি দুর্ল্লভং ॥
কেবলং ধৌতি মাত্রেণ দেব দেহো ভবেদ্ধ্রুবং।
যামার্দ্ধং ধারণাশক্তি যাবন্নসাধয়েন্নরঃ ॥
বহিষ্কৃতমহদ্ধৌতি তাবন্নৈব সমাচরেৎ।

দন্তমূলং জিহ্বামূলং বক্ত্রঞ্চকর্ণযুগ্ময়ো ॥
কপালরন্ধ্র পঞ্চৈতে দন্তধৌতি প্রবক্ষয়েৎ।
খদিরেণ কসেনহথ মৃত্তিকায়াঞ্চ শুদ্ধিনা ॥
মার্জ্জয়েৎ দন্তমূলঞ্চ যাবৎ কিল্বিষমাহরেৎ।
দন্তমূলং পরংধৌতি যোগিনাং যোগ সাধনে ॥
নিতং কুর্য্যাৎ প্রাতঃকালে বক্ষয়েদ্দন্ত যোগবিৎ।
দন্তমূলং ধাবনাদি কর্ম্মেষু যোগিনাং যতঃ ॥
অথাত সংপ্রবক্ষ্যামি জিহ্বাশোধন কারণং।
জরামরণ রোগাদি নাশয়েদ্দীর্ঘ লম্বিকাং ॥
তর্জ্জনী মধ্যমানামা অঙ্গুলিত্রয় যোগতঃ।
বেশয়েদ্‌গল মধ্যেতু মার্জ্জয়েল্লম্বিকামূলং ॥
শনৈঃ শনৈঃ মার্জ্জয়িত্বা কফদোষং নিবারয়েৎ।
মার্জ্জয়েন্নবনীতেন দোহয়েচ্চ পুনঃ পুনঃ ॥
তদগ্র লৌহ যন্ত্রেণ কর্ষয়িত্বা শনৈঃ শনৈঃ।
নিত্যং কুর্য্যাৎ প্রযত্নেন রবেরুদয় চান্তকে ॥
এবং কৃতেচনিত্যেচ লম্বিকাং দীর্ঘতাং ব্রজেৎ।
তর্জ্জনীনাঙ্গুলি যোগাৎ মার্জ্জয়েৎ কর্ণবর্ত্তয়ো ॥
নিত্যমভ্যাস যোগেন নাদান্তরং প্রকাশয়েৎ।
বৃদ্ধাঙ্গুষ্ঠেন দক্ষেণ মার্জ্জয়েদ্ভাল রন্ধ্রকং ॥
এবমভ্যাস যোগেন কফরোগং নিবারয়েৎ।
নাড়ী নির্ম্মলতাং জাতি দিব্যং দৃষ্টিং প্রজায়তে ॥
নিদ্রান্তে ভোজনান্তেচ দিবান্তেচ দিনে দিনে।
হৃদ্ধৌতি ত্রিবিধাং কুর্য্যাদ্দন্ত বমন বাসসা ॥
রম্ভাদণ্ডং হরিদণ্ডং বেত্রদণ্ডং তথৈবচ।
হৃন্মধ্যে চালয়িত্বাতু পুনঃ প্রত্যাহরেৎ শনৈঃ ॥
কফপিত্তং তথাক্লেদং রেচয়েদূর্দ্ধ বর্ত্তণা।
দন্তধৌতি বিধানেন হৃদ্রোগং নাশয়ে ধ্রুবং ॥
ভোজনান্তে পিবেদ্বারি মাকণ্ঠং পূর্ণিতং সুধীঃ।
ঊর্দ্ধং দৃষ্টিক্ষণং কৃত্বা তজ্জলং বময়েৎ পুনঃ ॥
নিত্যমভ্যাস যোগোয়ং কফপিত্ত নিবারয়েৎ।
চতুরঙ্গুলবিস্তারং সূক্ষ্মবস্ত্রং শনৈর্গ্রাসেৎ।

পুনঃপ্রত্যাহ বেদেতৎপ্রোচ্যতে ধৌতিকর্ম্মবিৎ ॥
গুল্মজ্বর প্লাহাকুষ্ঠং কফপিত্তং বিনশ্যতি।
আরোগ্যং বলপুষ্টিঞ্চ ভবেত্তস্য দিনে দিনে ॥
অপানং ক্রূরতা যাবত্তাবন্মূলং নশোধয়েৎ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন মূলশোধনমাচরেৎ ॥
পিতমূলস্য দণ্ডেন মধ্যমাঙ্গুলি নাপিবা।
যত্নেন ক্ষালয়েদগুহ্যং বারিনাচ পুনঃ পুনঃ ॥
বারয়েৎ কোষ্টকাঠিন্যং আমাজির্ণং নিবারয়েৎ।
কারণং কান্তিপুষ্টিঞ্চ দীপন বহ্নিমণ্ডলং ॥
জলবস্তিং শুষ্কবস্তিং বস্তিস্যা দ্বিবিধাস্মৃতা।
জলবস্তিজলৈঃ কুর্য্যাৎ শুষ্কবস্তিং সদাক্ষিতৌ ॥
নাভিমগ্নং জলেপায়ুং ন্যস্তনান্নুৎ কটাশনং।
আকুঞ্চন প্রকাশঞ্চ জলবস্তিং সমাচরেৎ ॥
প্রমেহঞ্চ গুদাবর্ত্তং ক্রূরবায়ু নিবারয়েৎ।
ভবেৎস্বছন্দ দেহঞ্চ কামদেব সমোভবেৎ ॥
বস্তিং পশ্চিমভাগেন চালয়িত্বা শনৈরধঃ।
অশ্বিনিমুদ্রায়াবায়ু আকুঞ্চয়েৎ প্রকাশয়েৎ ॥
এবমভ্যাস যোগেন কোষ্ঠদোষং নবিদ্যতে।
বিবর্দ্ধন্তে জঠরাগ্নিং আমবাতং বিনাশয়েৎ ॥
রিস্তিমালং সূক্ষ্মসূত্রং নাসানলৈ প্রবেশয়েৎ।
মুখান্নির্গময়েৎপশ্চাৎ প্রোচ্যতে নেতিকর্ম্মবিৎ ॥
সাধনান্নেতি কর্ম্মঞ্চ খেচরিসিদ্ধি মাপ্নুয়াৎ।
কফদোষং বিনশ্যন্তি দিব্যদৃষ্টি প্রজায়তে ॥
অমন্দ রোগদন্দঞ্চ ভ্রমেদুভয় পার্শ্বয়োঃ।
সর্ব্বরোগং নিহন্তিচ দেহানল বিবর্দ্ধয়েৎ ॥
নির্মেষোন্মেষোসং ত্যক্ত্বা সূক্ষলক্ষং নিবিক্ষয়েৎ।
যাবদশ্রুং নিপাতঞ্চ ত্রাটকং প্রোচ্যতেবুধৈঃ ॥
এবমভ্যাস যোগেন সাম্ভবি জায়তে ধ্রুবং।
নেত্র রোগবিনশ্যন্তি দিব্যদৃষ্টি প্রদায়কং ॥
বাতক্রমেণ ব্যুৎক্রমেণ শিৎক্রমেণ বিশেষতঃ।
ভালভাতি ত্রিধাপ্রোক্তা কফদোষং নিবারয়েৎ ॥
ইড়য়াপূরয়েদ্বায়ুং রেচয়েৎ পিঙ্গলাপুনঃ।
পিঙ্গলায়া পূরয়িত্বা পুনশ্চন্দ্রেণ রেচয়েৎ ॥
পূরকং রেচকং কুর্য্যাৎবেগেন নতুধারয়েৎ।
এবমভ্যাস যোগেন কফদোসং নিবারয়েৎ।
নাসাভ্যাং বারিসংকৃশ্য পুনর্ব্বক্ত্রেন রেচয়েৎ ॥
পায়ং পায়ং ব্যুৎক্রমেণ শ্লেষ্মাদোষং নিবারয়েৎ।
শিৎকৃত্য পিবক্ত্রেণ নাসানালে বিরেচয়েৎ ॥
এবমভ্যাস যোগেন কামদেব সমোভবেৎ।
নজায়তে বার্দ্ধক্যঞ্চ নৈবজরা প্রজায়তে ॥
ভবেৎসচ্ছন্দ দেহঞ্চ কফদোসং নিবারয়েৎ।

---

## অথ ঘেরণ্ড সংহিতার যোগ শাস্ত্রের প্রথম উপদেশ।

নমঃ আদিশ্বরায়ঃ। একদা চণ্ডকপালি নামক জনৈক সাধনাকাঙ্ক্ষী সাধু যোগ শাস্ত্র অভ্যাসের নিমিত্ত মহাযোগী ঘেরণ্ডের কুটীরে সমাগত হইয়া ভক্তিভাবে নমস্কার পূর্ব্বক বিনয় সহকারে প্রশ্ন করেন। হে ভগবন্! তত্ত্বজ্ঞানের কারণ যে শরীরস্থ যোগ তাহা শ্রবণ করিবার অধুনা আমার একান্ত বাসনা হইয়াছে, অতএব যোগেশ্বর! আপনি উহা আমার নিকট প্রকাশ করুন। তদনন্তর মহাসাধু ঘেরণ্ড বলিলেন, হে বৎস! তুমি সাধু, সাধু, কারণ তুমি যোগশাস্ত্র জিজ্ঞাসু হইয়াছ। হে বৎস! তোমার হিতের নিমিত্ত আমি যোগ শাস্ত্র বলিতেছি, তুমি সাবধানের সহিত শ্রবণ কর। যেরূপ মায়ার সম পাশ নাই, অহঙ্কারের সমান রিপু নাই, সেইরূপ জ্ঞানের সমান পরম বন্ধু নাই এবং যোগের সমান পরম বল নাই। হে বৎস! যেরূপ লোকে 'ক' আদি বর্ণ ক্রমে অভ্যাস করিয়া সর্ব্ব শাস্ত্র অবগত হইয়াথাকে, সেইরূপ যোগাভ্যাস দ্বারা লোক তত্ত্বজ্ঞান লাভ করে।

সুকৃতি ও দুষ্কৃতি রূপ পাপ ও পুণ্য ভোগের নিমিত্ত এই স্থূল শরীর সৃষ্টি হইয়াছে। যেরূপ ঘটিকা যন্ত্র ঊর্দ্ধে

এ অধে বারম্বার ঘুরিতেছে, সেইরূপ কর্ম্ম বসে জীব বারম্বার জন্ম ও মৃত্যুর সহিত সাক্ষাৎ করিতেছে। হে বৎস! মনুষ্যের দেহ আম মৃত্তিকা কলশের ন্যায় এবং জীবন জলের ন্যায়। আম মৃত্তিকা কলশে বারি রাখিলে যেরূপ স্বভাবতঃ গলিয়া ক্ষয় হইয়া যায়, সেইরূপ মনুষ্যের দেহও ক্ষয়প্রাপ্তি হইয়াথাকে। অতএব বৎস! যোগানল দ্বারা দেহরূপ কলশকে পুড়াইয়া শুদ্ধি করিতে হয়। হে বৎস! সপ্ত প্রকার সাধন দ্বারা দেহের শোধন হয় যথা,—শোধন, দৃঢ়তা, স্থৈর্য্য, ধৈর্য্য, লাঘব, প্রত্যক্ষ এবং নির্লিপ্ত।

হে বৎস! ষট্‌কর্ম্ম দ্বারা দেহের শোধন করিলে আসনের দৃঢ়তা হয়, মুদ্রা দ্বারা মনের স্থৈর্য্য সম্পাদন হয়, পরিমিত পানাহার দ্বারা মনুষ্য ধৈর্য্য অবলম্বনে সমর্থ হয়, প্রাণায়াম দ্বারা লাঘবতা, ধ্যানের দ্বারা অভীষ্ট দেবের সাক্ষাৎ এবং সমাধি দ্বারা সকল কার্য্য হইতে নির্লিপ্ত হইয়া মুক্তি লাভ হয়।

হে বৎস! শোধন ছয় প্রকার যথা,—ধৌতি, বস্তি, নেতি, শৌলিকি, ত্রাটক এবং কপালভাতি। এই ষট্‌কর্ম্ম সর্ব্বদা আচরণ করিলে দেহের চৈতন্য হয়।

হে বৎস! ধৌতি চারি প্রকার, যথা—অন্তর্ধৌতি, দন্তধৌতি, হৃদ্ধৌতি, এবং মূলশোধন। এই চারি প্রকার ধৌতি দেহকে মল বিহিন করে।

হে বৎস! অন্ত ধৌতি চারি প্রকার, যথা—বাতসার, বারিসার, বহ্নিসার এবং বহিষ্কৃত।

### অথ বাতসার প্রয়োগ।

স্বীয় মুখ কাক চঞ্চুর মত করিয়া; বারম্বার বায়ু পান করিবে এবং ঐ বায়ু উদর মধ্যে চালনা করিয়া মুখের দ্বার বিরেচন করিবে। এই বাতসার অতি গোপনীয় এবং দেহ নির্ম্মলের প্রধান উপায়।

### অথ বারিসার প্রয়োগ।

মুখের দ্বারা আকণ্ঠ পরিপূর্ণ করিয়া জল পান পূর্ব্বক, জল উদর হইতে অধবর্ত্ত দ্বারা বিরেচন করিবে। এই বারিসার প্রধান ধৌতি, যিনি যত্ন পূর্ব্বক সাধন করেন, তাঁহার মলদেহ শোধন হইয়া দেব দেহ হয়।

### অথ বহ্নিসার প্রয়োগ।

শ্বাস রুদ্ধ করিয়া নাভিকে এক শত বার মেরুদণ্ডে সংলগ্ন করিতে হইবে। এই ধৌতি দ্বারা উদরের আমাদি দোষ বিনাশ হইয়া আয়ু বৃদ্ধি হয়। এই ধৌতি অতিসয় গোপনীয়, দেবতার দুল্লভ, যোগীদিগের যোগ সিদ্ধির কারণ এবং এই ধৌতি ফলেই মলদেহ নির্ম্মল হইয়া দেব দেহ সম হয়।

### অথ বহিষ্কৃত প্রয়োগ।

কাকি মুদ্রা অর্থাৎ কাকের ঠোটের মত মুখ করিয়া বায়ু দ্বারা উদর পূর্ণ করিবে এবং অর্দ্ধ যাম ঐ বায়ু উদরে ধারণ করিয়া অধবর্ত্তে চালন করিবে। তৎপরে নাভিদেশ পর্য্যন্ত জলে মগ্ন করিয়া নাড়ী বহিস্কৃত পূর্ব্বক যে পর্য্যন্ত মল সকল সম্পূর্ণরূপে ধৌত না হয় তাবৎ হস্ত দ্বারা প্রক্ষালন করিবে এবং ক্ষালনান্তর পুনর্ব্বার তাহা উদর মধ্যে প্রবেশ করাইবে। এই ধৌতি অতি গোপনীয় এবং দেবতার দুল্লভ। কেবল এই ধৌতি দ্বারাই দেব দেহ প্রাপ্ত হয়। কিন্তু যামার্দ্ধ অর্থাৎ চারি দণ্ড কাল পর্য্যন্ত যে অবধি শ্বাস রোধ করিয়া রাখিতে সক্ষম না হইবে অর্থাৎ সম্যক ধারণা শক্তি দেহে না জন্মিবে সেই কাল পর্য্যন্ত এই ধৌতি পরিচালনা করিবে না।

হে বৎস! দন্ত ধৌতি পাঁচ প্রকার, যথা—দন্তমূল, জিহ্বামূল, রন্ধ্র, কর্ণদ্বার এবং কপাল রন্ধ্র।

### অথ দন্তমূল ধৌতি প্রয়োগ।

খদির রসে কিম্বা মৃত্তিকা দ্বারা দন্তমূল এইরূপ মার্জ্জন করিতে হইবে, যেন উহাতে ক্লেদ মাত্র না থাকে। এই রূপে দন্ত ধাবন করিলে কখন দন্ত পতন হইবে না।

### অথ জিহ্বামূল ধৌতি প্রয়োগ।

তর্জ্জনী, মধ্যমা এবং অনামিকা এই অঙ্গুলিত্রয় গলদেশে প্রবেশ করাইয়া জিহ্বামূল পর্যন্ত মর্জ্জন করিবে। এইরূপ বারম্বার মর্জ্জনে কফ দোষ নিবারণ হইবে। এবং জিহ্বামূল বারম্বার নবনী দ্বারা দোহন করিবে এবং লৌহ যন্ত্র দ্বারা জিহ্বার অগ্রভাগ টানিয়া বহিস্কৃত করিবে।

যিনি নিয়ত যত্ন সহকারে রবির উদয় কালে বা অস্ত কালে এইরূপ প্রক্রিয়া সমাধান করেন তাঁহার জিহ্বা দীর্ঘ হয় এবং জরা মরণ ও রোগাদি বিনষ্ট হয়।

অথ রন্ধ্র ধৌতি প্রয়োগ।

শ্বাস দ্বারা রন্ধ্র মধ্যে জল লইয়া মুখ দ্বারা নিক্ষেপ করিবে এবং শিৎকার দ্বারা মুখমধ্যে জল লইয়া নাসাপুট দ্বারা নিক্ষেপ করিবে। এই ধৌতি অতি গোপনীয়।

অথ কর্ণ ধৌতি প্রয়োগ।

তর্জ্জনী ও অনামিকা অঙ্গুলি দ্বারা কর্ণ কুহর মর্দ্দন করিবে। এইরূপে নিত্য নিত্য মার্জ্জন করিলে নাদান্তর প্রকাশ হইবে।

অথ কপাল রন্ধ্র প্রয়োগ।

দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ দ্বারা কপালরন্ধ্র মর্দ্দন করিতে হইবে। এই যোগাভ্যাস দ্বারা কফ দোষ শান্তি উত্তম দৃষ্টি এবং নাড়ী নির্ম্মল হইবে।

এই ধৌতি প্রতিদিন নিদ্রান্তে, ভোজান্তে অথবা দিনান্তে করিবে।

অথ হৃদ্ধৌতি।

হৃদ্ধৌতি তিন প্রকার, প্রথম রম্ভা দণ্ড, হরিদ্রা দণ্ড অথবা বেত্র দণ্ড মুখের মধ্যে দিয়া হৃদি মধ্যে প্রবেশ করাইয়া কিঞ্চিৎ কাল পরিচালন পুর্ব্বক বাহির করিবে। ইহাতে কফ পিত্ত ও ক্লেদ মুখের দ্বারা নির্গত হইবে। এই ধৌতি দ্বারা হৃদিতে কোন রোগ থাকিলে তাহা নিশ্চয় আরগ্য হইবে।

দ্বিতীয়।—ভোজনান্তে আকণ্ঠ পরিপূর্ণ জল পান করিয়া ক্ষণকাল উর্দ্ধ দৃষ্টিপূর্ব্বক ঐ জল বমন করিবে। নিত্য নিত্য এই ধৌতি করিলে কফ পিত্ত বিনষ্ট হইবে।

তৃতীয়।—চারি অঙ্গুলি পরিমাণ সূক্ষ্ম বস্ত্র ধীরে ধীরে গলধকরণ করিয়া পুনর্ব্বার উহা বাহির করিবে। এই ধৌতি দ্বারা গুল্ম, জ্বর, প্লীহা, কুষ্ঠ, কফ এবং পিত্ত বিনাশ হইবে এবং দিন দিন বল পুষ্টি ও আরগ্য লাভ হইবে।

অথ মূলশোধন।

যে কাল পর্য্যন্ত মূল শোধন না করা হয়, তাবৎ বায়ুর কুটিলতা যায় না। অতএব যত্নপূর্ব্বক মূল শোধন কর্ত্তব্য। হরিদ্রার মূল অথবা মধ্যমাঙ্গুলি দ্বারা জল দিয়া বারম্বার গুহ্য প্রক্ষালন করিবে। ইহা দ্বারা কোষ্ঠের কঠিন্যতা ও আমাজীর্ণ বিনাশ ও কান্তিপুষ্টি এবং বহ্নি মণ্ডলের দীপ্তি হয়।

অথ বস্তি প্রকরণ।

বস্তি দ্বিবিধ 'প্রকার যথ',—জল বস্তি ও শুষ্ক বস্তি। জল বস্তি জলে এবং শুষ্ক বস্তি তটে করিবে। নাভিমগ্ন জলে উৎকটাশনে বসিয়া আকুঞ্চন প্রসারণ পূর্ব্বক জলবস্তি করিবে। ইহাতে প্রমেহ, গুদাবর্ত্ত, ক্রূর বায়ু ও অজীর্ণ বিনাশ হইয়া কামদেব সদৃশ তেজস্বী হয়। তদনন্তর অশ্বিনী মুদ্রা করিয়া আকুঞ্চন প্রকাশ পূর্ব্বক পরিচালন করিবে। এই যোগাভ্যাস দ্বারা কোষ্ঠের কঠিন্যতা, আমবাত বিনাশ এবং জঠর অগ্নি বৃদ্ধি হয়।

অথ নেতিকর্ম্ম।

মার্জ্জিত সূক্ষ্ম সূত্র নাসারন্ধ্রে প্রবেশ করাইয়া মুখ দিয়া বহির্গত করিবে। ইহাকেই নেতি কর্ম্ম বলে। ইহা কফ দোষ, পার্শ্বস্থ রোগ ও দন্দরোগ নিবৃত্তি করিয়া দেহানল বৃদ্ধি করে। এই কার্য্য খেচরী মুদ্রা * সিদ্ধির কারণ এবং ইহা দ্বারা উত্তম দৃষ্টি লাভ হয়।

অথ ভ্রাটক।

নিমেষ পতন না করিয়া সূক্ষ্ম বস্তু লক্ষ পূর্ব্বক নিরীক্ষণ করিবে যাবৎ চক্ষু হইতে জল পতিত না হয়। ইহাকে ভ্রাকট বলে। ইহা দ্বারা নেত্র রোগ ও কফ দোষ নষ্ট এবং উত্তম দৃষ্টি হয়, আর মকৎক্রিয়া ফুৎকার ও উদ্গারে

* যে মুদ্রা দ্বারা অবলম্বন ব্যতিরেকে মনস্থির হয় এবং অবরোধ ব্যতিরেকে বায়ু স্থির হয় এবং অবলোকন ব্যতিরেকে দৃষ্টি স্থির হয়, সেই মুদ্রাকে খেচরী মুদ্রা বলে।

দুর্গন্ধ বিনষ্ট হইয়া সুগন্ধি হয়। এই যোগাভ্যাস দ্বারা সাম্ভবী মুদ্রা * সিদ্ধি হয়।

## অথ শৌলিকি।

বামনাসাপুট দ্বারা বায়ু পূর্ণ করিয়া দক্ষিণ নাসাপুট দ্বারা নির্গত এবং দক্ষিণ নাসাপুট দ্বারা বায়ু পূর্ণ করিয়া বামনাসাপুট দ্বারা রেচন করিবে, কিন্তু বেগ ক্রমে নহে এবং বায়ু অধিকক্ষণ ধারণ করিয়া রাখিতে হইবে না। এই যোগাভ্যাস দ্বারা কফ দোষ নিবারণ হয়।

## অথ কপালভাতি।

নাসাযুগ দ্বারা জল আকর্ষণ করিয়া বারম্বার মুখের দ্বারা ফুৎকার পূর্ব্বক রেচন এবং মুখের দ্বারা শিৎকার পূর্ব্বক জল গ্রহণ করিয়া নাসানল দ্বারা বিরেচন করিবে। এই যোগাভ্যাসের ফলে কফ দোষ বিনষ্ট হয় এবং দেহে বার্দ্ধক্য উপস্থিত হয় না ও জ্বরাদি রোগ উৎপত্তি হয় না। এই যোগ দ্বারা কামদেব সদৃশ রূপবান্ ও তেজস্বী পুরুষ হয়।

ইতি ঘেরণ্ড সংহিতার প্রথম উপদেশ সমাপ্ত।

## যোগাভ্যাস করিতে হইলে যে সকল ক্রিয়ার প্রয়োজন হয় তাহার সংক্ষেপ বিবরণ।

যোগাভ্যাস করিতে বাসনা হইলে যে সমস্ত ক্রিয়ার অভ্যাস আবশ্যক হয়, তাহার সংক্ষেপ বিবরণ যথা।—পঞ্চাঙ্গ যোগ, জপ নিয়ম, অষ্টাঙ্গ যোগ, ষড়ঙ্গ যোগ, হট যোগ, বিচিত্র কুম্ভকাদিনেত যোগ, দণ্ডী যোগ, ধৌতি যোগ, নেউনি যোগ, গজকরুণী যোগ, বস্তি যোগ, নৌলি যোগ, নেতি যোগ, কপালভাতি যোগ, দশবিধ মুদ্রা, যথা—মহামুদ্রা, মহাবন্ধ, মহাবেদ, খেচরী, বন্ধজাল, বিপরীত করণ, বজ্রোনি, মুল বন্ধ, উড্ডীয়মান,এবং শক্তিচালন; ষট্‌চক্রাদি, অর্থাৎ মুলাধার চক্র, স্বাধিষ্ঠান চক্র, মাণিপুর চক্র, অনাহত চক্র, বিশুদ্ধ চক্র, আজ্ঞা চক্র, এবং সহস্রা চক্র, এই সমস্তের বিশেষ বিবরণ ভবিষ্যতে বর্ণিত হইবে।

বিশেষতঃ যোগাভ্যাস করিতে হইলে পথ্যাপথ্যের নিয়ম করিতে হইবে এবং যোগাসন করিয়া শ্বাস প্রশ্বাসের নিয়ম রাখিতে হইবে।

## যোগশাস্ত্র সম্বন্ধীয় সাঙ্কেতিক শব্দ।

অথ শক্তি।—ঊর্দ্ধ শক্তি কণ্ঠ, অধস্থ শক্তি গুহ্যদেশ, এবং মধ্যস্থ শক্তি নাভি।

অথ চক্র।—আধার গুহ্যচক্র, এবং স্বাধিষ্ঠান লিঙ্গ চক্র।

অথ লোক।—শরীরের ঊর্দ্ধদেশ ব্রহ্মলোক, অধঃদেশ পাতাল এবং ঊর্দ্ধ মুল ও অধের অগ্র দ্বারা নির্ম্মিত যে শরীর উহা বৃক্ষাকার।

অথ বায়ু।—হৃদয়ে প্রাণ বায়ু, গুহ্যদেশে অপান বায়ু, নাভিদেশে সমান বায়ু, কণ্ঠে উদান বায়ু এবং সর্ব্ব গাত্রে ব্যান বায়ু। ঊর্দ্ধগত নাগ বায়ু, তীর্থাশ্রিত কুম্ভ বায়ু, ক্ষোভনে ক্রূর বায়ু, জৃম্ভনে দেবদত্তবায়ু এবং নাদঘোষে ধনঞ্জয় বায়ু। শেষ কথিত পঞ্চ বায়ু বাহ্যস্থিত।

অথ নাড়ী।—ইড়া, পিঙ্গলা, সুষুম্না, গান্ধারী, হস্তি-জিহ্বা, প্রসর, অলম্বুষা, এবং যশা। এই অষ্ট নাড়ী দক্ষিণ অঙ্গে স্থিত। কুহু ও শঙ্খিনী নামক দুইটী নাড়ী বাম অঙ্গে অবস্থিত আছে।

এই দশটী প্রধান নাড়ী হইতে বহুসংখ্যক নাড়ী প্রসূত হইয়াছে। মনুষ্য দেহ মধ্যে দ্বিসপ্ততি সহস্র নাড়ী প্রসিদ্ধ আছে ঐ সমস্ত নাড়ী যিনি জ্ঞাত হইয়াছেন, তিনিই যোগী। জ্ঞান নাড়ী নামক নাড়ী যোগ সকলের সিদ্ধদায়িনী।

বিবিধ।—তালু মুলে চন্দ্র, এবং নাভিমুলে সূর্য্য স্থিতি করেন। সূর্য্যাগ্রে বায়ু এবং চন্দ্রাগ্রে মন বাস করেন। এবং চন্দ্রাগ্রে প্রাণ ও সূর্য্যাগ্রে চিত্ত অবস্থান করেন। অতএব যোগ অভ্যাস করিতে হইলে স্থিরাসন হইয়া চিন্তা ও নিদ্রা বর্জ্জিত হইতে হইবে, অন্যথা যোগা-

* যেরূপ বালক ও মুর্খের মন শয্যায় শয়ন না করিয়াও নিদ্রায় অভিভূত থাকে, সেইরূপ অবলম্বন ব্যতিরেকেও যে মুদ্রা বঁধে গমন হয় তাহাকে সাম্ভবী মুদ্রা বলে।

ভ্যাস হইবে না। শিব বলিয়াছেন—পঞ্চভূত হইতে উৎপন্ন যে দেহ সেই দেহ স্থূলরূপী, সূক্ষ্ম দেহ পৃথকভাবে অবস্থিতি করে। এই সূক্ষ্ম দেহ স্বর্গ মর্ত্য এবং পাতালে গমনাগমন করিতে পারে।

অথ প্রাণায়াম বিবরণং।

প্রাণায়ামস্ত্রিধাপ্রোক্তো রেচকুম্ভকপূরকৈঃ।
সহিতঃকেবলশ্চেতি কুম্ভকোদ্বিবিধোমতঃ।
রেচশ্চাপূরকৈঃকার্য্যঃ সবৈসহিতকুম্ভকঃ।
যাবৎকেবলসিদ্ধিঃস্যাৎ সহিতংতাবদভ্যসেৎ।
রেচকংপূরকংত্যক্ত্বা সুখংযদ্বায়ুধারণং।
প্রাণায়ামোঽয়মিত্যুক্তঃ সবৈকেবলকুম্ভকঃ।
গুরূপদিষ্টমার্গেণ প্রাণায়ামংসমাচরেৎ।
যাবদ্বায়ুস্থিতোদেহে তাবজ্জীবিতমুচ্যতে।
মরণন্তস্যনিক্রান্তি স্ততোবায়ুংনিবন্ধয়েৎ।
মলাকুলেষুনাড়ীষু মারুতোনৈবমধ্যগঃ।
কথংস্যাত্তম্মলীভাবঃ কায়শুদ্ধিঃ কথংভবেৎ।

অথ বাঙ্গালানুবাদ।

প্রাণায়াম তিন প্রকার যথা,—রেচক, কুম্ভক এবং পূরক। কুম্ভক দ্বিবিধ প্রকার যথা,—সহিত এবং কেবল। যাবৎ কেবল সিদ্ধি না হয়, তাবৎ রেচক এবং পূরক কুম্ভকের সহিত আচরণ করিবে। রেচক এবং পূরক পরিত্যাগ করিয়া সুখে বায়ু ধারণ করিতে পারার নাম প্রাণায়াম। কেবল দ্বার, কুম্ভক করিবে। গুরুর নিকট হইতে উপদেশ গ্রহণ করিয়া প্রাণায়াম আচরণ করিবে, কারণ যে পর্য্যন্ত বায়ু দেহে অবস্থান করে, তাবৎ কাল জীব জীবিত থাকে, দেহ হইতে বায়ু নিষ্ক্রমণ করিলেই দেহের পতন হয়। মলা এবং কলুষ পূর্ণ নাড়ীর মধ্যে মারুত প্রবেশ করিতে পারে না, অতএব মলযুক্ত যে দেহ তাহা প্রাণায়াম ভিন্ন শুদ্ধি হয় না।

অথ বর্জ্জন ও পথ্য বিবরণং।

তথাবর্জানিবক্ষ্যামি যোগবিঘ্নকরানিচ।
লবণংশর্ষপঞ্চাম্ল মুষ্ণংরুক্ষঞ্চনিন্দকং।
অতীবভোজনংত্যজ্যং স্ত্রিয়াসঙ্গমংবহু।
অগ্নিসেবাতুসংত্যজ্যা ধূর্ত্তগোষ্ঠীবিশেষতঃ।

গ্রহজামলে।

অত্যাহারঃ প্রবাশশ্চ প্রজল্পোনিয়মগ্রহঃ।
জনসংঙ্গশ্চলৌল্যঞ্চ সড়্ভিযোগংপ্রণশ্যতি।

ইতিবর্জ্জনীয়ানি।

উৎসাহানিশ্চয়াদ্ধৈর্য্যা তত্ত্বজ্ঞানাচ্চসাহসাৎ।
জনসঙ্গপরিত্যাগাৎ সড়্ভিযোগোসিসিদ্ধ্যতি।

কট্বম্লতিক্তলবণোষ্ণ হবীতশাকাঃ-
সৌবীরতৈলশর্ষপ মৎস্যমদ্যাঃ।
অজাদিমাংসদধিতক্র কুলথকোলাঃ-
পিন্যাসহিঙ্গুলসুনাদি পথ্যমস্মিন্।

ভোজনমহিতংবিদ্যাৎ পুনরপ্যুষ্ণীকৃতংভোজ্যং।
অতিলবণাশনপললকলন্দশনশাকোৎকটংদুষ্টং॥
বর্জ্জয়েদ্দুর্জ্জনপ্রীতিং বহ্নিতাপস্য সেবনং।
প্রাতঃস্নানোপবাসাদি কায়ক্লেশবিধিংতথা।

ইত্যপথ্যানি।

গোধূমশালিকলায় যবষষ্টিকান্নং-
ক্ষীরাজ্যখণ্ড নবনীতশিতামধূনি।
শুণ্ঠীকণাকণফলাদিকপঞ্চশাকং-
দুগ্ধাদিদিব্যমুদকঞ্চযমীন্দ্রপথ্যং॥
মিষ্টংসুমধুরংস্নিগ্ধংরম্যংধাতুপ্ররোহণং।
মনোঽভিলষিতংভোজ্যং যোগীভোজনমাচরেৎ॥

ইতিপথ্যানি।

## যোগাভ্যাস করিতে যাহা যাহা বর্জ্জন করিতে হইবে এবং পথ্যাপথ্য বর্ণিত হইতেছে।

লবণ, শর্ষপ, উষ্ণ, রুক্ষ এবং মন্দ দ্রব্য, অতি-ভোজন, বহুবার স্ত্রী সঙ্গম, অগ্নি সেবা এবং পরিবারের মধ্যে কেহ ধূর্ত্ত থাকিলে তাহাকে ত্যাগ করিবে। বিদেশ বাস, অত্যাহার, জল্পনা, নিয়ম গ্রহ, জনসঙ্গ এবং বৃদ্ধের সঙ্গ এই ছয় যোগ বিঘ্নের কারণ। অতএব ঐ সকলও পরিত্যাগ করিবে। উৎসাহ, নিশ্চয়, ধৈর্য্য, তত্ত্বজ্ঞান, ভয় ত্যাগ এবং জনসঙ্গ ত্যাগ এই ষষ্ঠ যোগ সিদ্ধির কারণ।

কটু, অম্ল, তিক্ত, লবণ, উষ্ণ, বীতশাক, সৌবীর শর্ষপ তৈল, মৎস্য, মদ্য, অজাদি মাংস, দধি, তক্র কুলত্থ, বদরীফল, পিন্যাস, হিঙ্গুল এবং লসুনাদি আহার করিবে। অহিত ভোজন, শীতল বস্তু পুনর্ব্বার উষ্ণ করিয়া আহার অধিক লবণাহার, পিষ্টক, বেতসবৃক্ষ এবং শাক ও উৎকট ও মন্দ দ্রব্য আহার পরিত্যাগ করিবে। দুর্জ্জন ব্যক্তির প্রীতি এবং বহ্নিসেবা ত্যাগ করিবে। প্রাতঃস্নান উপবাসাদি এবং দৈহিক ক্লেশ করিবে। গোধুম, ধান্য, কলাই, ষষ্টি-প্রকার যবান্ন, দুগ্ধজাত দ্রব্য, নবনীত, মিষ্ট মধু, শুণ্ঠী-কণা, জীরা, ফলাদি ও পঞ্চশাক আহার এবং দুগ্ধাদি এবং পরিষ্কার জল পান করিবে। মিষ্ট, মধুর, স্নিগ্ধ, রম্য ও ধাতু পুষ্টিকারক দ্রব্য এবং যে আহারে অভিলাষ হইবে উক্ত রূপ ভোজ্য যোগীদিগের পথ্য।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কৃত ফলিত
জ্যোতিষের স্বরোদয় এবং যোগাভ্যাস
অধ্যায় সমাপ্ত।



# অথ জ্যোতিষ গণনা।

সূর্য্য গগনমণ্ডলে প্রতি বর্ষে আষাঢ় মাসের শেষে উত্তর দিকে যে কাল পর্য্যন্ত গমন করেন, সেই সীমার নাম উত্তর ক্রান্তি এবং উত্তর ক্রান্তি হইতে যে পর্য্যন্ত দক্ষিণ দিকে গমন করেন তাহার নাম দক্ষিণ ক্রান্তি। এই দুই গতির অপর নাম দক্ষিণায়ণ ও উত্তরায়ণ। অর্থাৎ শ্রাবণ মাস হইতে পৌষ মাস পর্য্যন্ত সূর্য্য উত্তর রেখা হইতে দক্ষিণ রেখায় গমন করেন, তাহার নাম দক্ষিণায়ণ এবং মাঘ মাস হইতে আষাঢ় মাস পর্য্যন্ত সূর্য্য দক্ষিণ রেখা হইতে উত্তর রেখা পর্য্যন্ত গমন করে, তাহার নাম উত্তরায়ণ। এই দুইটী সীমা বা রেখার মধ্যে পৃথিবীর যে অংশ পতিত হয় তাহার নাম মধ্য খণ্ড। এই খণ্ডে ১২ রাশি ও তাহার অন্তর্গত ১০১৬ টী নক্ষত্র দেখিতে পাওয়া যায়। গগনমণ্ডলের মধ্য-খণ্ডের উত্তরে যে অংশ তাহাকে উত্তর-খণ্ড বলে। তাহার মধ্যে ৩৫ রাশি অর্থাৎ পুঞ্জ ও তদন্তুর্গত ১৪৫৬ নক্ষত্র ও দক্ষিণ দিগে যে খণ্ড তাহার নাম উত্তর খণ্ড। তাহার মধ্যে ৪৬ রাশি ও তদন্তর্গত ৯৯৫ নক্ষত্র অবস্থিতি করে। ইহা ইয়ুরোপীয় খগোল বেত্তারা নির্দ্দেশ করিয়া থাকেন। ঐ মধ্য-খণ্ডে যে সমস্ত অচল নক্ষত্র আছে তাহাদিগের কতকগুলি করিয়া এক একটী আকৃতি কল্পনা পূর্ব্বক পুরাকালের জ্যোতির্ব্বিদ পণ্ডিত-গণ কর্ত্তৃক দ্বাদশ ভাগে রাশি চক্র নামে সীমা চিহ্নিত হইয়াছে। ঐ দ্বাদশটী রাশির নাম, মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, এবং মীন। মেষ রাশির প্রথমাংশেই ক্রান্তি পাত হয়। যে দুই দিন সূর্য্য ঐ রেখায় থাকেন সে দুই দিন দিবা ও রাত্রিমান সমান হয়।

বিষুব রেখার উত্তর দিকে ছয়টী রাশি অর্থাৎ মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা ও দক্ষিণদিকে আর ছয়টি রাশি অর্থাৎ তুলা, বিছা, ধনু, মকর, কুম্ভ, মীন তির্য্যক ভাবে অবস্থিত আছে।

পৃথিবী স্বীয় কক্ষে ভ্রমণ করিতে করিতে বৈশাখ মাসে ইং ২১ এ মার্চ্চ দিবসে যখন মীন ও মেষ রাশির মধ্যস্থলে আসিয়া উপস্থিত হন অর্থাৎ যে অংশে রাশি চক্রের সহিত বিষুব রেখার মিলন হইয়াছে সেই অংশের সহিত তখন সূর্য্যের সমসূত্র পাত হয় এবং মীন ও মেষ রাশি ঠিক সূর্য্যের সম্মুখবর্ত্তী হয়। এই সময়ে পৃথিবীর নিরক্ষবৃত্তের উপর সূর্য্য রশ্মি ঠিক সোজা হইয়া পড়ে, এজন্য পৃথিবীর সকল স্থানেই সেই সময়ে দিবা এবং রাত্রিমান সমান হয়। অর্থাৎ যখন সূর্য্য বিষুব রেখাতে অবস্থান করে তখন তাহার ক্রান্তি শূন্য এবং তখন এক মেরু হইতে অপর মেরু অবধি গোলকার্দ্ধ আলোকময় হয়। সূর্য্যের উত্তর ক্রান্তি যত বৃদ্ধি হইতে থাকে ততই উত্তর মেরু অতিক্রম করিয়া সূর্য্যের আলোক বিস্তারিত হইতে থাকে, এবং দক্ষিণ মেরু আলোক বিহীন হয়। এবং সূর্য্যের যত দক্ষিণ ক্রান্তি বৃদ্ধি হইতে থাকে ততই দক্ষিণ মেরু অতিক্রম করিয়া সূর্য্যের আলোক বিস্তারিত হয়, এবং উত্তর মেরু আলোক শূন্য হয়। সূর্য্যের ক্রান্তির পরিমাণ ২৩° ২৮′। বৈশাখ মাসে ইং ২১ এ মার্চ্চ বাসরে সূর্য্য মেষ রাশিতে প্রবেশ করিয়া নিত্য এক অংশের কিছু ন্যূন গমন করিয়া জ্যৈষ্ঠ মাসে ইং ১৯ এ এপ্রেল তারিখে দ্বিতীয় রাশি বৃষ রাশিতে প্রবেশ করে। মেষ রাশির কিঞ্চিৎ পশ্চিম ও ঈষৎ উত্তরে বৃষ রাশি অবস্থিত। সূর্য্য নিত্য এক অংশের ন্যূন গমন করিয়া আষাঢ় মাসে ইং ২০ এ যে দিবসে মিথুন রাশিতে প্রবেশ করে। মিথুন রাশি বৃষ রাশির ঠিক উত্তর পশ্চিম দিকে অবস্থিত। সূর্য্য মিথুন রাশি উত্তীর্ণ হইয়া শ্রাবণ মাসে ইং ১২ এ জুন দিবসে কর্কট রাশিতে প্রবেশ করে। যে স্থানে রাশিচক্রের

সহিত উত্তর ক্রান্তি রেখার মিলন হইয়াছে, সেই স্থান ঐ দিবসে ঠিক সূর্য্যের সম্মুখবর্ত্তী হয়; ইহার পর সূর্য্য আর উত্তর দিকে গমন করে না, এজন্য জোতির্ব্বিদগণ এই সময়কে অয়নান্তকাল বলিয়া থাকেন। সূর্য্য এই রাশির ৩০° অতিক্রম করিয়া ভাদ্র মাসে ইং ২২ এ জুলাই দিবসে সিংহ রাশিতে প্রবেশ করে। এই রাশি কর্কট রাশির দক্ষিণ পশ্চিম ভাগে অবস্থিত। ইহার পর সূর্য্য আশ্বিন মাসে ইং ২২ এ আগষ্ট বাসরে কন্যা রাশিতে প্রবেশ করিয়া থাকে। যেমত মেষ রাশিতে বিষুব রেখার সহিত রাশিচক্রের সংযোগ আছে, সেইরূপ তুলা রাশিতে ও উহাদিগের সংযোগ আছে। মেষ রাশি হইতে তুলা রাশি ১৮০° দূর, এই কারণে মেষাদি ষষ্ঠ রাশি রাশিচক্রের অর্দ্ধেক ভাগ এবং তুলাদি ছয় রাশি ঐ চক্রের অপরার্দ্ধ অংশ।

সূর্য্য কার্ত্তিক মাসে ইং ২৩ এ সেপ্টেম্বর দিবসে তুলা রাশিতে প্রবেশ করিয়া থাকে। ইহার পর বৃশ্চিক রাশি, সূর্য্য এই রাশিতে অগ্রহায়ণ মাসে ইং ২৩ এ অক্টোবর দিবসে প্রবেশ করে। তৎপর সূর্য্য ধনু রাশিতে পৌষ মাসে ইং ২২ নবেম্বর প্রবেশ করে। ইহার পর সূর্য্য মাঘ মাসে ইং ২১ এ ডিসেম্বরে মকর রাশিতে প্রবেশ করে। যে অংশে রাশি চক্রের সহিত দক্ষিণ ক্রান্তিরেখার মিলন হইয়াছে, ঐ অংশ এই দিবসে সূর্য্যের ঠিক সম্মুখবর্ত্তী হয়, এবং এইস্থান হইতে সূর্য্য আর দক্ষিণাভিমুখে গমন করে না; এই কারণে লোকে এই সময়কে দক্ষিণ অয়নান্তকাল বলে। এই রাশির পর কুম্ভ রাশি, ফাল্‌গুন মাসে ইং ২০ এ জানুয়ারি দিবসে সূর্য্য এই রাশিতে প্রবেশ করে। ইহার পর সূর্য্য চৈত্র মাসে ইং ১৯ এ ফিব্রুয়ারি বাসরে মীন রাশিতে প্রবেশ করে।

এইরূপে পুনরায় বৈশাখ মাসে ইং ২১ এ মার্চ্চ তারিখে পৃথিবী মীন ও মেষ রাশির মধ্যস্থলে আসিয়া উপস্থিত হয় এবং বিষুব রেখার সহিত যে অংশে রাশিচক্রের মিলন হইয়াছে সেই অংশ সূর্য্যমণ্ডলের সম্মুখবর্ত্তী হওয়ায় সর্ব্বত্র দিবা রাত্রিমান সমান হয়। প্রকৃতপক্ষে সূর্য্যই যে এক রাশি হইতে রাশ্যন্তরে পূর্ব্বোক্তমতে ভ্রমণ করিয়া থাকে এমত নহে, সচল পদার্থে অবস্থিত হইয়া অচল পদার্থের প্রতি দৃষ্টিপাত করিলে ঐ পদার্থের গতি ভ্রম হয়, সেই ভ্রমবশতঃই ঐরূপ দেখায়; ফলে পৃথিবী উপর্য্যুক্তমতে এক রাশি হইতে অপর রাশিতে গিয়া ক্রমে দ্বাদশ রাশি ভোগ করিয়া এক বৎসরে সূর্য্যকে একবার প্রদক্ষিণ করে।

গগণমণ্ডলের এই তিন খণ্ডে যে সকল নক্ষত্রের বিষয় উপরে উল্লিখিত হইল তদ্ব্যতিরেকেও বিস্তর নক্ষত্র দূরবীক্ষণ যন্ত্র সহকারে দৃষ্টিগোচর হইয়া থাকে।

ভারতবর্ষীয় খগোলবেত্তারা উত্তর ও দক্ষিণ খণ্ডে যে সকলরাশি ও নক্ষত্র আছে তাহার কোন উল্লেখ করেন নাই, সেই নিমিত্ত কোন সংস্কৃত গ্রন্থে এই সকল রাশি-নক্ষত্রের নাম প্রাপ্ত হওয়া যায় না। সংস্কৃত গ্রন্থে কেবল মধ্যখণ্ডস্থ মেষাদি ক্রমে দ্বাদশরাশিভুক্ত সপ্তবিংশতি নক্ষত্রের নাম নির্দ্দেশিত আছে।

এদেশীয় সর্ব্বসাধারণ লোকে জ্ঞাত আছেন যে, অশ্বিনী অবধি রেবতী পর্য্যন্ত কেবল গণিত ২৭ টী নক্ষত্র; ফলে তাহা নহে। সূর্য্যসিদ্ধান্ত প্রভৃতি বিখ্যাত খগোলবেত্তাদিগের মতে অশ্বিনী প্রভৃতি একটী নক্ষত্র নহে; তাহারা কেহ কেহ একটী ও কেহবা ততোধিক নক্ষত্রে বিচরিত যথা।—

১ ম। অশ্বিনী—ইহা ৩টী নক্ষত্রে বিরচিত, এই নক্ষত্র পুঞ্জের নক্ষত্রগুলির অবস্থানের ভাব অশ্বের মস্তকের মত, এই নিমিত্ত ইহার নাম অশ্বিনী।

২ য়। ভরণী—৩টী নক্ষত্র সমষ্টি, এই নক্ষত্রের ভাব ত্রিকোণার।

৩ য়। কৃত্তিকা—৬টী নক্ষত্রে বিরচিত, ইহার আকার খড়ুয়া ঘরের ন্যায়।

৪ র্থ। রোহিণী—৫ টী নক্ষত্র বিশিষ্ট, ইহা শকটাকার।

৫ ম। মৃগশিরা—৩ টী নক্ষত্রযুক্ত, ইহার আকার হরিণের মস্তকের মত।

৬ ষ্ঠ। আর্দ্রা—একটী নক্ষত্র মাত্র, ইহার আকার রত্নের ন্যায়।

৭ ম। পুনর্ব্বসু—৬টী নক্ষত্রযুক্ত, গৃহাকার।

৮ ম। পুষ্যা—দুইটী নক্ষত্রযুক্ত, ইহার আকার চক্রাকার।

৯ ম। অশ্লেষা—৫ টী নক্ষত্র বিশিষ্ট কুলাল চক্রাকার।

১০ ম। মঘা—৫ টী নক্ষত্র যুক্ত বাটীর মত আকার।

১১ শ। পূর্ব্বফল্গুনী—দুইটী নক্ষত্র যুক্ত, ইহার আকার খট্টার ন্যায়।

১২ শ। উত্তরফল্গুনী—২ টী নক্ষত্রযুক্ত, শয্যাকার।

১৩ শ। হস্তা—৭ টী নক্ষত্র যুক্ত; হস্তের মত।

১৪ শ। চিত্রা: কেবল ১ টী নক্ষত্র, ইহার আকার মুক্তাসদৃশ।

১৫ শ। স্বাতি—১ টী নক্ষত্র, প্রবালাকার।

১৬ শ। বিশাখা—৬ টী নক্ষত্রযুক্ত, পুষ্পমালাকার।

১৭ শ। অনুরাধা ৭ টী নক্ষত্র যুক্ত, ইহার আকার জলধারার ন্যায়।

১৮ শ। জ্যেষ্ঠা—৩ টী নক্ষত্র যুক্ত, ইহার আকার কর্ণকুণ্ডল সদৃশ।

১৯ শ। মূলা ১১ টী নক্ষত্রযুক্ত; ইহার আকার সিংহের লাঙ্গুলের মত।

২০ শ। পূর্ব্বাষাঢ়া ৪ টী নক্ষত্র যুক্ত, হস্তি দন্তাকার।

২১ শ। উত্তরাষাঢ়া—৪ টী নক্ষত্র যুক্ত, শস্যাকার।

২২ শ। শ্রবণা—৩ টী নক্ষত্রযুক্ত, ত্রিশূলাকার।

২৩ শ। ধনিষ্ঠা—৫ টী নক্ষত্র যুক্ত, ঢক্কাকার।

২৪ শ। শতভিষা—১০০ নক্ষত্রযুক্ত, মণ্ডলাকার।

২৫ শ। পূর্ব্ব ভাদ্রপদ—দুইটী নক্ষত্রযুক্ত ঘণ্টাকার।

২৬ শ। উত্তরভাদ্রপদ—২ টী নক্ষত্রযুক্ত; ইহা দুই মস্তকযুক্ত মনুষ্যের মত।

২৭ শ। রেবতী—৩২ টী নক্ষত্রযুক্ত, মৃদঙ্গাকার।

উপরি উক্ত ২৭ টী নক্ষত্রের প্রতি নক্ষত্রকে চারি ভাগ করিয়া তাহার নয় নয় পাদে অর্থাৎ ভাগে এক এক রাশি কল্পনা করিয়া দ্বাদশ রাশিতে ঐ নক্ষত্র চক্রকে বিভাগ করা হইয়াছে, তৎপ্রযুক্ত ঐ নক্ষত্র চক্রকেও রাশি চক্র কহা যায়।

অশ্বিনী নক্ষত্রের চারিপাদ আর ভরণী নক্ষত্রের চারিপাদ এবং কৃত্তিকা নক্ষত্রের এক পাদ এই নয় পাদে মেষ রাশির সীমানা নির্দ্দিষ্ট হইয়াছে। কৃত্তিকার শেষ তিনপাদ, রোহিণীর চারি পাদ এবং মৃগশিরার প্রথম অর্দ্ধেক অর্থাৎ দুই পাদে বৃষ রাশি। মৃগশিরার শেষ অর্দ্ধেক, আর্দ্রা ও পুনর্ব্বসু প্রথম তিন পাদে মিথুন রাশি। পুনর্ব্বসুর শেষ পাদে এবং পুষ্যা ও অশ্লেষাতে কর্কট রাশি। মঘা, পূর্ব্বফল্গুনী। এবং উত্তরফল্গুনীর প্রথমপাদে সিংহ রাশির সীমা হয়। উত্তরফল্গুনীর শেষ তিনপাদে, হস্তা ও চিত্রার অর্দ্ধেকে কন্যা রাশির সীমানা হয়। চিত্রার শেষ অর্দ্ধেক আর স্বাতি এবং বিশাখার তিনপাদে তুলা রাশির সীমানা। বিশাখার শেষ পাদে অনুরাধা ও জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পর্য্যন্ত বৃশ্চিক রাশির সীমানা। মূলা ও পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ার একপাদ পর্য্যন্ত ধনু রাশির সীমানা। উত্তরাষাঢ়ার শেষ তিনপাদে ও শ্রবণা ও ধনিষ্ঠার অর্দ্ধেকে মকর রাশির সীমানা। ধনিষ্ঠার শেষ অর্দ্ধেকে এবং শতভিষা ও পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রের তিনপাদে কুম্ভ রাশির সীমানা। পূর্ব্বভাদ্রপদের শেষ পাদে ও উত্তরভাদ্রপদ ও রেবতীর শেষ পাদ পর্য্যন্ত মীন রাশির সীমানা হয়।

## পৃথিবীর আকার এবং গতি।

পৃথিবীর আকার কমলা লেবুর মত গোল। ইহার গতি দুই প্রকার দৈনিক ও বার্ষিক। পৃথিবী আপন কক্ষে প্রায় ৬০ ষাইট দণ্ডে চক্রের ন্যায় যে একবার ঘুরিয়া থাকে, উহাকে উহার আহ্নিক গতি বলা যায়। এই গতি দ্বারা দিবা ও রাত্রি হয়। এই গতি ক্রমেই ষাইট দণ্ড মধ্যে দ্বাদশটী লগ্নের উদয় হইয়া থাকে। পৃথিবীর যে স্থান ঘুরিতে ঘুরিতে ঠিক পূর্ব্ব দিকে যে কোণ রাশির সম্মুখ সংযোগে সম সূত্রে আসিয়া যতক্ষণ পর্য্যন্ত ঐ রাশির সীমা হইতে উত্তীর্ণ না হন, ততক্ষণ পর্য্যন্ত সেই রাশি অর্থাৎ তৎনামাকরণে লগ্নের উদয় বলা

হইয়া থাকে এবং সেই রাশির সীমা হইতে উত্তীর্ণ হইতে যত দণ্ড যত পল লাগে, তাহাকে লগ্নমান কহা যায়। ঐ লগ্নমানকে দুই ভাগ করিলেই রাশিকেও দুই ভাগ করার ফল হয়। এই ভাগকে হোরার ভাগ বলে। বিষম রাশি রবির এবং সম রাশি চন্দ্রের হোরা হয়। ঐ রূপ লগ্নমানকে তিন ভাগ করিলে ঐ রাশিকেও তিন ভাগ করা হয়, তাহার নাম দ্রেক্কাণ। ঐরূপ নয় ভাগ করিলে তাহার নাম নবাংশ এবং দ্বাদশ ভাগ করিলে তাহার নাম দ্বাদাংশ এবং ত্রিশ ভাগ করিলে তাহার নাম ত্রিংশাস হয়। এই যে সকল অংশের নাম উল্লেখ করা হইল, ঐ সকল অংশের অধিপতি এক একটীর একটী গ্রহ এবং গ্রহগণের স্বভাব অনুসারে ভিন্ন ভিন্ন রূপে ফল প্রদান করিয়া থাকেন। এই সকলের নাম ষড় বর্গ।

পৃথিবী পূর্ব্বোক্তরূপে কিঞ্চিৎ বক্রভাবে থাকিয়া ঘুরিতে ঘুরিতে সূর্য্যের চতুপার্শ্বে ৩৬৫ দিনে ১৫ দণ্ডে ৩১ পলে ৩১ বিপলে এব ১৪ চতুর্দ্দশ অনুপলে যে একবার সূর্য্যকে পরিভ্রমণ করে উহাকে উহার বার্ষিক গতি কহে। এই গতিতেই গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত এবং বসন্ত ছয় ঋতু সকলের উৎপত্তি হয়। এই ঋতু সকলের সহিত পৃথ্বীস্থ উদ্ভিদ পদার্থ ইত্যাদির ও মানব দেহের সহিত কি পর্য্যন্ত যোগাযোগ আছে, তাহা সকলেই দেখিতেছেন। পৃথিবীর আহ্নিক ও বার্ষিক ও চন্দ্রের গতিক্রমে বৎসর ঋতু মাস পক্ষ তিথি ও বার ইত্যাদির উৎপত্তি হয়। এই সকলের সহিত মানব দেহের কিরূপ যোগাযোগ আছে, তাহার প্রত্যক্ষ ফল পঞ্চস্বর ৮ ও বর্ণস্বরোদয় ও পবনবিজয় স্বরোদয়ে ও আয়ুর্ব্বেদ শাস্ত্রে স্পষ্ট প্রমাণ আছে, ক্রমে বর্ণিত হইবে।

গ্রহগণ যেরূপ সূর্য্যকে পরিভ্রমণ করে, সূর্য্যও সেইরূপ সমুদয় গ্রহ ও উপগ্রহ সমভিব্যাহারে অন্য এক নক্ষত্রকে পরিভ্রমণ করে। এই জন্য এতৎদেশীয় জ্যোতির্ব্বিদ পণ্ডিতেরা বলেন যে, ৬৬ বৎসর ৮ মাসে বিষুবরেখা এক এক অংশ সরে—তৎপ্রযুক্ত দিবা ও রাত্রি মানের হ্রাস ও বৃদ্ধি হইতেছে। ইহা হইতেই অয়নাংশের গণনা হইয়া থাকে, ঐ অয়নাংশ মতে লগ্নমান সাধারণ পঞ্জিকাতেই লিখিত আছে, তত্রাচ কলিকাতার অয়নাংশ, শোধিত লগ্নমান, হোরার ভাগ, দ্রেক্কাণের ভাগ এবং নবাংশের ভাগাদি করিয়া দৃষ্টান্ত স্বরূপ নিম্নে দেওয়া হইল।

অথ অয়নাংশ।

সূর্য্যের উত্তর এবং দক্ষিণ এই উভয় দিকে গমনের নাম অয়ন। সূর্য্যের গতির বিশেষ ভাগের নাম অয়নাংশ।

শাকমেকাব্ধিবেদোনং দ্বিকৃত্বাদশভির্হরেৎ।
লব্ধং হীনঞ্চ তত্রৈব ষষ্ট্যাপ্তাশ্চায়নাং শকাঃ ॥

প্রাচীন মতে যেরূপ লগ্নমান স্থির হইয়াছিল তাহা বলা হইতেছে।

রামোগবেদৈ র্জলধিস্তু মৈত্রৈ,
র্বাণোরসৈঃ পঞ্চ সাগরৈশ্চখবাণঃ
কুবেদৈ বিষয়োঽঙ্ক যুগ্মৈঃ।
ক্রমোৎ ক্রমান্মেন তুলাদিমানং ॥

অথ অয়নাংশ লগ্ন নিরূপণ।

লগ্নং লগ্নান্তরং কৃত্বা অয়নাংশৈঃ প্রপূরয়েৎ।
খানলৈর্হরতেভাগং মিশ্রয়িত্বা দিনে দিনে ॥

অথ অয়নাংশ লগ্ন নিরূপণের বাঙ্গালা অর্থ।

অর্থাৎ রাম শব্দে ৩, অগ শব্দে ৭, বেদ শব্দে ৪, মেষ রাশি। জলধি শব্দে ৪, মৈত্র শব্দে ১৭, বৃষ রাশি। বাণ শব্দে ৫, রস শব্দে ৬, মিথুন রাশি। পঞ্চ শব্দে ৫, খ শব্দে ০, সাগর ৪, কর্কট রাশি। বাণ শব্দে ৫, কু শব্দে ১, বেদ শব্দে ৪, সিংহ রাশি। বিষয় শব্দে ৫, অঙ্ক শব্দে ৯, যুগ্ম শব্দে ২, কন্যা রাশি। এই ক্রমে লগ্ন ও পল স্থির করিবে। অঙ্ক বিপর্য্যয় করিয়া বসাইবে এবং তুলাদি অবশিষ্ট ছয় রাশি উৎক্রমে বসাইয়া লগ্ন জানিবেন। যথা।—

অথ লগ্নমান।

১। মেষ লগ্ন ৩ দণ্ড ৪৭ পল। ২। বৃষ লগ্ন ৪।১৭ পল।
৩। মিথুন লগ্ন ৫।৬ পল। ৪। কর্কট লগ্ন ৫।৪০ পল।

৫। সিংহ লগ্ন ৫।৪১ পল। ৬। কন্যা লগ্ন ৫।২৯ পল।
৭। তুলা লগ্ন ৫।২৯ পল। ৮। বৃশ্চিক লগ্ন ৫।৪১ পল।
৯। ধনু লগ্ন ৫।৪০ পল। ১০। মকর লগ্ন ৫।৬ পল।
১১। কুম্ভ লগ্ন ৪।১৭ পল। ১২। মীন লগ্ন ৩।৪৭ পল।

জন্ম কিম্বা প্রশ্নকালে এই লগ্ন স্থির করিয়া শুভাশুভ গণনা হইয়া থাকে।

পূর্ব্বে বলা হইয়াছে যে বিষুব রেখা ৬৬ বৎসর ৮ মাসে এক এক অংশ করিয়া সরে। এক্ষণে বিষুব রেখা পশ্চিমে ২০ অংশ ১৮ কলা ২৮ বিকলা সরাতে উত্তরভাদ্রপদের ৩ অংশ ৪৯ কলা ২৪ বিকলার আছে, অতএব এইক্ষণে চৈত্র মাসের এবং আশ্বিন মাসের ১০ দিনে দিবা ও রাত্রি মান সমান হইতেছে। ১০৫৫ বৎসর পূর্ব্বে বৈশাখের ও কার্ত্তিকের ১ তারিখে অয়নন পরিবর্ত্ত হইত এবং ঐ ঐ দিবসে দিবা ও রাত্রি মান সমান থাকিত। বিষুব রেখায় এক এক অংশ সরাতে অয়ন পরিবর্ত্তের অন্যথা হয় এবং এই কারণেই উহাকে অয়নাংশ কহে।

## অথ প্রাচীন লগ্নমান।

| লগ্ন | দিন ভুক্ত | মাস ভুক্ত |
|---|---|---|
| | পল। বিপল | দণ্ড। পল |
| ১। মেষ | ৭।৩৪ | ৩।৪৭ |
| ২। বৃষ | ৮।৩৪ | ৪।১৭ |
| ৩। মিথুন | ১০।১২ | ৫।৬ |
| ৪। কর্কট | ১১।২০ | ৫।৪০ |
| ৫। সিংহ | ১১।২২ | ৫।৪১ |
| ৬। কন্যা | ১০।৫৮ | ৫।২৯ |
| ৭। তুলা | ১০।৫৮ | ৫।২৯ |
| ৮। বৃশ্চিক | ১১।২২ | ৫।৪১ |
| ৯। ধনু | ১১।২০ | ৫।৪০ |
| ১০। মকর | ১০।১২ | ৫।৬ |
| ১১। কুম্ভ | ৮।৩৪ | ৪।১৭ |
| ১২। মীন | ৭।৩৪ | ৩।৪৭ |

এক নক্ষত্র অহোরাত্র মধ্যে ক্রমে দ্বাদশ রাশির উদয় হয়। রাশির প্রথম অংশ উদয় স্থানে উদয় হওয়া অবধি তাহার শেষাংশ উদয় পর্য্যন্ত যত কাল লাগে ঐ কালকে রাশির লগ্ন বলে। ভিন্ন ভিন্ন রাশির লগ্নমান ভিন্ন ভিন্ন, কারণ রাশিচক্রের বক্রতা জন্য ও রাশিগণের স্বীয় স্বীয় অবস্থানের বক্রতানুসারে ভিন্ন ভিন্ন কাল লাগে। এই নিমিত্ত ও দেশ ভেদে ও দর্শনের বক্রতা ও অবক্রতা হেতু লগ্নমানের ভেদ হইয়া থাকে। কিন্তু এক নক্ষত্রদিনের মধ্যে দ্বাদশ লগ্নের উদয় হয় অতএব কোন লগ্নের বৃদ্ধি হইলে অপর লগ্নের হ্রাস হয়। যথা—

বৈশাখ মাসের প্রথমে মেষ, পরে বৃষ, তৎপরে মিথুন ইত্যাদি ক্রমে জ্যৈষ্ঠ মাসের প্রথমে বৃষ পরে মিথুন তৎপরে কর্কট ইত্যাদি ক্রমে, এবং আষাঢ় মাসের প্রথমে মিথুন, শ্রাবণের প্রথমে কর্কট, ভাদ্রের প্রথমে সিংহ, আশ্বিনের প্রথমে কন্যা, কার্ত্তিকের প্রথমে তুলা, অগ্রহায়ণের প্রথমে বৃশ্চিক, পৌষের ধনু, মাঘের প্রথমে মকর, ফাল্গুনের প্রথমে কুম্ভ, চৈত্রের প্রথমে মীন, এই ক্রমে দ্বাদশ-মাসের প্রতিদিনে দ্বাদশ লগ্ন হয়। রবি যে লগ্নে উদয় হন তাহার সপ্তম লগ্নে তিনি অস্ত হন। যে মাসে যতদিন হইবেক সেই মাসীয় উদয় লগ্নকে তত ভাগ করিলে তাহার এক এক ভাগ প্রত্যহ রাত্রি প্রবিষ্ট হইবেক। ঐ ভাগকে রবি ভুক্ত কহে। আর অস্ত লগ্নেরও সেইরূপ ভাগে দিবা প্রবিষ্ট হয়, অতএব মাসের যত লগ্ন দণ্ডের নির্ণয় কর্ত্তব্য হইবেক সেই লগ্ন দিবাতে হইলে উদয় লগ্নের রাত্রি প্রবিষ্ট ভাগ ত্যাগ করিয়া অবশিষ্ট ভাগ গ্রহণ করিয়া উদয় লগ্নের পর, পর লগ্নে যোগ করিলে অভীষ্ট সময়ের লগ্ন নির্ণয় হইবেক। রাত্রিতে লগ্ন নিশ্চয় করিতে হইলে অস্ত লগ্নের দিবা প্রবিষ্ট ভাগ ত্যাগ করিয়া, তাহার পর পর লগ্নের যোগ করিলে সেই সময়ের লগ্ন হইবেক। যেমন আষাঢ় মাসের ২৪ দিনে দিবা ২৪ দণ্ড ৪০ পলের সময়ে কর্ম্ম কর্ত্তব্য হইলে ও আষাঢ়ের মান ৩২ দিন হইলে উদয় লগ্ন মিথুন তাহার মান ৫ দণ্ড ২৮ পল ২০ বিপল হয়, ইহাতে প্রত্যহ রাত্রি প্রবিষ্ট ভাগ ১০ পল ২৫ বিপল হয় ২৪ দিনের রাত্রি প্রবিষ্ট ভাগ দণ্ড ৪।২৬।২০ বিপল

হইল তাহার অবশিষ্ট দণ্ড ১।১২ পল রহিল, তাহার সহিত অপর লগ্ন কর্কট, সিংহ, কন্যা, তুলা যোগ করিলে ২৩ দণ্ড ৩১ পল ৩ বিপল হইবেক। পরে কর্ম্মকালে বৃশ্চিক লগ্ন হইবেক। রাত্রিতে অস্ত লগ্ন হইতে এইরূপ গণনা করিলে রাত্রি লগ্ন নিশ্চয় হইবেক। এই প্রকারে নানাদেশীয় লগ্নমান লইয়া নানা দেশের লগ্ন নিশ্চয় করা কর্ত্তব্য।

অথ রবিভুক্তি ক্রম কথনং।

লগ্নঞ্চ দ্বিগুণং কৃত্বা গণনীয় তথো দিনৈঃ।
ষষ্ঠীভাগেন দণ্ডঞ্চ শেষঞ্চ পলমূচ্যতে॥

অস্যার্থ।

যে লগ্নের গণনা করিবেন সেই মাসে যে লগ্ন হইবে, সেই লগ্নকে দ্বিগুণ করিবেন, করিয়া যত দিনের গণনা করিবেন তাহার গত দিন দিয়া ঐ অঙ্ককে পূরিত করিবেন। পরে যত অঙ্ক হইবেক তাহাকে ষষ্ঠী দিয়া হরিবেন, হরিলে দণ্ড হইবে। আর শেষ যাহা থাকিবেক তাহা পল হইবে।—ইহার স্পষ্ট ভুক্তি প্রতি মাসের দিন প্রতি নিম্নে লিখিত হইল।

অথ মাস সংখ্যা দিনভুক্তি কথনং।
সৌরমানের রাঢ়ীয় মতে।

বৈশাখ মাসের মেষ রাশিস্থ রবি তাহার প্রথম দিনের ভুক্তি ৭।৩৪ বিপল।

রাশি শব্দে লগ্নকে বলে। কর্ম্মকালে রাশি বা লগ্ন স্থির এইরূপ ভুক্তি দিয়া জানিবেন।

জ্যৈষ্ঠ মাসের বৃষ রাশি তাহার প্রথম দিনের ভুক্তি ৮ পল ৩৪ বিপল।

আষাঢ় মাসের রাশি মিথুন ১০ পল ১২।

শ্রাবণ মাসের রাশি কর্কট ১১ পল ২০ বিপল।

ভাদ্র মাসের রাশি সিংহ ১১ পল ২১ বিপল।

আশ্বিন মাসের রাশি কন্যা ১০ পল ৫৮ বিপল।

এই ক্রমেতে ভুক্তি জানিবেন। এবং কার্ত্তিকাবধি তুলা লগ্ন মান উৎক্রমেতে চৈত্র পর্য্যন্ত ঐ রূপে ভুক্তি স্থির করিবেন।

অয়নাংশ মতে মাস সংখ্যা দিনভুক্তি কথনং।

বৈশাখ মাসের মেষ রাশি তাহার প্রথম দিনের রবি ভুক্তি ৮ পল ১২ বিপল।

জ্যৈষ্ঠ মাসের বৃষ রাশি দিন প্রতি ভুক্তি ৯।৩৬ বিপল।

আষাঢ় মাসের মিথুন রাশি দিন প্রতি ভুক্তি ১০ পল ১২ বিপল।

শ্রাবণাসের কর্কট রাশি দিন প্রতি ভুক্তি ১১।১২ বিপল।

ভাদ্র মাসের সিংহ রাশি দিন প্রতি ভুক্তি ১১।৩ বিপল।

আশ্বিন মাসের কন্যা রাশি দিন প্রতি ভুক্তি ১০ পল ৫৮ বিপল।

কার্ত্তিক মাসের তুলা রাশি দিন প্রতি ভুক্তি ১১।৪১ বিপল।

অগ্রহায়ণ মাসের বৃশ্চিক রাশি দিন প্রতি ভুক্তি ১১।২০ বিপল।

পৌষ মাসের ধনু রাশি দিন প্রতি ভুক্তি ১০।৩৬ বিপল।

মাঘ মাসেম মকর রাশি দিন প্রতি ভুক্তি ৯।১০ বিপল।

ফাল্গুন মাসের কুম্ভ রাশি দিন প্রতি ভুক্তি ৭।৫৬ বিপল।

চৈত্র মাসের মীন রাশি দিনের প্রতি ভুক্তি ৭ পল ৩৪ বিপল।

এই ক্রমেতে এক অংশ পরিমাণ লিখিত হইল। কিন্তু যত দিন গত হইবে, ক্রমেতে সেই সকল দিবস দিয়া পূরিত করিয়া, ক্রমে ত্রিশ অংশ ভোগ পূর্ণ হইবে। এই

স্থলে ত্রিংশৎ অংশের ভুক্তি লিখিত হইল। যে স্থানেতে একত্রিংশ দিবস হইবে অথবা দ্বাত্রিংশ দিবস হইবে, সেই স্থানেতে একত্রিংশ অংশ করিবেন অথবা দ্বাত্রিংশ অংশ করিয়া লইবেন। উনত্রিংশ দিবস হইলে উনত্রিংশৎ অংশ করিবেন তবে সূক্ষ্ম হইবে; নতুবা কিঞ্চিৎ স্থূল হইবে। অংশ শব্দে দিবসকে বলে ইতি রবিভুক্তিঃ।

## দেশবিশেষে আধুনিক লগ্নমান।

লগ্নের দণ্ড ও পলকে দ্বিগুণ করিলে যত দণ্ড যত পল হয়, ঐ দণ্ড সংখ্যায় পল, পল সংখ্যায় বিপল প্রতিদিন রবিভুক্তি হয়।

## অয়নাংশ শোধিত লগ্নমান।

পঞ্চাঙ্গুল প্রায় অষ্টম ব্যঙ্গুল ছায়া প্রযুক্ত কলিকাতায় এবং মেদিনীপুরে ও তাহার সমান রেখায় পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

| | | | |
|---|---|---|---|
| মেষ | ৪।৭।৭ | তুলা | ৫।৩৫।২৬ |
| বৃষ | ৪।৩৯।৫০ | বৃশ্চিক | ৫।৪০।৫৭ |
| মিথুন | ৫।২৮।২০ | ধনু | ৫।১৭।৩৯ |
| কর্কট | ৫।৪১।২৬ | মকর | ৩।৫৭।২৬ |
| সিংহ | ৫।৩২।৫১ | কুম্ভ | ৪।৩২।৫৮ |
| কন্যা | ৫।২৯।২০ | মীন | ৩।৪৬।৫০ |

পঞ্চাঙ্গুল প্রায় দ্বাদশ ব্যঙ্গুল ছায়া হেতু নবদ্বীপ বর্দ্ধমান ও ঢাকা এবং তৎসমসূত্র পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

| | | | |
|---|---|---|---|
| মেষ | ৪।৬।৫০ | তুলা | ৪।৪৬।২৪ |
| বৃষ | ৪।৪৯।৪৭ | বৃশ্চিক | ৪।৪১।৩৫ |
| মিথুন | ৫।২৮।৪৯ | ধনু | ৫।১৭।২ |
| কর্কট | ৫।৪০।৩৫ | মকর | ৩।৫৭।৬ |
| সিংহ | ৫।৩৩।২২ | কুম্ভ | ৪।৪২।৪১ |
| কন্যা | ৫।২৯।৪০ | মীন | ৩।৪৭।২০ |

পঞ্চাঙ্গুল প্রায় দ্বাদশব্যঙ্গুল ছায়া হেতু মুর্শিদাবাদে ও তৎসমান পূর্ব্ব পশ্চিমস্থ দেশে আয়নাংশ শুদ্ধ লগ্নমান।

| | | | |
|---|---|---|---|
| মেষ | ৪।৬।৩১ | তুলা | ৫।৩৮।১৫ |
| বৃষ | ৪।৪৯।৩৩ | বৃশ্চিক | ৫।৪০।৪৮ |
| মিথুন | ৫।২৮।৪৬ | ধনু | ৫।১৭।২০ |
| কর্কট | ৫।৪০।৪১ | মকর | ৪।৩৩।৪০ |
| সিংহ | ৫।৩৩।৩৩ | কুম্ভ | ৩।৫৫।৪৯ |
| কন্যা | ৫।৩০।০ | মীন | ৩।৪৬।৯ |

পঞ্চাঙ্গুল প্রায় দ্বাবদশব্যঙ্গুল ছায়া প্রযুক্ত চট্টগ্রামে ও তাহার সমান রেখায় পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

| | | | |
|---|---|---|---|
| মেষ | ৪।৮।৪ | তুলা | ৫।৩৪।২০ |
| বৃষ | ৪।৪৯।৩ | বৃশ্চিক | ৫।৩৯।২৫ |
| মিথুন | ৫।২০।২২ | ধনু | ৫।১৬।৩২ |
| কর্কট | ৫।৪৯।৪০ | মকর | ৪।৩৫।২৬ |
| সিংহ | ৫।৩২।৭ | কুম্ভ | ৩।৫৮।১৮ |
| কন্যা | ৫।২৮।২০ | মীন | ৩।৪৭।৩৯ |

পঞ্চাঙ্গুল প্রায় পঞ্চাশৎব্যঙ্গুল ছায়া প্রযুক্ত রংপুর এবং তাহার সমান পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

| | | | |
|---|---|---|---|
| মেষ | ৪।১।৩৬ | তুলা | ৫।৩১।২৭ |
| বৃষ | ৪।৪৬।২৮ | বৃশ্চিক | ৫।৪৭।৪৭ |
| মিথুন | ৫।২৯।৩৯ | ধনু | ৫।২৬।২৫ |
| কর্কট | ৫।৪৪।৩২ | মকর | ৪।৩১।২৬ |
| সিংহ | ৫।৩৬।৩১ | কুম্ভ | ৩।৫৬।৫ |
| কন্যা | ৫।৩৩।২০ | মীন | ৩।৪৯।৪০ |

ষড়ঙ্গুল প্রায় দ্বি ব্যঙ্গুল ছায়া প্রযুক্ত কুচবিহারে ও তৎসমসূত্রবর্ত্তী পূর্ব্ব পশ্চিমাস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

| | | | |
|---|---|---|---|
| মেষ | ৪।৫৫।৫১ | তুলা | ৫।৩৮।১৬ |
| বৃষ | ৪।৪৫।৪১ | বৃশ্চিক | ৫।৪৮।৩৮ |
| মিথুন | ৫।২০।২১ | ধনু | ৫।২৯।২৮ |
| কর্কট | ৫।৪৫।৩০ | মকর | ৪।৩৫।২৬ |
| সিংহ | ৫।৪১।৪৭ | কুম্ভ | ৩।৫৯।৪০ |
| কন্যা | ৫।৩৮।২০ | মীন | ৩।৩।৪০ |

## অথ স্বদেশাধুনিক অয়নাংশ মতে লগ্নমান ও তাহার ভাগ।

অথ অয়নাংশ শোধিত লগ্নমান হোরা দ্রেক্কাণ মবাংশ দ্বাদাংশ. ত্রিংশাস বিভাগ যথা—

মেষ লগ্নমান ৪।৭।৭ অনুপল হোরা ২।৩।৩৩।৩০। দ্রেক্কাণ ১।২২।২২।২০। নবাংশ ০।২৭।২৭।২৬।৪০ দ্বাদশাংশ ০।২০।৩৫।৩৫। ত্রিংশাংশ ০।৮।১৪।১৪।

বৃষ লগ্নমান ৪।৪৯।৫০। হোরা ২।২৪।৫৫। দ্রেক্কাণ ১।৩৬।৩৬।৪০। নবাংশ ০।৩২।১২।১৩।২০। দ্বদাশাংশ ০।১৪।৯।১০। ত্রিংশাংশ ০।৯।৩৯।৪০।।

মিথুন লগ্নমান ৫।২৮।২০। হোরা ২।৪৪।২০। দ্রেক্কাণ ১।৪৯।২৬।৪০। নবাংশ ০।৩৬।২৮।৫৩।২০। দ্বাদাংশ ০।২৭।২.১।৪০। ত্রিংশাংশ ০।১০ ।৫৬।৪০।।

কর্কট লগ্নমান ৫।৫১।২৬। হোরা ২।৫০।৪৩। দ্রেক্কাণ ১।৫৩।৪৮।৪০। নবাংশ ০।৩৭।৫৬।১৩। দ্বাদাংশ ০।২৮।২৭।১০ ত্রিংশাংশ ০।১১।২১।৫২।।

সিংহ লগ্নমান ৫।৩২।৫১। হোরা ২।৪৬।২৫।৩০। দ্রেক্কাণ ১।৫০।৫৭। নবাংশ ০।৩৬।৫৯। দ্বাদাংশ ০।২৭।৪৪।১৫। ত্রিংশাংশ ০।১১।৫।৪২।।

কন্যা লগ্নমান ৫।২৯।২০। হোরা ২।৫৪।৪০। দ্রেক্কাণ ১।৪৯।৪৬।৪০। নবাংশ ০।৩৬।৩৫।৩৩।২০। দ্বাদাংশ ০।২০।২৭।২৫ ত্রিংশাংশ ০।১০।৫৮।৪০।।

তুলা লগ্নমান ৫।৩৫।২৬। হোরা ২।৪৭।৪৩। দ্রেক্কাণ ১।৫৮।৪৮।৪০। নবাংশ ০।৩৭।১৬।১৩।২০। দ্বাদাংশ ০।২৭।৫৭।১০। ত্রিংশাংশ ০।১১।১০।৫২।

বৃশ্চিক লগ্নমান ৫।৪০।৫৭। হোরা ২।৫০।২৮।৩০। দ্রেক্কাণ ১।৫৩।৩৯। নবাংশ ০।৩৭।৫৩। দ্বাদাংশ ০।২৮।২৪।৪৫। ত্রিংশাংশ ০।১১।২১।৫৪।

ধনু লগ্নমান ৫।১৭।৩৯। হোরা ২।৩৮।৪৯।৩০। দ্রেক্কাণ ১।৪৫।৫৩। নবাংশ ০।৩৫।১৭।৪০। দ্বাদাংশ ০।২৬।২৮।১৫। ত্রিংশাংশ ০।১০।৩৫।১।।

মকর লগ্নমান ৪।৩২।৫৮। হোরা ২।১৬।২৯। দ্রেক্কাণ ১।৩০।৫৯।২০। নবাংশ ০।৩০।১৯।৪৬।৪০ দ্বাদাংশ ০।২২।৪৪।৫০। ত্রিংশাংশ ০।৯।৫।২৬।

কুম্ভ লগ্নমান ৩।৫৭।২৬। হোরা ১।৫৮।৪৩ দ্রেক্কাণ ১।১৯।৮।৪০ নবাংশ ০।২৬।২২।৫৩।২০। দ্বাদাংশ ০।১৯।৪৭। ১০। ত্রিংশাংশ ০।৭।৫৪।৫২।

মীন লগ্নমান ৩।৪৬।৪০। হোরা ১।৫৩।২০। দ্রেক্কাণ ১।১৫।৫।৩৩।২০। নবাংশ ০।২৫।১১।৬।৪০ দ্বাদাংশ ০।১৮।৫৩।২০। ত্রিংশাংশ ০।৭।৩৩।২০।

ঐরূপ বক্রী রাশির গণনা করিয়া যদি এই অয়নাংশ লগ্নমতে গণনাতে ফলাফল না মিলন হয়, তবে বোধ করি যে, ইংরাজিমতে যে তারিখে সূর্য্য যে রাশিতে প্রবেশ করেন, সেই তারিখ অবধি বাঙ্গালা মাস আরম্ভ জ্ঞান করিয়া প্রাচীনকালের লগ্নমান মতে লগ্ন সুস্থির করিয়া গণনা করিলেই মিল হইবে, কেননা যে তারিখে সূর্য্য বিষুব রেখায় স্থিতি হন সেই দিন দিবা রাত্রিমান সমান হয়, সেই অবধিই সূর্য্য মেষ রাশিতে গমন করেন, সুতরাং যত দিন সূর্য্য মেষ রাশিতে স্থিত হইবেন তত দিনই সূর্য্যোদয় মেষ লগ্নে ধরিয়া গণনা করা কর্ত্তব্য। ইহার বিশেষ বিবরণ পরে বর্ণিত হইবে।

## অথ কাল নিরূপণ।

কাল দুই প্রকার এক স্থূল, অপর সূক্ষ্ম। তাহার মধ্যে এক গুরুবর্ণ উচ্চারণে যে কাল লাগে তাহার নাম বিপল, দশ বিপলে এক প্রাণ হয়। এই প্রাণাদিকাল স্থূল, আর শত শত পদ্মপত্র একত্র করিয়া অতি সূক্ষ্মাগ্র সূচি দ্বারা একবারে বিদ্ধ করিলে এক পত্র হইতে অপর পত্রে যাইতে ঐ সূচির যে কাল লাগে তাহার নাম ত্রুটি,

ঐ ত্রুটি প্রভৃতি যে কাল তাহাকে সূক্ষ্ম কহা যায়। নক্ষত্রগণ, সূর্য্য, চন্দ্র এবং ইংলণ্ডীয় মতে ভিন্ন ভিন্ন গ্রহ সকল স্বীয় স্বীয় গতিদ্বারা এই দুই প্রকার কালভেদ নিশ্চায়ক।

অথ নক্ষত্র মান।

সর্ব্বার্ক্ষ পরিবর্ত্তৈশ্চ নাক্ষত্রমিতিচোচ্যতে।

ষাইট অনুপলে এক বিপল, ষাইট বিপলে অথবা ছয় প্রাণে এক পল, ষাইট পলে এক দণ্ড, ষাইট দণ্ডে এক নাক্ষত্র অহোরাত্রি, ত্রিশনাক্ষত্র অহোরাত্রিতে এক নাক্ষত্র মাস, বারো নাক্ষত্র মাসে নাক্ষত্র বৎসর হয়। নাক্ষত্র ৩৬৬ অহোরাত্রি ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপলে এক সৌর বৎসর হয়, অতএব সাবন ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপলে এক নাক্ষত্র অহোরাত্রির অধিক হয়। তারাগণের উদয় দর্শনক্রমে এই নাক্ষত্র কালের নিশ্চয় হয়। কোন বিশেষ নক্ষত্রের উদয় স্থান হইতে পুনর্ব্বার উদয় স্থানে আসিতে তাহার যে কাল লাগে তাহা কোন প্রকারে কোন যন্ত্র দ্বারা স্থির করিলে সেই কালদ্বারা এক নাক্ষত্র অহোরাত্রির পরিমাণ স্থির হয়। এই নাক্ষত্র অহোরাত্রি মান প্রত্যহই সমান থাকে, যেহেতু তারাগণের গতির প্রায় ব্যত্যয় নাই, নাক্ষত্র অহোরাত্রিতে দ্বাদশ লগ্ন হয় তাহার বিশেষ পরে লেখা যাইবেক।

অথ সৌর মান।

আদিত্য রাশি ভোগেন সৌরমাসঃ প্রকীর্ত্তিতঃ॥

এক শত ত্রুটিতে এক তৎপর, ত্রিশ তৎপরে এক নিমেষ, অষ্টাদশ নিমিষে এক কাষ্ঠা, ত্রিশ কাষ্ঠায় এক কলা, ষাইট কলায় এক অংশ, ত্রিশ অংশে এক রাশি এবং বাররাশিতে এক সৌর বৎসর হয়। এক সৌর বৎসরে সূর্য্য দ্বাদশ রাশি ভোগ করেন, প্রত্যেক রাশিতে তিনি যতকাল থাকেন সেই কালে এক এক সৌর মাস হয়। সূর্য্যের গতির শীঘ্রতা ও মন্দতা দ্বারা এই সৌর মাসের হ্রাস বৃদ্ধি হইতেছে। সৌর বৎসরে সাবন ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপল হয়। সূর্য্যের রাশিচক্রে যে সাম্বৎসরিক গতি উহাদ্বারা এক সৌর কাল নির্ণয় হয়।

অথ সাবন মান।

সূর্য্যসিদ্ধান্তে।

সাবনেচ তথা মাসি ত্রিংশৎ সূর্য্যোদয়াঃস্মৃতাঃ।
উদয়াদোদয়াদ্ভানো র্ভৌমসাবনবাসরাঃ॥

তত্রৈব।

সূতকাদি পরিচ্ছেদো দিনমাসাব্দপাস্তথা।
মধ্যমগ্রহভুক্তিশ্চ সাবনেন প্রকীর্ত্তিতা॥

সূর্য্যের এক উদয়াবধি অপর উদয় পর্য্যন্ত যে দিন তাহাকে সাবন দিন বলে। তাহার স্থূল পরিমাণ রবি যে লগ্নে উদয় হন সেই লগ্ন মানের ত্রিশ ভাগের এক ভাগ সহিত নাক্ষত্র ষাইট দণ্ড হয়, কিন্তু সূর্য্যের কখন মন্দ এবং কখন শীঘ্রগতি দ্বারা এবং রাশিচক্রের বক্রিমাহেতু এই সাবন দিনের হ্রাস বৃদ্ধি হয়। অতএব তাহার মানের প্রত্যহই বিভিন্নতা দৃষ্ট হইতেছে, সাম্বৎসরিক সাবন দিন সকলকে সমান করিয়া বিভক্ত করিলে নাক্ষত্র মাসের কিঞ্চিৎ অধিক ষাইট দণ্ডে যে এক এক দিন হয় তাহাকে মধ্যম সাবন দিন কহে। সৌর বৎসরে নাক্ষত্র দিনাপেক্ষায় সাবন একদিন ন্যূন হয়, এই পরিমাণে নাক্ষত্র ও এই মধ্যম সাবন কালের ন্যূনাতিরেক হয়। যে কোন দিনাবধি সাবন ত্রিশদিনে এক সাবন মাস হয়, সেই সাবন বারমাসে এক সাবন বৎসর হয়। এই সাবন বৎসর সৌর বৎসরাপেক্ষায় ৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপল ন্যূন হয়। এই সাবন দিন নাক্ষত্র অহোরাত্রির ন্যায় দণ্ড, পল, বিপল, অনুপলে বিভক্ত হইয়া থাকে।

## অথ চান্দ্রমাস।

বিষ্ণুধর্ম্মোত্তরে চন্দ্রমাঃ কৃষ্ণপক্ষান্তে সূর্য্যেন সহ যুজ্যতে।

সন্নিকর্ষাদথারভ্য সন্নিকর্ষমথাপরং।

চন্দ্রার্কয়োর্বুধৈর্মাস শ্চান্দ্রইত্যভিধীয়তে॥

চন্দ্র আপন গতি ক্রমে ভ্রমণ করিতেছেন। চন্দ্র সূর্য্যের অধঃস্থল হইতে নিসৃতি হইয়া যতক্ষণে সূর্য্য হইতে ১২ অংশ অন্তরে গমন করেন ততক্ষণেই এক তিথি হয়। প্রথম ১২ অংশ গমনে শুক্ল প্রতিপদ, দ্বিতীয় ১২ অংশ গমনে দ্বিতীয়া, এইরূপে সূর্য্য হইতে রাশি চক্রের অর্দ্ধেক অর্থাৎ ১০ অংশ গমনে ১৫ তিথি হয়, এই কয়েক তিথিকে শুক্লপক্ষ বলে। পরে ঐ রূপে ১২ অংশ গমন ক্রমে যে ১৫ তিথিতে চন্দ্র ক্রমশঃ সূর্য্যের নিকটগামী হইয়া সম সূত্রপাতন্যায়ে পুনর্ব্বার সূর্য্যের অধোবর্ত্তী অর্থাৎ নিকটগামী হয়েন সেই ১৫ তিথিকে কৃষ্ণপক্ষ বলে। সূর্য্যাপেক্ষায় চন্দ্র যত ১২ অংশ দূর গমন করেন চন্দ্রের তত কলা দৃষ্ট হয়, আর যত ১৩ অংশ নিকটগামী হন তত কাল অদৃশ্য হয়। সূর্য্যের উভয় পার্শ্বে ১২ অংশের মধ্যে চন্দ্রের অবস্থিতি হইলে তাহার অদর্শন হয়, অতএব কৃষ্ণ চতুর্দ্দশীর শেষাবধি শুক্ল প্রতিপদের শেষ পর্য্যন্ত চন্দ্র দর্শন হয় না। চন্দ্র আপন গতিক্রমে সূর্য্য হইতে ১২ অংশ দূর যাইবার মধ্যে সূর্য্য আপন গতিক্রমে প্রায় ১ অংশ চন্দ্রের নিকটস্থ হন, ঐ ১ অংশ গমনে চন্দ্রের যে কাল লাগে তাহার সহিত চন্দ্রের ১২ অংশ গমনের কালকে ঐক্য করিলে প্রায় ৫৯ দণ্ড হয়, ইহাতে চন্দ্রের গতি প্রায় ১৩ অংশ ১০৷৷০ কলা হইবেক, কিন্তু চন্দ্র ও সূর্য্যের কদাচিৎ মন্দগতি ও কদাচিৎ শীঘ্র গতি প্রযুক্ত তিথিমানের হ্রাস বৃদ্ধি হইতেছে। ১ তিথিতে ১ চান্দ্র দিন, ৩০ তিথিতে ৩ চান্দ্র মাস ১২ চান্দ্র মাসে ১ চান্দ্র বৎসর হয়। চান্দ্র মাস তিন প্রকার হয়, শুক্ল প্রতিপদ অবধি অমাবস্যা পর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে মুখ্য চান্দ্র এবং কৃষ্ণ প্রতিপদ অবধি পূর্ণিমা পর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে গৌণ চান্দ্র এবং শুক্লপক্ষীয় বা কৃষ্ণপক্ষীয় যে কোন তিথি হইতে আরম্ভ করিয়া তাহার পূর্ব্বের তিথি পর্য্যন্ত যে ত্রিশ তিথি করিয়া গণনাকরা হয় তাহাকে চান্দ্র সাবন মাস কহা যায়।

## অথ নাক্ষত্রাদি কালের ব্যবস্থা।

নাক্ষত্র দিনের দ্বারা পরমায়ু ও দশা গণনা হয়, সাবন গণনাক্রমে অশৌচ, প্রায়শ্চিত্ত, গর্ব্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাশন, চূড়াকরণাদি গণনা হয়। সৌর গণনাক্রমে যাত্রা ও বিবাহের মাস গণনা হইয়া থাকে এবং যে কর্ম্মে রাশির উল্লেখ থাকে তাহাও সৌর গণনাক্রমে কর্ত্তব্য হয়। স্মৃতি উক্ত শ্রাদ্ধাদি নানা কর্ম্মের মধ্যে কোন কোন কর্ম্ম মুখ্য চান্দ্রে ও দুর্গোৎসবাদি কোন কোন কর্ম্ম গৌণ চান্দ্রে সমাধিত হয় এবং প্রেতঃশ্রাদ্ধে মাস ও বৎসর গণনা ক্রমে চান্দ্র সাবনেই নিষ্পন্ন হয়।

## অথ যুগাদি নিরূপণ।

সৌর মাসের দুই মাসে এক ঋতু, তিন ঋতুতে এক অয়ন, দুই অয়নে এক বৎসর হয়। মনুষ্যদিগের এক বৎসরে দেবতা ও অসুরদিগের এক দিন এক রাত্রি হয়, তাহার মধ্যে দেবতাদিগের উত্তরায়ণ দিন এবং দক্ষিণায়ণ রাত্রি। অসুরদিগের দক্ষিণায়ণ দিন ও উত্তরায়ণ রাত্রি। ৪৩২০০০ সৌর বৎসরে কলিযুগ, তাহার দ্বিগুণে অর্থাৎ ৮৬৪০০০ বৎসরে দ্বাপর যুগ, তিনগুণে অর্থাৎ ১২৯৬০০০ বৎসরে ত্রেতাযুগ, চতুর্গুণে অর্থাৎ ১৭২৮০০০ বৎসরে সত্যযুগ হয়। ফলতঃ এই চারি যুগকে এক মহাযুগ কহা যায়, ইহাতে দেবতাদিগের ১২ হাজার বৎসর হয়। এইরূপ ৭১ মহাযুগে এক মন্বন্তর হয়। তাহার শেষ সত্যযুগের পরিমাণে ১৭২৮০০০ সাবন বৎসর সন্ধিকাল হয়। এইরূপ সন্ধিকাল সহিত চতুর্দ্দশ মন্বন্তরে ব্রহ্মার এক দিবস, অর্থাৎ এক কল্প হয় এবং কল্পের মানে ১০০০ মহাযুগ হয়।

### বার প্রকরণ।

রবিঃ সোমো মঙ্গলশ্চ বুধো জীবঃ সিতঃ শনিঃ।
এতেষাং নামতো বারাঃ সপ্তৈব কথিতাঃ পুরা ॥

### শুভাশুভ বার কথনং।

শুক্রেন্দু বুধজীবানাং বারাঃ সর্ব্বত্র শোভনাঃ।
ভানুভূসুতমন্দানাং শুভকর্ম্মসু কেষ্বপি ॥

নৃপাভিষেকোনৃপতিপ্রয়াণং
নৃপস্য কার্য্যং নৃপদর্শনঞ্চ।
যচ্চাগ্নিকার্য্যং ভুবি কিঞ্চিদুক্তং
সর্ব্বং তদাদিত্য দিনে প্রশস্তং ॥
ভেদাভিঘাতং নগরে পুরে বা
সেনাপতিত্বঞ্চ তথৈব রাজ্ঞাং।
ব্যয়াম শস্ত্র ব্যসনানি চৌর্য্যং
কুর্য্যাৎ দিনে ভূমিসুতস্য সর্ব্বং ॥
স্থাপ্যং সমাপ্যং ক্রতুযূপকার্য্যং
গৃহপ্রবেশং গজবাজি বাহং।
গ্রামে প্রবেশং নগরে পুরে বা
কুর্য্যাদ্দিনে সূর্য্যসুতস্য সর্ব্বং ॥

ইতি বারকথনং।

### বারবেলা ও কালবেলা।

রবৌ বর্জ্জং চতুঃ পঞ্চ সোমে সপ্তদ্বয়ং তথা।
কুজে ষষ্ঠদ্বয়ঞ্চৈব বুধে বাণ তৃতীয়কং ॥
গুরৌ সপ্তাষ্টকঞ্চৈব ত্রিচত্বারিচ ভার্গবে।
শনাবাদ্যং তথাচান্ত্যং ষষ্ঠঞ্চ পরিবর্জ্জয়েৎ ॥

### কালরাত্রি ও কুলিকরাত্রি।

রবৌ রসাব্ধী সিতগৌ হয়াব্ধী
দ্বয়ং মহীজে বিধুজে শরাশ্বৌ।
গুরৌ শরাষ্টৌ ভৃগুজে তৃতীয়ং
শনৌ রসাদ্যন্তমিতি ক্ষপায়াং ॥

### বাঙ্গালানুবাদ।

#### বারপ্রকরণ।

১ রবিবার ২ সোমবার ৩ মঙ্গলবার ৪ বুধবার ৫ বৃহস্পতিবার ৬ শুক্রবার ৭ শনিবার।

#### শুভাশুভ বার।

শুক্র, সোম, বুধ ও বৃহস্পতিবার সর্ব্ব কর্ম্মে শুভ; শনি, রবি ও মঙ্গলবার কোন কোন কর্ম্মে শুভ।

রাজার অভিষেক, রাজার যাত্রা, রাজকার্য্য, রাজদর্শন ও অগ্নিকার্য্য এই সকল কর্ম্ম রবিবারে প্রশস্ত।

ভেদাভিঘাত, সেনাপতিদিগের রাজাজ্ঞা পালন নগর এবং পুরবাসীদিগের দণ্ড ইত্যাদি, পঞ্চদশ প্রকার ব্যায়াম, আহার গম্প প্রভৃতি এবং চৌর্য্যকর্ম্ম, এই সকল কার্য্য মঙ্গল বারে প্রশস্ত।

স্থাপন করা, কোন কার্য্য সমাপন করা, পুণ্যকর্ম্মাদি করা, গৃহ প্রবেশ, হস্তিতে আরোহণ করা, অশ্বারোহণ করা, গ্রামপ্রবেশ এবং নগর ও পুরঃ প্রবেশ এই সকল কর্ম্ম শনিবারে প্রশস্ত।

#### বারবেলা ও কালবেলা নিরূপণ।

দিনমান এবং রাত্রিমানকে আট আট ভাগ করিলে তাহার এক এক ভাগকে যামার্দ্ধ কহা যায়, সেই যামার্দ্ধভাগে বারবেলা ও কালবেলা হয়।

রবিবারে দিবসের চতুর্থভাগ বারবেলা ও পঞ্চমভাগ কালবেলা, রাত্রির ষষ্ঠভাগ কালবেলা।

সোমবারে, দিবসের সপ্তমভাগ বারবেলা ও দ্বিতীয়ভাগ কালবেলা, রাত্রিতে চতুর্থভাগ কালবেলা।

মঙ্গলবারে, ষষ্ঠভাগ বারবেলা, দ্বিতীয়ভাগ কালবেলা-রাত্রিতে দ্বিতীয়ভাগ কালবেলা।

বুধবারে পঞ্চমভাগ বারবেলা, তৃতীয়ভাগ কালবেলা, রাত্রিতে সপ্তমভাগ কালবেলা।

বৃহস্পতিবারে অষ্টমভাগ বারবেলা, সপ্তমভাগ কালবেলা, রাত্রিতে পঞ্চমভাগ কালবেলা।

শুক্রবারে তৃতীয়ভাগ বারবেলা, চতুর্থভাগ কালবেলা রাত্রিতে তৃতীয়ভাগ কালবেলা।

শনিবারে ষষ্ঠভাগ বারবেলা, প্রথমভাগ এবং শেষভাগ কালবেলা, রাত্রিতে প্রথমভাগ এবং শেষভাগ কালবেলা।

এই বারবেলা ও কালবেলাতে যাত্রা করিলে মৃত্যু, বিবাহে বৈধব্য, উপনয়ণে ব্রহ্মহত্যা পাপ এবং অন্যান্য তাবৎ শুভকর্ম্মে দোষ হয়।

## অথ তিথি।

### তত্রাদৌ তিথিনামান্যাহ॥

প্রতিপচ্চ দ্বিতীয়াচ তৃতীয়াচ ততঃ পরং।
চতুর্থী পঞ্চমী ষষ্ঠী সপ্তমী অষ্টমী তথা॥
নবমী দশমী চৈকাদশীচ দ্বাদশী তথা।
ত্রয়োদশী চতুর্দ্দশ্যৌ পূর্ণিমাচ সিতে তথা॥

### শুক্লা তিথি।

১ প্রতিপদ। ২ দ্বিতীয়া। ৩ তৃতীয়া। ৪ চতুর্থী। ৫ পঞ্চমী। ৬ ষষ্ঠী। সপ্তমী। ৮ অষ্টমী। ৯ নবমী। ১০ দশমী ১১ একাদশী। ১২ দ্বাদশী। ১৩ ত্রয়োদশী। ১৪ চতুর্দ্দশী। ১৫ পূর্ণিমা।

### কৃষ্ণা তিথি।

১৬ প্রতিপদ। ১৭ দ্বিতীয়া। ১৮ তৃতীয়া। ১৯ চতুর্থী। ২০ পঞ্চমী। ২১ ষষ্ঠী। ২২ সপ্তমী। ২৩ অষ্টমী। ২৪ নবমী। ২৫ দশমী। ২৬ একাদশী। ২৭ দ্বাদশী। ২৮ ত্রয়োদশী। ২৯ চতুর্দ্দশী। ৩০ অমাবস্যা।

ইংরাজী মতে অমাবস্যাদি তিথি গণনার নিয়ম নিম্নভাগে দর্শাইতেছি। তদ্বিবরণ এই —যদিও ইহাতে কেবল ১৯ বৎসরের তিথির গণনা আছে কিন্তু ইহাতে এক শত বৎসর পর্য্যন্ত গণনা হইতে পারে। কেবল ১৮৭১ স্থানে ১৮৯০ ও ৭২ স্থানে ৯১ ইত্যাদিরূপে সন পরিবর্ত্তন করিলেই হইবে। প্রতিমাসের স্তম্ভের অঙ্ক পরিবর্ত্তন করিতে হইবে না। এক্ষণে কিরূপে তিথির গণনা করিতে হয়, তাহার নিয়ম লিখিতেছি।

| সন | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রেল | মে | জুন | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নবেম্বর | ডিসেম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮৭১ | ৯ | ১১ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৭ | ১৭ | ১৯ | ১৯ |
| —৭২ | ২০ | ২২ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৮ | ২৮ | ০ | ০ |
| —৭৩ | ১ | ৩ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ | ৯ | ১১ | ১১ |
| —৭৪ | ১২ | ১৪ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ২০ | ২০ | ২২ | ২২ |
| —৭৫ | ২৩ | ২৫ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ১ | ১ | ৩ | ৩ |
| —৭৬ | ৪ | ৬ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১২ | ১২ | ১৪ | ১৪ |
| —৭৭ | ১৫ | ১৭ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২৩ | ২৩ | ২৫ | ২৫ |
| —৭৮ | ২৬ | ২৮ | ২৭ | ২৮ | ২৯ | ০ | ১ | ২ | ৪ | ৪ | ৬ | ৬ |
| —৭৯ | ৭ | ৯ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৫ | ১৫ | ১৭ | ১৭ |
| —৮০ | ১৮ | ২০ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৬ | ২৬ | ২৮ | ২৮ |
| —৮১ | ০ | ২ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৮ | ১০ | ১০ |
| —৮২ | ১১ | ১৩ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৯ | ১৯ | ২১ | ২১ |
| —৮৩ | ২২ | ২৪ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ০ | ০ | ২ | ২ |
| —৮৪ | ৩ | ৫ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১১ | ১১ | ১৩ | ১৩ |
| —৮৫ | ১৪ | ১৬ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২২ | ২২ | ২৪ | ২৪ |
| —৮৬ | ২৫ | ২৭ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ০ | ১ | ৩ | ৩ | ৫ | ৫ |
| —৮৭ | ৬ | ৮ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৪ | ১৪ | ১৬ | ১৬ |
| —৮৮ | ১৭ | ১৯ | ১৮ | ১৯ | ০ | ২১ | ২২ | ২৩ | ২৫ | ২৫ | ২৭ | ২৭ |
| —৮৯ | ২৮ | ০ | ২৯ | ০ | ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৬ | ৮ | ৮ |

প্রথম বিধি। যে সনের যে মাসের নিম্নে যে অঙ্ক আছে সেই অঙ্ক যে মাসের তিথির আবশ্যক হইবে সেই মাসের তারিখ ঐ অঙ্কের সহিত একুন করিলে যে অঙ্ক হইবে তাহাই তিথির সংখ্যা। প্রমাণ, অনুক্রমণিকার ১৮৭১ সনের জুন মাসের স্তম্ভের ১৩ অঙ্ক ঐ মাসের ২ তারিখ দিয়া একুন করিলে ১৫ হয় এতাবতা ২ তারিখে পূর্ণমাসি। যদি ৩০ হয় তবে তাহা বর্জ্জন করিবে।

**অমাবস্যার দিন নিরূপণের বিধি।**—উপরের অনুক্রমণিকার সনের পুর ভাগে যে অঙ্ক আছে তাহা ৩০ হইতে বাদ দিলে যাহা বক্রী থাকিবে সেই সংখ্যক দিন অমাবস্যা যথা,—১৮৭১ সনের জুন মাসের স্তম্ভের ১৩ অঙ্কের উপরে ৩০ রাখিয়া বাদ দিলে ১৭ বক্রী থাকে সুতরাং জুনমাসের ১৭ বাসরে অমাবস্যা।

তিথ্যধিপ কথনং।

অগ্নিঃ প্রজাপতি গৌরী গণেশোঽহিগু‌র্হো রবিঃ।
শিবো দুর্গা যমো বিশ্বো হরিঃ কামোহরঃ শশী॥
পিতরঃ প্রতিপদাদীনাং তিথিনামধিপাঃ ক্রমাৎ॥

প্রতিপদাদীনাং পৌর্ণমাস্যমাবস্যান্তানাং তিথিনাং ক্রমাদগ্ন্যাদয়োঽধিপা জ্ঞেয়াঃ। অহিঃ সর্পগুহঃ কার্ত্তিকেয়ঃ প্রয়োজনন্তু তত্তদ্দেবতা পূজাদৌ জ্ঞেয়মিতি।

অথ নন্দাদি।

প্রতিপদেকাদশীষষ্ঠী নন্দা জ্ঞেয়া মনীষিভিঃ।
দ্বিতীয়াদ্বাদশী চৈব ভদ্রা প্রোক্তা চ সপ্তমী॥
ত্রয়োদশ্যষ্টমী চৈব তৃতীয়া চ তথা জয়া।
চতুর্থীনবমী চৈব রিক্তা চতুর্দ্দশী তথা॥
পঞ্চমী দশমী চৈব অমাবস্যা চ পূর্ণিমা।
পূর্ণা চ তিথয়ঃ প্রোক্তাঃ সর্ব্বদা চ মনীষিভিঃ॥

অথ তিথির অধিপতি।

শুক্ল ও কৃষ্ণ পক্ষের প্রতিপদ তিথির অধিপতি অগ্নি দ্বিতীয়ার প্রজাপতি, তৃতীয়ার গৌরী, চতুর্থীর গণেশ, পঞ্চমীর অহি অর্থাৎ সর্প, ষষ্ঠীর গুহ অর্থাৎ কার্ত্তিক, সপ্তমীর রবি, অষ্টমীর শিব, নবমীর দুর্গা, দশমীর যম, একাদশীর বিশ্ব, দ্বাদশীর হরি, ত্রয়োদশীর কাম, চতুর্দ্দশীর হর, পূর্ণিমা ও অমাবস্যার অধিপতি শশী।

প্রতিপদ, ষষ্ঠী ও একাদশীর নাম নন্দা; দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী ভদ্রা; অষ্টমী, তৃতীয়া ও ত্রয়োদশী জয়া; চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী রিক্তা এবং অমাবস্যা, পঞ্চমী, দশমী ও পূর্ণিমার নাম পূর্ণা তিথি।

অথ মাসদগ্ধা ও তৎফল কথনং।

দ্বিতীয়া মীন ধনুষোশ্চতুর্থী বৃষকুম্ভয়োঃ।
মেষকর্কটয়োঃ ষষ্ঠীকন্যামিথুনকেঽষ্টমী।
দশমী বৃশ্চিকে সিংহে দ্বাদশী মকরে তুলে॥
মেষেদিনেশে নৃযুগে ধনুস্থে
যুকে মৃগেন্দ্রে কলসে চ শুক্লা।
কুলীরকন্যালি মৃগাস্যমীন
বৃষেষু কৃষ্ণাস্তিথয়ঃ প্রদগ্ধা॥

এভির্যাতো ন জীবেত যদি শক্রো সমো ভবেৎ।
বিবাহে বিধবা নারী যাত্রায়াং মরণং ধ্রুবং॥
কৃষ্যারম্ভে ফলং নাস্তি বিদ্যারম্ভে চ মূর্খতা।
সঙ্গমে গর্ভপাতঃ স্যাৎ বাণিজ্যে মূলনাশনং।
শুভকর্ম্মাণি সর্ব্বাণি নৈব কুর্য্যাৎ বিচক্ষণঃ॥

বৈশাখ মাসের শুক্লপক্ষের ষষ্ঠী, আষাঢ়ের শুক্লাষ্টমী, ভাদ্রের শুক্লাদশমী, কার্ত্তিকের শুক্লাদ্বাদশী, পৌষের শুক্লাদ্বিতীয়া ও ফাল্গুণের শুক্লাচতুর্থী মাসদগ্ধা হয় এবং শ্রাবণের কৃষ্ণাষষ্ঠী, আশ্বিনের কৃষ্ণাষ্টমী, অগ্রহায়ণের কৃষ্ণাদশমী, মাঘের কৃষ্ণাদ্বাদশী, চৈত্রের কৃষ্ণাদ্বিতীয়া, জ্যৈষ্ঠের কৃষ্ণাচতুর্থী মাসদগ্ধা হয়।

এই মাসদগ্ধাতে যে ব্যক্তি জন্মগ্রহণ করে অথবা যাত্রা করে সে ব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও তথাপি তাহার মরণ হয় এবং বিবাহে বিধবা, কৃষিকর্ম্মে ফলের অভাব, বিদ্যারম্ভে মূর্খ, স্ত্রীসঙ্গমে গর্ভপাত ও বাণিজ্যে মূল ধনের নাশ হয়, অতএব পণ্ডিতেরা ইহাতে কোন শুভকর্ম্ম করিবে না।

### অথ নক্ষত্র কথনং।

অশ্বিনী ভরণী চৈব কৃত্তিকা রোহিণী তথা।
মৃগশীর্ষং তথৈবার্দ্রা তথৈবোক্তা পুনর্ব্বসুঃ॥
পুষ্যাশ্লেষামঘাচৈব পূর্ব্বফলগুণ্যুত্তরফল্‌গুণী।
হস্তাচিত্রা তথা স্বাতি বিশাখাচানুরাধিকা॥
জ্যেষ্ঠা মূলা তথা প্রোক্তা পূর্ব্বাষাঢ়া তথোত্তরা।
শ্রবণাচ ধনিষ্ঠাচ শতভিষা কথিতা পরা
পূর্ব্বভাদ্রোত্তরভাদ্রৌচ রেবতীচ ভসংজ্ঞকাঃ॥

ইতি নক্ষত্র কথনং।

### নক্ষত্রাধিপতি।

অশ্বি যম দহন কমলজ শশি শূলভৃৎ অদিতি জীব ফণি পিতরোযোন্যর্য্যমা দিনকৃৎ ত্বষ্টি পবন শক্রাগ্নি মিত্রাশ্চ শক্রো নিঋতিস্তোয় বিশ্ববিরিঞ্চি হরির্ব্বসুর্ব্বরুণোঽজপাদোঽহির্ব্রধ্নঃ পূষাচেতীশ্বরা-ভাণাং।

ইতি নক্ষত্রাধিপ কথনং।

### অথোর্দ্ধমুখ নক্ষত্রাণি।

আর্দ্রা পুষ্যা ধনিষ্ঠা চ শতাখ্যা শ্রবণা তথা।
রোহিণীত্যুত্তরা চৈব নবৈবোর্দ্ধমুখাঃ স্মৃতাঃ॥

### অথাধোমুখ নক্ষত্রাণি।

মূলাশ্লেষা কৃত্তিকা চ বিশাখা ভরণা তথা।
মঘা পূর্ব্বাত্রয়ঞ্চৈব অধো মুখ গণঃ স্মৃতঃ॥

### তির্য্যঙ্মুখ নক্ষত্রাণি।

অশ্বিনী রেবতী হস্তা চিত্রা স্বাতি পুনর্ব্বসুঃ।
জ্যেষ্ঠা মৃগানুরাধা চ নবতির্য্যঙ্মুখাঃ স্মৃতাঃ॥

### নক্ষত্রের অধিপতি।

অশ্বিনী প্রভৃতি ২৭ নক্ষত্রের নামকরণ পূর্ব্বখণ্ডে বলা হইয়াছে।

১ অশ্বিনীর অশ্বি অধিপতি, ২ ভরণীর যম, ৩ কৃত্তিকার দহন, ৪ রোহিণীর কমলজ, ৫ মৃগশিরার শশি, ৬ আর্দ্রার শূলভৃৎ, ৭ পুনর্ব্বসুর অদিতি, ৮ পুষ্যার জীব, ৯ অশ্লেষার ফণি, ১০ মঘার পিতৃগণ, ১১ পূর্ব্বফল্‌গুণীর যোনি, ১২ উত্তর ফল্‌গুণীর অর্য্যমা, ১৩ হস্তার দিনকৃৎ, ১৪ চিত্রার ত্বষ্টি, ১৫ স্বাতীর পবন, ১৬ বিশাখার শক্রাগ্নি, ১৭ অনুরাধার মিত্র, ১৮ জ্যেষ্ঠার শক্র, ১৯ মূলার নিঋতি, ২০ পূর্ব্বাষাঢ়ার তোয়, ২১ উত্তরাষাঢ়ার বিশ্ববিরিঞ্চি, ২২ শ্রবণার হরি, ২৩ ধনিষ্ঠার বসু, ২৪ শতভিষার বরুণ, ২৫ পূর্ব্বভাদ্রপদের অজপাদ, ২৬ উত্তরভাদ্রপদের অহির্ব্রধ্ন, ২৭ রেবতীর পূষা।

### অথ ঊর্দ্ধমুখ নক্ষত্র।

আর্দ্রা, পুষ্যা, ধনিষ্ঠা, শতভিষা, শ্রবণা, রোহিণী, উত্তর ফল্‌গুণী, উত্তরাষাঢ়া এবং উত্তরভাদ্রপদ এই নয় নক্ষত্রের নাম ঊর্দ্ধ মুখ।

### অধোমুখ নক্ষত্র।

মূলা, অশ্লেষা, কৃত্তিকা, বিশাখা, ভরণী, মঘা, পূর্ব্বফল্‌গুণী, পূর্ব্বাষাঢ়া এবং পূর্ব্বভাদ্রপদ এই নয় নক্ষত্রের নাম অধো মুখ।

### তির্য্যঙ্মুখ নক্ষত্র।

অশ্বিনী, রেবতী, হস্তা, চিত্রা, স্বাতি, পুনর্ব্বসু, জ্যেষ্ঠা, মৃগশিরা এবং অনুরাধা এই নয় নক্ষত্রের নাম তির্য্যঙ্মুখ।

### যে নক্ষত্রে জন্মগ্রহণে যে গণ হয়।

হস্তাস্বাতিমৃগাশ্বিনী হরিগুরুঃ পৌষ্ণানুরাধাদিতি-শ্চার্দ্রারোহিণীচোত্তরাণি ভরণী পূর্ব্বাণি ভানিত্রয়ং।

জ্যেষ্ঠাশ্লেষ বিশাখ মূর্ল বরুণ বস্বগ্নি চিত্রামঘাঃ
কথ্যন্তে মুনিভির্যথাক্রমবসাৎ দেবা নরা রাক্ষসাঃ ॥

মৃগশিরা, হস্তা, স্বাতি, শ্রবণা, পুষ্যা, রেবতী, অনুরাধা, অশ্বিনী কিম্বা পুনর্ব্বসু, নক্ষত্রে জন্মগ্রহণ করিলে দেবগণ হয়; উত্তরফল্গুণী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, পূর্ব্বফল্গুণী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, রোহিণী, ভরণী ও আর্দ্রায় নর গণ হয় এবং জ্যেষ্ঠা, মূলা, অশ্লেষা, কৃত্তিকা, শতভিষা, চিত্রা, মঘা, ধনিষ্ঠা এবং বিশাখায় রাক্ষস গণ হয়।

## নক্ষত্রের জাতিনিরূপণ।

অশ্বেভাজ ফণিদ্বয়ঞ্চ বৃষভুঙ্মেষোন্দুরুমূষিক
শ্চাখুর্গৌঃ ক্রমশস্তথোপিমহিষী ব্যাঘ্রঃ পুনঃ সৌরভী।
ব্যাঘ্রেণৌ মৃগকুক্কুরৌ কপিরথোরভ্রদ্বয়ং বানরঃ
সিংহোশ্বোমৃগরাট্‌পশুশ্চ করটী যোনিশ্চভানামিয়ং ॥

অশ্বিনী ও শতভিষা অশ্বজাতি; রেবতী ও ভরণী হস্তী; কৃত্তিকা অজা; রোহিণী ও মৃগশিরা সর্প; আর্দ্রা, হস্তা ও স্বাতি ব্যাঘ্র; পুনর্ব্বসু মেষ; পুষ্যা, অশ্লেষা ও মঘা ইন্দুর; পূর্ব্বফল্গুণী ও চিত্রা মহিষ; বিশাখা ও অনুরাধা হরিণ; জ্যেষ্ঠা কুক্কুর; মূলা ও শ্রবণা বানর; পূর্ব্বাষাঢ়া নকুল এবং ধনিষ্ঠা, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ সিংহ জাতি।

## অথ শতপদচক্রং।

চক্রং শতপদং বক্ষ্যে ঋক্ষাংশ ক্ষর সম্ভবং।
নামাদিবর্ণতো জ্ঞেয়া ঋক্ষরাশ্যং শকাস্তথা ॥
তির্য্যগূর্দ্ধগতা রেখা রুদ্রসঙ্খ্যা লিখেদ্বুধঃ।
জায়তে কোষ্ঠকানাস্তু শতমেকং ন সংশয়ঃ ॥
বিন্যস্যাবকহড়াদীনি রুদ্রাদি বিদিশি ক্রমাৎ।
পঞ্চ পঞ্চ ক্রমেণৈব শুদ্ধবর্ণান্ নিয়োজয়েৎ ॥
পঞ্চস্বর সমাযোগা দেকৈকং পঞ্চধা কুরু।
কুর্য্যাৎ কু পু ভু দু স্থানে ত্রীণি ত্রীণ্যক্ষরাণিচ।
কু ঘ ঙ ছ ভবেৎ স্তম্ভে রৌদ্রে ত্বীশান গোচরে ॥
পু ষ ণ ঠো ভবেৎ স্তম্ভেহস্তে আগ্নেয় সংজ্ঞিতে।
ভু ধ ফ ঢ়ো ভবেৎ স্তম্ভে পূর্ব্বাষাঢ়ে চ নৈর্ঋতে।
দু থ ঝ ঞো ভবেৎ স্তম্ভে বায়ব্যে ভাদ্র উত্তরে।
এবং স্তম্ভচতুষ্কঞ্চ জ্ঞাতব্যং স্বরবেদিভিঃ ॥
ধিষ্ট্যানি কৃত্তিকাদীনি প্রত্যেকং চতুরক্ষরৈঃ।
সাভিজিত্যংশকস্তত্র শতৈকং দ্বাদশাধিকং।
যদৃক্ষাংশক'কোষ্ঠস্থঃ ক্রূরঃ সৌম্যপি বা গ্রহ।
সৌম্যবেধে শুভং জ্ঞেয়ম শুভং ক্রূর খেচরৈঃ।
মিশ্রৈর্ম্মিশ্রঃ ফলং তত্র নির্ব্বেধেন শুভাশুভং।
যদ্বাচ্যং সর্ব্বোতো ভদ্রে গ্রহোপগ্রহভেদতঃ।
শুভাভশু ফলং সর্ব্বং তদিহাপি বিচিন্তয়েৎ ॥

অ ই উ এ কৃত্তিকা। ও ব বী বু রোহিণী। বে বো ক কি মৃগশিরা। কু ঘ ঙ ছ আর্দ্রা। কে কো হ হি পুনর্ব্বসু। হু হে হো ড় পুষ্যা। ডি ডু ডে ডো অশ্লেষা। ম মি মু মে মঘা। মো ট টি টু পূর্ব্বফল্গুণী। টে টো প পি উত্তরফল্গুণী। পু ষ ণ ঠ হস্তা। পে পো র রি চিত্রা। রু রে রো ত স্বাতী। তি তু তে তো বিশাখা। ন নি নু নে অনুরাধা। নো য যি যু জ্যেষ্ঠা। যে যো ভ ভি মূলা। ভু ধ ফ ঢ় পূর্ব্বাষাঢ়া। ভে ভো জ জি উত্তরাষাঢ়া। জু জে জো খ অভিজিৎ। খি খু খে খো শ্রবণা। গ গি গু গে ধনিষ্ঠা। গো শ শি শু শতভিষা। শে শো দ দি পূর্ব্বভাদ্রপদ। দু থ ঝ ঞ উত্তরভাদ্রপদ। দে দো চ চি রেবতী। চু চে চো ল অশ্বিনী। লি লু লে লো ভরণী।

ইহার প্রয়োজন এই যে, নামের আদ্য অক্ষরের দ্বারা নক্ষত্রের জ্ঞান এবং নক্ষত্রের পাদ জ্ঞান ও রাশি জ্ঞান হয়।

## অথ শতপদ চক্রং।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| অ ৩ | ব ৪ | ক ৫ | হ ৬ | ড ৮ | ম ১০ | ট ১১ | প ১২ | র ১৪ | ত ১৫ |
| ই ৩ | বি ৪ | কি ৫ | হি ৭ | ডি ৯ | মি ১০ | টি১১ | পি২২ | রি১৩ | তি ১৬ |
| উ৩ | বু৪ | কুঘঙছ৬ | হু৮ | ডু ৯ | মু ১০ | টু১১ | পুষণঠ ১৩ | রু ১৫ | তু ১৬ |
| এ ৩ | বে৫ | কে৭ | হে ৮ | ডে ৯ | মে১০ | টে১২ | পে১৪ | রে১৫ | তে ১৬ |
| ও ৪ | বো৫ | কো৭ | হো৮ | ডো৯ | মো১১ | টো১২ | পো১৪ | রো১৫ | তো১৬ |
| লো২ | চো১ | দো২৭ | শো২৫ | গো২৪ | খো২২ | জো০ | ভো২ | যো১৯ | নো১৮ |
| লে২ | চে ১ | দে২৭ | শে২৫ | গে২৩ | খে২২ | জে০ | ভে২১ | য়ে১৯ | নে১৮ |
| লু২ | চু ১ | দুথঝঞ২৬ | শু২৪ | গু২৩ | খু২২ | জু০ | ভুধফঢ২০ | যু১৮ | নু১৭ |
| লি২ | চি২৭ | দি২৫ | শি২৪ | গি২৩ | খি২২ | জি২১ | ভি১৯ | য়ি ১৮ | নি ১ |
| ল১ | চ ২৭ | দ ২৫ | শ২৪ | গ২৩ | খ০ | জ ২১ | ভ ১৯ | য় ১৮ | ন ১৭ |

লিখনের ক্রম এই।—পূর্ব্ব পশ্চিমে একাদশ রেখা আর তাহার উপর উপর উত্তর দক্ষিণে একাদশ রেখা দিলে এক শত কোষ্ঠ হয়। তাহাতে ঈশান কোণের পাঁচ কোষ্ঠেতে অ ব ক হ ড় এই পাঁচ অক্ষর ক্রমে লিখিবে এবং অগ্নি কোণের পাঁচ কোষ্ঠেতে ম ট প র ত এই পাঁচ অক্ষর ক্রমে লিখিবেক। আর নৈঋ‌র্ত কোণের পাঁচ কোষ্ঠেতে ন য় ভ জ খ এই পাঁচ অক্ষর ক্রমে লিখিবে। আর বায়ু কোণের পাঁচ কোষ্ঠেতে গ শ দ চ ল এই পাঁচ অক্ষর ক্রমে লিখেবেক। আর আকারের কোষ্ঠের অধঃ যে চারি কোষ্ঠ তাহাতে ই উ এ ও এই চারি স্বর লিখিবে। যে সকল হল বর্ণ ঈশানকোণে এবং অগ্নি কোণে আছে তাহাতে ঐ কয় স্বরের যোগ করিয়া অধঃ অধঃ ক্রমে চারি চারি কোষ্ঠেতে লিখিবে। নৈঋ‌র্তকোণের ও বায়ু কোণের হল বর্ণেতে ঐ রূপ স্বরের যোগ করিয়া উপরি উপরি ক্রমে চারি চারি কোষ্ঠেতে লিখিবেক। ইহাতে হ্রস্ববর্ণেতে দীর্ঘ বর্ণের গ্রহণ আর এ ও এই দুয়েতে ক্রমে ঐ ঔ এই দুই বর্ণের গ্রহণ এবং অকারেতে ঋ ৯ এই দুই বর্ণের গ্রহণ, তালব্য শকারেতে দন্ত্য সকারের গ্রহণ জানিবে। অর্থাৎ ঐ কয় বর্ণের যে কোষ্ঠ, এই কয় বর্ণেরও সেই কোষ্ঠ হয়।

এই প্রকারে অক্ষর বিন্যাস করিলে যে কোষ্ঠে কু এই অক্ষর হইবে, সেই কোষ্ঠে ঘ ঙ ছ এই তিন লিখিয়া আর্দ্রা নক্ষত্রের অঙ্ক দিবে এবং যে কোষ্ঠে পু এই অক্ষর হইবে সেই কোষ্ঠে ষ ণ ঠ এই তিন অক্ষর লিখিয়া হস্তা নক্ষত্রের অঙ্ক দিবে। আর যে কোষ্ঠে ভু এই অক্ষর হইবে তাহাতে ধ ফ ঢ় এই তিন অক্ষর লিখিয়া পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের অঙ্ক দিবে এবং যে কোষ্ঠে দু এই অক্ষর হইবে তাহাতে থ ঝ ঞ এই অক্ষর লিখিয়া উত্তরভাদ্রপদের অঙ্ক দিবে। পশ্চাৎ অকারের কোষ্ঠ অবধি অক্ষর বিন্যাস ক্রমে অভিজিতের সহিত কৃত্তিকাদি নক্ষত্রের এক এককে চারি চারি কোষ্ঠে লিখিবে। এই শতপদ চক্রে নক্ষত্রের চারি চারি পাদকে নক্ষত্র বিন্যাসক্রমে চারি চারি কোষ্ঠে জানিবে। অর্থাৎ নামের আদ্য অক্ষর যদি অ হয় তবে কৃত্তিকার প্রথম পাদ, ই হইলে দ্বিতীয় পাদ, উ হইলে তৃতীয় পাদ এবং এ হইলে চতুর্থ পাদ হয়। এইরূপ সর্ব্বত্র জানিবে।

### কোন কোন নক্ষত্রে কোন কোন মাস।

সূর্য্যসিদ্ধান্ত।

অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌজ্ঞেয়ৌ ফাল্‌গুণশ্চ ত্রিভোমতঃ।
শেষামাসাদ্বিভাজ্ঞেয়া কৃত্তিকাদি ব্যবস্থয়া॥

তত্রৈব।

দ্বে দ্বে চিত্রাদি তারাণাং পূর্ণপর্ব্বেন্দু সঙ্গতে।
মাসাশ্চৈত্রাদয়ো জ্ঞেয়া স্ত্রিকৈঃষষ্ঠান্ত্য সপ্তমাঃ॥

## যে যে নক্ষত্রের নামে যে যে মাসের নাম হইয়াছে।

কৃত্তিকা, রোহিণী এই দুই নক্ষত্র ঘটিত কার্ত্তিক। মৃগশিরা, আর্দ্রা অগ্রহায়ণ। পুনর্ব্বসু, পুষ্যা পৌষ। অশ্লেষা, মঘা মাঘ। পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, হস্তা ফাল্গুণ। চিত্রা, স্বাতী চৈত্র। বিশাখা, অনুরাধা বৈশাখ। জ্যেষ্ঠা, মূলা জ্যৈষ্ঠ। পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া আষাঢ়। শ্রবণা, ধনিষ্ঠা শ্রাবণ। শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ ভাদ্র। রেবতী, অশ্বিনী, ভরণী আশ্বিন। ঐ মাস ঘটিত নক্ষত্র পূর্ণিমাতে যোগ হয়, অর্থাৎ কার্ত্তিক মাসের পূর্ণিমাতে কৃত্তিকা অথবা রোহিণী নক্ষত্র হইবে। অগ্রহায়ণের পূর্ণিমাতে মৃগশিরা কিম্বা আর্দ্রা নক্ষত্র হইবে, এইরূপ জানিবেন।

ঐ নামকরণের কারণ দেখিতে গেলে স্পষ্ট জানা যায় যে, পৃথিবী যখন যে রাশিতে স্থিত হয়েন তৎকালে সেই রাশির স্থিত কাল সেই সেই নক্ষত্রের নামে মাস উল্লেখ হইয়াছে ; কিন্তু যে রাশিতে পৃথিবী যখন স্থিত হয়েন তৎকালে সেই রাশি হইতে তাহার সপ্তম রাশিতে সূর্য্যকে দৃষ্ট হয়। এজন্যই বলা হইয়াছে যে, যে রাশিতে সূর্য্য উদয় হয়েন সেই রাশির সপ্তমে তিনি অস্ত হয়েন যথা,—যখন পৃথিবী বিশাখা নক্ষত্রে অর্থাৎ তুলা রাশিতে স্থিত হয়েন, তৎকালে সূর্য্যকে মেষ রাশিতে দেখা যায়। যখন পৃথিবী জ্যেষ্ঠা নক্ষত্রে অর্থাৎ বৃশ্চিক রাশিতে স্থিত হন, তৎকালে সূর্য্যকে বৃষ রাশিতে দৃষ্ট হয়। এইরূপ ক্রমে জানিবেন।

পৃথিবী ও সূর্য্যের এবং চন্দ্রের ঐরূপ স্থিতি জন্য চন্দ্রের গতিতে সূর্য্য গ্রহণ ও চন্দ্র গ্রহণ হইয়া থাকে। ঐ গ্রহণের গণনা নানা প্রকার নানা মতে আছে। যখন পৃথিবী বিশাখা নক্ষত্রাশ্রিত রাশিতে অর্থাৎ তুলা রাশিতে স্থিত হন, তৎকালে তাহার সপ্তম রাশি মেষে সূর্য্য থাকেন। পৃথিবী যে রাশিতেই কেন থাকেন না, সূর্য্যকে তৎকালে তাহার সপ্তম রাশিতে নিশ্চয় দেখা যাইবে। অর্থাৎ সূর্য্য ও পৃথিবী সর্ব্বক্ষণেই সমান অন্তরে থাকেন। চন্দ্র পৃথিবীর চতুর্দ্দিকে ঘুরিতেছেন। অতএব ঐ চন্দ্র যখন ঘুরিতে ঘুরিতে পৃথিবী ও সূর্য্যের ঠিক মধ্যে আসিয়া সম সূত্রে পাত হন তৎকালে সূর্য্য গ্রহণ হয়। আর যে রাশিতে সূর্য্য থাকেন তাহার সপ্তমে পৃথিবী যে স্থিত থাকেন তাহা বলা হইয়াছে। অতএব যখন চন্দ্র পৃথিবীর অপর অংশে আসিয়া পৃথিবীকে সূর্য্যের ও তাহার মধ্যে রাখিয়া স্থিত হন, তখন চন্দ্র গ্রহণ হইয়া থাকে। অতএব অমাবস্যার সময় সূর্য্য গ্রহণ আর পূর্ণিমার সময় চন্দ্র গ্রহণ হয়।

গ্রহ রাশি নক্ষত্রাদির কম বেশ ভাগে দেহের উৎপত্তি হইয়াছে, অতএব গ্রহ রাশির যে স্বভাব, মানবেরও সেই স্বভাব হয়। কেবল গ্রহ রাশির নক্ষত্রের ভাগের কম বেশে স্বভাব ও আকৃতি প্রকৃতির কম বেশ হইয়া থাকে। অতএব গ্রহ রাশি নক্ষত্রের কি কি স্বভাব তাহা অগ্রে সম্যকরূপে জানা কর্ত্তব্য। অধুনা তিথি বার নক্ষত্র যোগে যে কিরূপ দৈনিক ফলাফল হয়, তাহা বলা হইতেছে ইহা সূক্ষ্ম বোধগম্যের অতীত। পঞ্জিকাতে তিথি নক্ষত্রের মান জানিয়া ফলাফলের সময় নির্ণয় করিবে।

## অথ বর্ণ স্বরোদয়ের তিথি বার নক্ষত্র-যোগে দৈনিক ফলাফল।

তিথি বারঞ্চ নক্ষত্রং পৃথক পৃথক প্রভাসিতং।  
যত্ত দেকত্র সম্মীল্য কুর্য্যাদ্বর্ণ স্বরোদয়ে ॥  
যস্য নামাদি কো বর্ণ স্তিথি বারর্ক্ষজং মৃতং।  
তদ্দিনং বর্জ্জয়েত্তস্যহানি মৃত্যু করং যতঃ ॥  
অনেন স্বর যোগেন শত্রূণাং মারণাদিকং।  
মন্ত্র যন্ত্র ক্রিয়াং হোমং সাধয়েত্তদ্দিনে বুধঃ ॥  
শক্রোর্মারণার্থমভিচারাদিকং শত্রো-  
র্মৃত্যু স্বর দিনে সাধয়েত্তদা তৎ সিদ্ধিরন্যথা ন ॥

## তিথি বার নক্ষত্রযোগে দৈনিকফলাফল

তিথি বার নক্ষত্র প্রত্যেক প্রত্যেক করিয়া রাখিবেন। যথা চক্র অর্থাৎ অ ই উ এ ও এই পঞ্চস্বরের প্রথম অকার স্বরে অ ক ছ ড ধ ভ এবং নন্দা তিথি প্রতিপদ ষষ্ঠী একাদশী এবং রেবতী হইতে আর্দ্রা নক্ষত্র এবং রবিবার ও মঙ্গলবার, ঐরূপ ইকার স্বরে ই খ জ ঢ ন ম শ ও ভদ্রা তিথি দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী এবং সোম বুধবার ও পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্ব্বফল্গুণী ঐরূপ উকার স্বরে উ গ ঝ ত প য ষ এবং জয়া তিথি অর্থাৎ তৃতীয়া ত্রয়োদশী অষ্টমী ও উত্তরফল্গুণী হস্তা চিত্রা স্বাতি বিশাখা নক্ষত্র এবং বৃহস্পতিবার, ঐরূপ একার স্বরে এ ঘ ট থ ফ র স রিক্তা তিথি অর্থাৎ চতুর্থী নবমী চতুর্দ্দশী এবং অনুরাধা জ্যেষ্ঠা মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া নক্ষত্র এবং শুক্রবার, ঐরূপ ওকার স্বরে ও চ ঠ দ ব ল হ এবং পূর্ণা তিথি অর্থাৎ পঞ্চমী দশমী পূর্ণিমা অমাবস্যা আর শ্রবণা, ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ উত্তরভাদ্রপদ নক্ষত্র এবং শনি বার। যাহার নামের আদ্য বর্ণে যে স্বর সেই স্বর হইতে গণনায় যে স্বর পঞ্চম হইবেক এবং ঐ স্বরে যে সকল তিথি বার নক্ষত্র লিখিত আছে সেই তিথি বার নক্ষত্র যে দিনে একত্রে মিলন হইবে, সেই দিন সেই ব্যক্তির হানি ও মৃত্যুকর জানিয়া সেই দিন কোন কার্য্য করিবে না। স্বর যোগে যে দিবস শত্রুর মৃত্যু স্বর উপস্থিত হইবে, সেই দিবস শত্রুর মৃত্যু দিন জানিয়া মন্ত্র যন্ত্র ক্রিয়া হোমাদি কার্য্য করিলে সিদ্ধ হইবে নচেৎ হইবে না।

এই পঞ্চ বালাদি স্বরের প্রকৃত গণনা এই যে, পঞ্চ বর্ণ স্বর হইতে অষ্ট স্বরের উদ্ভব হইয়াছে, তাহাদিগের নাম মাত্রাস্বর, বর্ণস্বর, গ্রহস্বর, জীবস্বর, রাশিস্বর, নক্ষত্র-স্বর, পিণ্ডস্বর যোগস্বর। অ ই উ এ ও এই পাঁচটী স্বর প্রভবাদি বৎসরের সহিত বার বার বৎসর করিয়া ভুক্তি দিয়া এবং অন্তর প্রত্যন্তর করিয়া, ফলাদির ও কার্য্যাদির বিবরণ লিখিত হইয়াছে, তদ্বিবরণ পরে প্রকাশ করিব।

অধুনা ঐ পঞ্চ স্বরের পঞ্চাবস্থা বালাদি স্বর কল্পনা করিয়া কিঞ্চিৎ ফলাদি লিখিতেছি—বাল, কুমার, তরুণ, বৃদ্ধ এবং মৃত্যু ; এই যে পাঁচটী অবস্থা ইহারা নিজের অবস্থা স্বরূপ ফল দেয় তাহাতে সন্দেহ নাই। যে দিবস তিথি বার নক্ষত্র বালক হইবে, অর্থাৎ যাহার নামের আদিম অক্ষ-রের বালক ঘরের যে সকল তিথি বার নক্ষত্র লিখিত আছে, সেই সকল যে দিবস যোগ হইবে, সেই দিবস কিঞ্চিৎ লাভ হয়। কুমারাবস্থায় অর্থাৎ উক্ত ঘরর পর কোষ্ঠে তিথি বার নক্ষত্রাদিতে উদয়ের দিবস অর্দ্ধ লাভ, তরুণা-বস্থায় সর্ব্ব কার্য্য সিদ্ধি, বৃদ্ধাবস্থায় লভ্যের হানি, আর মৃতাবস্থায় ক্ষয় অর্থাৎ সর্ব্বনাশ হয়।

যথা ১২৮৩ সালের পঞ্জিকাতে ১৪ চৈত্রে যে সকলতিথি বার নক্ষত্রাদি লিখিত আছে যথা,—সোমবার শুক্ল দ্বাদশী তিথি ও মঘা নক্ষত্রের যোগ হইয়াছে, এ সকল তিথি বার নক্ষত্র ইকার স্বরের অন্তর্গত অতএব যাহাদের নামের আদ্য অক্ষর ই খ জ ঢ ন ম শ হইবে, যথা মোহিনী, জগন্নাথ,নারা-য়ণ ইত্যাদি তাহাদের পক্ষে ঐ সকল তিথি বার নক্ষত্রে বাল কস্বর, যাহাদের নামের আদ্য অক্ষর অ ক ছ ড ধ ভ বহইবে, যথা আনন্দ কিম্বা কালী ইত্যাদি তাহাদের পক্ষে কুমার স্বর হইবে, যাহাদের নামের আদিম অক্ষর ও চ ঠ দ ব ল হ হইবে, যথা হরিশ্চন্দ্র ইত্যাদি তাহাদের পক্ষে তরুণস্বর, যাহাদের নামের আদ্য অক্ষর এ ঘ ট থ ফ র স হইবে, যথা রাধামাধব রসিক ইত্যাদি তাহাদের পক্ষে বৃদ্ধস্বর, যাহা-দের নামের আদ্য অক্ষরে উ গ ঝ ত প য ষ হইবে, যথা উমা গোপী পঞ্চানন ইত্যাদি তাহাদের পক্ষে মৃত্যু স্বর বিধায় ঐ স্বর হইতে গণনায় সোমবার শুক্ল দ্বাদশী তিথি ও মঘা নক্ষত্র পঞ্চম স্বরে পতিত হওয়ায় ঐ দিবস উমার ও গোপী ইত্যাদির পক্ষে হানি ও মৃত্যুকর জানিয়া ঐ দিবস সর্ব্ব কর্ম্ম হইতে বর্জ্জিত থাকিবে।

### বর্ণ স্বরোদয় চক্র।

| বাল | কুমার | তরুণ | বৃদ্ধ | মৃত্যু |
|---|---|---|---|---|
| অ আ | ই ঈ | উ ঊ | এ ঐ | ও ঔ |

| বাল | কুমার | তরুণ | বৃদ্ধ | মৃত্যু |
| --- | --- | --- | --- | --- |
| ক | খ | গ | ঘ | চ |
| ছ | জ | ঝ | ট | ঠ |
| ড | ঢ | ত | থ | দ |
| ধ | ন | প | ফ | ব |
| ভ | ম | য | র | ল |
| ব | শ | য | স | হ |
| বার | বার | বার | বার | বার |
| রবি | চন্দ্র | বৃহস্পতি | শুক্র | শনি |
| মঙ্গল | বুধ | | | |
| তিথি | তিথি | তিথি | তিথি | তিথি |
| নন্দা | ভদ্রা | জয়া | রিক্তা | পূর্ণা |
| প্রতিপদ | দ্বিতীয়া | তৃতীয়া | চতুর্থী | পঞ্চমী |
| ষষ্ঠী | সপ্তমী | অষ্টমী | নবমী | দশমী |
| একাদশী | দ্বাদশী | ত্রয়োদশী | চতুর্দ্দশী | অমাবস্যা |
| | | | | পুর্ণিমা |
| নক্ষত্র | নক্ষত্র | নক্ষত্র | নক্ষত্র | নক্ষত্র |
| রেবতী | পুনর্ব্বসু | উত্তরফল্গুণী | অনুরাধা | শ্রবণা |
| অশ্বিনী | পুষ্যা | হস্তা | জ্যেষ্ঠা | ধনিষ্ঠা |
| ভরণী | অশ্লেষা | চিত্রা | মূলা | শতভিষা |
| কৃত্তিকা | মঘা | স্বাতি | পূর্ব্বাষাঢ়া | পূর্ব্বভাদ্রপদ |
| রোহিণী | পূর্ব্বফল্গুণী | বিশাখা | উত্তরাষাঢ়া | উত্তরভাদ্রপ |
| মৃগশিরা | | | | |
| আর্দ্রা | | | | |

উপরের লিখিত চক্রমধ্যে যে পাঁচটি কোষ্ঠ লিখিত আছে, উহাকে বাল কুমার ইত্যাদি পাঁচ ভাগে দৃষ্টান্তার্থ বিভক্ত করা আছে। ফলে যাহার নামের আদ্য অক্ষর যে কোষ্ঠে লিখিত আছে সেই কোষ্ঠই তাহার বালক স্বর হইবে, ঐ কোষ্ঠ হইতে বাল, কুমার ইত্যাদি ক্রমে গণনা করিতে হইবে যথা—যাহার নামের আদ্য অক্ষর ক হইবে তাহার পক্ষে রবি ও মঙ্গলবার, নন্দা তিথি এবং রেবতী হইতে আর্দ্রা পর্য্যন্ত সাত নক্ষত্র ঐ ব্যক্তির বালক অর্থাৎ জন্ম স্বর, দ্বিতীয় কোষ্ঠে যে সকল বার তিথি নক্ষত্র লিখিত আছে তাহা উহার পক্ষে কুমার স্বর হইবে এবং যাহার নামের আদ্য অক্ষর ও চ ঠ দ ব ল হ হইবে তাহাদের পক্ষে ঐ স্বরের লিখিত বার তিথি ও নক্ষত্র বাল অর্থাৎ জন্ম স্বর হইবে এবং ঐ স্বর হইতে গণনার দ্বিতীয় স্বর যাহাতে রবি ও মঙ্গলবার, নন্দা তিথি এবং রেবতী হইতে আর্দ্রা নক্ষত্র লিখিত আছে তাহা উহাদিগের অর্থাৎ কুমার স্বর হইবে, এইরূপ ক্রমে বাল স্বর জানিয়া গণনা করিতে হয়।

অথ করণ নামানি।

বববালবকৌলবতৈতিলগরবণিজবিষ্টয়ঃ।
সপ্তশকুনিচতুষ্পন্নাগাঃ কিস্তুঘ্নসংজ্ঞঞ্চ ধ্রুবাণি॥

করণানি।

করণের নাম।

১ বব ২ বালব ৩ কৌলব ৪ তৈতিল ৫ গর ৬ বণিজ ৭ বিষ্টি-এই সাত এবং শকুনি- চতুষ্পাদ, নাগ, কিস্তুঘ্ন, এই চারি মিলিয়া একাদশ করণ হয়।

পঞ্জিকাতে বিষ্টির সঙ্কেত ০ শূন্য, শকুনির সঙ্কেত শ, চতুষ্পাদের চ, নাগকরণের না, এবং কিস্তুঘ্নের কিং, লিখিয়া থাকে।

অথ-যোগ প্রকরণ।

বিষ্কুম্ভঃ প্রীতিরায়ুষ্মান্ সৌভাগ্য শোভনস্তথা।
অতিগণ্ডঃ সুকর্ম্মাচধৃতিঃ শূলস্তথৈবচ।
গণ্ডো বৃদ্ধি ধ্রুবশ্চৈব ব্যাঘাতো হর্ষণস্তথা॥
বজ্রশ্চাস্থব্যতীপাতো বরীয়ান্ পরিঘঃ শিবঃ।
সাধ্যঃ সিদ্ধঃ শুভঃ শুক্লো ব্রহ্মেন্দ্রো বৈধৃতিস্তথা॥

১ বিষ্কুম্ভ ২ প্রীতি ৩ আয়ুষ্মান্ ৪ সৌভাগ্য ৫ শোভন ৬ অতিগণ্ড ৭ সুকর্ম্মা ৮ ধৃতি ৯ শূল ১০ গণ্ড ১১বৃদ্ধি ১২ ধ্রুব ১৩ ব্যাঘাত ১৪ হর্ষণ ১৫ বজ্র ১৬ অসৃক্_১৭ ব্যতীপাত ১৮ বরীয়ান্ ১৯ পরিঘ ২০ শিব ২১ সাধ্য ২২ সিদ্ধ ২৩ শুভ ২৪ শুক্র ২৫ ব্রহ্ম ২৬ ইন্দ্র ২৭ বৈধৃতি।

অথ রাশ্যাদি নির্ণয়ঃ।

তত্রাদৌ রাশিনামান্যাহ।

মেষো বৃষোঽথমিথুনং কর্কটঃ সিংহ এবচ।
কন্যা তুলা বৃশ্চিকশ্চ ধনুর্ম্মকর এব চ॥

কুম্ভো মীনশ্চ বিজ্ঞেয়া রাশয়ো দ্বাদশৈবতে ॥

অথ রাশীনাং বিভাগমাহ।

সপাদদ্বয় নক্ষত্রে রশ্বিন্যাদিভিরেবচ।
রাশয়ঃ কথিতা হ্যেতে মেষাদি দ্বাদশ ক্রমাৎ ॥

ইহার অনুবাদ পূর্ব্বে লেখা হইয়াছে।

রাশিস্বরূপমাহ।

মেষাকারোহি মেষস্তু বৃষাকারো বৃষস্তথা।
বীণা গদাভৃন্মিথুনং কর্কটঃ কর্কটাকৃতিঃ ॥
সিংহঃ সিংহঃ সশস্যাগ্নির্নৌস্থা কন্যা প্রকীর্ত্তিতা।
তুলা তুলাবান্ পুরুষো বৃশ্চিকো বৃশ্চিকাকৃতিঃ ॥
ধনুর্ধন্ব্য শ্বজঘনো মৃগাস্যো মকরস্তথা।
কুম্ভধারী পুমান্ কুম্ভো মীনো মীন দ্বয়াকৃতিঃ ॥

রাশ্যধিষ্ঠাতৃ দেবতা কথনং।

মৎস্যৌ ঘটী নৃমিথুনং সগদং সবীণং
চাপা নরোঽশ্বজঘনো মকরো মৃগাস্যঃ।
তৌলী সশস্য দহনা প্লবগা চ কন্যা
শেষাঃ স্বনাম সদৃশাঃ খচরাশ্চ সর্ব্বে ॥

অথ দ্বাদশ রাশি স্বরূপমাহ।

নীলকণ্ঠী তাজকে।

মেষস্য।

পুমাংশ্চরোগ্নিঃসুদৃঢ়শ্চতুষ্পাদ্র-
ক্তোষ্ণপিত্তোতিরবোদ্রিরুগ্রঃ।
পাতোদিনং প্রাগ্বিষমোদয়োল্প
সঙ্গপ্রজোরুক্ষনৃপঃ সমোজঃ ॥ ১ ॥

বৃষস্য।

বৃষঃ স্থিরঃ স্ত্রী ক্ষিতি শীতরুক্ষোয়া-
ম্যেট্ সুভূর্বায়ু নিশাচতুষ্পাৎ।
শ্বেতোতি শব্দো বিষমোদয়শ্চ
মধ্যপ্রজাসঙ্গশুভোপিবৈশ্যঃ ॥ ২ ॥

মিথুনস্য।

প্রত্যক্ সমীরঃশুকভা দ্বিপন্না
দ্বন্দ্বংদ্বিমূর্ত্তির্বিষমোদয়োষ্ণঃ।
মধ্য প্রজাসঙ্গ বনস্থ শূদ্রো
দীর্ঘস্বনঃ স্নিগ্ধ দিনেট্ তথোগ্রঃ ॥৩॥

কর্কটস্য।

বহু প্রজাসঙ্গপদঃ কুলীরশ্চরো-
ঙ্গনা পাটল হীন শব্দঃ।
শুভঃ কফী স্নিগ্ধ জলাম্বু চারী সমো-
দয়ো বিপ্র নিশোত্তরেশঃ ॥ ৪ ॥

সিংহস্য।

পুমান্ স্থিরোগ্নির্দ্দিনপীতরুক্ষঃ
পিত্তোষ্ণ পূর্ব্বেশ দৃঢ়শ্চতুষ্পাৎ।
সমোদয়ো দীর্ঘরবোঽল্পসঙ্গ
প্রজোহরিঃ শৈলনৃপোগ্রধূম্রঃ ॥ ৫ ॥

কন্যায়াঃ।

পাণ্ডুর্দ্বিপাৎ স্ত্রীদ্বিতনুর্যমাশা
নিশামরুৎ শীত সমোদয়ক্ষ্মা।
কন্যার্দ্ধশব্দা শুভভূমি বৈশ্যা-
রুক্ষাল্প সঙ্গ প্রসবা শুভা চ ॥৬॥

তুলায়াঃ।

পুমাংশ্চরশ্চিত্র সমোদয়োষ্ণঃ
প্রত্যঙ্মরুৎ স্নিগ্ধরবো নবন্যঃ।
স্বল্প প্রজাসঙ্গম শূদ্র উগ্রস্তুলো-
হ্যবীর্য্যো দ্বিপদঃ সমানঃ ॥৭॥

বৃশ্চিকস্য।

স্থিরঃ সিতঃ স্ত্রী জলমুত্তরেশ
নিশারবো নো বহুপাৎ কফা চ।

সমোদয়ো বারিচরোঽতিসঙ্গ প্রজঃ
শুভঃ স্নিগ্ধ তনুর্দ্বিজোঽহলিঃ ॥৮॥

ধনুষঃ।

না স্বর্ণভাঃ শৈলসমোদয়োঽহতি
শব্দোদিনং প্রাক্ দৃঢ় রুক্ষপীতঃ।
রাজোঞ্চপিত্তো ধনুরল্পসূতি
সঙ্গোদ্বিমূর্ত্তির্দ্বিপদোঽগ্নিরুগ্রঃ ॥৯॥

মকরস্য।

মৃগশ্চরঃ ক্ষার্দ্ধরবো যমাশা
স্ত্রী পিঙ্গরুক্ষঃ শুভ ভূমিশীতঃ।
স্বল্প প্রজাসঙ্গসমীর রাত্রিরাদৌ
চতুষ্পাদ্বিষমোদয়ো বিট্ ॥১০॥

কুম্ভস্য।

কুম্ভোঽপদোনা দিন মধ্য সঙ্গ
প্রসূঃ স্থিরঃ কর্ব্বুর বন্যবায়ুঃ।
স্নিগ্ধোষ্ণ খণ্ড স্বরতুল্য ধাতুঃ
শূদ্রঃ প্রতীচী বিষমোদয়োগ্রঃ ॥১১॥

মীনস্য।

মীনোঽপদঃ স্ত্রী কফবারি রাত্রি
র্নিঃশব্দ বভ্রুর্দ্বি তনুর্জ্জলস্থঃ।
স্নিগ্ধোতি সঙ্গ প্রসবোপি বিপ্রঃ
শুভোত্তরাশেট্ বিষমোদয়শ্চ ॥১২॥

রাশীনাং মিত্রামিত্র কথনং।

ধরাম্বুনোরগ্নি সমীরয়োশ্চ
বর্গে সুহৃত্ত্বং পরতোরিভাবঃ।

চাপান্ত্যভাগস্য চতুষ্পদত্বং
জ্ঞেয়ং মৃগান্ত্যস্য জলে চরত্বং ॥১৩॥

নীলকণ্ঠীতাজকমতে দ্বাদশ রাশির
স্বরূপ সংজ্ঞা।

মেষরাশির সংজ্ঞা।

মেষ—পুরুষ, চর, অগ্নিরাশি, দৃঢ়াঙ্গ, চতুষ্পদ, রক্তবর্ণ, উষ্ণস্বভাব, পিত্তপ্রকৃতি, অতিশয়শব্দকারী, পর্ব্বতচারী, উগ্র। পীতবর্ণ, দিবসে বলবান্, পূর্ব্বদিকের অধিপতি, বিষমলগ্ন, অল্পস্ত্রীসঙ্গপ্রিয়, অল্পসন্তান, রুক্ষবপু, ক্ষত্রিয়-বর্ণ, সমান অঙ্গ ॥ ১ ॥

বৃষরাশির সংজ্ঞা।

বৃষ—স্থির, স্ত্রী, পৃথ্বীরাশি, শীতলস্বভাব, রুক্ষবপু, দক্ষিণ দিগধিপতি, শোভন, ভূমিচারী, বায়ুপ্রকৃতি, নিশাতেবলবান্, চতুষ্পদ, শ্বেতবর্ণ, অতিশয়শব্দকারী, বিষমরাশি, মধ্যম স্ত্রীসঙ্গপ্রিয়, মধ্যম রূপ সন্তান, শুভরাশি, বৈশ্যবর্ণ এবং শিথিলাঙ্গ ॥ ২ ॥

মিথুন রাশির সংজ্ঞা।

মিথুন—পশ্চিম দিগধিপতি, বায়ুপ্রকৃতি, হরিতবর্ণ দ্বিপদ পুরুষ, দ্ব্যাত্মক, দ্বিমূর্ত্তি, উষ্ণস্বভাব, মধ্যমরূপ স্ত্রী, সঙ্গপ্রিয়, এবং মধ্যম রূপ সন্তান, বনচারী, শূদ্রবর্ণ, মহাশব্দ-কারী, চিক্কণ, দিবসে বলবান্, উগ্রস্বভাব এবং শিথি-লাঙ্গ ॥ ৩ ॥

কর্কট রাশির সংজ্ঞা।

কর্কট—বহুস্ত্রীসঙ্গপ্রিয়, বহুসন্তানযুক্ত ও বহুপদ, চর, স্ত্রীস্বভাব, শ্বেতরক্তমিশ্রবর্ণ, শব্দহীন, শুভরাশি, কফ প্রকৃতি, চিক্কণ, জলরাশি, জলচর, সম, বিপ্রবর্ণ, নিশাতে বলবান্, উত্তরদিকস্বামী, এবং শিথিলাঙ্গ ॥ ৪ ॥

### সিংহ রাশির সংজ্ঞা।

সিংহ—পুরুষ, স্থির, অগ্নিরাশি, দিনবলী, পীতবর্ণ, রুক্ষশরীর, পিত্তপ্রকৃতি, উষ্ণস্বভাব, পূর্ব্বদিক্ স্বামী, দৃঢ়াঙ্গ, চতুষ্পদ, সমরাশি, অতিশয়শব্দকারী, অল্পস্ত্রীসঙ্গ প্রিয়, ও সন্তান সংখ্যাঅল্প, পর্ব্বতচারী, ক্ষত্রিয়বর্ণ, উগ্রস্বভাব এবং ধূম্রবর্ণ ॥ ৫ ॥

### কন্যারাশির সংজ্ঞা।

কন্যা—পিঙ্গলবর্ণ, দ্বিপদ, স্ত্রীরাশি, দ্ব্যাত্মক, দক্ষিণদিগধিপতি, রাত্রিবলী, বায়ুপ্রকৃতি, শীতলস্বভাব, সমরাশি, ভূচর, অসম্পূর্ণভাষী, শোভন, পৃথ্বী রাশি, বৈশ্যবর্ণ, রুক্ষ, অল্পস্ত্রীসঙ্গপ্রিয়, ও সন্তান সংখ্যা অল্প, এবং সৌম্যরাশি ॥ ৬ ॥

### তুলা রাশির সংজ্ঞা।

তুলা—পুরুষ, চর, নানা বর্ণ, সম, উষ্ণ স্বভাব, পশ্চিম দিক্স্বামী, বায়ুপ্রকৃতি, চিক্কণ, রব করে না, বনচারী, অল্পস্ত্রীসঙ্গপ্রিয়, সন্তান সংখ্যা অল্প, শূদ্রবর্ণ, উগ্রস্বভাব, দিনবলী, দ্বিপদ, সমান ও শিথিলাঙ্গ ॥ ৭ ॥

### বৃশ্চিক রাশির সংজ্ঞা।

বৃশ্চিক—স্থির, শ্বেতবর্ণ, স্ত্রী, জলরাশি, উত্তরদিগধিপতি, নিশাবলী, রবকরে না, বহুপদ, কফপ্রকৃতি, সম, জলচর, বহুস্ত্রীসঙ্গপ্রিয়, ও বহুসন্তানযুক্ত, সৌম্য, মনোহর শরীর এবং বিপ্রবর্ণ ॥ ৮ ॥

### ধনু রাশির সংজ্ঞা।

ধনু—পুরুষরাশি, স্বুবর্ণসদৃশবর্ণ, পর্ব্বতচারী, সমরাশি, অতিশয়শব্দকারী, দিনবলী, পূর্ব্বদিক্স্বামী, দৃঢ়াঙ্গ, রুক্ষশরীর, পীতবর্ণ, ক্ষত্রিয়বর্ণ, উষ্ণস্বভাব পিত্তপ্রকৃতি, অল্প সন্তানযুক্ত ও অল্পস্ত্রীসঙ্গপ্রিয়, দ্ব্যাত্মক, দ্বিপদ, অগ্নি রাশি, এবং উগ্রস্বভাব। অন্তভাগে চতুষ্পদ ॥ ৯ ॥

### মকর রাশির সংজ্ঞা।

মকর—চররাশি, ভূচর, অর্দ্ধরবকরে, দক্ষিণ দিক্স্বামী স্ত্রীরাশি, পিঙ্গলবর্ণ, রুক্ষশরীর, সৌম্য, পৃথিবীরাশি, জলচারী, শীতলস্বভাব, অল্পাপত্যযুক্ত এবং অল্পস্ত্রীসঙ্গপ্রিয় বায়ুপ্রকৃতি, রাত্রিবলী, বিষমরাশি এবং বৈশ্যবর্ণ। পূর্ব্বার্দ্ধে চতুষ্পদ ॥ ১০ ॥

### কুম্ভরাশির সংজ্ঞা।

কুম্ভ—অপদ, পুংরাশি, দিনবলী, মধ্যমরূপ স্ত্রীসঙ্গ প্রিয় ও মধ্যমরূপসন্তান, স্থিররাশি, মিশ্রবর্ণ, বনচারী, বায়ু-রাশি চিক্কণ, উষ্ণস্বভাব, খণ্ডস্বর, বাত পিত্ত, কফ অর্থাৎ সমধাতু শূদ্রবর্ণ পশ্চিম দিক্স্বামী বিষমরাশি, উগ্রস্বভাব এবং শিথিলাঙ্গ ॥ ১১ ॥

### মীনরাশির সংজ্ঞা।

মীন—অপদ, স্ত্রীরাশি, কফ প্রকৃতি, জলরাশি, রাত্রিবলী অল্পরবকরে, পিঙ্গলবর্ণ, দ্ব্যাত্মক, জলচর, চিক্কণ, বহুস্ত্রীসঙ্গ প্রিয় ও বহুসন্তানযুক্ত, বিপ্রবর্ণ, শুভ, উত্তরদিগধিপতি, বিষম রাশি এবং শিথিলাঙ্গ ॥ ১২ ॥

### রাশিদিগের শত্রুমিত্র কথন।

পৃথ্বী রাশির সহিত জল রাশির মিত্রতা এবং অগ্নি রাশির সহিত বায়ুরাশির মিত্রতা। পৃথ্বীরাশির সহিত অগ্নি ও বায়ুরাশির শত্রুতা। জলরাশির সহিত অগ্নি রাশির শত্রুতা। জলরাশির সহিত বায়ুরাশির শত্রুতা। পিতাপুত্রের এবং স্ত্রীপুরুষের ও প্রভু ভৃত্যের এবং অন্যান্যের সহিত সম্বন্ধ বিচার করিয়া মিত্রামিত্র জ্ঞাত হইবার উদ্দেশে জ্যোতির্ব্বিদগণ মিত্রামিত্র সংজ্ঞা নিরূপণ করিয়াছেন ॥ ১৩ ॥

ভট্টোৎপলধৃত যবনেশ্বর মতে
দ্বাদশ রাশি স্বরূপং।

আদ্যঃস্মৃতো মেষ সমান মূর্ত্তিঃ
কালস্য মূর্দ্ধাগদিতঃ পুরাণৈঃ।
সোজাবিকাসঞ্চরকন্দরাদ্রি-
স্তেনাগ্নি ধাত্বা কর রত্নভূমিঃ ॥ ১ ॥

বৃষস্য।

বৃষাকৃতিস্তু প্রথিতো দ্বিতীয়ঃ
সবক্ত্রকণ্ঠায়তনং বিধাতুঃ।
বনার্দ্রিসানু দ্বিপগোকুলানাং
কৃষীবলানামধিবাসভূমিঃ ॥ ২ ॥

মিথুনস্য।

বীণাগদাভৃন্মিথুনং তৃতীয়ঃ
প্রজাপতেঃ স্কন্ধ ভুজাংসদেশঃ।
প্রনর্ত্তকোগায়নশিল্পকস্ত্রী ক্রীড়া
রতি দ্যূত বিহারভূমিঃ ॥ ৩ ॥

কর্কটস্য।

কর্কঃ কুলীরাকৃতিরম্বু সংস্থো-
বক্ষঃ প্রদেশে বিহিতশ্চধাতুঃ
কেদার বাপী পুলিনানি তস্য
দেবাঙ্গনা রম্য বিহারভূমিঃ ॥ ৪ ॥

সিংহস্য।

সিংহশ্চশৈলেট্ হৃদয় প্রদেশং
প্রজাপতেঃ পঞ্চমমাহু রাদ্যাঃ।
তস্যাটবী দুর্গগুহা বনার্দ্রি
ব্যাধাবনী দুর্গবন প্রদেশঃ ॥ ৫ ॥

কন্যায়াঃ।

প্রদীপিকাং গৃহ্যকরেণ কন্যা
নৌস্থাজলে ষষ্ঠমিতি ব্রুবন্তি।
কলার্থধীরা জঠরং বিধাতুঃ
সশাদ্বলা স্ত্রী রতিশিল্প ভূমিঃ ॥

তুলায়াঃ।

বীথ্যাং তুলাপণ্য ধরোমনুষ্যঃ
স্থিতঃ সনাভীকটিবস্তি দেশে।
শুক্লার্থ বীথ্যাপণ পট্টনাধ্ব
সার্থাধিবাসোন্নতশস্য ভূমিঃ ॥ ৭ ॥

বৃশ্চিকস্য।

শ্বভ্রোষ্টমোবৃশ্চিক বিগ্রহস্তু
প্রোক্তঃ প্রভোর্মেঢ্রগুদপ্রদেশে।
গুহাবিলশ্বভ্রবিষাশ্ম গুপ্তি-
র্ব্বল্মীক কীটাজগরাহি ভূমিঃ ॥ ৮ ॥

ধনুষঃ।

ধন্বী মনুষ্যোহয়পশ্চিমার্দ্ধ-
স্তমাহুরূরূ ভুবন প্রণেতুঃ।
সমস্থিত ব্যস্ত সমস্ত বাজী
শূরাস্ত্রভৃদ্যজ্ঞরথাশ্বভূমিঃ ॥ ৯ ॥

মকরস্য।

মৃগার্দ্ধ পূর্ব্বোমকরোম্বুগার্দ্ধো
জানুপ্রদেশং তমুশন্তি ধাতুঃ।
নদীবনারণ্যসরোঅনূপশ্ব-
ভ্রাধিবাসো দশমঃ প্রদিষ্টঃ ॥ ১০ ॥

কুম্ভস্য।

স্কন্ধেতি রিক্তঃ পুরুষস্য কুম্ভো
জঙ্ঘেতমেকাদশমাহুরাদ্যাঃ।
উষ্ণো দকাধার কুজস্য পক্ষি
স্ত্রীশৌণ্ডিকদ্যূত নিবাস ভূমিঃ ॥ ১১ ॥

মীনস্য ।

জলেতুমীনদ্বয়মৎস্যরাশিঃ
কালস্য পাদৌ বিহিতৌ বরিষ্ঠৌ ।
স পুণ্যদেব দ্বিজতীর্থভূমির্নদী
সমুদ্রাম্বুধরাধিবাসঃ ॥ ১২ ॥

ভট্টোৎপলধৃতযবনেশ্বর মতে
দ্বাদশরাশি স্বরূপ জ্ঞান ।

মেষরাশির সংজ্ঞা ।

মেষ আদ্য অর্থাৎ প্রথম রাশি, সমান শরীর, কাল-পুরুষের মস্তক, ছাগল ও ভেড়ার সঞ্চারভূমি, গুহা, এবং পর্ব্বত ও চোরদিগের বাস ভূমি, অগ্নি, ধাতু, আকর, এবং রত্নভূমি, এই সকল বুঝায় ।

বৃষরাশির সংজ্ঞা ।

বৃষ—বৃষের ন্যায় আকার, বক্ত্র, কণ্ঠ এবং গ্রাবাদেশ, বন, পর্ব্বত, সানু, গোশালা, এবং কৃষিদিগের আবাসভূমি বুঝায় ।

মিথুন রাশির সংজ্ঞা ।

মিথুন—বীণা ও গদাধারী, স্কন্ধ, ভুজ, স্ত্রী, নৃত্য এবং গীত-স্থান, শিল্পকার্য্য, ক্রীড়া, রতি, অর্থাৎ গুহ্য দেশ, পাশাদি খেলা স্থান এবং বিহারস্থান বুঝায় ।

কর্কট রাশির সংজ্ঞা ।

কর্কট—কর্কটের ন্যায় আকৃতি, জলচর, বক্ষস্থল, সরোবর, পুলিন, ক্ষেত্র, দেবতা, স্ত্রীজাতি, এবং রমণীয় বিহারস্থান বুঝায় ।

সিংহ রাশির সংজ্ঞা ।

সিংহ—পর্ব্বতচারী, হৃদয়, বন, দুর্গ, গুহা, পর্ব্বত, দুর্গম-প্রদেশ, অর্থাৎ যেখানে যাওয়া যায় না এবং ব্যাধেরা যে স্থানে পশ্বাদি মারিতে যায় এই সমস্ত বুঝায় ।

কন্যারাশির সংজ্ঞা ।

কন্যা—প্রদীপহস্তা, নৌকাবস্থিতা, জল, চতুঃষষ্টিকলা, জ্ঞানী, উদর, বহুতর তৃণযুক্ত ভূমি, রতি, এবং শিলাভূমি, বুঝায় ।

তুলারাশির সংজ্ঞা ।

তুলা—পণ্যধর পুরুষ, উচ্চাঙ্গ, নাভি, কটি, বস্তিদেশ, বীথী, দেশভাষা বারাণ্ডা, বিক্রয়স্থান, নগর, অথবা পেষণ-শীলাদি, পথ, শুক্লবর্ণ, ধনাগার, অর্থাধিবাস, অর্থাৎ সিন্ধুকাদির উপর, এবং বাসগৃহের উপর,এবং শস্যের ভূমি, অন্যমতে শস্যের গোলা, কিম্বা করাতি কার্য্যের স্থান, পাহাড়ের পার্শ্ব, পর্ব্বতের চূড়া, বৃক্ষ, মৃগয়াস্থান, উত্তম বায়ু কুটুরী, এই সকল বুঝায় ।

বৃশ্চিক রাশির সংজ্ঞা ।

বৃশ্চিক—বৃশ্চিকের ন্যায় আকৃতি, লিঙ্গ এবং গুহ্য-প্রদেশ, গুহা, অপরিষ্কৃত স্থান, গর্ত্ত, প্রস্তর, বিব, কারা-গার, বল্মীক, কীট, অজগর, এবং সর্পদিগের বাসভূমি এই সমস্ত বুঝায় ।

ধনুরাশির সংজ্ঞা ।

ধনু—ধনুবিশিষ্ট পুরুষাকার, পশ্চাদ্ভাগে ঘোটকা-কার, উরুদেশ, উচ্চ নীচ ভূমি, ঘোটক, বলবান, অস্ত্রধারী-পুরুষ, যজ্ঞ, রথাদি এবং অশ্বস্থান বুঝায় ।

মকর রাশির সংজ্ঞা ।

মকর—মকরের ন্যায় আকার, জানুদেশ, নদী, বন, নিবিড় বন, সরোবর, জলপ্লাবিতদেশ, গর্ত্ত, এই সকল বুঝায় ।

কুম্ভরাশির সংজ্ঞা ।

কুম্ভ—স্কন্ধাশক্ত কুম্ভ, পুরুষাকার, জঙ্ঘা, উষ্ণবস্ত্র, জলাধার, পক্ষী, স্ত্রী, শৌণ্ডিক, পদাতিক, এবং চোরের নিবাস এই সকল স্থান বুঝায় ।

মীনরাশির সংজ্ঞা ।

মীন—মৎস্যদ্বয় ঘটিত রাশি, পুণ্য, দেবতা, দ্বিজ,

তীর্থ, এবং আবাস স্থান, নদী, সমুদ্র এবং জলাধার এই সকল বুঝায়।

এই সকল সংজ্ঞা দ্বারা নানা প্রকার গণনা হইতে পারে যথা হৃত নষ্ট বস্তুর প্রশ্নগণনায় ঐ বস্তু কোন স্থানাবস্থিত তাহার জ্ঞান এবং ঐ সকল রাশির দ্বারায় যে রূপ শরীর বিভাগ আছে সেই সেই স্থানে গ্রহ গণের অবস্থান বশতঃ ব্রণাদির চিহ্ন এবং গ্রহগণের বলাবলে সেই সেই অঙ্গ প্রত্যঙ্গের হানি বা দৌর্ব্বল্য ইত্যাদি জানা যায়।

উক্ত রাশি সকলের যে যে স্বভাব ও স্থান প্রভৃতি লিখিত হইল, ঐ সমস্ত রাশিতে কোন গ্রহের অবস্থান অথবা দৃষ্টি না থাকিলে ঐ সকল বুঝাইবে আর ঐ সকল রাশিতে গ্রহের অবস্থান ও দৃষ্টি থাকিলে ঐ সকল স্বভাবাদির হ্রাস বৃদ্ধি এবং বিপরীত হইতে পারে।

## দ্বাদশ রাশির সংজ্ঞা নির্দ্দেশ।

মেষ—ওজ, বিষম, চর, ক্রূর পুং, অগ্নি পৃষ্ঠোদয়, পূণ্য, নিশাবলী, অরুণবর্ণ, কুজক্ষেত্র, মঙ্গলের মূলত্রিকোণ, রবির উচ্চ, তুঙ্গ, শনির নীচ, পূর্ব্বদিক স্বামী, মেষ-প্রচারভূমি, গুহা, পর্ব্বত, চোরের স্থান, ধাতু, রত্ন ভূমি, আকর।

বৃষ—যুগ্ম, সম, স্থির, সৌম্য, স্ত্রী, পৃথ্বী, পৃষ্ঠোদয়, পুষ্কর, নিশাবলী, শুক্লবর্ণ, শুক্রক্ষেত্র, চন্দ্র মূল ত্রিকোণ, চন্দ্রের উচ্চ, তুঙ্গ, দক্ষিণ দিক স্বামী, ভূমিচর, বন, পর্ব্বত, গোষ্ঠাদি, চাষী ভূমি।

মিথুন—ওজ, বিষম, দ্ব্যাত্মক, ক্রূর, পুং, বায়ু, শীর্ষোদয়, পুণ্য, দিনবলী, হরিত, বুধক্ষেত্র, রাহুর উচ্চ, তুঙ্গ, কেতুর নীচ, পশ্চিম দিক স্বামী, বনচর, নৃত্যভূমি, গীতভূমি, শিল্পভূমি, ক্রীড়াভূমি, দ্যূতভূমি।

কর্কট—যুগ্ম, সম, চর, সৌম্য, স্ত্রী, জল, পৃষ্ঠোদয়, পুষ্কর, নিশাবলী, পাটলবর্ণ, চন্দ্রের ক্ষেত্র, বৃহস্পতির উচ্চ, তুঙ্গ, মঙ্গলের নীচ, উত্তর দিক স্বামী, জলচর, ক্ষেত্র, সরোবর, পুলিন, দেবতার স্থান, বিহার ভূমি।

সিংহ—ওজ, বিষম, স্থির, ক্রূর, পুং, অগ্নি, শীর্ষোদয়, পণ্য, দিনবলী, ধূম্রবর্ণ, রবির ক্ষেত্র, কেতুর মূল ত্রিকোণ, পূর্ব্ব দিক স্বামী, পর্ব্বতচর, বন, দুর্গ, গুহা, ব্যাধাবনী, দুর্গমস্থান।

কন্যা—যুগ্ম, সম, দ্ব্যাত্মক, সৌম্য, স্ত্রী, পৃথ্বী, শীর্ষোদয়, পুষ্কর, দিনবলী, পাণ্ডুবর্ণ, বুধের ক্ষেত্র, বুধ মূল ত্রিকোণ, বুধের উচ্চ, তুঙ্গ, শুক্রের নীচ, দক্ষিণ দিক স্বামী, ভূমিচর, শাদ্বলের অধিপতি, রতি, শিল্প।

তুলা—ওজ, বিষম, চর, ক্রূর, পুং, বায়ু, শীর্ষোদয়, পুণ্য, দিনবলী, বিচিত্রবর্ণ, শুক্রের ক্ষেত্র, শুক্র মূলত্রিকোণ, শনির উচ্চ, তুঙ্গ, রবির নীচ, পশ্চিম দিক স্বামী, বনচর, তীর্থ স্থানাধিপ, বীথী, আপন, গৃহ, উন্নতভূমি।

বৃশ্চিক—যুগ্ম, সম, স্থির, সৌম্য, স্ত্রী, জল, শীর্ষোদয়, পুষ্কর, দিনবলী, কৃষ্ণবর্ণ, মঙ্গলের ক্ষেত্র; চন্দ্রের নীচ, উত্তর দিক স্বামী, জলচর, গুহা, গর্ত্ত, পাষাণ, কারাগার।

ধনু—ওজ, বিষম, দ্ব্যাত্মক, ক্রূর, অগ্নি, শীর্ষোদয়, পুণ্য, দিনবলী, স্বর্বর্ণ, বৃহস্পতির ক্ষেত্র, বৃহস্পতির মূলত্রিকোণ, কেতুর উচ্চ, তুঙ্গ, রাহুর নীচ, পূর্ব্ব দিক স্বামী, পর্ব্বতচর, ঘোটক, শূর, অস্ত্রভৃৎ, যজ্ঞ, অশ্ব।

মকর—যুগ্ম, সম, চর, সৌম্য, স্ত্রী, পৃথ্বী, পৃষ্ঠোদয়, পুষ্কর, নিশাবলী কর্ব্বুরবর্ণ, শনির ক্ষেত্র, মঙ্গলের উচ্চ, তুঙ্গ, বৃশ্চিকের নীচ, দক্ষিণ দিক স্বামী, ভূমিচর, নদী, বন, সরোবর, জলপ্লাবিত দেশ, গর্ত্ত।

কুম্ভ—ওজ, বিষম, স্থির, ক্রূর, পুং, বায়ু, শীর্ষোদয়, পুণ্য, দিনবলী, বভ্রুবর্ণ, শনির ক্ষেত্র, শনি ও রাহুর মূল ত্রিকোণ, পশ্চিম দিক স্বামী, বনচর, উষ্ণ, জলাধার পক্ষী, শৌণ্ডিকালয়, দ্যূত।

মীন—যুগ্ম, সম, দ্ব্যাত্মক, সৌম্য, স্ত্রী, জল, শীর্ষোদয়, পুষ্কর, দিনবলী, স্বচ্ছবর্ণ, বুধের ক্ষেত্র, শুক্রের উচ্চ, তুঙ্গ, বুধের নীচ, উত্তর দিক স্বামী, জল, পুণ্যভূমি, ব্রাহ্মণ, তীর্থ, নদী, সমুদ্র।

## রাশিপর্য্যায় কথনং।

রাশিনামানি চ ক্ষেত্রং ভমৃক্ষং গৃহনাম চ।
মেষাদিনাঞ্চ পর্য্যায়ং লোকাদেব বিচিন্তয়েৎ।

## রাশি পর্য্যায় কথনং।

অশ্বিন্যা সহ ভরণী কৃত্তিকাপাদশ্চ কীর্ত্তিতো মেষঃ।
বৃষভঃ কৃত্তিকাশেষং রোহিণ্যর্দ্ধঞ্চ মৃগশিরসঃ ॥
মৃগশিরসোঽর্দ্ধং চার্দ্রা পুনর্ব্বসোস্ত্রিপাদং মিথুনং।
পাদঃ পুনর্ব্বসোরন্ত্যঃ পুষ্যোঽশ্লেষা চ কর্কটঃ ॥
সিংহোঽথ মঘা পূর্ব্বফল্‌গুনী পাদ উত্তরায়াঃ।
তচ্ছেষং হস্তা চিত্রার্দ্ধঞ্চ কন্যকাখ্যঃ ॥
তৌলিনি চিত্রার্দ্ধং স্বাতী বিশাখায়াঃ পাদত্রয়ং।
অলিনি বিশাখা পাদস্তথানুরাধান্বিতা জ্যেষ্ঠা ॥
মূলং পূর্ব্বাষাঢ়া প্রথমশ্চাপ্যুত্তরাংশকো ধন্বী।
মকরস্তৎ পরিশেষং শ্রবণা চার্দ্ধং ধনিষ্ঠায়াঃ ॥
ধনিষ্ঠার্দ্ধং শতভিষা পূর্ব্বভাদ্রপদপাদত্রয়ং কুম্ভঃ।
পূর্ব্বভাদ্রপদাশেষস্তথোত্তরা রেবতী মীনঃ ॥

## মেষাদীনাং বিশেষ নাম কথনং।

ক্রিয়তাবুরি জিতুম কুলীর-
লেয় পাথেয়ব্‌ককৌর্পাখ্যাঃ।
তৌক্ষিক আকোকেরো-
হৃদ্রোগশ্চান্ত্যভং চেত্থং ॥

## অথ রাশীনামোজ যুগ্মাদি সংজ্ঞা।

ওজোঽথযুগ্মং পুরুষোঽঙ্গনাচ-
ক্রূরোঽথ সৌম্যো বিষমঃ সমশ্চ।
চর স্থির দ্ব্যাত্মক সংজ্ঞকাঃ স্যুঃ-
ক্রমেণ মেষাদি করাশয়োঽমী ॥

## পুণ্যাদি বিবেকঃ।

পুণ্যশ্চ পুস্করশ্চৈব আধানাখ্যস্তথৈবচ।
শ্রুত্যা বৃত্ত্যা ভবন্ত্যেতে নিত্যং দ্বাদশ রাশয়ঃ ॥

## দ্বিপদ চতুষ্পদ রাশি কথনং।

মিথুনতুলাঘটকন্যা দ্বিপদাখ্যাশ্চাপ পূর্ব্বভাগশ্চ।
মৃগধনুরাদ্যন্তার্দ্ধে বৃষাজসিংহাশ্চ তুশ্চরণাঃ ॥

## কীটসরীসৃপরাশি কথনং।

কর্কটবৃশ্চিকমীনা মকরান্ত্যর্দ্ধঞ্চ কীটসংজ্ঞাঃ স্যুঃ।
বৃশ্চিকরাশির্মুনিভিঃ সরীসৃপত্বেন নির্দ্দিষ্টঃ ॥

## রাশানাং বশ্যাবশ্য কথনং।

দ্বিপদ বশগাঃ সর্ব্বে সিংহং বিহায় চতুষ্পদাঃ।
সলিল নিলয়া ভক্ষ্যা বশ্যাঃ সরীসৃপজাতয়ঃ ॥
মৃগপতিবশে তিষ্ঠন্ত্যেতে বিহায় সরীসৃপান্‌।
অকথিতগৃহেষূহ্যং বশ্যং জন ব্যবহারতঃ ॥

## গ্রামারণ্যজলজ রাশি কথনং।

গ্রাম্যা মিথুনতুলাস্ত্রীচাপালি-
ঘটাঃ নিশাসু বৃষমেষৌ।
মকরাদিমার্দ্ধ সিংহৌ বনৌ-
দিবসেঽজ বৃষভৌ চ ॥
জলজৌ কর্কটমীনৌ মকরান্ত্যর্দ্ধঞ্চ শিব মতে
কুম্ভঃ।

## রাশীনাং হ্রস্বদীর্ঘকথনং।

হ্রস্বাস্তিমিগোঽবিঘটা মিথুন-
ধনুঃকর্কিমৃগমুখাশ্চ সমাঃ।
বৃশ্চিককন্যামৃগপতিবণিজো-
দীর্ঘাঃ সমাখ্যাতাঃ ॥

## দিগধিপলগ্নকথনং।

প্রাগাদিককুভাং নাথা যথাসংখ্যং প্রদক্ষিণং।
মেষাদ্যা রাশয়ো জ্ঞেয়াস্ত্রিরাবৃত্তিপরিভ্রমাৎ ॥

অন্যচ্চ।

মেষ সিংহো ধনুশ্চৈব ত্রয় পূর্ব্বদিগীশ্বরাঃ।
বৃষ কন্যা মৃগাশ্চৈব ত্রয়াণাং দক্ষিণেশ্বরাঃ॥
যুগ্ম যূক ঘটাশ্চৈতে রাশয়ঃ পশ্চিমাধিপাঃ।
উত্তরাদিগধীশাস্তুমীন কর্কট বৃশ্চিকাঃ॥

গ্রহাণাং ক্ষেত্র কথনং।

কুজ শুক্র বুধেন্দ্বর্ক সৌম্যশুক্রাবনীভুবাং।
জীবার্কিভানুজেজ্যানাং ক্ষেত্রাণি স্যুরজাদয়ঃ॥

রাশ্যাধিপতিমাহ।

ভৌমে শুক্র বুধেন্দ্বর্ক বিচ্ছুক্র ধরণী সুতাঃ।
জীবার্কি সৌরি গুররো মেষাদিনামধীশ্বরা॥

নিশাদিসংজ্ঞা কথনং।

অজো গোপতিযুগ্মঞ্চ কার্কিধন্বিমৃগাস্তথা।
নিশা সংজ্ঞাঃ স্মৃতাশ্চৈতে শেষাশ্চান্যে দিনাত্মকাঃ॥
নিশাসংজ্ঞা বিমিথুনাঃ স্মৃতাঃ পৃষ্ঠোদয়াস্তথা।
শেষাঃ শীর্ষোদয়া হ্যেতে মীনশ্চোভয় সংজ্ঞকঃ॥

অথ রাশীনাং বর্ণমাহ।

মেষোঽরুণোবৃষঃ শুক্লো মিথুনং হারিতস্তথা।
কর্কটঃ পাটলঃ সিংহঃ পাণ্ডরঃ পরিকীর্ত্তিতঃ॥
বিচিত্রা কন্যকা প্রোক্তা তৌলী কৃষ্ণস্তথৈবচ।
পিষঙ্গো বৃশ্চিকশ্চৈব পিঙ্গলঃ কার্ম্মুকস্তথা॥
মকরঃ কর্ব্বুরঃ কুম্ভোবভ্রুঃ কোমলিনোরুচঃ॥

অন্যচ্চ দীপিকায়াং।

অরুণসিতহরিতপাটলপাণ্ড-
বিচিত্রাঃ সিতেতরপিষঙ্গৌ।
পিঙ্গলকর্ব্বুরবভ্রুমলিনা
রুচয়োযথাসংখ্যং॥

পৃষ্ঠোদয়াদি সংজ্ঞামাহ।

মেষো বৃষঃ কর্কটশ্চ ধনুর্ম্মকর এবচ।
পৃষ্ঠোদয়াঃ চতে বৈতে মীনশ্চাপি তথৈবচ॥
মিথুনং কেশরী কন্যা তুলাবৃশ্চিকভস্তথা।
কুম্ভোঽথ মীনএবৈতে সপ্তশীর্ষোদয়াঃ স্মৃতাঃ॥
এষাং মধ্যে বর্জ্জিত পাপ ক্ষেত্রে মিথুনতুলা কন্যামীনাঃ শুভ ক্ষেত্রাণি।

অথোচ্চনীচ স্থানান্যাহঃদীপিকায়া।

সূর্য্যাদ্যুচ্চান ক্রিয় বৃষ মৃগ স্ত্রী কুলীরান্ত্যযূকে।
দিগ্বহ্নীন্দ্রদ্বয়তিথি শরান সপ্তবিংশাংশ্চ বিংশান॥
অংশানেতান্ বদতিযবনশ্চান্ত্য তুঙ্গান্ সুতুঙ্গান্।
তানে বাংশান্মদন ভবনে হ্যাঽনীচান্ সুনীচান্॥

অন্যচ্চ।

রবের্ম্মেষ তুলে প্রোক্তে চন্দ্রস্য বৃষ বৃশ্চিকৌ।
ভৌমস্য মৃগ কর্কৌ চ কন্যা মীনৌ বুধস্যচ॥
জীবস্য কর্কি মকরৌ মীন কন্যৌ সিতস্যতু।
তুলা মেষৌচ মন্দস্য উচ্চ নীচে উদাহৃতে॥

অথ মূল ত্রিকোণ স্থানান্যাহ।

সিংহ গো মেষ বনিতা ধৃনুর্য্যূকঘটাস্তথা।
মূল ত্রিকোণ ভবনান্যাহুঃ সূর্য্যাদিতঃ ক্রমাত্॥

অথ মূল ত্রিকোণ।

সিংহো বৃষশ্চ মেষশ্চ কন্যা ধন্বী ঘটো ঘটঃ।
অর্কাদীনাং ত্রিকোণানি মূলানি রাশয়ঃ ক্রমাৎ॥

অথ কাল পুরুষস্যাঙ্গ বিভাগমাহ।

মেষঃ শিরো বৃষোবক্তৃং মিথুনং বাহু যুগ্মকং।
কর্কটো হৃদয়ঞ্চৈব সিংহস্তূদর মেবচ॥
কন্যা কটি স্তুলাবস্তি বৃশ্চিকো গুহ্য মেবচ।
ধনুরুরু মৃগো জানূ কুম্ভো জঙ্ঘে প্রকীর্ত্তিতে॥
মীনঃ পাদদ্বয়ঞ্চৈব কালাঙ্গা নিয়তাংক্রমাৎ।

নক্ষত্র কর্তৃক শরীর বিভাগ।

মূর্দ্ধি ভ্রূযুগলে চাক্ষ্যোঃ কর্ণয়োর্নাস গণ্ডয়োঃ।
ওষ্ঠয়োর্দন্ত পংক্তৌচ জীহ্বায়াং গ্রীব মূলকে॥
স্তনদ্বন্দ্বে তথা বক্ষঃ পার্শ্বয়োর্ণাভিদেশকে।
নিতম্বেচ তথা পৃষ্ঠে গুহ্যেচ পাদয়োঃ পুনঃ॥
পাদমেকং দ্বিনক্ষত্রং রাশীনাং পরিনামকৃৎ।

রাশীনাং স্থানবলমাহ।

কেন্দ্র স্থান্ প্রবলান্ রাশীন্-
মধ্যান্ পনর্ফরাশ্রিতান্।
আপোক্লিম গতান্ গার্গিঃ-
সর্ব্বান্ হীন বলান্ বদেৎ॥

অথ রাশীনাং বর্ণ কথনং।

কর্কিমীনালয়োবিপ্রাঃ ক্ষেত্রাঃ সিংহ তুলাহয়াঃ।
বৈশ্যাঃ কুম্ভাজ যুগ্মাখ্যাঃ শূদ্রা বৃষ মৃগাঙ্গনা॥

অনুবাদ।

রাশির নাম।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মেষ | বৃষ | মিথুন | কর্কট | সিংহ | কন্যা |
| তুলা | বৃশ্চিক | ধনু | মকর | কুম্ভ | মীন। |

রাশির আকার।

মেষ রাশি মেষাকার, বৃষ রাশি বৃষাকার, মিথুন স্ত্রী-পুরুষাকার, কর্কট কর্কটাকৃতি, সিংহ সিংহ সদৃশ, কন্যা কন্যারূপ, তুলা তুলাবান্ পুরুষ, বৃশ্চিক স্বনাম সদৃশ, ধনু ধনুর্দ্ধারী, মকর মৃগ-মুখ, কুম্ভ স্কন্ধাশক্ত ঘট, মীন পুচ্ছাভিমুখং মৎস্যদ্বয়ং।

অথ রাশির অধিপতি দেবতা।

মেষের দেবতা মেষাকার, বৃষের দেবতা বৃষাকার, মিথুনের দেবতা স্ত্রী পুরুষাকার এবং মৎস্য ঘটী বীণা ও গদাধারী, কর্কটের দেবতা কর্কটের আকৃতি, সিংহের দেবতা সিংহাকৃতি, কন্যার দেবতার আকৃতি জলের কলসধারী, তুলার দেবতাকার শস্যদহনা তুলাবান্ পুরুষ, বৃশ্চিকের দেবতা বৃশ্চিকাকৃতি, ধনুর দেবতার আকার অশ্বের ন্যায় জঙ্ঘা পর্য্যন্ত এবং অবশিষ্ট ধনুর্দ্ধারী নরের ন্যায়, মকরের দেবতার আকার মৃগ মুখের ন্যায়, কুম্ভের দেবতার আকার কুম্ভধারী পুরুষ সদৃশ এবং মীনের দেবতার আকার মীন সদৃশ।

অথ রাশি পর্য্যায়।

ক্ষেত্র শব্দে এবং ভ শব্দে এবং ঋক্ষ শব্দে মেষাদি দ্বাদশ রাশিকেই বোধ হইবে।

ওজ যুগ্ম বিষম সম।

ওজ রাশি।—মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ।
যুগ্ম রাশি।—বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক মকর, মীন।
বিষম রাশি।—মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ।
সম রাশি।—বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর, মীন।

অথ রাশিদিগের চর, স্থির ও দ্ব্যাত্মক সংজ্ঞা।

অথ চর।—মেষ, কর্কট, তুলা, মকর।
অথ স্থির।—বৃষ, সিংহ, বৃশ্চিক, কুম্ভ।
অথ দ্ব্যাত্মক।—মিথুন, কন্যা, ধনু, মীন।

মেষাদির বিশেষ নাম।

মেষের অন্যরূপ নাম ক্রিয়, বৃষের তাবুরি, মিথুনের জিতুম, কর্কটের কুলীর, সিংহের লেয়, কন্যার পাথেয়,

তুলার নূক, বৃশ্চিকের কৌর্পাখ্যা, ধনুর তৌক্ষিক, মকর আকোকেরো, কুম্ভ হৃদ্রোগ, মীনের অন্ত্যভ।

রাশির ক্রূর ও সৌম্য সংজ্ঞা।

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ, ইহাদের নাম ক্রূর সংজ্ঞা। বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর, মীন সৌম্য সংজ্ঞা।

অথ রাশিদিগের দ্বিপদাদি সংজ্ঞা।

কন্যা তুলা মিথুন কুম্ভ এবং ধনুর প্রথম অর্দ্ধেক ভাগ দ্বিপদ সংজ্ঞা, ধনুর শেষ অর্দ্ধেক ভাগ এবং মকরের পূর্ব্ব অর্দ্ধেক ভাগ ও বৃষ মেষ সিংহ চতুষ্পাদ সংজ্ঞা হয়।

অথ কীট সরীসৃপ সংজ্ঞা।

মকরের শেষ অর্দ্ধেক ভাগ এবং কর্কট, মীন ও বৃশ্চিক ইহারা কীট সংজ্ঞা; কিন্তু বৃশ্চিক সরীসৃপ সংজ্ঞাও হয়।

অথ রাশিদিগের বশ্যাবশ্য কথন।

মিথুন তুলা কুম্ভ কন্যা এবং ধনুর পূর্ব্বভাগ বশ্য সংজ্ঞা। মকর এবং ধনুর শেষার্দ্ধ, বৃষ ও মেষ অবশ্য সংজ্ঞা।

অথ রাশিদিগের গ্রাম্য অরণ্য ও জলজ সংজ্ঞা।

মিথুন তুলা কন্যা ধনু বৃশ্চিক এবং রাত্রিতে বৃষ ও মেষ গ্রাম্য সংজ্ঞা। মকরের পূর্ব্ব অর্দ্ধেক ভাগ, সিংহ এবং দিবাতে মেষ বৃষ অরণ্য সংজ্ঞা। কর্কট, মীন জলজ সংজ্ঞা এবং মকরের শেষ ভাগও জলজ। কোন মতে কুম্ভরাশিও জলজ।

অথ হ্রস্ব ও দীর্ঘ এবং সম সংজ্ঞা।

মেষ বৃষ কুম্ভ মীন হ্রস্ব। মিথুন কর্কট ধনু মকর সম এবং সিংহ কন্যা তুলা বৃশ্চিক দীর্ঘ।

লগ্নের অধিপতি।

মেষ সিংহ ধনু পূর্ব্বদিগের অধিপতি। বৃষ কন্যা মকর দক্ষিণ দিকের অধিপতি। মিথুন তুলা কুম্ভ পশ্চিমদিকের অধিপতি। কর্কট বৃশ্চিক মীন উত্তরদিকের অধিপতি।

রাশিদিগের রাত্রিসংজ্ঞা।

মেষ বৃষ মিথুন কর্কট ধনু মকর। ইহাদিগের রাত্রি সংজ্ঞা।

অথ দিবা সংজ্ঞা।

সিংহ কন্যা তুলা বৃশ্চিক কুম্ভ মীন। ইহাদিগের দিবা সংজ্ঞা।

অথ রাশিদিগের বর্ণ।

মেষ অরুণ বর্ণ, বৃষ শুক্লবর্ণ, মিথুন হরিদ্বর্ণ, কর্কট পাটল বর্ণ, সিংহ পাণ্ডুর বর্ণ, কন্যা বিচিত্র বর্ণ, তুলা কৃষ্ণ বর্ণ, বৃশ্চিক পিষঙ্গ বর্ণ, ধনু পিঙ্গল বর্ণ, মকর কুর্ব্বর বর্ণ, কুম্ভ বভ্রু বর্ণ এবং মীন মলিন বর্ণ।

অথ পৃষ্ঠোদয় সংজ্ঞা।

মেষ বৃষ কর্কট ধনু মকর মীন। ইহাদিগের পৃষ্ঠোদয় সংজ্ঞা।

অথ শীর্ষোদয় রাশি সংজ্ঞা।

মিথুন সিংহ কন্যা তুলা বৃশ্চিক কুম্ভ মীন। ইহাদিগের শীর্ষোদয় রাশি সংজ্ঞা।

অথ উচ্চ ও নীচ স্থান।

সূর্য্যের উচ্চ স্থান মেষ রাশি। ঐ রাশিতে দশ অংশকে উচ্চাংশ কহে। বৃষ রাশি চন্দ্রের উচ্চ স্থান উচ্চাংশ হয় তিন। মঙ্গলের উচ্চ স্থান মকর, উচ্চাংশ আটাইস। বুধের উচ্চ স্থান কন্যা, উচ্চাংশ পঞ্চদশ। বৃহস্পতির উচ্চ স্থান কর্কট, উচ্চাংশ পাঁচ। শুক্রের উচ্চ স্থান মীন, উচ্চাংশ সপ্তবিংশতি। শনির উচ্চ স্থান তুলা, উচ্চাংশ বিংশতি দিন।

(অংশ শব্দে গ্রহের রাশি ভোগের ত্রিশ ভাগের এক ভাগ জানিবে যথা,—রবির এক রাশি ভোগের কাল এক মাস হয়, ঐ এক মাসকে ত্রিষ ভাগ করিলে তাহার এক

ভাগে এক দিন হয়। অতএব মেষ রাশির উচ্চাংশ দশ দিন জানিবে। এইরূপ বক্রী রাশিগণের হিসাব করিয়া উচ্চাংশ জানিতে হইবে। গ্রহগণের গোচর সংখ্যা গ্রহ সংজ্ঞায় জানিতে পারিবেন।)

যে গ্রহের যে কয় অংশ উচ্চ হয়, সে গ্রহের সেই উচ্চাংশের শেষ অংশকে স্বূচ্চাংশ বলা যায় যথা,—উপরে রবির উচ্চ মেষ রাশি, উচ্চাংশ দশ দিন বলা হইয়াছে। ঐ দশ দিনের শেষ অংশ যে এক দিন, তাহাকে স্বূচ্চাংশ কহে। এই স্থানে রবি থাকিলে পূর্ণ বল হয়। এইরূপ অন্যান্য গ্রহ সম্বন্ধেও গণনা করিবেন।

আর যে গ্রহের যে যে রাশি উচ্চ স্থান হয়, সেই গ্রহের ঐ উচ্চ স্থান হইতে গণনায় যে রাশি সপ্তম স্থান হয়। সেই নীচ স্থানে জানিবে। উচ্চাংশের যেরূপ গণনা নীচাংশেরও সেইরূপ যথা,—রবির উচ্চ স্থান মেষ, তাহার উচ্চাংশ দশ। অতএব নীচাংশও দশ হইবে। আর নীচাংশের শেষ অংশকে সুনীচাংশ বলা যায়। এই স্থানে গ্রহগণ থাকিলে নিতান্ত দুর্ব্বল হয়। এইরূপ বক্রী রাশির নীচাংশ ও সুনীচাংশ গণনা করিবেন।

| গ্রহের নাম। | উচ্চ রাশি। | নীচ রাশি। | উচ্চাংশ ভোগের কাল। | নীচাংশ ভোগের কাল। | সুনীচাংশ স্বূচ্চাংশ ভোগের কাল। |
|---|---|---|---|---|---|
| রবি | মেষ | তুলা | ১০ দিন | ১০ দিন | ১ দিন |
| চন্দ্র | বৃষ | বৃশ্চিক | ১৩। ৩০ পল | ১০। ৩০ পল | ৪ দণ্ড। ৩০ |
| মঙ্গল | মকর | কর্কট | ৪২ দিন | ৪২ দিন | ১ দিন ৩০ দণ্ড |
| বুধ | কন্যা | মীন | ৯ দিন | ৯ দিন | ৩৬ দণ্ড |
| বৃহস্পতি | কর্কট | মকর | ২ মাস | ২ মাস | ১২ দিন |
| শুক্র | মীন | কন্যা | ২৫ দিন ০। ১২ প | ২৫ দিন ০। ১২ প | ৫৬ দণ্ড |
| শনি | তুলা | মেষ | ২০ মাস | ২০ মাস | ১ মাস |
| রাহু | মিথুন | ধনু | ১২ মাস | ১২ মাস | ১৮ দিন |
| কেতু | ধনু | মিথুন | ১২ মাস | ১২ মাস | ১৮ দিন |

## অথ রাশির মূল ত্রিকোণ।

মেষ রাশি মঙ্গলের মূল ত্রিকোণ। বৃষ রাশি চন্দ্রের মূল ত্রিকোণ। সিংহ রাশি রবির, কন্যা রাশি বুধের, তুলা রাশি শুক্রের মূল ত্রিকোণ। ধনু রাশি বৃহস্পতির, কুম্ভ রাশি শনির মূল ত্রিকোণ হয়। কুম্ভ রাশির রাহুর মূল ত্রিকোণ। ঐ সকল গ্রহ ঐস্থানে থাকিলে বলবান হয়।

## প্রশ্ন গণনায় রাশির দ্বারায় স্থান নির্ণয়।

মেষ লগ্নে মেষ প্রচার ভূমি। বৃষে গোষ্ঠালয়। মিথুন নৃত্যগীত স্থান। কর্কট জল মধ্যে বা সমীপে অথবা জল সমীপে। সিংহ অরণ্য ভূমি। কন্যা নৌকার নিকট। তুলা আপন গৃহে, মতান্তরে হট্ট ভূমি। বৃশ্চিক গর্ত্তে বা বিবর দেশে। ধনু সংগ্রাম ভূমি। মকর জল মধ্যে কিম্বা জলের নিকট। কুম্ভ শিল্প গৃহে কিম্বা ভাণ্ডে বা সমীপে। মীন জলে কিম্বা জল সমীপে ইতি। ইহার দ্বারায় হৃত বস্তুর স্থান নির্ণয় হইবে।

## কাল পুরুষের অঙ্গ বিভাগ অর্থাৎ মনুষ্যের শরীরের কোন কোন অংশে কোন গ্রহের স্থান তাহার চক্র।

| স্থান | রাশি | বর্ণ |
|---|---|---|
| শীর্ষে | মেষ | অরুণ |

| | | |
|---|---|---|
| মুখে | বৃষ | সিত |
| বাহু | মিথুন | হরিত |
| হৃদয় | কর্কট | পাটল |
| উদর | সিংহ | পাণ্ডু |
| কটি | কন্যা | বিচিত্র |
| বস্তি | তুলা | সিতেতর |
| গুহ্য | বৃশ্চিক | পিশঙ্গ |
| উরু | ধনু | পিঙ্গল |
| জানু | মকর | কর্ব্বুর |
| জংঘা | কুম্ভ | বভ্রু বর্ণ |
| পদ | মীন | মলিন |

## অথ নক্ষত্র কর্ত্তৃক শরীর বিভাগ।

| | | | |
|---|---|---|---|
| মূর্দ্ধা | অশ্বিনী | গ্রীবা | স্বাতি |
| শিরঃ | ভরণী | স্তন | বিশাখা |
| শিরঃ | কৃত্তিকা | স্তন | অনুরাধা |
| চক্ষু | রোহিনী | বক্ষ | জ্যেষ্ঠা |
| চক্ষু | মৃগশিরা | পার্শ্ব | মূলা |
| কর্ণ | আর্দ্রা | পার্শ্ব | পূর্ব্বাষাঢ়া |
| কর্ণ | পুনর্ব্বসু | নাভি | উত্তরাষাঢ়া |
| নাসা | পুষ্যা | নিতম্ব | শ্রাবণা |
| গণ্ড | অশ্লেষা | পৃষ্ঠ | ।০। অভিজিৎ |
| ওষ্ঠ | মঘা | পৃষ্ঠ | অভিজিৎ।০। |
| ওষ্ঠ | পূর্ব্বফল্গুনী | গুহ্য | ধনিষ্ঠা |
| দন্ত | উত্তরফল্গুনী | পদ | শতভিষা ও পূর্ব্বভাদ্রপদ |
| দন্ত | হস্তা | পদ | উত্তরভাদ্রপদ ও রেবতি |
| জিহ্বা | চিত্রা | | |

## প্রশ্ন কালে।

প্রশ্ন কর্ত্তা প্রশ্ন কালে যে অঙ্গে হস্ত দিয়া প্রশ্ন করে সেই অঙ্গে যে রাশি সেই রাশির বর্ণ হয়। এবং অনেক প্রকারের গণনায় নক্ষত্র কর্ত্তৃক শরীর বিভাগ প্রয়োজন হয়।

## অন্য মতে রাশি কর্ত্তৃক মানব শরীর বিভাগ।

| | | | |
|---|---|---|---|
| মেষ | মস্তক এবং মুখ | তুলা | কটি |
| বৃষ | গলদেশ ও তাহার পশ্চাৎ ভাগ | বৃশ্চিক | গুহ্য স্থান |
| মিথুন | হস্ত ও বাহু | ধনু | উরুদেশ জঙ্ঘা |
| কর্কট | হৃদয় বুক স্তন তলপেট | মকর | জানু |
| সিংহ | পৃষ্ঠভাগ এবং অন্তঃকরণ | কুম্ভ | গুল্‌ফ |
| কন্যা | পেট এবং নাড়ীভুড়ী | মীন | পদ |

## অথ স্থলচর ও জলচরাদি সংজ্ঞা।

কর্কট মীন জলচর। মেষ বৃষ মিথুন সিংহ কন্যা তুলা ধনু ইহারা স্থলচর। মকর কুম্ভ ইহারা উভয়চর সংজ্ঞা।

## অথ বর্ণ কথনং।

কর্কট বৃশ্চিক মীন বিপ্র বর্ণ। সিংহ তুলা ধনু ক্ষত্রিয় বর্ণ। মেষ কুম্ভ মিথুন বৈশ্য বর্ণ। বৃষ কন্যা মকর শূদ্র বর্ণ।

## অথ রাশিদিগের বর্গ নির্ণয়।

মেষ রাশিতে ক বর্গ ৩।৫।৭ অক্ষর। বৃষ রাশিতে চ বর্গ ২।৪।৬ অক্ষর। মিথুন রাশিতে ত বর্গ ৩।৫।৭ অক্ষর। কর্কট রাশিতে য শ বর্গ ২।৪।৬ অক্ষর। সিংহ রাশিতে অ বর্গ ৩।৫।৭ অক্ষর। কন্যা রাশিতে ট বর্গ ২।৪।৬ অক্ষর। তুলা রাশিতে চ বর্গ ৩।৫।৭ অক্ষর। বৃশ্চিক রাশিতে ক বর্গ ২।৪।৬ অক্ষর। ধনু রাশিতে ত বর্গ ৩।৫।৭ অক্ষর। মকর রাশিতে প বর্গ ২।৪।৬ অক্ষর। কুম্ভ রাশিতে প বর্গ ৩।৫।৭ অক্ষর। মীন রাশিতে ত বর্গ ২।৪।৬ অক্ষর। ইহার দ্বারা নাম জানা যাইবে।

## মনুষ্যের যে যে অংশে যে যে রাশির অধিকার।

কর্কট কপালের উপরিভাগ। সিংহ দক্ষিণ চক্ষুর ভ্রূ। ধনু দক্ষিণ চক্ষু। তুলা দক্ষিণ কর্ণ। কুম্ভ বাম চক্ষুর ভ্রূ। মিথুন এবং মেষ বাম কর্ণ। বৃষ কপালের মধ্যস্থল। মকর চিবুক থুতনী দাড়ি। বিছা নাক। কন্যা দক্ষিণ গাল। মীন বাম গাল। এই সকল স্থান দ্বারা রাশি জ্ঞান হয়। রাশি জ্ঞান হইলে আকৃতি স্বভাব জানা যায়।

কেন্দ্র স্থানের যে গ্রহ সে প্রবল ফল দেয় প ন ফর আশ্রিত গ্রহে মধ্য ফল। আপক্লিম স্থানে গ্রহের হীন বল জানিবে।

## বৃদ্ধি স্থান।

বৃদ্ধি স্থান বলিতে বৃষ সিংহ বৃশ্চিক এবং কুম্ভ এই চারি লগ্নকে বুঝায়।

## ষড়বর্গ।

ষড়বর্গ অর্থাৎ দ্বাদশ রাশির প্রত্যেক রাশিকে ছয় ভাগ করিয়া তাহার প্রত্যেক ভাগে এক এক গ্রহ সংস্থাপন করা হইয়াছে, ইহাতে বোধ হয় যে প্রত্যেক রাশির মধ্য দিয়া গ্রহগণের স্থূল ও সূক্ষ্মরূপে আকর্ষণের স্থান নির্দ্ধারিত থাকায় তাহার ফলাফলের তারতম্যের বিধান হইয়াছে। ষড়বর্গ কি তাহা নিম্নে লিখিত হইতেছে।—

## অথ ষড়বর্গ কথনং।

ক্ষেত্রং হোরাথ দ্রেক্কণো নবাংশো দ্বাদশাংশকঃ।
ত্রিংশাংশকশ্চ ষড়বর্গস্ত্র্যাদি প্রাপ্ত্যা ফলপ্রদা॥

ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, নবাংশ, দ্বাদশাংশ, ত্রিংশাংশ ছয় প্রকার ভাগের নাম ষড়বর্গ।

## অথ ক্ষেত্র।

যদিও গ্রহগণ দ্বাদশ রাশিতে পরিভ্রমণ করেন, তথাচ কোন কোন রাশিতে স্থিতিকালে তাহাদের সেই সেই রাশি এবং তদন্তর্গত নক্ষত্র যোগে এবং অন্যান্য কারণে বিশেষ বলবান্ হইয়া তাহাদের আকর্ষণাদি শক্তির বৃদ্ধি হওয়ায় সেই সেই রাশি সেই সেই গ্রহের ক্ষেত্র নামে উল্লেখ হইয়াছে যথা,—

কুজশুক্রবুধেন্দ্বর্ক সৌম্য শুক্রা বনী ভুবাং।
জীবার্কি ভানুজে জ্যানাং ক্ষেত্রাণিস্যুরজাদয়ঃ॥

## অনুবাদ।

মেষ, বৃশ্চিক এই দুই রাশি মঙ্গলের ক্ষেত্র। বৃষ এবং তুলা শুক্রের ক্ষেত্র। মিথুন এবং কন্যা বুধের ক্ষেত্র। কর্কট রাশি চন্দ্রের ক্ষেত্র। ধনু এবং মীন বৃহস্পতির ক্ষেত্র। মকর এবং কুম্ভরাশি শনির ক্ষেত্র।

## ক্ষেত্র চক্র।

| গ্রহের নাম | রাশি ক্ষেত্রের নাম |
|---|---|
| রবির | সিংহ। |
| চন্দ্রের | কর্কট। |
| মঙ্গলের | মেষ, বৃশ্চিক। |
| বুধের | কন্যা, মিথুন। |
| বৃহস্পতির | ধনু, মীন। |
| শুক্রের | তুলা, বৃষ। |
| শনির | মকর, কুম্ভ। |

## হোরামাহ।

বিষমর্ক্ষেষু প্রথম হোরাঃ স্যুশ্চণ্ডরোচিষঃ।
দ্বিতীয়ঃ শশিনো যুক্ষুব্যত্যয়াদগণয়েৎ সদা॥

## অন্যচ্চ।

হোরে বিষমেহর্কেন্দোঃ সম-
রাশৌ চন্দ্রসূর্য্যয়োঃ ক্রমশঃ॥

## অথ হোরা।

রাশির অর্দ্ধাংশের নাম হোরা; তন্মধ্যে বিষম রাশির প্রথম অংশ সূর্য্যের হোরা, দ্বিতীয় অংশ চন্দ্রের, এবং সম রাশির প্রথমাংশ চন্দ্রের হোরা, দ্বিতীয়াংশ সূর্য্যের হোরা। যথা—

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ, ইহাদের প্রথমার্দ্ধেক সূর্য্যের হোরা; দ্বিতীয়ার্দ্ধেক চন্দ্রের হোরা। বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর, মীন, ইহাদের প্রথম অর্দ্ধেক চন্দ্রের হোরা; দ্বিতীয় অর্দ্ধেক সূর্য্যের হোরা যথা—কলিকাতার অয়নাংশ মতে মেষ রাশির পরিমাণ ৪।৭।৭ বিপল তাহাকে দুই ভাগ করিলে প্রত্যেক অংশে ২ দণ্ড, ৩ পল, ৩৩

বিপল ও ৩০ অনুপল হয়। যদি ঐ মেষ লগ্নের প্রথমার্দ্ধ সময়ের মধ্যে সন্তান জন্মে, তবে সূর্য্যের হোরায় জন্মিয়াছে বলিতে হইবে এবং যদি ঐ মেষ লগ্নের ২ দণ্ড ৩ পল ৩৩ বিপল ৩০ অনুপল গতে জন্মে তবে চন্দ্রের হোরায় জন্ম বলিতে হইবে। এইরূপ বক্রী রাশি সমূহের বিভাগ এই পুস্তকের পৃষ্ঠাতে দৃষ্ট করিলে জ্ঞাত হইতে পারিবেন।

সূর্য্যের এবং চন্দ্রের হোরাতে জন্ম হইলে কি কি ফল হয় পরে তাহা জাতক প্রকরণে লিখিত হইবে।

অথ দ্রেক্কাণ কথনং।

দ্রেক্কাণাঃ প্রথম পঞ্চম নবপানাং ॥

অথ দ্রেক্কাণ ভাগ।

রাশির তিন অংশের এক অংশের নাম দ্রেক্কাণ। যে গ্রহ যে রাশির অধীশ্বর হন তিনিই সেই রাশির প্রথম দ্রেক্কাণের অধিপতি এবং সেই রাশি হইতে পঞ্চম রাশির অধীশ্বর যে গ্রহ, তিনি দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি এবং তাহার নবম রাশির অধীশ্বর যে গ্রহ, তিনি তৃতীয় দ্রেক্কাণের অধিপতি হন। স্পষ্টার্থ মেষের অধীশ্বর মঙ্গল, তিনি মেষের প্রথম দ্রেক্কাণের অধিপতি এবং মেষের পঞ্চম সিংহ রাশি ঐ সিংহের অধীশ্বর রবি গ্রহ, তিনি মেষের দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি এবং মেষের নবম ধনু ঐ ধনুর অধীশ্বর বৃহস্পতি তিনি মেষের তৃতীয় দ্রেক্কাণের অধিপতি হন; এইরূপ বৃষ প্রভৃতি সকল রাশিরই অংশ ত্রয়ের অধিপতি।

দৃষ্টান্ত।—কলিকাতার অয়নাংশ শোধিত মেষ লগ্নের পরিমাণ ৪ দণ্ড ৭ পল ৭ বিপল উহাকে তিন ভাগ করিলে তাহার প্রত্যেক ভাগ ১ দণ্ড ২২ পল ২২ বিপল ২০ অনুপল হয়, অতএব মেষ লগ্নের প্রথম ভাগে কোন বালক জন্মিলে মঙ্গলে দ্রেক্কাণের জন্ম বলা যায়; প্রথম ভাগের পর ২ দণ্ড ৪৪ পল ৪৪ বিপল ৪০ অনুপল মধ্যে জন্ম হইলে মেষ হইতে গণনায় পঞ্চম রাশি যে সিংহ তাহার অধিপতি রবি তিনি ঐ মেষের দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি, অতএব রবির দ্রেক্কাণে জন্ম হইল এবং ২ দণ্ড ৪৪ পল ৪৪ বিপল ৪০ অনুপল গতে জন্মিলে মেষ হইতে গণনায় নবম রাশি ধনু এবং ঐ ধনুর অধিপতি বৃহস্পতির দ্রেক্কাণে জন্ম জানা যাইবে। অয়নাংশ শোধিত লগ্ন সকলকে বিভাগ করিয়া সহজে দ্রেক্কাণ জ্ঞাত হইতে পারিবার জন্য নিম্নে একটী দ্রেক্কাণ তালিকা দেওয়া হইল।

| রাশির নাম। | প্রথম দ্রেক্কাণ অধিপতি। | দ্বিতীয় দ্রেক্কাণ অধিপতি। | তৃতীয় দ্রেক্কান অধিপতি। |
|---|---|---|---|
| মেষ | মঙ্গল | রবি | বৃহস্পতি |
| বৃষ | শুক্র | বুধ | শনি |
| মিথুন | বুধ | শুক্র | শনি |
| কর্কট | চন্দ্র | মঙ্গল | বৃহস্পতি |
| সিংহ | রবি | বৃহস্পতি | মঙ্গল |
| কন্যা | বুধ | শনি | শুক্র |
| তুলা | শুক্র | শনি | বুধ |
| বৃশ্চিক | মঙ্গল | বৃহস্পতি | চন্দ্র |
| ধনু | বৃহস্পতি | মঙ্গল | রবি |
| মকর | শনি | শুক্র | বুধ |
| কুম্ভ | শনি | বুধ | শুক্র |
| মীন | বৃহস্পতি | চন্দ্র | মঙ্গল |

দ্রেক্কাণ অংশে জন্মের ফলাফল এই পুস্তকে লেখা হইল।

অথ নবাংশ কথনং যথা দীপিকায়াং।

চরাণাং স্বত্রিকোণানাং তচ্চরাদ্যা নবাংশকাঃ।
রাশীনাং স্ব নবাংশোযঃ সবর্গোত্তমসংজ্ঞকঃ ॥

অন্যচ্চ।

মেষকেশরিচাপানাং মেষাদ্যস্তু নবাংশকাঃ।
কর্কিবৃশ্চিকমীনানাঃ কর্কটাদ্যা সবাংশকাঃ ॥
তুলামিথুনকুম্ভানাং তুলাদ্যাঃ সমুদাহৃতা।
বৃষকন্যামৃগানাঞ্চ মকরাদ্যা নবাংশকাঃ ॥

## অস্যার্থঃ।

রাশিকে নয় অংশ করিলে তাহার একং অংশের নাম নবাংশ। মেষ, সিংহ, ধনু এই তিন রাশির মেষাবধি করিয়া নবাংশ গণনা করিবে, অর্থাৎ ঐ তিন রাশির প্রথমাংশ মেষ এবং মেষের অধীশ্বর মঙ্গল ঐ প্রথমাংশেরও অধীশ্বর হয়েন। দ্বিতীয়াংশ বৃষ, ঐ রাশির অধিপতি শুক্র ঐ দ্বিতীয়াংশের অধিপতি হয়েন; তৃতীয়াংশ মিথুন, মিথুনের অধিপতি বুধ ঐ তৃতীয়াংশের অধিপতি হয়েন। এই প্রকার মেষাদি নয় রাশির অংশক্রমে যে যে রাশির যে যে গ্রহ অধিপতি হয়েন তাহারা সেই সেই অংশের অধিপতি হন। এইরূপ মকর বৃষ কন্যা তিন রাশির মকরাদি করিয়া, এবং তুলা কুম্ভ মিথুন, তিন রাশির তুলাবধি করিয়া ও কর্কট বৃশ্চিক মীন তিন রাশির কর্কটাবধি করিয়া নবাংশ গণনা করিবে।

## দৃষ্টান্তং

মেষ লগ্নের মান ৪। ৭। ৭ বিপল ইহাকে নয় ভাগ করিলে প্রতি ভাগ ২৭ পল ২৭ বিপল ২৬ অনুপল ৪০ প্রত্যনুপল হয়। প্রথম অংশ মেষ, ইহার অধিপতি মঙ্গল অতএব মঙ্গলই এই প্রথমাংশের অধিপতি। সুতরাং উক্ত ২৭ পল ২৭ বিপল ২৬ অনুপল ৪০ প্রত্যনুপল মধ্যে কোন শিশুর জন্ম হইলে উহার মঙ্গলের নবাংশে জন্ম হইয়াছে বলিতে হইবে। ঐ সময় অতীতে ৫৪ পল ৫৪ বিপল ৫৩ অনুপল ২০ মধ্যে জন্ম হইলে মেষের দ্বিতীয় অংশ বৃষ তাহার অধিপতির অর্থাৎ শুক্রের নবাংশে জন্ম বলা যাইবেক। এইরূপ ক্রমে ৪। ৭। ৭ বিপল ঐ মেষ লগ্ন পূর্ণ পর্য্যন্ত ক্রমে অংশাধিপ গণনা করিতে হইবে। ঐরূপ বক্রী রাশিগণের নবাংশ করিয়া গণনা করিবেন। নবাংশের অধিপতি সহজে জানিবার জন্য নিম্নে চক্র দেওয়া গেল।

### রাশিদিগের নবাংশের অধিপতি।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| মেষ, সিংহ, ধনু এই তিন রাশির নবাংশের অধিপতিগণের নাম। | প্রথম অংশের অধিপতি ১ মঙ্গল | দ্বিতীয় অধিপতি ২ শুক্র | তৃতীয় অধিপতি ৩ বুধ | চতুর্থ অধিপতি ৪ চন্দ্র | পঞ্চম অংশাধিপ ৫ রবি | ষষ্ঠ অংশাধিপ ৬ বুধ | সপ্তম অংশা ৭ শুক্র | অষ্টম অংশা ৮ মঙ্গল | নবম অংশা ৯ বৃহঃ |
| মকর বৃষ কন্যা এই তিন রাশির নবাংশের অধিপতি গণের নাম। | প্রথমাংশ অধিপতি ১ শনি | দ্বিতীয়াংশ অধিপতি ২ শনি | তৃতীয়াংশ অধিপতি ৩ বৃহস্পতি | চতুর্থাংশ অধিপতি ৪ মঙ্গল | পঞ্চমাংশ অধিপতি ৫ শুক্র | ষষ্ঠাংশ অধিপতি ৬ বুধ | সপ্তমাংশ অধিপঃ ৭ চন্দ্র | অষ্টমাংশ অধিপতি ৮ রবি | নবমাংশ অধিপতি ৯ বুধ |
| তুলা কুম্ভ মিথুন এই তিন রাশির নবাংশের অধিপতি। | প্রথমাংশ অধিপতি ১ শুক্র | দ্বিতীয়াংশ অধিপতি ২ মঙ্গল | তৃতীয়াংশ অধিপতি ৩ বৃহস্পতি | চতুর্থাংশ অধিপতি ৪ শনি | পঞ্চমাংশ অধিপতি ৫ শনি | ষষ্ঠাংশ অধিপতি ৬ বৃহস্পতি | সপ্তমাংশ অধিপতি ৭ মঙ্গল | অষ্টমাংশ অধিপতি ৮ শুক্র | নবমাংশ অধিপতি ৯ বুধ |
| কর্কট বৃশ্চিক মীন এই তিন রাশির নবাংশের অধিপতি। | প্রথমাংশ অধিপতি ১ চন্দ্র | দ্বিতীয়াংশ অধিপতি ২ রবি | তৃতীয়াংশ অধিপতি ৩ বুধ | চতুর্থাংশ অধিপতি ৪ শুক্র | পঞ্চমাংশ অধিপতি ৫ মঙ্গল | ষষ্ঠাংশ অধিপতি ৬ বৃহস্পতি | সপ্তমাংশ অধিপতি ৭ শনি | অষ্টমাংশ অধিপতি ৮ শনি | নবমাংশ অধিপতি ৯ বৃহস্পতি |

### অথ দ্বাদশাংশ কথনং।

স্বগৃহ দ্বাদশ ভাগাস্যুঃ।

### অথ দ্বাদশাংশ।

রাশিকে দ্বাদশাংশ করিলে তাহার এক২ অংশের নাম দ্বাদশাংশ হয়। যে রাশিকে দ্বাদশাংশ করিবে সেই রাশির অধীশ্বর যে গ্রহ হয়েন, তিনি সেই রাশির প্রথম অংশের অধীশ্বর হয়েন, এইরূপ পর পর রাশির অধীশ্বর যে যে গ্রহ হয়েন সেই সেই গ্রহ সকল পর পর অংশের অধীশ্বর হয়েন।

মেষের দ্বাদশাংশ গণনার ক্রম এই যে, মেষ রাশির মান ৪।৭।৭ বিপল তাহাকে বারভাগ করিয়া তাহার ঐ বারভাগে মেষ বৃষ মিথুন ইত্যাদি মীন পর্য্যন্ত যে বারটী রাশি আছে তাহার প্রত্যেকের অধীশ্বর ক্রমে প্রথম ভাগ হইতে পর ২ ভাগের অধীশ্বর হন।— দৃষ্টান্ত ৪।৭।৭ বিপলকে বার ভাগ করিলে প্রতি ভাগ ২০ পল ৩৫ বিপল ৩৫ অনু-পল হয়, ঐ কালমধ্যে শিশুর জন্ম হইলে মঙ্গলের দ্বাদ-শাংশে জন্ম হইল, তৎপর ঐ কাল অন্তে ৪১ পল ১১ বিপল ১০ অনুপল মধ্যে জন্ম হইলে দ্বিতীয় অংশ বৃষ তাহার অধিপতি শুক্র ঐ শুক্রের দ্বাদশাংশে জন্ম হইল। এই রূপ ক্রমে পর২ রাশির অধিপতি যে যে গ্রহ তাহারা স্বীয়২ কাল প্রাপ্ত হইলে ঐ সময়ে যে শিশুর জন্ম হইবে তাহার দ্বাদশাংশে জন্ম হইল জানিতে হইবে। যখন বৃষ লগ্নের দ্বাদশাংশ গণনা করিতে হইবে তখন ঐ বৃষ লগ্নকে আদি করিয়া উক্ত রূপে গণনা করিতে হইবে। কোন২ লগ্নের দ্বাদশাংশের কত পরিমাণ তাহা পূর্ব্বে বলা হইয়াছে এক্ষণে কোন২ রাশির দ্বাদশাংশে কোন২ গ্রহ অধিপতি হন তাহা নিম্ন চক্র দৃষ্টে জানিতে পারিবেন।

| রাশির নাম | প্রথম দ্বাদশাং | দ্বিতীয় দ্বাদশাং | তৃতীয় দ্বাদশাং | চতুর্থ দ্বাদশাং | পঞ্চম দ্বাদশাং | ষষ্ঠ দ্বাদশাং | সপ্তম দ্বাদশাং | অষ্টম দ্বাদশাং | নবম দ্বাদশাং | দশম দ্বাদশাং | একাদশ দ্বাদশাং | দ্বাদশ দ্বাদশাং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মেষ | ১ মঙ্গল | ২ শুক্র | ৩ বুধ | ৪ চন্দ্র | ৫ রবি | ৬ বুধ | ৭ শুক্র | ৮ মঙ্গল | ৯ বৃহঃ | ১০ শনি | ১১ শনি | ১২ বৃহঃ |
| বৃষ | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি | বৃহঃ | মঙ্গল |
| মিথুন | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃতস্পতি | শনি | শনি | বৃহ | মঙ্গল | শুক্র |
| কর্কট | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ |
| সিংহ | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র |
| কন্যা | বুধ | শুক্র | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি |
| তুলা | শুক্র | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ |
| বৃশ্চিক | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র |
| ধনু | বৃহস্পতি | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল |
| মকর | শনি | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃহ, |
| কুম্ভ | শনি | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃহ, | শনি |
| মীন | বৃহস্পতি | মঙ্গল | শুক্র | বুধ | চন্দ্র | রবি | বুধ | শুক্র | মঙ্গল | বৃহস্পতি | শনি | শনি |

অথ ত্রিঁশাংশ কথনং।

কুজযমজীবজ্ঞসিতাঃ পঞ্চেন্দ্রিয়যস্থ মুনীন্দ্রিয়াং-শানাং বিষমেষু সমর্কে্ষ বৃৎক্রমত স্ত্রিংশাশকাঃ কল্প্যাঃ।

কুজার্কিগুরু সৌম্যানাং ভাগাঃ শুক্রস্য চ ক্রমাৎ।
পঞ্চ পঞ্চাষ্ট সপ্তেষু জ্ঞেয়মোজঃস্থরাশিষু।
ত্রিংশাংশা ব্যত্যয়াদেতে যুগ্মরাশিষু কীর্ত্তিতাঃ।

রাশিকে ত্রিংশাংশ করিলে তাহাকে ত্রিংশাংশ কহা যায়। বিষম রাশির অর্থাৎ মেষ মিথুন সিংহ তুলা ধনু কুম্ভের প্রথম পঞ্চ ভাগ মঙ্গলের ত্রিংশাংশ, তাহার পর পঞ্চ ভাগ শনির, তাহার পর অষ্ট ভাগ বৃহস্পতির, তাহার পর সপ্ত ভাগ বুধের, তাহার পর পঞ্চ ভাগ শুক্রের ত্রিশাংশ, আর সম রাশির অর্থাৎ বৃষ কর্কট কন্যা বৃশ্চিক মকর মীন রাশির প্রথম পঞ্চ ভাগ শুক্রের, তাহার পর পঞ্চ ভাগ বুধের, তাহার পর অষ্ট ভাগ বৃহস্পতির, তাহার পর সপ্ত ভাগ শনির, তাহার পর পঞ্চ ভাগ মঙ্গলের ত্রিশাংশ হয়।

কলিকাতার অয়নাংশ মতে আধুনিক লগ্ন সংশোধিত ত্রিশাংশ করিয়া দৃষ্টান্ত দেওয়া হইতেছে যথা—মেষ লগ্নের পরিমাণ ৪।৭।৭ বিপল তাহাকে ৩০ ভাগ করিলে প্রতি ভাগ ৮ পল ১৪ বিপল ও ১৪ অনুপল হয়, তাহার পাঁচ ভাগ একত্র যোগ করিলে ৪১ পল ১১ বিপল ১০ অনুপল হয় ঐ কাল মঙ্গলের ত্রিশাংশ হয়। ৪১ পল ১১ বিপল ১০ অনুপল গতে ঐরূপ হিসাবে দ্বিতীয় পঞ্চ ভাগ ১ দণ্ড ২২ পল ২০ অনুপল পর্য্যন্ত শনির ত্রিংশাংশ হয়, ঐ ১ দণ্ড ২২ পল ২০ অনুপল পরে তৃতীয় আট ভাগ অর্থাৎ ১।৫।৫৩।৫২ উহার সহিত যোগ দিলে ২ দণ্ড ২৮ পল ১৩ বিপল ৫২ অনুপল হয় অতএব ঐ সময় পর্য্যন্ত এই অষ্ট ভাগ বৃহস্পতির ত্রিংশাংশ হয়, ঐ ২ দণ্ড ২৮ পল ১৩ বিপল ৫২ অনুপল পরে ৩ দণ্ড ২৫ পল ৫৩ বিপল ৩০ অনুপল পঞ্চ ভাগে বুধের ত্রিংশাংশ হয়, তৎপরে ঐ রূপ ৪।৭।৭ বিপল পর্য্যন্ত এই পঞ্চ ভাগ শুক্রের ত্রিংশাংশ।

কোন কোন ত্রিংশাংশের অধিপতি কোন কোন গ্রহ তাহা অতি সহজে জানিবার জন্য নিম্নে চক্র দেওয়া গেল।

অথ বিষম রাশির ত্রিংশাংশাধিপতি।

| বিষম রাশির নাম | প্রথম ত্রিংশাংশ পঞ্চ ভাগের অধি পতি | দ্বিতীয় ত্রিংশাংশ পঞ্চ ভাগের অধিপতি | তৃতীয় ত্রিংশাংশ অষ্ট ভাগের অধিপতি | চতুর্থ ত্রিংশাংশ সপ্ত ভাগের অধিপতি | পঞ্চম ত্রিংশাশ পঞ্চ ভাগের অধিপতি |
|---|---|---|---|---|---|
| মেষ<br>মিথুন<br>সিংহ<br>তুলা<br>ধনু<br>কুম্ভ | মঙ্গল | শনি | বৃহস্পতি | বুধ | শুক্র |

অথ সমরাশির ত্রিংশাংশাধিপতি।

| সমরাশির নাম | প্রথম ত্রিংশাংশ পঞ্চ ভাগের অধিপতি | দ্বিতীয় ত্রিংশাংশ পঞ্চ ভাগের অধিপতি | তৃতীয় ত্রিংশাংশ অষ্ট ভাগের অধিপতি | চতুর্থ ত্রিংশাংশ সপ্ত ভাগের অধিপতি | পঞ্চম ত্রিংশাংশ পঞ্চ ভাগের অধিপতি। |
|---|---|---|---|---|---|
| বৃষ<br>কর্কট<br>কন্যা<br>বৃশ্চিক<br>মকর<br>মীন | শুক্র | বুধ | বৃহস্পতি | শনি | মঙ্গল |

এই যে ত্রিংশাংশ কি নবাংশ কি দ্রেক্কাণ ইত্যাদি লেখা গেল ইহার দ্বারা যে কেবল কোষ্ঠি, জন্ম পত্রিকার ফলাফল গণনা হয় কেবল তাহা নহে ইহার দ্বারা প্রশ্ন গণনাদি করা যাইতে পারে।

অথ জলদহন মিশ্রদ্রেক্কাণ ব্যবস্থা।

সদসদ গ্রহদ্রেক্কাণাজলদহনাখ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
ক্রমশঃ পাপযুতাঃ সলিলাখ্যাদহনাশ্চসৌম্য যুতাঃ

অথ সৌম্যদ্রেক্কাণ ব্যবস্থা।

নৃযুগ্মমীনয়োরাদ্যৌমধ্যৌকর্কট চাপয়োঃ।
কন্যান্তঃ সৌম্যরূপাখ্যদ্রেক্কাণাঃ পঞ্চকীর্ত্তিতাঃ॥

রৌদ্রদ্রেক্কাণ ব্যবস্থা।

রৌদ্রামেষমৃগালীনাং মধ্যান্তাঃ কুম্ভজাস্ত্রয়ঃ।
নৃযুকত্তুলান্তিমৌ মীনমধ্যঃ সিংহাদ্যমধ্যমৌ॥

অথ ফলপুষ্পাবৃতরত্নভাণ্ডান্বিতদ্রেক্কাণ।

দ্রেক্কাণঃ কর্কটাদ্যস্তু ফলপুষ্পযুতঃ স্মৃতঃ।
রত্নভাণ্ডান্বিতৌজ্ঞেবৌধনুর্ম্মধ্যত্তুলাদিমৌ॥

অথ উদ্যতাস্ত্রদ্রেক্কাণ ব্যবস্থা।

উদ্যতাস্ত্রান্নৃযুগ্মমেষমৃগকুম্ভভবাস্ত্রয়ঃ।
চাপাদ্যন্তৌত্তুলান্ত্যশ্চমধ্যৌ সিংহাঙ্গনা ভবৌ॥

অথ সর্প নিগড়দ্রেক্কাণাঃ।

মীনকর্কটয়োরন্ত্যৌবৃশ্চিকস্যাদ্য মধ্যমৌ।
সর্পাশ্চত্বার এবৈতেদ্রেক্কাণানিগড়াশ্চতে॥

অথ ব্যাড়দ্রেক্কাণ ব্যবস্থা।

ব্যাড়াঃ কুম্ভালি মধ্যাদ্যাঃ কর্ক্কিমীনান্ত্যসম্ভবৌ।
সিংহাদ্যন্ত্যৌ মৃগান্ত্যাশ্চতুলামধ্যান্ত সম্ভবৌ॥

অথ পাশধারিপক্ষিদ্রেক্কাণ ব্যবস্থা।

বৃষাদ্যমকরাদ্যন্তাদ্রেককাণাঃ পাশধারিণঃ।
তুলামধ্যান্ত সিংহাদ্য কুম্ভাদ্যাঃ পক্ষিণঃ স্মৃতাঃ॥

অথ জলদহনমিশ্রদ্রেক্কাণ।

শুভগ্রহের দ্রেক্কাণের নাম জল, অশুভগ্রহের দ্রেক্কাণের নাম দহন। ঐ জলদ্রেক্কাণে যে ব্যক্তি জন্মিবে সে জল মধ্যে মরিবে। আর দহনদ্রেক্কাণে যাহার জন্ম হয়, তাহার অগ্নিতে মৃত্যু হয়। এবং শুভ গ্রহের দ্রেক্কাণে পাপগ্রহ যুক্ত হইলে তাহার নাম সলিল এবং মিশ্র সংজ্ঞা হয়।

অথ সৌম্যরূপদ্রেক্কাণ।

মিথুনের এবং মীনলগ্নের প্রথম দ্রেক্কাণ এবং কর্কট এবং ধনুর্লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণ এবং কন্যা লগ্নের তৃতীয়-দ্রেক্‌কাণ ইহাদের নাম সৌম্যরূপদ্রেক্কাণ, এই সকল দ্রেক্কাণে জন্মিলে সুখী হয়।

অথ রত্নভাণ্ডান্বিতদ্রেক্কাণ।

কর্কট লগ্নের প্রথম দ্রেক্কাণের নাম ফল পুষ্পযুত। ঐ দ্রেক্কাণে জন্মিলে ফল পুষ্পযুক্ত বাটীতে বাস করে। ধনুর্লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণ এবং তুলা লগ্নের প্রথম দ্রেক্কাণের নাম রত্ন ভাণ্ডান্বিত, এই দ্রেক্‌কাণে জন্মিলে রত্ন ভাণ্ডান্বিতযুক্ত হয়।

অথ রৌদ্রদ্রেক্কাণ।

মেষ লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণ এবং তৃতীয় দ্রেক্কাণ, মকর লগ্নের দ্বিতীয় এবং তৃতীয়, বৃশ্চিকের দ্বিতীয় এবং তৃতীয়, কুম্ভ লগ্নের প্রথম দ্বিতীয় তৃতীয়, মিথুনের, তুলার তৃতীয় আর মীন লগ্নের দ্বিতীয় এবং সিংহ লগ্নের প্রথম এবং দ্বিতীয় এই সকল দ্রেক্‌কাণের নাম রৌদ্রদ্রেক্কাণ।

অথ উদ্যতাস্ত্রদ্রেক্কাণ।

মিথুন, মেষ, মকর, কুম্ভ ইহাদের প্রথম দ্বিতীয় এবং তৃতীয় দ্রেক্কাণের এবং ধনুর প্রথম এবং তৃতীয়, তুলার তৃতীয় এবং সিংহ এবং কন্যা লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণ—এই সকল দ্রেক্কাণের নাম উদ্যতাস্ত্রদ্রেক্কাণ। এই সকল দ্রেক্কাণে জন্মিলে অস্ত্রাঘাতে মৃত্যু হয়।

অথ সর্পনিগড়দ্রেক্কাণ।

মীন এবং কর্কটের শেষ দ্রেক্কাণ এবং বৃশ্চিকের প্রথম দ্বিতীয়, ইহাদের নাম সর্প নিগড়দ্রেক্কাণ। এই সকল দ্রেক্কাণে জন্ম হইলে সেই ব্যক্তিকে সর্পে দংশন করে এবং সে শৃঙ্খলে আবদ্ধ হয়।

অথ ব্যাড়দ্রেক্‌কাণ।

কুম্ভ এবং বৃশ্চিকের প্রথম এবং দ্বিতীয়, কর্কট এবং মীনের তৃতীয় দ্রেক্কাণ, সিংহ লগ্নের প্রথম দ্রেক্কাণ এবং তৃতীয় এবং মকর লগ্নের শেষ দ্রেক্কাণ এবং তুলা লগ্নের দ্বিতীয় এবং তৃতীয় দ্রেক্কাণ, এই সকল দ্রেক্কাণের নাম ব্যাড় দ্রেক্কাণ। ঐ ব্যাড়দ্রেক্কাণে যে ব্যক্তির জন্ম হয়, তাহাকে হিংস্র জন্তুতে নষ্ট করে।

অথ পাশধারিপক্ষিদ্রেক্কাণ।

বৃষ লগ্নের প্রথম দ্রেক্কাণ এবং মকরের প্রথম তৃতীয় এই সকল দ্রেক্কাণের নাম পাশধারিদ্রেক্কাণ। ঐ পাশধারি দ্রেক্কাণে জন্মিলে পাশধারিতে অর্থাৎ বাণ বিশেষে মৃত্যু হয়। তুলা লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণ এবং তৃতীয় দ্রেক্কাণ, সিংহ লগ্নের প্রথম দ্রেক্কাণ এবং কুম্ভ লগ্নের প্রথম দ্রেক্কাণ—এই সকল দ্রেক্কাণের নাম পক্ষিদ্রেক্কাণ, ঐ পক্ষিদ্রেক্কাণে যে ব্যক্তি জন্মিবে তাহাকে পক্ষিতে নষ্ট করিবে।

ষড়্‌বর্গ করিবার দৃষ্টান্ত।

সন ১২৮৩ সালের ১লা চৈত্র বেলা ১৮ দণ্ড সময় যদ্যপি কোন বালকের জন্ম হয় তবে ঐ বালক কাহার ক্ষেত্রে, কোন হোরায়, কোন দ্রেক্কাণে, কোন নবাংশে, কোন দ্বাদশাংশে এবং কোন ত্রিংশাংশে জন্মিয়াছে এবং তাহা কিরূপ প্রণালীতে গণনা করিতে হইবে।—

চৈত্র মাসে রবি মীন রাশিতে স্থিত থাকেন, ঐ চৈত্র মাসে প্রতি দিবস সূর্য্য উদয় কালে মীন লগ্নে উদয় হন। মীন লগ্নের মান ৩ দণ্ড ৪৬ পল ৪০ বিপল। চৈত্রের প্রথম দিনের রবি ভুক্তি ৭ পল ৩৪ বিপল, উহা উক্ত ৩ দণ্ড ৪৬ পল ৪০ বিপল হইতে বাদ দিলে ৩ দণ্ড ৩৯ পল ৬ বিপল কাল পর্য্যন্ত মীন লগ্ন থাকিবেক। তাহার পর মেষ লগ্ন হইবে। ঐ মেষ লগ্নের মান ৪ দণ্ড ৭ পল ৭ বিপল। অতএব উক্ত মীন লগ্নের ৩ দণ্ড ৩৯ পল ৬ বিপলের সহিত মেষের মান যোগ দিলে বেলা ৭ দণ্ড ৪৬ পল ১৩ বিপল পর্য্যন্ত মেষ লগ্ন হইবেক। ঐ ৭ দণ্ড ৪৬ পল ১৩ বিপলের পর বৃষ লগ্ন হইবে। ঐ বৃষ লগ্নের মান ৪ দণ্ড ৪৯ পল ৫০ বিপল। উক্ত ৭ দণ্ড ৪৬ পল ১৩ বিপলের সহিত বৃষ লগ্নের মান যোগ করিলে ১২ দণ্ড

৩৬ পল ৩ বিপল পর্য্যন্ত বৃষ লগ্ন উদিতাবস্থায় থাকিবেক। ঐ ১২ দণ্ড ৩৬ পল ৩ বিপল পরে মিথুন লগ্ন হইবে। মিথুন লগ্নের মান ৫ দণ্ড ২৮ পল ২০ বিপল। উহা উক্ত ১২ দণ্ড ৩৬ পল ৩ বিপলের সহিত যোগ করিলে ১৮ দণ্ড ৪ পল ২৩ বিপল পর্য্যন্ত মিথুন লগ্ন থাকিবে। অতএব ঐ বালকের মিথুন লগ্নের ৪ পল ২৩ বিপল বক্রী থাকিতে জন্ম হইয়াছে স্থির হইল। মিথুন লগ্ন বুধের ক্ষেত্র, অতএব ঐ বালকের বুধের ক্ষেত্রে জন্মও স্থির হইল।

এইক্ষণ কোন গ্রহের হোরাতে ঐ বালকের জন্ম হইয়াছে তাহা জানিবার প্রকরণ এই যে, ঐ মিথুন লগ্নের মান ৫ দণ্ড ২৮ পল ২০ বিপল। উহাকে দুই ভাগ করিলে তাহার প্রথম ভাগ ২ দণ্ড ৪৪ পল ১০ বিপল হয়; কিন্তু দেখা যাইতেছে যে, উক্ত ২ দণ্ড ৪৪ পল ১০ বিপল অন্তে উক্ত বালকের জন্ম হয়। এতএব ঐ বালকের মিথুন লগ্নের শেষ ভাগে জন্ম হইয়াছে। মিথুন রাশি বিষম সংজ্ঞা, সে জন্য শেষ ভাগে জন্ম হওয়ায় ঐ বালকের চন্দ্রের হোরায় জন্ম জানা গেল।

ইহার পর মিথুন লগ্নের কোন দ্রেক্কাণে ঐ বালক জন্মিয়াছে তাহা জানতে হইলে ঐ মিথুন লগ্নের মান ৫ দণ্ড ২৮ পল ২০ বিপলকে তিন ভাগ করিতে হইবে। তাহার প্রথম ভাগের মান ১ দণ্ড ৪৯ পল ২৬ বিপল ৪০ অনুপল, উহার সহিত দ্বিতীয় ভাগের মান ১ দণ্ড ৪৯ পল ২৬ অনুপল ৪০ প্রত্যনুপল যোগ করিলে ৩ দণ্ড ৩৮ পল ৫৩ বিপল ২৩ অনুপল হয়; ঐ বালকের ঐ সময়ের পর জন্ম হওয়াতে মিথুন লগ্নের তৃতীয় দ্রেক্কাণে ঐ বালকের জন্ম হইয়াছে জানা গেল। এইক্ষণে মিথুন লগ্নের তৃতীয় দ্রেক্কাণের অধিপতি শনি। এতএব শনির দ্রেক্কাণে জন্ম জানা গেল।

ইহার পর কোন নবাংশে ঐ বালকের জন্ম হইয়াছে তাহা জানিবার উপায় এই যে, ঐ মিথুন লগ্নের মান ৫ দণ্ড ২৮ পল ২৬ বিপল, উহাকে নয় ভাগ করিলে তাহার প্রথম ভাগের মান ৩৬ পল ২৮ বিপল ৫৩ অনুপল ২০ প্রত্যনুপল হয়। উহাতে পর পর আট অংশ যোগ করিলে ৪ দণ্ড ৫১ পল ৫১ বিপল ৬ প্রত্যনুপল ৪০ অতিপ্রত্যনুপল হয়। কিন্তু ঐ বালকের জন্ম ঐ সময় গতে হওয়ায় মিথুনের শেষ নবাংশে জন্ম সাব্যস্ত হইল। ঐ শেষ নবাংশের অধিপতি বুধ, অতএব বুধের নবাংশে বালকের জন্ম জানা গেল।

পরে ঐ লগ্নের দ্বাদশাংশের কোন অংশে জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে ঐ লগ্নমানকে দ্বাদশ ভাগ করিতে হইবে। তাহার প্রথম দ্বাদশাংশের মান ২৭ পল ২১ বিপল ৪০ অনুপল। অতএব পর পর ১১ অংশ যোগ করিলে ৫ দণ্ড ৫৮ পল ২০ অনুপল হয়; কিন্তু ঐ সময়ের পর বালকের জন্ম হওয়ায় মিথুনের শেষ দ্বাদশাংশে জন্ম জানাযায়। ঐ শেষ দ্বাদশাংশের অধিপতি শুক্র, অতএব শুক্রের দ্বাদশাংশে ঐ বালকের জন্ম নির্দ্ধারিত হইল।

ইহার পর ঐ লগ্নের ত্রিশাংশ করিতে হইলে ঐ মিথুন লগ্নমানকে ত্রিশ ভাগ করিতে হইবে, তাহার প্রথম ত্রিংশাংশ ১০ পল ৫৬ বিপল ৪০ অনুপল হয়, তাহার পর পর ২৯ অংশ যোগ করিলে মিথুন লগ্নের ৫ দণ্ড ১৭ পল ২৩ বিপল ২০ অনুপল অন্তে অর্থাৎ শেষ ত্রিশাংশে ঐ শিশুর জন্ম জানা যায়। ঐ শেষ ত্রিশাংশের অধিপতি শুক্র, এজন্য শুক্রের ত্রিশাংশে ঐ বালকের জন্ম হওয়া সুস্থির হইল। অতএব ঐ ১ লা চৈত্র বেলা ১৮ দণ্ডের সময় মিথুন লগ্নে, বুধের ক্ষেত্রে, চন্দ্রের হোরায়, শনির দ্রেক্কাণে, বুধের নবাংশে, শুক্রের দ্বাদশাংশে এবং শুক্রের ত্রিংশাংশে ঐ বালকের জন্ম হইয়াছে। উপরি উক্ত সমস্ত অংশাদি মোহিনীমোহন চক্র নামক চক্র দৃষ্টে স্পষ্টরূপে দেখিতে পাইবেন।

এই ষড়বর্গ যে কেবল জাতক প্রকরণে প্রয়োজন তাহা নহে। এতদ্ভিন্ন প্রশ্নাদি গণনাতেও ষড়বর্গ প্রয়োজন করে যথা,—ঐ ১ লা চৈত্র ১৮ দণ্ড সময়ে কোন ব্যক্তি আসিয়া হৃত নষ্ট অর্থাৎ চুরি বস্তু সম্বন্ধীয় কোন প্রশ্ন করিলে, তাহাও ঐ প্রণালীমতে ষড়বর্গ করিতে হইবে। প্রথমতঃ মিথুন লগ্ন সুস্থির করিয়া ঐ লগ্নে কিম্বা

লগ্নের অংশে যদি পাপগ্রহ স্থিত কিম্বা পাপগ্রহের পূর্ণ দৃষ্টি থাকে তবে প্রশ্নকারকের বস্তু যে চুরি গিয়াছে তাহা স্থির হইল এবং ঐ মিথুন লগ্নের দ্রেক্কাণ, নবাংশ ও ত্রিংশাংশ দ্বারায় চোরের স্ত্রীত্ব কি পুংস্ত্ব ও আকার ও ঐ বস্তু গৃহের মধ্যে কিম্বা গৃহের বাহির হইয়াছে তাহা ও দূরত্ব ও স্থান ও বস্তুর আকৃতি ইত্যাদি অন্যান্য বিষয় সমস্ত জানা যাইবেক। এই সমস্ত বিশেষ করিয়া দৃষ্টান্ত সহিত প্রশ্ন অধ্যায়ে লিখিত হইবে।

ষড়বর্গের বিশেষ উপদেশ।

লগ্নকে তিন ভাগ করিলে তাহার প্রথম ভাগে যে সময় হইবে তাহা নবাংশ ভাগের তৃতীয় ভাগ এবং দ্বাদশাংশের চতুর্থ ভাগ আর ত্রিংশাংশের দশম ভাগেও সেই সময় হইবে। ঐরূপ দ্রেক্কাণের দ্বিতীয় ভাগে যে সময় হইবে তাহা নবাংশ ভাগের তৃতীয় ভাগ এবং দ্বাদশাংশের অষ্টম ভাগ এবং ত্রিংশাংশের বিংশতি ভাগেও সেই সময় হইবে। তৃতীয় ভাগে যে সময় হইবে তাহা নবাংশের ষষ্ঠ ভাগ এবং দ্বাদশাংশের অষ্ট ভাগ এবং ত্রিংশাংশের ষষ্ঠ ভাগেরও সেই সময় জানিবেন।

অথ গ্রহাদি নির্ণয়ঃ তত্রাদৌ গ্রহনামান্যাহ।

সূর্য্যশ্চন্দ্রো মঙ্গলশ্চ বুধশ্চাপি বৃহস্পতিঃ॥
শুক্রঃ শনৈশ্চরো রাহুঃ কেতুশ্চাপি নবগ্রহাঃ।

অথ গ্রহাণাং বিশেষ সংজ্ঞামাহ॥

বৃহজ্জাতকে।—

হেলিঃ সূর্য্যশ্চন্দ্রমাঃ শীতরশ্মি র্হেম্না বিজ্জ্ঞো বোধন শ্চেন্দুপুত্রঃ। আরোবক্রঃ ক্রূরদৃকচাবনেয়ঃ কোণোমন্দঃ সূর্য্যপুত্রোহ সিতশ্চ॥ জীবোহঙ্গিরাঃ সুরগুরু র্ব্বচসাং পতীজ্যো। শুক্রোভৃগু র্ভৃগুসুতঃ সিত আস্ফুজিশ্চ॥ রাহুস্তমোহগুরু স্বরশ্চ শিখীচ কেতুঃ। পর্য্যায় মন্যমুপলভ্য বদেচ্চ লোকাৎ॥

অথ গ্রহাণাং পাপ সৌম্য কথনং॥

অর্দ্ধোনেন্দ্বার মন্দার্কাঃ পাপাস্তৎ সংযুতোবুধঃ।
রাহুকেতূসদা পাপৌশেষাঃ সর্ব্বে শুভাবহা॥

অন্যচ্চ—দীপিকায়াং।

অর্দ্ধোনেন্দ্বর্ক সৌরারাঃ পাপাস্তৈস্তে যুতোহপরে। শুভাঃ পাপৌতমঃ কেতূ বিধুধর্ম্মোও রোদিতৌ॥

অথ গ্রহাণাং কালাঙ্গত্বং নৃপাদি সংজ্ঞাঞ্চাহ।

কালাত্মা রবি রিন্দুরেব হৃদয়ং শৌর্য্যং মহীজো বুধো বাক্যং জ্ঞান সুখে গুরু র্ভৃগুসুতঃ কামস্তু দুঃখং শনিঃ। রাজানৌ শশি ভাস্করৌ ধরণিজঃ সেনাপতিশ্চন্দ্রজঃ কৌমারো গুরু ভার্গবৌতু সচিবৌ প্রেষ্যোহি তিগ্মাংশুজঃ॥

অন্যচ্চ।

কালাত্মা দিনকৃন্মনস্তুহিনগুঃ সত্বং কুজোজ্ঞো-বচো জীবোজ্ঞান সুখে সিতশ্চ মদনো দুঃখং দিনেশাত্মজঃ। রাজানৌ রবি শীতগু ক্ষিতি সুতো নেতা কুমারো বুধঃ সূরির্দ্দানব পূজিতশ্চ সচিবৌ প্রেষ্যো দিনেশাত্মজঃ॥

বলাবলাদ্ গ্রহাণাং স্যাদাত্মা দীনাং বলাবলং।
নৃপাদ্যাঃ প্রবলাঃ কুর্য্যুঃস্বং রূপং শনিরন্যথা॥

অথ গ্রহাণাং বর্ণ কথনং। যথা দীপিকায়াং।

রক্ত শ্যামো ভাস্করো গৌর ইন্দুর্নাত্যু চ্চাঙ্গো রক্তগৌরশ্চ বক্রঃ। দুর্ব্বাশ্যামোজ্ঞো গুরুর্গৌর গাত্রঃ শ্যামঃ শুক্রো ভাস্করিঃ কৃষ্ণদেহ॥ কৃষ্ণবর্ণো ভবেদ্রাহুঃ কেতুশ্চ ধূম্র বর্ণকঃ॥

অথ গ্রহাণাং স্ত্রী পুং নপুং সক জ্ঞানং।

কুজার্ক জীবাঃ পুরুষা যুবতী চন্দ্র ভার্গবৌ।
জাতকাদৌ বিজানীয়াৎ বুধসৌরী নপুংসকে॥

অন্যচ্চ।

পুংষাং সূর্য্যার বাগীশা য়োষিতাং চন্দ্র ভার্গবৌ।
ক্লীবানাং বুধমন্দৌচ পতয়ঃ পরিকীর্ত্তিতাঃ॥

অথ গ্রহাণাং গুণাধিপরসাধিপ মাহ।

চন্দ্রার্ক জীবাজ্ঞ সিতৌ কুজার্কী যথাক্রমং সত্ব-রজস্তমাংসি। কটুলবণতিক্ত মিশ্রা মধুরাম্লৌ চ কষায়োহর্কতঃ॥

অন্যচ্চ।

কটুস্বাদু কুজার্কৌচ জীবজ্ঞৌ মধুরৌস্মৃতৌ।
ক্ষীরাম্লৌ শশি শুক্রৌচ তিক্তৌরাহু শনৈশ্চরৌ॥

অথ গ্রহাণাং প্রভাতাদি সংজ্ঞামাহ।

প্রভাত মিন্দুজ গুরৌ মধ্যাহ্লৌ রবিভূমিজৌ॥
অপরাহ্লং ভার্গবেন্দু সন্ধ্যামন্দ ভুজঙ্গমৌ॥

অথ গ্রহাণাং পৈত্তিকাদি কথনং।

পিত্তৌ প্রভাকর ক্ষমাজৌ শ্লেষ্মানৌ চন্দ্র ভার্গবৌ। গুরুজ্ঞ সমধাতৌচ পবনৌ রাহু-মন্দগৌ॥

অথ গ্রহাণাং তির্য্যঙ্মুখাদি কথনং।

তির্য্যগদৃশৌ বুধসিতৌ ভৌমার্কৌ ব্যোম দর্শিণৌ।
জীবেন্দু সম দৃষ্টীচ শনিরাহূ অধোদৃশৌ॥

অথ গ্রহাণাং যুবাদি কথনং।

যুবাকুজঃ শিশুঃসৌমঃ শশি শুক্রৌচ মধ্যমৌ।
মন্দমার্ত্তণ্ড দেবেজ্য ফলেন স্থবিরা বিদুঃ॥

অথ গ্রহগণের নাম।

১ রবি। ২ চন্দ্র। ৩ মঙ্গল। ৪ বুধ। ৫ বৃহস্পতি। ৬ শুক্র ৭ শনি। ৮ রাহু। ৯ কেতু।

গ্রহগণের বিশেষ সংজ্ঞা।

১ রবির অন্য নাম হেলি এবং সূর্য্য। ২ চন্দ্রের নাম চন্দ্রমা এবং শীতরশ্মি, ৪ বুধের অন্য নাম হেমা, বিৎ, জ্ঞ, বোধন এবং ইন্দুপুত্র। ৩ মঙ্গলের অন্য নাম আর, বক্র ক্রূরদৃক এবং অবনেয়। ৭ শনি কাণ, মন্দ, সূর্য্যপুত্র এবং অসিত। ৫ বৃহস্পতির অন্য নাম জীব, অঙ্গিরা সুরগুরু, বচসাংপতি এবং ইজ্য। ৬ শুক্রর অন্য নাম ভৃগু ভৃগুসুত, সিত এবং আস্কুজি। ৮ রাহুর অন্য নাম তম এবং অগুরসুর। ৯ কেতুর অন্য নাম শিখী।

গ্রহগণের অন্যান্য নাম পর্য্যায় ক্রমে জানা জাইবে।

অথ শুভ ও পাপ গ্রহ।

রবি মঙ্গল শনি রাহু কেতু পাপগ্রহ এবং কৃষ্ণ পক্ষের অষ্টমী হইতে শুক্লা অষ্টমী পর্য্যন্ত চন্দ্র পাপ গ্রহ হয়েন। আর বুধ পাপগ্রহের সহিত থাকিলে পাপ গ্রহ হয়েন। ইহা ভিন্ন চন্দ্র বুধ বৃহস্পতি শুক্র ইহারা শুভ গ্রহ। বিষ্ণু-ধর্ম্মোত্তর মতে রাহু কেতু পাপগ্রহ নহে কেবল পাপ দায়ক।

শুভ গ্রহগণ কর্ত্তৃক সকল প্রকার শুভ কর্ম্মাদির উৎ-পত্তি হয় ও সেই সেই কর্ম্মে শুভ হয়; এবং পাপ গ্রহ কর্ত্তৃক ক্রূর ও পাপ কর্ম্মের উৎপত্তি হয় এবং ক্রূর কর্ম্মে শুভ দায়ক হয়।

গ্রহদিগের কালাঙ্গত।

রবি কালের আত্মা, চন্দ্র হৃদয় ও মণ, মঙ্গল বল, বুধ বাক্য, বৃহস্পতি জ্ঞান ও সুখ, শুক্র কাম, শনি দুঃখ।

রবি হইতে আত্মা, চন্দ্র হইতে হৃদয়, মঙ্গল হইতে বল, বুধ হইতে বাক্য, বৃহস্পতি হইতে জ্ঞান ও সুখ, শুক্র হইতে কাম এবং শনি হইতে দুঃখের উৎপত্তি হয়।

গ্রহদিগের নৃপাদি সংজ্ঞা।

রবি চন্দ্র রাজা, মঙ্গল সেনাপতি, বুধ কুমার অর্থাৎ যুবরাজ, গুরু ও শুক্র রাজ মন্ত্রী, শনি প্রেষ্যদুত।

গ্রহদিগের ঐ সকল বলাবল দ্বারা আত্মাদির এবং নৃপাদিযোগ জানিতে হইবে।

অথ গ্রহদিগের বর্ণ।

রবি গ্রহের বর্ণ রক্ত শ্যাম চন্দ্রের বর্ণ গৌর, মঙ্গলের

বর্ণ রক্ত গৌর, বুধের দুর্ব্বাশ্যাম, বৃহস্পতির বর্ণ গৌর, শুক্রের বর্ণ শ্যাম, শনির বর্ণ কৃষ্ণ, অন্য মতে রাহু কৃষ্ণ বর্ণ, এবং কেতু ধুম্র বর্ণ।

ইহা দ্বারায় জানা যায় যে মানবদেহে যে গ্রহের দৃষ্টি অর্থাৎ গ্রহের ভাগ অধিক থাকে সেই গ্রহের যে বর্ণ, সেই বর্ণ সেই মানবের হইয়া থাকে।

## গ্রহগণের স্ত্রী পুরুষ নপুংসক সংজ্ঞা।

মঙ্গল, রবি, এবং বৃহস্পতি পুরুষ, চন্দ্র এবং শুক্র স্ত্রী, এবং বুধ ও শনি নপুংসক।

ইহা দ্বারা গণনাকালীন, স্ত্রী পুরুষ জ্ঞান জন্মে, আর এই সকল গ্রহের ভাগের তারতম্যে স্ত্রী কি পুরুষ কিম্বা নপুংসক জন্মে। স্বরোদয় গ্রন্থে রবি ও চন্দ্র নাড়ী ও পঞ্চতত্ত্বের দ্বারায় গর্ব্ভ সম্বন্ধে যাহা যাহা বর্নিত হইয়াছে তাহাতে স্ত্রী গ্রহ যথা, চন্দ্রের ভাগে কন্যা এবং পুরুষ গ্রহ যথা, রবির ভাগে পুত্র উংপত্তি হইয়া থাকে।

## গ্রহগণের গুণাধিপ সংজ্ঞা।

চন্দ্রের ও বুধের এবং শনির সত্ব গুণ, রবি এবং শুক্রের রজ গুণ, বৃহস্পতি এবং মঙ্গলের তম গুণ। জন্মকালে যাহার যে লগ্নে জন্ম হইবে, সেই লগ্নকে যে গ্রহ সম্পূর্ণরূপে দৃষ্টি করিবেক সেই গ্রহের যে গুণ সেই গুণ সেই জাত বালকের হইবে যথা, লগ্নকে বৃহস্পতি সম্পূর্ণরূপে দৃষ্টি করিলে সেই জাত বালক তমগুণ বিশিষ্ট হইবে।

## গ্রহগণের রসাধিপ সংজ্ঞা।

রবি কটু রস, চন্দ্রের লবণ রস, মঙ্গলের তিক্ত রস, বুধের মিশ্র রস, বৃহস্পতির মধুর রস, শুক্রের অম্ল রস, ও শনির কষায় রস। এই সকল গ্রহের মধ্যে যাহার দেহে যে গ্রহের ভাগ অর্থাৎ সম্পূর্ণ দৃষ্টি অধিক পরিমাণে থাকিবে সেই ব্যক্তি সেই রস অধিক প্রিয় হইবেক; যথা মঙ্গলের ভাগ শরীরে অধিক পরিমাণে থাকিলে সে ব্যক্তির তিক্ত বস্তু, এবং বৃহস্পতির ভাগ শরীরে অধিক থাকিলে মধুর রস, অর্থাৎ মিষ্ট বস্তু আহারে অধিক ইচ্ছা হইবে।

## গ্রহগণের প্রভাতাদি সংজ্ঞা।

বৃহস্পতি বুধ প্রভাতকাল, রবি মঙ্গল মধ্যাহ্নকাল, চন্দ্র শুক্র অপরাহ্ণ, এবং শনি রাহু সন্ধ্যাকাল।

ইহার দ্বারা দিবারাত্রি মধ্যে সময়ে সময়ে গ্রহের আকর্ষণে মানবাদির শরীর ও মনের অবস্থা পরিবর্ত্তন হয়। যথা, উক্ত সংজ্ঞানুসারে প্রভাত সময় বৃহস্পতির ও বুধের আকর্ষণে সমধাতু জন্য শরীর ও মন শুস্থির থাকে, মধ্যাহ্নকালে রবি মঙ্গলের আকর্ষণে পিত্ত বৃদ্ধি জন্য শরীর ও মণ গরম ও চঞ্চল হইয়া থাকে, আর দিবা রাত্রি মধ্যে ঐ সকল গ্রহের স্বভাব অনুসারে জাত বালক সেইরূপ গুণ প্রাপ্ত হয়।

## গ্রহদিগের পৈত্তিকাদি সংজ্ঞা।

রবি মঙ্গল পিত্ত, চন্দ্র শুক্র শ্লেষ্ম, বৃহস্পতি বুধ সমধাতু, শনি রাহু বায়ু।

যে গ্রহের দৃষ্টি অর্থাৎ ভাগ দেহে অধিক হইবে, সেই গ্রহের যে ধাতু সেই ধাতু সেই মানাবের হইবে; যথা যাহার দেহে মঙ্গলের ভাগ অধিক থাকে তাহার স্বভাবতঃ পিত্ত ধাতু হইয়া থাকে।

পূর্ব্বে বলা হইয়াছে যে মধ্যাহ্নকাল মঙ্গলের সময়, অতএব যাহার দেহে মঙ্গলের ভাগ অধিক থাকে তাহার ঐ মধ্যাহ্নকালে অপরাপর অপেক্ষায় অধিক পিত্ত বৃদ্ধি হইয়া থাকে; এই সকল যুক্তি দ্বারাই গ্রহ নক্ষত্রাদির যোগ দৃষ্টে গণনা করিয়া ফলাফল বিশেষরূপে বলা যায়।

## গ্রহদিগের তির্য্যঙ্মুখাদি সংজ্ঞা।

শুক্র ও বুধ তির্য্যক অর্থাৎ বাঁকা দৃষ্টি, রবি ও মঙ্গল উর্দ্ধ দৃষ্টি, চন্দ্র ও বৃহস্পতি সম দৃষ্টি, শনি ও রাহু অধোদৃষ্টি।

মানব দেহে এই সকল গ্রহের দৃষ্টি অর্থাৎ ভাগ অধিক থাকিলে ঐ সকল মানবের ঐরূপ দৃষ্টি হইয়া থাকে।

**যথা, যাহার দেহে শনি ও রাহুর ভাগ অধিক থাকে তাহার স্বাভাবিক অধোদৃষ্টি এবং মঙ্গলের ভাগ অধিক থাকিলে ঊর্দ্ধ দৃষ্টি হয়।**

গ্রহগণের যুবাদি সংজ্ঞা।

**বুধ গ্রহ বালক, মঙ্গল** যুবা, চন্দ্র ও শুক্র মধ্য বয়ঃক্রম, এবং রবি ও বৃহস্পতি বৃদ্ধ।

**এই সকল** গ্রহ বলে মানব স্বভাব নির্ণয় হইয়া থাকে ; যথা জন্ম কালে যাহার যে গ্রহের ভাগ অধিক থাকে, তাহার দেহে সেই গ্রহের স্বভাব অধিক দৃষ্ট হয় ; যথা দেহে বুধ গ্রহের ভাগ অধিক থাকিলে সেই মানবের বৃদ্ধাবস্থাতেও বালক স্বভাব দূর হয় না এবং বৃহস্পতির ভাগ মানব দেহে অধিক থাকিলে সেই মানবের বাল্যকালেও অধিক বুদ্ধি জন্মে।

অথ গ্রহাণাং জলচরাদিমাহ।

ভার্গবেন্দূ জলচরৌজ্ঞজীবৌ গ্রামচারিনৌ।
শনিঃ সূর্য্যঃ কুজোরাহুঃ কথ্যন্তে বণচারিণঃ॥

অথ গ্রহাণাং দ্বিপদাদিমাহ।

দ্বিপদৌ গুরুশুক্রৌচ ভূমিজার্কৌ চতুষ্পদৌ।
পক্ষিণৌ বুধ সৌরীচ চন্দ্ররাহূসরীসৃপৌ॥

অথ গ্রহাণাং স্থূলত্বাদিমাহ।

চন্দ্রঃ স্থূলঃ কৃশঃ শুক্রো বক্রার্কৌ চতুরস্রগৌ।
বর্ত্তুলৌ বুধজীবৌচ দীর্ঘৌ রাহু শনৈশ্চরৌ॥

অথ গ্রহাণাং আকৃতিমাহ।

বর্ত্তুলং ভাস্করেজ্ঞেয়ং অর্দ্ধচন্দ্রং নিশাকরে।
ত্রিকোণং ভূমি পুত্রেচ বুধেচ ধনুরাকৃতিঃ॥
গুরৌপদ্মাকৃতিং বিদ্যাৎ চতুষ্কোণস্তুভার্গবে।
শনৌদণ্ডাকৃতিং বিদ্যাৎ রাহৌচ মকরাকৃতিং॥
কেতৌসর্পাকৃতিং বিদ্যাদ্গ্রহাণাং মূর্ত্তি লক্ষণং॥

অথ গ্রহাণাং দিকপতিমাহ।

সূর্য্যঃ শুক্রঃ ক্ষমাপুত্রঃ সৈংহিকেয়ঃ শনিঃ শশী।
সৌম্যস্ত্রিদশমন্ত্রীচপ্রাচ্যাদিদিগধীশ্বরাঃ॥

অন্যচ্চ।

রবিঃ শুক্রঃ কুজো রাহুঃ শনিঃ সোমো বুধো গুরুঃ।
ক্রমাদষ্টৌ গ্রহাশ্চৈতে পূর্ব্বাদ্যষ্ট দিগীশ্বরাঃ॥

অথ গ্রহাণাং জাত্যধিপমাহ।

ব্রাহ্মণেশুক্রবাগীশৌ ক্ষত্রিয়ে ভৌম ভাস্করৌ।
চন্দ্রো বৈশ্যে বুধঃ শূদ্রে পতির্মন্দোন্ত্যজেজনে॥

অথ গ্রহাণাং বেদাধিপমাহ।

ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপঃ সিতঃ।
সামবেদাধিপোভৌমঃ শশিজোথর্ব্ববেদরাট্॥

অথ গ্রহাণাং নৈসর্গিক মিত্র কথনং।

মিত্রাণি সূর্য্যাচ্ছশি ভৌম জীবাঃ-
সূর্য্যেন্দুজৌ সূর্য্য শশাঙ্ক জীবাঃ।
আদিত্য শুক্রৌ রবি চন্দ্র ভৌমা-
বুধার্কজৌ চন্দ্রজ ভার্গবৌচ॥

অথ গ্রহাণাং নৈসর্গিক শত্রু সম কথনং।

সিতাসিতৌচন্দ্রমসোন কশ্চিদ্বুধঃ শশীসৌম্য সিতৌরবীন্দূ। রবীন্দুভৌমারবিতস্ত্বমিত্রা মিত্রারিশেষাশ্চ সমঃ প্রদিষ্টঃ॥

অথ রাহুর উচ্চনীচাদি ও মিত্রামিত্র।

উচ্চংনৃযুগ্মং ঘটভং ত্রিকোণং-
কন্যাগৃহং শুক্র শনীচমিত্রে।
সূর্য্যঃ শশাঙ্কোধরনীসুতশ্চ-
রাহোরিপুর্ব্বিংশতিকঃ পরাংশঃ॥

### কেতুর উচ্চনীচাদি ও মিত্রামিত্রাদি।

সিংহস্ত্রিকোণং ধনুরুচ্চসংজ্ঞং-
মীনোগৃহং শুক্র শনী বিপক্ষৌ।
সূর্য্যারচন্দ্রাঃ সুহৃদঃ সমানৌ-
জীবেন্দুজৌষট্‌শিখিনঃ পরাংশাঃ॥

### অথ তৎকাল মিত্রাদি কথনং।

চতুর্থ দশবিত্তান্ত্য ত্রিলাভস্থাঃ পরস্পরং।
তৎকাল মিত্রান্যুচ্চস্থঃ কৈশ্চিদুক্তোঽন্যথারিপুঃ॥

### অথ গ্রহাণাং অধিমিত্রাদিমাহ।

হিত সম রিপুসঙ্গা যেনিসর্গে নিরুক্তা-
অধিহিত হিতমধ্যাস্তেপি তৎকাল মিত্রৈঃ।
রিপুসমসুহৃদাখ্যাযেনিসর্গেনিরুক্তা-
অধিরিপুরিপুমধ্যাঃশত্রুভিশ্চিন্তনীয়াঃ॥

### অথ গ্রহাণাং স্থানবল কথনং।

স্বোচ্চ ত্রিকোণ হিতভ স্বগৃহাদিবর্গ-
সংস্থাঃসমেশশিসিতৌবিষমেঽবশেষাঃ।
পুংস্ত্রীনপুংসকখগাভমুখান্তমধ্যসংস্থাঃ-
শুভেক্ষিতযুতাঃস্থিতি বীর্য্যবন্তঃ॥

### অন্যচ্চ।

স্বোচ্চে স্থিতাঃ শ্রেষ্ট বলাভবন্তি-
মূলত্রিকোণে স্বগৃহেচ মধ্যাঃ।
ইষ্টেক্ষিতামিত্রগৃহাশ্রিতা বা-
বীর্য্যং কনীয়ঃ সমুপা বহন্তি॥

### অথ গ্রহাণাং দিগ্বল কথনং।

লগ্নেসৌম্যসুরাচার্য্যৌ কুজার্কৌ দশমে তথা।
দ্যূনেসৌরিশ্চতুর্থেচ সিতেন্দূ দিগ্বলান্বিতৌ॥

### অথ গ্রহাণাং চেষ্টা বলমাহ।

নরযুবতিবিহঙ্গারাশিষট্‌কেমৃগাদৌ।
শনিরথশশিভাদৌচন্দ্রজ স্তুভযস্থঃ॥
বিমলবিপুলদেহাবক্রিণঃ সূর্য্য মুক্তাঃ।
শশিযুতিজয়ভাজশ্চেষ্টয়া বীর্য্যবন্তঃ॥

### অথ গ্রহাণাং কাল বলমাহ।

সৌম্যাঃ সিতেঽন্যতোঽন্যে-
বৎসরমাসদ্যুকাল হোরেশাঃ।
বলিনোঽহ্ন্যর্কে জ্যসিতাদ্যুনি-
শংজ্ঞোনক্ত মিন্দুকুজ সৌরাঃ॥

### অথ গ্রহানাং বর্ষাধিপতি কথনং।

শাকস্তু দ্বিগুণীকৃত্য দ্বৌদত্বা মুনিভির্হরেৎ।
শেষারব্যাদিতো বর্ষাধিপাঃ প্রোক্তামনীষিভিঃ॥

### অথ গ্রহাণাং ঋতুবলমাহ।

শনিশুক্রকুজেন্দুজ্ঞগুরবঃ শিশিরাদিষু।
ভবন্তিকালবলিনোগ্রীষ্মে সূর্য্যস্তথৈবচ॥

### অথ গ্রহাণাং যামবলাদি কথনং।

বলিনঃ সৌম্যাসৌম্যাঃ ক্রমেণ-
পূর্ব্বাপরার্দ্ধয়োঃ দ্যুনিশোঃ।
জ্ঞরবিশনীন্দু সিতাস্ত্র্যং-
শেষু গুরুস্তু সর্ব্বত্র॥

### অথ গ্রহাণাং নিসর্গবলমাহ॥ বৃহজ্জাতকে।

মন্দার সৌম্য বাক্‌পতি সিত-
চন্দ্রার্কায়থোত্তরং বলিনঃ।
নৈসর্গিক বলমেতৎ-
লগ্নস্য স্বামিনা চিন্ত্যং॥

অত্রায়ং বিভাগঃ।

মন্দাবনীসূনুশশাঙ্কপুত্র-
বাগীশ শুক্রেন্দু দিবাকরাণাং।
একোত্তরং রূপ মগৈর্ব্বিভক্তং
নৈসর্গিকং বীর্য্যমুদাহরন্তি॥

অথ চন্দ্রস্য বিশেষ বলমাহ।

মাসেতু শুক্ল প্রতিপৎ প্রবৃত্তে-
পূর্ব্বে শশী মধ্যবলোদশাহে।
শ্রেষ্টা দ্বিতীয়েঽল্পবল স্তৃতীয়ে-
সৌম্যৈস্ত দৃষ্টা বলবান্‌সদৈব॥

অথ গ্রহাণাং দৃষ্টিস্থান কথনং।

তৃতীয়ে দশমেচৈব পাদদৃষ্টিরুদাহৃতা।
অৰ্দ্ধ দৃষ্টিশ্চ নবমে পঞ্চমেচ প্রকীর্ত্তিতা॥
চতুর্থেচাষ্টমেচৈব পাদোনাপরিকীর্ত্তিতা।
সপ্তমে পরিপূর্ণাচ ফলমেবং প্রকল্প্যতে॥
তৃতীয় দশমাবার্কিঃ পশ্যন্ পূর্ণফলপ্রদঃ।
ত্রিকোণগান্‌গুরুশ্চৈব চতুর্থাষ্টমগান্‌কুজঃ॥
পাদৈকদৃষ্টির্দ্দশমস্তৃতীয়ে দ্বিপাদদৃষ্টির্নবপঞ্চকেতু।
ত্রিপাদদৃষ্টিশ্চতুরষ্টকেতু সংপূর্ণদৃষ্টিঃসমসপ্তকেস্যাৎ॥
সুতমদন নবান্ত্যে পূর্ণদৃষ্টিঃ সুরারে-
র্সুগলদশমরাশৌ দৃষ্টিমাত্রং ত্রিপাদং।
সহজ রিপু চতুর্থে চাষ্টমে চার্দ্ধদৃষ্টিঃ-
স্থিতিভবনমুপান্ত্যং নৈবদৃশ্যং হি রাহোঃ॥
ত্রিদশে সূর্য্যপুত্রস্য ত্রিকোণে চ বৃহস্পতৌ।
চতুরস্রে মহীজস্য পূর্ণাদৃষ্টিঃ প্রকীর্ত্তিতা॥

অথ গ্রহাণাং অদৃষ্টিস্থান কথনং।

স্বস্থানঞ্চ দ্বিতীয়ঞ্চ ষষ্ঠমেকাদশস্তথা।
দ্বাদশঞ্চ নপশ্যন্তি সর্ব্বএব কিলগ্রহাঃ॥

অথ উপচয় সংজ্ঞামাহ।

অথোপচয়সংজ্ঞাস্যাৎ ত্রিলাভ রিপুকর্ম্মণাম্।
নচেদ্‌ভবন্তিতে দৃষ্টাঃ পাপস্ব স্বামিশত্রুভিঃ॥

কেন্দ্রাদি সংজ্ঞামাহ।

কেন্দ্রং চতুষ্টয়ং কণ্টকঞ্চ-
লগ্নাস্তদশচতুর্থানাং সংজ্ঞা।
পরতঃ পনফরমাপো-
ক্লিমসংজ্ঞং তৎপরতঃ॥

অন্যচ্চ।

পনফরং দ্বিতীয়াষ্ট পঞ্চমৈকাদশং বিদুঃ।
তৃতীয়ষষ্ঠ নবমমন্ত্যঞ্চাপোক্লিমং বিদুঃ॥

অথ ত্রিকোণাদি কথনং। যথা দীপিকায়াং।
পঞ্চমং নবমঞ্চৈব ত্রিকোণং সমুদাহৃতং।
চতুর্থমষ্টমঞ্চৈব চতুরস্রং বিদুর্ব্বুধাঃ॥

অথ চতুর্থাদি পর্য্যায়মাহ।

পাতালং হিবুকঞ্চৈব সুহৃদম্ভশ্চতুর্থকং।
ত্রি ত্রিকোণঞ্চ নবমং ভুশ্চিক্যং স্যাৎ তৃতীয়কং॥
ধীস্থানং পঞ্চমং জ্ঞেয়ং যামিত্রং সপ্তমং স্মৃতং।
দ্যুনং দ্যূনং তথা স্তাখ্যং ষট্‌কোণং রিপুমন্দিরং॥
কর্ম্মস্থানঞ্চ দশমং খংমে ষূরণমাস্পদং।
ছিদ্রাক্ষমষ্টমং স্থানং রিপ্‌ফাখ্যং দ্বাদশং স্মৃতং॥
চতুর্থমষ্টমঞ্চৈব চতুরস্রং বিদুর্ব্বুধাঃ।

অথ গ্রহণাং বক্রাদি।

রাহু কেতু সদা বক্রৌ শীঘ্রগৌচন্দ্রভাস্করৌ।
বক্র শীঘ্রগতিশ্চেৎস্যাৎ ভৌমাদি পঞ্চকেন্যথা॥

**গ্রহগণের জলচরাদি সংজ্ঞা।**

**শুক্র চন্দ্র জলচর, বুধ বৃহস্পতি গ্রামচর। শনি রবি মঙ্গল ও রাহু বনচর।**

### গ্রহদিগের দ্বিপদাদি সংজ্ঞা।

বৃহস্পতি শুক্র দ্বিপদ, মঙ্গল আর রবি চতুষ্পদ, শনি আর বুধ পক্ষী, চন্দ্র আর রাহু কীটপতঙ্গ, রাহু অপদ। ইহা দ্বারা যে যে গ্রহের ভাগ হইতে দ্বিপদ চতুষ্পদ পক্ষী ইত্যাদির উৎপত্তি হয়, তাহা জানা যায়। জাতক গণনায় যেরূপ গণনা হয়, প্রশ্ন গণনাতেও তাহাই ব্যবহার হইয়া থাকে।

### গ্রহদিগের স্থূলাদি সংজ্ঞা।

চন্দ্র স্থূল, শুক্র কৃশ, মঙ্গল এবং রবি চতুষ্কোণ, বৃহস্পতি ও বুধ বর্ত্তুলাকার, রাহু এবং শনি দীর্ঘাকার, মতান্তরে রবি বর্ত্তুলাকার, চন্দ্র অর্দ্ধ চন্দ্রাকৃতি, মঙ্গল ত্রিকোণ, বুধ ধনুরাকৃতি, বৃহস্পতি পদ্মাকৃতি, শুক্র চতুষ্কোণ, শনি দণ্ডাকৃতি, রাহু মকরাকৃতি এবং কেতু সর্পাকৃতি, এই সকল গ্রহের মূর্ত্তি লক্ষণ।

### দিকপতি।

পূর্ব্বদিগের অধিপতি রবিগ্রহ। শুক্র অগ্নিকোণের অধিপতি, মঙ্গল দক্ষিণ দিগের, রাহু নৈঋত কোণের, শনি পশ্চিম দিগের, চন্দ্র বায়ুকোণের, বুধ উত্তর দিগের, বৃহস্পতি ইশানকোণের অধিপতি হয়েন, ইহা দ্বারায় প্রয়োজন মতে দিক জানা যায়।

### গ্রহদিগের জাত্যাধিপ।

বৃহস্পতি শুক্র ব্রাহ্মণ, মঙ্গল রবি ক্ষত্রিয়, চন্দ্র বুধ শূদ্র, রাহু এবং শনি অন্ত্যজ জাতি। ইহার দ্বারা জাতি নিরূপণ হয়।

### বেদাধিপ।

ঋগেবেদর অধিপতি বৃহস্পতি, যজুর্ব্বেদের অধিপতি শুক্র, স্যামবেদের অধিপতি মঙ্গল, অথর্ব্ববেদের অধিপতি চন্দ্র বুধ রাহু এবং শনি।

### গ্রহগণের মিত্রকথন।

রবির মিত্র চন্দ্র, মঙ্গল এবং বৃহস্পতি। চন্দ্রের মিত্র বুধ এবং রবি। মঙ্গলের মিত্র রবি, চন্দ্র এবং বৃহস্পতি। বুধের মিত্র রবি ও শুক্র। বৃহস্পতির মিত্র সূর্য্য, চন্দ্র এবং মঙ্গল। শুক্রের মিত্র বুধ এবং শনি। শনির মিত্র বুধ এবং শুক্র। রাহুর মিত্র শুক্র ও শনি। কেতুর মিত্র রবি চন্দ্র এবং মঙ্গল। মিত্র ঘরে গ্রহগণ থাকিলে বলবান্ হন।

### গ্রহগণের শত্রুকথন।

রবির শত্রু শুক্র, শনির চন্দ্র, চন্দ্রের শত্রু নাই, মঙ্গলের শত্রু বুধ, বুধের শত্রু চন্দ্র, বৃহস্পতির শত্রু বুধ ও শুক্র, শুক্রের শত্রু রবি ও চন্দ্র, শনির শত্রু রবি ও মঙ্গল এবং চন্দ্র, রাহুর শত্রু রবি ও চন্দ্র মঙ্গল, কেতুর শত্রু শুক্র ও শনি।

### গ্রহগণের সমকথন।

রবির সম বুধ। চন্দ্রের সম মঙ্গল। মঙ্গলের সম শনি। বুধের সম বৃহস্পতি শুক্র এবং শনি। বৃহস্পতির সম শনি। শুক্রের সম বৃহস্পতি এবং মঙ্গল। শনির সম বৃহস্পতি।

### গ্রহগণের মিত্র শত্রু সমচক্র।

| গ্রহ | মিত্র | শত্রু | সম |
|---|---|---|---|
| রবি | চন্দ্র<br>মঙ্গল<br>গুরু | শুক্র<br>শনি<br>চন্দ্র | বুধ |
| চন্দ্র | বুধ<br>রবি | | মঙ্গল |
| মঙ্গল | রবি<br>চন্দ্র | বুধ | শনি |

| গ্রহ | মিত্র | শত্রু | সম |
|---|---|---|---|
| | বৃহস্পতি | | গুরু |
| বুধ | রবি | চন্দ্র | শুক্র |
| | শুক্র | | শনি |
| | রবি | | |
| বৃহস্পতি | চন্দ্র | বুধ | শনি |
| | মঙ্গল | শুক্র | |
| শুক্র | বুধ | রবি | গুরু |
| | শনি | চন্দ্র | মঙ্গল |
| | | রবি | |
| শনি | বুধ | মঙ্গল | গুরু |
| | শুক্র | চন্দ্র | |
| | | রবি | |
| রাহু | শুক্র | চন্দ্র | |
| | শনি | মঙ্গল | |
| | রবি | | |
| কেতু | চন্দ্র | শুক্র | |
| | মঙ্গল | শনি | |

গ্রহগণের তৎকালিক মিত্রাদি।

জন্ম কালে কিম্বা প্রশ্ন কালে কিম্বা বিবাহাদি কালে কিম্বা কোন সময় গ্রহগণের তৎকালিক মিত্রামিত্র জানিতে হইলে তাহার জানার নিয়ম এই যে, সেই সময় যে রাশিতে যে গ্রহ থাকিবেক সেই রাশি হইতে গণন করিয়া চতুর্থ দশ দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয় এবং একাদশ স্থানে যে যে গ্রহ থাকিবেক তাহারা পরস্পরে স্বাভাবিক মিত্র স্থলে তৎ-কালিক অধিমিত্র হইবেক। যদি স্বাভাবিক সম হয় তবে ঐ অবস্থায় থাকিলে সম না হইয়া তৎকালিক মিত্র হইবে। যদি স্বাভাবিক রিপু হয় তবে তৎকালিক রিপু না হইয়া সম হইবেক। যদি ঐ চতুর্থ, দশ, দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয়, একাদশ স্থানে স্বাভাবিক রিপু যে গ্রহ সে যদি থাকে তবে সেই স্বাভাবিক রিপুগ্রহ তৎকালিক অধিরিপু হইবেক। যদি স্বাভাবিক সমগ্রহ ঐ চতুর্থ, দশ, দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয়, একাদশ স্থানে তৎকালে না থাকে, তবে ঐ সমগ্রহ রিপু হইবেক, আর চতুর্থ, দশ, দ্বিতীয়, দ্বাদশ তৃতীয়, একাদশ স্থানে স্বাভাবিক যে মিত্রগ্রহ সে যদি না থাকে তবে ঐ স্বাভাবিক মিত্রগ্রহ তিনি তৎকালিক সম হইবেন।

কোন মতে, উচ্চ স্থানে যে গ্রহ থাকে সেই গ্রহের সহিত ঐ উচ্চ স্থানে ঐ গ্রহের স্বাভাবিক শত্রুগ্রহ থাকিলে সেই শত্রুগ্রহ তৎকালিক মিত্র হইবে, নচেৎ শত্রু জানিবেন।

রবির চতুর্থ, দশ, দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয় ও একাদশ এই সকল স্থানে পরস্পর যে যে গ্রহ থাকিবে, তাহারা যদ্যপি স্বাভাবিক মিত্র হয় তাহা হইলে তাৎকালিক অধিমিত্র হয়, রবির চতুর্থ, দশ, দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয় ও একাদশ হইয়া যদ্যপি স্বাভাবিক সম হয় তবে তাৎকালিক মিত্র হইবে। রবির চতুর্থ, দশ, দ্বিতীয়, দ্বাদশ তৃতীয় ও একাদশ হইয়া পরস্পর স্বাভাবিক রিপু হয় তবে তৎকালিক সম হইবে।

রবির ঐ চতুর্থ দশ দ্বিতীয় দ্বাদশ তৃতীয় একাদশ না হইয়া স্বাভাবিক রিপু হন তবে তৎকালিক অধিরিপু হইবে। রবির ঐ চতুর্থ দশ দ্বিতীয় দ্বাদশ তৃতীয় একাদশ না হইয়া যদি স্বাভাবিক সম হয় তবে রিপু হইবে। রবির ঐ চতুর্থ দশ দ্বিতীয় দ্বাদশ তৃতীয় একাদশ না হইয়া যদি স্বাভাবিক মিত্র হয় তবে তাৎকালিক সম হইবে। কেহ বলেন উচ্চ স্থানের গ্রহে শত্রুগ্রহ থাকিলে সেই গ্রহ মিত্র হয় অন্যথা হইলে সেই গ্রহ রিপু জানিবে।

গ্রহগণের আকর্ষণের এবং জ্যোত নিক্ষেপের বলাবল ও শক্তির বিবেচনা অর্থাৎ কোন কোন স্থানে স্থিত হইয়া এবং কোন কোন রাশি নক্ষত্রের সহিত যোগ হইয়া আকর্ষণাদি ও দৃষ্টি করিলে সেই আকর্ষণ ও দৃষ্টির বলাবল বিবেচনা।

গ্রহগণের স্থানবল।

গ্রহগণ আপন আপন স্বচ্চাংশে ও তুঙ্গস্থানে ও মূল-ত্রিকোণে ও মিত্রগৃহে ও স্বীয় গৃহে ও স্বীয় হোরায় ও

স্বীয় দ্রেক্কাণে ও স্বীয় নবাংশে ও স্বীয় ত্রিংশাংশে স্থিত থাকিলে তাহাকে স্থানের বলে বলবান বলা যায়। তাৎপর্য্য এই যে গ্রহ যখন ভ্রমন করিতে করিতে ঐ স্থানে আইসে তখন ঐ স্থানের নক্ষত্রাদির সহযোগে বলের অর্থাৎ আকর্ষণের শক্তি ইত্যাদি বৃদ্ধি হয়। বৃষ কর্কট ইতাদি সম সংজ্ঞা রাশিতে চন্দ্র ও শুক্র থাকিলে তাহারা বলবান হয়েন, আর মেষ মিথুনাদি বিষম সংজ্ঞা রাশিতে রবি মঙ্গল বুধ বৃহস্পতি এবং শনি থাকিলে বলবান হন। অর্থাৎ বৃষ কর্কটাদি স্ত্রীসংজ্ঞা রাশিতে যখন স্ত্রীগ্রহ যথা চন্দ্র ও শুক্র স্থিত হয়েন এবং পুরুষ রাশিতে যখন পুং গ্রহ যথা রবি আদি স্থিত হয়েন তখন কাজেই স্বীয় স্বীয় ভাগের বৃদ্ধি হওয়ায় স্থান গুণে বল জন্মে।

স্ত্রীসংজ্ঞা গ্রহ অর্থাৎ চন্দ্র ও শুক্র ইহারা প্রথম দ্রেক্কাণে বলবান হয়েন। পুরুষ গ্রহ মঙ্গল রবি ও বৃহস্পতি ইহারা শেষ দ্রেক্কাণে বলবান হয়েন, আর মধ্য দ্রেক্কাণে নপুংসক গ্রহ অর্থাৎ শনি ও বুধ ইহারা বলবান হয়।

গ্রহগণ আপন য়ূচ্চাংশে শ্রেষ্ঠ বল, মূল ত্রিকোণে ও আপন আপন গৃহে থাকিলে মধ্যবল। শুভ গ্রহের দৃষ্টি আর মিত্র গৃহে থাকিলে কিঞ্চিৎ অধিক বলবান হয়েন।

### অথ দিগ্বল।

মঙ্গল আর রবি লগ্নের দশমস্থানে থাকিলে দক্ষিণ দিগ্বলী, শনি লগ্নের সপ্তম স্থানে থাকিলে পশ্চিম দিগ্বলী, শুক্র এবং চন্দ্র লগ্নের চতুর্থ স্থানে থাকিলে উত্তর দিগ্বলী।

ইহা দ্বারা দিগ নির্ণয় হয় ও নানা প্রকার গণনা হয়।

### অথ চেষ্টাবল।

মকর অবধি মীন পর্য্যন্ত কোন রাশিতে, রবি কিম্বা মঙ্গল, কিম্বা বৃহস্পতি, কিম্বা যুবতীগ্রহ যথা চন্দ্র কিম্বা শুক্র থাকিলে বলবান্ হয়েন এবং কর্কট অবধি ধনু পর্য্যন্ত এই ছয়টী রাশির মধ্যে কোন রাশিতে শনি স্থিত হইলে বলবান্ হয়েন, বুধ উভয় স্থানে বলবান্ হন। চন্দ্র বুধ বৃহস্পতি এবং শুক্র ইহারা শুক্লপক্ষে বলবান্ আর কৃষ্ণপক্ষে পাপগ্রহেরা অর্থাৎ রবি, শনি, মঙ্গল এবং পাপযুক্ত বুধ ইহারা বলবান্ হয়েন। শুক্ল প্রতিপদ অবধি পূর্নিমা পর্য্যন্ত শুভ গ্রহের প্রতিদিন ৪পল করিয়া বল বৃদ্ধি হয় এবং পূর্নিমার দিন সম্পূর্ণ রূপে বলবান্ হয়েন। কৃষ্ণপক্ষের প্রতিপদ অবধি করিয়া অমাবস্যা পর্য্যন্ত তাহাদিগের প্রতিদিন ৪পল করিয়া বলের হানি হয় এবং অমাবস্যার দিনে, সম্পূর্ণ রূপে বলহীন হইয়া থাকে।

পাপগ্রহগণ কৃষ্ণ প্রতিপদ অবধি অমাবস্যা পর্য্যন্ত ক্রমে ৪ পল করিয়া বল বৃদ্ধি হইয়া অমাবস্যার দিন সম্পূর্ণ বলবান হয়েন, আর শুক্লপক্ষের প্রতিপদ অবধি পূর্নিমা পর্য্যন্ত, ক্রমে ৪ পল করিয়া তাহাদের বলের হানি হয় এবং পূর্নিমার দিন এককালে বলহীন হয়েন। গণনা কালীন এই সকল বলাবল, দৃষ্টে ফলাফল বিবেচনা করিতে হইবে।

### বর্ষবল।

বর্ষের অধিপতি গ্রহ, এক পাদ বলবান্। মাসাধিপ গ্রহ দ্বিপাদ বলবান্। দিনের অধিপতি গ্রহ ত্রিপাদ বলবান, কালহোরাধিপতি গ্রহ সম্পুর্ন বলবান হয়েন।

বর্ষের অধিপতি গ্রহ যেরূপে নির্ণয় হয়, তাহার গণনার সঙ্কেত নিম্নে লেখা হইল।

### বর্ষাধিপ গণনার প্রকরণ।

যে শকাব্দার বর্ষাধিপতি জানার আবশ্যক হইবে সেই শকের অঙ্ককে দ্বিগুণ করিয়া এবং দুই যোগ দিয়া সপ্ত দ্বারায় হরণ করিলে অবশিষ্ট অঙ্ক যাহা থাকিবে তদ্দ্বারায় রবি আদি করিয়া বর্ষাধিপতি জানিবেন যথা, এক থাকিলে রবির বর্ষ, দুই থাকিলে চন্দ্রের বর্ষ ইত্যাদি। যথা ১৭৯৯ শককে দ্বিগুণ করিলে ৩৫৯৮ হইবে তাহাতে ২ যোগ দিলে ৩৬০০ হইবে এই অঙ্ককে ৭ দিয়া পূরণ করিলে বাকি ২ থাকিবেক অতএব ১৭৯৯ শকে বর্ষাধিপতি চন্দ্র হইবেক। পঞ্জিকাতে যে শক লেখা আছে তাহা গত

শকের অঙ্ক জানিবেন, শক পূর্ণ না হইলে পুরা শক লেখা হয় না।

ঋতুবল।

শনিগ্রহ শিশির অর্থাৎ শীতকালে বলবান্, শুক্র বসন্তকালে বলবান্, মঙ্গল গ্রীষ্মকালে বলবান্, চন্দ্র বর্ষাকালে বলবান্, বুধ শরতকালে বলবান্, বৃহস্পতি হেমন্তকালে বলবান্, রবিগ্রহ গ্রীষ্মকালে বলবান্।

কোনঋতুতে কোন কোন মাস।

পৌষ ও মাঘমাস শীতকাল, ফাল্গুণ এবং চৈত্র বসন্তকাল, বৈশাখ এবং জ্যোষ্ঠ গ্রীষ্মকাল, আষাঢ় এবং শ্রাবণ বর্ষাকাল, ভাদ্র এবং আশ্বিন শরতকাল, কার্ত্তিক এবং অগ্রহায়ণ হেমন্তকাল।

তাৎপর্য্য।

গ্রহগণের এই সকল ঋতুতে শক্তি বৃদ্ধি হইয়া স্বীয় স্বীয় স্বভাব মানব দেহের ও পৃথিবীস্থ সমস্ত পদার্থের উপর নিক্ষেপ করায় সেই স্বভাব মানবদেহাদিতে প্রকাশ পায়। যথা যাহার দেহে শুক্রের অংশ অধিক পরিমাণে আছে ঐ গ্রহ স্বভাবে তাহার প্রকৃতি শ্লেষ্ম ধাতু, সে জন্য বসন্ত ঋতুতে সেই মানবের দেহে শ্লেষ্ম অন্যের অপেক্ষায় অধিক বৃদ্ধি হয়।

যাম—ও দিবারাত্রি কালে গ্রহদিগের বল নির্ণয়।

রবি বৃহস্পতি শুক্র দিবাভাগে বলবান্, বুধ দিবারাত্রি, উভয় কালে বলবান্, চন্দ্র মঙ্গল এবং শনি রাত্রিকালে বলবান্, ইহার মধ্যে দিবাভাগের পূর্ব্বার্দ্ধে শুভগ্রহ বলবান এবং দিবার পরার্দ্ধে পাপগ্রহ বলবান হয়েন এবং রাত্রির পূর্ব্বার্দ্ধে শুভগ্রহ বলবান হয়েন। দিবামানকে চারিভাগ করিলে তাহার এক এক ভাগের নাম যাম এবং রাত্রিকালেরও চারিভাগের এক এক ভাগের নাম যাম ইহার মধ্যে দিবা ও রাত্রের তৃতীয় যামে রবি বুধ শনি চন্দ্র বলবান হইয়া থাকেন কিন্তু বৃহস্পতি দিবা রাত্রি মধ্যে সকল কালেতেই বলবান্।

গ্রহদিগের স্বাভাবিক বল।

জাতকে কিম্বা প্রশ্ন কালে লগ্নের অধিপতি গ্রহ দ্বারায় বল জানা যায় যথা, শনি লগ্নে থাকিলে যে পরিমাণ বলবান্ হইবেন তাহা হইতে মঙ্গল এবং মঙ্গল হইতে বুধ এবং বুধ হইতে বৃস্পতি এবং বৃহস্পাতি হইতে শুক্র এবং শুক্র হইতে চন্দ্রএবং চন্দ্র হইতে রবি উত্তরোত্তর বলবান্ হয়েন অর্থাৎ শনি এক গুণ, ঐ শনি হইতে মঙ্গল দুই গুণ, বুধ তিন গুণ, বৃহস্পতি চারি গুণ, শুক্র পঞ্চ গুণ, চন্দ্র ষড় গুণ ও রবির সপ্ত গুণ বল যথা, শনির ৮ পল ৩৪ বিপল বল শনির বল হইতে মঙ্গলের বল দ্বিগুণ ১৭ পল ১৮ বিপল বুধের ত্রিগুণ ২৫ পল ৪২ বিপল, বৃহস্পতির চতুর্গুণ ৩৪ পল ১৭ বিপল, শুক্রের পঞ্চ গুণ ৪২ পল ৫১ বিপল, চন্দ্রের ষড়গুণ ৫১ পল ২৬ বিপল, রবির সপ্ত গুণ ৬০ পল। লগ্নাধিপ গ্রহের দ্বারায় বিবেচনা করিবেন। লগ্নের অধিপতির যে বল বলা হইল তাহাতে লগ্নের বল বুঝাইবেক।

চন্দ্রের বিশেষ বল।

শুক্ল প্রতিপদ অবধি দশমী পর্য্যন্ত এই দশ দিবস চন্দ্র মধ্যম রকম বলবান হয়েন। শুক্ল একাদশী অবধি কৃষ্ণপক্ষের পঞ্চমী পর্য্যন্ত এই দশ দিবস চন্দ্র সম্পূর্ণ বলবান হয়েন। তৎপর কৃষ্ণপক্ষের ষষ্ঠী হইতে অমাবস্যা পর্য্যন্ত সল্প বলবান থাকেন। চন্দ্রের উপর শুভগ্রহের দৃষ্টি থাকিলে চন্দ্র সর্ব্বত্র বলবান হয়।

গ্রহগণের বলাবল নির্ণয়জন্য সাধারণ উপদেশ।

গ্রহগণ আপন আপন যুচ্চাংশে শ্রেষ্টবল। মুল ত্রিকোণে ও আপন আপন ক্ষেত্রে মধ্যমবল। মিত্র ভবনে থাকিলে কিঞ্চিৎ বলবান। উপর্য্যুক্ত স্থান ব্যতীত যদি অন্য স্থানে থাকেন এবং তাহাতে যদি শুভগ্রহের দৃষ্টি থাকে, তবে কিঞ্চিৎ বলবান বলা যায়।

আপন ক্ষেত্রে, কিম্বা মিত্রের ভবেন, কিম্বা শুভ গ্রহের দৃষ্টি যে ঘরে থাকে এবং সেই ঘরে যদি মিত্র গ্রহের দৃষ্টি থাকে, কিম্বা শুভ গ্রহের সহিত এক ঘরে থাকে তবে শুভ গ্রহকে বলবান্ বলা যায়।

শুভ গ্রহগণ নীচাংশে ও শত্রুর ক্ষেত্রেতে দুর্ব্বল এবং পাপ গ্রহের দৃষ্টি যে গ্রহের উপর থাকে সেই স্থানে থাকিলে দুর্ব্বল।

শুভ গ্রহ যদি পাপ গ্রহের ক্ষেত্রে, কিম্বা যদি শত্রুর ভবনে থাকেন এবং যদি শত্রু গ্রহ কিম্বা কোন পাপ গ্রহের সেই ক্ষেত্রে দৃষ্টি থাকে আর পাপ কিম্বা শত্রু গ্রহের সহিত এক রাশিতে থাকিলে দুর্ব্বল।

পাপ গ্রহ যদি পাপ গ্রহের কিম্বা শত্রুর ক্ষেত্রে থাকে, কিম্বা মিত্রের ঘরে থাকে আর তাহাতে শত্রু কিম্বা পাপ গ্রহের দৃষ্টি থাকে তবে সেই পাপ গ্রহ বলবান্ হন।

শুভ গ্রহের নক্ষত্রে যদি পাপ গ্রহ অবস্থিতি করেন আর শুভ গ্রহের দৃষ্টি যদি তাহার উপর থাকে কিম্বা শুভ গ্রহের সহিত এক রাশিতে থাকিলে সেই পাপ গ্রহ দুর্ব্বল হন।

অথ গ্রহগণের দৃষ্টি স্থান।

প্রশ্ন কিম্বা জন্মকালে যে গ্রহ যে রাশিতে অবস্থিত থাকেন, তাহা হইতে গণনায় তৃতীয় আর দশম স্থানে সেই গ্রহের এক পাদ দৃষ্টি, পঞ্চম আর নবম রাশিতে অর্দ্ধেক, চতুর্থ এবং অষ্টম রাশিতে তিন পাদ দৃষ্টি এবং সপ্তম রাশিতে সম্পূর্ণ দৃষ্টি হয়। ইহাতে বিশেষ এই যে তৃতীয় আর দশম স্থানে শনি গ্রহের পূর্ণ দৃষ্টি আর নবম ও পঞ্চম রাশিতে বৃহস্পতির পূর্ণ দৃষ্টি এবং চতুর্থ আর অষ্টম রাশিতে মঙ্গলের পূর্ণ দৃষ্টি, এতৎ ভিন্ন অন্যান্য স্থানে অর্থাৎ প্রথম, দ্বিতীয়, ষষ্ঠ, একাদশ, দ্বাদশ স্থানে গ্রহগণের দৃষ্টি নাই। গ্রহগণের বলাবল এবং এই সকল দৃষ্টি অনুসারে আকর্ষণের শক্তির ন্যূনাধিক বিবেচনা করিয়া ফলাফল বলিবেন।

অথ রাহুর দৃষ্টি।

যে রাশিতে রাহু স্থিত থাকেন, সেই রাশি হইতে দক্ষিণাবর্ত্ত গণনায় পঞ্চম, সপ্তম, নবম এবং দ্বাদশ রাশিতে রাহুর পূর্ণ দৃষ্টি, দ্বিতীয় ও দশম রাশিতে তিন পাদ দৃষ্টি আর তৃতীয়, ষষ্ঠ, চতুর্থ, অষ্টম রাশিতে অর্দ্ধেক দৃষ্টি এবং যে রাশিতে রাহু থাকেন সেই রাশিতে আর একাদশ স্থানে রাহুর দৃষ্টি নাই। কেতুর দৃষ্টি নাই। এই সকল দৃষ্টি ও গ্রহগণের বলাবল অনুসারে ফলাফলের বিবেচনা হইয়া থাকে।

উপচয় সংজ্ঞা।

প্রথম রাশি হইতে গণনায় যে রাশি ষষ্ঠ, তৃতীয়, দশম, একাদশ হইবে, তাহাদিগের নাম উপচয়।

কেন্দ্র সংজ্ঞা।

লগ্ন এবং ঐ লগ্ন হইতে চতুর্থ ও সপ্তম ও দশম রাশির নাম কেন্দ্র সংজ্ঞা। এই কেন্দ্র স্থানে গ্রহ থাকিয়া যে আকর্ষণ করে তাহা প্রবল।

অথ পনফরাদি সংজ্ঞা।

কেন্দ্র সংজ্ঞা যে সকল স্থানে নির্দ্দিষ্ট হইল, সেই সকল স্থানের পর পর গৃহকে পনফর সংজ্ঞা বলা যায় এবং ঐ পনফর গৃহ হইতে পর পর গৃহকে আপোক্লিম সংজ্ঞা বলা-যায় অর্থাৎ কর্ম্ম কালের লগ্ন হইতে দ্বিতীয়, অষ্টম, পঞ্চম, একাদশ স্থানের নাম পনফর সংজ্ঞা এবং ঐ কর্ম্ম কালের লগ্ন হইতে গণনায় তৃতীয় ও ষষ্ঠ, নবম এবং দ্বাদশ স্থানের নাম আপোক্লিম সংজ্ঞা।

লগ্ন হইতে নবম এবং পঞ্চম স্থানের নাম ত্রিকোণ চতুর্থ এবং অষ্টম স্থানের নাম চতুরস্র।

লগ্ন হইতে চতুর্থ স্থানের নাম পাতাল, হিবুক সুহৃৎ, অম্বু।

লগ্ন হইতে পঞ্চম এবং নবম স্থানের নাম ত্রিকোণ, লগ্ন হইতে তৃতীয় স্থানের নাম দুশ্চিক্য, লগ্ন হইতে পঞ্চম

স্থানের নাম ধীস্থান। লগ্ন হইতে সপ্তম স্থানের নাম যামিত্র এবং দ্যূন এবং দ্যূন। লগ্ন হইতে ষষ্ঠ স্থানের নাম ষট্কোণ এবং রিপু। লগ্ন হইতে দশম স্থানের নাম কর্ম্ম, খ, মেষূরণ এবং আস্পদ। অষ্টম স্থানের নাম ছিদ্র, দ্বাদশ স্থানের নাম রিপ্ফ, চতুর্থ স্থান এবং অষ্টম স্থান ইহাদের নাম চতুরস্র।

গ্রহগণের গতি।

রাহু এবং কেতু বক্রগমন করেন, অর্থাৎ মেষ রাশি হইতে মীন রাশিতে গমন করেন। চন্দ্র এবং রবির শীঘ্র গতি, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র এবং শনি ইহারা বক্র গমন এবং শীঘ্র উভয়বিধ গমন করেন।

গ্রহাণাং আকৃত্যাদি কথনং। যথা বৃহজ্জাতকে।

মধুপিঙ্গলদৃক্ চতুরস্র তনুঃ-
পিত্ত প্রকৃতিঃ সবিতাল্পকচঃ।
ওনুবৃত্ত তনুর্ব্বহুবাতকফঃ-
প্রাজ্ঞশ্চ শশীমৃদুবাক্শুভদৃক্॥
ক্রূরদৃক্তরুণমূর্ত্তিরুদারঃ-
পৈত্তিকঃ সুচপলঃ কৃশমধ্যঃ।
শ্লিষ্টবাক্ সতত হাস্যরুচির্জ্ঞঃ-
পিত্তমারুতকফ প্রকৃতিশ্চ॥
বৃহত্তনুঃ পিঙ্গল মূর্দ্ধজেক্ষণো-
বৃহস্পতিঃ শ্রেষ্ঠমতিঃ কফাত্মকঃ।
ভৃগুঃ সুখী কান্তবপুঃ সুলোচনঃ-
কফানিলাত্মাসিতবক্রমূর্দ্ধজঃ॥
মন্দোঽলসঃ কপিলদৃক্কৃশদীর্ঘগাত্রঃ-
স্থুলদ্বিজঃ পরুষরোম কচোঽনিলাত্মা।
স্নায্বস্থ্যসৃক্ত্বগথ শুক্রবসাঃ সমজ্জা-
মন্দার্ক চন্দ্রবুধশুক্র সুরেজ্যভৌমাঃ॥
দেবাম্বগ্নি বিহার কোষ শয়ন ক্ষিত্যুৎকরেশাঃ-
ক্রমাদ্বস্ত্রং স্থূলমভুক্তমগ্নিকহতং মধ্যং দৃঢ়ং স্ফাটিতং।
তাম্রং স্যাম্মণিহেম যুক্তিরজসান্যর্কাচ্চমুক্তায়সী-
দ্রেক্কাণৈঃ শিশিরাদয়ঃ শশুক্রচজ্ঞগ্বাদিষূদ্যৎসুবা॥
অয়নক্ষণ বাসরর্ত্তবোমাসোর্দ্ধঞ্চ সমাশ্চ ভাস্করাৎ॥

অনুবাদ।

রবির আকার মধু পিঙ্গল চক্ষু, চতুরস্র তনু, পিত্ত প্রকৃতি, অল্প চুল। চন্দ্রের আকার ক্ষীণ অথচ গোল, বাতশ্লেষ্ম প্রকৃতি, প্রাজ্ঞ, মেধাবিশিষ্ট, মৃদু বাক্য অর্থাৎ কোমল-ভাষী এবং শোভন-চক্ষু। মঙ্গলের আকার ক্রূর দৃষ্টি অর্থাৎ অশোভন দৃষ্টি, যুবা মূর্ত্তি, দাতা, পিত্ত প্রকৃতি, চঞ্চল, মধ্যদেশ কৃশ। বুধের প্রকৃতি, বাকপটু, সতত হাস্যযুক্ত এবং নিত্য পরিহাসশীল, ত্রিদোষ অর্থাৎ কফ, পিত্ত, বায়ু ধাতু। বৃহস্পতির আকার স্থূল শরীর, চক্ষু এবং চুল পীঙ্গলবর্ণ, উত্তম বুদ্ধি, কফাশ্রিত ধাতু। শুক্রের প্রকৃতি সুখাভিলাষী, মনোজ্ঞ শরীর, সুন্দর চক্ষু, কফাশ্রিত বায়ু ধাতু, চুল অতিশয় কৃষ্ণবর্ণ এবং বক্র। শনির প্রকৃতি অলসযুক্ত পীঙ্গলবর্ণ চক্ষু, কৃশ এবং দীর্ঘ শরীর, দন্ত গুলি মোটা এবং লম্বা, অল্প এবং রুক্ষ চুল আর অল্প রোম, বায়ু ধাতু।

যাহার দেহে যে গ্রহের ভাগ অধিক থাকে, তাহার সেই গ্রহের অনুরূপ আকৃতি এবং প্রকৃতি হয়।

সপ্ত ধাতুর অধিপতি।

শনি স্নায়ু অর্থাৎ শিরা, রবি অস্থি, চন্দ্র রক্ত, বুধ ত্বক, শুক্র শুক্র, বৃহস্পতি হৃদয়ের মেদ এবং মঙ্গল মজ্জা।

ঐ সকল গ্রহ হইতে ঐ সপ্ত ধাতুর উৎপত্তি হইয়া থাকে এবং গ্রহের বলাবলে দেহ মাত্রেই ঐ সকলের পুষ্টিতা এবং ক্ষীণতা হয়, অতএব যে গ্রহ যখন বিরুদ্ধ হয় তখন সেই গ্রহের যে ধাতু সেই ধাতু কুপিত হইয়া উপর উক্ত স্থানে পীড়া জন্মাইয়া থাকে।

গ্রহদিগের স্থান।

দেবতার স্থানের অধিপতি রবি, জলের চন্দ্র, অগ্নির

মঙ্গল, বিহার স্থানের অধিপতি বুধ, ধনাগারের অধিপতি বৃহস্পতি, শয়ন স্থানের অধিপতি শুক্র, উচ্চ নীচ ভূমি এবং ঢেলা ইত্যাদি স্থানের অধিপতি শনি।

এই সকল গ্রহের বলাবলে প্রসবের স্থান এবং হৃত নষ্ট বস্তুর স্থান নির্ণয় হয়।

গ্রহ দ্বারা বস্ত্র জ্ঞান।

রবি স্থূল বস্ত্র, চন্দ্রের নূতন বস্ত্র, মঙ্গলের অগ্নিদগ্ধ, অর্থাৎ পোড়া বস্ত্র, বুধের আর্দ্র অর্থাৎ ভিজা বস্ত্র, বৃহস্পতির মধ্যম অর্থাৎ না নূতন না পুরাতন বস্ত্র, শুক্রের দৃঢ় অর্থাৎ শক্ত বস্ত্র, শনির জীর্ণ এবং স্ফাটিত অর্থাৎ ছেঁড়া বস্ত্র।

এই সকল গ্রহের বলাবল দৃষ্টে প্রসব সময়ে প্রসূতির পরিধান বস্ত্র নির্ণয় হয়।

প্রসব ঘরের দ্রব্যের নির্ণয়।

তাম্র ঘটিত দ্রব্যের অধিপতি রবি, মণি মাণিক্যের চন্দ্র, সুবর্ণের মঙ্গল, পিত্তল কাঁশা ইত্যাদির অধিপতি বুধ, রূপার অধিপতি বৃহস্পতি, আর ঐ বৃহস্পতি নিজ গৃহে থাকিলে সুবর্ণের অধিপতি, মুক্তার অধিপতি শুক্র, লৌহ সীশাদির অধিপতি শনি।

ঐ সকল গ্রহের বলাবল বিবেচনা করিয়া সুতিকাগারে ঐ সকল ধাতু ঘটিত দ্রব্যের স্থিতি নির্ণয় করা যায়।

ঋতু জ্ঞান।

লগ্নে যদি শনি থাকে তবে শিশির কালে জন্ম, শুক্র থাকিলে বসন্ত কালে, মঙ্গল থাকিলে গ্রীষ্ম কালে, চন্দ্র থাকিলে বর্ষা কালে, বুধ থাকিলে শরৎ কালে, বৃহস্পতি থাকিলে হেমন্ত কালে জন্ম জানা যায়। যদি লগ্নে কোন গ্রহ না থাকে তবে দ্রেক্কাণ ভাগ করিয়া সেই দ্রেক্কাণের অধিপতি দ্বারা ঋতু নিরূপণ হয়। নষ্ট জাতকে এই গণনার প্রয়োজন হইবে।

অয়নাদি অধিপতি গ্রহ নির্ণয়।

অয়নের অধিপতি রবি, ক্ষণের অধিপতি চন্দ্র, বারের অধিপতি মঙ্গল, ঋতুর অধিপতি বুধ, মাসের অধিপতি বৃহস্পতি, পক্ষের অধিপতি শুক্র, বৎসরের অধিপতি শনি। এই সকল গ্রহের বলাবলে ফলাফলের কাল নির্ণয় হইয়া থাকে।

অথ বেলাধিপমাহ।

দিনমানাদষ্ট লব্ধং বেলামানং প্রকীর্ত্তিতং।
তত্তুর্য্যাংশো ভবেদ্দণ্ডো রাত্রিমানাত্তথৈব চ॥

যামার্দ্ধাধিপ ব্যবস্থামাহ।

দিবসে চ ষড়াবৃত্ত্যা পঞ্চাবৃত্ত্যা তু রাত্রিষু।
বারেশা দর্দ্ধয়ামানামধিপাঃ কীর্ত্তিতা বুধৈঃ॥

অন্যচ্চ।

বারেশা দর্দ্ধয়ামেষু রাত্র্যহ্নোঃ পঞ্চষট্ক্রমাৎ।
অধিপাঃ স্যুগ্র্হাস্তত্র যথার্কাহে ভবন্তিতে॥
যামার্দ্ধমাদ্যং দিবসেশ্বরস্য-
তথৈবচান্ত্যং পুনরেব তস্য।
শেষাঃ গ্রহাঃ ষট্ পরিবর্ত্তনেন-
ভুঞ্জন্তি বারা নিশিপঞ্চকেন॥

ব্যক্তমাহ।

অর্কঃ শুক্রো বুধশ্চন্দ্রঃ শনিঃ সুরিঃ মহীসুতঃ।
রবির্নিজ দিনাদেবং যামার্দ্ধং ভুঞ্জতে দিবা॥
অর্কোগুরুঃ শশীশুক্রো মঙ্গলঃ শনিচন্দ্রজৌ।
রবির্নিজ দিনাদেবং যামার্দ্ধং ভুঞ্জতে নিশি॥

অন্যচ্চ।

রবীজ্যেন্দু ভৃগুক্ষ্মাজ,শনিজ্ঞ রবয়োনিশি।
রবিশুক্রজ্ঞ রাত্রীশ শনীজ্য কুজভাস্করাঃ॥
দিনে উহ্যাঃ পরেষ্বেবং তত্রাধ্যক্ষা চতুর্গ্রহাঃ।

দণ্ডাধিপমাহ দিবসে।

যামার্দ্ধাধিপসংখ্যাতো দ্বিতীয়স্তু তদর্দ্ধতঃ।
তদর্দ্ধাত্তু তৃতীয়ঃ স্যাত্তদর্দ্ধাচ্চ তুরীয়কঃ॥

অঙ্কাভাবে তু রাহুঃ স্যাত্তদঙ্কো বসুসংখ্যকঃ।
ভগ্নাঙ্কস্য পরিত্যাগাদ্দিবা দণ্ডাধিপামতা॥
রবিদনুজ বুধগ্লৌ চন্দ্রসূরাসুরজ্ঞাঃ।
কুজ রবিদনুজজ্ঞাজ্জেন্দু সূরাসুরাশ্চ॥
গুরু শশি রবিদৈত্যাঃ শুক্রভৌমার্কদৈত্যাঃ।
শনি কুজ রবিদৈত্যাভুঞ্জতে দণ্ডদণ্ডং॥

রাত্রৌ তু।

আদিত্যে ভৃগু সোমপুত্র-
শশিনশ্চন্দ্রে শনীজ্যারকাঃ
ভৌমে সূর্য্যসিতেন্দুজাঃ শশি-
সুতে রাত্রী শসৌরীজ্যকাঃ।
বাগীশে কুজবাসরেশ ভৃগুজাঃ
শুক্রেজ্ঞ চন্দ্রার্কজাঃ-
মন্দেজীব মহীজ বাসর
করা ভুঞ্জন্তি দণ্ডানিমান্॥

বারাধিপতি।

রবিবারের অধিপতি রবিগ্রহ হয়েন, সোম বারের সোম, মঙ্গলবারের মঙ্গল, বুধবারের বুধ, বৃহস্পতিবারের বৃহস্পতি, শুক্রবারের শুক্র এবং শনিবারের শনিগ্রহ বারাধিপতি হয়েন।

দিবসের যামার্দ্ধের অধিপতি গণনা।

দিনমান যত দণ্ড হইবে তাহাকে আট ভাগ করিলে তাহার প্রতি ভাগের নাম যামার্দ্ধ, অতএব সেই দিনে যে বার হইবে সেই বারের অধিপতি গ্রহ যিনি হইবেন তিনিই সেই প্রথম যামার্দ্ধের অধিপতি হইবেন। আর তাহা হইতে ছয় ছয় অন্তরে গণনায় যে যে বারাধিপতি গ্রহ হয়েন তাহারা ক্রমে দ্বিতীয় ইত্যাদি যামার্দ্ধের অধিপতি হইবেন। যেমন রবিবারে প্রথম যামার্দ্ধপতি রবি তাহা হইতে গণনায় ষষ্ঠ বারাধিপতি শুক্র, ঐ শুক্র দ্বিতীয় যামার্দ্ধের অধিপতি হইবেন। এইরূপ গণনায় তৃতীয় যামার্দ্ধের অধিপতি বুধ, চতুর্থের সোম, পঞ্চমের শনি, ষষ্ঠের বৃহস্পতি, সপ্তমের মঙ্গল, অষ্টম যামার্দ্ধের অধিপতি রবি হয়েন। এই যামার্দ্ধের অধিপতি গ্রহগণনায় রাহু কেতুকে ত্যাগ করিবেন।

রাত্রির যামার্দ্ধপতি গণনা।

রাত্রিমান যত দণ্ড হইবে তাহাকে আট ভাগ করিলে তাহার প্রথম যামার্দ্ধ ভাগে যে দিবসের গণনা করিবেন সেই দিবসের বারাধিপতি যে গ্রহ হইবেন তিনি সেই বারের রাত্রির প্রথম যামার্দ্ধের অধিপতি গ্রহ হইবেন এবং ঐ প্রথম যামার্দ্ধাধিপতি গ্রহ হইতে পঞ্চম গণনা ক্রমে যে যে গ্রহ হইবে তাহারা ক্রমে ঐ রাত্রির যামার্দ্ধপতি হইবেন,—যথা রবিবারের রাত্রির প্রথম যামার্দ্ধাধিপতি রবি, দ্বিতীয়ের বৃহস্পতি ইত্যাদি ক্রমে হইবে। নিম্ন চক্র দৃষ্টি করিলে সহজে দিবসের ও রাত্রির যামার্দ্ধাধিপতি জানিতে পারিবেন।

দিবসের যামার্দ্ধাধিপতি।

| বারের নাম। | প্রথম যামার্দ্ধাধিপতি। | দ্বিতীয় যামার্দ্ধাধিপতি। | তৃতীয় যামার্দ্ধাধিপতি। | চতুর্থ যামার্দ্ধাধিপতি। | পঞ্চম যামার্দ্ধাধিপতি। | ষষ্ঠ যামার্দ্ধাধিপতি। | সপ্ত যামার্দ্ধাধিপতি। | অষ্ট যামার্দ্ধাধিপতি। |
|---|---|---|---|---|---|---|---|---|
| র, বারে | রবি | শুক্র | বুধ | সোম | শনি | গুরু | মঙ্গল | রবি |
| সো, বারে | সোম | শনি | গুরু | মঙ্গল | রবি | শুক্র | বুধ | সোম |
| ম, বারে | মঙ্গল | রবি | শুক্র | বুধ | সোম | শনি | গুরু | মঙ্গল |
| বু, বারে | বুধ | সোম | শনি | গুরু | মঙ্গল | রবি | শুক্র | বুধ, |
| বৃ, বারে | গুরু | মঙ্গল | রবি | সোম | বুধ | সোম | শনি | গুরু |
| শু, বারে | শুক্র | বুধ | সোম | মঙ্গল | গুরু | মঙ্গল | রবি | শুক্র |
| শ, বারে | শনি | গুরু | মঙ্গল | বুধ | শুক্র | বুধ | সোম | শনি |

রাত্রির যামার্দ্ধাধিপতি।

| বারের নাম। | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম | ষষ্ঠ | সপ্তম | অষ্টম |
|---|---|---|---|---|---|---|---|---|
| রবি | রবি | গুরু | সোম | শুক্র | মঙ্গল | শনি | বুধ | রবি |
| চন্দ্র | সোম | শুক্র | মঙ্গল | শনি | বুধ | রবি | গুরু | সোম |
| মঙ্গল | মঙ্গল | শনি | বুধ | রবি | গুরু | সোম | শুক্র | মঙ্গল |
| বুধ | বুধ | রবি | গুরু | সোম | শুক্র | মঙ্গল | শনি | বুধ |
| গুরু | গুরু | সোম | শুক্র | মঙ্গল | শনি | বুধ | রবি | গুরু |
| শুক্র | শুক্র | মঙ্গল | শনি | বুধ | রবি | গুরু | সোম | শুক্র |
| শনি | শনি | বুধ | রবি | গুরু | সোম | শুক্র | মঙ্গল | শনি |

## দিবসের যামার্দ্ধের দণ্ডপতি গ্রহগণের গণনা।

দিবামান যত দণ্ড হইবে, তাহাকে আট ভাগ করিলে, তাহার এক২ ভাগের নাম যামার্দ্ধ, ঐ যামার্দ্ধকে চারি ভাগ করিলে তাহার এক ২ ভাগের নাম দণ্ড। ঐ দণ্ডের এক একটী গ্রহ অধিপতি হয়েন, তাহার নাম দণ্ডপতি গ্রহ। যে বারের যে যে সময়ে যে গ্রহ যামার্দ্ধাধিপতি হইবেন, তিনি সেই যামার্দ্ধের প্রথম ভাগের দণ্ডপতি গ্রহ হয়েন এবং ঐ যামার্দ্ধের প্রথম দণ্ডপতি গ্রহ যে তাহার সংখ্যা জানিয়া সেই সংখ্যাকে দুই ভাগ করিলে যে সংখ্যা হইবেক এবং সেই সংখ্যাতে যে গ্রহ হইবেক, সেই গ্রহ দ্বিতীয় দণ্ডের অধিপতি হইবেন। ঐ দ্বিতীয় দণ্ডের অধিপতির সংখ্যা যাহা হইবেক, তাহাকে পুনঃ দুই ভাগ করিলে যে অঙ্ক হইবেক সেই অঙ্ক সংখ্যাতে যে গ্রহ হইবেক তিনি তৃতীয় দণ্ডের অধিপতি হইবেন। ঐ তৃতীয় দণ্ডের অধিপতি যে গ্রহ হইবেক তাহাকে দুই ভাগ করিলে যে অঙ্ক হইবেক সেই সংখ্যায় যে গ্রহ, তিনি চতুর্থ দণ্ডের অধিপতি হইবে। বিশেষ এই যে রবির এক অঙ্ক জন্য, তাহা হইতে গণনায় আট অঙ্কে রাহু, সে জন্য যে দণ্ডে রবি অধিপতি হইবে তাহার পরদণ্ডের অধিপতি রাহু। আর গ্রহ সংখ্যাকে দুই ভাগ করিলে যদি ভগ্নাঙ্ক হয়, সে স্থলে ঐ ভঙ্গাঙ্ককে ত্যাগ করিবেক, যথা যে দণ্ডের অধিপতি শনি তাহার পর দণ্ডের অধিপতি মঙ্গল হইবেন, কেন না শনির অঙ্ক ৭, তাহার অর্দ্ধেক ৩॥০, অতএব ঐ অর্দ্ধেককে ত্যাগ করিলে ৩ রহিল, ঐ তিন সংখ্যায় মঙ্গল ইত্যাদি। রবির যামার্দ্ধের প্রথম দণ্ডের অধিপতি রবি, তৎপর ক্রমে রাহু, বুধ, সোম অধিপতি হয়েন। ঐ রূপ সোমের যামার্দ্ধে ক্রমে সোম, রবি, রাহু, বুধ। ঐ রূপ মঙ্গলের যামার্দ্ধে ক্রমে মঙ্গল, রবি, রাহু, বুধ। ঐরূপ বুধের যামার্দ্ধে বুধ, সোম, রবি, রাহু। ঐরূপ বৃহস্পতির যামার্দ্ধে বৃহস্পতি, সোম, রবি, রাহু। শুক্রের যামার্দ্ধে শুক্র, মঙ্গল, রবি, রাহু। ঐরূপ শনির যামার্দ্ধে শনি, মঙ্গল, রবি, রাহু দণ্ডাধিপতি গ্রহ হয়।

## রাত্রির যামার্দ্ধের দণ্ডপতি গ্রহ গণনা।

রাত্রিমান যত দণ্ড হইবে, তাহাকে আট ভাগ করিলে তাহার এক এক ভাগের নাম যামার্দ্ধ, ঐ যামার্দ্ধকে চারিভাগ করিলে তাহার এক এক দণ্ডে পুনঃ এক একটী করিয়া গ্রহ অধিপতি হয়েন, তাহাদের নাম রাত্রি যামার্দ্ধ দণ্ডপতি গ্রহ। যে দিনের যে বারের রাত্রির যামার্দ্ধপতি যে গ্রহ হইবেন, তিনিই সেই দণ্ডের অধিপতি হয়েন, তাহা হইতে ছয় ছয় গ্রহ অন্তর গণনায় যে যে গ্রহ তাহারা ক্রমে ঐ চারিটী দণ্ডাধিপতি গ্রহ জানিবেন।

নিম্ন চক্র দৃষ্টে দিবা ও রাত্রির যামার্দ্ধ দণ্ডপতি গ্রহ অতি সহজে জানিতে পারিবেন। এই দণ্ডপতি গ্রহের বল অধিক।

দিবসের যামার্দ্ধের দণ্ডপতিগ্রহ চক্র।

| যামার্দ্ধাধিপ গ্রহের নাম | প্রথম যামার্দ্ধের দণ্ডাধিপ | দ্বিতীয় যামার্দ্ধের দণ্ডাধিপ | তৃতীয় যামার্দ্ধের দণ্ডাধিপ | চতুর্থ যামার্দ্ধে দণ্ডাধির |
|---|---|---|---|---|
| রবির যামার্দ্ধ দণ্ডপতি, | রবি, | রাহু, | বুধ, | সোম। প |
| সোমের যামার্দ্ধ দণ্ডপতি, | সোম, | রবি, | রাহু, | বুধ। |
| মঙ্গলের যামার্দ্ধ দণ্ডপতি, | মঙ্গল, | রবি, | রাহু, | বুধ। |
| বুধের যামার্দ্ধ দণ্ডপতি, | বুধ, | সোম, | রবি, | রাহু। |
| গুরুরযামার্দ্ধ দণ্ডপতি, | গুরু, | সোম, | রবি, | রাহু। |
| শুক্রের যামার্দ্ধ দণ্ডপতি, | শুক্র, | মঙ্গল, | রবি, | রাহু। |
| শনির যামার্দ্ধ দণ্ডপতি, | শনি, | মঙ্গল, | রবি, | রাহু। |

রাত্রির যামার্দ্ধের দণ্ডাধিপতি গ্রহ চক্র।

| যামার্দ্ধাধিপতি গ্রহের নাম | প্রথম যামার্দ্ধের দণ্ডাধিপ | দ্বিতীয় যামার্দ্ধের দণ্ডাধিপ | তৃতীয় যামার্দ্ধের দণ্ডাধিপ | চতুর্থ যামার্দ্ধের দণ্ডাধিপ |
|---|---|---|---|---|
| রবিবারে রবির— যামার্দ্ধে দণ্ড-পতি। | রবি, | শুক্র, | বুধ, | সোম। |
| সোমের। | চন্দ্র, | শনি, | গুরু, | মঙ্গল। |
| মঙ্গলের। | মঙ্গল, | রবি, | শুক্র, | বুধ। |
| বুধের। | বুধ, | সোম, | শনি, | গুরু। |
| বৃহস্পতির। | গুরু, | মঙ্গল, | রবি, | শুক্র। |
| শুক্রের। | শুক্র, | বুধ, | সোম, | শনি। |
| শনির। | শনি, | গুরু, | মঙ্গল, | রবি। |

অথ গ্রহভোগ কাল কথনং।

অব্দৈকস্তু বৃহস্পতিঃ প্রতি-
বসেৎ সার্দ্ধদ্বয়ং ভাস্করিঃ
পাদং বাসরযুগ্মকং মৃগ-
তনুঃ পক্ষত্রয়ং ভূমিজঃ।
মাসং ভাস্কর ভার্গবেন্দু।
তনয়স্তিষ্ঠন্ত্যমী রাশিগা
ইত্যষ্টাদশমাসকেষু নিয়তং
রাহোঃ পরং সংস্থিতিঃ॥

অন্যচ্চ॥

রবির্মাসং নিশানাথ স পাদ দিবসদ্বয়ম্।
পক্ষত্রয়ং ভূমিপুত্রো বুধোঽষ্টাদশ বাসরান্॥
বর্ষমেকং সুরাচার্য্যশ্চাষ্টা বিংশদ্দিনং ভৃগুঃ।
শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষং স্বর্ভানুঃ সার্দ্ধবৎসরম্॥
এবং প্রমাণান্ সকলান্
স্বরাশীন্ ভুঞ্জতে গ্রহাঃ।
বক্র শীঘ্র গতিশ্চেৎ স্যাৎ
ভৌমাদি পঞ্চকেন্যথা॥

গ্রহগণের ভোগ কাল।

গগনমণ্ডলকে তিন ভাগে বিভক্ত করিয়া তাহার মধ্যে খণ্ডে দ্বাদশ রাশি ও তদান্তর্গত ২৭টী অচল নক্ষত্র এবং ঐ ২৭টী অচল নক্ষত্রেকে দ্বাদশ ভাগ করিয়া তাহার এক এক রাশি নয়পাদ নক্ষত্রে সীমানা যে নির্দ্দিষ্ট করা হইয়াছে, সেই সমস্ত বিবরণ পূর্ব্বে বলা হইয়াছে। এক্ষণে ঐ গগণ মণ্ডলের মধ্যখণ্ডাশ্রিত রবি আদি গ্রহগণের ঐ দ্বাদশ রাশি এক বার পরিভ্রমণ করিয়া আসিতে কাহার কত দিবস লাগে তাহা নিম্নে বলা হইতেছে, তদ্বারা কোন গ্রহের কিরূপ গতি এবং ঐ গতি জানিয়া তাহাদের দূরত্ব এবং নিকটত্ব সমস্ত অনুভব করিতে পারিবেন। রবির দ্বাদশ রাশি ভ্রমণ করিতে যথা, মেষ রাশির অন্তর্গত অশ্বিনী নক্ষত্রের প্রথম পাদ হইতে ভ্রমণ আরম্ভ হইয়া পুনরায় ঐ স্থানে আসিতে একবৎসর কাল লাগে। চন্দ্রের দ্বাদশ রাশি

ভ্রমণ করিতে ২৭ দিন, মঙ্গলের ৫৪০ দিন, বুধের ২১৬ দিন, বৃহস্পতির ১২ মাস, শুক্রের ৩৩৬ দিন, শনির ৩০ বৎসর, রাহুর ১৮ বৎসর, এবং কেতুর ১৮ বৎসর, লাগে।

গ্রহগণের দ্বাদশ রাশি ভ্রমণ করিতে যে কাল লাগে তাহাকে দ্বাদশ ভাগ করিলে যে কাল হয়, সেই কাল এক এক রাশি ভ্রমণ করিবার নির্দ্দিষ্ট সময় যথা।—

রবির এক রাশির ভ্রমণের কাল ১ মাস অর্থাৎ মেষ রাশির অন্তর্গত অশ্বিনী নক্ষত্রের প্রথম পাদ হইতে ভ্রমণ আরম্ভ করিয়া কৃত্তিকা নক্ষত্রের পূর্ণ এক পাদ পর্য্যন্ত পরিভ্রমণ শেষ করিতে ১ মাস লাগে। চন্দ্রের ২ দিন ১৫ দণ্ড, মঙ্গলের ৪৫ দিন, বুধের ১৮ দিন, বৃহস্পতির ১ বৎসর, শুক্রের ২৮ দিন, শনির ২ বৎসর ৬ মাস, রাহু এবং কেতুর এক বৎসর ৬য় মাস। এইরূপ নিয়মে গ্রহগণ এক এক রাশি ভ্রমণ করিয়া থাকেন।

ইহা দ্বারা গগনমণ্ডলের মধ্য-খণ্ডের দ্বাদশ ভাগের কোন ভাগে অর্থাৎ দ্বাদশ রাশির কোন রাশিতে কোন গ্রহ কোন সময় অবস্থিত থাকিবেন অর্থাৎ ভোগ করিবেন তাহা নির্ণয় হইবে। তাহার পর ঐ এক এক রাশির যে সীমানা নির্দ্দিষ্ট আছে সেই সীমানার কোন কোন অংশে কোন২ গ্রহ কোন দিন ভ্রমণ কালে স্থিত হইবেন তাহা বলা হইতেছে। এক রাশি ভোগের অর্থাৎ ভ্রমণের যে কাল নির্দ্দিষ্ট করা আছে, সেই কালকে যত ভাগ করিবেন, তত ভাগ সেই রাশির সীমাকেও করা হইল জ্ঞান করিবেন। যথা, অশ্বিনীর চারিপাদ, ভরণীর চারিপাদ ও কৃত্তিকার একপাদ, এই নয় পাদে মেষ রাশির সীমা হয়। ঐ মেষ রাশির অন্তর্গত নয়পাদ নক্ষত্র উত্তীর্ণ হইতে বৃহস্পতির এক বর্ষ কাল লাগে। ঐ এক বৎসর কালকে দুই ভাগ করিলে ৬ মাস হয়। যদি বৃহস্পতির এক বৎসর কাল মেষ রাশির সমুদায় সীমানা উত্তীর্ণ হইতে লাগে, তবে ছয় মাসে ঐ সীমানার অর্দ্ধেক পথ আসিতে লাগিবে। ঐরূপ ঐ কালকে তিন ভাগ করিলে প্রতি ভাগে চারি মাস হয়, অতএব বৃহস্পতি ঐ মেষ রাশি ভ্রমণ আরম্ভ করিয়া চারি মাসে মেষরাশির সীমানার তিন ভাগের এক ভাগ গমন যথা ভোগ জানা যায়। ঐরূপ এক বৎসর কালকে ৯ ভাগ করিলে, তাহার প্রতি ভাগে ১ মাস দশ দিন হয়, অতএব বৃহস্পতির ঐ মেষ রাশি ভ্রমণ আরম্ভ করিয়া এক মাস দশ দিনে ঐ রাশির সীমানার নয় ভাগের এক ভাগ অর্থাৎ নয়পাদ নক্ষত্রের প্রথম পাদে ভোগ জানা যায়। ঐরূপ ঐ এক বৎসর কালকে দ্বাদশ ভাগ করিলে তাহার প্রতি ভাগে ১ মাস হয়, অতএব এক মাস ভ্রমণে বৃহস্পতি ঐ রাশির সীমানার দ্বাদশ ভাগের এক ভাগ ভোগ জানা যায়। ঐরূপ ঐ ১ বৎসর কালকে ত্রিশ ভাগ করিলে তাহার প্রতি ভাগে ১২ দিন হয়, অতএব ১২ দিন ভ্রমণে বৃহস্পতি ঐ রাশির সীমানার ত্রিশ ভাগের এক ভাগ ভোগ করিয়াছে জানা যায়। এই যে ভাগের কথা বলা হইল ইহাকে নক্ষত্রের ভাগ জানিয়া গণনা করিবেন, যথা মেষ রাশির অন্তর্গত অশ্বিনাদি নক্ষত্রের নয় পাদ উত্তীর্ণ হইতে চন্দ্রের ২ই দিন ১৫ দণ্ড লাগে, ঐ ২ দিন ১৫ দণ্ডকে নয় ভাগ করিলে তাহার প্রতিভাগে ১৫ দণ্ড হয়, অতএব অশ্বিনী নক্ষত্রের প্রথমপাদে চন্দ্র প্রবেশ করিয়া ১৫ দণ্ড ভোগ করিবেন, ঐ ১৫ দণ্ড পর ৩০ দণ্ড পর্য্যন্ত ঐ নক্ষত্রের দ্বিতীয় পাদ ভোগ করিবেন, ঐ ৩০ দণ্ড পর ৪৫ দণ্ড পর্য্যন্ত তৃতীয় পাদ ভোগ করিবেন, ঐ ৪৫ দণ্ড পর ৬০ দণ্ড পর্য্যন্ত চতুর্থপাদ ভোগ করিবেন। এই প্রকার চন্দ্র ষষ্ঠি দণ্ড অর্থাৎ এক দিন কাল এক২ নক্ষত্র ভোগ করিয়া থাকেন। ঐ ৬০ দণ্ড অর্থাৎ এক দিন পর ১৫ দণ্ড পর্য্যন্ত চন্দ্র ভরণী নক্ষত্রের এক পাদ ভোগ করেন, ঐ ১ দিন ১৫ দণ্ড পর ১। ৩০ দণ্ড পর্য্যন্ত ভরণীর দ্বিতীয় পাদ ভোগ করেন, ঐ ১। ৩০ দণ্ড পর ১। ৪৫ দণ্ড পর্য্যন্ত তৃতীয় পাদ ভোগ করেন, ঐ ১।৪৫ দণ্ড পর ২ দিন পর্য্যন্ত ভরণীর চতুর্থ পাদ ভোগ

করেন। উহার পর ২।১৫ দণ্ড পর্য্যন্ত কৃর্ত্তিকা নক্ষত্রের প্রথম পাদ ভোগ করেন, এইরূপ চন্দ্র দুই দিন ১৫ দণ্ড এক এক রাশি ভোগ করিয়া থাকেন। প্রতি পাদে ১৫ দণ্ড যে ভোগের কাল বলা হইয়াছে, উহাকে পুনরায় ভাগ করিলে আরো সূক্ষ্ম হইতে পারে। এইরূপ সকল গ্রহের গণনা করিয়া গ্রহগণ কোন নক্ষত্র এবং কোন গ্রহের কোন পাদে এবং ঐ পাদের কোন অংশে কখন স্থিত থাকেন * তাহা গণনা করিয়া তাহাদের দৃষ্টি এবং বলাবল বিবেচনা করিয়া স্থূল এবং সূক্ষ্ম রূপে ফলাফলের তারতম্য এবং ফল প্রদানের সময় নির্ণয় হয়।

| গ্রহ | রাশি ভোগের কাল | হোরা ভোগের কাল | দ্রেক্কাণাংশ ভোগের কাল | নবাংশ ভোগের কাল | দ্বাদশাংশ ভোগের কাল | ত্রিংশাংশ ভোগের কাল |
|---|---|---|---|---|---|---|
| রবি, * | ৩০ | ১৫ দিন | ১০ দিন | ৩।২০ দণ্ড | ২।১৫ দণ্ড | ১ দিন |
| চন্দ্র | ২।দিন ১৫ দণ্ড | ১।৭ দণ্ড | ৪৫ দণ্ড | ১৫ দণ্ড | ১১দণ্ড | ৪ দণ্ড৩০পল |
| মঙ্গল | ৪৫ দিন | ২২ দিন ৩০ দণ্ড | ১৫ দিন | ৫ দিন | ৩দিন ৪৫দণ্ড | ১ দিন ৩০দণ্ড |
| বুধ | ১৮ দিন | ৯ দিন | ৬ দিন | ২ দিন | ১ দিন ৩০দণ্ড | ৩৬দণ্ড |
| বৃহস্পতি | ১২ মাস | ৬ মাস | ৪ মাস | ১ মাস ১০দি | ১ মাস | ১২ দিন |
| শুক্র | ২৮ দিন | ১৪ দিন | ৯ দিন ২০দণ্ড | ৩।৬।৪০ পল | ২।২০ দণ্ড | ৫৬ দণ্ড |
| শনি | ৩০ মাস | ১৫ মাস | ১০ মাস | ৩।১০ দিন | ২।১৫ দিন | ১ মাস |
| রাহু, কেতু | ১৮ মাস | ৯ মাস | ৬ মাস | ২ মাস | ১।৫ দিন | ১৮ দিন |

## গ্রহ গণের বক্র গতির কারণ।

খগোলস্থিত গ্রহগণ এক নির্দ্দিষ্ট কাল মধ্যে এক স্থান হইতে গমন আরম্ভ করিয়া আবার সেই স্থানে আসিয়া থাকে, এই গমনকে গ্রহগণের গতি বলে।

যে শক্তি দ্বারা গ্রহগণের গতি হয় সেই শক্তিকে জ্যোতির্ব্বিদেরা গ্রহগণের গমনের কারণ এবং গতিকে কার্য্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

উক্ত রূপ শক্তির প্রয়োগ, ক্রম এবং প্রকারাদি অনুসারে গ্রহগণের নানা প্রকার গতির উৎপত্তি হইয়া থাকে। গ্রহগণ যদি এক মাত্র শক্তির দ্বারা চালিত হইত, তাহা হইলে তাহাদিগের গতি এক ভাবে সরল রেখাক্রমে চিরকাল চলিত, কিন্তু গ্রহগণের গতি এক প্রকার শক্তি হইতে সম্পাদন হয় না। গ্রহগণের পরস্পরের আকর্ষণে অর্থাৎ বহুবিধ শক্তির প্রভাবে গতির বক্রতা উৎপন্ন হইয়া থাকে।

এই কারণে অস্মদ্দেশীয় জ্যোতির্ব্বিদ্‌গণ গ্রহের অষ্ট প্রকার গতি নির্দ্দেশ করিয়াছেন যথা—

### জ্যোতিষ তত্ত্বে।

সূর্য্য মুক্তা গ্রহাঃ শীঘ্রা স্তথচার্কে দ্বিতীয়গে।
সমাস্তৃতীয়গে জ্ঞেয়া মন্দাভানু চতুর্থগে॥
বক্রাস্যুঃ পঞ্চষষ্ঠেৰ্কে অতি বক্রা নগাষ্টগে।
নবমে দশমে ভানৌ জায়তে সহজা গতিঃ।
দ্বাদশৈকাদশে সূর্য্যে লভন্তে শীঘ্রতাং পুনঃ॥
রবি স্থিত্যং শকস্ত্রিংশা বধেঃ সংখ্যাত্র কল্প্যতে।
রাহুকেতূ সদা বক্রৌ শীঘ্রগৌ চন্দ্রভাস্করৌ॥

*যদি মাসের ৩১ কি ৩২ দিন হয় তবে সেই অনুসারে ভাগ করিতে হইবে। রবি ও চন্দ্র ভিন্ন গ্রহ গণের বক্রাতিচারে রাশি ভোগের কালের কম বেশ হইয়া থাকে।

*সাধারণ পঞ্জিকাতে প্রতি মাসের রাশিচক্রে এবং রাশিচক্রের নিম্নে গ্রহগনের স্ফুট গননা করা হইয়া থাকে।

### অনুবাদ।

গ্রহগণ সূর্য্য হইতে নিষ্ক্রমণ কালে প্রথম ও দ্বিতীয় অংশ অর্থাৎ ৬০ ডিগ্রী পর্য্যন্ত শীঘ্রগামী হন। তৃতীয় অংশে অর্থাৎ ৯০ ডিগ্রী পর্য্যন্ত সমগামী হন। চতুর্থ অংশে অর্থাৎ ১২০ ডিগ্রী অন্তরে গ্রহগণ মন্দগতি হন। পঞ্চ ও ষষ্ঠ অংশে অর্থাৎ সূর্য্য হইতে ১৫০ হইতে ১৮০ ডিগ্রী অন্তরে গ্রহগণ বক্রগামী হন। সপ্তম ও অষ্টম অংশে অর্থাৎ সূর্য্য হইতে ২১০ হইতে ২৪০ ডিগ্রী অন্তরে গ্রহগণ অতি বক্রগামী হন। নবম এবং দশমে অর্থাৎ সূর্য্য হইতে ২৭০ হইতে ৩০০ ডিগ্রী অন্তরে গ্রহগণ সরল গামী হন এবং একাদশ ও দ্বাদশে অর্থাৎ সূর্য্য হইতে ৩৩০ হইতে ৩৬০° ডিগ্রী অন্তরে পুনর্ব্বার শীঘ্রগামী হন।

কোন মতে রাহু এবং কেতু ইহারা গ্রহ নহে। ইহারা পৃথিবীর দক্ষিণ উত্তর ছায়া-পথের অধিপতি অর্থাৎ পৃথিবীর দক্ষিণ ছায়া কেতু, উত্তর ছায়া রাহু। সুতরাং ইহারা পৃথিবীর উভয় পার্শ্বগত প্রযুক্ত স্বভাবতঃ সর্ব্বদাই বক্র গামী হন।

### ইংরাজি মতে।

রাহু কেতু গ্রহ নহে। চন্দ্রের গমনীয় পাত, তাহার উত্তর দিকের পাতের নাম কেতু এবং দক্ষিণদিগের পাতের নাম রাহু। অয়নমণ্ডলের সংযোগ স্থল হইতে চন্দ্রের গমনীয় পথ ১৯ ডিগ্রী ১৯ মিনিট ৪৪ সেকেণ্ড পেছিয়া পড়ে। ১৮ বৎসর ২২৮ দিন ৬ হোরা উক্ত সংযোগ যথাস্থানে পুনরায় আইসে, সেজন্য ঐ সময় গতে পূর্ণিমা এবং অমাবস্যাদি পুনরায় পূর্ব্বে যে যে দিনে হইয়াছিল সেই সেই দিনেই হইয়া থাকে। ইংরাজি মতে তিথি জানার চক্র যাহা দেওয়া হইয়াছে তাহাতেই প্রমাণ পাইবেন।

### বক্রগতির সময়।

ষট্ সপ্ততিদিনং ভৌমে এক বিংশদ্দিনং বুধে।
দিনানি দ্বাদশ ভৃগোঃ শতমেকং গুরোরপি॥
দ্বিপঞ্চাশদ্দিনঞ্চার্কি দ্বাত্রিংশ দধিকং শতং।
এবং গ্রহাণাং বক্রত্বং স্বভোগা দধিকং ভবেৎ॥

মঙ্গলের বক্রগতি দিন সংখ্যা ৭৬ দিন, বুধের ২১ দিন, শুক্রের ১২ দিন, বৃহস্পতির ১০০ দিন, শনির ১৮৪ দিন। গ্রহগণ এইকাল পর্য্যন্ত বক্রগামী থাকিতে পারে, স্ফুট গণনা অধ্যায়ে বিশেষ রূপে নির্দ্দেশ করা যাইবে।

### ইংরাজি মতে গ্রহগণের সূর্য্যের চতুষ্পার্শ্বে পরিভ্রমণ করিবার কাল।

মঙ্গলগ্রহ এক বর্ষ ৩২১ দিন ১৭ হোরা ৩০ মিনিট ৪১ সেকেণ্ডে সূর্য্যকে একবার পরিভ্রমণ করে এবং স্বীয় কক্ষে ২৪ হোরা ৩৭ মিনিট ২৩ সেকেণ্ডে একবার আবর্ত্তন করে।

বুধগ্রহ ৮৭ দিন ২৩ হোরা ১৫ মিনিট ৪৬ সেকণ্ডে সূর্য্যকে একবার পরিভ্রমণ করে এবং স্বীয় কক্ষে ২৪হোরা ৩৭ মিনিট ২৩ সেকেণ্ডে একবার আবর্ত্তন করে।

বৃহস্পতি ১১ বৎসর ৩১৪ দিন ২০ হোরা ২ মিনিট ৭ সেকেণ্ডে সূর্য্যকে একবার পরিভ্রমণ করে এবং ৯ হোরা ৫৫ মিনিট ২১ সেকেণ্ডে একবার স্বীয় কক্ষে আবর্ত্তন করে।

শুক্র ২২৪ দিন ১৬ হোরা ৪৯ মিনিট ৭ সেকেণ্ডে একবার সূর্য্যকে পরিভ্রমণ করে এবং স্বীয় কক্ষে ২৩ হোরা ২১ মিনিট ২২ সেকেণ্ডে একবার আবর্ত্তন করে। এই গ্রহকেই প্রভাত তারা ও সন্ধ্যা তারা বলিয়া থাকে।

শনি ২৯ বৎসর ১৬৬ দিন ২৩ হোরা ১৬ মিনিট ৩২ সেকেণ্ডে একবার সূর্য্যকে পরিভ্রমণ করে এবং ১০ হোরা ২৯ মিনিট ১৭ সেকেণ্ডে স্বীয় কক্ষে একবার পরিভ্রমণ করে।

### ইংরাজিমতে আকাশমণ্ডলে গ্রহগণ কি ভাবে আছে তাহা নিম্নে দেওয়া হইল।

সূর্য্য মধ্যস্থলে, তাহার পর ক্রমে বুধ. পরে শুক্র পরে পৃথিবী ও চন্দ্র এবং তৎপর মঙ্গল, তৎপর ৭০টী সামান্য গ্রহ, তদন্তে বৃহস্পতি চারিটী চন্দ্র যুক্ত, তদন্তে শনি তিনটী অঙ্গুরী এবং অষ্ট চন্দ্র যুক্ত ইত্যাদি।

চন্দ্র ইংরাজি মতে গ্রহ নহে উপগ্রহ। ঐ চন্দ্র পৃথিবীকে ২৭ দিন ৭ হোরা ৪৩ মিনিট ১১ সেকেণ্ডে একবার বেষ্টন করে এবং পৃথিবীর সহিত সূর্য্যকে একবার পরিভ্রমণ করে। সূর্য্য তাহার স্বীয় কক্ষে ২৫দিন ৮ হোরা ৯ মিনিটে একবার মাত্র আবর্ত্তন করে। পৃথিবী ৩৬৫ দিন ৬ হোরা ৯ মিনিট ১০ সেকেণ্ড একবার সূর্য্যকে পরিভ্রমণ করে এবং স্বীয় কক্ষে ২৩ হোরা ৫৬ মিনিট এবং ৪ সেকেণ্ডে একবার আবর্ত্তন করে, ইহা আর্য্যভট্ট নিরূপণ করিয়াছিলেন তাহার প্রমাণ নিম্নে দেওয়া হইল।

পৃথূদকস্বামিধৃত আর্য্যভট্ট বচনং।

ভবঞ্জরঃ স্থিরো ভূরে বপাবৃত্ত্যা-
বৃত্ত্য প্রাতি দৈবসিকৌ।
উদয়াস্ত ময়ৌ সম্পা-
দয়তি নক্ষত্র গ্রহাণাং ॥

অনুবাদ।

নক্ষত্রমণ্ডল স্থিরভাবেই আছে, কেবল পৃথিবীর গতিতে গ্রহ নক্ষত্র প্রাত্যহিক উদয় এবং অস্ত হইতেছে।

পৃথিবী তাহার স্বীয় কক্ষে পরিভ্রমণ করেন, দিবা ও রাত্রির ২৪ হোরাতে বিভক্ত হইয়াছে, ইহা অগ্নিপুরাণেও কথিত আছে।

স্বরোদয়শাস্ত্রেও কথিত আছে যে, মানবদেহের শ্বাস প্রশ্বাস এক এক হোরা করিয়া দিবারাত্রি মধ্যে ২৪ বার সক্রমণ হয়।

গ্রহাণাং শরীরবিভাগমাহ।

গ্রহাণাং মণ্ডলঞ্চৈব শৃণুবক্ষ্যামি পার্ব্বতি।
নাদ চক্রেস্থিতঃ সূর্য্যো বিন্দুচক্রে চ চন্দ্রমাঃ ॥
লোচনে মঙ্গলঃ প্রোক্তো হৃদি সোমসুতস্তথা।
উদরে চ গুরুশ্চৈব শুক্রে শুক্রস্তথৈবচ ॥
নাভিস্থিতোঽথমন্দোবৈ মুখে রাহুস্তথা স্থিতঃ।
পাদৌ পাণৌ চ কেতুশ্চ শরীরে গ্রহমণ্ডলং ॥

অনুবাদ।

গ্রহকর্ত্তৃক মানবদেহ বিভাগ।

শরীরের নাদ চক্রে সূর্য্য অবস্থিতি করেন, বিন্দুচক্রে চন্দ্র অবস্থিতি করেন, লোচনে মঙ্গল, হৃদি স্থানে বুধ, উদরে বৃহস্পতি, শুক্রে শুক্র, নাভিদেশে শনি, মুখদেশে রাহু এবং হস্তপাদে কেতু অবস্থিতি করেন।

গ্রহগণ দ্বারা মানবমুখ বিভাগ।

কপালে মঙ্গল, দক্ষিণ নয়নে রবি, বাম নয়নে চন্দ্র, দক্ষিণ কর্ণে বৃহস্পতি, বাম কর্ণে শনি, নাসিকায় শুক্র, মুখে বুধ। এই সকল প্রত্যঙ্গ উক্ত গ্রহ কর্ত্তৃক বিভাগ হইয়াছে।

জন্মকালে দেহে যে গ্রহের ভাগ অধিক হয় সেই গ্রহের স্থানে কোন বিশেষ চিহ্নের উৎপত্তি হয়।

বর্গাধিপতি।

অ বর্গের অধিপতি সূর্য্য, ক বর্গের অধিপতি মঙ্গল, চ বর্গের শুক্র, ট বর্গের বুধ, ত বর্গের বৃহস্পতি, প বর্গের শনি, য এবং শ বর্গের অধিপতি চন্দ্র।

ইহার দ্বারা প্রশ্ন গণনা কালে নামাদি জানা যায়।

ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় কৃত ফলিত জ্যোতিষের গ্রহ রাশি নক্ষত্রাদির সংজ্ঞা অধ্যায় সমাপ্ত।

# কোষ্ঠী।

## জাতক গণনারম্ভ।

বালক ও বালিকা ভূমিষ্ঠ হইবামাত্র সেই সময় কোন লগ্ন তাহা স্থির করিয়া শুভাশুভ লক্ষণাদি বিবেচনা করিতে হয়। ঐ লগ্ন কিরূপে নির্ণয় করিতে হয়, তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে। এক্ষণে ঐ জাতক লগ্ন নিশ্চয়-রূপে স্থির হইয়াছে কি না, তাহা যে সকল প্রণালী অবলম্বন করিয়া জানিতে হয় তাহা এবং ঐ লগ্নের কোন অংশে জন্মিলে জাত বালকের অঙ্গ প্রত্যঙ্গের কিরূপ আকার হইয়া থাকে এবং কি২ চিহ্ন হয় এবং জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত ঐ জাত বালকের এবং তাহার পরিবারস্থ সমস্তের যে সকল শুভাশুভ ঘটনা ঘটিয়া থাকে তাহা কি২ রূপে গণনা করিতে হয়; এই সমস্ত বৃহজ্জাতক ও অন্যান্য গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া পাঠকের বিনা গুরু উপদেশে অতি সহজে বোধগম্য হইবার জন্য সংস্কৃত গ্রন্থসমূহের মূল ও অনুবাদ, চক্র এবং দৃষ্টান্ত সহ নিম্নে দেওয়া হইতেছে।

অথ সুখপ্রসবজ্ঞানং।

যথাসংকৃত্য মুক্তাবল্যাং

সুপ্রসূতির্ভবেচ্চন্দ্রে শুভগ্রহ যুতেক্ষিতে।
দুর্গ্রহেক্ষিত যুক্তে চ প্রসূতি দুঃখদায়িনী॥

কষ্টাদি প্রসব জ্ঞানং। যথা বৃহজ্জাতকে।

মন্দর্ক্ষাংশে শশিনি হিবুকে মন্দদৃষ্টেঽজগেবা
তদ্যুক্তে বা তমসি শয়নং নীচসংস্থৈশ্চভূমৌ।
যদ্বদ্রাশি ব্র্জতি হরিজং গর্ব্ভামোক্ষস্তদ্বৎ।
পাপৈশ্চন্দ্রাৎ স্মরসুখগতৈঃ ক্লেশমাহুর্জ্জনন্যাঃ॥

গৃহাদৌ প্রসব জ্ঞানং।

রাশ্যংশ সমানগোচরে মার্গে জন্মচরে স্থিরে গৃহে।
স্বর্ক্ষাংশগতে স্বমন্দিরেবলযোগাৎ ফলমংশকর্ক্ষয়োঃ॥

সূতিকা গৃহ স্বরূপ জ্ঞানং।

জীর্ণং সংস্কৃতমর্কজে ক্ষিতিসুতেদগ্ধং নবং শীতগৌ।
কাষ্ঠাঢ্যং ন দৃঢ়ং রবৌশশিসুতে তন্নৈকশিল্প্যুদ্ভবং।
রম্যং চিত্রযুতং নবঞ্চভৃগুজে জীবেদৃঢ়ং মন্দিরং।
চক্রস্থৈশ্চ যথোপদেশ রচনাং সামন্ত পূর্ব্বাম্বদেৎ॥

অথ প্রসবগৃহদ্বারাদি জ্ঞানং। যথা দীপিকায়াং।

দ্বারং বাস্তুনিকেন্দ্রোপগাদগ্রহা দসতিবাবিলগ্নর্ক্ষাৎ।
দীপোঽর্কাদুদয়াদ্বর্ত্তিরিন্দুতঃ স্নেহনির্দেশঃ॥

অথ ক্রীড়াভবনাদৌ প্রসব জ্ঞানং।

মন্দেজগতে বিলগ্নগে বুধসূর্য্যেন্দুনিরীক্ষিতে ক্রমাৎ।
ক্রীড়াভবনে সুরালয়ে সোখর ভূমিষুচ প্রসূয়তে॥

গর্ত্তাদৌপ্রসবজ্ঞানং।

উদয়ো ডুপয়োর্ব্যয়স্থিতে-
গুপ্ত্যাং পাপনিরীক্ষিতেযমে।
অলিকর্কিযুতেবিলগ্নগে-
সৌরেশীতকরেক্ষিতেবটে॥

রম্য গৃহাদৌ প্রসবজ্ঞানং।

নৃলগ্নগংপ্রেক্ষ্যকুজঃশ্মশানে-
রম্যেসিতেন্দুগুরুরগ্নিহোত্রে।
রবির্নরেন্দ্রামরগোকুলেষু-
শিল্পালয়েজ্ঞঃ প্রসবংকরোতি॥

জল সমীপে প্রসব জ্ঞানং।

আপ্যোদয়মাপ্যগঃশশী সংপূর্ণঃ সমবেক্ষতেথবা।
মেষূরণবন্ধুলগ্নগঃস্যাৎসূতিঃ সলিলে নসংশয়ঃ॥

নৌকায়াং প্রসব জ্ঞানং।

পূর্ণে শশিনি স্বরাশিগে সৌম্যেলগ্নগতেশুভেসুখে।
লগ্নেজলজেস্তগেপিবাচন্দ্রেপোতগতাপ্রসূয়তে॥

পিতৃ মাতৃ গৃহাদৌ প্রসব জ্ঞানং।

পিতৃ মাতৃগৃহেষুতদ্বলাত্তরুশালাদিষুনীচগৈঃ শুভৈঃ।
যদিনৈকগতাস্তুবীক্ষিতৌলগ্নেন্দুবিজনে প্রসূয়তে॥

উপসূতিকাজ্ঞানং

চন্দ্রলগ্নান্তরগতৈর্গ্রহৈঃস্যুরুপসূতিকাঃ।
বহিরন্তশ্চচক্রার্দ্ধেদৃশ্যাদৃশ্যেঽন্যথা পরে॥

প্রসবগৃহে জন্মাদিনির্ণয়ঃ।

যথা জ্যোতিষে।

মীনে মেষে জনাঃ পঞ্চ কন্যাতুলেচতুষ্টয়ং।
মকরে মিথুনে ত্রীণি চত্বারিধনুকর্কটে।
সিংহে চ বৃশ্চিকেচৈব চত্বারিবৃষকুম্ভয়োঃ॥
মেষেহরৌ ধনুষি মন্দির পূর্ব্বভাগে।
সুতান্বিতাযুবতি পঞ্চজনস্য মধ্যে॥
কন্যাবৃষেমকরগেগৃহদক্ষিণাংশে।
যোষিচ্চতুষ্টয়যুতাযুবতী প্রসূতা॥
নৃযুগ্মতৌলি কুম্ভেষু গৃহস্যপশ্চিমাংশকে।
প্রসূতা যুবতী তত্র যুবতীদ্বয়সন্যুতঃ॥
গৃহোত্তরেকর্কসরীসৃপকর্কটেষু।
বধূদ্বয়েন সহিতাসুতান্বিতাস্যাৎ॥
অজসিংহধনুঃপূর্ব্বাঅলিকর্কটমীনোত্তরা
বৃষকন্যামকরদক্ষিণা মিথুনতুলাঘট পশ্চিমা॥

শয্যা জ্ঞানং। বৃহজ্জাতকে।

প্রাচ্যাদিগৃহক্রিয়াদয়োদ্বৌদ্বৌকোণগতাদ্বিমূর্ত্তয়ঃ।
শয্যাস্বপিবাস্তুবদ্বদেৎ পাদৈঃ ষট্‌ত্রিনবান্ত্যসংস্থিতৈঃ॥

জাতকস্যশিরোজ্ঞানং।

যথা জ্যোতিষতত্ত্বে।

মেষেচাপমৃগেন্দ্রয়োঃকিলশিশুঃপ্রাচীশিরাজায়তে।
কন্যাগোমকরেবুর্দক্ষিণশিরাজাতোভবেন্নিশ্চিতং।
কুম্ভক্ষেধটযুগ্ময়োর্যদিতদাপাশ্চাত্যমূর্দ্ধাযতঃ।
মীনে বৃশ্চিক কর্কিণোযদি ভবেৎ কৌবেরমস্তঃশিশুঃ॥

অথ বালকস্য বর্ণজ্ঞানং। বৃহজ্জাতকে।

লগ্ননবাংশপতুল্যতনুঃস্যাদ্বীর্য্যযুতগ্রহতুল্যতনুর্ব্বা।
চন্দ্রসমেত নবাংশপবর্ণঃকাদি বিলগ্নবিভক্তভগাত্রঃ॥

অথবালকস্যসর্পবেষ্টিত জ্ঞানং।

শশাঙ্কে পাপলগ্নে বা বৃশ্চিকেশ ত্রিভাগগে।
শুভৈঃ স্বায়াস্থিতৈর্জাতঃ সর্পস্তদ্বেষ্টিতোপিবা॥

অথ যমজাদিপ্রসব জ্ঞানং।

চতুষ্পদগতেভানৌশেষৈর্বীর্য্য সমন্বিতৈঃ।
দ্বিতনুস্থৈশ্চ যমলৌ ভবতঃ কোষ বেষ্টিতৌ॥

নাল বেষ্টিত জন্মজ্ঞানং।

ছাগসিংহ বৃষৈর্লগ্নে তস্থেসৌরেঽথবা কুজে।
রাশ্যংশ সদৃশে গাত্রে জায়তে নালবেষ্টিতঃ॥

তৈলাদি জ্ঞানং।

স্নেহংশশাঙ্কাদুদয়াচ্চবর্ত্তি
র্দীপোর্কযুক্তর্ক্ষবশাচ্চরাদ্যঃ।
দ্বারঞ্চতদ্বাস্তুনিকেন্দ্রসংস্থৈ-
র্জ্ঞেয়ং গ্রহৈর্বীর্য্যসমন্বিতৈর্ব্বা॥

অথ দীপস্থিতি জ্ঞানং।

যথা সংকৃত্যমুক্তাবল্যাং।

দ্বাদশবিভক্তেবাসগৃহেব্যবস্থিতে
সহস্রাংশৌদীপশ্চরস্থিরাদিষু
তথৈববাচ্যঃ প্রসবকালে॥

অথ বর্ত্তিজ্ঞানং।

যথা সংকৃত্যমুক্তাবল্যাং।

লগ্নস্যযস্তবর্ণোনির্দিষ্টস্তেন বর্ত্তিরাদিশ্যা।
লগ্নস্যোদিতাদ্‌ভাগাৎক্ষীণোজ্ঞেয়োদশা ভাগঃ॥

অথ তৈল জ্ঞানং।

যথা সংকৃত্যমুক্তাবল্যাং।

ইন্দোর্ভোগবশাদ্রাশের্দীপতৈলস্য সংস্থিতিঃ।
কেচিৎ পূর্ণাদিভেদেন বদন্ত্যেবংমনীষিণঃ।

অথ ধাত্রাজ্ঞানং।

যথা জ্যোতিষতত্ত্বে।

যুগ্মাযুগ্মলগ্নবসাৎ প্রসবস্য চ কারিণী।
সধবা বিধবা জ্ঞেয়া ক্রমাৎ খলু বিচক্ষণৈঃ॥

বালকস্য পিতুঃ পরোক্ষে জন্মজ্ঞানং।

বৃহজ্জাতকে।

পিতুর্জাতঃ পরোক্ষস্য লগ্নমিন্দাবপশ্যতি।
বিদেশস্থস্য চরভে মধ্যাদ্‌ভ্রষ্টে দিবাকরে॥
উদয়স্থে পিবা মন্দে কুজে বাস্তং সমাগতে।
স্থিতে বান্তঃক্ষপানাথে শশাঙ্কসুতশুক্রয়োঃ॥

বালকস্য পিতুর্বন্ধনাদি জ্ঞানং।

ক্রূরর্ক্ষগতাবশোভনৌ সূর্য্যাদ্‌দ্যূনবাত্মজস্থিতৌ।
বদ্ধস্তপিতাবিদেশগঃ স্বেবা রাশিবসাদথোপথি॥

মাত্রাত্যাগকথনং।

আরার্কজয়োস্ত্রিকোণগে চন্দ্রে
হস্তেচ বিসৃজ্যতেঽম্বয়া।
দৃষ্টেঽমররাজমন্ত্রিণাদীর্ঘায়ুঃ
সুখভাকচসম্ভূতঃ॥
পাপেক্ষিতে তুহিনগাবুদয়ে কুজেঽস্তে
ত্যক্তো বিনশ্যতি কুজার্কজয়োস্তথা যে।
সৌম্যেপি পশ্যতি তথাবিধহস্তমেতি
সৌম্যেতরেষু পরহস্তগতোপ্যনায়ুঃ॥

অথ বালকস্য পিতৃমাতৃসাদৃশ্যজ্ঞানং।

যথা সৎকৃত্যমুক্তাবল্যাং

যাদৃক্‌পশ্যতি লগ্নংসৌম্যস্তত্তুল্যগুণংসুতং সমাধত্তে।
পিতৃজননীসাদৃশ্যংরবেঃ শশাঙ্কস্য বলযোগাৎ॥

সুখ প্রসব জ্ঞান।

১। জন্ম কালে যে রাশিতে চন্দ্র থাকিবে সেই রাশিস্থ চন্দ্রের উপর যদি শুভ গ্রহ বৃহস্পতি কিম্বা শুক্র কিম্বা পাপ রহিত বুধের দৃষ্টি থাকে কিম্বা উক্ত শুভ গ্রহের সহিত এক রাশিতে চন্দ্র থাকে তাহা হইলে প্রসূতি সুখে প্রসব করে।

ঐ চন্দ্র যদি পাপ গ্রহ শনি, মঙ্গল, রবি কিম্বা পাপ যুক্ত বুধ কর্ত্তৃক ঈক্ষিত কিম্বা ঐ সকল পাপ গ্রহের সহিত এক রাশিতে স্থিত হয় তাহা হইলে প্রসূতি বহু কষ্টে প্রসব করে।

যথা ১ অঙ্কিত চিহ্নিত চক্রে মীন রাশিতে শুক্রের সহিত চন্দ্রের স্থিত এবং ঐ চন্দ্রের উপর ধনু রাশিস্থ বৃহস্পতির ত্রিপাদ দৃষ্টি থাকিবার সময় কোন বালকের জন্ম হইলে প্রসূতি সুখে প্রসব করিবে, কিন্তু ঐ চন্দ্র যদি শুক্রের সহিত ঐ মীন রাশিতে স্থিতি না হইয়া পাপ গ্রহের সহিত স্থিত হয় এবং ঐ চন্দ্র যদি বৃহস্পতি কর্ত্তৃক ঈক্ষিত না হইয়া পাপ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে প্রসূতি কষ্টে প্রসব করিবে।

২। বালক কিম্বা বালিকার জন্ম সময় চন্দ্র যদি শনির নবাংশে অর্থাৎ মকর কিম্বা কুম্ভের নবাংশে অবস্থিতি করে অথবা যে লগ্নে জন্ম হয় সেই লগ্ন হইতে গণনায় চতুর্থ রাশিতে অবস্থিতি করে কিম্বা শনি কর্ত্তৃক যদি ঈক্ষিত হয় অথবা জলজ রাশির নবাংশে যথা কর্কট কিম্বা মীনের নবাংশে অবস্থিত হয় অথবা শনির সহিত যদি এক রাশিতে স্থিত হয় তাহা হইলে প্রসূতি অন্ধকারে প্রসব করে। আর ইহার দ্বারায় অন্ধকারে শয়নাবস্থায় গর্ভ সঞ্চার কালও জানা যায়; দৃষ্টান্ত যথা;—প্রথম সংখ্যার চক্র দৃষ্ট কর। সন ১২৮৪ সালের ২২ বৈশাখ ৩১ দণ্ডের সময় যদি বালক কিম্বা বালিকার জন্ম হয় তবে পূর্ব্বদর্শিত মতে তাহার জন্ম লগ্ন তুলা হইবে এবং গ্রহস্ফুটে চন্দ্র ৩২ দণ্ড ৪৭ পল ১৫ বিপল গতে মকর রাশিতে প্রবেশ করায় এবং পূর্ব্ব কথিত নবাংশ গণনা মতে মকর লগ্নের ১।৩৯। ৩৩।২০ অনুপল পর্য্যন্ত শনির নবাংশ হয়। বালকের জন্ম সময় চন্দ্র মকরে অর্থাৎ শনির নবাংশে স্থিত

দেখা যায়, এজন্য প্রসূতি অন্ধকারে প্রসব হইয়াছিল বোঝাইল। আর ইহার দ্বারায় অন্ধকারে গর্ভ সঞ্চার কালও বুঝায়, কিন্তু যবনেশ্বরের মতে উক্ত হইয়াছে যে ঐ সকল যোগ চন্দ্র প্রাপ্ত হইয়া যদি রবি গ্রহ কর্তৃক পূর্ণ দৃষ্টিতে ঈক্ষিত হয় তবে অন্ধকারে জন্ম হয় না। অন্যান্য মতে ঐ রবি পূর্ণ বলবান্ হইয়া মঙ্গল গ্রহ কর্তৃক ঈক্ষিত হইলে অন্ধকারে জন্ম হয় না।

প্রসূতির প্রসব কালের শয্যার বিষয়।

৩। জন্মকালে দুইটী গ্রহের অধিক যদি তাহাদের স্বীয় স্বীয় নীচ রাশিতে অবস্থিতি করে তাহা হইলে তৃণ-পাতিত ভূমিতে প্রসূতির শয়ন জানায়।

৪। জন্ম লগ্ন যদি শীর্ষোদয় রাশি অর্থাৎ সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, কুম্ভ এবং মিথুন লগ্ন হয় তবে জাত বালকের মুখ ঊর্দ্ধে থাকিয়া মস্তক নিঃসৃত হয়। যদি পৃষ্ঠোদয় রাশি অর্থাৎ বৃষ, মেষ, ধনু এবং কর্কট লগ্ন হয় তবে মুখ অধ হইয়া ঐ জাত বালকের পদ নিঃসৃত হয়। যদি মীন লগ্নে জন্ম হয় তবে হস্ত অগ্রে নিঃসৃত হয়।

কষ্টে প্রসব।

৫। জন্ম কালে চন্দ্র যে রাশিতে স্থিত থাকে সেই রাশির অর্থাৎ চন্দ্রের উপর যদি পাপ গ্রহের দৃষ্টি হয় তবে প্রসূতি কষ্টে প্রসব করে। কোন মতে পাপ গ্রহের সহিত চন্দ্র এক রাশিতে থাকিলে (যথা প্রথম চক্রে) তাহা হইলে প্রসব কালে প্রসূতির প্রসব করিতে কষ্ট হয়।

পথে প্রসব।

৬। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন যদি চর রাশি হয়, এবং সেই লগ্নের যে নবাংশে জন্ম হইবে সেই নবাংশ যদি চর রাশির অধিপতি গ্রহের হয় তবে লগ্নের এবং ঐ নবাংশের অধিপতি গ্রহ মধ্যে যে গ্রহ বলবান্ হইবে সেই গ্রহের সংজ্ঞাতে যেরূপ ভূম্যাদি স্থান নির্দ্দিষ্ট আছে সেইরূপ স্থানাদি বিশিষ্ট পথে প্রসূতি প্রসব হইয়াছিল জানা যায়।

কাহার গৃহে প্রসব।

৭। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন যদি স্থির রাশি হয়, এবং সেই লগ্নের যে নবাংশে জন্ম হইবে সেই নবাংশ যদি স্থির রাশির অধিপতির গ্রহের হয় তবে লগ্নের এবং ঐ লগ্ন নবাংশের অধিপতি গ্রহ দ্বয় মধ্যে যে বলবান্ হইবে সেই গ্রহ রাশির যেরূপ স্বভাব সেইরূপ স্বভাব বিশিষ্ট ব্যক্তির গৃহে প্রসব হওয়া জানায়।

বাহিরে প্রসব।

৮। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন যদি দ্ব্যাত্মক রাশি হয় এবং সেই লগ্নের যে নবাংশে জন্ম হইবে সেই নবাংশ যদি দ্ব্যাত্মক রাশির অধিপতি গ্রহের হয় তবে ঐ লগ্নের এবং ঐ লগ্ন নবাংশের অধিপতি গ্রহ মধ্যে যে বলবান্ হইবে সেই গ্রহ রাশির সংজ্ঞাতে যেরূপ ভূম্যাদি নির্দ্দিষ্ট আছে সেইরূপ ভূমিতে গৃহের বাহিরে কোন স্থানে প্রসূতি প্রসব করিয়াছে জানাইবে।

স্বীয় গৃহে প্রসব।

৯। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নের স্বামী যে গ্রহ তিনি যদি ঐ জন্ম লগ্নে অবস্থিতি করেন এবং ঐ লগ্নের যে নবাংশে জন্ম হয় সেই নবাংশ যদি তাহার নিজ নবাংশ হয় তবে স্বীয় গৃহে প্রসব জানায়।

### সুতিকা গৃহ নুতন কি জীর্ণ ইত্যাদি।

১০। জন্মকালে যে গ্রহ বলবান্ থাকিবেক সেই গ্রহ দ্বারা সুতিকা গৃহের অবস্থা জানা যায় যথা, যদি জন্ম কালে শনি সকল গ্রহ অপেক্ষায় বলবান্ থাকে তবে সুতিকা ঘর জীর্ণ এবং বারম্বার সংস্কৃত অর্থাৎ মেরামত করা জানা যায়। মঙ্গল ঐরূপ বলবান্ হইলে দগ্ধ অর্থাৎ অগ্নিতে পোড়া ঘর, চন্দ্র বলবান্ হইলে নুতন এবং শুক্লবর্ণ গৃহ, রবি বলবান্ হইলে বহুতর কাষ্ঠযুক্ত কিন্তু অদৃঢ় অর্থাৎ কম মজবুত ঘর, বুধ বলবান্ হইলে নানা-প্রকার শিল্প কার্য্যবিশিষ্ট গৃহ, শুক্র বলবান্ হইলে মনোরম এবং চিত্রযুক্ত নুতন ঘর। বৃহস্পতি বলবান্ হইলে দৃঢ় অর্থাৎ বহুকাল স্থায়ী ঘর জানাইবে। জন্ম কালে রাশি চক্রে যে গ্রহ বলবান্ হইবে সেই গ্রহের দ্বারা সুতিকা গৃহের অবস্থা জানা যাইবে। সেই গ্রহ যে গৃহে স্থিত থাকিবে সেই গ্রহের চতুষ্পার্শ্বের গৃহ দ্বারায় সুতিকা গৃহের চতুষ্পার্শ্বের অন্যান্য গৃহের অবস্থা জানা যাইবে যথা, ঐ গ্রহের বাম পার্শ্বের গ্রহের দ্বারায় বাম দিকের ঘর এবং দক্ষিণ পার্শ্বের গ্রহ দ্বারায় দক্ষিণ দিকের ঘরের অবস্থা জানা যাইবে। এইরূপ সম্মুখাদি ঘরের অবস্থা জানিবেন।

স্বল্প জাতক মতে জন্ম লগ্ন হইতে গণনায় কর্কট রাশি যদি দশম হয় এবং ঐ কর্কটের স্বুচ্চাংশে যদি বৃহস্পতি থাকে তবে বাটীর চতুর্থ প্রকোষ্ঠে অর্থাৎ মহলে আর ঐ গুরু স্বুচ্চাংশে না থাকিয়া কেবল উচ্চাংশে থাকিলে তৃতীয় প্রকোষ্ঠে আর স্বুচ্চাংশে কিম্বা উচ্চাংশে না থাকিয়া ঐ কর্কটের অন্য অংশে থাকিলে বাটীর দ্বিতীয় প্রকোষ্ঠে সুতিকা গৃহ জানায়।

জন্ম লগ্ন হইতে গণনায় দশম রাশি যদি ধনু হয় এবং পূর্ণ বলবান্ বৃহস্পতি যদি ঐ রাশিতে অবস্থিতি করে তাহা হইলেও তৃতীয়শালায় জন্ম জানায়। জন্ম লগ্ন হইতে গণনায় দশম স্থানে যদি মিথুন, কন্যা, মীন রাশি অবস্থিতি করে এবং তাহাতে যদি বৃহস্পতি থাকে তাহা হইলে দ্বিতীয় শালায় অর্থাৎ প্রকোষ্ঠে প্রসব স্থান জানায়।

এই সকল প্রকোষ্ঠ ও শালার নাম যে লেখা হইল ইহা দ্বারা দ্বিতল, তৃতীয় তল, চতুর্থ তল ইত্যাদি বিশেষ বিবেচনা করিয়া বিচার করিতে হইবে।

### প্রসব গৃহের জ্ঞান।

১১। কেন্দ্র স্থানে অর্থাৎ জন্ম লগ্ন হইতে চতুর্থ, সপ্তম, দশম এবং লগ্নে যে গ্রহ থাকে সেই গ্রহ যে দিকের অধিপতি হয়েন সেইদিকে সুতিকা গৃহের দ্বার হইবে, যদি কেন্দ্র স্থানে অনেক গ্রহ থাকে তাহা হইলে ঐ সকল গ্রহ মধ্যে যে বলবান্ সেই গ্রহ যে দিকের অধিপতি সেই দিকে সুতিকা গৃহের দ্বার হইবে, যদি কেন্দ্রস্থানে কোন গ্রহ না থাকে তবে লগ্নের স্বামী যে গ্রহ সেই গ্রহ যে দিকের অধিপতি সেই দিকে সুতিকা গৃহের দ্বার হয়।

### বাটীর কোন্ দিকে সুতিকাগৃহ।

১২। জন্ম লগ্ন যদি মেষ, কর্কট, তুলা, বিছা, কুম্ভ হয় কিম্বা অন্য রাশির নবাংশ ভাগে ঐ ঐ রাশি হয় তবে সুতিকা গৃহ বাটীর চতুঃসীমার মধ্যে পূর্ব্বদিকে, ধনু, মীন, মিথুন কন্যা যদি লগ্ন হয় কিম্বা অন্যান্য রাশির নবাংশ ভাগে ঐ ঐ রাশি নবাংশ হয় তবে সুতিকা গৃহ উত্তরদিকে। বৃষ কিম্বা অন্য রাশিতে বৃষ রাশির নবাংশ হয় তাহা হইলে পশ্চিম দিকে, মকর এবং সিংহ যদি লগ্ন হয় কিম্বা অন্য রাশির নবাংশ ভাগে ঐ ঐ রাশির নবাংশ হয় তবে সুতিকা গৃহ বাটীর দক্ষিণ দিকে জানায়।

### বৃহজ্জাতকে।

মেষ তুলালিঘটৈঃ প্রাগুত্তরতোগুরুসৌম্য গৃহেষু।
পশ্চিমতশ্চবৃষেণ নিবাসো দক্ষিণভাগকরৌ মৃগসিংহৌ॥

### ক্রীড়া ভবন দেবালয় এবং সোখর ভূমিতে প্রসব জ্ঞান।

১৩। জন্ম লগ্ন যদি জলরাশি অর্থাৎ কর্কট ও মীন এবং মকর লগ্নের পরার্দ্ধে হয় এবং সেই লগ্নে যদি শনি অবস্থিতি করে এবং ঐ শনি যদি বুধ কর্ত্তৃক ঈক্ষিত হয় তবে ক্রীড়া ভবন অর্থাৎ শয়ন গৃহে প্রসব হয়। ঐ শনি যদি রবি কর্ত্তৃক ঈক্ষিত হয় তবে দেবালয়ে প্রসব

হয়। ঐ শনি যদি চন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তবে বালুকা এবং কাঁকর সংযুক্ত ভূমিতে প্রসব হয়।

### গর্ত্তে কিম্বা কারাগারে প্রসব জ্ঞান।

১৪। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নে যদি চন্দ্র অবস্থিতি করে এবং তাহার ব্যয় অর্থাৎ দ্বাদশ রাশিতে যদি শনি থাকে এবং ঐ শনি যদি পাপ গ্রহগণ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে কারাগারে প্রসূতি প্রসব করে।

জন্ম লগ্ন যদি কর্কট কিম্বা বৃশ্চিক রাশি হয় এবং তাহাতে যদি শনি অবস্থিতি করে আর ঐ শনিকে যদি চন্দ্র দৃষ্টি করে তাহা হইলে গর্ত্তে প্রসব জানায়।

### রমণীর গৃহে, শ্মশানে, দেবালয়াদিতে প্রসবজ্ঞান।

১৫। যদি নর রাশি অর্থাৎ মিথুন, কন্যা, তুলা, ধনু এবং কুম্ভ রাশির পূর্ব্ব অর্দ্ধ জন্ম লগ্ন হয় এবং ঐ লগ্নেহ যদি শনি অবস্থিতি করে এবং ঐ শনি যদি মঙ্গলগ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে শ্মশানে প্রসব হয়। ঐ শনি যদি শুক্র অথবা চন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে রমণীর গৃহে প্রসব হয়। ঐ শনি যদি বৃহস্পতি কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে অগ্নি শালাতে অর্থাৎ পাকশালাদিতে প্রসব জানায়। ঐ শনি যদি রবি কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে ঐ রবির স্থিত স্থানে ও বলাবল গণনা করিয়া রবির সংজ্ঞা অনুসারে রাজগৃহে কি দেবাগারে কি গোশালায় প্রসূতি প্রসব হইয়াছে তাহা জানা যায়। ঐ শনি যদি বুধ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে শিল্প গৃহে অর্থাৎ চিত্র শালায় প্রসব জানায়।

### জল সমীপে প্রসবজ্ঞান।

১৬। জন্ম লগ্ন যদি জলরাশি অর্থাৎ মকর রাশির পরার্দ্ধ কিম্বা মীন কিম্বা কর্কট রাশি হয় এবং চন্দ্র যদি তাহাতে স্থিত থাকে তাহা হইলে জলসমীপে প্রসব হয়। আর ঐ লগ্ন যদি পূর্ণ চন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলেও জল সমীপে প্রসব জানায়। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন হইতে গণনায় যে রাশি দশম কিম্বা চতুর্থ হইবে সেই রাশি যদি জলজ হয় এবং তাহাতে চন্দ্র থাকে তাহা হইলেও জল সমীপে প্রসব জানায়।

### নৌকায় প্রসব জ্ঞান।

১৭। যদি জন্ম লগ্নে বুধ অবস্থিতি করে এবং তৎকালে পূর্ণ চন্দ্র যদি কর্কট রাশিতে এবং বৃহস্পতি জন্ম লগ্ন হইতে গণনায় চতুর্থ রাশিতে স্থিতি করে তাহা হইলে প্রসূতি নৌকাতে প্রসব হয়।

জন্ম লগ্ন যদি কর্কট কিম্বা মকরের পরার্দ্ধ কিম্বা মীন রাশি হয় অথবা যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন হইতে গণনায় মকর কিম্বা কর্কট কিম্বা কন্যা যদি সপ্তম রাশি হয় এবং তাহাতে যদি চন্দ্র অবস্থিতি করে তাহা হইলেও নৌকায় প্রসব জানা যায়।

### পিতৃ মাতৃ গৃহে প্রসব জ্ঞান।

১৮ দিবাভাগে জন্ম হইলে যদি রবি গ্রহ তৎকালে বলবান্ থাকে তবে পিতৃ আলয়ে প্রসূতির প্রসব জানায়। যদি রাত্রি কালে জন্ম হয় এবং জন্মকালে যদি চন্দ্র বলবান্ থাকে তবে প্রসূতি তাহার মাতার গৃহে প্রসব হওয়া জানায়। দিবাভাগে জন্ম কালে যদি শনি বলবান্ থাকে তবে পিতৃব্য এবং পিতৃস্বসাদির গৃহে প্রসব বলা যায় এবং দিবা ভাগে জন্মকালে যদি চন্দ্র বলবান্ থাকে তবে পিতৃস্বসা এবং মাতুলাদির গৃহে প্রসব জানায়।

রাত্রিভাগে জন্ম কালে যদি শনি বলবান্ হয়েন তবে পিতৃ গৃহে আর যদি চন্দ্র বলবান্ হয়েন তবে মাতৃ গৃহে প্রসব জানায়। রাত্রিভাগে জন্মকালে যদি রবি বলবান্ থাকেন তবে পিতৃব্য এবং পিতৃস্বসা গৃহে এবং রাত্রিভাগে জন্ম কালে শুক্র বলবান্ থাকিলে মাতৃস্বসা এবং মাতুলাদির গৃহে প্রসব জানায়।

জন্ম কালে শুভ গ্রহগণ যদি নীচ রাশিস্থ হয়েন

তাহা হইলে বৃক্ষ তলায় কিম্বা চালায় কিম্বা নদীতীরে কিম্বা কূপসমীপে কিম্বা বাগানে কিম্বা পর্ব্বতের উপরে প্রসব জানায়। ইহার মধ্যে কোন্ স্থানে প্রসব হইয়াছিল তাহার সুক্ষ্ম গণনা করিলে ঐ সকল নীচস্থ গ্রহ মধ্যে যে গ্রহ বলবান্ হইবে সেই গ্রহ যে রাশির অধিপতি সেই রাশিতে যেরূপ স্থান নির্দ্দিষ্ট আছে তদনুরূপ উপর্য্যুক্ত স্থানে নারীর প্রসব জানিবেন। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নে যদি লগ্নকে ও চন্দ্রকে ঐ সকল নীচস্থ গ্রহ না দেখে তবে জনশূন্য স্থানে প্রসব জানায়।

প্রসবঘরে জনসংখ্যা।

১৯। যে লগ্নে জন্ম হয় এবং সেই লগ্ন হইতে যে রাশিতে চন্দ্র থাকিবে, এই উভয় স্থান মধ্যে যে সংখ্যা গ্রহ থাকিবেক প্রসব ঘরে সেই সংখ্যা উপসূতিকা উপস্থিত ছিল জানা যাইবে।

উপসূতিকা জনের জাতি, বর্ণ এবং বয়স।

২০। উক্ত চন্দ্র এবং লগ্ন মধ্যে যে যে গ্রহ স্থিত থাকে সেই সেই গ্রহের বয়স ও জাতি এবং বর্ণ যেরূপ, উপসূতিকাগণের জাতি ও বর্ণ এবং বয়সও সেই সেই রূপ হইবে।

প্রসব ঘরের মধ্যে এবং বাহিরে
উপসূতিকাগণের নির্ণয়।

২১। জন্ম লগ্নের উদিত অংশ হইতে গণনায় যে সকল রাশি দ্বাদশ, একাদশ, দশম, নবম, অষ্টম এবং সপ্তম হইবে, ঐ ছয় রাশিকে তৎকালীন দৃশ্য রাশি বলা যায়। অপর ছয় রাশিকে অদৃশ্য রাশি বলা যায়। আর অদৃশ্য রাশিতে যে সংখ্যা গ্রহ থাকিবেক সেই সংখ্যা উপসূতিকা সূতিকাগারের বাহিরে থাকিবেক। অপর অদৃশ্য ছয় রাশিতে যে সংখ্যা গ্রহ থাকিবেক সেই সংখ্যা উপসূতিকা সূতিকাগারের মধ্যে থাকিবেক।

জীবশর্ম্মা নামক গ্রন্থকর্ত্তার মতে রাশিচক্রের দৃশ্য অর্দ্ধেক রাশিতে উপসূতিকা গৃহের মধ্যে, আর অদৃশ্য অর্দ্ধেক রাশিতে উপসূতিকা গৃহের বাহিরে জানা জায়।

জ্যোতিষতত্ত্বমতে জনসংখ্যা।

২২। জন্ম লগ্ন যদি মীন এবং মেষ হয়, তবে সূতিকাগৃহে পাঁচ জন উপসূতিকা ছিল। যদি কন্যা এবং তুলা লগ্নে জন্ম হয় তবে চারি জন, মকর এবং মিথুন লগ্নে তিন জন, ধনু এবং কর্কট লগ্নে চারি জন এবং সিংহ, বৃশ্চিক, বৃষ ও কুম্ভ লগ্নে চারি জন উপসূতিকা থাকে।

সূতিকাগৃহ এবং জনসংখ্যা।

২৩। জন্ম লগ্নে মেষ, সিংহ এবং ধনু হইলে সূতিকা গৃহ বাটীর চতুঃসীমার পূর্ব্ব দিকে এবং সূতিকা গৃহে পাঁচ জন উপসূতিকা। কন্যা, বৃষ এবং মকর লগ্নে জন্ম হইলে গৃহের দক্ষিণ দিকে এবং সূতিকাগৃহে চারি জন উপসূতিকা ছিল। মিথুন, তুলা এবং কুম্ভ লগ্ন হইলে গৃহের পশ্চিম দিকে সূতিকা ঘর এবং ঐ ঘরে দুই জন উপসূতিকা ছিল। মীন, বৃশ্চিক এবং কর্কট লগ্নে জন্ম হইলে, গৃহের উত্তর দিকে সূতিকা গৃহ হয় এবং সূতিকাগৃহে দুই জন উপসূতিকা থাকে।

বৃহজ্জাতক মতে বালকের শয্যা জ্ঞান।

জন্ম কালে সূতিকা গৃহমধ্যে অষ্ট দিকে রাশি সংস্থাপন করিতে হইবে, পূর্ব্ব দিকে মেষ এবং বৃষ, অগ্নিকোণে মিথুন, দক্ষিণ দিকে কর্কট এবং সিংহ, নৈঋত কোণে কন্যা, পশ্চিম দিকে তুলা এবং বৃশ্চিক, বায়ু কোণে ধনু, উত্তর দিকে মকর এবং কুম্ভ, ঈশান কোণে মীন রাশি সংস্থাপন করিয়া দেখিবেন যে, ইহার কোন লগ্নে জন্ম হইয়াছে। যে লগ্নে জন্ম হইয়াছে সেই লগ্ন যে দিকে পড়িয়াছে সেই দিকে জাত-বালকের শয্যা এবং তাহার মস্তক সেই দিকে রাখিয়া শয়ন করাইয়া-

ছিল। যদি খাটের উপর শয়ন করায় তাহা হইলে যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন রাশি যে দিকে পড়িবেক সেই দিকে খাটের মস্তক ভাগ সংস্থাপন করিয়া ক্রমে বামাবর্ত্তে গণনায় খাটের পায়া ইত্যাদির ভাগ কোন দিকে পড়িবেক তাহা জানিবেন।

যথা যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন রাশি হইতে গণনায় প্রথম ও দ্বিতীয় রাশি যে দিকে পড়িয়াছে সেই দিকে খাটের মস্তক, তৃতীয় রাশি খাটের দক্ষিণ দিকের পূর্ব্ব পায়া, ও চতুর্থ পঞ্চম রাশি খাটের দক্ষিণ অঙ্গ, ষষ্ঠ রাশি পশ্চিমের দিকের দক্ষিণ পায়া, সপ্তম ও অষ্টম রাশি খাটের পশ্চিম অঙ্গ, নবম রাশি খাটের দিকের বাম পায়া, দশম ও একাদশ রাশি খাটের বাম অঙ্গ, দ্বাদশ রাশি খাটের পূর্ব্ব দিকের বাম পায়া। ঐ খাটের পায়াদি অঙ্গ যেরূপ রাশির দ্বারা নির্ণয় করা হয়, তদ্রূপ ঐ সকল রাশিতে শুভ এবং পাপ গ্রহগণের অবস্থিতি ও তাহাদের বলাবল জানিয়া ঐ খাটের পায়াদির অবস্থা ও রূপ বিচার হইয়া থাকে।

## জাতবালকের শিরোজ্ঞান।

মেষ, সিংহ এবং ধনু লগ্নে জন্ম হইলে প্রসবকালে বালকের মস্তক পূর্ব্ব দিকে। কন্যা, বৃষ এবং মকর লগ্নে জন্ম হইলে দক্ষিণ দিকে। কুম্ভ, তুলা এবং মিথুন লগ্নে জন্ম হইলে পশ্চিম দিকে। শনি, বৃশ্চিক এবং কর্কট লগ্নে জন্ম হইলে বালকের মস্তক উত্তর দিকে থাকে।

## জাতবালকের বর্ণজ্ঞান।

যে লগ্নের যে নবাংশ ভাগে জন্ম হইবে সেই নবাংশের অধিপতি যে গ্রহ হইবে সেই গ্রহের যেরূপ শরীর যাহা সংজ্ঞা অধ্যায় লিখিত হইয়াছে জাত বালকেরও সেইরূপ শরীর হইবে, অথবা জন্মকালে রাশিচক্র মধ্যে যে গ্রহ সর্ব্বাপেক্ষা অধিক বলবান্ থাকিবে সেই গ্রহের যেরূপ আকারাদি নির্দ্দেশ আছে সেইরূপ জাত বালকের আকার হইবেক। আর তৎকালে চন্দ্র যে নবাংশে থাকিবে সেই নবাংশের অধিপতি যে গ্রহ হইবে সেই গ্রহের যে বর্ণ সেই বর্ণ জাত বালকের হইবে।

## জাত বালকের অবয়ব নির্ণয়।

মানব শরীরে যে যে অঙ্গে যে যে রাশি বিভাগমতে নির্ণীত আছে, জন্মকালে সেই সেই রাশিতে যে যে গ্রহ অবস্থিতি করে সেই২ গ্রহের ও রাশির যেং আকৃতি সেই২ আকৃতি সেই২ অঙ্গের হইবে। যদি রাশির সংজ্ঞা দীর্ঘ হয় এবং গ্রহের সংজ্ঞা হ্রস্ব হয় তবে উভয় মধ্যে বিবেচনা করিয়া বিচার করিবেন। যে রাশিতে বহু গ্রহ থাকিবে তাহার মধ্যে যে বলী হইবে তাহার যেরূপ হ্রস্ব দীর্ঘ আকৃতি তাহা বিবেচনা করিয়া বিচার করিবেন। আর যে২ রাশিতে গ্রহ অবস্থিতির অভাব হইবে সেই২ রাশির হ্রস্ব দীর্ঘ যে২ রূপ সেই২ রূপ সেই অঙ্গ হইবে।

## সর্পবেষ্টিত বালক জন্মজ্ঞান।

জন্ম কালে চন্দ্র যদি মঙ্গলের দ্রেক্কাণে থাকে অর্থাৎ মেষের প্রথম, কর্কটের দ্বিতীয়, সিংহের তৃতীয়, বৃশ্চিকের প্রথম, ধনুর দ্বিতীয় এবং মীনের তৃতীয় এই সকল দ্রেক্কাণের কোন দ্রেক্কাণে যদি থাকে এবং শুভ গ্রহ যদি লগ্ন হইতে গণনায় দ্বিতীয় এবং একাদশ স্থানে থাকে, তাহা হইলে প্রসূতি সর্প প্রসব করে। আর চন্দ্র যদি পাপ লগ্নে থাকিয়া মঙ্গলের দ্রেক্কাণে জন্ম কালে অবস্থিতি করে এবং শুভগ্রহ যদি লগ্নের দ্বিতীয় এবং একাদশ স্থানে থাকে, তাহা হইলে প্রসূতি সর্প বেষ্টিত বালক কিম্বা বালিকা প্রসব করে।

## যমজ ও কোষবেষ্টিত জন্ম জ্ঞান।

জন্মকালে রবি যদি চতুষ্পাদ রাশি অর্থাৎ মেষ, বৃষ, সিংহ, ধনুর পরার্দ্ধ এবং মকরের পূর্ব্বার্দ্ধে অবস্থিতি করে এবং অন্যান্য গ্রহগণ যদি দ্ব্যাত্মক রাশিতে

সরল থাকে তাহা হইলে কোষ অর্থাৎ জরায়ুবেষ্টিত হয়, যাহাকে পোরো বলে, তন্মধ্যে প্রসূতি যুগ্ম সন্তান প্রসব করে।

### নাড়ীবেষ্টিত জন্মজ্ঞান।

জন্ম লগ্ন যদি মেষ, সিংহ কিম্বা বৃষ হয়, এবং তাহাতে যদি শনি কিম্বা মঙ্গল অবস্থিতি করে, তাহা হইলে নাড়ী বেষ্টিত হইয়া জাতবালক ভূমিষ্ঠ হয়। ঐ জাত বালকের কোন অঙ্গে নাড়ী বেষ্টন ছিল তাহা জানিতে হইলে লগ্নকে নবাংশ করিয়া দেখিতে হইবে যে কোন নবাংশে জন্ম হইয়াছে, তাহা জানিয়া সেই নবাংশে যে রাশি হইবে সেই রাশি যে অঙ্গ বিভাগমতে নির্ণীত আছে জাতবালকের সেই অঙ্গে নাড়ী বেষ্টিত হইয়া ভূমিষ্ঠ হয়।

### দীপের তৈল ও শলিতা জ্ঞান।

দিবা কিম্বা রাত্রি কালে স্ত্রীলোকের প্রসব বেদনা উপস্থিত হইলে, প্রসব হওয়ার পূর্ব্বাহ্নে একটী প্রদীপে তৈল এবং শলিতা দিয়া জ্বালাইয়া রাখিতে হয়, সেই প্রদীপের দ্বারায় লগ্নের ভুক্ত এবং ভোগ্য কি রূপে জানা যায় তাহা নিম্নে লেখা হইতেছে। জন্ম কালে যে রাশিতে চন্দ্র থাকে সেই রাশির ত্রিংশাংশের প্রথম, দুই কিম্বা তিন অংশের মধ্যে যদি চন্দ্র স্থিতি থাকে তাহা হইলে জন্মকালে প্রদীপের তৈল পরিপূর্ণ থাকে আর যদি রাশির শেষ অংশে চন্দ্র থাকে তাহা হইলে প্রদীপের তৈল থাকে না, যদি রাশির মধ্যে অর্থাৎ ঐ রাশির ১৫ অংশে চন্দ্র থাকে তাহা হইলে প্রদীপের অর্দ্ধেক তৈল থাকা জানা যায়। এইরূপ রাশির যত অংশ অন্তরে চন্দ্র স্থিত থাকিবে, তত পরিমাণে প্রদীপের তৈল থাকা কিম্বা দগ্ধ হওয়া ঐ রাশির ভাগহার গণনার দ্বারা জানা যাইবে। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নকে ত্রিশ ভাগ করিয়া ঐ লগ্নের কত অংশ ভুক্ত হইয়াছে তাহা জানিয়া প্রদীপের শলিতা কি পরিমাণ দগ্ধ হইয়াছে তাহারই নির্ণয় হইয়া থাকে।

যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নের ত্রিশ ভাগের দুই কিম্বা তিন অংশ মধ্যে যদি জন্ম হয়, তবে শলিতা কেবল দগ্ধ আরম্ভ হইয়াছে, যদি লগ্নের অর্দ্ধেক ভুক্ত হয় তবে ঐ শলিতার অর্দ্ধেক দগ্ধ জানায়, যদি লগ্নের শেষ ভাগে জন্ম হয় তবে শলিতা সম্পূর্ণরূপে দগ্ধ হয়। এই সকল অংশের মধ্যে জন্ম হইলে ত্রৈরাশিক গণনা করিয়া শলিতার কত অংশ জন্ম কালে দগ্ধ হইয়াছে তাহা জানা যাইবে।

### প্রদীপের স্থিতি নির্ণয়।

জন্ম কালে রবি যদি চর রাশিতে থাকে তবে সূতিকা-ঘরের প্রদীপ ঐ চর রাশি যে দিকের অধিপতি ঐ ঘরের সেই দিকে সঞ্চালিত হইয়া থাকে। যদি স্থির রাশিতে রবি থাকে, তবে ঐ স্থির রাশি যে দিকের অধিপতি সেই দিকে স্থির ভাবে স্থিতি থাকে। যদি দ্ব্যাত্মক রাশিতে রবি থাকে তবে সূতিকাগৃহের প্রদীপ কখন চালিত কখন এক স্থানে স্থিতি থাকে।

অন্য মতে অহোরাত্রকে আট ভাগ করিয়া প্রসব-গৃহে আট দিক কল্পনা করিবেক, পরে উদয় রাশি হইতে রবি ভ্রমণ করিতে আরম্ভ করিয়া ঐ সময় যে স্থানে থাকিবে সেই দিকে দীপ স্থিতি করে।

### অন্য মতে সূতিকাগৃহের দ্বার জ্ঞান।

কেন্দ্র স্থানে যে গ্রহ থাকে সেই গ্রহ যে দিকের অধি-পতি হয়, সেই দিকে সূতিকাগৃহের দ্বার জানিবে। যদি কেন্দ্র স্থানে অনেক গ্রহ থাকে তবে যে গ্রহ বলবান্ হয়, তাহার দিকে দ্বার হয়। আর যদি কেন্দ্র স্থানে কোন গ্রহ না থাকে তবে লগ্ন যে দিকের অধিপতি হয় সেই দিকে দ্বার হয়।

যে লগ্নে জন্ম হইবে, সেই রাশির যেরূপ বর্ণ, প্রদীপের শলিতারও সেই রূপ বর্ণ হইবে।

### ধাত্রী জ্ঞান।

যুগ্মাযুগ্ম, অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ এই কয় লগ্নে জন্ম হইলে ধাত্রী সধবা হইবে।

বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই কয় লগ্নে জন্ম হইলে ধাত্রি বিধবা জানিবে।

### পিতার বিদেশ স্থানে থাকা কালীন বালকের জন্ম জ্ঞান।

জন্ম লগ্নে যদি চন্দ্রের দৃষ্টি না থাকে তাহা হইলে তাহার পিতার অসন্নিধানে জন্ম হয়। যদি চন্দ্র লগ্নকে না দেখে আর রবি লগ্ন হইতে গণনায় অষ্টম কি নবম রাশিতে থাকেন এবং ঐ অষ্টম এবং নবম রাশি চর রাশি হয়, তবে তাহার জন্ম সময় তাহার পিতার বিদেশে অবস্থান জানায়। আর যদি চন্দ্র লগ্নকে না দেখে এবং রবি অষ্টম কিম্বা নবম রাশির কোন রাশিতে থাকে, আর ঐ রাশি দ্বয় যদি স্থির রাশি হয়, তবে তাহার পিতা দেশে থাকা সত্ত্বেও অসন্নিধানে তাহার জন্ম হয়। চন্দ্র যদি লগ্নকে না দেখে এবং রবি লগ্নাপেক্ষা অষ্টম বা নবম রাশিতে থাকে আর ঐ রাশি দ্বয় যদি দ্ব্যাত্মক হয়, তবে তাহার পিতার স্বদেশে এবং পর দেশ মধ্যে অর্থাৎ পথিমধ্য অবস্থান কালীন তাহার জন্ম জানিবেন।

### পিতার অসাক্ষাতে জন্ম জ্ঞান।

জন্ম লগ্নে যদি শনি থাকে, অথবা জন্ম লগ্ন হইতে গণনায় সপ্তমে মঙ্গল থাকে, তাহা হইলে তাহার পিতার পরোক্ষে জন্ম জানিবেন। আর জন্ম কালে রাশিচক্রে বুধ ও শুক্র এই দুই গৃহের মধ্যে যদি চন্দ্র থাকে এবং ঐ চন্দ্রাপেক্ষা দ্বাদশ এবং দ্বিতীয় রাশিতে যদি বুধ এবং শুক্র থাকে অথবা চন্দ্র যদি বুধ ও শুক্রের সহিত এক রাশিতে থাকিয়া উহাদিগের মধ্যবর্ত্তী হয়, তাহা হইলেও পিতার পরোক্ষে তাহার জন্ম জানিবেন।

### পিতার বন্ধন কালে জন্ম।

জন্ম কালে যদি শনি ও মঙ্গল ক্রূর রাশিতে অর্থাৎ মেষ, সিংহ, বৃশ্চিক, মকর, কুম্ভ রাশিতে থাকে কিম্বা পাপ চন্দ্রের ক্ষেত্রে অর্থাৎ কর্কটে অথবা পাপ যুক্ত বুধের ক্ষেত্রে মিথুন এবং কন্যা রাশিতে স্থিত হয় এবং রবি যে রাশিতে তৎকালে স্থিত থাকে, সেই রাশি হইতে গণনায় ঐ শনি এবং মঙ্গল যদি সপ্তম, নবম কিম্বা পঞ্চম রাশিতে স্থিত থাকে, তাহা হইলে জাতবালকের জন্ম তাহার পিতার বন্ধন অবস্থায় হয়।

ঐ বন্ধন অবস্থা স্বদেশে কি বিদেশে হইয়াছে, তাহা জানিতে হইলে, জন্ম কালে ঐ রবির স্থিত রাশি বিবেচনা করিতে হইবে যথা,—রবি যদি চর রাশিতে স্থিত থাকে, তাহা হইলে বিদেশে বন্ধন, আর যদি স্থির রাশিতে থাকে তবে স্বদেশে বন্ধন, আর যদি দ্ব্যাত্মক রাশিতে থাকে তবে পথিমধ্যে বন্ধন জানায়।

অন্য মতে স্থির রাশি হইলে জাতবালকের জন্ম তাহার পিতার স্বদেশে অবস্থান কালে কোন পথি মধ্যে বন্ধন সময় জন্ম জানায়।

### মাতা কর্ত্তৃক জাত বালকের পরিত্যাগ জ্ঞান।

যন্ম কালে মঙ্গল এবং শনি যদি এক রাশিতে অবস্থিতি করে এবং ঐ মঙ্গল ও শনি যে রাশিতে স্থিত থাকে, সেই রাশি হইতে গণনায় যে রাশি পঞ্চম, সপ্তম এবং নবম হইবে, সেই রাশিতে যদি চন্দ্র থাকে তাহা হইলে জাতবালক তাহার মাতা কর্ত্তৃক ত্যক্ত হয়। আর উক্ত রূপ যোগ হইলে ও ঐ চন্দ্রের উপর যদি বৃহস্পতির দৃষ্টি থাকে তাহা হইলে ঐ মাতৃ-ত্যক্ত বালক দীর্ঘ-জীবী হইয়া সুখ ভোগ করে।

### মাতৃ-ত্যক্ত বালকের মৃত্যু জ্ঞান।

জন্ম লগ্নে যদি চন্দ্র অবস্থিতি করে এবং ঐ চন্দ্রকে যদি পাপ গ্রহ দৃষ্টি করে এবং ঐ জন্ম লগ্ন হইতে সপ্তম

স্থানে যদি মঙ্গল থাকে, তাহা হইলে মাতা কর্ত্তৃক ত্যক্ত হইয়া জাত বালকের মৃত্যু হয়।

জন্ম লগ্নে যদি চন্দ্র থাকিয়া রবি গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয়, আর জন্ম লগ্ন হইতে গণনায় যদি একাদশ স্থানে শনি ও মঙ্গল থাকে, তাহা হইলে জাত বালক তাহার মাতা কর্ত্তৃক ত্যক্ত হইয়া বিনাশ প্রাপ্ত হয়। যদি ঐরূপ অবস্থাপ্রাপ্ত চন্দ্রের উপর শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে জাত বালক ঐ শুভ গ্রহ যে জাতি সেই জাতির হস্তগত হয়। কিন্তু শুভাশুভ গ্রহ মধ্যে পাপ গ্রহ বলবান হইলে, সেই জাত বালক সেই পাপ গ্রহ যে জাতি, সেই জাতির হস্তগত হইয়া মৃত্যু প্রাপ্ত হইবে। এই সকল যোগ ঘটনা হইলেও যদি বৃহস্পতি কর্ত্তৃক লগ্ন চন্দ্র ঈক্ষিত হয়, তাহা হইলে সেই সেই গ্রহ যে জাতি বালক সেই জাতি প্রাপ্ত হইয়া দীর্ঘ-জীবী হইবে। সারাবলিকারও এইরূপ বলিয়াছেন।

পিতৃ মাতৃ সদৃশ জ্ঞান।

জন্ম লগ্ন যদি কোন শুভ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয়, তবে সেই শুভ গ্রহের যে বর্ণ এবং স্বভাব নির্দ্দেশ আছে, সেই বর্ণ এবং স্বভাব সেই জাত বালকের হইবে। আর রবি যদি জন্ম কালে বলবান থাকে তবে পিতার সদৃশ, আর চন্দ্র যদি বলবান থাকে তবে মাতার সদৃশ জাত বালক হয়।

অথ দ্রেক্কাণে স্ত্রীপুরুষজ্ঞানমাহ পঞ্চস্বরায়াং।
মেষাদিদ্বাদশে ঋক্ষে দ্রেক্কাণঞ্চ বিনির্দ্দিশেৎ।
একেন ঋক্ষভাগেন ত্রিতয়ং ত্রিতয়ং ভবেৎ॥
ষট্‌ত্রিংশমিতি দ্রেক্কাণো মেষাদিদ্বাদশে ভবেৎ।
আদিমধ্যান্তভাগেন জ্ঞাতব্যাঃ পুরুষাঃ স্ত্রিয়ঃ॥
স্ত্রীভাগে তু ভবেদ্যোষা পুংভাগে পুরুষো ভবেৎ।
পুংভাগেঽপি ভবেৎ কন্যা স্ত্রীভাগে পুরুষো ভবেৎ।
বলাবলবিচারেণ গ্রহাণাঞ্চ কদাচন॥

মেষদ্রেক্কাণস্থ।

মেষস্য প্রথমে ভাগে দ্রেক্কাণে পুরুষো ভবেৎ।
ক্রোধনো রক্তনেত্রশ্চ কৃষ্ণবর্ণো দুরাসদঃ॥
দ্বিতীয়ভাগে সংপ্রাপ্তে নারী ভবতি নিশ্চিতং।
স্থূলোদরী লম্বমুখী যুবতী লোহিতাকৃতিঃ॥
তৃতীয়ে পুরুষঃ ক্রূরো নির্দ্দয়শ্চাতিদুর্ম্মতিঃ।
কপিলো দারুণশ্চৈব সত্যশৌচবিবর্জ্জিতঃ॥

বৃষস্থ।

বৃষস্য প্রথমে ভাগে ভবেন্নারী পতিব্রতা।
স্থূলোদরী দগ্ধপটা স্বল্পকেশী প্রিয়ম্বদা॥
দ্বিতীয়ভাগে পুরুষঃ কুশলঃ সর্ব্বকর্ম্মসু।
বৃহৎকায়ো বৃহৎপাদস্তৃতীয়ে পুরুষো মহান্॥

মিথুনস্থ।

দ্রেক্কাণে প্রথমে দ্বন্দ্বে নারী ভবতি সুন্দরী।
হীনপ্রজা মন্দভাগ্যা সর্ব্বকর্ম্মসু তৎপরা॥
দ্বিতীয়ে পুরুষঃ শূরো ধনুর্ব্বিদ্যাবিশারদঃ।
তৃতীয়ে পুরুষো ধন্বী পণ্ডিতোরত্নসংযুতঃ।
গোধনৈশ্চ পরিব্যক্তঃ কৃষিকর্ম্মণি তৎপরঃ॥

কর্কটস্থ।

কর্কটে প্রথমে ভাগে শরীরং হস্তিবদ্দৃঢ়ং॥
মুখং শূকরবজ্জ্ঞেয়ং পুরুষো জায়তে ধ্রুবং॥
দ্বিতীয়ে সুন্দরী নারী তৃতীয়ে পুরুষো ভবেৎ।
জনপ্রিয়ঃ স্বরূপশ্চ নৌকাবাণিজ্যতৎপরঃ॥

সিংহস্থ।

পুরুষঃ প্রথমে সিংহে মুখং বানররূপকং।
ধন্বী পুমান্ দ্বিতীয়েস্যাদুচ্চনাসঃ স্বরূপকঃ।
তৃতীয়ে পুরুষো জাত উচ্চনাসোঽতিচঞ্চলঃ॥

কন্যায়াঃ।

কন্যায়াঃ প্রথমে নারী দ্বিতীয়ে লেখকঃ পুমান্।
তৃতীয়ে সুন্দরী গৌরী উচ্চা ধৌতার্দ্রবাসসী।
সুহাস্যযুক্তা সুমুখী লজ্জাসন্ততিবর্জ্জিতা॥

তুলায়াঃ।

তুলায়াঃ প্রথমে ভাগে পুরুষস্তুলধারকঃ।

ক্ষুধিতস্তৃষিতশ্চৈব দ্বিতীয়ে পুরুষো ভবেৎ।
তৃতীয়ে পুরুষো ধন্বী দীর্ঘো দীর্ঘমুখঃ স্মৃতঃ ॥

বৃশ্চিকস্য।

বৃশ্চিকপ্রথমে ভাগে নারী স্থানচ্যুতা ভবেৎ।
দ্বিতীয়েচ ভবেন্নারী সুখং বাঞ্ছতি সর্ব্বদা ॥
তৃতীয়ে পুরুষশ্চৈব ভক্ষকশ্চঞ্চলো মহান্।

ধনুষঃ।

ধনুষঃ প্রথমে ধন্বী পুরুষো জায়তে সদা।
সুরূপা গৌরবর্ণাচ দ্বিতীয়ে সুন্দরী ভবেৎ ॥
তৃতীয়ে পুরুষঃ শূরো মল্লবিদ্যাবিশারদঃ।
দণ্ডধারী ভবেন্নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষাচ সর্ব্বদা ॥

মকরস্য।

মকরপ্রথমে ভাগে পুরুষো জায়তে মহান্।
স্থূলদন্তো রৌদ্রমুখঃ ক্রূরশ্চ পিশুনস্তথা ॥
শ্যামালঙ্কারসংযুক্তা দ্বিতীয়ে যুবতী ভবেৎ।
তৃতীয়ে পুরুষো জ্ঞেয়ো মুখস্থূলো ধনুর্দ্ধরঃ ॥

কুম্ভস্য।

কুম্ভস্য প্রথমে ভাগে পুরুষঃ স্থূলদন্তকঃ।
স্থিরা বুদ্ধিমতী খর্ব্বা দ্বিতীয়ে সুন্দরী ভবেৎ ॥
তৃতীয়ে পুরুষঃ শ্যামো লোমকর্ণো ভবেৎ সদা।
মাংসাশী রৌদ্রকর্ম্মাচ ছেদনে মারণে রতঃ ॥

মীনস্য।

পুরুষঃ প্রথমে মীনে প্রিয়লোকশ্চ সর্ব্বদা।
দ্বিতীয়ে সুন্দরী গৌরী তৃতীয়ে পুরুষো ভবেৎ ॥
পুরুষঃ পুরুষক্ষেত্রে গত্বা পশ্যতি সর্ব্বদা।
তদা পুমাংসং জানীয়াদন্যথা কন্যকা ভবেৎ ॥
যোষিৎক্ষেত্রগতঃ শুক্রো বুধো বা যদি পশ্যতি।
তদা কন্যাং বিজানীয়াদন্যথা পুরুষো ভবেৎ ॥

অনুবাদ।

কোন্ লগ্নের কোন্ দ্রেক্কাণের অধিপতি কোন্ গ্রহ তাহার চক্রসমেত পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, এক্ষণে কোন্ লগ্নের কোন্ দ্রেক্কাণে প্রসব করিলে পুত্র এবং কোন্ দ্রেক্কাণে প্রসব করিলে কন্যা জন্মে তাহা নিম্নে লেখা হইল। ইহা দ্বারা জন্ম কালে লগ্নের দ্রেক্কাণ গণনা নিশ্চয় হইল কি না তাহার পরীক্ষা হইবে এবং জাত বালক বালিকার আকার এবং স্বভাব ইত্যাদি কিরূপ হইবে তাহাও জানা যাইবে।

যে দ্রেক্কাণের অধিপতি পুরুষ গ্রহ হয়, সেই দ্রেক্কাণে পুত্র জন্মে, আর যে দ্রেক্কাণের অধিপতি স্ত্রী গ্রহ হয় সেই দ্রেক্কাণে কন্যা জন্মে।

১। মেষ লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ ক্রোধী, চক্ষুদ্বয় রক্তবর্ণ, কৃষ্ণবর্ণ দেহ এবং পাপাত্মা হইবে।

২। মেষের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে কন্যা হয় ঐ কন্যা স্থূলোদরী, দীর্ঘমুখী, রক্তবর্ণা হইবে।

৩। মেষের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে। ঐ পুরুষ ক্রূর, দয়াহীন, অতিশয় দুর্ম্মতি,ধূম্রবর্ণ, ভয়ানক, মিথ্যাবাদী এবং শৌচবর্জ্জিত হইবে।

১। বৃষলগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে। ঐ নারী পতিব্রতা, স্থূলোদরী, দগ্ধবস্ত্রপরিধানা, স্বল্পকেশী, এবং প্রিয়বাদিনী হইবে।

২। বৃষের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ সর্ব্ব কার্য্যে নিপুণ হইবে।

৩। বৃষের তৃতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ দীর্ঘাকার, দীর্ঘপাদ, মহান্ হইবে।

১। মিথুন লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে, ঐ নারী সুন্দরী, সন্তানহীনা, মন্দভাগা এবং সকল কর্ম্মে লিপ্ত হইবে।

২। মিথুন লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ বলবান্, ধনুর্ব্বিদ্যাবিশারদ ও নিপুণ হইবে।

৩। মিথুনের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ ধনুর্দ্ধারী, পণ্ডিত, রত্নসংযুক্ত, গোধনযুক্ত ও কৃষিকর্ম্মে রত হইবে।

১। কর্কট লগ্নের প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের শরীর হস্তীর ন্যায় দৃঢ় এবং মুখ শূকরের মুখের ন্যায় হইবে।

২। কর্কটের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে।

৩। কর্কটের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ সর্ব্বজনপ্রিয়, রূপবান্ এবং নৌকাবাণিজ্য কার্য্যে লিপ্ত হয়।

১। সিংহ লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষের মুখ বানরের মুখের ন্যায় হইবে।

২। সিংহের দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ ধনুর্দ্ধারী, উচ্চনাসিক এবং রূপবান্ হইবে।

৩। সিংহের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের নাসিকা উচ্চ এবং স্বভাব চঞ্চল হইবে।

১। কন্যা লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে।

২। কন্যার দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ লেখক হইবে।

৩। কন্যার তৃতীয় দ্রেক্কাণে নারী জন্মে, ঐ নারী সুন্দরী, দীর্ঘাকারা এবং আর্দ্রবস্ত্রপরিধারিণী হইবে।

১। তুলার প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ তুলধারক হইবে।

২। তুলার দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ ক্ষুধার্ত্ত এবং তৃষ্ণার্ত্ত হইবে।

৩। তুলার তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ দীর্ঘাকার, ধনুর্দ্ধারী এবং দীর্ঘমুখ হইবে।

১। বৃশ্চিকের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী স্থানচ্যুতা হইবে।

র্জাতস্য জন্তোঃ প্রকরোতি রিষ্টং ॥
কেতূদয়ো ভে প্রবভবেচ্চ যস্মিং-
স্তস্মিন্ প্রসূতির্যদি যস্য জন্তোঃ।
স্যাত্তস্য মাসদ্বিতয়েন নাশো
বিনিশ্চয়েনেতি বদন্তি পূর্ব্বৈঃ ॥
মেষূরণেঽর্কো ধরণীসুতস্য
গেহেঽথবার্কাত্মজধামসংস্থঃ।
পাপৈরথৈকশ্চ নিরীক্ষ্যমাণঃ
প্রাণৈর্ব্বিয়োগং স তু যাতি তূর্ণং ॥
ধনান্ত্যগৈর্ব্বারিমৃতিস্থিতৈর্ব্বা

ধনাষ্টসংস্থৈর্ব্যয়শত্রুগৈর্ব্বা।
ক্রূরগ্রহৈর্যো জননং প্রপন্নঃ
ষষ্ঠেঽষ্টমে মাসি মৃতিং প্রযাতি ॥
হোরাপতিঃ পাপখগৈঃ প্রদৃষ্ট-
শ্চতুর্থ মাসে মৃতিকৃন্মৃতিস্থঃ।
জন্মেশ্বরঃ যন্নিধনে দিনেশঃ
শুক্রেক্ষিতোঽব্দৈর্ভবনপ্রমাণৈঃ ॥
হোরাপতিঃ পাপযুতঃ স্মরস্থঃ
করোতি নাশং খলু জীবিতস্য।
মাসেন জন্মাধিপতিস্তু তদ্বৎ
পাপান্বিতো রন্ধ্রগৃহাশ্রিতশ্চ ॥
যুতোভবেদ্দারদিবাকরাভ্যাং
নিশাকরশ্চারুখগৈর্ন দৃষ্টঃ।
স নূনগেহোপগতো বিনাশং
করোতি বর্ষে নবমেঽর্কজস্য ॥
লগ্নান্ত্যরন্ধ্রান্তগতে শশাঙ্কে
পাপান্বিতে সৌম্যখগৈরদৃষ্টে।
কেন্দ্রেষু সৌম্যগ্রহবর্জ্জিতেষু
কীনাশদেশং হি শিশুঃ প্রযাতি ॥
রন্ধ্রালয়ে বাথ চতুস্টয়েষু খল-
গ্রহাণাং মিলনং যদি স্যাৎ।
কলানিধৌ ক্ষাণকলাকলাপে
লগ্নস্থিতে নশ্যতি সঃ প্রসূতঃ ॥
লগ্নে কুলীরেঽপ্যথবালিসংজ্ঞে
খলগ্রহাঃ পূর্ব্বদলে যদি স্যুঃ।
সৌম্যাঃ পরার্দ্ধে খলু বজ্রমুষ্টি-
র্যোগোঽয়মুক্তঃ প্রকরোতি রিষ্টং ॥
ব্যয়ারিরন্ধ্রেষু শুভাভিধানা-
স্ত্রিকোণকেন্দ্রেষু ভবন্তি পাপাঃ।
সরোজবন্ধোরুদয়ে প্রসূতি-
র্যস্যান্তকালং ত্বরয়া স যাতি ॥

রন্ধ্রাম্বুজায়া ভবনেষু খেটা
বিধৌ চ পাপদ্বয়মধ্যযাতে।
যস্য প্রসূতিঃ স তু যাতি কামং
যমস্য ধামপ্রবদন্তি পূর্ব্বং ॥
স্মরাষ্টমস্থা যদি পাপখেটাঃ
পাপখগৈঃ সাধুখগৈর্ন দৃষ্টাঃ।
কুর্ব্বন্তি রিষ্টং ত্বরয়ার্ভকস্য
সার্দ্ধং জনন্যাভিমতং মুনীনাং ॥
নিজোপরাগেঽপ্যশুভান্বিতেন্দৌ
লগ্নস্থিতে ভূমিসুতোঽষ্টমস্থঃ।
তদা জনন্যা সহ বালকস্য
মৃত্যুস্তথার্কে সতি শস্ত্রজাতঃ ॥
ভূমিসুতে চার্কসুতে বিলগ্নে
ভানৌ স্মরস্থানগতেঽন্যথাবা।
যুক্তে তয়োরন্যতমেন চন্দ্রে-
ঽচিরেণ মৃত্যুঃ পরিবেদিতব্যঃ ॥
পাপৈর্ব্বিলগ্নাষ্টমধামসংস্থৈঃ
ক্ষীণে বিধৌ দ্বাদশভাবযাতে।
কেন্দ্রেষু সৌম্যা ন ভবন্তি নূনং
শিশোস্তদানীং নিধনং প্রকল্প্যং ॥
ত্রিকোণকেন্দ্রেষু ভবন্তি পাপাঃ
শুভগ্রহালোকনবর্জ্জিতাশ্চেৎ।
লগ্নোপযাতে সতি ভাস্করে বা
নিশাকরে রিষ্টসমুদ্গমঃ স্যাৎ ॥
ভানুভানুতনয়োশনসঃ স্যুশ্চেৎ
প্রসূতি সময়ে খলু লগ্নযুক্তাঃ।
যদ্যপীন্দু গুরুণা পরিদৃষ্টা
রিষ্টদাস্তনুভৃতাং নবমেঽব্দে ॥
কামিনী ভবনগস্তুহিনাংশু-
র্লগ্নগো মৃতিপতিঃ শনিদৃষ্টঃ।
রিষ্টদো নবমমাসভিরীরিতো

জাতকং তু মুনিভিঃ পুরাতনৈঃ ॥
দৃষ্টে রিষ্টেণ প্রদৃষ্টেঽস্যকালে
প্রালেয়াংশৌ স্বালয়ং বা বিলগ্নং।
বীর্য্যোপেতং সঙ্গতে পাপদৃষ্টে
শক্ত্যাযুক্তে মৃত্যুকালোঽব্দমধ্যে ॥
লগ্নত্রিকোণান্তিম সপ্তরন্ধ্রে
চন্দ্রে সপাপে চ লয়ং প্রযাতি।
শুভৈর্ন যুক্তে যদি ন প্রদৃষ্টে
রিষ্টং ভবেদত্র কিমত্রচিত্রং ॥
সূর্য্যেন্দুজীবাঃ শনিশুক্রভৌমাঃ
সূর্য্যারমন্দাশ্চ যদীন্দুযুক্তাঃ।
প্রসূতিকালে মিলিতা যদি স্যু-
র্নাশং শিশোরব্দক পঞ্চকেন ॥
বিলগ্ননাথো ভুবনপ্রমাণৈ-
র্ব্বর্ষৈর্ব্বিনাশং কুরুতে রিপুস্থঃ।
মাসৈর্দৃকাণাধিপতির্নবেশ
দিনৈর্মুনীন্দ্রাঃ প্রবদন্তি সর্ব্বে ॥
রবীন্দুযুক্ পাপনিরীক্ষিতো জ্ঞ-
শ্চৈকাদশাব্দৈঃ কুরুতে বিনাশং।
লগ্নেঽর্কমন্দাবনিজাঃ কৃশেন্দুঃ
স্মরে ষড়ব্দৈরথসপ্তভির্ব্বা ॥
কৃশঃ শশাঙ্কঃ স্মরগো বিলগ্নে
মন্দারশুক্রা গুরুদৃষ্টিহীনাঃ।
বিনাশনং তেঽব্দক সপ্তকেন
কুর্ব্বন্তি জাতস্য বিনিশ্চিতেন ॥
চন্দ্রঃ সচান্দ্রির্যদি কেন্দ্রসংস্থঃ
সূর্য্যাংশুলুপ্তঃ কুজমন্দদৃষ্টঃ।
বর্ষদ্বয়েন প্রকরোতি রিষ্টং
গর্গো বশিষ্ঠাদয় এবমূচুঃ ॥
নিশাপতির্লগ্নগতঃ স্বকাশা-
চ্চেদষ্টমস্থঃ কৃশতা প্রযাতঃ।
ক্রূরৈঃ প্রদৃষ্টশ্চ শুভৈর্ন দৃষ্টো
বর্ষদ্বয়ান্তে প্রকরোতি রিষ্টং ॥
লগ্নাধিপঃ পাপখগো নবাংশে
চন্দ্রস্য চেদ্দ্বাদশগঃ শশাঙ্কাৎ।
পাপেক্ষিতো মারয়তি প্রসূতং
শিশুং নবাব্দৈঃ খলু কীর্ত্তয়ন্তি ॥
লগ্নেশ্বরঃ সূর্য্যময়ূখলুপ্তো-
ঽষ্টমেশ্বরেণ প্রবিলোক্যমাণঃ।
রিষ্টং করো রাশিসমানবর্ষৈঃ
প্রাজ্ঞৈরুদাহারি জনস্য জন্মাং ॥
অদৃশ্যভাগে যদি পাপখেটা
দৃশ্যে বিভাগে শুভদা ভবন্তি।
স্বর্ভানুনামা তনুভাবগামী
জীবেৎ প্রসূতোঽব্দকসপ্তকং হি ॥
সিংহীসুতঃ সপ্তমভাবসংস্থঃ
শনৈশ্চরাদিত্যনিরীক্ষিতশ্চ।
নালোকিতঃ সৌম্যখগৈস্তু জীবে-
দ্বর্ষাণি হি দ্বাদশসংপ্রসূতঃ ॥
সিংহালি কুম্ভস্থিতসৈংহিকেয়ো
বিলোকিতঃ ক্রূরখগৈর্যদি স্যাৎ।
বর্ষাণি সপ্তৈব তদেবমায়ুঃ
প্রকীর্ত্তিতং জাতকশাস্ত্রবিদ্ভিঃ ॥
কেতূদয়ং স্যাৎ প্রথমং ততশ্চে-
ন্নির্ঘাতবাতাশনয়ো ভবন্তি।
যো রৌদ্রসর্পাখ্য মুহূর্ত্তজন্মা
প্রাপ্নোতি কান্তং যমমন্দিরং সঃ ॥

চন্দ্রং ক্রূরযুতং ক্ষীণং পশ্যেদ্রাহুর্যদা তদা।
দিনৈঃ স্বল্পতরৈর্ব্বালঃ কালস্যালয়মাব্রজেৎ ॥
মাতঙ্গৈর্নবভিশ্চ রামনয়নৈর্নেত্রাগ্নিভিঃ সায়কৈ-
রেকেনাম্বুধিভিস্ত্রিলোচনমিতৈর্ধৃত্যা চ বিংশন্মিতৈঃ

ভুনৈত্রৈর্দ্দশভির্লবৈর্যদি ভবেন্মেষাদি সংস্থো বিধু-
র্ব্বর্ষৈর্ভাগসমৈঃ করোতি নিধনং কালো ন যত্রোদিতঃ॥

ইতি জাতকাভরণে রিষ্টাধ্যায়ঃ।

পূর্ব্বে বৃহজ্জাতক, জ্যোতিস্তত্ত্ব, জ্যোতিঃসার প্রভৃতি অনেকানেক গ্রন্থ হইতে শিশুরিষ্ট মাতৃরিষ্ট ও পিতৃরিষ্টের বহুতর বচন ও উহাদের অনুবাদ লিখিত হইয়াছে অধুনা অতি প্রাচীন গ্রন্থ জাতকাভরণ মধ্যে যে সমুদায় শিশুরিষ্ট লিখিত আছে এক্ষণে তাহার অনুবাদ প্রকটিত হইতেছে।

যাহারা হীনায়ু হইয়া জন্মগ্রহণ করে তাহাদের নিমিত্ত এই রিষ্টাধ্যায় প্রকরণে রিষ্টায়ু কথিত আছে।

বালকের জন্ম সময়ে যদি বুধগ্রহ, রবি, চন্দ্র, মঙ্গল ও শনি কর্ত্তৃক দৃষ্ট হইয়া মঙ্গলের ক্ষেত্রে থাকে, আর ঐ স্থান জন্মলগ্নের অষ্টম স্থান বলিয়া কথিত হয় এবং যদি শুক্র ঐ বুধকে অবলোকন না করে, তবে জাত বালকের মৃত্যু হয়।

যদি বক্রী শনি বলবান্ মঙ্গল গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া মঙ্গলের ক্ষেত্রে থাকে, আর ঐ স্থান জাতবালকের জন্মলগ্নের ষষ্ঠ, অষ্টম কিম্বা চতুর্থ স্থানের কোন এক স্থান হয়, তবে তিন বর্ষ মধ্যে রিষ্টকর হইয়া থাকে।

ভানুতনয় শনি, রবি ও চন্দ্রের সহিত মিলিত হইয়া জাতবালকের লগ্নে থাকিলে নয় বর্ষে বালকের মৃত্যু হয়। আর জন্ম লগ্নের অষ্টম ষষ্ঠ ও একাদশ স্থানে শনি মঙ্গল রবি একত্র থাকিলেও বালকের নয় বর্ষে মৃত্যু ঘটিয়া থাকে।

জন্ম সময়ে অসুর মন্ত্রী শুক্র, সূর্য্য কিম্বা চন্দ্রের গৃহে থাকিয়া জন্ম লগ্নের দ্বাদশ ষষ্ঠ ও অষ্টম স্থান স্থিত শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে বালকের ছয় বর্ষে রিষ্ট হয়।

যে নক্ষত্রে কেতুর উদয় হয় সেই নক্ষত্রে কোন বালক জন্মগ্রহণ করিলে, তাহার দুই মাসে মৃত্যু হয়।

জন্মকালে যদি সূর্য্য, মঙ্গলের ক্ষেত্রে কিম্বা শনির ক্ষেত্রে থাকিয়া জন্মলগ্নের দশম স্থান গত হয়, এবং অনেক পাপগ্রহ কিম্বা কোন এক পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বালকের শীঘ্র মৃত্যু ঘটে।

বালকের জন্মসময়ে জন্মলগ্নের দ্বিতীয় দ্বাদশ কিম্বা ষষ্ঠ অষ্টম অথবা দ্বিতীয় অষ্টম বা দ্বাদশ ও ষষ্ঠ স্থানে অনেক পাপগ্রহ থাকিলে ষষ্ঠ কিম্বা অষ্টম মাসে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নের অধিপতি গ্রহ যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া লগ্নের অষ্টম স্থানে থাকে তবে চতুর্থ মাসে বালকের মৃত্যু হয়। যদি জন্মলগ্নের অধিপতি লগ্নের ষষ্ঠ স্থানে ও সূর্য্য অষ্টম স্থানে থাকিয়া শুক্রগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে যে রাশিতে থাকিয়া শুক্র দ্বারা দৃষ্ট হইতেছে সেই রাশি পরিমিত বর্ষে বালকের মৃত্যু হইয়া থাকে।

জন্মলগ্নের অধিপতি পাপগ্রহের সহিত মিলিত হইয়া লগ্নের সপ্তম স্থানে কিম্বা অষ্টম স্থানে থাকিলে বালকের এক মাসে মৃত্যু হয়।

বালকের জন্মকালে চন্দ্রমা যদি শুভগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট থাকে এবং রবি ও মঙ্গলের সহিত মিলিত হইয়া শনির ক্ষেত্রে স্থিতি করে তাহা হইলে নিশ্চয়ই নয় বর্ষে বালকের মৃত্যু হয়।

বালকের জন্ম সময়ে চন্দ্রমা পাপগ্রহের সহিত মিলিত হইয়া জন্মলগ্নে অথবা সপ্তম, অষ্টম কিম্বা দ্বাদশে থাকে এবং শুভগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট হয় তৎকালে যদি জন্ম লগ্নের কেন্দ্র স্থানে শুভগ্রহ না থাকে তবে বালকের মৃত্যু হয়।

জাত বালকের জন্মকালে যদি পাপগ্রহগণ লগ্নের চতুর্থ কিম্বা অষ্টম স্থানে পরস্পর মিলিত হয় এবং ক্ষীণ চন্দ্র লগ্নে অবস্থিতি করে তাহা হইলে বালকের মৃত্যু হয়।

যদি কর্কট কিম্বা বৃশ্চিক রাশি বালকের লগ্ন হয় আর তাহার পূর্ব্বভাগে পাপগ্রহ থাকে এবং শুভগ্রহগণ অপর ভাগে থাকে তবে বজ্রমুষ্টি নামক বিখ্যাত যোগ

হয় আর যদি এই যোগে কোন সন্তান জন্ম গ্রহণ করে তবে তাহার রিষ্ট হয়।

জন্মলগ্নের দ্বাদশ ষষ্ঠ ও অষ্টম স্থানে সমুদায় শুভ গ্রহ এবং নবম পঞ্চম ও কেন্দ্রস্থানে সমুদায় পাপগ্রহ থাকে আর সরোজবন্ধু রবি জন্মলগ্নে থাকিলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

বালকের জন্ম সময়ে সমুদায় গ্রহগণ জন্মলগ্নের চতুর্থ সপ্তম কিম্বা অষ্টম স্থানে স্থিতি করে এবং চন্দ্রমা পাপগ্রহদ্বয়ের মধ্যবর্ত্তী থাকে তাহা হইলে বালকের মৃত্যু ঘটে।

পাপগ্রহগণ জাত বালকের লগ্নের সপ্তম কিম্বা অষ্টম স্থানে থাকিয়া শুভাশুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইলে মাতার সহিত বালকের মৃত্যু ঘটিয়া থাকে।

যদি চন্দ্রগ্রহণ সময়ে চন্দ্রমা পাপগ্রহের সহিত মিলিত হইয়া বালকের জন্মলগ্নে অবস্থিতি করে এবং মঙ্গল অষ্টম স্থানে থাকে তবে জাতবালকের মাতার সহিত মৃত্যু হয়।

যদি সূর্য্যগ্রহণ সময়ে বালকের জন্ম হয় এবং পাপগ্রহের সহিত মিলিত হইয়া সূর্য্য জন্মলগ্নে থাকে তাহা হইলে অস্ত্রাঘাতে জননীর সহিত জাতবালকের মৃত্যু ঘটে।

যদি জন্ম লগ্নে শনি ও মঙ্গল থাকে এবং সপ্তম স্থানে সূর্য্য অবস্থিতি করে তাহা হইলে বালকের মৃত্যু হয়। লগ্নের সপ্তম স্থানে সূর্য্য এবং চন্দ্র, শনি কিম্বা মঙ্গলের সহিত মিলিত হইয়া লগ্নে থাকিলেও বালকের মৃত্যু হইয়া থাকে।

যদি পাপগ্রহগণ জন্মলগ্ন ও লগ্নের অষ্টম স্থানে গত হয়, আর ক্ষীণচন্দ্র দ্বাদশ স্থানে স্থিতি করে এবং কেন্দ্র স্থানে শুভগ্রহ থাকে তবে জাতবালকের নিশ্চয় মৃত্যু হয়।

জন্মকালে পাপগ্রহগণ যদি শুভগ্রহগণ কর্ত্তৃক অদৃষ্ট হইয়া জন্মলগ্নের নবম পঞ্চম অথবা কেন্দ্র স্থানে স্থিতি করে এবং রবি কিম্বা চন্দ্র যদি লগ্নে থাকে তবে রিষ্ট সমুৎপন্ন হইয়া থাকে।

বালকের জন্ম সময়ে শনি, রবি ও শুক্র যদি জন্ম লগ্নে থাকে আর চন্দ্র বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে নয় বর্ষে বালকের মৃত্যু হয়।

পুরাতন ঋষিগণ এইরূপ কহিয়াছেন যে, বালকের জন্মকালে যদি চন্দ্র লগ্নের সপ্তম স্থানে এবং অষ্টমাধিপতি লগ্নে থাকিয়া শনি কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে নয় বর্ষে রিষ্ট কর হইয়া থাকে।

যদি পূর্ণচন্দ্র পাপগ্রহ দৃষ্ট শনৈশ্চর কর্ত্তৃক দৃষ্ট হইয়া কর্কট রাশিতে কিম্বা জন্মলগ্নে অবস্থিতি করে অথবা বলবান্ পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে একবর্ষ মধ্যে বালকের মৃত্যু ঘটে।

যদি চন্দ্রমা জাতবালকের লগ্ন, ত্রিকোণ, দ্বাদশ, সপ্তম অথবা অষ্টম স্থানে পাপগ্রহের সহিত মিলিত হইয়া স্থিতি করে এবং শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না থাকে তবে বালকের রিষ্ট দায়ক হয়, তাহাতে বিচিত্র কি?

বালকের জন্ম সময়ে চন্দ্রমা, যদি রবি ও বৃহস্পতির সহিত কিম্বা শনি শুক্র ও মঙ্গলের সহিত অথবা শনি রবি ও মঙ্গলের সহিত মিলিত হয় তবে পাঁচ বর্ষে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নের অধিপতি ষষ্ঠ স্থানে থাকিলে রাশি পরিমিত বর্ষে বালকের মৃত্যু হইবে এবং দ্রেক্কাণাধিপতি ষষ্ঠে থাকিলে রাশি পরিমিত মাসে আর নবাংশাধিপতি ষষ্ঠে থাকিলে রাশি পরিমিত দিনে * বালকের মৃত্যু ঘটিবে।

বালকের জন্ম কালে বুধ গ্রহ রবি চন্দ্রের সহিত মিলিত থাকিয়া পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে একাদশ বর্ষে

---

* অর্থাৎ মেষ রাশিতে থাকিলে এক, বৃষে থাকিলে দুই ইত্যাদি ক্রমে বুঝিয়া লইবে।

বালকের মৃত্যু হয়। আর যদি শনি রবি মঙ্গল লগ্নে অবস্থিতি করে এবং ক্ষীণ চন্দ্র সপ্তম স্থানে থাকে তবে জাত বালকের ছয় বা সাত বর্ষে মৃত্যু হইয়া থাকে।

যদি চন্দ্র জাত বালকের লগ্নের সপ্তম স্থানে এবং শনি মঙ্গল শুক্র ইহারা বৃহস্পতিকর্ত্তৃক অদৃষ্ট হইয়া লগ্নে থাকিলে নিশ্চয় জাতবালকের সাতবর্ষে মৃত্যু হইবে।

যদি বুধ ও চন্দ্র জন্মলগ্নের কেন্দ্র স্থানে থাকে আর অস্তগত মঙ্গল * শনি কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বশিষ্ঠ ও গর্গাদি মুনিগণ এইরূপ কহিয়াছেন যে জাতবালকের দুই বর্ষে মৃত্যু হয়।

যদি জন্মকালে ক্ষীণ চন্দ্র জন্ম লগ্নে থাকিয়া স্বীয় গৃহের অষ্টম স্থান গত হয় এবং সমুদায় পাপগ্রহ গণ ঐরূপ চন্দ্রকে দৃষ্টি করে, আর শুভগ্রহগণের দৃষ্টি না থাকে, তবে দুই বর্ষে বালকের রিষ্ট হয়।

জন্মলগ্নের অধিপতি কোন পাপগ্রহ পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইয়া চন্দ্রের দ্বাদশ স্থানে তদীয় নবাংশ গত হইয়া থাকিলে নয় বর্ষে বালকের মৃতু হয়।

জন্ম সময়ে জন্মলগ্নের অধিপতি গ্রহ অস্তগত হইয়া অষ্টম ভাবপতি কর্ত্তৃক দৃষ্ট হইলে লগ্নাধিপের স্থিতি রাশি পরিমিত বর্ষ মধ্যে বালকের রিষ্ট হয়।

লগ্নাদি দ্বাদশ রাশির মধ্যে যে ছয়টি রাশি উদিতাবস্থায় থাকে সেই উদিত রাশি মধ্যে শুভগ্রহ এবং অনুদিত রাশি মধ্যে পাপগ্রহগণ অবস্থিতি করে, আর রাহুগ্রহ বালকের জন্ম লগ্নে থাকে, তবে বালকের এক বর্ষে মৃত্যু হয়।

যদি সিংহী তনয় রাহু, শনি ও রবি কর্ত্তৃক দৃষ্ট হইয়া জাতবালকের লগ্নের সপ্তম স্থানে স্থিতি করে, এবং কোন শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে বালক দ্বাদশ বর্ষ মাত্র জীবিত থাকে।

* সূর্য্যকিরণে আচ্ছন্ন থাকিয়া অদৃশ্য হওয়াকে অস্ত বলিয়া থাকে।

বালকের জন্ম সময়ে, রাহুগ্রহ পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইয়া সিংহ বৃশ্চিক কিম্বা কুম্ভ রাশির কোন এক রাশিতে থাকিলে জাতক শাস্ত্রবেত্তাগণ কহিয়া থাকেন যে বালকের সাত বর্ষে মৃত্যু হয়।

ধূমকেতুর উদয় সময়ে, নির্ঘাত বা অশনিপাত কালে কিম্বা সূর্য্যোদয় সময় হইতে বেলা চার দণ্ড কাল পর্য্যন্ত আর্দ্রা ও অশ্লেষা নক্ষত্রের মুহূর্ত্ত মধ্যে অথবা দুই দণ্ড রাত্রি মধ্যে আর্দ্রা নক্ষত্রের মুহূর্ত্ত কালে যদি কোন বালকের জন্ম হয়, তবে তাহার মৃত্যু হইয়া থাকে।

জন্ম সময়ে যদি রাহুগ্রহ পাপগ্রহযুক্ত ক্ষীণ চন্দ্রকে অবলোকন করে, তবে অল্প দিন মধ্যেই বালকের মৃত্যু হয়।

মেষাদি দ্বাদশ রাশির ত্রিংশাংশ বিশেষে চন্দ্র রিষ্ট কথিত হইতেছে।

জন্মকালে চন্দ্রমা মেষের আট অংশ, বৃষের নয়, মিথুনের ত্রয়োবিংশ এবং কর্কটের ত্রয়োবিংশ, সিংহের পঞ্চম, কন্যার এক, তুলার চার, বৃশ্চিকের ত্রয়োবিংশতি, ধনুর আঠার, মকরের বিংশতি, কুম্ভের একবিংশতি, মীনের দশ অংশে থাকিলে ঐঅংশ পরি মিত বর্ষে বালকের মৃত্যু হইবে।

জাতকাভরণমতে রিষ্টভঙ্গযোগঃ।

পূর্ণঃ কৈরবনীপতির্দিবিচরৈঃ সর্ব্বৈঃ প্রদিষ্টস্তদা-
রিষ্টং হন্ত্যথবা সুহৃল্লবগতঃ সদীক্ষিতোঽতি প্রভুঃ।

ক্ষীণো বাপি নীজোচ্চগঃ শুভ-
খগৈঃ শুক্রেণ চ প্রেক্ষিতো
রিষ্টং যঃ সমুপাগতং স তু
হরেৎ সিংহো যথা সিন্দুরং॥
রিষ্টং নিহন্ত্যুঃ শুভদাঃ শশাঙ্কাৎ
পাপৈর্ব্বিনাস্তাষ্টমশত্রুসংস্থাঃ।
শুভান্বিতঃ সাধুদৃকাণবর্ত্তী
পীযূষমূর্ত্তিঃ শমযেৎ স রিষ্টং॥

শুভগ্রহদ্বাদশভাবসংস্থঃ পূর্ণঃ
শশী রিষ্টহরঃ প্রদিষ্টঃ।
লগ্নেশদৃষ্টঃ শুভদৃষ্টিযাতো
নান্যেক্ষিতো রক্ষতি রিষ্টদোষাৎ ॥

বলক্ষপক্ষে যদি জন্ম রাত্রৌ
কৃষ্ণে দিবাষ্টারিগতোঽপি চন্দ্রঃ।
ক্রমেণ দৃষ্টঃ শুভপাপখেটৈঃ
পিতেব বালং পরিরক্ষয়েৎ সঃ ॥

সংস্থঃ শশী ক্রূরখগস্য রাশৌ
রাশিস্বরেণাপি বিলোকিতশ্চ।
তদ্বর্গগো বা যদি তেন যুক্তঃ
কুর্য্যাদলং মঙ্গলমত্র নান্যৎ ॥

জন্মাধিপো নো বলবান্ কিল স্যাৎ
সৌম্যৈঃ সুহৃদ্ভিশ্চ নিরীক্ষ্যমাণঃ।
যদা তনুস্থঃ সকলৈঃ প্রদিষ্টো
রিষ্টং হি চন্দ্রেণ কৃতং নিহন্তি ॥
স্বোচ্চে স্বভে বা যদি বান্ধবর্গে
স্থিতে হিতানাঞ্চ সতাং প্রদিষ্টঃ।
শুভৈর্ন পাপাবিযুতেক্ষিতশ্চ
রিষ্টং হরেৎ পূর্ণবলঃ কলাবান্ ॥
বাচামধীশে দশমে শশাঙ্কাৎ
ব্যয়েঽঙ্গশুক্রৌ চ খলাঃ কিলায়ে।
বিলগ্নপাস্তাম্বুদশাস্ত্যলাভে শুভে-
ক্ষিতেন্দুশ্চ হরেৎ স রিষ্টং ॥
প্রসূতিকালে যদি জন্মপালঃ
কিলেক্ষিতো নির্ম্মলখেচরেন্দ্রৈঃ।
বলাধিশালী প্রলয়ং করোতি
রিষ্টস্য শীতাংশুসমুদ্ভবস্য ॥
ভবেন্নিশা জন্মনি পদ্মিনীশঃ
পরোচ্চগামী নিজবেশ্মগো বা।
তদংশকে বাথ শুভেক্ষিতশ্চ
পূর্ণঃ শশাঙ্কো নিধনং নিহন্তি।
ঘস্রেঽগ্নিভে বা গুরুভে শশাঙ্কে
বর্গোত্তমে পূর্ণকলাকলাপে।
ত্রিপুষ্করে তীব্র করোতি রিষ্টং
প্রকৃষ্টমপ্যাশু লয়ং প্রযাতি ॥
পাদে দ্বিতীয়ে যদি বা তৃতীয়ে
পুষ্যস্য তারাধিপতির্যদি স্যাৎ।
স রোহিণীনাঞ্চবলে দ্বিতীয়ে
সৌম্যেক্ষিতো রক্ষতি মৃত্যুদোষাৎ ॥

কুলীরমেষগশ্চন্দ্রঃ কেন্দ্রস্থঃ শুভবীক্ষিতঃ
গ্রস্তোঽপি রিষ্টভঙ্গায় ভবেদত্র ন সংশয়ঃ।
কেন্দ্রেষু চেদম্বরমার্গযানাং দ্বয়ং
দ্বয়ং সৌম্যখগো বিলগ্নে।
ক্ষীণোঽপি চন্দ্রঃ স্মরভাবসংস্থঃ
সংপ্রাপ্তরিষ্টং শময়েদবশ্যং ॥

ইতি চন্দ্ররিষ্টভঙ্গঃ।

মরীচিমালামলকীর্ত্তিশালী
প্রসূতিকালে প্রবলো যদি স্যাৎ।
বৃহস্পতির্মূর্ত্তিগতো নিহন্তি
রিষ্টানি নূনং মুনয়ো বদন্তি ॥

পাপৈরবীর্য্যৈশ্চ শুভৈঃ সবীর্য্যৈঃ
শুভস্য রাশৌ তনুভাবং যাতে।
নিরীক্ষিতে ব্যোমচরৈশ্চ সর্ব্বৈ-
র্নিহন্তি রিষ্টং সমুপাগতং বৈ ॥
সৌম্যবর্গাশ্রিতাঃ পাপাঃ
সৌম্যবর্গাশ্রিতৈঃ শুভৈঃ।
দৃষ্টা অপি প্রহৃষ্যন্তে
রিষ্টং নাশয়িতুং ক্ষমঃ ॥

শীর্ষোদয়স্থৈর্বিহিতং নভোগৈঃ
সমস্তখেটৈঃ খলু রিষ্টভঙ্গং।
প্রসূতিকালে বিজয়াধিশালী
শুভো হরেদ্রিষ্টমপাপদৃষ্টঃ ॥
কশ্চিদ্‌গ্রহশ্চেৎ পরিবেশগামী
ক্র রৈঃ প্রদৃষ্টঃ স তু রিষ্টভঙ্গং।
রজোবিহীনং গমনঞ্চ খস্থাঃ
সুস্থঃ ভবেয়ুর্জলদাস্থলীনাঃ ॥
মন্দানিলাশ্চেদ্বিমলা মুহূর্ত্তাঃ
প্রসূতিকালে কিল রিষ্টভঙ্গঃ।
বৃষাজকর্কাখ্য বিলগ্নসংস্থো
রাহুর্ভবেদ্রিষ্টবিনাশকর্ত্তা ॥
শুভাংশযোগা বহবো যদি স্যু-
স্তথাপি রিষ্টং বিলয়ং প্রয়াতি ॥
নক্রত্রয়ে লাভ রিপু ত্রিসংস্থঃ
কেতুস্তু হেতুর্নিধনোপশান্তেঃ।
পরস্পরং ভার্গবজীবসৌম্যাস্ত্রি-
কোণগাস্তেঽপি হরন্তি রিষ্টং
সন্ধ্যাভবো বৈধৃতি পাত ভদ্রা
গণ্ডান্তযুক্তা যদি জন্মকালে।
ভবানি রিস্টস্য বিনাশনার্থং
নিরন্তরাদৃশ্যবলেঽথ সর্ব্বে ॥
আয়ারিগস্তুঙ্গগতোপভঙ্গো
নভশ্চরো রিষ্টবিনাশকর্ত্তা।
একর্ক্ষগা ষট্ ত্রিদশায়সংস্থাঃ
সর্ব্বেঽপি রিষ্টং শময়ন্তি খেটাঃ ॥
শীতভানোস্তনোর্ব্বাপি দ্বৌ ত্রয়ো বাপ্যনেকশঃ।
একান্তস্থাস্তদারিষ্টভঙ্গো ভবতি নিশ্চিতং ॥
পাতালযাতঃ প্রবলেন্দুদৃষ্টো
নিজালয়স্থো যদি জন্মকালে।
দেবেন্দ্রমন্ত্রী দলয়ন্ত্যবশ্যম-
মঙ্গলং রিষ্টমবের্ক্ষণেন ॥
লগ্নস্থিতস্য খেটস্য ব্যয়ে বিত্তে ত্রয়স্ত্রয়ঃ।
তৎকালসুহৃদঃ খেটা রিস্টদারণকারিণঃ ॥
কেন্দ্রেম্বাপক্লিমেম্বেব যদ্বা পণফরেষু চ।
শুভাংশস্থা গ্রহাঃ সর্ব্বে রিষ্টভঙ্গকরাঃ স্মৃতাঃ ॥
অন্যোঽন্যং হি চতুর্থস্থা যুগ্মভাবমুপাগতাঃ।
স্বর্ভানুসংযুতাঃ খেটা রিস্টদোষাপহারকাঃ ॥
চতুষ্টয়ে শ্রেষ্ঠফলাধিশালী সূতৌ
নভোগোঽষ্টমগো ন কশ্চিৎ।
ত্রিংশন্মিতায়ুঃ প্রকরোতি নূনং
দশান্বিতং তৎ শুভখেটদৃষ্টঃ ॥
নিজত্রিভাগে স্বগৃহে গুরুশ্চে-
দায়ুর্মিতি স্যাৎ খলু সপ্তবিংশং।
বৃহস্পতিস্তুঙ্গগতো বিলগ্নে
ভৃগোঃ সুতঃ কেন্দ্রগতঃ শতায়ুঃ ॥
লগ্নে সুতুঙ্গে বলশালিনীন্দৌ
সৌম্যাঃ স্বভস্থাঃ খলুষষ্টিরায়ুঃ।
মূলত্রিকোণেষু শুভেষু তুঙ্গে
লগ্নে শুভাবায়ুরশীতিরেব ॥
লগ্নাষ্টমাবিন্দুযুতৌ ন চেৎ
স্যুঃ ক্রূরাঃ স্বভস্থা যদি খেচরদ্বৌ।
বলান্বিতাবম্বরগৌ ভবেতাং
জাতঃ শতায়ুঃ কথিতো মুনীন্দ্রৈঃ ॥
শূন্যে রন্ধ্রে কেন্দ্রগৈঃ সৌম্য-
খেটৈর্লগ্নে জীবে নৈধনেন্দূদয়শ্চেৎ।
নো সংদৃষ্টঃ পাপখেটৈস্তদা স্যা-
দায়ুর্মানং সপ্ততির্বৎসরাণাং ॥

ইতি জাতকাভরণে সর্ব্বগ্রহরিষ্টভঙ্গাধ্যায়ঃ।

জাতকাভরণমতে রিষ্টভঙ্গ যোগ।

জন্মসময়ে কুমুদিনী নায়ক চন্দ্রমা পরিপূর্ণ মণ্ডল থাকিয়া যদি সমস্ত গ্রহ কর্ত্তৃক অবলোকিত হন কিম্বা শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া স্বকীয় মিত্র গ্রহের নবাংশ ভাগে অবস্থিতি করেন তাহা হইলে সমুদায় রিষ্ট বিনষ্ট হইয়াথাকে। ক্ষীণ চন্দ্র স্বীয় উচ্চস্থান বৃষ-রাশিতে থাকিয়া সমুদায় শুভগ্রহ অথবা শুক্রগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে যেরূপ পশুরাজ সিংহ সিন্ধুর দর্শনে ক্রোধিত হয়, তদ্রূপ বালকের সমস্ত রিষ্ট বিনাশার্থ ক্রোধ প্রকাশ করেন অর্থাৎ রিষ্ট ভঙ্গ করিয়া থাকেন।

জন্ম কালে যে রাশিতে চন্দ্র থাকে, যদি শুভগ্রহ গণ সেই রাশির ষষ্ট সপ্তম বা অষ্টম স্থানে থাকিয়া পাপ গ্রহের সহিত অযুক্ত হয়, তবে সমুদায় রিষ্ট ভঙ্গ হয়। মধুরমূর্ত্তী চন্দ্র শুভগ্রহের সহিত মিলিত হইয়া শুভগ্রহের দ্রেক্কাণে থাকিলে সমস্ত রিষ্ট ভঙ্গ হইয়াথাকে।

জাতবালকের লগ্নের যেস্থানে শুভ গ্রহ স্থিতি করে, পূর্ণচন্দ্র যদি তাহার দ্বাদশ স্থানে থাকিয়া লগ্নাধিপতি এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় আর অন্য কোন পাপগ্রহের দৃষ্টি না থাকে তবে সমুদয় রিষ্ট দোষ নষ্ট হয়।

যদি শুক্লপক্ষে রাত্রিকালীন এবং কৃষ্ণপক্ষে দিবাভাগে কোন বালকের জন্ম হয় এবং চন্দ্র যদি শুভাশুভ উভয় গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া ঐ বালকের জন্ম লগ্নের ষষ্ট বা অষ্টম স্থানে থাকিলে পিতার ন্যায় বালককে রক্ষা করিয়া থাকে।

জন্মকালে চন্দ্র যদি কোন পাপগ্রহের গৃহে থাকিয়া সেই রাশিপতি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় কিম্বা তাহার ক্ষেত্রাদি ষড়্বর্গের কোন এক বর্গে থাকে অথবা তাহার সহিত মিলিত হয় তবে রিষ্ট ভঙ্গ হয়।

যদি জন্মলগ্নের অধিপতি গ্রহ বলহীন হয় এবং শুভগ্রহ ও স্বীয় মিত্র গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া জন্মলগ্নে স্থিতি করে, তবে চন্দ্র রিষ্ট ভঙ্গ হইয়া থাকে।

জন্মকালে পূর্ণচন্দ্র স্বীয় উচ্চ রাশি বৃষে বা স্বীয় গৃহ কর্কটে অথবা আপনার কিম্বা মিত্র গ্রহের বর্গে থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয় এবং কোন পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না থাকে তবে সমুদায় রিষ্ট দোষ নষ্ট হয়।

বালকের জন্ম সময়ে যে রাশিতে চন্দ্র শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া অবস্থিতি করে সেই স্থান হইতে দশম স্থানে বৃহস্পতি, ব্যয় স্থানে রবি ও শুক্র এবং একাদশে সমুদায় পাপগ্রহ স্থিতি করে আর জন্ম লগ্নের অধিপতি সপ্তম চতুর্থ দশম একাদশ কিম্বা দ্বাদশ স্থানে থাকে তবে সমুদায় রিষ্ট নষ্ট হয়।

জন্মকালে জন্মলগ্নের অধিপতি বলবান্ থাকিয়া উদিত শুভগ্রহ গণ কর্ত্তৃক দৃষ্ট হইলে চন্দ্র রিষ্ট দোষ বিনাশ করিয়াথাকে।

জন্মকালে বলবান্ চন্দ্র পুষ্যা নক্ষত্রের দ্বিতীয় বা তৃতীয় পাদে কিম্বা রোহিণী নক্ষত্রের দ্বিতীয় পাদে থাকিয়া শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে বালকের রক্ষা বিধান করে।

রাহুগ্রস্ত চন্দ্রও মেষ কিম্বা কর্কট রাশিতে থাকিয়া জন্মলগ্নের কেন্দ্রস্থানে গত হয় তবে সমুদায় রিষ্ট নষ্ট হয় তাহাতে সংশয় নাই।

কোন দুইটী গ্রহ জন্মলগ্নের কেন্দ্র স্থানে এবং শুভগ্রহ জন্মলগ্নে থাকে আর ক্ষীণ চন্দ্র সপ্তম স্থান গত হইলেও অবশ্য রিষ্ট নষ্ট হয়।

মুনিগণ কহিয়া থাকেন যে উদিত ও বলশালী বৃহস্পতি জাতবালকের লগ্নে থাকিলে সমুদায় রিষ্ট দোষ নষ্ট হইয়াথাকে।

পাপগ্রহ গণ বলহীন ও শুভগ্রহ গণ বলশালী থাকিয়া শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন গত হয় আর যদি সমুদায় গ্রহের দৃষ্টি থাকে তবে সমস্ত রিষ্ট দোষ বিনাশ হয়।

জন্মকালে পাপগ্রহগণ শুভবর্গ স্থিত শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হইয়া শুভগ্রহের বর্গে অবস্থিতি করে তবে সমস্ত রিষ্ট দোষ নষ্ট হয়।

বালকের জন্মকালে সমুদায় গ্রহগণ যদি শীর্ষোদয় রাশিতে অবস্থিতি করে তবে নিশ্চয় রিষ্ট ভঙ্গ হয়।

আর• গ্রহযুদ্ধে যুদ্ধবিজয়ী কোন শুভগ্রহ পাপগ্রহ কর্তৃক অদৃষ্ট হইলে রিষ্ট নষ্ট হয়।

জন্মকালে কোন গ্রহ সূর্য্যমণ্ডল-গামী হইয়া পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তবে সমুদায় রিষ্ট ভঙ্গ হইয়া থাকে।

রাহু গ্রহ মেষ বৃষ ও কর্কটরাশির কোন এক রাশিতে থাকিয়া জাতবালকের লগ্ন গত হইলে সমস্ত রিষ্ট নষ্ট হয়। আর যদি অনেক গ্রহ শুভগ্রহের নবাংশে থাকে তবে রিষ্ট ভঙ্গ হইয়া যায়।

জন্মকালে কেতুগ্রহ মকর কুম্ভ মীন রাশিতে কিম্বা জন্মলগ্নের তৃতীয় ও ষষ্ঠ স্থানে থাকিলে রিষ্ট দোষ নষ্ট হয়। যদি বুধ বৃহস্পতি ও শুক্র ইহারা পরস্পর লগ্নের ত্রিকোণ স্থানে থাকিলে সমুদায় রিষ্ট নষ্ট হইয়া থাকে।

কোনগ্রহ জন্মলগ্নের একাদশ বা ষষ্ঠ স্থানে থাকিয়া আপনার তুঙ্গ গৃহবর্ত্তী হইলে রিষ্ট ভঙ্গ হয়। যদি গ্রহগণ এক নক্ষত্রে থাকিয়া জন্মলগ্নের তৃতীয় দশম ও একাদশ স্থানের কোন একস্থানে থাকে তবে রিষ্ট নষ্ট হয়।

জন্মকালে যে রাশিতে চন্দ্র থাকে সেই স্থান হইতে কিম্বা জন্মলগ্নের এক গৃহ অন্তরে যদি দুই কিম্বা তিন বা অনেক গ্রহ মিলিত থাকে তবে রিষ্ট ভঙ্গ হয়।

যদি বালকের জন্মকালে দেবমন্ত্রী বৃহস্পতি বলবান চন্দ্র কর্তৃক দৃষ্ট হইয়া জন্ম লগ্নের চতুর্থ স্থানে নিজ গৃহে অবস্থিতি করে তবে সমুদায় অমঙ্গল বিনষ্ট হয়।

জন্মলগ্নে অবস্থিত গ্রহের তাৎকালিক মিত্রগ্রহগণ তাহার দ্বিতীয় বা দ্বাদশ স্থানে তিনটি তিনটি করিয়া অবস্থিতি করিলে রিষ্ট নষ্ট হয়।

জন্মসময়ে গ্রহগণ যদি শুভগ্রহের নবাংশ গত হইয়া কেন্দ্র পণফর বা আপোক্লিমের কোন এক স্থানে থাকিলে রিষ্ট ভঙ্গ হয়।

বালকের জন্মকালে গ্রহগণ যদি যুগ্ম রাশিতে থাকিয়া রাহুসংযুক্ত গ্রহের চতুর্থ স্থান গত হয় তবে রিষ্ট বিনষ্ট হয়।

জন্ম সময়ে শ্রেষ্ঠফলদাতা গ্রহগণ যদি কেন্দ্র স্থানে অবস্থিতি করে এবং লগ্নের অষ্টম স্থানে কোন গ্রহ না থাকে তবে বালকের ত্রিশ বর্ষ পরমায়ু হয়। যদি শ্রেষ্ঠ-ফলদাতা গ্রহগণ শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তবে চত্বারিংশ বর্ষ পরমায়ু হইবে।

বালকের জন্মকালে বৃহস্পতি আপনার দ্রেক্কাণে থাকিয়া স্বীয় গৃহে অবস্থিতি করিলে সপ্তবিংশতি বর্ষ বালকের পরমায়ু হয়। যদি বৃহস্পতি নিজ উচ্চ রাশিতে জাতবালকের লগ্নে স্থিতি করে আর ভৃগুতনয় শুক্র কেন্দ্র স্থান গত হয় তবে বালক শতায়ু হইয়া থাকে।

যদি বলবান্ চন্দ্রমা স্বীয় সুতুঙ্গে থাকিয়া বালকের লগ্ন গত হয়, আর শুভগ্রহগণ স্ব স্ব ক্ষেত্রে অবস্থিতি করে তবে ষাট্ বর্ষ আয়ু হইয়া থাকে। আর শুভগ্রহগণ মূল-ত্রিকোণে কিম্বা উচ্চে থাকিয়া লগ্নস্থ হইলে অশীতি বর্ষ পরিমিত আয়ু হইবে।

জন্মলগ্ন ও তাহার অষ্টম স্থান যদি চন্দ্র সংযুক্ত হয়, আর পাপগ্রহগণ অন্য গ্রহের ক্ষেত্রে অবস্থিতি করে এবং বলবান্ কোন দুই গ্রহ লগ্নের দশম স্থানে থাকিলে মুনিগণ বালকের শতায়ু কহিয়া থাকেন।

জন্মকালে শুভগ্রহগণ লগ্নের দশমে বা অষ্টমে কিম্বা কেন্দ্রস্থানে স্থিতি করে আর বৃহস্পতি লগ্নে এবং চন্দ্র পাপগ্রহ কর্তৃক অদৃশ্য হইয়া অষ্টম স্থানে থাকিলে বাল-কের সপ্ততি বর্ষ আয়ু পরিমাণ হইয়া থাকে।

ইতি জাতকাভরণে সর্ব্বগ্রহ রিষ্টভঙ্গাধ্যায় সমাপ্ত।

অথ মূলবৃক্ষবিচারস্তু যুদ্ধজয়ার্ণবে উক্তঃ।

মূলং স্তম্ভং ত্বক্ চ শাখা পত্রং পুষ্পং ফলং শিখা।
মুনয়োঽষ্টৌ দিশো রুদ্রাঃ সূর্য্যাঃ পঞ্চাব্দয়োঽগ্নয়ঃ॥
মূলে তু মূলনাশঃ স্যাৎ স্তম্ভে বংশবিনাশনং।
ত্বচি মাতুর্ভবেৎ ক্লেশঃ শাখায়াং মাতুলস্য চ॥

পত্রে রাজ্যং বিজানীয়াৎ পুষ্পে মন্ত্রিপদং স্মৃতং।
ফলে চ বিপুলালক্ষ্মীঃ শিখায়ামল্পজীবিতং ॥

অথ মূলপুরুষস্যাঙ্গে ঘটীন্যাসস্তত্রৈব।

মূলস্য ঘটিকান্যাসো মূর্দ্ধ্নি পঞ্চ নৃপো ভবেৎ।
মুখে সপ্ত মৃতিঃ পিত্রোঃ স্কন্ধে বেদা মহাবলঃ ॥
বাহ্বোরষ্টৌ বলী পাণ্যোস্তিস্রো হত্যান্বিতো ভবেৎ।
হৃদি খেটা ভূপমন্ত্রী নাভৌ দ্বৌ ব্রহ্মবিদ্ভবেৎ ॥
গুহ্যে দশাতিকামীস্যাজ্জানুনোঃ সপ্তহামতিঃ।
পাদয়োঃ ষট্ মৃতিস্তস্যেত্যুক্তবান্ কমলাসনঃ ॥

অথাশ্লেষাজাতয়োঃ পুত্রকন্যয়োরঙ্গ
বিভাগেন ফলং তত্রৈব ॥

মূর্দ্ধ্নি পঞ্চসু রাজ্যাপ্তির্মুখে সপ্ত পিতৃক্ষয়ঃ।
নেত্রে দ্বে জননী নাশো গ্রীবায়াং ত্রিষু লম্পটঃ ॥
স্কন্ধে বেদা গুরৌ ভক্তির্হস্তেঽষ্টৌ চ বলী ভবেৎ।
হৃদ্যেকাদশভিশ্চাত্মঘাতী সংজায়তে নরঃ ॥
স্ত্রিয়া নাভৌ ভ্রমঃ ষড়্ভির্গুদে নব তপোধনঃ।
পাদে পঞ্চ ধনং হন্তি সার্পাদেতৎ ফলং ক্রমাৎ ॥

অথাশ্লেষাবৃক্ষোঽপি তত্রৈব।

ফলং পুষ্পং দলং শাখা ত্বক্ লতা স্কন্ধ এব চ।
সার্পেবল্ল্যাং দশাঙ্কাঙ্কস্মরবিশ্বার্কসাগরাঃ ॥
নাড়িকাস্তদ্ভবে বালে ফলং জ্ঞেয়ং যথাক্রমং।
শ্রীঃ শ্রীরাজভয়ং হানির্ম্মাতৃপিত্রাত্মসংক্ষয় ইতি ॥

অথ মূলনিবাসং সফলমাহ মুহূর্ত্তচিন্তামণৌ।
জ্যোতিষার্ণবে চ ॥

স্বর্গে শুচি প্রোষ্ঠপদেষ মাঘে
ভূমৌ নভঃ কার্ত্তিক চৈত্র পৌষে।
মূলং হ্যধস্তাত্তু তপস্যমার্গে
বৈশাখশুক্রেষ্বশুভঞ্চ তত্র ॥
ভূমিস্থং দোষবহুলং স্বল্পমন্যত্র সংস্থিতং ॥

জ্যোতির্নিবন্ধে।

মূলাশ্বি পিত্র্যচরণে প্রথমে চ নূনং
পৌষ্ণেন্দ্রয়োশ্চ ফণিনশ্চ তুরীয়পাদে।
মাতুঃ পিতুঃ স্ব বপুষোঽপি করোতি নাশং
জাতো যদা নিশিদিনেঽপ্যথ সন্ধয়োর্ব্বা ॥

নারদঃ।

মূলজা শ্বশুরং হন্তি ব্যালজা চ তদঙ্গনা।
ঐন্দ্রী পত্যগ্রজং হন্তি দেবরন্তু দ্বিদৈবজা ॥
শান্তির্ব্বা পুষ্কলা চেৎ স্যাত্তর্হি দোষো ন কশ্চন ॥

প্রমিতাক্ষরায়াং ॥

উত্তরাতিষ্য চিত্রাসু পূর্ব্বাষাঢ়োদ্ভবস্য চ।
কুর্য্যাচ্ছান্তিং প্রযত্নেন নক্ষত্রাকারজাং বুধৈঃ ॥
চিত্রাদ্যর্দ্ধে পুষ্যপাদে দ্বিতীয়ে
পূর্ব্বাষাঢ়াধিষ্যপাদে দ্বিতীয়ে।
জাতঃ পুত্রশ্চোত্তরাদ্যে বিঘাতী
মাতাপিত্রোর্ভ্রাতুরপ্যাত্মনশ্চ ॥
দ্বিমাসস্যোত্তরাদোষঃ পুষ্যশ্চৈব ত্রিমাসিকঃ।
পূর্ব্বাষাঢ়াষ্টমে মাসি চিত্রা ষাণ্মাসিকং ফলং ॥
নবমাসং তথাশ্লেষা মূলঞ্চাষ্টৌ সমাঃ স্মৃতাঃ।
জ্যেষ্ঠা মাসে পঞ্চদশে পুত্রদর্শনবর্জ্জিতাঃ ॥
উত্তরে তিলপাত্রং স্যাত্তিষ্যে গোদানমিষ্যতে।
অজাং চিত্রাসু বৈ দেয়া পূর্ব্বাষাঢ়ে তু কাঞ্চনং।
যবাংশ্চ ব্রীহিমাষাংশ্চ তিলমুদ্গাংশ্চ দাপয়েৎ ॥
যথাবিত্তানুসারেণ কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনং।

ভরদ্বাজঃ।

জ্যেষ্ঠাদৌ মাতৃজননীং মাতামহং দ্বিতীয়কে।
তৃতীয়ে মাতুলং হন্তি চতুর্থে জননীন্তথা ॥
আত্মানং পঞ্চমে হন্তি ষষ্ঠে গোত্রক্ষয়ো ভবেৎ।
সপ্তমে কুলনাশঃ স্যাদষ্টমে জ্যেষ্ঠসোদরং ॥
নবমে শ্বশুরং হন্তি সর্ব্বস্বং দশমে তথা ॥

জ্যেষ্ঠান্ত্যপাদস্ত পিতুশ্চ স্বস্য চাপি বিনাশকঃ।
জ্যেষ্ঠর্ক্ষে কন্যকা জাতা হন্তি শীঘ্রং ধবাগ্রজং ॥

সারাবল্যাং।

কুলীরমীনালিগৃহাদি সন্ধিং
বদন্তি গণ্ডান্তমিতি প্রসিদ্ধাঃ ॥
জাতো ন জীবতি নরো মাতু-
রপথ্যো ভবেৎ স্বকুলহন্তা।
যদি জীবতি গণ্ডান্তে বহু-
গজতুরগো ভবেন্নৃপতিঃ ॥

দন্তজন্মনি বালকস্য শুভাশুভফলমাহ
তন্ত্রান্তরে।

জাতঃ সদন্তঃ পিতৃমাতৃহন্তা
তাতং নিহন্যাৎ প্রথমে তু মাসে।
অম্বাং দ্বিতীয়ে সহজং তৃতীয়ে
মাসে চতুর্থে শুভকারকঃ স্যাৎ ॥
মিষ্টান্নভোগী সুভগঃ সুতাখ্যে
নষ্ঠে সুখী পণ্ডিতকল্পবুদ্ধিঃ।
ততোঽধিকঃ স্যাদ্বলবান্নগাখ্যে
মাসেঽষ্টমে বিত্তসুখৈর্ব্বিহীনঃ ॥
শূরঃ প্রতাপী নবমে বিভুঃ স্যাৎ
প্রাপ্নোতি মৃত্যুং দশমে চ মাসে।
একাদশে দ্বাদশকে চ মাসে
প্রজাতদন্তঃ সুভগঃ সুখী স্যাৎ ॥

অষ্টৌপুত্তলিকান্ কৃত্বা সুগন্ধৈর্গন্ধকৈস্তথা।
স্রোতঃসু সংক্রমে চাপি স্নাপয়েৎশুক্লপুষ্পকৈঃ ॥
স্নানং সংক্রমণস্যাধঃ শস্তোর্দ্দর্শনমন্ততঃ।
হোমং বিপ্রার্চ্চনঞ্চৈবমশুভে দন্তদর্শনে ॥

যুদ্ধজয়ার্ণবোক্ত মূলবৃক্ষ বিচার।

অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র সর্ব্বদা রাশিচক্রে অবস্থিতি করিতেছে এই সমুদায় নক্ষত্র প্রায় যাট দণ্ড পরিমাণে ব্যবহৃত হইয়াথাকে। পূর্ব্বপূর্ব্ব আচার্য্যগণ এই নক্ষত্র মধ্যে মূলানক্ষত্রে মূলবৃক্ষ নামে একটি বৃক্ষ কল্পনা করিয়াছেন যেরূপে সেইবৃক্ষের মূলাদি বিভক্ত করিতে হয় তাহা নিম্নে প্রকাশিত হইতেছে।

মূলা নক্ষত্রের সাতদণ্ড মূল, আট দণ্ড স্তম্ভ, দশদণ্ড ত্বক্, এগার দণ্ড শাখা, বারদণ্ড পত্র, পাঁচদণ্ড পুষ্প, চারদণ্ড ফল এবং তিনদণ্ড শিখা রূপে কল্পিত হইয়াথাকে। মূলবৃক্ষের এইরূপ দণ্ড পরিমাণ ৬০ যাটদণ্ড অনুসারে হয়, কদাচিৎ এই পরিমাণের ন্যূনাধিক হইলে মূলাদি ভাগের ন্যূনাধিক হইয়া থাকে।

মূলবৃক্ষের মূল ভাগে কোন বালকের জন্ম হইলে সেই বালক পিতা মাতার সহিত সমূলে বিনষ্ট হয়, স্তম্ভে জন্ম হইলে বংশ বিনাশ, ত্বক্ ভাগে মাতার ক্লেশ, শাখা ভাগে মাতুলের কষ্ট হয়, পত্রে জন্ম হইলে রাজ্য প্রাপ্তি, পুষ্পে জন্ম হইলে মন্ত্রিপদ লাভ এবং ফলভাগে বিপুল লক্ষ্মী লাভ ঘটিয়াথাকে। যদি শিখাভাগে জন্ম হয় তবে বালক স্বল্পায়ু হয়।

মূল পুরুষের শরীরে যে প্রকারে দণ্ডবিন্যাস করিতে হয় তাহার বিধিও যুদ্ধ জয়ার্ণবে প্রকাশিত আছে অধুনা সেই দণ্ডবিন্যাস-ক্রম প্রকাশিত হইতেছে।

মূল পুরুষের মস্তকে পাঁচদণ্ড, মুখে সাতদণ্ড, স্কন্ধে চারদণ্ড, বাহুতে আটদণ্ড, হস্তে তিনদণ্ড, হৃদয়ে নয়দণ্ড নাভিদেশে দুইদণ্ড, গুহ্যে দশদণ্ড, জানুযুগলে ছয়দণ্ড এবং পদযুগলে ছয়দণ্ড বিন্যাস করিবে মস্তকে যে পাঁচদণ্ড কল্পিত হইয়াছে, যদি ঐ দণ্ডমধ্যে কোন বালকের জন্ম হয় তবে সেই বালক ভূপতি হইবে এবং মুখে জন্ম হইলে বালকের পিতা-মাতার মৃত্যু ঘটিবে। স্কন্ধভাগে মহাবল এবং বাহুযুগলে বলী হস্তযুগলে হত্যা যুক্ত, হৃদয়ে রাজমন্ত্রী, নাভিতে ব্রহ্ম-জ্ঞানী, গুহ্যে কামী, জানুযুগলে মহামতি ও পাদযুগলে মৃত্যু কর হয়। ভগবান্ কমলাসন মূল পুরুষের এইরূপ ফল কহিয়াছেন।

অধুনা অশ্লেষা নক্ষত্র প্রসূত বালক বালিকার অঙ্গ বিভাগ কথিত হইতেছে।

যদি অশ্লেষা নক্ষত্রে কোন বালক কি বালিকার জন্ম হয়, তবে অশ্লেষা নক্ষত্রের প্রথম পাঁচদণ্ড মস্তকরূপে কল্পিত হয় ঐ সময়ের ফল রাজ্য প্রাপ্তি, মুখে সাতদণ্ড তাহার ফল পিতৃ বিনাশ, নেত্রে দুইদণ্ড জননী বিনাশ গ্রীবায় তিনদণ্ড লম্পট, স্কন্ধে চারদণ্ড গুরুভক্তি, হস্তে আট্ দণ্ড বলবান্, হৃদয়ে একাদশদণ্ড আত্মঘাতী, নাভিদেশে ছয়দণ্ড স্ত্রীলাভ ও ভ্রম, গুহ্যে নয় দণ্ড তপস্বী, পদে পাঁচ দণ্ড ধন নাশ হইয়াথাকে। এই সমুদায় ফল যাট্ দণ্ড পরিমাণে কথিত আছে। যদি নক্ষত্রের পরিমাণ দণ্ডের তারতম্য হয় তবে মস্তকাদি স্থানের দণ্ডমানের তারতম্য হইবে।

অশ্লেষা বৃক্ষ বিচার।

অশ্লেষা বৃক্ষের ফল দশ দণ্ড, পুষ্প পাঁচ দণ্ড, পত্র নয় দণ্ড, শাখা সাত দণ্ড, ত্বক্ তেরদণ্ড, লতা বার দণ্ড এবং স্কন্ধ চার দণ্ড হইয়া থাকে।

এই নক্ষত্রের ফলভাগ দণ্ডে জন্ম হইলে শ্রীলাভ, পুষ্প ভাগেও ঐরূপ, দলে রাজ ভয়, শাখায় হানি, ত্বক্ ভাগে মাতার বিনাশ, লতায় পিতার ও স্কন্ধে আত্ম বিনাশ হয়।

মুহূর্ত্ত চিন্তামণি ও জ্যোতিষার্ণবমতে মূলার নিবাস নির্ণয়।

আষাঢ়, ভাদ্র, আশ্বিন ও মাঘ মাসে স্বর্গলোকে, শ্রাবণ, কার্ত্তিক, চৈত্র ও পৌষমাসে ভূতলে এবং ফাল্গুন, অগ্রহায়ণ, বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে পাতাল ভবনে মূলা নক্ষত্র অবস্থিতি করে। যৎকালে ভূমণ্ডলে মূলানক্ষত্রের অধিষ্ঠান থাকে তখন কোন বালকের জন্ম হইলে ঐবালক অনেক দোষ যুক্ত হয়। অন্যত্র থাকিলে যৎকিঞ্চিৎ দোষ কর হইয়া থাকে।

জ্যোতির্নিবন্ধে।

মূলা, অশ্বিনী ও মঘা নক্ষত্রের প্রথম পাদে, এবং রেবতী, জ্যেষ্ঠা ও অশ্লেষার চতুর্থ পাদে কোন বালকের জন্ম হইলে সেই বালক মাতা পিতার ও স্বীয় দেহের বিনাশ কর হয় এইযোগে দিবা, নিশা কিম্বা সন্ধ্যা জন্মের কোন প্রভেদ নাই অর্থাৎ সর্ব্বদাই এইরূপ ফল প্রাপ্ত হইবে।

নারদ বলেন যে মূলা ও অশ্লেষা নক্ষত্রে কোন বালিকার জন্ম হইলে সেই বালিকা শ্বশুরঘাতিনী হয়, জ্যেষ্ঠা নক্ষত্রে জন্ম হইলে পতির অগ্রজ ভ্রাতা ও অশ্বিনী নক্ষত্রে জন্ম হইলে দেবর অর্থাৎ পতির কনিষ্ঠ ভ্রাতার মৃত্যু হয়। এই সমুদায় নক্ষত্রের যে সমস্ত শান্তি উল্লেখ আছে তাহা করিলে এই দোষ বিনষ্ট হয়।

প্রমিতাক্ষরা।

উত্তর ফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ পুষ্যা ও পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে কোন বালকের জন্ম হইলে ঐ নক্ষত্র সকলের আকার জাত যে সমস্ত শান্তি বিহিত আছে যত্নপূর্ব্বক তাহা করা কর্ত্তব্য।

চিত্রা নক্ষত্রের পূর্ব্বার্দ্ধে, পুষ্যা নক্ষত্রের দ্বিতীয় পাদে এবং পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের দ্বিতীয় চরণে ও উত্তরার আদ্য পাদে কোন বালকের জন্ম হইলে সেই বালক মাতা পিতা ভ্রাতা ও আপনার মৃত্যুকর হইয়া থাকে।

উত্তারত্রয়ে জন্ম হইলে উত্তরাসংক্রান্ত দোষ দুই মাস কাল ব্যবহৃত হয়, এবং পুষ্যা নক্ষত্রে তিন মাস, পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে আট মাস, চিত্রা নক্ষত্রে ছয় মাস, অশ্লেষা নক্ষত্রে নয় মাস, মূলা নক্ষত্রে আট বৎসর এবং জ্যেষ্ঠা নক্ষত্রে পোনের মাস দোষ থাকে। এই নক্ষত্রে যদি কোন বালক জন্ম গ্রহণ করে তবে এই নক্ষত্রের দোষ কাল পরিমিত সময়ে কদাচ বালককে দেখিবে না। দোষ কাল অতীত হইলে শান্তি করিয়া বালককে দেখিবে।

উত্তরাত্রয়ে তিল পূর্ণ পাত্র, পুষ্যায় গো, চিত্রায় অজা এবং পূর্ব্বাষাঢ়ায় কাঞ্চন প্রদান করিবে। যব ব্রীহি মাষ কলায় তিল ও মুগ ইহার প্রত্যেক নক্ষত্রেই দিতে হইবে। এই সমস্ত দান আপনার বিত্ত অনুসারে করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে।

ভরদ্বাজ কহিয়াছেন।—যে জ্যেষ্ঠা নক্ষত্রের প্রথম দণ্ডে বালকের জন্ম হইলে মাতার জননী নাশ হয়, দ্বিতীয় দণ্ডে মাতামহ, তৃতীয় দণ্ডে মাতুল, চতুর্থে জননী,

পঞ্চমে বালকের হানি, ষষ্ঠে গোত্র ক্ষয়, সপ্তমে কুলনাশ অষ্টমে জ্যেষ্ঠ ভ্রাতা, নবমে শ্বশুর এবং দশমে সর্ব্বস্ব বিনাশ হইয়া থাকে।

যদি জ্যেষ্ঠা নক্ষত্রের শেষপাদে জন্ম হয় তবে সেই বালক স্বয়ং আপনার ও পিতার বিনাশকর হয়। জ্যেষ্ঠা নক্ষত্রে কন্যার জন্ম হইলে সেই কন্যা স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতার মৃত্যুকর হইবে।

কল্যাণবর্ম্মকৃত সারাবলী মতে।—কর্কট মীন বৃশ্চিক লগ্নের সন্ধি, গণ্ডান্ত নামে প্রসিদ্ধ হইয়াছে। যদি কোন বালকের গণ্ড সময়ে জন্ম হয়, তবে সেই বালক নিজ জননীর অতৃপ্তিকর ও স্বীয় কুলঘাতক হয় এবং আপনিও জীবিত থাকে না। গণ্ডান্ত জাত বালক যদি দৈবাৎ জীবিত থাকে তবে অনেক হস্তী ঘোটক বিশিষ্ট ভূপতি হইয়া থাকে। অর্থাৎ ঐ বালক সৌভাগ্যশালী হয়।

অধুনা দন্তবিশিষ্ট জাতবালকের
শুভাশুভ কথিত হইতেছে।

যদি দন্তবিশিষ্ট কোন বালক মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হয় তবে ঐ শিশু মাতা পিতার মৃত্যুদায়ক হয় এবং যদি জাত বালকের এক মাস মধ্যে দন্ত উৎপন্ন হয় তবে তাহার পিতার মৃত্যু হয়, দুই মাসে দন্ত হইলে মাতার ও তিনমাসে দন্ত হইলে ভ্রাতার বিনাশকর হইয়া থাকে। চতুর্থ মাসে দন্ত হইলে সকল শুভকর হয় কেহ কেহ এই স্থলে এরূপ পাঠান্তর করিয়া থাকেন যে "মাসে চতুর্থে বহুদুঃখ ভাক্ স্যাৎ" তাঁহাদের মতে চতুর্থ মাসে দন্তহইলে দুঃখভাগী হইবে। যদি পঞ্চম মাসে দন্ত হয় তবে বালক শুভগামী ও প্রায় মিষ্টান্ন উপভোগ করে, ছয় মাসে দন্ত হইলে সুখী ও পণ্ডিত কল্প বুদ্ধি বিশিষ্ট হয়। সপ্তম মাসে দন্ত হইলে বালক বলবান্ হয় এবং অষ্টম মাসে দন্ত হইলে ধন ও সুখ বিহীন হইয়া থাকে। নবম মাসে দন্ত হইলে শূর প্রতাপশালী প্রভু হইবে। দশম মাসে দন্ত হইলে বালকের মৃত্যু হয়, একাদশ ও দ্বাদশ মাসে দন্ত হইলে সর্ব্বমঙ্গলময় ও সুখী হইয়া থাকে।

পূর্ব্বে দন্ত নির্গমনের শুভাশুভ ফল যাহা কথিত হইয়াছে, যদি ঐ অশুভ সময়ে কোন বালকের দন্ত প্রকাশ হয় তবে তাহার প্রতীকারের নিমিত্ত সুগন্ধ গন্ধ দ্রব্যের দ্বারা আটটি পুত্তলিকা প্রস্তুত করিয়া যথায় জল স্রোত সংক্রম হয়, শুক্ল পুষ্প ও ঐ পুত্তলিকার সহিত বালককে তথায় স্নান করাইবে। পরে স্রোতঃ সংক্রমণ হইলে বালককে শিবলিঙ্গ দর্শন করাইয়া হোম ও বিপ্র পূজা করিলে ঐ দোষ বিনষ্ট হইবে।

পঞ্চস্বরায়াং।

বালস্য জন্মমাত্রেণ জন্মরিষ্টং বিচিন্তয়েৎ।
চতুর্ব্বিংশতিবর্ষাণি যাবদ্গচ্ছন্তি জন্মতঃ॥
তাবদ্রিষ্টং বিধাতব্যমায়ুর্দ্দায়ং ন চিন্তয়েৎ।
ঊর্দ্ধরেখাত্রয়ং লেখ্যং তির্য্যগ্রেখাত্রয়ং তথা॥
বেধস্তির্য্যক্ ক্রমাদ্দেয়ো দ্বাভ্যাং দ্বাভ্যাংপরস্পরং।
ষড়েখাস্তু সমালিখ্য পতাকীবেধনির্ণয়ে॥
রব্যাদিগ্রহরিষ্টেন জন্মরিষ্টির্ব্বিধীয়তে।
গ্রহদানে বিচারে তু অন্তে মেষং সুনিশ্চিতং।
বেদাদিরঙ্কদানে তু মধ্যে মেষং বিনির্দ্দিশেৎ॥
বেদ পঞ্চ নখং দত্বা বহ্ন্যষ্ট সময়ন্তথা।
ভুবনং যুগলঞ্চৈব দশ দেয়া অতঃপরং॥
কলসাদ্দন্দ্বপর্য্যন্তমঙ্কদানং সুনিশ্চিতং।
উচ্চস্থানং গ্রহাণাঞ্চ রব্যাদীনাং যথা ক্রমাৎ॥

অঙ্কদানমাহ।

মীনকর্কিতুলাকুম্ভসিংহকীটমৃগাঙ্গনাঃ।
ধন্বী বাথ তুলা কীট ধন্বীবদ্দন্দ্ব গো ক্রিয়ঃ॥

মেষাদিক্রমেণাঙ্কপিণ্ডমাহ।

দিক্কাল নখ বাণেভ দৃঙ্নখং কাল দিগ্ধনুঃ।
রামো বেদাশ্চ মেষাদি শতমষ্টোত্তরং স্মৃতং॥

চতুষ্প্রকার বেধমাহ।

লগ্নে বা দক্ষিণে বামে সম্মুখে গ্রহসংস্থিতে।

দণ্ডে জ্ঞেয়ং শিশো রিষ্টং দিনং মাসঞ্চ হায়নং।
যথাঙ্কো দৃশ্যতে মাসং দিনং বর্ষং তথৈব চ॥
গ্রহাণাঞ্চ বলং বুদ্ধা পূর্ব্বোক্তন্তু বিনির্দ্দিশেৎ।
সবলে চ গ্রহে পাপে দিনমাত্রং বিধীয়তে।
তথা মধ্যবলে মাসং বর্ষঞ্চৈব তথাঽবলে॥
বলান্বিতে শুভে বাপি বর্ষং বিদ্যাদ্যথা তথা।
মধ্যে বলে তথা মাসং ক্ষীণে মৃত্যুস্তথা দিনে॥
পাপগ্রহযুতে লগ্নে দৃষ্টে বা শক্ররাশিগে।
তদা দিনং ভবেত্তস্য মরণঞ্চ সুনিশ্চিতং॥
তুল্যদৃষ্টির্দ্বয়োর্ব্বাপি ভবেদেকত্র ভে যদি।
তদা মাসং বিধাতব্যং গ্রহাণাঞ্চ বলাবলে॥
শুভদৃষ্টে শুভযুতে শুভস্থানস্থিতেঽপি বা।
তদা বর্ষং বিজানীয়াৎ স্বামিনা দৃশ্যতে যদি॥
চতুর্ব্বিংশতিবর্ষাণি সর্ব্বেষাং রিষ্টিসম্মতং।
জ্যোতির্ব্বিদঃ সদা সর্ব্বে চাহয়ন্তি পুনঃ পুনঃ॥
নবনেত্রাণি বর্ষাণি যাবদ্গচ্ছন্তি জন্মতঃ।
তাবদ্রিষ্টং মমমতং গুপ্তরূপং ন চান্যথা॥
অশুভে দণ্ডসংযোগে ক্ষীণে পাপযুতে যদি।
শুভগ্রহা ন পশ্যন্তি তত্র বর্ষং নিযোজয়েৎ॥
বর্গোত্তমে স্বতুঙ্গে বা কেন্দ্রে বা গুরুশুক্রয়োঃ॥
তথাপি প্রবলে পাপে বর্ষভাগো ন লুপ্যতে॥

বেধমাহ।

কর্কে ধনুষি মীনে চ হরিকীটঘটেষু চ।
কন্যামকরযুকেষু তুলামীনাঙ্গনাসু চ॥
বৃশ্চিকে চ ঘটে সিংহে ধনুর্ম্মকরকর্কিষু।
মকরে কার্ম্মুকে নার্য্যাং কুম্ভে সিংহে চ বৃশ্চিকে।
মীনে তুলায়াং কর্কে চ মেষে কন্যা ধনুর্ব্বষে।
বৃষে চ বৃশ্চিকে সিংহে তথা কুম্ভধরেঽপি চ।
দ্বন্দ্বে চ মকরে কর্কি তুলায়াং বেধনির্ণয়ঃ॥

পিণ্ডস্থানানাং রিষ্টকালপিণ্ডমাহ।

একোনত্রিংশতিঃ কর্কে সিংহে সপ্তদশস্মৃতং।
ষট্‌ত্রিংশচ্চৈব কন্যায়াং যূকে ষড়্‌বিংশতিস্তথা।
বৃশ্চিকে সিংহবজ্জ্ঞেয়ং নবযুগ্মে ধনুর্দ্ধরে॥
ষড়্‌বিংশতিস্তু মকরে কুম্ভে সপ্তদশৈব চ।
যথা ধনুস্তথা মীনে মেষে ষোড়শ উচ্যতে॥
বৃষভে সিংহবজ্‌জ্ঞেয়ং মিথুনে নবনেত্রয়োঃ।
পতাকীবেধসংজ্ঞোয়মায়ুর্দ্দায়ং যথাক্রমং॥
ত্রিতয়ে ত্রিতয়ে ঋক্ষে দিনং মাসো বিধীয়তে।
যথান্যায়ং যথাযোগ্যং বর্ষভাগং বিনির্দ্দিশেৎ॥
শুভে চ দণ্ডসংযোগে সর্ব্বত্র পাপবর্জ্জিতে।
বালস্য কুশলং সর্ব্বং শুভৈর্যদি সমন্বিতং॥
অশুভে দণ্ডসংযোগে সর্ব্বত্র সৌম্যবর্জ্জিতে।
বালস্য মরণং শীঘ্রং যদি পাপৈঃ সমন্বিতং॥
এতদুক্তং মমমতং শিশোরিষ্টঞ্চ সর্ব্বদা।
অপরো রিষ্টযোগশ্চ অন্যেষান্তু মতে স্থিতঃ॥
পূর্ব্বং বেদাদয়ো যেঽঙ্কাস্ত্রিষু স্থানেষু কীর্ত্তিতাঃ।
তেষাং সম্মীলনাদ্দেব একীকৃত্য প্রকীর্ত্তিতাঃ॥
পতাকী বেধসংজ্ঞেঽস্মিন্নায়ুর্দ্দায়ং সুনিশ্চিতং।
চক্রপাতং গ্রহাণাঞ্চ বীক্ষ্যায়ুঃ স্ফুটমাদিশেৎ॥

অথ বস্ত্রজ্ঞানে দণ্ডাধিপজ্ঞানমাহ।

কোষ্ঠীসারাবল্যাং।

দগ্ধবস্ত্রং রবের্দ্দণ্ডে শ্বেতঞ্চ শশিনস্তথা।
ভৌমে সরক্তহারিদ্রং বুধে ছিদ্রং নবাংশুকং।
গুরোশ্চিত্রং ভৃগোশ্ছিন্নং ছিন্নভিন্নং শনৈশ্চরে।
রাহোর্জীর্ণঞ্চ শীর্ণঞ্চ কৃষ্ণং বৈতি সুনিশ্চিতং॥

অথ পতাকীবেধঃ। যথা জ্যোতিস্তত্ত্বে।

তীর্য্যগূর্দ্ধগতারেখাস্তিস্রো দেয়াঃ পতাকয়া।
যুতাঃ কার্য্যা বেদবিদা সর্ব্বসঙ্গত রেখয়া॥
দক্ষস্থোদ্গতরেখাতো বামং মেষাদ্যরাশয়ঃশ
পঞ্চাষ্টযুগ্মবিংশাংশ্চ ষড়্‌দশেন্দ্রাগ্নিসাগরাঃ॥

কর্কটান্মীনপর্য্যন্তমঙ্কাদেয়া যথাক্রমং।
বালস্য জন্মকালীন গ্রহলগ্নমজাদিষু ॥
বিন্যস্য চিন্তয়েৎ প্রাজ্ঞঃ শুভাশুভং যথাক্রমং।
শুভদণ্ডযোগবেধৈর্লগ্নাদ্বালস্য শোভনং ॥
পাপদণ্ডযোগবেধাদ্রাশ্যঙ্কাদ্রিষ্টিকালবিৎ।
বলাধিকে দিনং মধ্যে মাসো হীনে চ হায়নং ॥
কর্কি মীনধনুর্ভ্যাঞ্চ হরিঃ কীট ঘটেন চ।
স্ত্রিয়া স্তৌলিমৃগাভ্যাঞ্চ ধটো মীনে চ কন্যয়া ॥
ধনুষো মৃগকর্কিভ্যাং মকরে ধনুষাস্ত্রিয়া।
মীনে কর্কিতুলাভৃঙ্গ্যাং মীন স্ত্রী ধনুষা ঝষে ॥
তুলাকর্কিমৃগৈর্দ্বন্দ্বে কীটকুম্ভবৃষেষু চ।
সিংহবদ্বেধমেতেষু বামদক্ষিণ সম্মুখে ॥
রাহুকেত্বর্কসৌরারৈঃ পাপৈর্বিদ্ধো যুতোঽশুভঃ।
তদন্যৈর্যুতবিদ্ধস্ত লগ্নরাশিঃ শুভপ্রদঃ ॥
একোনবিংশতিঃ কর্কে সিংহে সপ্তদশৈব তু।
ষট্‌ত্রিংশদবলায়াঞ্চ ষড়্‌বিংশতিস্তুলাধরে ॥
বৃশ্চিকে সিংহবজ্জ্ঞেয়মূনত্রিংশচ্ছরাসনে।
ষড়্‌বিংশং মকরে জ্ঞেয়ং কুম্ভে সপ্তদশস্মৃতাঃ ॥
নবযুগ্মন্তথামীনে মেষে ষড়্‌দশভিস্তথা।
বৃষভে চ যথা সিংহে যুগ্মেঽঙ্কহরলোচনে ॥
ত্রিতয়াঙ্কাদিয়ং সংখ্যা দিনমাসাব্দনির্ণয়ে।
একাঙ্কাদ্দিগ্রহাঙ্কাদ্বা কচিদ্রিষ্টেশ্চ সম্ভবঃ ॥
বারেশাদর্দ্ধযামেষু রাত্র্যহ্নোঃ পঞ্চ ষট্‌ক্রমাৎ।
অধিপাঃ স্যুগ্রহাস্তত্র যথার্কাহে ভবন্তি তে ॥
রবীজ্যেন্দুভৃগুক্ষ্মাজশনিজ্ঞরবয়ো নিশি।
রবিশুক্রজ্ঞ রাত্রীশশনীজ্যকুজভাস্করাঃ ॥
দিনে তুহ্যাঃ পরেষ্বেবং তত্রাধ্যক্ষাশ্চতুর্গ্রহাঃ।
পাপদণ্ডে ভবেদ্রিষ্টিঃ শুভদণ্ডে শুভং ভবেৎ ॥
শুভগ্রহস্য দণ্ডে তু কর্ম্মরম্ভাচ্ছুভং ভবেৎ।
আরম্ভাৎ পাপদণ্ডে তু কর্ম্মনিষ্ফলতাং ব্রজেৎ ॥

যস্যার্দ্ধযামস্তস্যৈব প্রাগ্দণ্ডঃ সমুদাহৃতঃ।
ষট ষট্‌ পরীত্য দণ্ডার্শ্চ ত্রয়ো রাত্রৌ মতা যথা ॥

আদিত্যে ভৃগুজো বুধোঽপি চ
শশী সোমে শনীজ্যৌ কুজৌ
ভৌমেঽর্কঃ সিতসোমজৌ চ
শশিজে সোমঃ শনির্বাক্‌পতিঃ ॥
জীবেঽঙ্গাররবী ভৃগুর্ভৃগুসুতে
সৌম্যেন্দুমার্ত্তণ্ডজাঃ
কালে জীবমহীজতিগ্ম-
কিরণা রাত্রৌ চ দণ্ডাধিপাঃ ॥

যামার্দ্ধাধিপসংখ্যাতো দ্বিতীয়স্ত তদর্দ্ধতঃ।
তদর্দ্ধাত্তু তৃতীয়ঃ স্যাত্তদর্দ্ধত্তু তুরীয়কঃ ॥
অঙ্কাভাবে তু রাহুঃ স্যাত্তদঙ্কো বসুসংখ্যকঃ।
ভগ্নাঙ্কস্য পরিত্যাগাদ্দিবাদণ্ডাধিপা যথা ॥

রবিদনুজবুধগ্লৌ চন্দ্রসূরাসুরজ্ঞাঃ
কুজরবিদনুজজ্ঞা জ্ঞেন্দুসূরাসুরাশ্চ।
গুরুশশিরবিদৈত্যাঃ শুক্রভৌমার্কদৈত্যাঃ।
শনিকুজরবিদৈত্যা দণ্ডপাস্ত্বর্দ্ধযামে ॥

শুভদণ্ডমাহ।

শেষাবর্কস্য দণ্ডৌ সতত-
শুভকরাবাদিশেষৌ তথেন্দোঃ
শেষো দণ্ডঃ কুজস্যাপথ
গুরুবুধয়োরাদ্যমর্দ্ধং প্রশস্তং ॥
আদির্দণ্ডস্তথৈকো ভৃগুকুল-
নৃপতেঃ সর্ব্বকার্য্যে হি শস্তো
দণ্ডাশ্চত্বার এতে কচিদপি
সময়ে নৈব সৌরেঃ প্রশস্তাঃ ॥

প্রতিদণ্ডফলান্যেষাং জ্ঞাত্বা বাচ্যং কচিচ্ছুভং।

রবৌ চ বেদা বসবঃ সুধাংশৌ
কুজে চ বাণাঃ শশিজে তথাঙ্কাঃ

শনারবুর্দিক্‌চ বৃহস্পতৌ স্যা-
দ্রাহৌ তুরঙ্গা ভৃগুজে চ রুদ্রাঃ।
অশুভে দণ্ডসংযোগে সর্ব্বত্র পুণ্যবর্জ্জিতে।
বালস্য মরণং শীঘ্রং যদি পাপৈঃ সমন্বিতং॥
অশুভগ্রহদণ্ডে তু সর্ব্বত্র পাপবর্জ্জিতে।
বালস্য কুশলং সর্ব্বং শুভৈর্যদি সমন্বিতং॥
অশুভো দণ্ডনাথো হি বেধশ্চেত্তেন লভ্যতে।
মরণং তত্র বক্তব্যং বালস্য নান্যথা ভবেৎ॥
পাপস্য দণ্ডমাত্রে তু তদ্যোগবেধ বর্জ্জিতে।
বালস্য কুশলং সর্ব্বং শুভৈর্যদি সমন্বিতং॥

পঞ্চস্বরা মতে পতাকী চক্র।

বালকের জন্মমাত্র অগ্রে যোগজ রিষ্টি সমুদায় বিচার করিয়া দেখিবে, জন্মকাল হইতে যতদিন চতুর্ব্বিংশতিবর্ষ অতীত না হয়, ততদিন বালকের আয়ু নির্ণয় করিবে না, যেহেতু শাস্ত্রে চতুর্ব্বিংশতি বর্ষ পর্য্যন্ত রিষ্ট ব্যবহার হইয়াথাকে।

পতাকী চক্র নিরূপণ করিতে হইলে ঊর্দ্ধভাবে তিনটি রেখা এবং তির্য্যক্‌ ভাবে তিনটি রেখা কল্পনা করিবে। তদনন্তর পরস্পর রেখা সকলের বেধের নিমিত্ত তির্য্যক ভাবে ছয়টি রেখা উভয় দিকে লিখিবে, তাহা দ্বারা পতাকী চক্রের বেধ জানা যাইবে। এবং জন্মকালে রব্যাদি গ্রহগণের দ্বারা জন্ম কালে রিষ্ট বিধান হইবে।

যখন পতাকী চক্রে গ্রহ সংস্থাপন করিবে তখন ঊর্দ্ধভাগস্থ সর্ব্ব শেষ রেখাটিকে মেষ রাশি কল্পনা করিয়া তাহার বামদিক্‌ স্থিত রেখা সকলকে ক্রমে বৃষ মিথুন কর্কট সিংহ কন্যা তুলা বৃশ্চিক ধনু মকর কুম্ভ ও মীনরূপে কল্পনা করিতে হইবে। আর পতাকী চক্রে অঙ্কদান কালে মধ্যভাগে মেষ হইবে।

পতাকীচক্রে যেসকল অঙ্ক প্রদান করা যায় তাহা এই যথা—চার, পাঁচ, কুড়ি, তিন, আট, ছয়, চন্দ্র, দুই ও দশ এই সমস্ত অঙ্ক পতাকী চক্রে বিন্যস্ত থাকে। কোনমতে কুম্ভরাশি হইতে মিথুনরাশি পর্য্যন্ত অঙ্কদান হয় এবং যথাক্রমে রব্যাদি গ্রহগণের উচ্চস্থান নিরূপিত হইয়া থাকে।

পূর্ব্বে পতাকীচক্রের অঙ্ক নিরূপিত করা হইয়াছে, ঐ অঙ্ক সমুদায় যে যে রাশিতে স্থাপিত হইবে অধুনা তাহাই কথিত হইতেছে।

মীন কর্কট তুলা কুম্ভ সিংহ বৃশ্চিক মকর কন্যা ও ধনুরাশিতে ক্রমে চার, পাঁচ, কুড়ি, তিন, আট, ছয়, চন্দ্র, দুই ও দশ অঙ্ক ক্রমে ক্রমে বসিবে। তুলা বৃশ্চিক ও ধনুরাশির ন্যায় মিথুন বৃষ ও মেষরাশিতে অঙ্ক হইবে। অর্থাৎ তুলারাশিতে যে কুড়ি সংখ্যক অঙ্ক আছে ঐ কুড়ি সংখ্যক অঙ্ক মিথুনরাশিতে, বৃশ্চিকের ছয় পরিমিত অঙ্ক বৃষরাশিতে এবং ধনুর দশ পরিমিত অঙ্ক মেষরাশিতে হইবে। এইরূপে সমুদায় অঙ্ক পতাকী চক্রে বসাইবে।

মেষাদি রাশি ক্রমে যেরূপে অঙ্কপাত হইবে। তাহা এই যথা—দশ ছয় কুড়ি পাঁচ আট দশ ছয় কুড়ি চন্দ্র তিন ও চার এই অঙ্ক সমুদায় মেষ হইতে মীনরাশি পর্য্যন্ত ক্রমে ব্যবহৃত হইবে কোন মতে মেষাদি দ্বাদশরাশির এই অঙ্ক সমস্ত একত্র করিলে একশত আট সমষ্টি হয়।

চারপ্রকার পতাকীবেধ কথিত হইতেছে।

মেষাদি দ্বাদশ রাশির যে রাশি লগ্ন হইবে ঐ রাশির সম্মুখ রাশি দক্ষিণ ও বামদিক্‌ স্থিত রাশি উহা দ্বারা বিদ্ধ হইয়াথাকে এই বেধও দণ্ডাধিপতি গ্রহ দ্বারা হয় এবং বিদ্ধরাশির অঙ্ক সংখ্যা অনুসারে বর্ষ মাস ও দিন পরিমিত কালে বালকের রিষ্ট ব্যবহার করিবে।

বেধস্থলে যে অঙ্ক দৃশ্যহয় তদ্দ্বারা দিন মাস বৎসর বিচারও গ্রহের বল অনুসারে হইয়াথাকে।

যদি সবল পাপগ্রহ কর্তৃক বিদ্ধ হয়, তবে বিদ্ধরাশির অঙ্ক সংখ্যা দিন রূপে এবং বিদ্ধ গ্রহের

মধ্যবলী হইলে মাসরূপে ও হীনবল হইলে বর্ষ রূপে ব্যবহৃত হইয়াথাকে। যেরূপ পাপগ্রহের বলাবল বিবেচনায় দিন মাস ও বৎসরের ব্যবহার হয়, সেইরূপ শুভগ্রহ বলবান্ হইলে বৎসর, মধ্যবল হইলে মাস এবং হীন বল হইলে দিন ব্যবহার হইয়াথাকে এবংবিদ্ধ শুভগ্রহের বলঅনুসারে দিনাদি পরিমিত কালে বালকের মৃত্যু হয়।

যদি লগ্নে পাপগ্রহ থাকে কিম্বা শত্রুক্ষেত্রগত পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বিদ্ধরাশির পরিমিত অঙ্কের দিনসংখ্যায় নিশ্চয় বালকের মৃত্যু হইবে। যদি উভয় পাপগ্রহের পরস্পর তুল্য দৃষ্টি হয় অথবা একরাশিতে অবস্থিতি করে তবে গ্রহগণের বল থাকুক বা না থাকুক রিষ্টকাল অঙ্ক পরিমিত মাস মধ্যে হইবে। আর যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট কিম্বা শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা শুভগ্রহের ক্ষেত্রে অবস্থিত অথবা স্বামীগ্রহ দ্বারা দৃষ্ট হইলে বর্ষপরিমিত রিষ্টকাল হইয়া থাকে।

চতুর্ব্বিংশতি বর্ষ পর্য্যন্ত পতাকীচক্র রিষ্ট ইহা সকলেরই সম্মত এবং জ্যোতির্বেত্তাগণ সর্ব্বদাই এই কথা কহিয়া থাকেন, কিন্তু মদীয় মতে যতদিন ঊনচত্বারিংশ বর্ষ অতীত না হয় ততদিন পতাকী রিষ্টকাল জানিবে এই রিষ্টও অতি গুপ্ত রিষ্ট কদাপি ইহার অন্যথা হয় না।

যদি পাপগ্রহের দণ্ডে জন্ম হয়, আর ঐ দণ্ডাধিপতিগ্রহ দুর্ব্বল কিম্বা পাপগ্রহের সহিত সংযুক্ত থাকে এবং শুভ গ্রহগণ দ্বারা দৃষ্ট না হয় তবে রিষ্ট কাল বর্ষমানে পরিণত হইয়া থাকে।

বৃহস্পতি ও শুক্র ইহারা কেন্দ্রে বা বর্গোত্তমে কিম্বা স্বতুঙ্গ স্থলবর্ত্তী হইলেও যদি পাপগ্রহ বলবান্ হয় তবে রিষ্টবর্ষের কখন অন্যথা হয় না।

পতাকীচক্রে কোন্ রাশির কোন্ রাশির সহিত বেধ হয় তাহা নিরূপিত হইতেছে।

ধনু ও মীনরাশির সহিত কর্কট রাশির বেধ, সিংহের বৃশ্চিক ও কুম্ভরাশি, কন্যার মকর ও তুলারাশি, তুলার মীন ও কন্যা, বৃশ্চিকের কুম্ভ ও সিংহরাশি ধনুর মকর ও কর্কট, মকরের ধনু ও কন্যা রাশি, কুম্ভের সিংহ ও ধনু ও মীনরাশির সহিত বেধ, সিংহের বৃশ্চিক ও কুম্ভরাশি, কন্যার মকর ও তুলারাশি, তুলার মীন ও কন্যা, বৃশ্চিকের কুম্ভ ও সিংহরাশি, ধনুর মকর ও কর্কট, মকরের ধনু ও কন্যারাশি, কুম্ভের সিংহ ও বৃশ্চিকরা-রাশির সহিত বেধ নিরূপিত আছে, এবং মীনের তুলা ও কর্কটরাশি, মেষের কন্যা ধনু ও মীনরাশি, বৃষের বৃশ্চিক সিংহ ও কুম্ভরাশি, মিথুনের মকর কর্কট তুলা রাশির সহিত বেধ বিখ্যাত হইয়া থাকে।

অধুনা পিণ্ডস্থান সকলের রিষ্টকাল পিণ্ড কথিত হইতেছে।

কর্কটরাশির উনিশ, সিংহের সতর, কন্যার ছত্রিশ, তুলার ছাব্বিশ, বৃশ্চিকরাশির সতের, ধনুর ঊনত্রিশ, মকরের ছাব্বিশ, কুম্ভের সতর, মীনের ঊনত্রিশ, মেষের ষোল, বৃষের সতর এবং মিথুনের ঊনচল্লিশ এইরূপ নির্দ্ধারিত আছে। ইহাকে পতাকী বেধ কহা যায় এবং যথাক্রমে ইহা দ্বারা আয়ুর্দ্দায় নির্ণয় হয়। যথাযোগ্য ন্যায়ানুসারে তিনটি তিনটি রাশিতে ক্রমে বর্ষ মাস ও দিনভাগ বিধান করিবে।

যদি শুভদণ্ডাধিপের সংযোগ হয় এবং সর্ব্বত্র স্থল পাপগ্রহ শূন্য থাকিয়া যদি শুভগ্রহের সহিত মিলিত থাকে তবে সর্ব্বদা বালকের কুশল হয়।

যদি অশুভ দণ্ডাধিপের সংযোগ হয় আর সর্ব্বত্রই শুভগ্রহ বিহীন থাকিয়া পাপের সহিত মিলিত হয়, তবে শীঘ্র বালকের মৃত্যু হইবে।

মদীয় মতানুযায়ী এই সমস্ত শিশু রিষ্ট কথিত হইল, অন্যান্য পণ্ডিতগণের মতে অপর রিষ্টযোগ আছে, তাহা লিখিবার আবশ্যক নাই।

পূর্ব্বে তিনটি তিনটি রাশিতে বেদাদি যে সমুদায় অঙ্কের উল্লেখ করিয়াছি, সেই সমুদায় অঙ্কও তাহাদের সম্মিলন দ্বারা বেধ কথিত হয়। এই পতাকী বেধ সংজ্ঞায় আয়ুর্দ্দায় নিশ্চয় করিবে এবং গ্রহগণের চক্রপাত হইবে কি না তাহা দেখিয়া আয়ু কহিবে।

প্রসূতির বস্ত্রপরিজ্ঞান' দ্বারা দণ্ডাধিপ নিরূপিত হইয়া থাকে যথা কোষ্ঠীসারাবলী।–

যদি জন্মকালে সূর্য্য দণ্ডাধিপতি হয়, তবে প্রসূতির দগ্ধবস্ত্র, চন্দ্র হইলে শুক্রবর্ণ, মঙ্গল হইলে সরক্তহরিদ্রাবর্ণ, বুধে সচ্ছিদ্র নূতন বস্ত্র, বৃহস্পতিতে চিত্রিত, শুক্রে ছিন্ন শনিতে ছিন্নভিন্ন এবং রাহুতে জীর্ণ শীর্ণ কৃষ্ণবর্ণ বস্ত্র হইবে।

## জ্যোতিস্তত্ত্বমতে পতাকীনির্ণয়।

পতাকীচক্রে যেপ্রকারে অঙ্ক স্থাপন করিতে হইবে তাহা কথিত হইতেছে। পাঁচ আট দুই কুড়ি ছয় দশ চন্দ্র তিন চার এই অঙ্ক কর্কট হইতে মীনরাশি পর্য্যন্ত ক্রমে ক্রমে বিন্যাস করিবে।

এই পতাকী চক্রে কখন কখন একরাশিস্থ অঙ্ক দ্বারা বা দুই রাশিস্থ অঙ্ক দ্বারা রিষ্ট সম্ভব হইয়া থাকে।

পূর্ব্বে দিবারাত্র ভেদে যামার্দ্ধাধিপতি ও দণ্ডাধিপতি নিরূপণের রীতি লিখিত হইয়াছে একারণ এখানে আর উহা লিখিত হইল না।

পাপগ্রহের দণ্ডে রিষ্ট হয় আর শুভগ্রহের দণ্ড হইলে রিষ্ট হয় না। কোন কর্ম্ম আরব্ধ করিবার সময়ে তাৎকালিক দণ্ডাধিপ নিরূপণ করিবে। যদি শুভগ্রহ দণ্ডাধিপ হয় তবে ঐ সময় কর্ম্মারম্ভ করিলে শুভ হয় আর পাপগ্রহ দণ্ডাধিপ হইলে কর্ম্মারম্ভে কোন ফল হইবে না।

যামার্দ্ধাধিপতি গ্রহের শুভদণ্ড কথিত হইতেছে।

রবিগ্রহের শেষ দুইদণ্ড সর্ব্বদা শুভকর বলিয়া বিখ্যাত হইয়া থাকে, এই সময়ে কোন কর্ম্ম আরম্ভ করিলে শুভ হইবে। চন্দ্রের আদি ও শেষ দণ্ড মঙ্গলের শেষ দণ্ড, বুধ ও বৃহস্পতির প্রথম দুই দণ্ড প্রশস্ত হয়, আর ভৃগুকুলচূড়ামণি শুক্রের প্রথম দণ্ড সর্ব্বকার্য্যেই শুভজনক হইয়া থাকে, কিন্তু শনির' চারদণ্ডই কোন সময় প্রশস্তকর হয় না।

রব্যাদি গ্রহগণের প্রত্যেক দণ্ড বিশেষ রূপে পরিজ্ঞাত হইয়া কখন কখন শুভফল কহিবে।

ষষ্টিদণ্ডাত্মিকা দিবা রাত্রির মধ্যে রবির চারদণ্ড, চন্দ্রের আট দণ্ড, মঙ্গলের পাঁচদণ্ড, বুধের নয়দণ্ড, শনির ছয়দণ্ড, বৃহস্পতির দশদণ্ড, রাহুর সাতদণ্ড ও শুক্রের এগারদণ্ড অবধারিত আছে।

যদি জন্মদণ্ডের অধিপতি পাপগ্রহ হয় এবং বেধস্থলে শুভগ্রহ না থাকে আর পাপগ্রহের সহিত দণ্ডাধিপতি মিলিত হয় তবেশীঘ্র বালকের মৃত্যু ঘটে।

যদি দণ্ডাধিপতি পাপগ্রহ হয় এবং বেধস্থলে পাপগ্রহ না থাকিয়া কেবল শুভগ্রহ যুক্ত থাকে তবে জাতবালকের সর্ব্বদা কুশল হয়।

দণ্ডাধিপতি পাপগ্রহ হইয়া লগ্নের সহিত বেধ করে তবে বালকের মৃত্যু হইবে ইহা কহিবে, কখন ইহার অন্যথা হইবে না।

যদি দণ্ডাধিপতি পাপগ্রহ হইয়া লগ্নে যুক্ত বা বেধবর্জ্জিত থাকে আর বেধস্থল শুভগ্রহের সহিত মিলিত হয় তবে বালকের মঙ্গল ঘটিবে।

জ্যোতিস্তত্ত্বোক্ত পতাকী চক্রের অনেক স্থান পরিত্যাগ করিয়া উহার অর্থ প্রকাশ করিয়াছি, যেসকল স্থল পরিত্যক্ত করা হইয়াছে তাহা পঞ্চস্বরা উক্ত পতাকী চক্রের অর্থে প্রকাশিত আছে একারণ এখানে পুনরায় তাহা আর লিখিত হয় নাই, তবে যেসকল স্থল তদপেক্ষা অতিরিক্ত আছে তাহার অর্থমাত্র লেখা হইয়াছে।

## পতাকীচক্রে শিশুরিষ্ট নিরূপণের উদারহণ।

পূর্ব্বে পঞ্চস্বরা ও জ্যোতিস্তত্ত্ব হইতে যে পতাকীচক্র লিখিত হইয়াছে, এক্ষণে কি প্রকারে ঐ পতাকী চক্রে রিষ্ট বিচার করিতে হইবে, তাহার দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে। অধুনা একটী বালকের জন্ম সময় কল্পনা করিয়া তাহা প্রকাশ করিতেছি। শকাব্দাঃ ১৭৯৯।০।০।৬।৩০ আগামী সতর শত নিরানব্বই শকের ১লা বৈশাখ বৃহস্পতি-

বার দিবা ছয় দণ্ড ত্রিশ পল সময়ে একটী বালকের জন্ম হইলে ঐ সময় উদয় লগ্ন মেষ অতীত হইয়া বৃষলগ্নের উদয় নির্দ্ধারিত আছে অতএব ঐ বালকের জন্মলগ্ন বৃষ তাহার সন্দেহ নাই।

ঐ দিবস দিবামান ৩১।১২ একত্রিশ দণ্ড বার পল অবধারিত আছে। দিবা ছয় দণ্ড ত্রিশ পলে কোন বালকের জন্ম হইলে দিবা দ্বিতীয় যামার্দ্ধের তৃতীয় দণ্ড সময়ে জন্ম হইয়াছে এবং তৎকালে ঐ দ্বিতীয় যামার্দ্ধের অধিপতি মঙ্গল ও তৃতীয় দণ্ডের অধিপতি রাহু হইবে। এই যামার্দ্ধাধিপতি ও দণ্ডাধিপতি যেরূপ প্রকারে নিরূপিত হয় তাহা এই পুস্তকের দ্বিতীয় খণ্ডে লিখিত আছে, এ কারণ পুনরায় লিখিলাম না।

এই পুস্তকের তৃতীয় খণ্ডে যে কয়েকটী চক্রের প্রতিকৃতি লিখিত আছে, তন্মধ্যে "১এক অঙ্কিত চিহ্নিত চক্রে" এই কল্পিত জন্ম সময়ের গ্রহ সংস্থান হইবে এবং ঐ চক্রে যে সকল গ্রহ সংস্থাপিত আছে লগ্নাদি ভাব বিবেচনায় তাহাদের শুভাশুভ ফল ক্রমে কথিত হইবে। এক্ষণে কেবলমাত্র পতাকীবেধ বর্ণিত হইতেছে।

পতাকীচক্রে লগ্ন সম্মুখ বাম ও দক্ষিণ এই চার প্রকার বেধ অবধারিত আছে। মেষাদি দ্বাদশ রাশির মধ্যে কোন কোন রাশির বাম বেধ, কোন কোন রাশির দক্ষিণ বেধ ও কোন কোন রাশির সম্মুখ বেধ নাই এবং কোন কোন রাশির বাম দক্ষিণ ও সম্মুখ এই সমুদায় বেধই হইয়া থাকে, কিন্তু সমস্ত রাশির লগ্নবেধ আছে। তাহাতে সন্দেহ নাই।

কর্কট সিংহ ও কন্যা এই তিন রাশির বামবেধ নাই কেবল মাত্র দক্ষিণ সম্মুখ ও লগ্নবেধ আছে। মকর কুম্ভ মীন ইহাদের দক্ষিণ বেধ ভিন্ন অন্য তিন বেধ আছে এবং তুলা বৃশ্চিক ধনু এই কয় রাশির সম্মুখ বেধ নাই, কেবল মাত্র অন্য তিন বেধ আছে, মেষ বৃষ মিথুন এই কয় রাশির বাম দক্ষিণ সম্মুখ ও লগ্ন এই চার প্রকার বেধই হইয়া থাকে।

অধুনা বৃষলগ্নজাত বালকের কয় প্রকার বেধ হইয়াছে তাহা কথিত হইতেছে। ১লা বৈশাখ দিবা ছয় দণ্ড ত্রিশ পল সময়ে যে বালকটীর জন্ম কল্পনা করা হইয়াছে ঐ বালকের জন্মলগ্ন বৃষ এবং দণ্ডাধিপতি রাহুগ্রহ তৎকালে কুম্ভ রাশিতে থাকায় বামবেধ হইয়াছে। এ কারণ বালকের পতাকী রিষ্ট আছে।

এই রিষ্টফল কোন্ কোন্ সময়ে সূচনা হইতে পারে এক্ষণে তাহার নিরূপণ করা যাইতেছে।

বৃষ, কুম্ভ, সিংহ ও বৃশ্চিক এই কয় স্থান বৃষলগ্নের বেধ স্থান বলিয়া অবধারিত আছে এবং ঐ সকল রাশির আট ছয় তিন পরিমিত অঙ্ক এবং ঐ সমুদায় অঙ্ক পরস্পর সংযুক্ত করিয়া নয় এগার চদ্দ ও শতর ৮।৬।৩।৯।১১।১৪। ১৭ এই সমুদায় অঙ্ক পরিমিত দিন বা মাস কিম্বা বর্ষে বালকের পতাকী রিষ্ট ঘটনা হইবে। অর্থাৎ এই অঙ্ক পরিমিত দিনাদি সময়ে বালকের মৃত্যু হইবে।

যদি দণ্ডাধিপতি গ্রহ পূর্ণ বলবান্ থাকে তবে ঐ আট ছয় ইত্যাদি দিনের কোন এক দিনে বালকের বিনাশ হইবে। যদি দণ্ডাধিপতি মধ্য বলবান্ হয় তবে ঐ সংখ্যক মাসে এবং দুর্ব্বল হইলে ঐ সংখ্যক বর্ষে বালকের নিধন ঘটিবে।

কোন কোন মতে বিদ্ধস্থলে পাপগ্রহ থাকিলে পতাকী রিষ্ট হয়, কিন্তু ঐরূপ রিষ্ট, প্রাণনাশকর না হইয়া পীড়াদায়ক হইয়া থাকে। যে প্রকারে ঐরূপ রিষ্ট বিচার করিতে হয়, তাহা প্রদর্শিত হইতেছে।

যেমন বৃষ কুম্ভ সিংহ ও বৃশ্চিক এই চার রাশি বৃষের বেধ স্থান হয়, এই চার রাশির কোন এক রাশিতে যদি কোন পাপগ্রহ থাকে তবে মত ভেদে পতাকী রিষ্ট হইয়া থাকে। এস্থলে বৃষরাশি জন্মলগ্ন হওয়ায় তাহার রিষ্ট বিচার করিলাম, কিন্তু মেষ বৃষ মিথুন এই তিন রাশি চার প্রকার বেধযুক্ত অতএব ইহাদের রিষ্ট বিচার স্থলে চার প্রকার বেধস্থান দৃষ্টি করিয়া রিষ্ট নিরূপণ করিবে। এবং যে যে রাশির বাম বা দক্ষিণ বা সম্মুখবেধ নাই, তাহাদের রিষ্ট নিরূপণ করিবার উপায় কথিত হইতেছে।

সিংহ, কন্যা, তুলা, এই কয় রাশির বামবেধ ভিন্ন অন্য

তিন বেধ আছে এবং ইহাদের কোন এক রাশি লগ্ন হইলে এইরূপ প্রকারে বেধ নিরূপণ করিবে।

কর্কট ধনু মীন এই তিন রাশিই কর্কট রাশির বেধ স্থান ইহার কোন এক রাশিতে যদি দণ্ডাধিপতি পাপগ্রহ অবস্থিতি করে তবে পাঁচ দশ চার নয় চন্দ্র পনর ও উনিশ ৫।১০।১৪।১৫।১৯ পরিমিত দিন মাস বৎসর মধ্যে বালকের রিষ্ট কাল কহিবে। যেরূপ কর্কট রাশির রিষ্ট স্থির করা হইল, এইরূপ সিংহ ও কন্যা রাশির দক্ষ সম্মুখ রাশির সহিত ইহাদের রিষ্ট স্থির করিতে হইবে।

মকর কুম্ভ মীন রাশির দক্ষিণ বেধ নাই এবং তুলা বৃশ্চিক ধনু রাশির সম্মুখ বেধ ব্যতীত অপরাপর সকল বেধ আছে, অতএব ইহাদের রিষ্ট বিচার বেধস্থান লইয়া করিবে।

যে প্রকারে পতাকীরিষ্ট দেখিতে হয় তাহার সমুদায় বিষয় প্রকাশ করিলাম। এই রিষ্ট অতিশয় সংশয়কর, যদি কোন বালক পতাকীরিষ্টে জন্মগ্রহণ করে তবে তাহার জীবন রক্ষা হওয়া সুকঠিন, কিন্তু যে প্রকার যোগে জন্ম হইলে এই শঙ্কট রিষ্ট ভোগ করিতে হয় না, তাহা পূর্ব্বে পতাকীচক্র প্রকরণে লিখিত হইয়াছে।

এই পুস্তকের তৃতীয় সংখ্যায় "১এক অঙ্কিত চিহ্নিত চক্রে" যে সমুদায় গ্রহ সংস্থাপিত আছে এই পতাকী চক্রে মেষাদি রাশিক্রমে এই সমস্ত গ্রহ স্থাপিত করিয়া রিষ্ট বিচার করিলে পতাকীবেধ বিদিত হইবে।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় বিরচিতে
ফলিত জ্যোতিষ গ্রন্থে শিশুরিষ্ট্যাদি
নির্ণয় নাম প্রকরণ সমাপ্ত।

---

সারাবল্যাং।

জন্মবিলগ্নাজ্জাতে প্রশ্নোঽথ বিলগ্নতো ভবেৎ স্পষ্টঃ।
জন্মসময়ো নরাণামতঃ প্রযত্নেন সংচিন্ত্যঃ॥
দশভেদভিন্নচিহ্নৈর্জ্ঞাত্বা পুরুষং প্রসাধয়েল্লগ্নং।
অতএব প্রথমতো বিস্তরতস্তানহং বক্ষ্যে॥

মেষবিলগ্নে জাতঃ প্রচণ্ডকোপো বিদেশগমনরতঃ।
উদ্বৃদ্ধাঙ্গঃ স্বজনদ্বেষী গুরুপাদসূক্ষ্মকেশঃ ॥৭॥
ব্যাঘ্রেক্ষণঃ সুদশনো ললিত-
বপুঃ স্ফুটনসোঽল্পকর্ম্ম স্যাৎ।
উদ্বৃত্তশীলঃ কেশাযতন-
নখমুখরৈস্তথাষ্টমজঃ ॥৮॥
পাপোঽল্পমান্যোসত্বভীরুঃ
হক্রোধসমরুচিরমূর্ত্তি কিতবঃ।
স্যাৎ সঞ্চিতধনঃ প্রসিদ্ধঃ
কৃশস্তুধস্তাৎ প্রলাপ্যান্তে ॥৯॥ ইতি বৃষস্য।

**বৃষরাশির নবাংশ ফল।**

বৃষের প্রথম নবাংশে জন্ম হইলে, কুৎসিত কৃশ ও দমান শরীর সম্পন্ন, লোভী, শরীরের পূর্ব্বার্দ্ধভাগ কিঞ্চিৎ নিম্ন, নীচ কর্ম্মচারী, বিরুদ্ধ স্বভাব, বিষম প্রকৃতি, বুদ্ধি-বৈষম্য ও অল্পদৃষ্টি বিশিষ্ট হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, গাম্ভীর্য্য প্রকৃতি হীন, ধনহীন, সর্ব্বদা স্বীয় কুলমর্য্যাদা ও মেধাশূন্য, বিরুদ্ধ কর্ম্মকর, মিথ্যা ব্যবহারী, অনর্থক অনেক মিথ্যাবাক্য ভাষী, বিরুদ্ধ দানরত, হইয়া থাকে।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, মিষ্টান্ন ভোজী, বপুষ্মান্, চক্ষু ও নাসিকা প্রফুল্ল এবং গোল জঙ্ঘা, যজ্ঞাগ্নি কর্ম্মে রত, গুল্ফ এবং হস্ত অতিশয় দৃঢ় হইবে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, উত্তম মহাতেজস্বী, দীর্ঘহস্ত, প্রবল দুষ্ট শব্দকারী, দুষ্টান্তঃকরণ, ছাগ সম চক্ষুবিশিষ্ট, অল্পবিত্ত সম্পন্ন ও উগ্র প্রকৃতি হয়।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, দীর্ঘ উচ্চনাসিকাবিশিষ্ট, বৃষের ন্যায় আকার সম্পন্ন, বক্র ও নিবিড় কেশযুক্ত, বিলসী, ভুজ স্কন্ধ ও কটিদেশ অতিশয় দৃঢ় এবং গৌরবর্ণ হইবে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, পটু, স্থিরপ্রকৃতি, উত্তম কেশযুক্ত, স্নিগ্ধশরীর, বাচাল, প্রগল্ভ মধুর হাস্য-যুক্ত, কৃশ ও অতিশয় নিপুণ হইয়াথাকে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, কেবলমাত্র মিথ্যারত, পরস্ত্রী আশক্ত, শরীরের ঊর্দ্ধভাগ বর্দ্ধিত, আত্মীয় বিদ্বেষী, স্থূলপদ ও সূক্ষ্মকেশ বিশিষ্ট হইবে এবং তাহার স্ত্রী ও পুত্র কখন তাহার দর্শনে সুখী হইবে না।

অষ্টম নবাংশে জন্ম হইলে, ব্যাঘ্রসদৃশ দৃষ্টি বিশিষ্ট উত্তম দন্ত, কোমল দেহ, প্রফুল্ল নাসিকা, অল্প কর্ম্মকর ও মস্তক মুখ নখ ও কেশ অতিশয় উত্তোলিত হইবে।

নবম নবাংশে জন্ম হইলে, পাপী, অল্পমান্য বিশিষ্ট, সর্ব্বপ্রাণীর ভয়শূন্য, ক্রোধী, কুৎসিত দেহ, ধূর্ত্ত, সঞ্চিত ধনসম্পন্ন, বিখ্যাত ও কৃশ হয়।

রোমাচিতাঙ্ঘ্রিস্বভুজোঘণা-
সিতাপাঙ্গদৃক্ তথোগ্রনসঃ।
দূর্ব্বাকাণ্ডশ্যামঃ কৃশাঙ্গ-
পাণিস্তৃতীয়ভবনাদ্যে। ১॥
বিকটশিরোঽতিবিকর্ম্মা পান-
রুচির্ম্ব্যলগ্নঘোণঃ স্যাৎ।
বহুভাষী বহুচেষ্টো বিগ্রহযায়ী প্রবুদ্ধশ্চ ॥২॥
গৌরাতিরিক্তনয়নঃ সুনা-
সিকঃ সমতনুঃ সুমেধাঃস্যাৎ।

দীর্ঘনসোঽসিতভ্রূর্দৃক্-
চতুরঃস্যাত্তৃতীয়াংশে ॥৩॥
সুভ্রূললাটপট্টঃ কাম নীলোৎ-
পলাক্ষশ্চটুনঃ স্যাৎ।
সিতদন্তোমৃদুবক্ত্রঃ প্রশস্ত-
রোমোপচিতশ্চতুর্থাংশে ॥৪॥
পৃথ্বীধরো বৃহৎস্ফিক্ পীনবরবক্ত্রেরুভুজাধরঃকালঃ।
স্থূলশিরা মায়াবী বিড়ালমুখনয়নস্তু পঞ্চমজঃ ॥৫॥
মধ্বীক্ষণঃ প্রলাপী ব্যস্তললাটহৃদয়ঃসমঃ সুতনুঃ।
কিতবঃ স্থূলঃ সুরুচিরোষ্ঠরদঃ ষষ্ঠিগুণঃ সত্যযুতঃ ॥৬॥
তাম্রারুণাভবর্ণঃ সমুন্নতাক্ষো বিশালবক্ষঃ স্যাৎ।
শিক্ষাস্ত্রশিল্পনিপুণো হাস্যরতিঃ সপ্তমে জাতঃ ॥৭॥
শ্যামো গুরুর্ম্মনস্বী ললিতো মধুরাভিধানমূর্ত্তিঃ স্যাৎ।
ব্যস্তবিবৃদ্ধশরীরো দীর্ঘাসিতদৃক্ কলাবিদষ্টমজঃ ॥৮॥
বৃত্তাসিতদৃক্ সুতনুঃ স্নিগ্ধোমেধাবানভিজ্ঞঃ স্যাৎ।
বিজ্ঞানকাব্যনিরতো নবমেঽংশে ধার্ম্মিকঃ শ্রেষ্ঠঃ॥৯॥
ইতি মিথুনস্য।

মিথুনরাশির নবাংশ ফল।

মিথুনের প্রথম নবাংশে জন্ম হইলে, হস্ত পদ লোমযুক্ত, নিবিড় কৃষ্ণবর্ণ, অপাঙ্গ দৃষ্টিসম্পন্ন, উগ্রনাসিকা বিশিষ্ট, দূর্ব্বাদল শ্যামবর্ণ, অঙ্গ ও হস্ত কৃশ হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, বিকৃতমস্তক, গর্হিত কর্ম্মকর, পানীয়রুচি, নাসিকার মধ্যভাগ নিম্ন, বহুভাষী, বহুচেষ্টান্বিত, যুদ্ধ গমনশীল ও বুদ্ধিমান্ হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, অতিশয়কৃষ্ণবর্ন লোচন, সুন্দর ও দীর্ঘ নাসিকাযুক্ত, সম শরীর, উত্তমমেধাযুক্ত, অল্পভ্রবিশিষ্ট ও বাক্‌চতুর হইবে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, ললাট ও ভ্রূযুগল সুন্দর, কামী, নীলোৎপল লোচন, চঞ্চল, শুভ্রদন্ত, মৃদুমুখ ও প্রশস্ত রোমাবৃত হইয়াথাকে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, বৃহন্নিতম্ববিশিষ্ট, হস্ত মুখ বক্ষঃস্থল ও অধরদেশ পীন, কৃষ্ণবর্ণ, স্থূলমস্তক, মায়াবী, মার্জারের ন্যায় মুখ ও নয়ন হয়।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, উত্তমদৃষ্টি সম্পন্ন, প্রলাপী, ললাট ও হৃদয় বিস্তৃত, সুন্দর, সমান, ধূর্ত্ত, স্থূলদেহ, মনোহর দন্ত ও ওষ্ঠ এবং সত্যযুক্ত হইবে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, তাম্রারুণ বর্ণ, উন্নত-লোচন, বিশালবক্ষঃস্থল, অস্ত্র শিক্ষা ও শিল্পবিদ্যায় নিপুণ ও হাস্যরতি হইয়াথাকে।

অষ্টম নবাংশে জন্ম হইলে শ্যামবর্ণ, গুরুভাবাপন্ন, মনস্বী, লম্পট, দৃষ্টান্তপ্রদ, সুন্দর শরীর সম্পন্ন, বিবৃদ্ধ দেহ, দীর্ঘ কৃষ্ণবর্ন লোচন ও কলাবেত্তা হয়।

নবম নবাংশে জন্ম হইলে, কৃষ্ণবর্ণ গোলচক্ষু, সুন্দর শরীর, চিক্কণবর্ণ, মেধাবী, অভিজ্ঞ, বিজ্ঞানকাব্যরত ও শ্রেষ্ঠ ধার্ম্মিক হইবে।

নির্ম্মলবাক্ সুগৌরঃ সুমূর্দ্ধজঃ স্যাৎ বিশালকুক্ষিঃ।
মণ্ডলমুখোন্নতাক্ষঃ স্তব্ধাঙ্গঃ স্যাং কুলীরাদ্যে ॥ ১॥
রুচিরচ্ছবিরক্তনসঃ কলিপ্রিয়ঃ স্যাদ্বিতানমুখনেত্রঃ।
কর্কিদ্বিতীয়ভাগে ত্যাগী কৃশজানুজঙ্ঘশ্চ ॥ ২ ॥
গৌরঃ সুনেত্রো বাগ্মী সুকুমারঃ শূরঃ পিঙ্গলাক্ষশ্চ।
শ্রীমান্ মৃদুকর্ম্মরতস্তৃতীয়ভাগে ভবেদলসঃ ॥৩॥
শ্যামচ্ছবির্বিনতভ্রূর্ব্বিশালনেত্রোচ্চতনুঃ সুবক্ষাশ্চ।
ক্ষীণোগ্ররদো দাতা স্বজাতিকার্য্যশঠশ্চতুর্থেস্যাৎ ॥৪॥
ঘটশিরো নতাস্যঃ সুসংহতভ্রূঃ সুদীর্ঘবাহুঃ স্যাৎ।
সেবারতো বিকর্ম্মা মধ্যে ত্বমর্ষণোঽল্পমেধাশ্চ ॥৫॥
দীর্ঘবিশালশরীরঃ প্রশস্তনয়নো বহুপ্রতাপঃ স্যাৎ।
গৌরঃ স্ববংশপোষ্টা বক্তা ষষ্ঠেপৃথুদন্তঃ ॥ ৬ ॥
ভিন্নশিরো বহুরোমা বলবপুঃ স্যাচ্ছিরালজঙ্ঘঃ।
পরগৃহভক্ষণশীলঃ কাকাকারঃ সপ্তমজঃ ॥৭॥
ঘটশিরাঃ সুশিল্পী বিদ্বান্ সুমুখঃ সুজঙ্ঘকঃ কুমতিঃ
মধ্যবিলগ্ননসঃ স্যাদষ্টমভাগে তু কৃষ্ণশ্চ ॥৮॥

গৌরো ধর্ষিতনেত্রো গুরূদরঃ পৃথুপীনবরবক্ষাঃ স্যাৎ
দীর্ঘতনুর্লম্বোষ্ঠো মহোরুঃ কৃশজানুগুল্‌ফৌ ॥ ৯ ॥
ইতিকর্কটস্য।

### কর্কট রাশির নবাংশ ফল।

কর্কট রাশির প্রথম নবাংশে জন্ম হইলে, নির্ম্মলবাক্য সম্পন্ন, সুন্দর গৌরবর্ণ, উত্তম কেশবিশিষ্ট, বিশাল উদর, গোলাকার মুখ ও উন্নত চক্ষু এবং স্তব্ধাঙ্গ হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, মনোহর দীপ্তিবিশিষ্ট, রক্তবর্ন নাসাসম্পন্ন, যুদ্ধপ্রিয়, চক্ষু ও মুখ বিস্তৃতত্যাগী ও কৃশজানু জঙ্ঘা হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, সুন্দর লোচন, বাক্‌পটু, সুকুমারমূর্ত্তি, শূর, পিঙ্গলবর্ণ চক্ষু, শ্রীসম্পন্ন, মৃদুকর্ম্মরত ও অলস হইয়া থাকে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, শ্যামবর্ণ, বিনত ভ্রূ, বিশাল নেত্র, উচ্চ তনু, সুন্দর বক্ষঃস্থল, সূক্ষ্ম তীক্ষ্ণ দন্ত, দাতা, ও স্বজাতি কার্য্যশঠ হয়।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, কলসের তুল্য মস্তকবিশিষ্ট নিম্নমুখ, ভ্রূযুগল মিলিত, দীর্ঘবাহুসম্পন্ন, সেবারত, গর্হিত কর্ম্মচারী, অমর্ষ পরায়ণ ও অল্পমেধাসম্পন্ন হইয়া থাকে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, দীর্ঘ ও বিশাল শরীর, প্রশস্ত নয়ন, বহু প্রতাপ বিশিষ্ট, গৌরবর্ণ, স্ববংশ পালক, বক্তা ও স্থূলদন্ত হয়।

সপ্তম নবাংশে জন্ম হইলে, বিদারিত মস্তক, বহু রোম-যুক্ত, বলবান্ শরীর, স্থূল শিরাবিশিষ্ট জঙ্ঘা, পরগৃহে ভক্ষণ শীল ও অতিশয় প্রগল্‌ভ হইয়া থাকে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, কলসের ন্যায় মস্তক বিশিষ্ট, উত্তম শিল্পকর্ম্মকুশল, বিদ্বান্, সুন্দর মুখ, উত্তম জঙ্ঘাযুক্ত, কুমতিসম্পন্ন, নাসিকার মধ্যস্থল বিলগ্ন ও কৃষ্ণবর্ন হইবে।

নবম নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, ধর্ষিত নেত্র, গুরুতর উদরবিশিষ্ট, বক্ষঃস্থল স্থূল ও উন্নত, দীর্ঘদেহ সম্পন্ন, লম্বোষ্ঠ, মহৎ ঊরু, জানু ও গুলফ দেশ কৃশ হয়।

মন্দোদরঃ প্রচণ্ডো বক্তাংসো বৃহচ্ছিরাঃ শূরঃ।
উন্নতমাংসবক্ষাঃ সিংহপ্রথমে ভবেদ্ভাগে ॥১॥
উন্নতবিততললাটশ্চতুরঃ সুতনুর্ব্বিশালনেত্রো গুরুঃ
দীর্ঘভুজোন্নতবক্ষাঃ পৃথুগ্রঘোণো দ্বিতীয়েঽংশে ॥২॥
রোমচিতায়তবাহুশ্চঞ্চলনয়নশ্চলঃ শুভস্ত্যাগী।
উন্নাসিকস্তৃতীয়ে স্নিগ্ধতনুর্বহির্বৃত্তগণঃ ॥৩॥
ঘৃতমণ্ডগৌরগাত্রো দীর্ঘামিতলোচনো মৃদুশিরোজঃ।
ভিন্নধ্বনিশ্চতুর্থে পৃথুকরচরণশ্চ ভেককুক্ষিঃ স্যাৎ ॥৪
ঘটশিরোঽল্পকেশোঽসিতঘোণাক্ষঃ
স্যাদ্রুচিরোর্দ্ধতনুঃ।
লম্বোদরঃ প্রচণ্ডো দংষ্ট্রোৎকটপীনহন্মধ্যে ॥ ৫ ॥
নেত্রাল্পরোমমূর্ত্তিঃ স্নিগ্ধসমাশ্রুবিলোচনো দীর্ঘঃ।
শ্যামঃ স্ত্রীণাংচতুরো বিকত্থনো বাক্‌পণ্ডিতঃ ষষ্ঠে ।৬।
দীর্ঘাননঃ শিরালঃ পীনতনুঃ স্ত্রীদুর্ভগঃ কৃষ্ণঃ।
স্যাৎ সপ্তমে সুসত্ত্বো রোমচিতঃ কূটনিষ্ঠুরভাষী ॥৭।
উদগ্রস্টবাক্ স্থিরাংসঃ সুহৃদুগ্রো ভীরুদৃক্‌বিকর্ম্মা চ
নিস্বঃ কালঃ খরঃ স্যাদষ্টমভাগে প্রসূতশ্চ ॥৮॥
রাসভস্বরোঽসিতাক্ষো ব্যালভুজঃ সুপার্ষ্ণিজঙ্ঘশ্চ।
শ্বাসনিপীড়িতবক্ষা নবমেঽংশে জায়তে ॥ ৯ ॥
ইতি সিংহস্য।

### সিংহরাশির নবাংশ ফল।

সিংহের প্রথম নবাংশে জন্ম হইলে, অপকৃষ্ট উদর, অত্যুগ্র, বক্তা, অলস স্বভাব, শিরা বৃহৎ, স্থূল শরীর ও স্থূলবক্ষঃস্থল, হইয়া থাকে।

দ্বিতীয় নবাংশের জন্ম হইলে, ললাটদেশ উন্নত ও বিস্তৃত, চতুর, সুন্দর শরীর, বিশাল নেত্র, গুরুভাবাপন্ন, দীর্ঘ ভুজ, উন্নত বক্ষঃ, স্থূল ও উগ্র নাসিকাযুক্ত হয়।

তৃতীয় নবাংশে হইলে, রোমাবৃত দীর্ঘ বাহু সম্পন্ন, চঞ্চল লোচন, চপল, শুভ, ত্যাগশীল, উন্নতনাসাযুক্ত, স্নিগ্ধশরীর ও বাহ্যিক আচার বিশিষ্ট হইবে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, ঘৃতমণ্ডের ন্যায় গৌরবর্ণ গাত্র, দীর্ঘ কৃষ্ণবর্ণ লোচন, মৃদু কেশ, স্থূলকর পদ, ভেকের ন্যায় উদর ও অস্ফুট শব্দ সম্পন্ন হয়।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, ঘটের ন্যায় মস্তক বিশিষ্ট, অল্পকেশযুক্ত, চক্ষু নাসা কৃষ্ণবর্ণ, উর্দ্ধ সুরুচির দেহ, লম্বোদর, উৎকট দন্ত এবং হৃদয় ও কটিদেশ স্থূল হয়।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, অল্পরোমযুক্ত নয়নবিশিষ্ট শরীর, চিক্কণ দীর্ঘাকার সজল নয়ন বিশিষ্ট, শ্যামবর্ণ, স্ত্রীচতুর, বৃথা গর্ব্বকর ও বাক্‌পণ্ডিত হইবে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, দীর্ঘবদন, স্থূল শিরা, পীনতনু, স্ত্রী দৌর্ভাগ্য বিশিষ্ট, কৃষ্ণবর্ণ, উত্তম সত্ব সম্পন্ন রোমযুক্ত মিথ্যা ও নিষ্ঠুরভাষী হইয়া থাকে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, উচ্চবাক্যসম্পন্ন স্থিরাংস, বন্ধুবর্গে উগ্র, ভীরু দৃষ্টি, গর্হিত কর্ম্মকারী, ধনহীন, কৃষ্ণবর্ণ ও তীক্ষ্ণ হয়।

নবম নবাংশে জন্ম হইলে, গর্দ্দভের ন্যায় স্বরবিশিষ্ট, কৃষ্ণবর্ণ চক্ষু, সরল হস্ত, জঙ্ঘার পশ্চাৎ ভাগ উত্তম ও শ্বাস ও নিপীড়িত বক্ষঃস্থল হইবে।

শারঙ্গাক্ষো বক্তা প্রদানসংভোগবান্ধব সমৃদ্ধঃ।
শ্যামোন্নতহৃদয়ঃ স্যাদ্যোষিৎ প্রথমাংশে জাতঃ ॥১॥
পূর্ণাননঃ সুবক্ষাঃ স্নিগ্ধো মৃদুবচনবাদশীলোজ্জ্বঃ।
লুব্ধো গুরূদরঃ স্যাদ্বধূ দ্বিতীয়ে মহোরুশ্চ ॥ ২ ॥

স্ফুটনাসিকাপুটঃ স্যাৎ প্রশস্ত-
গৌরশ্চ ঘনতনুভুজঃ স্পষ্টঃ।
বাগ্মী সুদৃক্ তৃতীয়ে শ্রুত-
বাক্যঃ স্ত্রীষুরুমতে চ ॥ ৩ ॥

সুকুমারমূর্ত্তির্মধুরো দীর্ঘঃ স্যাদল্পরোমকচদেহঃ।
বক্রোঽতিগৌরস্তীক্ষ্ণশ্চ কৃশো দ্বিমূর্দ্ধাচ ॥ ৪ ॥
স্থূলৌষ্ঠো বহুভাষী পীনভুজঃ পৃথুশিরা মহাণ্ডঃ স্যাৎ।
পঞ্চমজঃ পৃথুবক্ষাঃ পরাশ্রয়ো মন্দজঙ্ঘকচঃ ॥
স্নিগ্ধচ্ছবিঃ সুবাক্যঃ প্রশস্ততনুঃ শাস্ত্রকৃন্মতিপ্রচুরঃ।
লিপিলেখ্যকলাভিজ্ঞঃ সুমতিঃ ষষ্ঠে বিহারী চ ॥৬॥
হ্রস্ববদনোন্নতাংশঃ স্নিগ্ধমৃদুভুজকুটিলকেশঃ স্যাৎ।
সপ্তমজঃ পৃথুজঠরবচনোঽম্বুভীরুশ্চ ॥ ৭ ॥
সুকুমারদীর্ঘগৌরঃ শ্বেতোন্নতদৃক্ প্রচণ্ডমানী স্যাৎ।
ব্যালসুপীনবাহুঃ পিঙ্গললোমাষ্টমজাতঃ ॥ ৮ ॥
খ্যাতো মৃদুঃ সুমূর্ত্তির্বিশালনেত্রোঽসদৃশসত্বঃ।
চতুরো নবমেঽংশে স্যান্নতাংশ লেখ্যাদিবিদ্বাংশ্চ ॥৯

ইতি কন্যায়াঃ।

কন্যারাশির নবাংশ ফল।

কন্যার প্রথম নবাংশে জন্ম হইলে, মৃগের ন্যায় চক্ষু-বিশিষ্ট, বক্তা, দান, ভোগ ও বন্ধুগণ দ্বারা সমৃদ্ধি সম্পন্ন, শ্যামবর্ণ ও উন্নত হৃদয় হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, সর্ব্বাবয়ব সম্পন্ন বদন, সুন্দর বক্ষঃস্থল, চিক্কণ, মৃদু বচন সম্পন্ন, বাদশীল, পণ্ডিত, লোভী ও স্থূলোদর হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, প্রফুল্ল নাসিকা বিশিষ্ট, প্রশস্ত গৌরবর্ণ, দেহ ও ভুজ অতিশয় ঘন, প্রফুল্ল, বাগ্মী, সুন্দর নয়ন, শ্রুতিধর ও অনেক স্ত্রীরতিকর হইবে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, সুকুমার দেহ সম্পন্ন, মধুর, দীর্ঘ, অল্প রোম ও অল্প কেশ বিশিষ্ট দেহ, বক্রভাবাপন্ন, অতিশয় গৌর, তীক্ষ্ণ স্বভাব, কৃশ এবং দ্বিমস্তক হইয়া থাকে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, স্থূল ওষ্ঠবিশিষ্ট, বহুভাষী, উচ্চ ভুজ, স্থূল শিরা, বৃহৎ কোষযুক্ত, পৃথু বক্ষঃস্থল, অন্যের আশ্রয় দাতা, কেশ ও জঙ্ঘা কুৎসিত হয়।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, চিক্কণ দীপ্তি বিশিষ্ট, বাক্যসম্পন্ন, প্রশস্ত দেহ, শাস্ত্রকর্ম্মে প্রচুর বুদ্ধি, লিপি লেখ্য, কলাভিজ্ঞ ও সুমতি হইবে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, হ্রস্বমুখ, উন্নত স্কন্ধ, স্নিগ্ধ কোমল হস্ত, কুটিল কেশসম্পন্ন, স্থূল জঠর, গুরুবাক্যসম্পন্ন ও অম্বুভীরু হইয়া থাকে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, সুন্দর, গৌরবর্ণ, দীর্ঘ দেহ,

শ্বেতবর্ণ, উন্নতদৃষ্টিসম্পন্ন, উগ্রপ্রকৃতি, মানী, দীর্ঘ, সরল হস্ত ও পিঙ্গলবর্ণ লোমযুক্ত হয়।

নবম নবাংশে জন্ম হইলে, খ্যাতাপন্ন, মৃদু, সুন্দর শরীর, বিশাল নয়ন, বিষম প্রকৃতি, চতুর, নিম্নস্কন্ধ, লেখ্যাদি কর্ম্মে পণ্ডিত হইবে।

গৌরো বিশালনেত্রঃ শ্লাঘী দীর্ঘাননোঽর্থগোপ্তা স্যাৎ
ঘনকূর্চ্চপণ্যকুশলস্তুলাধরাদ্যংশজঃ সুবাক্যঃ স্যাৎ॥১॥
পৃথুমণ্ডলনেত্রঃ স্যাৎ করালদন্তো বিনিম্নভুজযুগলঃ।
সুগণো বিস্তৃতহৃদয়ঃ কুতনুর্দ্বিতীয়জঃ সংহতভ্রূশ্চ।২
গৌরোঽশ্বমুখঃ সুরদো মধূন্নতাক্ষঃ কৃশোঽরিলব্ধযশাঃ
দীর্ঘশিরোরুহঘোণস্তৃতীয়জঃ স্যাচ্ছরণ্যশ্চ ॥ ৩ ॥
মৃগতরলদৃক্ভ্রূস্বমুখনসো ভূবিবিলাসিকঃ প্রাংশুঃ।
স্নিগ্ধঃখরঃ শীলবান্ ষষ্টিশাস্ত্রোঽর্থ সুবি-
ষাদঃ শ্যামঃ পীনশ্চতুর্থজো ভবতি ॥ ৪ ॥
গম্ভীরদৃক্ স্থিরাত্মা সুহৃৎপ্রিয়ঃ পঞ্চমে মান্যঃ স্যাৎ।
খরকেশত্বক্‌নেত্রো মধ্যপ্রবিলগ্নঘোণদৃষ্টিশ্চ॥ ৫ ॥
পানাঙ্গো গৌরঃ স্যাদ্বিশালবক্ত্রঃ সুনাসিকঃপ্রাংশুঃ।
স্নিগ্ধস্বরঃ সুপ্রাজ্ঞঃ ষষ্ঠে শাস্ত্রার্থশিক্ষাবিৎ ॥ ৬॥
রক্তান্তনেত্রমতিমান্ গুরুরল্পতনুঃ কৃশললাটঃ স্যাৎ।
যুদ্ধপ্রচণ্ডঃ সরলঃ সপ্তমভাগে বচস্বী চ ॥ ৭ ॥
তুঙ্গাঙ্গগণ্ডভোক্তা কঠিনতনুর্দীর্ঘনাসিকভ্রূঃ স্যাৎ।
নির্ব্ভিক্তবাক্‌প্রশান্তো মধ্বক্ষিসদ্বক্ষমস্তকোঽষ্টমজঃ ৮
স্বক্ষঃ প্রসন্নগৌরঃ সমচারুতনুঃ পটুঃ কলানিরতঃ।
দাক্ষিণ্যহাস্যনিরতো বিট্‌স্বভাবো ভবেন্নবমে ॥৯॥
ইতি তুলায়াঃ ॥

তুলারাশির নবাংশ ফল।

তুলার প্রথম নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, বিশাল নেত্র, শ্লাঘাকর, দীর্ঘবদন বিশিষ্ট, অর্থগোপ্তা, ঘন শ্মশ্রু সম্পন্ন, বাণিজ্যকুশল ও উত্তম বাক্য বিশিষ্ট হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, চক্ষুযুগল বিশাল ও গোলাকার, ভয়ঙ্কর দন্তবিশিষ্ট, হস্তদ্বয় লম্বিত, সুগণ সম্পন্ন, বিশাল হৃদয়, কুৎসিত শরীর ও মিলিত ভ্রূ হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, ঘোটকের সদৃশ মুখ বিশিষ্ট, সুন্দর দন্তযুক্ত, উত্তম উন্নত লোচন, কৃশ দেহ, শত্রুলব্ধযশ, কেশ ও নাসিকা দীর্ঘ এবং সকলের শরণ্য হইবে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, হরিণের ন্যায় চঞ্চল দৃষ্টি সম্পন্ন, মুখ ও নাসা খর্ব্ব, বিলাসী উন্নত দেহ, স্নিগ্ধ, উগ্র-স্বভাব, শীলবান্, চতুঃষষ্ঠি শাস্ত্রার্থবেত্তা, বিষাদযুক্ত ও শ্যামবর্ণ হয়।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, গম্ভীর দৃষ্টিবিশিষ্ট, স্থির প্রকৃতি, বন্ধুপ্রিয়, মান্যবান্, এবং তাহার কেশ, ত্বক্ ও নেত্র অতিশয় তীক্ষ্ণ, দৃষ্টি ও নাসিকার মধ্যভাগ নিম্ন হইবে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, স্থূলাঙ্গসম্পন্ন, গৌরবর্ণ, বিশাল মুখ, সুন্দর নাসিকা বিশিষ্ট, উন্নত দেহ, স্নিগ্ধ স্বরসম্পন্ন, উত্তম বুদ্ধি বিশিষ্ট, শিক্ষা ও শাস্ত্রার্থবেত্তা হইয়া থাকে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, রক্তান্ত চক্ষু বিশিষ্ট, বুদ্ধিমান্, গুরুভাবাপন্ন, কৃশশরীর, ললাটদেশ কৃশ, যোদ্ধা প্রচণ্ড, বলবান্ ও বচস্বী হয়।

অষ্টম নবাংশে জন্ম হইলে, গণ্ড ও অঙ্গ অতিশয় তুঙ্গ, ভোক্তা, কঠিন শরীর, ভ্রূ নাসা দীর্ঘ, বিশুদ্ধ বাক্য, প্রশান্ত, সুন্দর নয়ন, বক্ষ ও মস্তক উত্তম হইবে।

নবম নবাংশে জন্ম হইলে, সুন্দর ব্যবহারবিশিষ্ট, প্রসন্ন মূর্ত্তি, গৌরবর্ণ, সমভাবাপন্ন মনোহর তনু, কর্ম্মকুশল, কলাশাস্ত্রে নিযুক্ত, দয়াবান্, হাস্যনিরত এবং বৈশ্যের ন্যায় স্বভাব সম্পন্ন হয়।

ভ্রূস্বো নতোষ্ঠঘোণঃ সুললিত-
নাভিঃ স্যাদ্দৃঢ়াঙ্গো গৌরশ্চ।
দুর্দ্ধরকুক্ষি ভুজশিরো-
ঽষ্টম প্রথমে নবমেভাগে ॥১॥

গৌরঃ পৃথ্বায়ত হৃদ্বাহুস্তাম্রদৃক্ দ্বিতীয়েস্যাৎ।
উদ্ধতবল রিপুহন্তা সাহস কৃচ্ছাতিকোপশ্চ ॥২॥
প্রাজ্ঞো দৃঢ়বাহুঃ প্রসন্নকোপঃ সুমধুরবাক্যঃ স্যাৎ।
কামীনরো বপুষ্মান্ গৌররুচিরাধরৌষ্ঠশ্চ ॥৩॥
পরদারদ্রোহরতি ক্ষেপ্তাধীরশ্চতুর্থজোদীর্ঘঃ।
শ্যামোঽসিতকেশাক্ষোঽটন-
প্রগল্ভঃ পীনরোমাংশঃ ॥৪॥
গম্ভীরতাম্রাক্ষো লগ্ননসঃ পঞ্চমে ধনেশঃ স্যাৎ।
লম্বোদরোগ্রকর্ম্মা ব্যস্তদৃঢ়াঙ্গো যশস্বী চ ॥৫॥
দ্বেষ্টাসু স্তব্ধাক্ষঃ স্পষ্টোশ্বনসো গম্ভীরসত্বঃ স্যাৎ।
সুনয়ঃ প্রচণ্ড কর্ম্মা ষষ্ঠে দক্ষোঽল্পকথোনতভ্রুশ্চ ॥৬॥
দারিতমুখঃ শিরালঃ প্রবিকীর্ণরদঃ শিরাবরণপঙ্গুঃ।
লম্বোদরাপ্লুতাক্ষঃ প্রস্তুতনুঃ সপ্তমে ভবেদংশে ॥৭॥
স্ফুটিতাগ্রনসঃ কাণো বিপন্ন-
বংশো মলীমসাঙ্গঃ স্যাৎ।
ভিন্নোৎকটঃ শিরোরুহৈ
রসত্য কুমতিস্তথাষ্টমজঃ ॥৮॥
গৌরোঝষাকৃতিঃ সুদৃক্
প্রশস্তপীনাংশ রোম দৃঢ়শীলঃ।
সুসম্মতশ্চ গুরূণাং ততঃ
প্রদাতা নবমে ভাগে ॥৯॥ ইতি বৃশ্চিকশ্চ।

বৃশ্চিক রাশির নবাংশ ফল।

বৃশ্চিকের প্রথম নবাংশে জন্ম হইলে, খর্ব্ব, নিম্ন ওষ্ঠ ও নাসিকাসম্পন্ন, সুললিত নাভি, দৃঢ়াঙ্গ, গৌরবর্ণ, উদর, হস্ত ও মস্তক অতিশয় দুর্দ্ধর্ষ হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, দীর্ঘায়ত হৃদয় ও বাহুবিশিষ্ট, তাম্রবর্ণ চক্ষু, উদ্ধত, বলবান্, শত্রুহন্তা, সাহসিক ও ক্রোধী হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, বুদ্ধিমান্, দৃঢ়হস্ত, ক্রোধশমী, সুমধুর বাক্যবিশিষ্ট, কামী, বপুষ্মান্, গৌরবর্ণ, অধর ও ওষ্ঠ মনোহর হইয়া থাকে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, পরস্ত্রীর ধর্ম্মনষ্টকারী, ক্ষেপন কর্ত্তা, ধীর, শ্যামবর্ণ দীর্ঘ দেহ, কেশ ও নয়ন কৃষ্ণবর্ণ, গমনে প্রগল্ভান্বিত, স্কন্ধ ও রোম পীন হইবে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, গম্ভীর প্রকৃতি, তাম্রবর্ণ লোচন, লগ্ননাসিকা, ধনেশ্বর, দীর্ঘ উদর বিশিষ্ট, উগ্র কর্ম্মকারী, বিস্তৃত দৃঢ় দেহ ও যশস্বী হয়।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, বিদ্বেষী, সুন্দর শুদ্ধ নয়ন, প্রফুল্ল, অশ্বের সদৃশ নাসিকা বিশিষ্ট, গম্ভীর প্রকৃতি, উত্তম বিনয়সম্পন্ন, উগ্রকর্ম্মা, পটু, অল্পকথনশীল ও নত ভ্রূ হইয়া থাকে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, বিস্তৃত বদন, স্থূল শিরা সম্পন্ন, বিরল দন্তবিশিষ্ট, শিরাবরণে পঙ্গু, লম্বোদর, রোমযুক্ত নয়ন, সুন্দর শরীর সম্পন্ন হইবে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, নাসিকার অগ্রভাগ প্রফুল্ল, এবং সে কাণ, (এক চক্ষু বিহীন), বংশের বিপদকর, মলিন দেহ, কেশ দ্বারা কুদৃশ্য, মিথ্যাবাদী ও কুমতি সম্পন্ন হইয়া থাকে।

নবম নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, মৎস্যের ন্যায় আকৃতিবিশিষ্ট, সুন্দর দৃষ্টিসম্পন্ন, স্থূল প্রশস্ত স্কন্ধ, দৃঢ় রোমযুক্ত, গুরুগণের সুসম্মত ও দাতা হয়।

সুবৃহন্নখোজদৃষ্টিঃ স্ফুটাগ্রহাসীস্থভিন্নরোমা চ।
গৌরঃ সুবৃষণশ্চাপাদ্যংশে প্রচণ্ডঃ স্যাৎ ॥১॥
প্রোত্তুঙ্গশিরাঃ স্থিরধীর্ব্বি-
স্তীর্ণাক্ষো গুরুঃ স্থিরচরণঃ স্যাৎ।
বিকৃতাগ্রনাসো দীর্ঘো
মহাহনুঃ স্যাদ্দ্বিতীয়েংশে ॥২॥
দীক্ষা শাস্ত্রানুমতিঃ প্রগল্ভঃ সম্পূর্ণমূর্ত্তিঃ সুনয়নঃ।
স্ত্রীবল্লভো মনস্বী তৃতীয়জো হাস্যশিল্পজ্ঞঃ ॥৩॥
দক্ষোমধুর মণ্ডলদৃক্ গৌরঃ
কচ্ছপ বিবৃদ্ধকুক্ষিঃ স্যাৎ।
প্রাজ্ঞোনটঃ সুকেশঃ
পৃথু শুভমূর্ত্তিশ্চতুর্থেংশে ॥৪॥

পৃথু কর্ণনেত্রবদনঃ প্রসিদ্ধঃ সুবিগ্রহোমহাংশ্চ স্যাৎ।
পীনোন্নতাংশহস্তঃ পঞ্চমজোগূঢ় রোমদৃঢ়বুদ্ধিঃ ॥৫॥
স্নিগ্ধা সিতান্ত পৃথুদৃক্ মহা-
ললাটঃ সুমূর্ত্তিঃ কাব্যরতঃ।
পৃথুপীনমুখো হীনঃ ষষ্ঠে বিদ্বান্
কবিস্তু ধীরঃ স্যাৎ ॥ ৬ ॥
শ্যামো মৃদুর্ব্বচস্বী তুঙ্গশিরাঃ সংগ্রাহার্থ সত্বরতঃ।
দীর্ঘো বিশালনয়নো দাক্ষিণ্যপটুশ্চ সপ্তমজঃ ॥ ৭ ॥
চিপিটাগ্রনাসিকঃ স্যাদ্বিস্তীর্ণশিরাঃ সুবদ্ধবৈরশ্চ।
বিভ্রান্তদৃক্ প্রতাপী গুরুষ্বভিরতোঽষ্টমাংশ ভবঃ ॥৮॥
গৌরোহয়াকৃতিমুখো দীর্ঘাসিতদৃক্
তথাল্পবাক্যঃ স্যাৎ।
সত্যঃ সতাং বিবাদী নবমে কুটিলোরুজঙ্ঘশ্চ ॥ ৯ ॥
ইতি ধনুষঃ।

ধনুরাশির নবাংশ ফল।

ধনুর প্রথম নবাংশে জন্ম হইলে, সুন্দর, বৃহন্নখ বলবান্, দৃষ্টিসম্পন্ন উচ্চহাস্যকারী প্রফুল্ল, মনোহর লোমযুক্ত, গৌরবর্ণ, সুন্দর বৃষণ ও ক্রোধী হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, উচ্চ মস্তক, স্থিরবুদ্ধি সম্পন্ন, বিশাল নেত্র, গুরুভাবাপন্ন, স্থির চরণ, নাসিকাগ্র বিকৃত ও হনুদেশ বিস্তৃত হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, দীক্ষাশাস্ত্রে মতি, প্রগল্ভ, সম্পূর্ণ গঠন; সুন্দর চক্ষু, স্ত্রীবল্লভ, মনস্বী, হাস্য ও শিল্পবেত্তা হইয়া থাকে।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, পটু মনোহর মণ্ডলাকার নয়ন, গৌরবর্ণ, কচ্ছপ সদৃশ বিস্তৃত কুক্ষিদেশ, প্রাজ্ঞ, নটকর্ম্মকর, উত্তম কেশসম্পন্ন ও পৃথুসুন্দর মূর্ত্তি হয়।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, কর্ণ, নেত্র, বদন, অতিশয় স্থূল, বিখ্যাত, সুন্দর দেহ, মহৎ, হস্ত ও স্কন্ধ পীন এবং উন্নত, ঘন রোমযুক্ত এবং দৃঢ়বুদ্ধি সম্পন্ন হইবে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, স্নিগ্ধ, কৃষ্ণবর্ণ অতিশয় শুক্ল-দৃষ্টিবিশিষ্ট, শ্রেষ্ঠ ললাট, সুন্দর মূর্ত্তি, কাব্যরত, পৃথু পীনবদন, হীনপ্রকৃতি, বিদ্বান্, কবি ও ধীর হয়।

সপ্তম নবাংশে জন্ম হইলে; শ্যামবর্ণ; মৃদু, বচস্বী, উচ্চ মস্তক, সংগ্রাহার্থ রত; দীর্ঘ দেহ, বিস্তৃত লোচন, দয়ালু ও পটু হইয়া থাকে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, চিপিট নাসাগ্র, বিস্তীর্ণ মস্তক, সুবদ্ধ বৈর, বিভ্রান্ত, দৃষ্টিসম্পন্ন, প্রতাপশালী ও গুরুগণে অভিরত হয়।

নবম নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, হয়াকৃতি বদন, কৃষ্ণবর্ণ দীর্ঘ চক্ষু, অল্পবাক্, সত্যবাদী, সাধু বিবাদী, এবং তাহার উরু ও জঙ্ঘা কুটিল হইবে।

বিবলাগ্ররদঃ শ্যামঃ প্রভিন্নবাক্
খরশিরোরুহাগ্র তনুঃ।
গীতবর হাস্যনিরতো মকরাদ্যে
বলধনঃ কৃশাঙ্গঃ স্যাৎ ॥ ১ ॥
শ্যামো বক্রনখঃ স্যাদ্গীতাভিরতো বিশাল দেহঃ।
প্রচুরাঙ্গনাসুনিরতো বহুভাষী চ দ্বিতীয়জঃ কল্যঃ॥২॥
গান্ধর্ব্বকলাভিরামঃ খ্যাতো
গৌরোঽতিরক্তনখদৃক্ সুনসঃ।
বহুমিত্র বন্ধুরতিমান্ তৃতীয়জস্ত্বিষ্ট কর্ম্মা চ ॥ ৩ ॥
রক্তাসিত বৃত্তাক্ষো মহাললাটভুজো দুর্ব্বলাঙ্গকরঃ।
ভবতি হি বিস্তীর্ণ কেশশ্চতুর্থজো বিরলদন্তঃ স্যাৎ ॥৪॥
উদ্দণ্ডঘোণঃ কুস্ত্রীপতিঃ প্রভোক্তা সুনাসিকাবতংশঃ।
শ্যামো বৃত্তোরুভুজঃ পঞ্চমভাগে স্থিরারম্ভঃ ॥ ৫ ॥
স্নিগ্ধচ্ছবিঃ সুবেশঃ কামরতিঃ সূক্ষ্মসরদঃ সুবক্তা।
ষষ্ঠাংশজঃ পৃথুহনুর্ম্মহাললাটঃ পুমান্ ভবতি ॥ ৬ ॥
শ্যামোঽলসঃ সুভাষী কুঞ্চিতকেশো বৃহত্তনুঃ কঠিনঃ।
মৃদুপাণিপাদমতিমান্ সপ্তমজঃ শীলসম্পন্নঃ ॥ ৭ ॥
গম্ভীরদৃক্ কুঘোণো বক্রাস্যো
ভিন্ননখশিরোজঃ স্যাৎ।

উদ্ধৃততনুঃ শক্তোঽষ্টমজো নতঘোণললাটশ্চ ॥৮॥
বিপুলাক্ষহৃৎ সুমেধাঃ পূর্ণমুখো গীতবাদ্যনিরতশ্চ।
মাধুর্য্যসত্ত্বযুক্তঃ সাধুর্নবমে ভবেৎ সুজাতশ্চ ॥ ৯ ॥

ইতি মকরস্য।

মকররাশির নবাংশফল।

মকরের প্রথম নবাংশে জন্ম হইলে, দুর্ব্বলদন্তাগ্র, শ্যামবর্ণ, প্রভিন্নবাক্, তীক্ষ্ণকেশাগ্রতনু, গায়কশ্রেষ্ঠ, উৎকৃষ্ট হাস্যযুক্ত, বল-ধন ও কৃশ শরীর হয়।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, শ্যামবর্ণ, বক্রনখবিশিষ্ট, গীতাভিরত, বিস্তীর্ণদেহসম্পন্ন, বহুরমণীনিরত, বহুভাষী ও-যুদ্ধপ্রিয় হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, গান্ধর্ব্বকলাসম্পন্ন, খ্যাতাপন্ন, গৌরবর্ণদেহ, অতিশয় রক্তবর্ণ নখ ও চক্ষু, সুন্দর নাসিকাবিশিষ্ট, অনেক মিত্র বন্ধুসম্পন্ন, অভিমানী ও ইষ্টকর্ম্মকারী হয়।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, কৃষ্ণবর্ণ, গোলাকার চক্ষু-সম্পন্ন, মহা ললাট ও হস্ত, দুর্ব্বলাঙ্গশোভা, বিস্তীর্ণকেশ ও বিরল দন্ত হইবে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, প্রচণ্ড সুন্দর নাসিকা, কুকামিনীপতি, উত্তমভোক্তা, সুন্দরস্কন্ধ, শ্যামবর্ণ, উরু ভুজ বর্ত্তুল এবং স্থিরারম্ভ হইয়া থাকে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, স্নিগ্ধদীপ্তি, সুবেশকর, ইচ্ছানুরতি, সম সূক্ষ্মদন্ত, সুবক্তা, স্থূল হনুদেশ ও মহাললাট হইবে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, শ্যামবর্ণ, অলসপ্রকৃতি, সুবক্তা, কুঞ্চিতকেশবিশিষ্ট, বৃহৎ তনু, কঠিন, কোমল হস্তপদ, মতিমান্ ও শীলসম্পন্ন হয়।

অষ্টম নবাংশে জন্ম হইলে, গম্ভীর দৃষ্টি, কুৎসিত নিম্ন নাসা, বক্রমুখ, ভিন্ন নখকেশ, উদ্ধত তনু, পটু ও নিম্ন ললাট হইয়া থাকে।

নবম নবাংশে জন্ম হইলে, বিপুলচক্ষু ও হৃদয়সম্পন্ন, সুন্দরমেধান্বিত, পরিপূর্ণমুখ, গীতবাদ্যরত, মাধুর্য্যসত্ত্বযুক্ত, সাধুপ্রকৃতি এবং সুন্দর জাত হইবে।

শ্যামো মৃদুঃ কৃশাঙ্গঃ শাস্ত্রকাব্যবিপুলমতিঃ।
কামী রতিমান্ কান্তঃ কুম্ভস্যাদ্যে ভবেজ্জাতঃ ॥১॥
ত্বক্‌নখদৃষ্টিশিরোজৈঃ স্বরৈশ্চ সুবিপন্নবৎসলঃ সাধুঃ। দীর্ঘোঽতিশিরা মূর্খো দ্বিতীয়ভাগে ভবেজ্জাতঃ ॥২॥
সংশক্ততনুঃ প্রমদাপ্রিয়শ্চ বৈদূর্য্যকান্তিধর্ম্মরতঃ।
শাস্ত্রার্থবিৎ প্রবক্তা তৃতীয়নবাংশকে জাতঃ ॥৩॥
কান্তানুরতো গৌরো বিদারিতাস্যো বিপ্রপ্রাণ-নাশকরশ্চ। গম্ভীর ধীরশ্চতুর্থজো ভোগরতি-যুক্তঃ ॥৪॥
স্পষ্টার্থবিৎ কলাজ্ঞঃ খররোমকথাঙ্ঘ্রিকেশনিকরঃ স্যাৎ। সংরুদ্ধ কর্ণঘোণঃ পঞ্চমজঃ কৃষ্ণনয়নশ্চ ॥৫॥
ব্যাঘ্রাননঃ প্রগল্ভঃ কুঞ্চিতকেশস্ত্বনিশ্চিতার্থশ্চ।
বাতমৃগোরগহন্তা ষষ্ঠেঽংশে বল্লভো নৃপতেঃ ॥৬॥
মেষাক্ষিরদনস্তীক্ষ্ণো গ্রাম্যরতিঃ স্ত্রীষু পরিভূতঃ।
পিত্তরুগর্দ্দিতদেহঃ সপ্তমজঃ সত্ত্বধৃতিযুক্তঃ ॥৭॥
স্থিরসত্ত্ব বুদ্ধিরতিমান্ নরেন্দ্রসেবী ধনেশ্বরঃ সুভগঃ।
স্থূলরদো বিপুলাক্ষঃ সুতনুঃ স্যাদষ্টমে পুরুষঃ ॥৮॥
শ্যামঃ সমগ্রকুশলো বিশ্লেষিতধনদারসুতৈঃ।
নবমাংশজঃ সুবাক্যঃ প্রার্থিতশক্তো ভবেৎপুরুষঃ॥৯॥

ইতি কুম্ভস্য।

কুম্ভরাশির নবাংশফল।

কুম্ভের প্রথম নবাংশে জন্ম হইলে, শ্যামবর্ণ, মৃদু-স্বভাব, কৃশাঙ্গ, শাস্ত্রকাব্যে বিপুলমতিবিশিষ্ট, কামী, রতিমান্ ও কমনীয় হইয়া থাকে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, ত্বক্ নখ দৃষ্টি কেশ ও শব্দ দ্বারা বিপদাপন্ন ব্যক্তির প্রতি স্নেহকর, সাধু, দীর্ঘাকৃতি, অতি মস্তক ও মূর্খ হইবে।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, সংশক্তশরীর, প্রমদা-প্রিয়, বৈদূর্য্যকান্তি, ধর্ম্মরত, শাস্ত্রার্থবেত্তা ও সুন্দর বচন-শীল হয়।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, কান্তানুরত, গৌরবর্ণ, বিদারিতবদন (এস্থলে 'বিপরীতাস্য' পাঠও দৃষ্ট হয়) বিপ্রপ্রাণনাশকর, গম্ভীরপ্রকৃতি, ধীর ও রতিভোগযুক্ত হইয়া থাকে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, স্পষ্টার্থবেত্তা, কলাজ্ঞ, বাক্য-চরণ-রোম ও কেশনিকর কর্কশ, রুদ্ধকর্ণনাসা ও কৃষ্ণ-নয়নবিশিষ্ট হইবে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, ব্যাঘ্রতুল্যমুখবিশিষ্ট, প্রগল্ভ, কুঞ্চিতকেশসম্পন্ন, অনিশ্চিতার্থবেত্তা, উরগ ও বাতমৃগঘাতক, এবং রাজবল্লভ হয়।

সপ্তম নবাংশে জন্ম হইলে, মেষেরন্যায় চক্ষুসম্পন্ন, তীক্ষ্ণদন্ত, নীচরতি, স্ত্রীপরাভূত, পিত্তরোগপীড়িতদেহ এবং ধৃতিসত্ত্বসম্পন্ন হইবে।

অষ্টমনবাংশে জন্ম হইলে, স্থিরসত্ত্বসম্পন্ন, অতিমানী, নরেন্দ্রসেবী, ধনেশ্বর, সৌভাগ্যসম্পন্ন, স্থূলদন্ত, বিপুলচক্ষু এবং সুন্দরদেহ হয়।

নবমনবাংশে জন্ম হইলে, শ্যামবর্ণ, সমগ্রকর্ম্মকুশল, ধন পুত্র পত্নী বিচ্যুত, সুবাক্যসম্পন্ন এবং যাচ্ঞা পটু হইবে।

গৌরো বিভক্তদেহশ্চপলো মৃদুঃ স্ত্রীমনা প্রবলচিত্তঃ
হ্রস্বগলঃ কৃশমধ্যো মীনস্যাদ্যংশকে জাতঃ ।।১।।
পৃথুপীনমুখাগ্রনখঃ ক্রিয়াপটুর্মাংসভুক্ রুচিরদেহঃ।
কাননপর্ব্বতচারী বৃহচ্ছিরা স্যাদ্দ্বিতীয়ে চ ॥২॥
গৌরঃ সমঃ সুচক্ষুঃ সুতনুর্ধনবাংস্তথা সুবিদ্বাংশ্চ।
দাক্ষিণ্যবান্ বিনীতস্তৃতীয়জো রূপবাংশ্চতুরঃ ॥৩॥
গুণবান্ বিপন্নশীলঃ প্রবৃদ্ধসেবী ক্রিয়াপটুর্ধীরঃ।
সত্ত্বাধিকো ন যজ্ঞস্তুঙ্গনসঃ স্যাচ্চতুর্থে চ ।।৪।।
দীর্ঘোঽসিতঃ প্রভাষী তুঙ্গান্তস্বল্পনাসিকঃ স্থিরধীঃ।
হিংসারতিঃ শুভরদো দুষ্প্রসহঃ পঞ্চমে প্রতাপী
স্যাৎ ।।৫।।
কান্তঃ প্রতাপগুণবান্ প্রসন্নবংশোচ্চনাসিকো মানী
তির্য্যঙ্নয়নঃ খ্যাতঃ ষষ্ঠজঃ স্যাত্তথা নিপুণঃ ।।৬।।
পুরুষাভিমানিহৃদয়ঃ কুমতিঃ শ্রেষ্ঠো নরেন্দ্র সচিবঃ
স্যাৎ। প্রবলো বিবাদশীলঃ শঠোঽস্থিতি
সপ্তমে ভাগে ।।৭।।
দীর্ঘো বৃহচ্ছিরাঃ স্যাৎ কৃশোঽলসো রুক্ষাল্পকেশঃ
স্যাৎ। মন্দাত্মজোঽর্থনিরতো রণকুশলোঽষ্টমভবো
ভবতি ।।৮।।
হ্রস্বো মৃদুঃ সুধীরো বিশালবক্ষোঽক্ষিনাসিকঃ
স্নিগ্ধঃ। বিহিতাঙ্গবুদ্ধি গুণবান্ নবমেঽংশে স্যাৎ
পুমান্ খ্যাতঃ ।।৯।।

ইতি মীনস্য।

যৎ প্রোক্তং রাশিফলং দ্বাদশভাগেঽপি তৎফলং বাচ্যং। সপ্তমভাগে সমানং শেষং বিনির্দ্দিশেৎ প্রাজ্ঞঃ ॥

ইতি নবাংশফলং।

মীনরাশির নবাংশফল।

মীনের প্রথম নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, বিভক্তদেহ, চপল, মৃদু, স্ত্রীমনা, প্রবলচিত্ত, হ্রস্বগলদেশ ও মধ্যকৃশ হইয়াথাকে।

দ্বিতীয়নবাংশে জন্ম হইলে, নাসা ও মুখাগ্র পৃথু পীন, ক্রিয়াপটু, মাংসভোক্তা, মনোহরদেহসম্পন্ন, পর্ব্বত ও বনচারী এবং বৃহৎমস্তকবিশিষ্ট হইবে।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ সুন্দর সমা-নচক্ষুবিশিষ্ট, সুন্দরশরীর, ধনবান্, সদ্বিদ্যাসম্পন্ন, দয়াবান্ ও বিনীত হয়।

চতুর্থ নবাংশে জন্ম হইলে, গুণবান্, সর্ব্বদাবিপদযুক্ত, বৃদ্ধজনেরসেবাকর, ক্রিয়াপটু, ধীর সত্ত্বাধিক, দেবার্চ্চনা-বিরত ও উচ্চনাসাসম্পন্ন, হইবে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, কৃষ্ণবর্ণ দীর্ঘকায়, সদ্বক্তা, অন্তউচ্চ স্বল্পনাসিকা সম্পন্ন, স্থিরবুদ্ধি, হিংসারতি, শোভনদন্তবিশিষ্ট, দুঃখবহনশীল ও প্রতাপী হয়।

ষষ্ঠনবাংশে জন্ম হইলে, কমনীয়মূর্ত্তি, প্রতাপশালী, গুণবান্, কুলপ্রশস্তকর; উচ্চনাসিকাবিশিষ্ট, মানী, তির্য্যক্‌লোচন, বিখ্যাত এবং নিপুণ হইয়াথাকে।

সপ্তম নবাংশে জন্ম হইলে, পুরুষাভিমানীহৃদয়সম্পন্ন, কুমতিবিশিষ্ট, শ্রেষ্ঠ, রাজমন্ত্রী, প্রতাপী, বিবাদশীল, শঠ ও অস্থির হইবে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, দীর্ঘ, বৃহৎশিরাসম্পন্ন, কৃশ, অলসপ্রকৃতি, রুক্ষ—অল্পকেশবিশিষ্ট, মন্দপুত্র সম্পন্ন, অর্থনিরত, রণকুশল হয়।

নবম নবাংশে জন্ম হইলে, হ্রস্ব, মৃদুশরীর, বক্ষ চক্ষু ও নাসিকা বিশাল, স্নিগ্ধ, বিহিতাঙ্গ বুদ্ধি ও গুণবান্ হইবে।

যেরূপ রাশিফল কথিত হইয়াছে, সেই সমুদায়ফল দ্বাদশাংশে বিহিত হইয়াথাকে। পণ্ডিতগণ এই রাশিফলও সপ্তাংশে নির্দ্দেশ করিয়াথাকেন।

সারাবলী গ্রন্থকার মহাত্মা স্বীয় গ্রন্থমধ্যে মেষাদিরাশির নয়টি নয়টি করিয়া নবাংশ ফল নির্দ্দেশ পূর্ব্বক কি আশ্চর্য্য বুদ্ধি কৌশল প্রকাশ করিয়াছেন। পূর্ব্ব ২ আচার্য্যগণ লগ্ন নবাংশ ও বলবান গ্রহদ্বারা যে জাতবালকের শরীর এবং প্রশ্নকালীন লগ্ন নিরূপণ করিতে কহিয়াছেন সারাবলী গ্রন্থকার সেই সৌষ্ঠবের কোন হানি করেন নাই। এক্ষণে অস্মদ্দেশে যে রূপ নবাংশফল প্রচলিত আছে, তাহাই নিম্নে লিখিত হইল।

## অথ নবাংশফলং শ্রীনাথভট্টকৃত কোষ্ঠীপ্রদীপে।

পিশুনশ্চপলো ধূর্ত্তঃ পাপকর্ম্মরতঃ সদা।
পরেষাং ব্যসনাশক্তশ্চৌরশ্চ প্রথমাংশকে ॥১॥
ধার্ম্মিকঃ সত্যবাদী চ নানাশাস্ত্রবিশারদঃ।
দৃঢ়ব্রতো মহোৎসাহো দ্বিতীশাংশভবো নরঃ ॥২॥
উৎপন্নবিভবো ভোক্তা সংগ্রামে বিগতস্পৃহঃ।
সুগর্ব্ব প্রমদাশক্তস্তৃতীয়াংশে চ জায়তে ॥৩॥
চতুর্থাংশকজাতস্য স্মরণাদীক্ষণাদপি।
সর্ব্বঞ্চ সংগ্রহেন্নিত্যং যৎকিঞ্চিদ্বস্তু ভূতলে ॥৪॥
সর্ব্বলক্ষণসম্পন্নো ধনী ভবতি সর্ব্বতঃ।
দীর্ঘায়ুর্ব্বহুপুত্রশ্চ যো জাতঃ পঞ্চমাংশকে ॥৫॥
স্ত্রীনির্জ্জিতোঽনপত্যশ্চ বহুমায়ো নপুংসকঃ।
দৃঢ়বৈরো মহোৎসাহো জাতঃ ষষ্ঠ নবাংশকে ॥৬॥
বিক্রান্তো মতিমান্ শূরঃ সংগ্রামে চাপরাজিতঃ।
দৃঢ়বুদ্ধির্মহোৎসাহো জাতস্তু সপ্তমাংশকে ॥৭॥
স্বধর্ম্মকুশলো দক্ষঃ সংযতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
ভৃত্যানাং পোষণে দক্ষো যোজাতশ্চাষ্টমাংশকে ॥৮॥
অষ্টমাংশকজাতস্য যে গুণাঃ পরিকীর্ত্তিতাঃ।
নবমাংশকজাতস্য তএব কথিতা বুধৈঃ ॥৯॥

### শ্রীনাথভট্টকৃত কোষ্ঠীপ্রদীপোক্ত নবাংশফল।

প্রথম নবাংশে জন্ম হইলে, খল, চপলস্বভাব, ধূর্ত্ত, সর্ব্বদা পাপকর্ম্মেরত, পরব্যসনাশক্ত ও তস্কর হইবে।

দ্বিতীয় নবাংশে জন্ম হইলে, ধার্ম্মিক, সত্যবাদী, নানাশাস্ত্রবিশারদ, দৃঢ়ব্রত ও মহা উৎসাহ সম্পন্ন হয়।

তৃতীয় নবাংশে জন্ম হইলে, উৎপন্নবিভবভোগী, যুদ্ধেবিগতস্পৃহ, উত্তমগর্ব্বকর ও প্রমদাশক্ত হইয়াথাকে।

চতুর্থনবাংশে জন্ম হইলে, জাতবালকের স্মরণ ও দৃষ্টি দ্বারা সর্ব্বসংগ্রহনিত্যবস্তুর মধ্যে যৎকিঞ্চিৎ ধন মাত্র অবশিষ্ট থাকিবে।

পঞ্চম নবাংশে জন্ম হইলে, সর্ব্বলক্ষণসম্পন্ন, সকল-ধনপূর্ণ, দীর্ঘায়ু ও বহুপুত্র বিশিষ্ট হইবে।

ষষ্ঠ নবাংশে জন্ম হইলে, স্ত্রীনির্জ্জিত, অপত্যহীন, বহু মায়াবিশিষ্ট ক্লীব, দৃঢ়বৈর, ও মহাউৎসাহী হয়।

সপ্তম নবাংশে জন্ম হইলে, বিক্রমসম্পন্ন, মতিমান্, শূর, সংগ্রামে অপরাজিত, দৃঢ়বুদ্ধি ও মহা উৎসাহসম্পন্ন হইয়াথাকে।

অষ্টম নবাংশে জন্ম হইলে, আত্মধর্ম্মকুশল, দক্ষ, সংযতাত্মা, জিতেন্দ্রিয় ও ভৃত্য পরিপালনে পটু হয়।

পণ্ডিতগণ কহিয়াথাকেন যে নবমনবাংশে জন্মহইলে, অষ্টমাংশে যে রূপ ফল কথিত আছে সেই সমুদায় ফলই হইবে।

অন্যচ্চ তত্রৈব।

শূরশ্চণ্ডঃ পৃথুলবদনঃ স্থূলগুল্ফো বিরূপো রক্তশ্যামঃ কুটিলহৃদয়ো হৃষ্টদেহোঽতি মূর্খঃ। নির্দ্রব্যঃ স্যাদ্বিষমচিকুরো দীর্ঘনেত্রোঽস্থিসারঃ পাপী দগ্ধস্তরল হৃদয়ো বাসরেশাংশজাতঃ ॥র॥

গৌরঃ প্রাংশুর্মধুরবচনঃ শ্লেষ্মবাতাত্মকঃ স্যাদ্বিদ্বান্ সৌম্যস্তরলনয়নঃ শুক্লবাসাঃ সুমিত্রঃ। কান্তাকেলিশ্রিতরতিকলাপণ্ডিতঃ শাব্দিকাংশো দাতা ভোক্তাঽখিলধনযুতো রাত্রিনাথাংশজন্মা ॥চা॥

ভীষ্মো হিংস্রো দৃঢ়তরবপুঃ পিঙ্গলাঙ্গঃ প্রচণ্ডো লজ্জাসারোঽরুণমুখকরো ভক্ষকোঘাতদক্ষঃ। দীপ্তশ্রীঃ স্যাদ্বিষমবচনঃ পিত্তদেহোঽতিলুব্ধঃ শূরঃ কামী রুধিরবসনো মঙ্গলাংশপ্রসূতঃ ॥মা॥

পীনো ধীরো রুধিরনয়নো নব্যকন্দর্পরূপো দূর্ব্বাশ্যামঃ সদয়হৃদয়ো রাজসেবানুরক্তঃ। হৃষ্টো দক্ষঃ স্বকুলতিলকশ্চর্ম্মসারোঽস্থিদোষী নানাবেশী কনকবসনঃ সোমজাংশপ্রজাতঃ ॥বু॥

শুদ্ধো ভীষ্মঃ স্থিরতরমতিঃ সিংহঘোষো বদান্যো বক্তা পীনঃ কনকবসনো নীতিমান্ ধর্ম্মমূর্ত্তিঃ। শান্তো দক্ষঃ সুভগবচনঃ স্বর্ণগৌরো দয়ালুর্নানাসৌখ্যান্বিতগৃহবপুর্দেবপূজ্যাংশজন্মা ॥বৃ॥

দূর্ব্বাদেহঃ পৃথুকরমুখঃ শ্লেষ্মবাতাধিকাঙ্গঃ কামী সৌম্যো মসৃণবিলসৎ কেশপাশোঽতিদক্ষঃ। খ্যাতশ্চিত্রাম্বরসুখগৃহো দীর্ঘনেত্রোঽতিধীমান্ স্বামী নানাসুখযুতমনা ভার্গবাংশ প্রজাতঃ ॥শু॥

রৌদ্রঃ পিঙ্গললোলনিম্ননয়নঃ কৃষ্ণোঽলসাত্মা কৃশো দীর্ঘোমূর্খতমঃ স্বভাবমলিনো বাতাত্মকো নির্দ্দয়ঃ। ক্রোধী স্থূলনখো জরাপরিণতঃ পাপীকদর্য্যঃ খলো হাস্যাস্যো ধনদার পুত্ররহিতো মার্ত্তণ্ডজাংশোদ্ভবঃ ॥শ॥

কোষ্ঠীপ্রদীপে অন্যপ্রকার নবাংশফল।

রবির নবাংশফল।

রবির নবাংশে জন্ম হইলে, শূর, উগ্র, পৃথুলবদন, স্থূলগুল্ফদেশ, বিরূপ, রক্তশ্যামবর্ণ কুটিলহৃদয়, হৃষ্টদেহ ও অতিশয় মূর্খ, দ্রব্যহীন, বিষমকেশ, দীর্ঘনেত্র, অস্থিসার, পাপী, দগ্ধ ও চঞ্চলহৃদয় হয়।

চন্দ্রের নবাংশফল।

চন্দ্রের নবাংশে জন্ম হইলে, গৌরবর্ণ, উন্নত, মধুরবচনসম্পন্ন, বাতশ্লৈষ্মিকধাতুবিশিষ্ট, বিদ্বান্, সৌম্যমূর্ত্তি, চঞ্চল নয়ন, শুক্লবস্ত্রপরিধায়ী, উত্তমমিত্রসম্পন্ন, কান্তাকেলিরতিকলাপণ্ডিত, শব্দশাস্ত্রবেত্তা, সুন্দর স্কন্ধবিশিষ্ট, দাতা, ভোক্তা ও অখিলধনযুক্ত হইবে।

মঙ্গলের নবাংশফল।

মঙ্গলের নবাংশে জন্মহইলে, ভয়ানক হিংস্র, দৃঢ়তরদেহ, পিঙ্গলবর্ণচক্ষুবিশিষ্ট, প্রচণ্ড, লজ্জাসার, মুখ ও হস্ত অরুণবর্ণ, ভক্ষক, ঘাতকর্ম্মপটু, সুন্দরশ্রীসম্পন্ন, বিশমবাক্যশীল পিত্তযুক্তশরীর, অতিশয়লোভী, শূর, কামী ও রক্তবর্ণবস্ত্রপরিধায়ী হইয়াথাকে।

বুধের নবাংশফল।

বুধের নবাংশে জন্ম হইলে, পীনদেহ, ধীরপ্রকৃতি, রক্তলোচন, নব্যকন্দর্পরূপী, দূর্ব্বাশ্যামবর্ণ, সদয়হৃদয়, রাজসেবানুরক্ত, হৃষ্ট, দক্ষ, স্বকুলতিলক, চর্ম্মসার,

অস্থিদোষী, নানাবিধবেশকারী ও কনকবসনপরিধায়ী হয়।

বৃহস্পতির নবাংশফল।

বৃহস্পতির নবাংশে জন্ম হইলে, বিশুদ্ধ, ভয়ানক-প্রকৃতি, স্থিরতরমতিবিশিষ্ট, সিংহেরন্যায় শব্দকারী, বদান্য, বক্তা, স্থূল, কনকবসনপরিধায়ী, নীতিমান্, ধর্ম্মমূর্ত্তি, শান্ত, পটু, সুন্দরবচন, স্বর্ণবর্ণ গৌরদেহ, দয়ালু এবং দেহ ও গৃহ সুখযুক্ত হইবে।

শুক্রের নবাংশফল।

শুক্রের নবাংশে জন্ম হইলে, দুর্ব্বাদলশ্যামবর্ণ দেহ, স্থূল-মুখ-কর, বাতশ্লেষ্মাধিকশরীর, কামী, সৌম্যমূর্ত্তি, কেশপাশ দীপ্তিমান্ ও মসৃণ, পটু, বিখ্যাত, চিত্রাম্বর সুখসম্পন্ন গৃহ, দীর্ঘলোচন, অতিশয় বুদ্ধিমান্, প্রভু ও নানাসুখযুক্ত অন্তঃকরণ হইয়াথাকে।

শনির নবাংশফল।

শনির নবাংশে জন্ম হইলে, ভয়ঙ্কর পিঙ্গলবর্ণ চঞ্চল নিম্নলোচনবিশিষ্ট, কৃষ্ণবর্ণ, অলসাত্মা, কৃশ, দীর্ঘ, মূর্খতম, স্বভাব মলিন, বায়ুপ্রকৃতি, নির্দ্দয়, ক্রোধী, স্থূলনখী, জরাপরিণত, পাপী, কদর্য্য, খল, হাস্যমুখ, ধনদারা ও পুত্র রহিত হইবে।

প্রকারান্তরঞ্চ কোষ্ঠীপ্রদীপে
কোষ্ঠীসারাবল্যাঞ্চ।

অল্পাকুঞ্চিতমূর্দ্ধজঃ সমতনুর্গৌরো গভীরাশয়-স্তেজস্বী সুরতোপচারকুশলঃ পাপানুরক্তঃ সদা। উগ্রঃ সাহসিকোঽতিচঞ্চলধনো বক্তাল্পধর্ম্মঃ সুখী ক্রূরঃ স্যাদরমূর্দ্ধনোঽল্পতনয়ো ভানোর্নবাংশে নরঃ ।।র।।

ভবতি বিমলমূর্ত্তির্নাতিদীর্ঘো ন খর্ব্বো পরি-ণততনুলোমা চারুদৃষ্টিঃ সুবেশঃ। বহুধনপরিপূর্ণো ধর্ম্মশীলো গুণজ্ঞো বিষয়সুখমুপেতঃ শীতরশ্মে-র্নবাংশে ।।চা।।

কেশাগ্রেকপিলঃ সুবৃত্তনয়নঃ পৃষ্ঠেন কিঞ্চিন্নতো গৌরাঙ্গঃ কুনখী ব্রণাঙ্কিতশিরাঃ কামী খলো নিষ্ঠুরঃ। ধূর্ত্তঃ স্ত্রীধনসংগ্রহেষু কুশলঃ প্রায়োঽল্পবিত্তঃ সুখী-ক্রূরঃ শক্রবিমর্দ্দনোঽতিকৃপণঃ স্যাদ্ভূমিজাংশে-নরঃ ॥ম॥

শ্যামশ্চঞ্চললোচনঃ সমতনুর্বিস্তীর্ণ বক্ষঃস্থলো দীর্ঘাকুঞ্চিতমূর্দ্ধজোঽতিদশনশ্রেণীভিরাশোভিতঃ। শিল্পজ্ঞঃ ক্রয়বিক্রয়েষু কুশলো ধীরো ধনাঢ্যঃ সুখী দিব্য স্ত্রী বরমাল্য ভূষণরতঃ স্যাচ্চন্দ্রজাংশে নরঃ ।।বু।।

শ্যামাঙ্গঃ কমলোদরঃ সুবদনো নীলোৎপলাভে-ক্ষণঃ প্রাংশুঃ শোভন মূর্দ্ধজোঽতিবিমলঃ পাণৌ সু-রেখান্বিতঃ। বন্দীশোঽপ্যতিথিপ্রিয়ো বহুগুণঃ শূরোঽঙ্গনাবল্লভো বিভাঢ্যো মধুরস্বরঃ সুরগুরো-রংশে ভবেন্মানবঃ ॥বৃ॥

রক্তাপাঙ্গো ললিতনয়নশ্চারুকেশঃ সুমূর্ত্তিঃ কম্বু-গ্রীবো ভবতি কনকশ্যামবর্ণঃ সুনাভিঃ। শূরঃ শ্রীলঃ কবিরতিধনো দানশীলো গুণজ্ঞো বস্ত্রালঙ্কার-হস্তঃ কুসুম নিরতো মানবো ভার্গবাংশে ॥শু॥

প্রবিরলতনুরোমোরভ্রকেশঃ কৃশাঙ্গো ভবতি ললিতনেত্রঃ কৃষ্ণবর্ণঃ সুতস্তঃ। বহুগুণপরিপূর্ণঃ পাপশীলোঽল্পধর্ম্মঃ পরিমিতধনভাগী মানবো ভানু-জাংশে।।শ।।

কোষ্ঠীপ্রদীপ ও কোষ্ঠীসারাবলীমতে অন্যপ্রকার নবাংশফল।

রবির নবাংশফল।

রবির নবাংশে জন্ম হইলে, আকুঞ্চিত অল্পকেশ, সমশরীর, গৌরবর্ণ, গভীরআশয়, তেজস্বী, সুরতোপচার কুশল, সদা পাপানুরক্ত, উগ্র, সাহসিক, অতিচঞ্চল, ধনবান্, বক্তা, অল্পধার্ম্মিক, সুখী, ক্রূর, অল্পমস্তক ও অল্পসন্ততি হইবে।

চন্দ্রের নবাংশফল।

চন্দ্রের নবাংশে জন্ম হইলে, সুন্দরমূর্ত্তি, শরীর না দীর্ঘ না খর্ব্ব, পরিমিতসূক্ষ্ম লোমযুক্ত, সুন্দরদৃষ্টিবিশিষ্ট, সুবেশধারী, বহুধনপরিপূর্ণ, ধর্ম্মশীল গুণজ্ঞ ও বিষয়সুখযুক্ত হয়।

মঙ্গলের নবাংশফল।

মঙ্গলের নবাংশে জন্ম হইলে, কেশাগ্রকপিলবর্ণ, সুন্দরগোলাকারনয়ন, কিঞ্চিন্নত পৃষ্ঠ, গৌরাঙ্গ, কুনখী, ব্রণযুক্তমস্তক, কামী, খল, নিষ্ঠুর, ধূর্ত্ত, স্ত্রীধনসংগ্রহে কুশল, প্রায়অল্পবিত্তসম্পন্ন, সুখী, ক্রূর, শত্রুবিমর্দ্দন, ও অতিশয়কৃপণ হইবে।

বুধের নবাংশফল।

বুধের নবাংশে জন্ম হইলে, শ্যামবর্ণ চঞ্চললোচন, সমশরীর, বিস্তীর্ণবক্ষঃস্থল, দীর্ঘআকুঞ্চিতকেশ, অতিশয়দশন শ্রেণীদ্বারা সর্ব্বদা সুশোভিত, শিল্পকর্ম্মজ্ঞ, ক্রয়বিক্রয়কুশল, ধীর,ধনবান্, সুখী, দিব্যস্ত্রী ও শ্রেষ্ঠমাল্যভূষণে রত হইবে।

বৃহস্পতির নবাংশফল।

বৃহস্পতির নবাংশে, জন্ম হইলে, শ্যামাঙ্গ, উদর কোমল, সুন্দরবদন, নীলোৎপলের আভাসমচক্ষু, উন্নত, সুশোভিতকেশ, অতিশয়বিমল, সুরেখান্বিতহস্ত, স্তুতি পাঠকের অধীশ্বর, অতিথিপ্রিয়, বহুগুণসম্পন্ন, শূর, অঙ্গনাবল্লভ, ধনবান্, মনোহর স্বরবিশিষ্ট হইয়াথাকে।

শুক্রের নবাংশফল।

শুক্রের নবাংশে জন্ম হইলে, মনোহর রক্তাপাঙ্গ নয়ন, সুন্দর কেশ, শোভনমূর্ত্তি, কম্বুর ন্যায় গ্রীবা, কনকশ্যামবর্ণ, উত্তম নাভিদেশ, শূর, শ্রীযুক্ত, কবি, অতিশয় ধনবান্, দানশীল, গুণজ্ঞ, বস্ত্রালঙ্কার হস্ত ও কুসুমরত হয়।

শনির নবাংশফল।

শনির নবাংশে জন্ম হইলে, তনুরোম বিরল, বভ্রুবর্ণ কেশ, কৃশাঙ্গ, ললিত লোচন, কৃষ্ণবর্ণ, সুন্দরসন্ততিযুক্ত, বহুগুণ পরিপূর্ণ, পাপশীল, অল্পধর্ম্মা ও পরিমিত ধনভোগী হইবে।

ইতি নবাংশফল সমাপ্ত।

অথ দ্বাদশাংশফলং কোষ্ঠীপ্রদীপে।

দ্বাদশাংশে রবের্জ্জাতো নৃপতুল্যো ধনান্বিতঃ।
স্বদারনিরতো দক্ষঃ সূরাংশে জনপূজিতঃ॥র॥
নানাভোগযুতঃ শান্তঃ খ্যাতো ধীমান্ বিচক্ষণঃ।
শোভনাঙ্গঃ কুলাধ্যক্ষো বিধোর্দ্বাদশভাগজঃ॥চ॥
নির্দ্দয়ো মলিনো ধূর্ত্তো ধনশীলবিবর্জ্জিতঃ।
শস্ত্রাস্ত্রকুশলো ধীরো ভৌমদ্বাদশভাগজঃ॥ম॥
দ্বিজদেবরতো ধীমান্ সুখসৌখ্যগুণৈর্যুতঃ।
চিরজীবী মহাপ্রাজ্ঞো বিধুজদ্বাদশাংশজঃ॥বু॥
সুখী সৌম্যতনুর্ধীরঃ কৃপালুর্দানতৎপরঃ।
বন্ধুবর্গোপকারী স্যাদ্গুরুদ্বাদশভাগজঃ॥বৃ॥
রতিকীর্ত্তিকলাযুক্তো বলবান্ লোকপূজিতঃ।
কবির্ব্বিচক্ষণো দাতা ভার্গবদ্বাদশাংশজঃ॥শু॥
প্রবাসী বলবান্ মূর্খঃ সুতদারবিবর্জ্জিতঃ।
খলঃ কামকলাযুক্তঃ সৌরির্দ্বাদশভাগজঃ॥শ॥

অথ কোষ্ঠীপ্রদীপোক্ত দ্বাদশাংশ ফল।

মেষাদি দ্বাদশ রাশিকে বার দিয়া ভাগ করিলে, যে লব্ধ পাওয়া যায়, সেই লব্ধ দ্বাদশাংশ নামে বিখ্যাত হয়, রব্যাদি শনি পর্য্যন্ত সাত গ্রহ ক্রমে ক্রমে সেই দ্বাদশাংশের অধিপতি হইয়া থাকে।

পণ্ডিতবর শ্রীনাথভট্টকৃত কোষ্ঠীপ্রদীপে রব্যাদি শনি পর্য্যন্ত সাত গ্রহের যেরূপ দ্বাদশাংশফল লিখিত আছে, এক্ষণে সেই সমস্ত ফল লিখিত হইতেছে।

রবির দ্বাদশাংশফল।

রবির দ্বাদশাংশে জন্ম হইলে, ভূপালের ন্যায় ধনসম্পন্ন, স্বীয় দার নিরত ও লোকমান্যদক্ষ হইয়া থাকে।

চন্দ্রের দ্বাদশাংশফল।

চন্দ্রের দ্বাদশাংশে জন্ম হইলে, নানাবিধ ভোগযুক্ত

শান্ত, খ্যাতনাম, ধীমান্, বিচক্ষণ, শোভন দেহ ও কুলাধ্যক্ষ হইবে।

মঙ্গলের দ্বাদশাংশফল।

মঙ্গলের দ্বাদশাংশে জন্ম হইলে, নির্দ্দয়, মলিন, ধূর্ত্ত, ধন ও শীলবর্জ্জিত, শাস্ত্রার্থ কুশল ও ধীর হয়।

বুধের দ্বাদশাংশ ফল।

বুধের দ্বাদশাংশে জন্ম হইলে, দেবদ্বিজরত, ধীমান্, সুখ ও সৌখ্যগুণযুক্ত, চিরজীবী ও মহাপ্রজ্ঞা সম্পন্ন হইবে।

বৃহস্পতির দ্বাদশাংশ ফল।

বৃহস্পতির দ্বাদশাংশে জন্ম হইলে, সুখী, সৌম্যমূর্ত্তি, ধীর, কৃপালু, দানতৎপর এবং বন্ধুবর্গের উপকারী হইয়া থাকে।

শুক্রের দ্বাদশাংশ ফল।

শুক্রের দ্বাদশাংশে জন্ম হইলে, রতিকীর্ত্তিযুক্ত, বলবান্, লোকপূজিত, কবি, বিচক্ষণ ও দাতা হয়।

শনির দ্বাদশাংশ ফল।

শনির দ্বাদশাংশে জন্ম হইলে, প্রবাসী, বলবান্, মূর্খ, দারাপুত্রবিবর্জিত, খল ও কামকলাযুক্ত হইবে।

প্রকারান্তরঞ্চ।

একাংশেন চিরায়ুঃ স্যাদ্দ্বিতীয়ে ধনবান্ ভবেৎ।
তৃতীয়ে চ ভবেদ্দুঃখী চতুর্থে নির্ধনোমতঃ ॥
পঞ্চমে জায়তে সিদ্ধিঃ ষষ্ঠে ভবতি তস্করঃ ॥
সপ্তমে চ নরেন্দ্রঃ স্যাদষ্টমে সচিবো ভবেৎ।
নবমে পুরুষঃ শ্রীমান্ দশমে চ ধনেশ্বরঃ।
একাদশে ভবেন্মানী রত্নবান্ দ্বাদশেঽপি চ ॥

দ্বাদশাংশফলং।

প্রকারান্তর দ্বাদশাংশফল।

প্রথমাংশে জন্ম হইলে, চিরায়ু, দ্বিতীয়াংশে ধনবান্, তৃতীয়াংশে দুঃখী, চতুর্থাংশে নির্ধন, পঞ্চমাংশে সিদ্ধিলাভ, ষষ্ঠাংশে তস্কর, সপ্তমে নরেন্দ্র; অষ্টমাংশে সচিব, নবমাংশে শ্রীমান্, দশমাংশে ধনেশ্বর, একাদশে মানী এবং দ্বাদশাংশে রত্নবান্ হইবে।

অন্যপ্রকার দ্বাদশাংশফলং কোষ্ঠীপ্রদীপে।

মলিনশ্চপলঃ ক্রূরঃ স্বল্পায়ুর্নিধনোঽলসঃ।
কামী নরোঽল্পধর্ম্মঃ স্যাদ্দ্বাদশাংশে বিবস্বতঃ ॥রবেঃ॥
বন্ধুনামাশ্রয়ঃ প্রাজ্ঞো ধনাঢ্যঃ প্রিয়দর্শনঃ।
শিল্পজ্ঞো বহুধর্ম্মঃ স্যাদ্দ্বাদশাংশে বিধোর্নরঃ ॥

চন্দ্রস্য।

পিশুনো মলিনো মূর্খঃ পাপাত্মা সুরতপ্রিয়ঃ।
অল্পবিত্তো মহীজস্য দ্বাদশাংশে ভবেন্নরঃ ॥মঙ্গলস্য॥

বহুবিত্তো মহাভোগী নরঃ সীমন্তিনীরতঃ।
ধর্ম্মজ্ঞঃ সুভগো জ্ঞস্য দ্বাদশাংশে ভবেন্নরঃ ॥বুধস্য॥

শুচিঃ শাস্ত্রার্থসংবক্তা সুখা দীর্ঘায়ুরীশ্বরঃ।
সুহৃদামাশ্রয়ঃ প্রাজ্ঞো দ্বাদশাংশে বৃহস্পতেঃ ॥

ইতি বৃহস্পতেঃ।

শূরো বহুগুণো ভোগী নৃত্যগীতপ্রিয়ঃ সদা।
শুচির্দাতা ক্ষমী বক্তা দ্বাদশাংশে ভৃগোর্নরঃ ॥

ইতি শুক্রস্য।

পিশুনশ্চপলো ধূর্ত্তঃ কামী পরবধূরতঃ।
নির্ধনো ধর্ম্মহীনশ্চ দ্বাদশাংশে শনের্নরঃ ॥শনেঃ॥

কোষ্ঠীপ্রদীপোক্ত অন্যপ্রকার দ্বাদশাংশফল।

রবির দ্বাদশাংশে জন্ম হইলে, মলিন, ক্রূর, অল্পায়ুবিশিষ্ট, নির্ধন, অলস, কামী ও অল্পধর্ম্মাবলম্বী হয়।

চন্দ্রের দ্বাদশাংশে জন্ম হইলে, বন্ধুবর্গের আশ্রয়দাতা, প্রাজ্ঞ, ধনবান্, প্রিয়দর্শন, শিল্পবেত্তা ও বহুধর্ম্মবিশিষ্ট হইবে।

মঙ্গলের দ্বাদশাংশে জন্ম হইলে, খল, মলিনবর্ণ,

মূর্খ, পাপাত্মা, সুরতপ্রিয় এবং অল্পধন সম্পন্ন হইয়া থাকে।

বুধের দ্বাদশাংশে জন্ম হইলে, অনেকবিত্তসম্পন্ন, মহাভোগশীল, স্ত্রীরত, ধর্ম্মজ্ঞ ও সৌভাগ্য সম্পন্ন হয়।

বৃহস্পতির দ্বাদশাংশে জন্ম হইলে, শুচি, সম্যক্‌রূপ-শাস্ত্রার্থবক্তা, সুখী, দীর্ঘায়ু, প্রভু, মিত্রবর্গের আশ্রয় ও প্রাজ্ঞ হইবে।

শুক্রের দ্বাদশাংশে জন্ম হইলে, শূর, বহুবিধগুণ-সম্পন্ন, ভোগী, সর্ব্বদা নৃত্যগীতপ্রিয়, শুচি, দাতা, ক্ষমাশীল ও বক্তা হইয়াথাকে।

শনির দ্বাদশাংশে জন্ম হইলে, খল, চপল, ধূর্ত্ত, কামী, পরস্ত্রীরত, নির্ধন ও ধর্ম্মহীন হয়।

ইতি দ্বাদশাংশকল সমাপ্ত।

অথ ত্রিংশাংশফলং শ্রীনাথভট্টকৃত
কোষ্ঠীপ্রদীপে।

স্ত্রীজিতো নির্ধনশ্চাপি ক্রোধনো নিজগর্ব্বিতঃ।
চৌরকর্ম্মা পুত্রবিত্তহীনঃ ক্ষিতিসুতাংশকে ॥ ম
মহাবিভবসৌখ্যানি রত্নানি বিবিধানি চ।
দিনে দিনে কোষবৃদ্ধিং করোতি চন্দ্রজাংশকে ॥ বু
বরস্ত্রীবল্লভো নিত্যং সুভগো রাজবল্লভঃ।
গুরোরংশে যদা জাতশ্চিরায়ুশ্চ ভবেন্নরঃ ॥ বৃ
বহ্বাশী পুরুষঃ শ্রীমান্ দানধর্ম্মসুরার্চ্চকঃ।
নৃত্যগীতসমাযুক্তো ভার্গবাংশকজাতকঃ ॥ শু
পাপাত্মা পাপকর্ম্মস্থো লুব্ধো বৈ পরিনিন্দকঃ।
পরদাররতো নিত্যং শনেরংশে ভবেদ্ধনী ॥ শ

অথ ত্রিংশাংশফল। *

মেষাদি দ্বাদশ রাশিকে ত্রিশ দিয়া ভাগ করিলে যে অংশ পাওয়া যায়, তাহার নাম ত্রিংশাংশ। এই ত্রিংশাংশ মেষাদি রাশির মধ্যে যেরূপ বিধানে ব্যবহৃত হয় তাহা কথিত হইতেছে।

পূর্ব্বে মেষাদি দ্বাদশ রাশি 'বিষম' 'সম' এই সংজ্ঞায় বিভক্ত হইয়া যে ছয়টি রাশি 'বিষম' বলিয়া ব্যবহৃত হইয়াছে সেই সমুদায় রাশির ত্রিংশাংশ বিচার করিতে হইলে, মঙ্গল, শনি, বৃহস্পতি, বুধ ও শুক্র এই পাঁচ গ্রহ ক্রমে পাঁচ, পাঁচ, আট, সাত ও পাঁচ অংশের অধিপতি হইয়া থাকে।

---

* মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ এই ছয় বিষম রাশির ত্রিংশাংশ বিচার করিতে হইলে, পাঁচ পাঁচ আট সাত ও পাঁচ অংশে ক্রমে মঙ্গল শনি বৃহস্পতি বুধ ও শুক্রগ্রহ ত্রিংশাংশ পতি হইবে।

বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই ছয় সমরাশির ত্রিংশাংশ বিচারে প্রথমে শুক্রের পাঁচ অংশ পরে বুধের সাত অংশ, বৃহস্পতির আট অংশ, শনির পাঁচ অংশ ও মঙ্গলের পাঁচ অংশ নির্দ্দিষ্ট আছে।

শ্রীনিবাস, কল্যাণবর্ম্মা, শ্রুতিকীর্ত্তি ও গর্গ প্রভৃতি মহাত্মাগণ এই বিষয়ে যেরূপ মত প্রকাশ করিয়াছেন, আমরা এস্থলে সেই সমুদায় লিখিলাম।

যথা শুদ্ধিদীপিকায়াং।
কুজযমজীবজ্ঞসিতাঃ পঞ্চেন্দ্রিয় বসুমুনীন্দ্রিয়াংশানাং।
বিষমেষু সমর্ক্ষেষ্‌ৎক্রমতস্ত্রিংশাংশপাঃ কল্প্যাঃ ॥
লঘুজাতকটীকায়াং ভট্টোৎপলঃ।
পঞ্চাথ পঞ্চ চাষ্টৌ সপ্ত চ পঞ্চৈবোজভবনেষু।
ধরণিসুতনন্দসুরগুরুবুধশুক্রাণাং ক্রমেণাংশাঃ ॥
পঞ্চৈব সপ্ত পঞ্চাথচাষ্টৌ পঞ্চ চ পঞ্চমো যুগ্মভবনেষু।
ভাগা ভার্গবশশিসুতসুরেজ্যশনিভূমিপুত্রানাং।
ইতি শ্রুতিকীর্ত্তিঃ।
ত্রিংশাংশে বিষমস্থর্ক্ষে পূর্ব্বগেহে ন্যসেৎগ্রহান্।
সমর্ক্ষে তু পরে ভৌমসৌরেজ্যজ্ঞসিতালয়ে ॥ ইতি গার্গি

প্রত্যেক রাশি ত্রিংশ অংশে বিভক্ত, ইহা পূর্ব্বে কথিত হইয়াছে। অতএব যে কোন বিষম সংজ্ঞক রাশির ত্রিংশাংশ বিচার করিতে হইলে, সেই রাশির প্রথম অংশ হইতে পঞ্চমাংশ পর্য্যন্ত মঙ্গল গ্রহ ত্রিংশাংশের অধিপতি হইবেন। আর ষষ্ঠাংশ হইতে দশমাংশ পর্য্যন্ত শনি গ্রহ ত্রিংশাংশের অধিপতি হইয়া থাকেন। একাদশাংশ হইতে অষ্টাদশাংশ পর্য্যন্ত বৃহস্পতি গ্রহ ত্রিংশাংশ পতি হন এবং উনিশ অংশ হইতে পঁচিশ অংশ পর্য্যন্ত বুধগ্রহ ত্রিংশাংশের অধীশ্বর রূপে স্বীকৃত হইয়া থাকেন এইরূপ ছাব্বিশ অংশ হইতে ত্রিশ অংশ পর্য্যন্ত শুক্রের ত্রিংশাংশ কথিত হইয়া থাকে।

যেরূপ ছয়টি বিষম রাশির ত্রিংশাংশ বিচার কথিত হইল, ছয়টি সম রাশির ত্রিংশাংশ বিচার করিতে হইলে শুক্র, বুধ, বৃহস্পতি, শনি ও মঙ্গল গ্রহ ক্রমে ক্রমে ত্রিংশাংশের অধিপতি হইবেন।

পণ্ডিত প্রবর শ্রীনাথভট্ট স্বীয় কোষ্ঠীপ্রদীপ গ্রন্থমধ্যে যেরূপ ত্রিংশাংশের ফল লিখিয়াছেন আমরা সর্ব্বাগ্রে তাহাই লিখিতেছি।

### মঙ্গলের ত্রিংশাংশ ফল।

মঙ্গলের ত্রিংশাংশে জন্ম হইলে, স্ত্রীবিজয়ী, ধনহীন, ক্রোধপরায়ণ, আত্ম বিষয়ে গর্ব্বিত, তস্করকর্ম্মকারী, এবং পুত্র বিত্ত বিহীন হয়।

### বুধের ত্রিংশাংশফল।

যদি বুধের ত্রিংশাংশে জন্ম হয়, তবে উৎকৃষ্ট বিভব সুখসম্পন্ন, নানা প্রকার রত্ন সমন্বিত এবং দিন দিন কোষাগার বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে।

### বৃহস্পতির ত্রিংশাংশফল।

বৃহস্পতির ত্রিংশাংশে জন্ম হইলে, শ্রেষ্ঠ কামিনীর বল্লভ, নিত্য ভাগ্য সম্পন্ন, রাজপ্রিয় ও দীর্ঘায়ু হইবে।

### শুক্রের ত্রিংশাংশফল।

শুক্রের ত্রিংশাংশে জন্ম হইলে, সেই পুরুষ শ্রীমান্ বহু আশাযুক্ত, দান-ধর্ম্মপরায়ণ, দেবতাগণের অর্চ্চক এবং নৃত্যগীত সমাযুক্ত হয়।

### শনির ত্রিংশাংশফল।

যদি শনির ত্রিংশাংশে জন্ম হয়, তবে বালক পাপাত্মা, পাপকর্ম্ম অনুরক্ত, লোভী, পরনিন্দক, পরদাররত ও ধনবান্ হইবে।

### প্রকারান্তরঞ্চ তত্রৈব।

ধাতুবাদী ক্রিয়াযুক্তো ধনদারবিবর্জ্জিতঃ।
তস্করো মলিনো ধূর্ত্তো ভৌমত্রিংশাংশসম্ভবঃ ॥ম
মলিনঃ কাতরো ধূর্ত্তঃ সত্যশৌচবিবর্জ্জিতঃ।
সেবকঃ কৃপণো নীচঃ শনেস্ত্রিংশাংশসম্ভবঃ ॥শ
তীক্ষ্ণসৌম্যতনুর্ধীমান্ ভোক্তা দাতা ধনী সুখী।
গুণাঢ্যো বিষমাক্ষঃ স্যাদ্গুরুত্রিংশাংশসম্ভবঃ ॥বৃ
শূরো ধীরমতিঃ শুদ্ধো বিনীতো নৃপপূজিতঃ।
দয়ালুঃ সর্ব্বধর্ম্মজ্ঞো বুধত্রিংশাংশসম্ভবঃ ॥বু
সর্ব্বশাস্ত্রার্থতত্বজ্ঞো বন্ধুমান্যো দয়ান্বিতঃ।
কামী বিরহবুদ্ধিঃ স্যাচ্ছুক্রত্রিংশাংশসম্ভবঃ ॥শু

### কোষ্ঠীপ্রদীপোক্ত প্রকারান্তর ত্রিংশাংশফল।

### মঙ্গলের ত্রিংশাংশফল।

মঙ্গলের ত্রিংশাংশে জন্ম হইলে, সমুদায় ধাতুবিষয় বক্তা, সর্ব্বদা ক্রিয়াযুক্ত, ধন ও দার বর্জ্জিত, তস্কর, মলিন-দেহ ও ধূর্ত্ত স্বভাব হয়।

### শনির ত্রিংশাংশফল।

যদি শনির ত্রিংশাংশে জন্ম হয়, তবে বালক মলিন, ধূর্ত্ত, সর্ব্বদা কাতর, সত্য ও শৌচ বিহীন, সেবা পরায়ণ, কৃপণ ও নীচস্বভাব হইবে।

### বৃহস্পতির ত্রিংশাংশফল।

বৃহস্পতির ত্রিংশাংশে জন্ম হইলে, উগ্রস্বভাববিশিষ্ট, সুন্দর শরীর সম্পন্ন, বুদ্ধিমান্, ভোক্তা, ধনী, সুখী, গুণাঢ্য ও বিষম লোচন হইয়া থাকে।

বুধের ত্রিংশাংশফল।

যদি বুধের ত্রিংশাংশে জন্ম হয়, তবে শূর, ধীর-প্রকৃতি, শুদ্ধভাবাপন্ন, বিনীত, রাজপূজিত, দয়ালু ও সর্ব্ব-ধর্ম্ম বেত্তা হয়।

শুক্রের ত্রিংশাংশফল।

শুক্রের ত্রিংশাংশে জন্ম হইলে, সর্ব্বশাস্ত্রার্থের মর্ম্ম-বেত্তা, বন্ধুবর্গের মাননীয়, দয়াবান্, কামী এবং বুদ্ধি বিরহ হইবে।

ত্রিংশাংশফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

মূর্খঃ কুবৃত্তিকুশলো মলিনো বিরূপঃ ক্রূরঃ খলোহর্থ-রহিতঃ পরদারগামী। পাপপ্রবৃদ্ধহৃদয়ো নিধনোঽল্পবুদ্ধিস্ত্রিংশাংশকে ক্ষিতিসুতস্য ভবেৎ প্রসূতঃ ॥ম

বিদ্যাসুখার্থরহিতঃ পিশুনো বিরূপঃ স্ত্রীনির্জ্জিতঃ সকলহঃ পরবিত্তলুব্ধঃ। প্রেষ্যঃ কুকর্ম্মনিরতো মলিনঃ কৃতঘ্নস্ত্রিংশাংশকেঽর্কতনয়স্য ভবেন্ম-নুষ্যঃ ॥শ

আচারধর্ম্মনয়সত্যবিবেকযুক্তাস্তেজস্বিনঃ ক্রতু-বিদঃ সুখিনো ধনাঢ্যাঃ। দীর্ঘায়ুষো বহুসুতপ্রমদা-যুতাশ্চ ত্রিংশাংশকে সুরগুরোঃ পুরুষাঃ ভবন্তি ॥বৃ

ধর্ম্মার্থকামসুতকীর্ত্তিজয়প্রযুক্তাঃ প্রজ্ঞাবিবেক-কুশলা গুণিনঃ পদাঢ্যাঃ। দিব্যাঙ্গনাভরণপুষ্প-সুগন্ধিযুক্তাস্ত্রিংশাংশকে শশিসুতস্য নরা ভবন্তি ॥বু

বহুগুণপরিপূর্ণঃ সুন্দরশ্চারুদৃষ্টির্যুবতিজনবি-নোদী সর্ব্বশাস্ত্রেষ্বভিজ্ঞঃ। দ্বিজবরগুরুভক্তো দান-শীলঃ কৃপালুরসুরগণগুরোঃ স্যান্মানবস্ত্রিংশ-কাংশে ॥শু

ইতি সপ্তবর্গফলং সমাপ্তং।

কোষ্ঠীপ্রদীপে ত্রিংশাংশফল।

মঙ্গলের ত্রিংশাংশফল।

মঙ্গলের ত্রিংশাংশে জন্ম হইলে, মূর্খ, কুবৃত্তিকুশল, মলিন ও বিরূপ ক্রূরস্বভাব, খল, অর্থরহিত, পরদারগামী, পাপবর্দ্ধিত-হৃদয় ও অল্প বুদ্ধিমান্ হইবে।

শনির ত্রিংশাংশফল।

শনির ত্রিংশাংশে জন্ম হইলে, বিদ্যা পুত্র ও অর্থ রহিত, খল, বিরূপ, স্ত্রীনির্জ্জিত, সর্ব্বদা কলহ যুক্ত, পরধন-লোভী, ভৃত্যকর্ম্মকর, কুকর্ম্ম নিযুক্ত, মলিন ও কৃতঘ্ন হইয়া থাকে।

বৃহস্পতির ত্রিংশাংশফল।

বৃহস্পতির ত্রিংশাংশে জন্ম হইলে, আচার, ধর্ম্ম, বিনয়, সত্য ও বিবেক, যুক্ত, তেজস্বী ক্রতুবেত্তা, সুখী, ধনবান্, দীর্ঘায়ু সম্পন্ন, বহুপুত্র ও বহুপ্রমদাযুক্ত হয়।

বুধের ত্রিংশাংশফল।

বুধের ত্রিংশাংশে জন্ম হইলে, সর্ব্বদা ধর্ম্ম, অর্থ, কাম, সুত, কীর্ত্তি ও জয়যুক্ত, প্রজ্ঞাবিবেককুশলী, গুণবান্, উত্তম আশ্রয়যুক্ত, দিব্যাঙ্গনাভরণ ও সুগন্ধিপুষ্পযুক্ত হইবে।

শুক্রের ত্রিংশাংশফল।

শুক্রের ত্রিংশাংশে জন্ম হইলে, বহুগুণপরিপূর্ণ, সুন্দর মনোহর দৃষ্টিসম্পন্ন, যুবতির আমোদ-দাতা, সর্ব্বশাস্ত্রবেত্তা, ব্রাহ্মণ ও গুরুভক্ত, দানশীল ও কৃপালু হইয়াথাকে।

ইতি সপ্তবর্গফল সমাপ্ত।

অথ দণ্ডফলমাহ কোষ্ঠীকলাপে।

সূর্য্যস্য নিজবেলায়াং যস্য জন্ম মহীতলে।
বংশক্ষয়ং করোত্যেব নিত্যং হন্তি পিতুর্দ্ধনং ॥র
সোমস্য নিজবেলায়াং চিরায়ুঃ শ্লেষ্মণঃ সুধীঃ।
সুমতিঃ কীর্ত্তিমান্ জাতঃ সত্যধর্ম্মা ধনাধিপঃ ॥চ
ক্ষিতিনন্দনস্য বেলায়াং যস্য জন্ম মহীতলে।
ব্রণাতিসারপীড়াভিঃ সততং পাড়িতো নরঃ ॥ম

সোমাত্মজস্য বেলায়াং যো জাতো হি মহীতলে।
দীর্ঘায়ুঃ সুকবিঃ শান্তঃ স ভবেদ্ধনবান্ সুধীঃ ॥বু
গুরোর্দ্দণ্ডে নরো জাতো মেধাবী দাম্ভিকঃ সদা।
বহুপুত্রঃ প্রিয়ালাপা নৃত্যগীতপ্রিয়ঃ সদা ॥বৃ
ভৃগোর্দ্দণ্ডে নরো জাতো মেধাবী পিতৃভক্তকঃ।
পুত্রবান্ রাজপাত্রশ্চ যাজ্ঞিকঃ কুলনন্দনঃ ॥শু
শনের্দ্দণ্ডে নরো জাতোঽল্পায়ুঃ পিতৃদ্বেষকঃ।
সর্ব্বদা দুঃখভাগী চ দাসত্বং লভতে ধ্রুবং ॥শ
বিধুন্তুদস্য বেলায়াং চৌর্য্যো ভবতি নিশ্চিতং।
পিতৃবিত্তাপহারী চ গোত্রনাশং করোতি সঃ ॥রা

ইতি দণ্ডফলং।

কোষ্ঠীকলাপোক্ত দণ্ডাধিপগ্রহফল।

রবির দণ্ডফল।

যদি সূর্য্যের দণ্ডে বালকের জন্ম হয় তবে বালক স্বীয় বংশের ক্ষয় কর এবং নিয়ত পিতৃধন বিনাশ কর হইয়াথাকে।

চন্দ্রের দণ্ডফল।

চন্দ্রের দণ্ডে জন্ম হইলে, দীর্ঘায়ু, শ্লেষ্মপ্রকৃতি, পণ্ডিত, সুমতিবিশিষ্ট, কীর্ত্তিমান্, সত্যধর্ম্মপরায়ণ ও ধনাধিপতি হইবে।

মঙ্গলের দণ্ডফল।

মঙ্গলের দণ্ডে জন্ম হইলে, বালক সর্ব্বদা ব্রণ ও অতিসার পীড়িত হয়।

বুধের দণ্ডফল।

বুধের দণ্ডে জন্ম হইলে, দীর্ঘায়ু, উত্তমকবি, শান্তপ্রকৃতি, ধনবান্ ও পণ্ডিত হইবে।

বৃহস্পতির দণ্ডফল।

বৃহস্পতির দণ্ডে জন্ম হইলে, মেধাবী, সর্ব্বদাদাম্ভিক, অনেকপুত্রসংযুক্ত, প্রিয়ালাপী, সর্ব্বদা নৃত্য ও গীতপ্রিয় হয়।

শুক্রের দণ্ডফল।

শুক্রের দণ্ডে জন্ম হইলে, মেধাবী, পিতৃভক্তিপরায়ণ, পুত্রবান্, রাজপাত্র, যাজ্ঞিক এবং আত্মকুলের আনন্দদায়ক হইয়াথাকে।

শনির দণ্ডফল।

শনির দণ্ডে জন্ম হইলে অল্পায়ু, পিতৃ-দ্বেষী, সর্ব্বদা দুঃখভাগী এবং শীঘ্র দাসত্ব লাভকরে

রাহুর দণ্ডফল।

রাহুর দণ্ডে জন্ম হইলে, নিশ্চয় তস্কর, পিতৃধনাপহারী ও আত্মগোত্র বিনাশ কর হইবে।

ইতি দণ্ডফল সমাপ্ত।

অথ ঋতুফলমাহ কোষ্ঠীদীপিকায়াং।

বহুবীর্য্যান্বিতধনী গ্রামযুক্তো নরঃ সদা।
সুনখঃ পীনকো ভোগী হেমন্তে চ প্রজায়তে ॥১॥
শিশিরে জায়তে মর্ত্যো বলসৌখ্যচিরায়ুষঃ।
মিষ্টান্নাশী শুভাচারো মহারোগী প্রজায়তে ॥২॥
সুখী ভোগী গুণাক্রান্তঃ কামাতুরঃ সদা ভবেৎ।
বসন্তর্ত্তৌ যদা জাতো দানকীর্ত্তিপরো ভবেৎ ॥৩॥
বাপীকূপপ্রপারামদেবালয়তড়াগকৃৎ।
বেদবিদ্যাসুদাতা চ গ্রীষ্মর্ত্তৌজায়তে নরঃ ॥৪॥
দেশগ্রামপ্রজাধ্যক্ষঃ কৃষিকর্ত্তা সদা ধনী।
শস্যসংগ্রহণে দক্ষো বর্ষাজাতো নরো ভবেৎ ॥৫॥
ব্যাপারকুশলো মন্ত্রী রাজভোগপ্রপীড়িতঃ।
পণ্ডিতো গুণবান্ ধীরঃ শরদৃতুসমুদ্ভবঃ ॥৬॥

অথ কোষ্ঠীদীপিকামতে ঋতুফল।

হেমন্তঋতুর ফল।

হেমন্ত ঋতুতে জন্ম হইলে, বহুবীর্য্যসম্পন্ন, ধনবান্, সর্ব্বদা গ্রামাধিপত্যযুক্ত, সুন্দর নখবিশিষ্ট, পীনদেহ ও ভোগী হইবে।

শিশিরঋতুর ফল।

শিশির ঋতুতে জন্ম হইলে, বল ও সৌখ্যসম্পন্ন,

দীর্ঘায়ু বিশিষ্ট, মিষ্টান্নভোগী, শুভাচার-পরায়ণ ও মহারোগী (এস্থলে 'হিমরোগী' হয় পাঠ দৃষ্ট হইয়া থাকে) হয়।

বসন্তঋতুর ফল।

বসন্ত ঋতুতে জন্ম হইলে, সুখী, ভোগী, গুণাক্রান্ত, সর্ব্বদাকামাতুর, দান ও কীর্ত্তিপরায়ণ হইয়াথাকে।

গ্রীষ্মঋতুর ফল।

গ্রীষ্মঋতুতে জন্ম হইলে, বাপী, কূপ, পানীয়শালা, আরাম, তড়াগ ও দেবালয় নির্ম্মাণকারক, বেদবিদ্যাপরায়ণ ও সুন্দরদাতৃগুণসম্পন্ন হইবে।

বর্ষাঋতুর ফল।

বর্ষাঋতুতে জন্ম হইলে, দেশ গ্রাম ও প্রজাদিগের অধ্যক্ষ, কৃষিকর্ম্মকর্ত্তা, সর্ব্বদা ধনবান্, শস্য সংগ্রহণে পারগ হইয়া থাকে।

শরৎঋতুর ফল।

শরৎঋতুতে জন্ম হইলে, ব্যাপার কুশল, মন্ত্রণা দায়ক, রাজভোগ-পীড়িত, পণ্ডিত, গুণবান্ ও ধীর হয়।

অথ মাসফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

পুমান্ বিনীতো দ্বিজদেবভক্তো ধর্ম্মস্য কর্ত্তা সুজনস্য ভর্ত্তা। গুণাভিরামোঽথজগৎপ্রিয়ঃ স্যাৎ বৈশাখমাসে খলু যস্য জন্ম ॥১॥

বিদেশবৃত্তিঃ পুরুষঃ সুতীব্রঃ ক্ষমান্বিতঃ স্যাৎ খলু দীর্ঘসূত্রঃ। বিচিত্রবুদ্ধির্ব্বিদুষাং বরিষ্ঠো জ্যৈষ্ঠাভিধানে জননং হি যস্য ॥২॥

অনল্পজল্পী প্রমদাভিলাষী প্রমাদশীলো গুরুবৎসলশ্চ। বহুব্যয়ো মন্দহুতাশনঃ স্যাদাষাঢ়মাসপ্রভবো মনুষ্যঃ ॥৩॥

লোকপ্রসিদ্ধো ধনবান্ বদান্যঃ সুহৃৎ কলত্রাত্মজদাসযুক্তঃ। আজ্ঞাকরা যস্য জনস্য সর্ব্বে স শ্রাবণাখ্যে সুতরাং প্রসূতঃ ॥৪॥

নভস্য মাসে খলুজন্ম যস্য ধীরো মনোজ্ঞশ্চ বরাঙ্গনানাং। রিপুপ্রমাথী কুটিলোঽতিমর্ম্মা প্রপন্নভর্ত্তা স ভবেৎ সহাসঃ ॥৫॥

রাজ্ঞাং প্রিয়ঃ কাব্যকলাবিদগ্ধঃ স্যাদ্দর্ব্বগর্ব্বাগ্রসুতীক্ষবুদ্ধিঃ। সুখী বদান্যো বহুমানশালী ভক্তো ভবেদাশ্বিনমাসজাতঃ ॥৬॥

দক্ষঃ ক্রয়ে বিক্রয়ণে ধনাঢ্যঃ স্যাদ্বালুকোঽখিল কৌশলজ্ঞঃ। যঃ কার্ত্তিকে কার্ত্তিকরূপধারী জাতো ভবেদ্যুদ্ধবিশারদশ্চ ॥৭॥

যস্য প্রসূতিঃ খলু মার্গমাসে তীর্থে প্রবাসে সততং মতিঃ স্যাৎ। পরোপকারী ধৃতসাধুবৃত্তিঃ সদ্বৃত্তিযুক্তো ললনাভিলাষী ॥৮॥

নিগূঢ়মন্ত্রঃ সুকৃশাঙ্গযষ্টিঃ পরোপকারী পিতৃবিত্তহীনঃ। কষ্টান্বিতার্থব্যয়কৃদ্বিধিজ্ঞঃ পৌষপ্রসূতঃ পুরুষঃ সুধীরঃ ॥৯॥

বিদ্যাবিনীতঃ স্বকুলপ্রধানঃ সদা সদাচারযুতঃ প্রবীণঃ। যোগানুরক্তো বিষয়েষুশক্তো মাঘেঽথমাসে মঘবানিবেশঃ ॥১০॥

প্রিয়ম্বদঃ সজ্জনবল্লভশ্চ পরোপকারী বিমলাশয়শ্চ। দাতা নিতান্তং প্রমদাভিলাষী স্যাৎ ফাল্গুণে যস্য জনস্য জন্ম ॥১১॥

সৎকর্ম্মশালী বিনয়ী সুবেশো ভোগী সুখী স্যান্মধুরান্নভোজী। সৎসঙ্গযুক্তো দ্বিজদেবভক্তো ভবেন্মনুষ্যো মধুমাসজন্মা ॥১২॥

অথ মাসফল কোষ্ঠীপ্রদীপে।

বৈশাখ মাসের ফল।

বৈশাখমাসে জন্ম হইলে, বিনীত, দ্বিজদেবভক্ত, ধর্ম্মপরায়ণ, সুজনের পরিপালক, গুণাভিরাম ও জগতের প্রিয় হইয়াথাকে।

জ্যৈষ্ঠমাসের ফল।

জ্যৈষ্ঠমাসে জন্ম হইলে, বিদেশবৃত্তিসম্পন্ন, উত্যুগ্র-

প্রকৃতি, ক্ষমাশীল, দীর্ঘসূত্রী, বিচিত্রবুদ্ধিবিশিষ্ট ও পণ্ডিতশ্রেষ্ঠ হয়।

আষাঢ়মাসের ফল।

আষাঢ়মাসে জন্ম হইলে, বহুভাষী, প্রমদাভিলাষ-পরায়ণ, প্রমাদশীল, গুরুবৎসল, বহুব্যয়ী এবং মন্দাগ্নি বিশিষ্ট হইবে।

শ্রাবণমাসের ফল।

শ্রাবণমাসে জন্ম হইলে, লোকবিখ্যাত, ধনবান্, বদান্য, সর্ব্বদা ভার্য্যা-পুত্র-মিত্র ও দাসযুক্ত এবং সমুদায় লোক আজ্ঞাবাহক হয়।

ভাদ্রমাসের ফল।

ভাদ্রমাসে জন্ম হইলে, ধীর, উত্তমাস্ত্রীগণের মনোজ্ঞ, শত্রুপ্রমথনশীল, কুটিল, অতিশয়মর্ম্মবেত্তা, শরণাগতপালক ও হাস্যযুক্ত হইবে।

আশ্বিনমাসের ফল।

আশ্বিনমাসে জন্ম হইলে, রাজপ্রিয়, কাব্যকলা-পণ্ডিত, কুশাগ্রের ন্যায় তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন, সুখী, বদান্য, বহুমানশালী ও ভক্ত হয়।

কার্ত্তিকমাসের ফল।

কার্ত্তিকমাসে জন্ম হইলে, ক্রয়বিক্রয়ে পটু, ধনাঢ্য, অতিশয় বক্তা, সমগ্র কৌশলবেত্তা, রূপবান্ ও যুদ্ধ-বিশারদ হইয়াথাকে।

অগ্রহায়ণমাসের ফল।

অগ্রহায়ণমাসে জন্ম হইলে, নিয়ততীর্থ-প্রবাসমতি-সম্পন্ন, পরোপকারী, সাধুবৃত্তিযুক্ত ও ললনাভিলাষী হইবে।

পৌষমাসের ফল।

পৌষমাসে জন্ম হইলে, নিগূঢ়মন্ত্রণাবেত্তা, সুন্দরকৃশাঙ্গ-বিশিষ্ট, পরোপকারী, পিতৃবিত্তহীন, কষ্টযুক্ত, অর্থব্যয়কর, বিখ্যাত ও সুধীর হইবে।

মাঘমাসের ফল।

মাঘমাসে জন্ম হইলে, বিদ্যাবিনীত, আত্মকুলপ্রধান, সর্ব্বদা সদাচারযুক্ত, প্রবীণ, যোগানুরক্ত ও বিষয়াশক্ত হয়।

ফাল্গুনমাসের ফল।

ফাল্গুনমাসে জন্ম হইলে, প্রিয়ম্বদ, সাধুজনের বল্লভ, পরোপকারী, নির্ম্মলাশয়, দাতা ও প্রমদাভিলাষী হইবে।

চৈত্রমাসের ফল।

চৈত্রমাসে জন্ম হইলে, সৎকর্ম্মশালী, বিনয়ী, সুন্দরবেশধারী, ভোগী, সুখী, মধুরান্নভোজী, সৎসঙ্গযুক্ত এবং দ্বিজ-দেবভক্ত হইয়াথাকে।

অথ পক্ষফলং কোষ্ঠীপ্রদীপে।

চঞ্চশ্চিরায়ুঃ সুতরাং সুশীলঃ শ্রীযুক্তবাক্-কোমলকায়কান্তিঃ। সদা সদানন্দবিনিতনীতি-শ্চেজ্জন্মকালস্তু বলক্ষপক্ষে॥ ইতি শুক্লপক্ষস্য।

প্রলাপশীলো বিলয়শ্চ লোলঃ কলিপ্রিয়ঃ স্বীয়-কুলোদ্ধৃতশ্চ। মনোভবাধিক্যযুতো নিতান্তং সিতেতরে যস্য জনস্য জন্ম॥ ইতি কৃষ্ণপক্ষস্য॥

অথ পক্ষফল কোষ্ঠীপ্রদীপে।

শুক্লপক্ষের ফল।

শুক্লপক্ষে জন্ম হইলে, চঞ্চলস্বভাবসম্পন্ন, দীর্ঘায়ু ও সচ্চরিত্র-বিশিষ্ট, শ্রীযুক্ত, বাক্য ও দেহ কোমল, কান্তি-বিশিষ্ট, সর্ব্বদা আনন্দযুক্ত, বিনীত ও নীতি বিশারদ হইয়া থাকে।

কৃষ্ণপক্ষের ফল।

কৃষ্ণপক্ষে জন্ম হইলে, প্রলাপশীল, ধ্বংসকর্ত্তা, চঞ্চল প্রকৃতিবিশিষ্ট, বিবাদপ্রিয়, আত্মকুলবর্দ্ধক ও অতিশয় কামী হইবে।

অথ বারফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

ধর্ম্মার্থী তীর্থপূতশ্চ সহিষ্ণুশ্চ প্রিয়ম্বদঃ।
অল্পদ্রব্যে ধনী খ্যাতো রবিবারে প্রসূয়তে ॥র
প্রসন্নবদনঃ কামী স্ত্রীণাঞ্চ প্রিয়দর্শনঃ।
মৃদুবাগল্পভোগী চ চন্দ্রবারে প্রসূয়তে ।।চ
ক্রূরঃ সাহসিকঃ ক্রোধী কপিলঃ পরদারগঃ।
শ্যামাঙ্গঃ কৃষিকর্ম্মা চ ভৌমবারে প্রসূয়তে ॥ম
বুদ্ধিমান্ পরদারী চ কান্তঃ শাস্ত্রার্থপারগঃ।
নৃত্যগীতপ্রিয়ো মানী বুধবারে প্রসূয়তে ॥বু
শাস্ত্রজ্ঞঃ সুবচাঃ শান্তঃ প্রকামী বহুপোষকঃ।
দৃঢ়বুদ্ধিঃ কৃপালুশ্চ গুরুবারে প্রসূয়তে ॥বৃ
কুটিলো দীর্ঘজীবী চ নীতিশাস্ত্রবিশারদঃ।
নারীণাং চিত্তহারী চ জায়তে ভৃগুবাসরে ॥শু
দীনঃ কৃতঘ্নো লুব্ধশ্চ প্রবাসো কলহপ্রিয়ঃ।
মুখরোগী কুবৃত্তিশ্চ সূর্য্যপুত্রদিনে নরঃ ॥শ

অথ বারফল কোষ্ঠীপ্রদীপে।

রবিবারের ফল।

যদি রবিবারে জন্মহয়, তবে বালক ধর্ম্মার্থী, তীর্থপূত, সহিষ্ণু, প্রিয়বাদী ও অল্পদ্রব্যে ধনী বলিয়া বিখ্যাত হইয়াথাকে।

সোমবারের ফল।

সোমবারে জন্ম হইলে, কামী, স্ত্রীগণের প্রিয়দর্শন, কোমলবাক্যসম্পন্ন ও ভোগী হইবে।

মঙ্গলবারের ফল।

মঙ্গলবারে জন্ম হইলে, ক্রূর, সাহসসম্পন্ন, ক্রোধী, কপিল অথবা শ্যামবর্ণ, পরদারগামী ও কৃষিকর্ম্মকারী হইবে।

বুধবারের ফল।

বুধবারে জন্ম হইলে, বুদ্ধিমান্, পরদার-পরায়ণ, কমনীয়-শরীর, শাস্ত্রার্থের পারগামী, নৃত্যগীতপ্রিয় এবং মানী হয়।

বৃহস্পতিবারের ফল।

বৃহস্পতিবারে জন্ম হইলে, শাস্ত্রবেত্তা, সুন্দরবাক্যবিশিষ্ট, শান্তপ্রকৃতি, অতিশয় কামী, বহুপোষণকর, দৃঢ়বুদ্ধি সম্পন্ন ও কৃপালু হইয়াথাকে।

শুক্রবারের ফল।

শুক্রবারে জন্ম হইলে, কুটিল, দীর্ঘজীবী, নীতিশাস্ত্রবিশারদ ও নারীগণের চিত্তহারী হইবে।

শনিবারের ফল।

শনিবারে জন্ম হইলে, দীন, কৃতঘ্ন, প্রবাসী, কলহপ্রিয়, মুখরোগী ও কুবৃত্তিকুশল হইয়াথাকে।

অথ তিথিফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

মণিকনকবিভূষাসংযুতশ্চারুকান্তির্নিজকুলকমলোদঘাটমার্ত্তণ্ডবিম্বঃ। প্রতিপদি শশিপূর্ণে লব্ধজন্মা প্রতাপী ভবতি বিমলবেশশ্চারুকেশঃ প্রজেশঃ ॥১।১৬॥

নিখিলগুণগভীরো দানশীলো দয়ালুঃ স্বকুলকুমুদচন্দ্রঃ স্বচ্ছচিত্তোঽতিশূরঃ। নিজভুজবলগর্ব্বাচ্ছাদিতারাতিবর্গো ভবতি বিপুলকীর্ত্তির্যো দ্বিতীয়াপ্রসূতঃ ॥২।১৭॥

সকলগুণগভীরো ভূমিপালানুরাগী পবনগরবিগাহী সর্ব্বলোকোপকারী। পরবিষয়নিবাসী কৌতুকী সত্যবাদী ভবতি নিখিলবিদ্যো যস্তৃতীয়াপ্রসূতঃ ॥৩।১৮॥

স্বপুত্রমিত্রপ্রমদাপ্রমোদী দ্যূতাভিলাষী কৃপয়া সমেতঃ। বিবাদশীলো বিজয়ী বিবাদে ভবেচ্চতুর্থীপ্রভবঃ কঠোরঃ ॥৪।১৯॥

ভূপালমান্যো মনুজঃ সুগাত্রঃ কৃপাসমেতো বিদুষাং বরেণ্যঃ। বাগ্মী গুণী বন্ধুজনৈকমান্যঃ প্রসূতিকালে যদি পঞ্চমী স্যাৎ ॥৫।২০॥

বিদ্বান্ বরিষ্ঠশ্চতুরঃ সুকীর্ত্তিঃ প্রলম্ববাহুর্ব্রণকীর্ণগাত্রঃ। সত্যপ্রতিষ্ঠো ধনপুত্রযুক্তঃ ষষ্ঠীপ্রসূতো মনুজশ্চিরায়ুঃ ॥৬।২১॥

কন্যাপ্রজো বৈরকুলেভসিংহো বিশালনেত্রঃ প্রথিতপ্রভাবঃ। দেবদ্বিজার্চ্চা রসিকো মহাত্মা স্যাৎ-সপ্তমীজঃ পিতৃবিত্তহর্ত্তা ॥৭।২২॥

ভূপালতঃ প্রাপ্তধনঃ কৃশাঙ্গঃ সুখা কৃপালুর্যুবতিপ্রিয়শ্চ। চতুষ্পদাঢ্যো ধনধান্যযুক্তঃ স্যাদষ্টমীজো-মনুজঃ সুধীরঃ ॥৮।২৩॥

বিরোধকর্ত্তা সুজনৈরগম্যঃ পরাপকারার্থমতিঃ কুশীলঃ। আচারহীনঃ কৃপণঃ কঠোরঃ প্রসূতিকালে নবমী যদি স্যাৎ ॥৯।২৪॥

বিদ্যাবিনোদী ধনপুত্রযুক্তঃ প্রলম্বকণ্ঠো মদনাধিকশ্রীঃ। উদারচিত্তঃ সুমনা দয়ালুঃ প্রসূতিকালে দশমী যদি স্যাৎ ॥১০।২৫॥

ক্রোধোৎকটঃ ক্লেশসহঃ সুভাষী যাগাদিকর্ত্তা স্বজনৈকভর্ত্তা। মহামতির্দেবগুরুপ্রিয়ঃ স্যাদেকাদশী-জো মনুজোঽতি হৃষ্টঃ ॥১১।২৬॥

বহুপ্রজঃ সর্ব্বজনানুরাগী ভূপালমান্যস্ত্বতিথিপ্রিয়ঃ স্যাৎ। চেদ্দ্বাদশী যস্য জনস্য সূতৌ প্রবাসহীনো ব্যবহারদক্ষঃ ॥১২।২৭॥

রূপান্বিতঃ সাত্ত্বিকভাবহীনঃ সুখী চ বাল্যে জননীপ্রিয়শ্চ। সদালসঃ শিল্পগুণৈকবেত্তা ত্রয়োদশা জন্মতিথির্যদি স্যাৎ ॥১৩।২৮॥

বিরুদ্ধশীলঃ পুরুষঃ সরোষশ্চৌরঃ কঠোরঃ পরবঞ্চকশ্চ। পরান্নভোক্তা পরদারচিত্তশ্চতুর্দ্দশা চেৎ জননস্যকালে ॥১৪।২৯॥

কন্দর্পতুল্যো যুবতিপ্রিয়শ্চ ন্যায়াপ্তবিত্তঃ সততং সহর্ষঃ। শূরো বলী শাস্ত্রবিচারদক্ষশ্চেৎ পূর্ণিমা-জন্মনি যস্য জন্তোঃ ॥১৫॥

অমাবস্যায়াং যোজাতঃ ক্রূরঃ সাহসিকো ভবেৎ। কৃতজ্ঞস্ত্যাগশীলশ্চ চৌরকর্ম্মরতঃ সদা ॥৩০॥

অথ তিথিফল কোষ্ঠীপ্রদীপে।

প্রতিপদের ফল।

প্রতিপদে জন্ম হইলে; সর্ব্বদা মণিকনক বিভূষণে সংযুক্ত, মনোহর কান্তিবিশিষ্ট, প্রতাপশালী ও সূর্য্যবিম্বের ন্যায় স্বীয় কুলরূপকমলের প্রকাশকর হইয়াথাকে।

দ্বিতীয়ার ফল।

দ্বিতীয়ায় জন্ম হইলে, নিখিল-গুণ-গভীর-হৃদয়সম্পন্ন, দানশীল, দয়ালু, নির্ম্মলচিত্ত, অতিশয় শূর, স্বীয় কুলকুমুদের-চন্দ্রমাসদৃশ, বিপুলকীর্ত্তিশালী এবং নিজভুজবলের গর্ব্বদ্বারা অরাতিকুল আচ্ছন্ন করিয়াথাকে।

তৃতীয়ার ফল।

তৃতীয়ায় জন্ম হইলে, সকলগুণগভীরমনা, নৃপানুরাগী বায়ুরোগযুক্ত,সর্ব্বলোকের উপকারক, অন্যাধিকারেআশ্রয়ী, কৌতুকপ্রিয়, সত্যবাদী ও সমস্তবিদ্যাসম্পন্ন হইবে।

চতুর্থীর ফল।

চতুর্থীতে জন্ম হইলে, সর্ব্বদা স্বীয় পুত্র মিত্র ও প্রমদাপ্রমোদী, ঘৃতাভিলাষী, কৃপান্বিত, বিবাদশীল, বিবাদে বিজয়ী এবং কঠোর হয়।

পঞ্চমীর ফল।

পঞ্চমীতে জন্ম হইলে, রাজমান্য, সুন্দরদেহবিশিষ্ট, দয়াবান্, পণ্ডিতাগ্রগণ্য, কামী, গুণবান্, বন্ধুজনের একমাত্রমাননীয় হইবে।

ষষ্ঠীর ফল।

ষষ্ঠীতে জন্ম হইলে, বিদ্বান্, বরিষ্ঠ, চতুর, সুন্দর-কীর্ত্তিসম্পন্ন, আলম্বিত বাহুবিশিষ্ট, ব্রণাকীর্ণদেহ, সত্যপ্রতিষ্ঠ, ধনপুত্রযুক্ত ও চিরায়ু হয়।

সপ্তমীর ফল।

সপ্তমীতে জন্ম হইলে, কন্যা-সন্ততিযুক্ত, অরাতিমা-

ভক্তের মৃগেন্দ্রস্বরূপ, বিশালনেত্রসম্পন্ন, বিখ্যাত প্রভাব, দেবদ্বিজের অর্চনাপরায়ণ, রসিক, মহাত্মা এবং পিতৃধন হারী হইয়াথাকে।

অষ্টমীর ফল।

অষ্টমীতিথিতে জন্ম হইলে, রাজলক্ষণ-সম্পন্ন, কৃশাঙ্গ, সুখী, দয়াবান্, যুবতিপ্রিয়, চতুষ্পদযুক্ত, ধনধান্যসম্পন্ন এবং উত্তম ধীর হয়।

নবমীর ফল।

নবমীতে জন্ম হইলে, বিরোধকর, সাধুগণের অগম্য-স্থল, পরানিষ্টকর-মতিসম্পন্ন, দুশ্চরিত্র, আচারবিহীন, কৃপণ ও কঠোর হইবে।

দশমীর ফল।

দশমীতে জন্ম হইলে, বিদ্যাবিনোদী, ধনপুত্রযুক্ত, লম্বকণ্ঠবিশিষ্ট, কন্দর্পাপেক্ষা অধিক শ্রীসম্পন্ন, উদারচেতা প্রশস্তান্তঃকরণবিশিষ্ট ও দয়ালু হয়।

একাদশীর ফল।

একাদশী তিথিতে জন্ম হইলে, ক্রোধোৎকট মূর্ত্তি-বিশিষ্ট, ক্লেশসহনশীল, সুভাষী, যাগাদিকর্ত্তা, আত্মীয়-বর্গের একমাত্র-ভর্ত্তা, মহামতিসম্পন্ন, দেবগুরুপ্রিয় এবং অতিশয় হৃষ্ট হইবে।

দ্বাদশীর ফল।

দ্বাদশীতে জন্ম হইলে, অনেকসন্তানবিশিষ্ট, সর্ব্ব-জনানুরাগী, নৃপমান্য, অতিথিপ্রিয়, প্রবাসবাসহীন এবং ব্যবহার-দক্ষ হয়।

ত্রয়োদশীর ফল।

ত্রয়োদশীতে জন্মহইলে, রূপযুক্তদেহ, সাত্ত্বিকভাবশূন্য, বাল্যকালে সুখী, জননীর প্রিয়কর, সর্ব্বদা আলস্য-যুক্ত এবং একমাত্র শিল্পগুণবেত্তা হইবে।

চতুর্দ্দশীর ফল।

চতুর্দ্দশীতে জন্ম হইলে, বিরুদ্ধস্বভাবশালী, সর্ব্বদা-রোষপরায়ণ, তস্কর, কঠোর, পরবঞ্চক, পরান্নভোগী ও পরদারচিত্ত হইয়াথাকে।

পূর্ণিমারফল।

পূর্ণিমায় জন্ম হইলে, কন্দর্পতুল্যরূপবান্, যুবতিপ্রিয়, ন্যায়োপার্জ্জিত-ধনসম্পন্ন, সর্ব্বদা হর্ষযুক্ত, শূর, বলবান্ ও শাস্ত্রবিচারে দক্ষ হয়।

অমাবস্যার ফল।

অমাবস্যায় জন্ম হইলে, ক্রূর, সাহসিক, কৃতজ্ঞ, ত্যাগশীল এবং সর্ব্বদা চৌরকার্য্যরত হইবে।

অথ কৃষ্ণচতুর্দ্দশীজাতফলং জ্যোতিঃসারে।

কৃষ্ণপক্ষচতুর্দ্দশ্যাং প্রসূতেঃ ষড়্বিধং ফলং।
চতুর্দ্দশীঞ্চ ষড়্ভাগাং কুর্য্যাদাদৌ শুভং স্মৃতং॥
দ্বিতীয়ে পিতরং হন্তি তৃতীয়ে মাতরন্তথা।
চতুর্থে মাতুলং হন্তি পঞ্চমে বংশনাশনং।
ষষ্ঠে চ ধনহানিঃ স্যাদাত্মনো বংশনাশনং॥

অথ কৃষ্ণচতুর্দ্দশীজাতফল।
জ্যোতিঃসারে।

কৃষ্ণচতুর্দ্দশীতিথির পরিমাণদণ্ডকে ছয় ভাগ করিবে। প্রথমভাগে জন্ম হইলে, বালকের শুভকর হইবে। দ্বিতীয়ভাগে জন্ম হইলে পিতার হানি, তৃতীয়ভাগে জননী, চতুর্থভাগে মাতুল, পঞ্চমে বংশনাশ, ষষ্ঠে ধনহানি ও আত্মবংশ নাশ হইয়াথাকে। এই ষড়্বিধ চতুর্দ্দশীফল কথিত আছে।

অথ সিনীবাল্যাং জন্মফলং।

সিনীবাল্যাং প্রসূতাশ্চ দাসী ভার্য্যা পশুস্তথা।
গজাশ্বমহিষী চৈব শক্রস্যাপি শ্রিয়ং হরেৎ॥
বহুপ্রসূতিরিত্যর্থং সর্ব্বদোষকরী স্মৃতা।
যস্য প্রসূতিরেতেষাং তস্যায়ুর্ধননাশনং।
সর্ব্বগণসমস্তত্র দোষস্তু প্রবলো ভবেৎ॥

সিনীবালীঅমাবস্যার ফল।

সিনীবালী তিথিতে যদি দাসী, পত্নী, পশু, গজ, অশ্ব, মহিষী প্রভৃতির কোন একটি প্রসব হয়, তবে গৃহস্বামীর ধনহানি হইবে।

যদি দেবরাজ শক্রেরও এরূপ ঘটনা হয়, তবে তাঁহারও ধনহানি হইয়াথাকে।

যেরূপ গণ্ডপ্রসূতদোষ বর্ণিত আছে, সিনীবালীতে প্রসব হইলে সেইরূপ দোষকর হইবে। এই তিথিতে প্রসব হইলে গৃহস্বামীর আয়ু ও ধননাশ হয়।

অথ দিনক্ষয়াদিষু জন্মফলং।

দিনক্ষয়ে ব্যতীপাতে ব্যাঘাতে বিষ্টি বৈধৃতৌ।
শূলে গণ্ডেঽতিগণ্ডে চ পরিঘে যমঘণ্টকে।
কালদণ্ডে মৃত্যুযোগে দগ্ধযোগে সুদারুণে॥
তস্মিন্ গণ্ডদিনে প্রাপ্তে প্রসূতির্যদি জায়তে।
অতিদোষকরী প্রোক্তা তত্র পাপযুতা সতি॥

অথ দিনক্ষয়াদিজাত ফল।

দিনক্ষয়ে (ত্র্যহস্পর্শে) ব্যতীপাত, ব্যাঘাত, বিষ্টিকরণ, বৈধৃতি, শূল, গণ্ড, অতিগণ্ড, পরিঘ, যমঘণ্ট, কালদণ্ড, মৃত্যুযোগ এবং সুদারুণ দগ্ধযোগ এই গণ্ডদিনে প্রাপ্ত হইলে, যদি কোন বালক জন্মগ্রহণকরে, তবে অতিশয় দোষাবহ হইয়াথাকে এবং ইহাতে কোন পাপযোগ মিলিত হইলে অতিশয় দোষকর হয়।

প্রতিপদাদি পঞ্চদশতিথি নন্দা, ভদ্রা, জয়া, রিক্তা ও পূর্ণা এই পাঁচ সংজ্ঞায় বিভক্ত আছে, তন্মধ্যে প্রতিপদ্, ষষ্ঠী, একাদশী এই তিন তিথি নন্দা নামে বিখ্যাত, দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী এই তিন তিথি ভদ্রা নামে প্রসিদ্ধ, তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী এই তিন তিথি জয়া নামে বিখ্যাত, চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী এই তিন তিথি রিক্তা সংজ্ঞায় বিভক্ত, পঞ্চমী, দশমী ও পঞ্চদশী এই তিন তিথি পূর্ণা নামে বিখ্যাত হইয়াথাকে।

যবনাচার্য্য 'লগ্নচন্দ্রিকা' নামক স্বীয় গ্রন্থে যেরূপ নন্দাদি তিথির ফল প্রকাশ করিয়াছেন, এস্থলে তাহাই প্রকাশিত হইতেছে।

অথ নন্দাদিতিথিফলমাহ লগ্নচন্দ্রিকায়াং যবনঃ।

নন্দাতিথিফলং।

নন্দাতিথৌ নরো জাতো মহামানী চ কোবিদঃ।
দেবতাভক্তিনিষ্ঠশ্চ জ্ঞাতীনাং প্রিয়বৎসলঃ॥

ভদ্রাতিথিফলং।

ভদ্রাতিথৌ বন্ধুমান্যো রাজসেবী ধনান্বিতঃ।
সংসারভয়ভীতশ্চ পরমার্থস্য কোবিদঃ॥

জয়াতিথিফলং।

জয়াতিথৌ রাজপূজ্যঃ পুত্রপৌত্রাদিসংযুতঃ।
শূরঃ শাস্তা চ দীর্ঘায়ুর্মহাবিজ্ঞশ্চ জায়তে॥

রিক্তাতিথিফলং।

রিক্তাতিথৌ বিত্তহীনঃ প্রমাদী গুরুনিন্দকঃ।
শাস্ত্রজ্ঞঃ শত্রুহন্তা চ ধার্ম্মিকশ্চ নরো ভবেৎ॥

পূর্ণাতিথিফলং।

পূর্ণাতিথৌ ধনৈঃ পূর্ণো বেদশাস্ত্রার্থতত্ত্ববিৎ।
সত্যবাদী শুদ্ধচেতা জাতো ভবতি মানবঃ।

নন্দাতিথির ফল।

নন্দাতিথিতে জন্ম হইলে, মহামানী, পণ্ডিত, দেবতাভক্তিনিষ্ঠ এবং জ্ঞাতিগণের প্রিয়বৎসল হইয়াথাকে।

ভদ্রাতিথির ফল।

ভদ্রাতিথিতে জন্ম হইলে, বন্ধুবর্গের মাননীয় (এস্থলে 'বন্ধুমাল্য, পাঠ দৃষ্ট হইয়াথাকে) রাজসেবী, ধনবান্, সংসার-ভয়ভীত ও পরমার্থতত্ত্ব পণ্ডিত হয়।

জয়াতিথির ফল।

জয়াতিথিতে জন্ম হইলে, রাজপূজ্য, পুত্রপৌত্রাদিসংযুক্ত, শূর, শাসনকর্ত্তা, দীর্ঘায়ুবিশিষ্ট ও মহাবিজ্ঞ হইয়াথাকে।

রিক্তাতিথির ফল।

রিক্তাতিথিতে জন্ম হইলে, ধনহীন, প্রমাদবিশিষ্ট, গুরুনিন্দাকর, শাস্ত্রবেত্তা, শত্রুহন্তা ও ধার্ম্মিক হইবে।

পূর্ণাতিথির ফল।

পূর্ণাতিথিতে জন্ম হইলে, ধনপূর্ণ, শাস্ত্রার্থের তত্ত্ববেত্তা, সত্যবাদী ও শুদ্ধচেতা হয়।

অথ নক্ষত্রফলমাহ বৃহজ্জাতকে।

প্রিয়ভূষণঃ স্বরূপঃ সুভগো দক্ষোঽশ্বিনীষু মতিমাংশ্চ। কৃতনিশ্চয়ঃ সত্যারুগ্দক্ষঃ সুখিতশ্চ ভরণীষু॥

বহুভুক্ পরদাররতস্তেজস্বী কৃত্তিকাসু বিখ্যাতঃ। রোহিণ্যাং সত্যশুচিঃ প্রিয়ম্বদঃ স্থিরমতিঃ সুরূপশ্চ॥ চপলশ্চতুরো ভীরুঃ পটুরুৎসাহী ধনী মৃগে ভোগী। শঠগর্ব্বিতঃ কৃতঘ্নো হিংস্রঃ পাপশ্চ রৌদ্রর্ক্ষে॥ দান্তঃ সুখী সুশীলো দুর্ম্মেধা রোগভাক্ পিপাসুশ্চ। অল্পেন চ সন্তুষ্টঃ পুনর্ব্বসৌ জায়তে মনুজঃ॥ শান্তাত্মা সুভগঃ পণ্ডিতো ধনী ধর্ম্মসংবৃতঃ পুষ্যে। শঠঃ সর্ব্বভক্ষঃ পাপঃ কৃতঘ্নো ধূর্ত্তশ্চ ভৌজঙ্গে॥

বহুভৃত্যধনো ভোগী সুরপিতৃভক্তো মহোদ্যমঃ পিত্রে। প্রিয়বাগ্দাতা দ্যুতিমানটনো নৃপসেবকো ভাগ্যে॥

সুভগো বিদ্যাপ্তধনো ভোগী সুখভাক্ দ্বিতীয়ফাল্গুণ্যাং। উৎসাহী ধৃষ্টঃ পানপো ঘৃণী তস্করো হস্তে॥ চিত্রাম্বরমাল্যধরঃ সুলোচনাঙ্গশ্চ ভবতি চিত্রায়াং। দান্তো বণিক্ কৃপালুঃ প্রিয়বাক্ ধর্ম্মাশ্রিতঃ স্বাতৌ॥ ঈর্ষ্যুর্লুব্ধো দ্যুতিমান্ বচনপটুঃ কলহকৃদ্বিশাখাসু। আঢ্যো বিদেশবাসী ক্ষুধালুরটনোঽনুরাধাসু॥ জ্যেষ্ঠাসু ন বহুমিত্রঃ সন্তুষ্টো ধর্ম্মকৃৎ প্রচুরকোপঃ। মূলে মানী ধনবান্ সুখেন হিংস্রঃ স্থিরো ভোগী॥ ইষ্টানন্দকলত্রো মানী দৃঢ়সৌহৃদশ্চ জলদৈবে। বৈশ্বে বিনীতধার্ম্মিকবহুমিত্রঃ কৃতজ্ঞঃ সুভগশ্চ॥ শ্রীমান্ শ্রবণে শ্রুতবানুদারদারো ধনান্বিতঃ খ্যাতঃ। দাতাঢ্যশূরগীতপ্রিয়ো ধনিষ্ঠাসু ধনলুব্ধঃ॥

স্ফুট্ বাক্ ব্যসনী রিপুহা সাহসিকঃ শতভিষজি দুর্গ্রাহ্যঃ। ভাদ্রপদাসূদ্বিগ্নঃ স্ত্রীজিতধনী পটুরদাতা চ। বক্তা সুখী প্রজাবান্ জিতশত্রুর্দ্ধার্ম্মিকো দ্বিতীয়াসু সম্পূর্ণাঙ্গঃ সুভগঃ শূরঃ শুচিরর্থবান্ পৌষ্ণে॥

ইতি বৃহজ্জাতকে নক্ষত্রশীলাধ্যায়ঃ।

অথ নক্ষত্রফল বৃহজ্জাতকে।

অশ্বিনীনক্ষত্রের ফল।

অশ্বিনীনক্ষত্রে জন্ম হইলে, সুন্দররূপসম্পন্ন, ভূষণপ্রিয়, সৌভাগ্যবান্, দক্ষ ও মতিমান্ হইয়াথাকে।

ভরণীনক্ষত্রে জন্ম হইলে, কৃতনিশ্চয়সম্পন্ন, সত্যবাদী, রোগার্ত্ত, নিপুণ ও সুখী হয়।

কৃত্তিকানক্ষত্রে জন্ম হইলে, বহুভোক্তা, পরদাররত, তেজস্বী ও বিখ্যাত হইবে।

রোহিণীনক্ষত্রে জন্ম হইলে, সত্য ও শুচিপরায়ণ, প্রিয়বাদী, স্থিরমতিসম্পন্ন ও সুরূপ হইয়াথাকে।

মৃগশিরানক্ষত্রে জন্ম হইলে, চপল, চতুর, ভীরুস্বভাববিশিষ্ট, কার্য্যপটু, উৎসাহপরায়ণ, ধনবান্ এবং ভোগী হয়।

আর্দ্রানক্ষত্রে জন্মহইলে, ধূর্ত্ত, গর্ব্বসম্পন্ন, কৃতঘ্ন, হিংস্র ও পাপরত হইবে।

পুনর্ব্বসুনক্ষত্রে জন্ম হইলে, দমনশীল, সুখী, সুচরিত্রসম্পন্ন, দুর্ম্মেধাবান্, রোগভাক্, পিপাসু ও অল্পলাভসন্তোষী হইবে।

পুষ্যানক্ষত্রে জন্ম হইলে, শান্তাত্মা, সৌভাগ্যসম্পন্ন, পণ্ডিত, ধনবান্ ও ধর্ম্মযুক্ত হইয়াথাকে।

অশ্লেষানক্ষত্রে জন্ম হইলে, শঠতাসম্পন্ন, সর্ব্বভক্ষ, পাপী, কৃতঘ্ন ও ধূর্ত্ত হইবে।

মঘানক্ষত্রে জন্ম হইলে, বহুভৃত্যধনসম্পন্ন, ভোগী, দেব ও পিতৃভক্ত এবং মহোদ্যমশালী হইয়াথাকে।

পূর্ব্বফল্গুনীনক্ষত্রে জন্ম হইলে, প্রিয়বাক্যভাষী, দাতা, দ্যুতিমান্, ভ্রমণশীল ও রাজসেবক হইবে।

উত্তরফল্গুনীনক্ষত্রে জন্ম হইলে, সৌভাগ্যসম্পন্ন, বিদ্যালব্ধধন, ভোগী ও সুখভাগী হয়।

হস্তানক্ষত্রে জন্ম হইলে, উৎসাহসম্পন্ন, প্রগল্ভ, পানপায়ী, দয়ালু ও তস্কর হইবে।

চিত্রানক্ষত্রে জন্ম হইলে, চিত্রাম্বর ও মাল্যধারী, সুন্দরলোচন ও সুন্দরাঙ্গ সম্পন্ন হয়।

স্বাতিনক্ষত্রে জন্ম হইলে, দান্ত, বাণিজ্যব্যবসায়ী, কৃপালু, প্রিয়বাক্যসম্পন্ন ও ধর্ম্মাশ্রিত হইবে।

বিশাখানক্ষত্রে জন্ম হইলে, হিংসক, লোভপরায়ণ, দ্যুতিমান্, বাক্পটু ও কলহকারী হইয়াথাকে।

অনুরাধানক্ষত্রে জন্ম হইলে, ধনবান্, বিদেশবাসী, ক্ষুধাতুর ও অটনশীল হয়।

জ্যেষ্ঠানক্ষত্রে জন্ম হইলে, অল্পমিত্রসম্পন্ন, সন্তোষশীল, ধর্ম্মকর্ত্তা ও অধিকক্রোধী হইবে।

মূলানক্ষত্রে জন্ম হইলে, মানী, ধনবান্, সুখহিংসক, স্থিরপ্রকৃতি এবং ভোগী হয়।

পূর্ব্বাষাঢ়ানক্ষত্রে জন্ম হইলে, মানী ও দৃঢ়সৌহার্দ্দপরায়ণ হইয়াথাকে।

উত্তরাষাঢ়ানক্ষত্রে জন্ম হইলে, বিনয়শীল, ধার্ম্মিক, অনেকমিত্রসম্পন্ন, কৃতজ্ঞ ও সৌভাগ্যশালী হয়।

শ্রবণানক্ষত্রে জন্ম হইলে, শ্রীমান্, শ্রুতবান্ অনুদারপ্রকৃতি, ধনবান্ ও বিখ্যাত হইবে।

ধনিষ্ঠানক্ষত্রে জন্ম হইলে, দাতা, ধনবান্, শূর, গীতপ্রিয় ও ধনলোভী হয়।

শতভিষানক্ষত্রে জন্ম হইলে, স্পষ্টবাক্যসম্পন্ন, ব্যসনাসক্ত, শত্রুঘাতী, সাহসী ও দুগ্রাহ্য হইবে।

পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে জন্ম হইলে, উদ্বিগ্নচিত্তবিশিষ্ট, স্ত্রীজিত, ধনবান্, কার্য্যপটু ও দাতা হইয়াথাকে।

উত্তরভাদ্রপদনক্ষত্রে জন্ম হইলে, বক্তা, সুখী, পুত্রবান্, বিজিতশত্রু ও ধার্ম্মিক হয়।

রেবতীনক্ষত্রে জন্ম হইলে, পরিপূর্ণ দেহবিশিষ্ট, সৌভাগ্যশালী, শূর, শুচি ও অর্থবান্ হইবে।

অথ নক্ষত্রশীলং শুদ্ধিদীপিকায়াং।

শতানলাদিত্যবিশাখমিত্রশক্রোদ্ভবা মিশ্রগুণাঃ প্রদিষ্টাঃ। শিবাজহস্তাহিভবা জঘন্যাঃ শেষোদ্ভবাঃ সৎপুরুষা ভবন্তি।

দীপিকামতে নক্ষত্রশীল।

শতভিষা, কৃত্তিকা, পুনর্ব্বসু, বিশাখা, অনুরাধা ও জ্যেষ্ঠানক্ষত্রে জন্ম হইলে সদসদ্গুণযুক্ত হয়। আর্দ্রা, পূর্ব্বভাদ্রপদ, হস্তা ও অশ্লেষানক্ষত্রে জন্ম হইলে জঘন্যগুণযুক্ত হইবে। এতদ্ব্যতীত মূলা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, ধনিষ্ঠা, উত্তরভাদ্রপদ ও রেবতী নক্ষত্রে জন্ম হইলে সৎপুরুষ হইয়াথাকে।

অথ নক্ষত্রফলং কোষ্ঠীকলাপে।

গজাশ্বমেষস্য কলাবিদক্ষো মানা প্রচণ্ডোঽতিখলশ্চ চঞ্চলঃ। জাতোঽশ্বিনীভে মনুজো দয়ালুস্তোমপ্রকাশে নৃপবল্লভঃ স্যাৎ ॥১॥

ধান্যাদিবস্তুক্রয়বিক্রার্থযুক্তো নরঃ স্যাদ্ভরণী প্রসূতঃ। ক্রুরোঽথবা দীর্ঘতনুঃ প্রশান্তো বিদেশবাসী জিতবৈরিপক্ষঃ ॥২॥

বহ্বাশিনং ক্রোধসমাকুলঞ্চ তীক্ষ্নস্বভাবং ভয়সঙ্গতঞ্চ। স্থূলাস্যগণ্ডং রিপুতাপিতাঙ্গং জাতং বিদধ্যাৎ কিল কৃত্তিকা ভে ॥৩॥

ভোগী দয়ালুঃ শুচিরল্পকোপী দক্ষঃ কলাবিন্মনুজঃ প্রসূতঃ। ব্রাহ্মোঽর্থবান্ স্থূলকপোলনেত্রো মহাবলিষ্ঠঃ কফবাতদেহঃ ॥৪॥

মৃগে মৃগাক্ষোঽতিবলঃ সুগণ্ডো নৃপপ্রিয়ঃ সাহসিকোঽতিকামী। জাতো মনুষ্যোঽচপলোঽল্পধর্ম্মো, মিত্রার্থপুত্রৈঃ সহিতোঽল্পবিত্তঃ ॥৫॥

আর্দ্রাপ্রসূতশ্চপলোঽতিশূরঃ প্রসাদবান কামি-

জনার্থসেবী। নরোঽতিলুব্ধো ধনধান্যযুক্তঃ পুণ্যক্রিয়াবিস্মৃতপুত্রদারঃ॥৬॥

পুনর্ব্বসৌ স্যাদতিধর্ম্মনিষ্ঠঃ স্বকর্ম্মদক্ষঃ পিতৃমাতৃভক্তঃ। নরোঽতিকামী বনিতারতশ্চ প্রবাসশীলো মধুরার্থসেবী ॥৭॥

পুষ্যে নরঃ শ্রেষ্ঠমতিঃ কৃতী চ কুলপ্রধানো ধনধান্যযুক্তঃ। প্রাজ্ঞোঽতিশূরো দ্বিজদেবভক্তঃ স্যাৎ সর্ব্ববিদ্যানিপুণঃ প্রসূতঃ ॥৮॥

দ্বিজিহ্বধারী রিপুভির্জ্জিতঃ স্যাচ্চৌরোঽতিতীক্ষ্ণঃ পিতৃমাতৃহন্তা। শঠোঽতিমূর্খো নিজবংশঘাতী ভুজঙ্গভেঽসত্যপরঃ প্রসূতঃ ॥৯॥

জাতো মঘায়াং মনুজো বিবাদী সিংহঃ সুনেত্রো ভবতি প্রতাপী। অল্পাত্মজো বৈ বনিতাবিরোধী চাল্পার্থবিদ্যো নৃপসেবকশ্চ ॥১০॥

ভগে প্রসূতো মনুজো ধনাঢ্যঃ প্রবাসশীলো হতশত্রুপক্ষঃ। প্রজায়তে কামকলাবিদগ্ধো জনাশ্রিতো হৃষ্টমনাঃ সদৈব ॥১১॥

স্যাদুত্তরাফল্গুনী সংজ্ঞকে চ জাতো নরঃ সর্ব্বজনপ্রিয়শ্চ। দাতার্থপুত্রৈঃ সহিতঃ ক্ষুধার্ত্তঃ কোপী পুরন্ধ্রীসুখবর্জ্জিতশ্চ ॥১২॥

মলিনবাক্যোঽর্থযুতঃ সুনেত্রঃ প্রতাপযুক্তো নৃপতেঃ প্রধানঃ। গুণান্বিতঃ সত্যপরঃ কলাবান্ হস্তে প্রসূতঃ প্রভুতামুপৈতি ॥১৩॥

চিত্রো ধনাঢ্যো শুভগশ্চ মান্যঃ সদর্থভোগীজনবল্লভশ্চ। স্যান্মাতৃভক্তো নৃপতুল্যকীর্ত্তিশ্চিত্রাভিধেয়ো মনুজঃ প্রসূতঃ ॥১৪॥

স্বাত্যাং প্রসূতো বহুরত্নযুক্তো ধাতুক্রিয়ায়াং নিরতো মনুষ্যঃ। গৃহাণি বস্ত্রাণি বহূনি নিত্যং প্রাপ্নোতি সৌখ্যানি চ বিত্তলব্ধঃ ॥১৫॥

প্রবাসশীলো বিদুষাং বিরোধী ধর্ম্মেষু নিষ্ঠঃ শুভদন্তপংক্তিঃ। লৌহাভিঘাতার্দ্দিতদন্তদৃষ্টির্ব্বিশাখযুক্তঃ প্রসূতো মনুষ্যঃ ॥১৬॥

নরোঽপি মৈত্রে যদি চ প্রসূতো নিত্যপ্রমোদী রিপুপুংখঘাতী। বাল্যে প্রবাসী পরদারসেবী চৌরো ধনাঢ্যো জনসত্বভাগী ॥১৭॥

জ্যেষ্ঠাপ্রসূতো মনুজোঽতিশূরঃ পদ্মাস্যনেত্রো বহুপুত্রযুক্তঃ। কোপী বিদগ্ধো যত্নদুষ্টবুদ্ধিঃ পরোপতাপী কলহপ্রিয়শ্চ ॥১৮॥

বয়োঽপরার্দ্ধে মনুজো দরিদ্রো মূলে প্রসূতো বিকলোঽতিশূরঃ। প্রজায়তে সর্ব্বকলানুরাগঃ পিত্রোশ্চ হন্তা স্বজনোপকারী ॥১৯॥

ভূয়ো ভূয়স্তু যমানানুরক্তো ভক্তো দেবে বন্ধুমান্যোঽতিদক্ষঃ। পূর্ব্বাষাঢ়া জন্মকালে যদি স্যাদাষাঢ়ঃ স্যাদ্বৈরিবর্গে নিতান্তং ॥২০॥

উত্তরাষাঢ়াসু নরঃ প্রসূতঃ কুমিত্রযুক্তো বনিতাবশী চ। স্যাৎ পণ্ডিতো ধূর্ত্তমতিঃ কৃশাঙ্গো মায়াধরো গুহ্যবলশ্চ শূরঃ ॥২১॥

স্বধর্ম্মনিষ্ঠঃ শ্রবণাপ্রসূতো মানী বিবেকী দ্বিজদেবভক্তঃ। তীর্থোপসেবী বহুপুত্রযুক্তো বিশিষ্টসৌভাগ্যযুতো নরঃ স্যাৎ ॥২২॥

স্যাদ্বাসবে দীর্ঘতনুঃ কফাঢ্যঃ কামী বিবাদী বহুপুত্রযুক্তঃ। সুশাস্ত্রবক্তা কিল লম্বহস্তো নরো ভবেদ্ভূপতিতুল্যকীর্ত্তিঃ ॥২৩॥

জাতো নরো বারুণভেঽলসঃ স্যাৎ সংরোধচেষ্টো বচনঃ পটুশ্চ। ধূর্ত্তো বিবাদী জলযানদক্ষো গজেন্দ্রভক্তো বিভবং ভুনক্তি ॥২৪॥

জাতোঽজপাদে মনুজোঽল্পবিত্তো দাতা বিনীতঃ প্রিয়বাক্ সুবৃত্তিঃ। ন সাম্যনেত্রশ্চলচিত্তবৃত্তিঃ প্রবাসশীলো নৃপসেবকশ্চ ॥২৫॥

স্যাদুত্তরাভাদ্রপদেষু জাতো গম্ভীরচেষ্টঃ শুভ-

পুণ্যবৃদ্ধিঃ। শূরো নরঃ শ্রেষ্ঠবলামুপৈতি ক্রোধী প্রভুঃ স্থূলতনুর্ম্মনুষ্যঃ ॥২৬॥

স্যাদ্রেবতীজো বর তীক্ষ্ণবুদ্ধিঃ শুভাঙ্গধৃক্ বৈরিকুলপ্রতাপী। বিদ্যানিধিজ্ঞো নৃপসেবকশ্চ বিদেশবাসী মনুজোঽতিশূরঃ ॥২৭॥

অথ নক্ষত্রফল কোষ্ঠীকলাপে।

অশ্বিনীনক্ষত্রের ফল।

অশ্বিনীনক্ষত্রে জন্ম হইলে, হস্তী, অশ্ব, মেষের মর্ম্মজ্ঞ, কলাবিৎ, মানী, প্রচণ্ডস্বভাব, স্থূল, চঞ্চল, দয়ালু ও তুষ্টিসাধনজন্য রাজবল্লভ হইয়াথাকে।

ভরণীনক্ষত্রের ফল।

ভরণীনক্ষত্রে জন্ম হইলে সর্ব্বদা ধান্যাদিবস্তুর ক্রয় বিক্রয়ে নিযুক্ত, ক্রূরস্বভাব, দীর্ঘশরীর সম্পন্ন, উত্তমবীর্য্যবান্, বিদেশবাসী ও বৈরিপক্ষবিজয়ী হইবে।২

কৃত্তিকানক্ষত্রের ফল।

কৃত্তিকা নক্ষত্রে জন্ম হইলে, বহুআশাযুক্ত, ক্রোধাকুলহৃদয়, তীক্ষ্ণস্বভাববিশিষ্ট, ভয়সঙ্গত, মুখ ও গণ্ডদেশ স্থূল ও শত্রুতাপিত শরীর হয়। ৩

রোহিণীনক্ষত্রের ফল।

রোহিণীনক্ষত্রে জন্ম হইলে, ভোগশীল, দয়ালু, শুচি, অল্পক্রোধবিশিষ্ট, সর্ব্বকর্ম্মপটু, কলাবেত্ত, ব্রহ্মজ্ঞানপরায়ণ, কপোল ও নয়নস্থূল, মহাবলশালী ও কফবাতযুক্ত দেহ হইবে। ৪

মৃগশিরানক্ষত্রের ফল।

মৃগশিরানক্ষত্রে জন্ম হইলে, মৃগেরন্যায় চক্ষুসম্পন্ন, অতিশয়বলশালী, গণ্ডদেশ সুন্দর, রাজপ্রিয়, সাহসী, অতিশয়কামুক, স্থিরপ্রকৃতি, অল্পধর্ম্মবিশিষ্ট, মিত্র ও পুত্রের সহিত অল্পধনবান্ হয়। ৫

আর্দ্রানক্ষত্রের ফল।

আর্দ্রানক্ষত্রে জন্ম হইলে, চপল, অতিশয়শূর, প্রমাদবিশিষ্ট, কামী, অর্থসেবী, অতিলুব্ধ, ধনধান্যযুক্ত, পুণ্যক্রিয়া-বিহীন ও পুত্রদারযুক্ত হইয়াথাকে। ৬

পুনর্ব্বসুনক্ষত্রের ফল।

পুনর্ব্বসুনক্ষত্রে জন্ম হইলে, অতিশয় ধর্ম্মনিষ্ঠ, আত্মকর্ম্মপটু, পিতৃমাতৃভক্তি-পরায়ণ, অতিশয়কামী, বনিতানুগত, প্রবাসশীল ও উত্তমঅর্থসেবী হইবে। ৭

পুষ্যানক্ষত্রের ফল।

পুষ্যানক্ষত্রে জন্ম হইলে, শ্রেষ্ঠমতিসম্পন্ন, কৃতী, কুলপ্রধান, ধনধান্যযুক্ত, প্রাজ্ঞ, অতিশয়শূর, দেবদ্বিজভক্ত ও সর্ব্ববিদ্যায় নিপুণ হয়। ৮

অশ্লেষানক্ষত্রের ফল।

অশ্লেষানক্ষত্রে জন্ম হইলে, দ্বিজিহ্বধর, শত্রুজিত, তস্কর, অতিশয় তীক্ষ্ণস্বভাবসম্পন্ন, পিতৃমাতৃঘাতক, শঠ, অতিশয়মূর্খ, আত্মবংশহন্তা ও অসত্যপরায়ণ হয়। ৯

মঘানক্ষত্রের ফল।

মঘানক্ষত্রে জন্ম হইলে, বিবাদশীল, সিংহবিক্রম, সুন্দর লোচনসম্পন্ন, প্রতাপশীল, অল্পসন্ততিযুক্ত, বনিতাবিরোধী, অল্পধন ও বিদ্যাসম্পন্ন এবং রাজসেবক হইয়াথাকে। ১০

পূর্ব্বফল্গুণীনক্ষত্রের ফল।

পূর্ব্বফল্গুণী নক্ষত্রে জন্ম হইলে, ধনবান্, প্রবাসশীল, হতশত্রু, কামকলাপণ্ডিত, আশ্রয়ী ও হৃষ্টান্তঃকরণ হইবে। ১১

উত্তরফল্গুণী নক্ষত্রের ফল।

উত্তরফল্গুণী নক্ষত্রে জন্মহইলে, সর্ব্বজন-প্রিয় ও অর্থযুক্ত, ক্ষুধার্ত্ত, কোপী ও পুরস্ত্রী সুখবর্জ্জিত হয়। ১২

হস্তানক্ষত্রের ফল।

হস্তানক্ষত্রে জন্ম হইলে, গলিনবাক্যসম্পন্ন, অর্থযুক্ত, সুন্দর চক্ষুবিশিষ্ট, প্রতাপী, ভূপালাগ্রগণ্য, গুণান্বিত, সত্যপরায়ণ, কলাবিৎ ও প্রভুত্বসম্পন্ন হইবে। ১৩

চিত্রানক্ষত্রের ফল।

চিত্রানক্ষত্রে জন্ম হইলে, চিত্রকর্ম্মকারক, ধনবান্, শুভগতিসম্পন্ন, মাননীয়, সদর্থভোগী, লোকপ্রিয়, মাতৃভক্তিপরায়ণ ও রাজতুল্যকীর্ত্তিশালী হয়। ১৪

স্বাতিনক্ষত্রের ফল।

স্বাতিনক্ষত্রে জন্ম হইলে, বহুরত্নযুক্ত, ধাতুক্রিয়ারত, নিত্য বহুতর গৃহ ও বস্ত্রে শোভিত, সুখী ও লব্ধবিত্ত হইবে। ১৫

বিশাখানক্ষত্রের ফল।

বিশাখানক্ষত্রে জন্ম হইলে, প্রবাসশীল, পণ্ডিতগণের বিরোধী, ধর্ম্মনিষ্ঠ, সুন্দরদন্তপঙক্তি যুক্ত ও লৌহাঘাত পীড়িত দন্ত এবং লোচন হয়। ১৬

অনুরাধানক্ষত্রের ফল।

অনুরাধানক্ষত্রে জন্ম হইলে, নিত্যপ্রমোদশীল, রিপুকুলবিনাশক, বাল্য কালে প্রবাসী, পরদারসেবাপরায়ণ তস্কর, ধনবান্ ও সত্যভাগী হইবে। ১৭

জ্যেষ্ঠানক্ষত্রের ফল।

জ্যেষ্ঠানক্ষত্রে জন্ম হইলে, অতিশয় শূর, মুখ ও চক্ষু পিঙ্গলবর্ন, অনেকপুত্রযুক্ত, কোপপরায়ণ, পণ্ডিত, দুষ্টবুদ্ধিসম্পন্ন, পরোপতাপী ও কলহপ্রিয় হয়। ১৮

মূলানক্ষত্রের ফল।

মূলানক্ষত্রে জন্ম হইলে, বৃদ্ধাবস্থায় দরিদ্র, বিকলদেহ, অতিশয় শূর, সমস্তকলানুরাগী, মাতাপিতার হন্তা ও ও আত্মীয়বর্গের উপকারী হইবে। ১৯

পূর্ব্বাষাঢ়ানক্ষত্রের ফল।

পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে জন্ম হইলে, সর্ব্বজন কর্ত্তৃক বারংবার স্তূয়মান, অনুগত, দেবতাভক্ত, বন্ধুগণের মাননীয় অতিশয়পটু ও বৈরিবর্গের দণ্ডস্বরূপ হইয়া থাকে।২০

উত্তরাষাঢ়ানক্ষত্রের ফল।

উত্তরাষাঢ়ানক্ষত্রে জন্ম হইলে, কুমিত্রযুক্ত, স্ত্রীবশীভূত, পণ্ডিত, খলমতি, কৃশাঙ্গ, মায়াধারী, গুপ্তবলসম্পন্ন, মানী ও শূর হয়। ২১

শ্রবণানক্ষত্রের ফল।

শ্রবণানক্ষত্রে জন্ম হইলে, স্বধর্ম্মনিষ্ঠ, মানী, বিবেকী, দেবদ্বিজভক্ত, তীর্থোপসেবী, বহুপুত্রযুক্ত ও বিশিষ্ট সৌভাগ্যসম্পন্ন হইবে। ২২

ধনিষ্ঠানক্ষত্রের ফল।

ধনিষ্ঠানক্ষত্রে জন্ম হইলে, দীর্ঘশরীরসম্পন্ন, কফযুক্ত, কামাতুর, বিবাদী, বহুপুত্রযুক্ত, উত্তমশাস্ত্রবেত্তা লম্বহস্তবিশিষ্ট ও রাজতুল্য কীর্ত্তিকর হয়। ২৩

শতভিষানক্ষত্রের ফল।

শতভিষানক্ষত্রে জন্ম হইলে, অলসতাসম্পন্ন, সংরোধচেষ্ট, বাকপটু, ধূর্ত্ত, বিবাদী, জনযানকুশল, গজেন্দ্রভক্ত ও বিভবভোগী হইবে। ২৪

পূর্ব্বভাদ্রপদনক্ষত্রের ফল।

পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে জন্ম হইলে, অল্পবিত্তসম্পন্ন, দাতা, বিনয়ী প্রিয়বাক্যসম্পন্ন, সদ্বৃত্তিপরায়ণ, অসাম্যনেত্র, চলচ্চিত্তবৃত্তি, প্রবাসশীল ও রাজসেবক হয়। ২৫

উত্তরভাদ্রপদনক্ষত্রের ফল।

উত্তরভাদ্রপদনক্ষত্রে জন্ম হইলে, গম্ভীরচেষ্টান্বিত, উত্তম পুণ্যবুদ্ধিসম্পন্ন, শূর, শ্রেষ্ঠবলসম্পন্ন, ক্রোধী, প্রভু ও স্থূলতনু হইয়াথাকে। ২৬

রেবতীনক্ষত্রের ফল।

রেবতীনক্ষত্রে জন্ম হইলে, অতিশয়তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন, সুন্দরাঙ্গ-ধারী, শত্রুকুল-প্রতাপী, বিদ্যানিধিজ্ঞ, নৃপসেবক, বিদেশবাসী ও শূর হয়। ২৭

যোগফলং কোষ্ঠীপ্রদীপে।

বিষ্কুম্ভযোগো যদি জন্মকালে কার্য্যে স্বতন্ত্রো মনুজস্তদানীং। সুহৃৎকলত্রাত্মজসৌখ্যমুগ্রং গৃহস্য নির্ম্মাণবিধৌ সমর্থঃ ॥১॥

প্রসূতিকালে যদি প্রীতিযোগো নরো হ্যরোগঃ সুখবান্ বিনোদী। রক্তানুরক্তো বিদুষাংপ্রপন্নঃ সংপ্রার্থিতো যচ্ছতি বিত্তমেব ॥২ ॥

যস্যায়ুষ্মান্ জন্মকালে ধনুষ্মান্ যানে যানং তস্য দেশেষু কার্য্যং। কুর্য্যান্নূনং ক্রীড়নং পুষ্পবাট্যাং দাসৈর্ব্বাসৈরন্বিতো গর্ব্বিতশ্চ ॥৩॥

সৌভাগ্যজন্মা সুভগো মনুষ্যঃ শ্লাঘ্যো জনানাং ধনবান্ গুণজ্ঞঃ। উদারচিত্তো বলবান্ বিবেকী মহাভিমানী প্রিয়ভাষণশ্চ ॥৪

স্যাচ্ছোভনঃ শোভনযোগজন্মা দক্ষো বিপক্ষ-প্রতিলব্ধবিত্তঃ। সত্ত্বরশ্চারুবপুঃ সুধীরঃ সম্মান-যুক্তো মনুজপ্রবীণঃ॥৫

কলিপ্রিয়ো বেদবিনিন্দকশ্চ ধূর্ত্তঃ কৃতঘ্নো গলরোগযুক্তঃ। সরোমদেহঃ পুরুষোঽতিদীর্ঘঃ প্র-কাণ্ডগণ্ডস্ত্বতিগণ্ডজন্মা ॥৬॥

পরোপকারী কুশলঃ কলাসু হর্ষেণযুক্তো নিতরাং যশস্বী। প্রসূতিকালে যদি চেৎ সুকর্ম্মা নরঃ সুকর্ম্মা ভবতি প্রসিদ্ধঃ ॥৭॥

ধৃতিযোগসমুৎপন্নঃ প্রাজ্ঞঃ সংহৃষ্টমানসঃ।
যাবদূকঃ সভায়াঞ্চ সুশীলো বিনয়ান্বিতঃ ॥৮॥

ভীতো দরিদ্রো দয়িতাপ্রিয়শ্চ শূলোদ্ভবঃ শূল-ইব স্ববন্ধোঃ। বিদ্যাময়াভ্যাং রহিতোঽথ শূলী করোতি লোকে ন হিতং কদাচিৎ ॥৯॥

স্বকার্য্যকর্ত্তা পরকার্য্যহর্ত্তা গণ্ডোদ্ভবঃ স্যাদতি-গণ্ডবাক্যঃ। অত্যন্তধূর্ত্তঃ পুরুষঃ কুরূপঃ সুহৃদ্গণানা-মতিতাপদাতা ॥১০॥

প্রসূতিকালে যদি বৃদ্ধিযোগো নরঃ সুভোগো বিনয়ান্বিতশ্চ। ধনপ্রয়োগগ্রহণেষু দক্ষো বিচক্ষণঃ স্যাৎ ক্রয়বিক্রয়াভ্যাং ॥১১॥

নরীনর্ত্তি বাণী সদা বক্ত্রপদ্মে চরীকর্ত্তি কাব্যং বরীভর্ত্তি বন্ধূন্। ধ্রুবাখ্যে প্রসূতির্ধ্রুবা তস্য কীর্ত্তি-র্দিগন্তে নিতান্তং ভবেচ্চারুমূর্ত্তিঃ ॥১২॥

ব্যাঘাতকর্ত্তা চ সতাং নিতান্তং ব্যাঘাতজন্মা মনুজঃ কঠোরঃ। অসত্যভাষী কৃপয়া বিহীনো মন্দে-ক্ষণো দীর্ঘতনুঃ কৃশাঙ্গঃ ॥১৩॥

সুচারুগাত্রং স্ফুটপদ্মনেত্রং শাস্ত্রপ্রযত্নে বিন-য়োপপন্নঃ। প্রসূতিকালে যদি হর্ষণঃ স্যাদমর্ষণো নৈব জনঃ কদাচিৎ ॥১৪॥

গুণী গুণজ্ঞো বলবান্ মহৌজাঃ সদ্রত্নবস্ত্রাদি পরীক্ষকঃ স্যাৎ। বজ্রাভিধানে যদি চেৎ প্রসূতো বজ্রোপমঃ স্যাদ্রিপুকামিনীনাং ॥১৫॥

ধনী কুরূপঃ কুমতির্দুরাত্মা বিদেশগামী রুধির-প্রকোপঃ। মহাপ্রলোভী পুরুষো বলীয়ানসৃক্ প্রসূতৌ কিলয়স্য জন্তোঃ ॥১৬॥

কঠোরবাক্যঃ পিশুনস্বভাবো গদাতুরো মাতৃ-হিতো মনুষ্যঃ। পরস্যকার্য্যে কৃতপক্ষপাতো যস্য প্রসূতৌ ব্যতীপাতযোগঃ ॥১৭॥

দাতা দয়ালুঃ সুতরাং সুবেশঃ সৎকর্ম্মকর্ত্তা মধুর স্বভাবঃ। নরো বলীয়ান্ ধনবান্ জনাঢ্যো যোগো বরীয়ান্ যদি জন্মকালে ॥১৮॥

উৎপত্তিকালে পরিঘো যদি স্যান্নরস্তদা বংশ-কুঠারকল্পঃ। অসত্যসাক্ষী ক্ষময়া বিহীনঃ স্বল্পান্ন-ভোক্তা বিজিতারিপক্ষঃ ॥১৯॥

মহেশভক্তঃ শ্রুতিপারদৃশ্বা জিতেন্দ্রিয়শ্চারু-তনুর্মহাত্মা। শিবাভিধানঃ খলু যোগরাজঃ প্রসূতি-কালে যদি মানবানাং ॥২০॥

অসাধ্যসাধ্যঃ কিল সাধ্যজাতঃ শূরোঽতিধীরো বিজিতারিপক্ষঃ। বুদ্ধ্যা হ্যুপায়ৈঃ পরিসাধিতার্থঃ পরঃ কৃতার্থঃ সুতরাং বিনীতঃ ॥২১॥

জিতেন্দ্রিয়ঃ সর্ব্বকলানিধানো গৌরোঽতিশূরো

মধুরো বিনীতঃ। সত্যোপপন্নঃ কৃতভূরিভোগো যস্য প্রসূতৌ কিল সিদ্ধযোগঃ ॥২২॥

শুভঃ প্রসূতঃ শুভকর্ম্মরাণাং শুভোদয়েষ্টৌ বিদুসাং সমাজে। করোতি নিত্যং শুভকর্ম্ম ধীমান্ শোভাধিকঃ শোভনবেশধারী ॥২৩॥

হাস্যো বিবাদে বিজয়ী সভায়াং সদ্গন্ধমাল্যাম্বর রত্নযুক্তঃ। জিতেন্দ্রিয়ঃ স্যান্মনুজো মহৌজাঃ শুক্রাভিধানে জননং হি যস্য ॥২৪॥

নানাশাস্ত্রাভ্যাসসংনীতকালো বর্ণাচারৈঃ সংযুতশ্চারুকীর্ত্তিঃ। শান্তো দান্তো জায়তে চারুকর্ম্মা সূতৌ যস্য ব্রহ্মযোগপ্রয়োগঃ ॥২৫

প্রতাপশীলো বলবান্ গুণজ্ঞঃ শ্লেষ্মাধিকঃ শ্রীকমলাভ্যুপেতঃ। কিলেন্দ্রযোগো যদি জন্মকালে মহেন্দ্রতুল্যঃ পুরুষঃ প্রসন্নঃ ॥২৬॥

মৈত্রীবিহীনঃ কুটিলঃ খলশ্চ মূর্খো দরিদ্রঃ পরবঞ্চকশ্চ। কুকর্ম্মকর্ত্তা পরদাররর্ত্তা ভবেন্নরো বৈধৃতিলব্ধজন্মা ॥২৭

ইতি যোগফলং।

অথ বিষ্কুম্ভাদি যোগফল কোষ্ঠীপ্রদীপে।

বিষ্কুম্ভযোগের ফল।

বিষ্কুম্ভযোগে জন্ম হইলে, স্বাধীন কার্য্যপরায়ণ, স্বীয় মিত্র ও ভার্য্যাতে অতিশয় সখ্যসম্পন্ন এবং গৃহনির্ম্মাণ কার্য্যে পারগ হয়। ১

প্রীতিযোগের ফল।

প্রীতিযোগে জন্ম হইলে, সর্ব্বদা অরোগী, সুখবান্, বিনোদী, রক্তবর্ণানুরক্ত, পণ্ডিতশরণ্য ও যাচকে ধন প্রদানকারী হইবে। ২

আয়ুষ্মান্যোগের ফল।

আয়ুষ্মান্যোগে জন্ম হইলে, ধনুষ্মান্, সর্ব্বদা যানেগতিসম্পন্ন, স্বীয়দেশে কার্য্যকারী, পুষ্পোদ্যানে ক্রীড়নশীল, নিশ্চয় দাসবর্গে বাসগৃহঅন্বিত ও গর্ব্বিত হইবে। ৩

সৌভাগ্যযোগের ফল।

সৌভাগ্যযোগে জন্ম হইলে, সৌভাগ্যসম্পন্ন, জনগণেরশ্লাঘ্য, ধনবান্, গুণজ্ঞ, উদারচেতা, বলবান্, বিবেকী, মহাভিমানী ও প্রিয়ভাষী হয়। ৪

শোভনযোগের ফল।

শোভনযোগে জন্ম হইলে, সৌভাগ্যশালী, পটু, বিপক্ষলব্ধধন, সদুত্তরপরায়ণ, চারুদেহসম্পন্ন, সুধীর, সম্মানযুক্ত এবং প্রবীণ মানব হইয়াথাকে। ৫

অতিগণ্ডযোগের ফল।

অতিগণ্ডযোগে জন্ম হইলে, বিবাদপ্রিয়, বেদবিনিন্দক, ধূর্ত্ত, কৃতঘ্ন, গলরোগযুক্ত, সরোমদেহবিশিষ্ট, অতিশয়দীর্ঘাকার ও প্রকাণ্ডগণ্ডদেশ যুক্ত হয়। ৬

সুকর্ম্মাযোগের ফল।

সুকর্ম্মাযোগে জন্ম হইলে, পরোপকারী, কলাকুশল, হর্ষযুক্ত, অতিশয় যশস্বী, সুকর্ম্মকারী ও বিখ্যাত হইবে। ৭

ধৃতিযোগের ফল।

ধৃতিযোগে জন্ম হইলে, প্রাজ্ঞ, অতিশয় হৃষ্টান্তঃকরণবিশিষ্ট, সভামধ্যে অতিশয় কথনশীল ও বিনয়যুক্ত হয়। ৮

শূলযোগের ফল।

শূলযোগে জন্ম হইলে, ভয়যুক্ত, দরিদ্র, দয়িতাপ্রিয়, স্বীয়বন্ধুবর্গের শূলস্বরূপ, বিদ্যা ও রোগশূন্য এবং কদাপি লোকহিতকর হইবে না। ৯

গণ্ডযোগের ফল।

গণ্ডযোগে জন্ম হইলে, আত্মকার্য্যকর্ত্তা, পরকার্য্যধ্বংসী, অতিশয় উচ্চবাক্যসম্পন্ন, অত্যন্তধূর্ত্ত, কুৎসিৎদেহবিশিষ্ট ও বন্ধুবর্গের অতিশয় তাপদাতা হয়। ১০

বৃদ্ধিযোগের ফল।

বৃদ্ধিযোগে জন্ম হইলে, সৌভাগ্যশালী, ধনপ্রয়োগ ও ধনগ্রহণে নিপুণ, ক্রয় বিক্রয়ে পণ্ডিত হয়। ১১

ধ্রুবযোগের ফল।

ধ্রুবযোগে জন্ম হইলে, সর্ব্বদা সরস্বতী মুখপদ্মে নৃত্যমানা থাকে এবং সে অতিশয় কাব্যকর্ত্তা ও বন্ধুবর্গের ভর্ত্তা, দিক্ দিগন্তে বিখ্যাতকীর্ত্তি ও সুন্দরমূর্ত্তি হইবে। ১২

ব্যাঘাতযোগের ফল।

ব্যাঘাতযোগে জন্ম হইলে, সাধুগণের অতিশয় ব্যাঘাতকর্ত্তা, কঠোর, অনৃত্যভাবী, কৃপাহীন, মন্দচক্ষু-বিশিষ্ট, দীর্ঘ ও কৃশাঙ্গ হয়। ১৩

হর্ষণযোগের ফল।

হর্ষণযোগে জন্ম হইলে, সুন্দরগাত্র, প্রস্ফুটিত পদ্মতুল্য-চক্ষুবিশিষ্ট, শাস্ত্রালাপ ও যত্নে অতিশয় বিনয়ান্বিত এবং কদাপি ক্রোধী হইবে না। ১৪

বজ্রযোগের ফল।

বজ্রযোগে জন্ম হইলে, গুণী, গুণবেত্তা, বলবান্, মহাতেজস্বী, উত্তমরত্ন বস্ত্রাদির পরীক্ষক, এবং শত্রু ও স্ত্রীগণের বজ্রতুল্য হইয়াথাকে। ১৫

অসৃকযোগের ফল।

অসৃকযোগে জন্ম হইলে, ধনী, কুরূপসম্পন্ন, কুমতিযুক্ত, দুরাত্মা, বিদেশগামী, রুধির-প্রকোপী, অতিশয়-লোভী ও বলীয়ান্ হইবে। ১৬

ব্যতীপাতযোগের ফল।

ব্যতীপাতযোগে জন্ম হইলে, কঠোর--বাক্যভাষী, পিশুনস্বভাব, রোগপীড়িত, মাতার হিতকারী ও অন্যের-কার্য্যে পক্ষপাতী হয়। ১৭

বরীয়ান্যোগের ফল।

বরীয়ান্যোগে জন্ম হইলে, দাতা, দয়ালু, অতিশয় সুবেশকারী, সৎকর্ম্মকর্ত্ত', উত্তমস্বভাবসম্পন্ন, বলীয়ান্ ধনবান্ ও জনযুক্ত হইবে। ১৮

পরিঘযোগের ফল।

পরিঘযোগে জন্ম হইলে, স্বীয়বংশের উচ্ছেদনার্থ কুঠার সদৃশ, অসত্যসাক্ষীদাতা, ক্ষমাহীন, অল্পান্নভোক্তা এবং বিজিত-শত্রুপক্ষ হয়। ১৯

শিবযোগের ফল।

শিবযোগে, জন্ম হইলে, মহেশভক্ত, বেদার্থের পারদর্শী, জিতেন্দ্রিয়, সুন্দরশরীরসম্পন্ন ও মহাত্মা হইয়াথাকে। ২০

সাধ্যযোগের ফল।

সাধ্যযোগে জন্ম হইলে, অসাধ্যসাধনকর্ত্ত', শূর, অতিশয় ধীর-প্রকৃতি, বিজিতারিপক্ষ, বুদ্ধি ও উপায় দ্বারা পরিসাধিতকার্য্যবান্, অন্যের কৃতার্থকর ও বিনীত হয়। ২১

সিদ্ধযোগের ফল।

সিদ্ধযোগে জন্ম হইলে, জিতেন্দ্রিয়, সর্ব্বকলানিধান, গৌরবর্ণ, অতিশয় শূর, মধুরভাষী, বিনীত, সত্ত্যোপপন্ন ও ভূরিভোগকারী হইবে। ২২

শুভযোগের ফল।

শুভযোগে জন্ম হইলে, মানবগণের শুভকর, পণ্ডিত-সমাজের শুভোদয় ও ইষ্টকর, নিত্য শুভকর্ম্মকারী, ধী-সম্পন্ন ও শোভাধিক শোভন-বেশধর হয়। ২৩

শুক্রযোগের ফল।

শুক্রযোগে জন্ম হইলে, সর্ব্বদা হাস্যপরায়ণ, বিবাদে-বিজয়ী, সদ্গন্ধমাল্যাম্বর ও রত্নযুক্ত, জিতেন্দ্রিয় ও মহাতেজস্বী হইবে।

ব্রহ্মযোগের ফল।

ব্রহ্মযোগে জন্ম হইলে, নানাবিধ শাস্ত্রাভ্যাস দ্বারা কালাতিবাহী, স্বীয় বর্ণাচার-সংযুক্ত, মনোহর কীর্ত্তিকর, জিতেন্দ্রিয়, দান্ত তপক্লেশ সহ ও সুন্দরকর্ম্মকারী হয়। ২৫

ইন্দ্রযোগের ফল।

ইন্দ্রযোগে জন্ম হইলে, প্রতাপশীল, বলবান্, গুণজ্ঞ, শ্লেষ্মাধিক প্রকৃতি, সুন্দরশ্রীসম্পন্ন, প্রসন্নমূর্ত্তি ও ইন্দ্রতুল্য হইবে। ২৬

বৈধৃতিযোগের ফল।

বৈধৃতিযোগে জন্ম হইলে, মিত্রতাশূন্য, কুটিল, খল, মুর্খ, দরিদ্র, পরবঞ্চক, কুকার্য্যকর্ত্তা ও পরদার ভর্ত্তা হইয়াথাকে। ২৭

অথ গণফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

জাতো দেবগণে নরঃ পৃথুযশা ধর্ম্মক্রিয়াসংযুতো মানুষ্যে মৃদুকর্ম্মসঙ্গতমনাঃ শীলান্বিতো ধার্ম্মিকঃ। রৌদ্রো রৌদ্রগণে মনঃ প্রতিদিনং পাপেষু রক্তস্তথা জাতো রাক্ষসকে গণে চ মনুজো হিংস্রঃ কৃতঘ্নোঽলসঃ॥

দেবগণে জন্ম হইলে বিপুল যশোভাজন ও ধর্ম্মক্রিয়াযুত হইয়াথাকে, নরগণে জন্ম হইলে, মৃদুকর্ম্মসঙ্গতঅন্তঃকরণ বিশিষ্ট, শীলবান্ ও ধার্ম্মিক হয়, রৌদ্রগণে জন্ম হইলে, উগ্রচিত্ত, নিয়ত পাপরত এবং রাক্ষসগণে জন্ম হইলে, হিংস্রস্বভাব, কৃতঘ্ন ও অলসপ্রকৃতি হইবে।

অথ করণফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

ববকরণস্য।

ববাভিধানে জননং হি যস্য শূরোঽতিধীরো মনুজঃ কৃতী স্যাৎ। পদ্মালয়া তন্নিলয়ে নিবাসং করোতি নিত্যং সুবিচক্ষণঃ স্যাৎ ॥১॥

অথ বালবকরণস্য।

কার্য্যস্য কর্ত্তা স্বজনস্য ভর্ত্তা সেনাপ্রণেতা কুলশীলযুক্তঃ। উদারবুদ্ধির্ব্বলবান্ মনুষ্যশ্চেদ্বালবাখ্যে জননং হি যস্য ॥২॥

অথ কৌলবকরণস্য।

বাগ্মী বিনীতো নিতরাং স্বতন্ত্রঃ প্রাগল্ভ্যযুক্তো মনুজো মহৌজাঃ। সুসম্মতঃ স্যাদ্বিদুষাং কৃতঘ্নশ্চেৎ কৌলবাখ্যং করণং প্রসূতৌ ॥৩॥

অথ তৈতিলকরণস্য।

কলাসু দক্ষো ললনাভিলাষী সুমূর্ত্তিসন্তর্জ্জিত কামদেবঃ। বক্তা গুণজ্ঞঃ কুশলঃ সুশীলশ্চেত্তৈতিলাখ্যং করণং প্রসূতৌ ॥৪॥

অথ গরকরণস্য।

বিচারদক্ষো বিজিতারিপক্ষঃ শূরোঽতিধীরো মৃদুহাস্যযুক্তঃ। দাতা দয়ালুর্গুণবান্নরঃ স্যাদ্গরে পরেষামুপকারকর্ত্তা ॥৫॥

অথ বণিজকরণস্য।

প্রাজ্ঞঃ কৃতজ্ঞো গুণবান্ গুণজ্ঞো বণিগ্‌জনপ্রাপ্তমনোরথঃ স্যাৎ। যস্য প্রসূতৌ বণিজাভিধানং ভাণ্ডপ্রধানং দ্রবিণং হি তস্য ॥৬॥

অথ বিষ্টিকরণস্য।

বিষ্টৌ প্রসূতো মনুজো দরিদ্রঃ সৌভাগ্যহীনোঽতিকুচেষ্টচিত্তঃ। কুরূপদারোঽপ্যতিলুব্ধকশ্চ দীনশ্চ হীনঃ স চ মন্দবুদ্ধিঃ ॥৭॥

অথ শকুনিকরণস্য।

পরজনধনহর্ত্তা বঞ্চকঃ ক্রূরচেষ্টঃ করধৃতকরবালো ব্যাহতস্বামিপক্ষঃ। অতিশয়পরদারাসক্ত চিত্তঃ সরোষো ভবতি শকুনিজন্মা মানবঃ শীঘ্রকর্ম্মা ॥৮॥

অথ চতুষ্পদকরণস্য।

চতুষ্পদভবো মর্ত্ত্যঃ সদাচারবিবর্জ্জিতঃ।
স্বল্পবিত্তঃ ক্ষীণদেহশ্চতুষ্পদধনান্বিতঃ ॥ ৯॥

অথ নাগকরণস্য।

নাগোদ্ভবো নাগধনাভিলাষী বক্রোক্তিজালৈঃ নিতরাং কুশীলঃ। ক্রোধাগ্নিসন্তাপিতবন্ধুবর্গো ভর্গোপমঃ স্যাৎ কিল রঙ্গভূমৌ ॥১০॥

অথ কিস্তুঘ্নকরণস্য ।

মিত্রামিত্রে নৈব কিঞ্চিৎ বিশেষো ধর্ম্মাধর্ম্মে তুল্যতা মানবস্য । স্তোত্রে বাদে সর্ব্বদা প্রীতিযুক্তঃ কিস্তুঘ্নাখ্যে যস্য নূনং জনিঃ স্যাৎ ॥১১॥

ইতি কিস্তুঘ্নকরণস্য ।

অথ করণফল কোষ্ঠীপ্রদীপে ।

ববকরণের ফল।

ববকরণে জন্ম হইলে, শূর, অতিশয় ধীর-প্রকৃতি, কৃতকর্ম্মা ও পণ্ডিত হয় এবং কমলা সর্ব্বদা তাঁহার আলয়ে বাস করিয়াথাকেন।

বালবকরণের ফল।

বালবকরণে জন্ম হইলে, সমস্ত-কার্য্যকর্ত্তা, আত্মীয়-ভরণশীল, সেনাধ্যক্ষ, কুল ও শীল যুক্ত, উদার-বুদ্ধিসম্পন্ন ও বলবান্ হইবে।

কৌলবকরনের ফল।

কৌলবকরণে জন্ম হইলে, বাক্‌পটু, বিনীত, স্বাধীন, প্রগল্‌ভান্বিত, মহাতেজস্বী, পণ্ডিতগণের প্রিয় ও কৃতঘ্ন * হইয়াথাকে।.

তৈত্তিলকরণের ফল।

তৈত্তিলকরণে জন্ম হইলে, কলাপটু, ললনাভিলাষ-সম্পন্ন, কন্দর্পনির্জ্জিত রূপবান্, বক্তা, গুণজ্ঞ, সর্ব্বকর্ম্ম-কুশল ও সুশীল হয়।

গরকরণের ফল।

গরকরণে জন্ম হইলে, বিচারদক্ষ, বিজিতারিপক্ষ, শূর, অতিশয়ধীর, মৃদুহাস্যযুক্ত, দাতা, দয়াবান্, গুণবান্ ও পরোপকারী হইবে।

বণিজকরণের ফল।

বণিজকরণে জন্ম হইলে, বুদ্ধিমান্, কৃতজ্ঞ, গুণবান্, গুণবেত্তা, বণিক্‌জন হইতে প্রাপ্ত মনোরথসম্পন্ন এবং রত্নপ্রধান ধনযুক্ত হয়।

বিষ্টিকরণের ফল।

বিষ্টিকরণে জন্ম হইলে, দরিদ্র, সৌভাগ্যবিহীন, মন্দচেষ্টান্বিতচিত্ত, কুৎসিতদারসম্পন্ন, লোভী, দীন, হীন ও মন্দবুদ্ধি হইয়াথাকে।

শকুনিকরণের ফল।

শকুনিকরণে জন্ম হইলে, শত্রুরধনাপহারী, বঞ্চক, ক্রূরচেষ্টাবিশিষ্ট, করধৃতকরবাল, প্রভুপক্ষ-নাশক অতিশয় পরদারাসক্ত-চিত্ত, রোষপরায়ণ ও শীঘ্রকর্ম্মকারী হইবে।

চতুষ্পদকরণের ফল।

চতুষ্পদকরণে জন্ম হইলে, সদাচারবিহীন, স্বল্পবিত্ত-সম্পন্ন, ক্ষীণকায়বিশিষ্ট ও সর্ব্বদা চতুষ্পদধনযুক্ত হয়।

নাগকরণের ফল।

নাগকরণে জন্ম হইলে, নাগধনাভিলাষী, বক্রোক্তি-সম্পন্ন, কুস্বভাব, ক্রোধাগ্নিদ্বারা বন্ধুবর্গের তাপদাতা ও নৃত্যভূমিতে শিবসদৃশ নৃত্যকারী হইবে।

কিস্তুঘ্নকরণের ফল।

কিস্তুঘ্নকরণে জন্ম হইলে, শত্রু মিত্রে সমদর্শী, ধর্ম্মা-ধর্ম্ম সমতুল্য এবং সর্ব্বদা স্তোত্র-বাদে প্রীতিযুক্ত হইবে।

ইতি করণফল সমাপ্ত।

অথ রাশিফলমাহ বৃহজ্জাতকে ।

বৃত্তাং তাম্রদৃগুষ্ণশাকলঘুভুক্ ক্ষিপ্রপ্রসাদোঽটনঃ কামী দুর্ব্বলজানুরস্থিরধনঃ শূরোঽঙ্গনাবল্লভঃ।

---

* ভর্ত্তৃপিণ্ডাপহর্ত্তা চ পিতৃপিণ্ডাপহারকঃ।
যস্মাদ্‌গৃহীত্বা বিদ্যাঞ্চ দক্ষিণাং ন প্রযচ্ছতি ॥
পুত্রান্ স্ত্রিয়শ্চ যো দ্বেষ্টি যশ্চ তান্ ঘাতয়েন্নরঃ।
কৃতজ্ঞ দেযাং বদতি স কামান্ ন করোতি যঃ ॥
ন স্মরেচ্চ কৃতং যস্তু আশ্রমান্ যস্তু দূষয়েৎ।
সর্ব্বাংস্তান্‌ঋষিভিঃ সার্দ্ধং কৃতঘ্নানব্রবীন্মনুঃ ॥

সেবাজ্ঞঃ কুনখী ব্রণাঙ্কিতশিরা মানী সহোত্থাগ্রজঃ শক্ত্যা পাণিতলেঽঙ্কিতোঽতিচপলস্তোয়ে চ ভীরুঃ ক্রিয়ে ॥ ইতি মেষস্য।

কান্তঃ খেলগতিঃ পৃথূরুবদনঃ পৃষ্ঠাস্যপার্শ্বেঽঙ্কিতস্ত্যাগী ক্লেশসহঃ প্রভুঃ ককুদবান্ কন্যাপ্রজঃ শ্লেষ্মণঃ। পূর্ব্বৈর্ব্বন্ধুধনাত্মজৈর্ব্বিরহিতঃ সৌভাগ্যযুক্তঃ ক্ষমী দীপ্তাগ্নিঃ প্রমদাপ্রিয়ঃ স্থিরসুহৃন্মধ্যান্ত্যসৌখ্যো গবি ॥ ইতি বৃষস্য।

স্ত্রীলোলঃ সুরতোপচারকুশলস্তাম্রেক্ষণঃ শাস্ত্রবিদ্দূতঃ কুঞ্চিতমূর্দ্ধজঃ পটুমতির্হাস্যেঙ্গিতদ্যূতবিৎ। চার্ব্বঙ্গঃ প্রিয়বাক্ প্রভক্ষণরুচির্গীতপ্রিয়ো নৃত্যবিৎ ক্লীবৈর্যাতি রতিং সমুন্নতনসশ্চন্দ্রে তৃতীয়র্ক্ষগে ॥ ইতি মিথুনস্য।

আবক্রদ্রুতগঃ সমুন্নতকটিঃ স্ত্রীনির্জ্জিতঃ সৎসুহৃদ্দৈবজ্ঞঃ প্রচুরালয়ঃ ক্ষয়ধনৈঃ সংযুজ্যতে চন্দ্রবৎ। হ্রস্বঃ পীনগলঃ সমেতি চ বশং সাম্না সুহৃদ্বৎসলস্তোয়োদ্যানরতঃ স্ববেশ্মসহিতো জাতঃ শশাঙ্কে নরঃ ॥ ইতি কর্কটস্য।

তীক্ষ্ণঃ স্থূল হনুর্ব্বিশালবদনঃ পিঙ্গেক্ষণোঽল্পাত্মজঃ স্ত্রীদ্বেষী প্রিয়মাংসকাননগঃ কুপ্যত্যকার্য্যে চিরং। ক্ষুত্তৃষ্ণোদরদন্তমানসরুজাসংপীড়িতস্ত্যাগবান্ বিক্রান্তঃ স্থিরধীঃ সুগর্ব্বিতমনা মাতুর্ব্বিধেয়োঽর্কভে ॥ ইতি সিংহস্য।

ব্রীড়ামন্থরচারুবীক্ষণগতিঃ স্রস্তাংসবাহুঃ সুখী শ্লক্ষ্ণঃ সত্যরতঃ কলাসুনিপুণঃ শাস্ত্রার্থবিদ্ধার্ম্মিকঃ। মেধাবী সুরতপ্রিয়ঃ পরগৃহৈর্ব্বিত্তৈশ্চ সংযুজ্যতে কন্যায়াং পরদেশগঃ প্রিয়বচাঃ কন্যাপ্রজোঽল্পাত্মজঃ॥ ইতি কন্যায়াঃ।

দেবব্রাহ্মণসাধুপূজনরতঃ প্রাজ্ঞঃ শুচিঃ স্ত্রীজিতঃ প্রাংশুশ্চোন্নতনাসিকঃ কৃশচলদ্গাত্রোঽটনোঽর্থান্বিতঃ। হীনাঙ্গঃ ক্রয়বিক্রয়েষু কুশলো দেবদ্বিনামা সরুক্ বন্ধূনামুপকারকৃদ্বিরুষিতস্ত্যক্তস্তু তৈঃ সপ্তমে ॥ ইতি তুলায়াঃ।

পৃথুলনয়নবক্ষা বৃত্তজঙ্ঘোরুজানুর্জনকগুরুবিযুক্তঃ শৈশবেব্যাধিতশ্চ। নরপতিকুলপূজ্যঃ পিঙ্গলঃ ক্রূরচেষ্টো ঝষকুলিশখগাঙ্কচ্ছন্নপাপোঽলিজাতঃ ॥ ইতি বৃশ্চিকস্য।

ব্যাদীর্ঘাস্যশিরোধরঃ পিতৃধনস্ত্যাগী কবির্বীর্য্যবান্ বক্তা স্থূলরদশ্রবাধরনসঃ কর্ম্মোদ্যতঃ শিল্পবিৎ। কুব্জাংসঃ কুনখী সমাংসলভুজঃ প্রাগল্ভবান্ ধর্ম্মবিদ্বন্ধুদ্বিট্ ন বলাৎ সমেতি চ বশং সাম্নৈকসাধ্যোঽশ্বজঃ ॥ ইতি ধনুষঃ।

নিত্যং লালয়তি স্বদারতনয়ান্ ধর্ম্মধ্বজোঽধঃ কৃশঃ স্বক্ষঃ ক্ষামকটির্গৃহীতবচনঃ সৌভাগ্যযুক্তোঽলসঃ। শীতালুর্মনুজোঽটনশ্চ মকরে সত্ত্বাধিকঃ কাব্যকৃল্লুব্ধোঽগম্যজরাঙ্গনাসু নিরতঃ সন্ত্যক্তলজ্জো ঽঘৃণঃ ॥ ইতি মকরস্য।

করভগলঃ শিরালুঃ খরলোমশদীর্ঘতনুঃ পৃথুচরণোরুপৃষ্ঠজঘনাস্যকটির্জঠরঃ। পরবনিতার্থপাপনিরতঃ ক্ষয়বৃদ্ধিযুতঃ প্রিয় কুসুমানুলেপনসুহৃৎ ঘটজোঽধ্বসহঃ ॥ ইতি কুম্ভস্য।

জলপরধনভোক্তা দারবাসোঽনুরক্তঃ সমরুচিরশরীরস্তুঙ্গনাসো বৃহৎকঃ। অভিভবতি সপত্নান্ স্ত্রীজিতশ্চারুদৃষ্টির্দ্যুতিনিধিধনভোগী পণ্ডিতশ্চান্ত্যরাশৌ ॥ ইতি মীনস্য।

বলবতি রাশৌ তদধিপতৌ চ স্ববলযুতঃ স্যাদ্যদি তুহিনাংশুঃ। কথিতফলানামবিকলদাতা শশিবদতোঽন্যেত্যনুপরিচিন্ত্যাঃ ॥

অথ রাশিফল বৃহজ্জাতকে।

মেষরাশির ফল।

মেষরাশিতে জন্ম হইলে, তাম্রবর্ণ-গোলাকার-দৃষ্টি-সম্পন্ন, উষ্ণশাক ও লঘুদ্রব্যভোজী, শীঘ্রপ্রসন্নতাগুণ-বিশিষ্ট, ভ্রমণশীল, কামী, জানুদেশ ক্ষীণ, চঞ্চলধন-সংযুক্ত, শূর, কামিনীবল্লভ, সেবাকার্য্যবেত্তা, কুনখযুক্ত, ব্রণাঙ্কিত-মস্তক, মানী, সহজের প্রধান, হস্ততলে বিশেষ চিহ্নাঙ্কিত, চপল ও জলভীরু হইয়াথাকে।

বৃষরাশির ফল।

বৃষরাশিতে জন্ম হইলে, কমনীয়মূর্ত্তি, বক্রগতিসম্পন্ন, উরু ও বদন স্থূল, পৃষ্ঠমুখও পার্শ্বদেশে চিহ্নবিশিষ্ট, দাতা, ক্লেশসহনশীল, প্রভু, ককুৎ অর্থাৎ গ্রীবার অধোভাগ উচ্চ, কন্যাসন্ততিবিশিষ্ট, শ্লেষ্মপ্রকৃতি, প্রথমাবস্থায় ধন, বন্ধু ও সন্ততিবিহীন, সৌভাগ্যযুক্ত, ক্ষমাবান্, দীপ্তাগ্নিসম্পন্ন, প্রমদাপ্রিয়, স্থিরমিত্রযুক্ত ও মধ্য এবং অন্ত্য বয়সে সুখী হয়।

মিথুনরাশির ফল।

মিথুনরাশিতে জন্ম হইলে, স্ত্রীচঞ্চলমনা সুরতোপ-চারকুশল, তাম্রবর্ণ দৃষ্টিসম্পন্ন, শাস্ত্রার্থবেত্তা, দূতকর্ম্মকারী কুঞ্চিতকেশবিশিষ্ট, পটুবুদ্ধি, হাস্য-ইঙ্গিত ও দ্যূতবেত্তা, মনোহর শরীরসম্পন্ন, প্রিয়ভাষী, অতিশয় ভক্ষণরুচি, গীতপ্রিয়, নৃত্যবেত্তা, ক্লীবসহ রতিকর ও উন্নত নাসাযুক্ত হইবে।

কর্কটরাশির ফল।

কর্কটরাশিতে জন্ম হইলে, ঈষৎবক্র ও দ্রুতগামী, উন্নতকটিদেশসম্পন্ন, স্ত্রীনির্জ্জিত, সাধুসুহৃৎ, জ্যোতির্ব্বিৎ, প্রচুর গৃহসমেত, চন্দ্রেরন্যায় ক্ষয়বৃদ্ধিযুক্তধনসম্পন্ন, খর্ব্বকায়, পীনগলদেশ, প্রীতিদ্বারা বশীভূত, সুহৃদ্বৎসল, তোয় ও উদ্যানরত হয়।

সিংহরাশির ফল।

সিংহরাশিতে জন্ম হইলে, উগ্রভাবাপন্ন, হনুদেশ-স্থূল, বিস্তৃতমুখবিশিষ্ট, পিঙ্গললোচনযুক্ত, অল্পসন্ততি-বিশিষ্ট; স্ত্রীদ্বেষক, মাংস-কানন ও পর্ব্বতপ্রিয়, অকার্য্যে অতিশয় ক্রোধী, ক্ষুধা-তৃষ্ণা-উদর-দন্ত ও মানসরোগে পীড়িত, দাতা, বিক্রমশীল, স্থিরবুদ্ধিসম্পন্ন, গর্ব্বিতান্তঃকরণ ও মাতার বশীভূত হইবে।

কন্যারাশির ফল।

কন্যারাশিতে জন্ম হইলে, লজ্জামন্থরতায় চারুদৃশ্য গতিসম্পন্ন, স্কন্ধ ও বাহু বিস্তীর্ণ, সুখী, মধুরভাষী, সত্যরত, কলানিপুণ, শাস্ত্রার্থবেত্তা, ধার্ম্মিক, মেধাবী, শৃঙ্গারপ্রিয়, শত্রুর ধন ও গৃহযুক্ত, পরদেশগামী, প্রিয়বাক্যসম্পন্ন, অল্পপুত্র ও কন্যাযুক্ত হয়।

তুলারাশির ফল।

তুলারাশিতে জন্ম হইলে, দেবতা, ব্রাহ্মণ ও সাধুজ-জনের অর্চনারত, বুদ্ধিমান্, পবিত্র, স্ত্রীবিজিত, উন্নত-দেহ ও উন্নতনাসিকাযুক্ত, কৃশ, চঞ্চলগাত্রবিশিষ্ট, অটন-শীল, অর্থযুক্ত, হীনাঙ্গ, ক্রয়বিক্রয়কার্য্যকুশল, দেবতাশ্রয়ে দ্বিনামযুক্ত, রোগী; বন্ধুবর্গের উপকারী, ক্রোধী, বন্ধুদ্বারা নিন্দিত এবং বন্ধু কর্ত্তৃক পরিত্যক্ত হইবে।

বৃশ্চিকরাশির ফল।

বৃশ্চিকরাশিতে জন্ম হইলে, বক্ষ ও লোচন স্থূল, জঙ্ঘা-উরুদেশ ও জানু গোলাকার, পিতা ও গুরুবিযুক্ত, বাল্যাবস্থায় ব্যাধিযুক্ত, রাজকুলপূজ্য, পিঙ্গলবর্ণ, ক্রূর-চেষ্টান্বিত, মৎস্য, কুলিশ ও পক্ষী চিহ্নবিশিষ্ট, গুপ্ত-পাপী হইয়াথাকে।

ধনুরাশির ফল।

ধনুরাশিতে জন্ম হইলে, স্কন্ধ ও মুখ খর্ব্ব, পিতৃধন-ত্যাগী, কবি, বীর্য্যবান্, বক্তা, দন্ত, কর্ণ, অধর ও নাসি-কাস্থূল, কর্ম্মে উদ্যত, শিল্পবেত্তা, কুব্জস্কন্ধ, কুনখযুক্ত, স্থূলহস্ত, প্রগল্ভতাবিশিষ্ট, ধর্ম্মবেত্তা, বন্ধুদ্বেষী, বলে-অবশীভূত এবং প্রীতিসাধ্য হয়।

মকররাশির ফল।

মকররাশিতে জন্ম হইলে, স্বীয় স্ত্রী পুত্রের লালনকর্ত্তা, মিথ্যাধর্ম্মধারী, অধদেশ কৃশ, সুন্দরচক্ষুবিশিষ্ট, ক্ষীণকটিদেশ, গৃহীতবচন, সৌভাগ্যযুক্ত, অলসস্বভাব, শীতপীড়িত, অটনশীল, অধিক বীর্য্যবান্, কাব্যকর্ত্তা,লোভী অগম্য ও জরাকামিনীরত, ঘৃণা ও লজ্জা রহিত হইবে।

কুম্ভরাশির ফল।

কুম্ভরাশিতে জন্ম হইলে, করভেরতুল্য গলদেশ, শিরাযুক্তদেহ, কর্কশরোমযুক্তদীর্ঘদেহ, চরণ, উরু, পৃষ্ঠ, জঘন, মুখ, কটি ও জঠর স্থূল, পরস্ত্রীহেতু পাপনিরত, ক্ষয়-বৃদ্ধিযুক্ত, কুসুম ও অনুলেপন প্রিয়, মিত্রসম্পন্ন ও পথশ্রমসহিষ্ণু হয়।

মীনরাশির ফল।

মীনরাশিতে জন্ম হইলে, জলধন (মুক্তাদি) ও পরধনভোক্তা, স্ত্রী ও বস্ত্র অনুরক্ত, সমানরুচি, অল্পশরীরসম্পন্ন, বৃহৎ ও স্থূল নাসিকাবিশিষ্ট, শত্রুপরাভবকর্ত্তা, স্ত্রীজিত, সুন্দরদৃষ্টিবিশিষ্ট, দীপ্তিমান্, রত্ন ও ধনভোগী এবং পণ্ডিত হইবে।

অন্যচ্চ রাশিফলমাহ জ্যোতিস্তত্ত্বে।

মেষঃ সৌখ্যমুপৈতি গর্ব্বমপি গৌর্নানামতির্ম্মন্মথে ক্রূরঃ কর্কটকে ধৃতির্বনচরে কন্যা চ মায়াবিনী। সত্যং রৌতি তুলাপ্যলের্ম্মলিনতা চাপস্ত পাপাশয়ো মৌর্খ্যং মকরে ঘটে চতুরতা মীনে চ ধীরামতিঃ॥

কোষ্ঠীপ্রদীপে।

ভবতি বিমলকেশশ্চঞ্চলস্ত্যাগশীলো রুচির শুচিবিলাসী বাবদূকো দুরান্তঃ। ন ভবতি গৃহসেবী ক্রূরনেত্রোঽল্পমেধা ধনপতিরিহ দাতা মেষরাশির্ম্মনুষ্যঃ॥ ইতি মেষস্য।

পৃথুজঘনকপোলঃ স্থূলনেত্রোঽল্পভাষী শুচিরতিশয়দক্ষো রম্যদেহঃ সুখী চ। দ্বিজগুরুসুরভক্তঃ শ্লেষ্মবাতস্বভাবঃ সিতকুটিলকচাগ্রো রোমযুক্তো বৃষাখ্যঃ॥ ইতি বৃষস্য।

মৃদুগতি স্থিতগাত্রঃ পাঠবিস্পষ্টবাক্যঃ পরজনহিতকারী পণ্ডিতঃ ক্রূরচিত্তঃ। প্রকৃতিমলিনবেশঃ শ্লেষ্মবাতপ্রপন্নো ভবতি মিথুনরাশির্গীতবাদ্যানুরক্তঃ॥ ইতি মিথুনস্য।

পরকনকশরীরো দেবনম্রঃ প্রকাশ্যঃ স্বয়মুপচিতবিত্তো দেবতাগ্নিপ্রভক্তঃ। কুলপতিরিবধন্যো মণ্ডলাকারমূর্ত্তির্বর্ত্তি বিপুলবক্ষঃ কর্কটো যস্য রাশিঃ॥ ইতি কর্কটস্য।

উদরভরণতুষ্টঃ ক্রোধনো মাংসলুব্ধো গহনগিরিগুহানাং সেবনো বন্ধুহীনঃ। কপিলনয়নযুক্তস্তুঙ্গবক্ষঃ ক্ষুধার্ত্তো ভবতি যুবতিসেবী পণ্ডিতঃ সিংহরাশিঃ॥ ইতি সিংহস্য।

বিমলমতি সুশীলো লেখ্যবৃত্তিঃ কবির্ব্বা কৃশতনুধনযুক্তঃ কান্তধীরঃ সুখী চ। ভবতি নয়নরোগী ধর্ম্মকর্ম্মানুরক্তো গুরুজনহিতকারী কন্যকা যস্য রাশিঃ॥ ইতি কন্যায়াঃ।

ভবতি শিথিলগাত্রো নাতিদীর্ঘপ্রমাণো জনয়তি পরিতোষং বান্ধবানাং প্রদানৈঃ। অতিশয়বহুভাষী জ্যোতিষাং জ্ঞানযুক্তো ভবতি হি তুলরাশির্ভৃত্যবর্গানুরক্তঃ॥ ইতি তুলায়াঃ।

বহুজনধনভাগী স্ত্রীষু সৌভাগ্যযুক্তঃ পিশুনমতি মনুষ্যো রাজসেবানুরক্তঃ। অভিলসতি পরার্থং নিত্যমুদ্যোগযুক্তো দৃঢ়মতিরতিশূরো বৃশ্চিকো যস্য রাশিঃ॥ ইতি বৃশ্চিকস্য।

ধনুরিব গুণযুক্তঃ কীর্ত্তিমান্ পূজনীয়ঃ কুলপতি রসবিজ্ঞো বন্ধুবর্গৈকপাত্রঃ। বহুধনজনযুক্তো দেব-

বিপ্রোপসেবী মৃদুগতিরসহিষ্ণুঃ কার্ম্মুকো যস্য রাশিঃ ॥ ইতি ধনুষঃ।

অভিলষিতপরস্ত্রীং লব্ধসম্পত্তিভোগো নরপতিরিব চণ্ডো মন্ত্রবাদে প্রশক্তঃ। কৃশতনুরতিবুদ্ধির্বন্ধুবর্গস্য ভোক্তা ভবতি মকররাশির্মানবো বীরভাবঃ ॥ ইতি মকরস্য।

তুরগ ইব সুদৃষ্টঃ সুন্দরঃ স্বচ্ছচিত্তঃ স্থিরধনমভিলাসী মানিনা বক্রচিত্তঃ। বহুধনপরিবারো জ্ঞাতিবন্ধুপ্রমোদী পরিজনহিতকারী যস্য রাশির্ঘটাখ্যঃ ॥ ইতি কুম্ভস্য।

জনধনসুখভোক্তা মৈথুনাদিপ্রশক্তঃ সমরুচিরশরীরো বস্তুলাভোঽল্পমধ্যঃ। অভিভবতি সপত্নান্ স্ত্রীজিতোব্যক্তকান্তিরতিশয়ধনলোভী পণ্ডিতো মীনরাশিঃ ॥ মীনস্য।

অন্য প্রকার রাশিফল জ্যোতিস্তত্ত্বে।

মেষরাশি বহুমিত্র সম্পন্ন, বৃষ, গর্ব্বযুক্ত, মিথুন, নানা মতিবিশিষ্ট, কর্কট ক্রূরপ্রকৃতি, সিংহ, ধারণশীল, কন্যা, মায়াবী, তুলা, সত্যশব্দকারী, বৃশ্চিক, মালিন্যযুক্ত, ধনুঃ, পাপাশয়, মকর, মুখর, কুম্ভ, চতুর ও মীন ধীরবুদ্ধি হয়।

কোষ্ঠীপ্রদীপে।

মেষরাশির ফল।

মেষরাশিতে জন্ম হইলে, বিমলকেশসম্পন্ন, চঞ্চল, ত্যাগশীল, দীপ্তিবিশিষ্ট, শুচি, বিলাসপ্রিয় অতিশয়বক্তা, দুর্দ্দান্ত, গৃহবাসহীন, ক্রূর, অল্পলোচন ও অল্পমেধা, ধনপতি ও দাতা হইবে।

বৃষরাশির ফল।

বৃষরাশিতে জন্ম হইলে, উত্তম স্থূল-জঘন ও কপোলযুক্ত, স্থূলচক্ষুসম্পন্ন, অল্পকথনশীল, পবিত্র, অতিশয়দক্ষ, মনোহর দেহবিশিষ্ট, সুখী, দেব-দ্বিজ-গুরু-ভক্ত, শ্লেষ্মবাত-প্রকৃতি, কেশের অগ্রভাগ শুভ্র কুটিল ও রোমযুক্ত হয়।

মিথুনরাশির ফল।

মিথুনরাশিতে জন্ম হইলে, মৃদুগতি ও স্থিরগাত্রসম্পন্ন, (এস্থলে 'উপচিতগাত্রঃ' পাঠও দৃষ্ট হইয়াথাকে) অধ্যয়নে অস্পষ্টবাক্যযুক্ত, পরজনের হিতকারী, মুক্তহাস্যযুক্ত (এস্থলে 'ক্রূরচিত্তঃ' পাঠও দৃষ্ট হয়) মলিনপ্রকৃতি ও মলিনবেশধারী, বাতশ্লেষ্মযুক্ত এবং গীতবাদ্যে অনুরক্ত হইয়াথাকে।

কর্কটরাশির ফল।

কর্কটরাশিতে জন্ম হইলে, প্রবলকফযুক্তদেহ (এস্থলে 'পরকনকশরীরঃ' পাঠও দৃষ্ট হইয়াথাকে) দেবগণে নম্র, দীপ্তিমান্, স্বয়ং বর্দ্ধিত-ধনসম্পন্ন, দেবদ্বিজভক্ত, কুলপতির ন্যায় বিখ্যাত, মণ্ডলাকারমূর্ত্তিবিশিষ্ট ও বিপুলবক্ষঃস্থলযুক্ত হয়।

সিংহরাশির ফল।

সিংহরাশিতে জন্ম হইলে, স্বীয় উদরভরণে তুষ্ট, ক্রোধী, মাংসলোভী, অরণ্য ও গিরিগুহার সেবনেরত, বন্ধুহীন, কপিলবর্ণচক্ষুযুক্ত, উচ্চবক্ষঃস্থলবিশিষ্ট, ক্ষুধাতুর, যুবতিসেবী ও পণ্ডিত হইবে।

কন্যারাশির ফল।

কন্যারাশিতে জন্ম হইলে, নির্ম্মলবুদ্ধিযুক্ত, সুশীল, লেখ্যবৃত্তিবিশিষ্ট অথবা পণ্ডিত, কৃশদেহসম্পন্ন, ধনযুক্ত, কমনীয়, বীরস্বভাবসম্পন্ন, (এস্থলে 'ধীরঃ সুখী চ' পাঠদৃষ্ট হয়) চক্ষুরোগী, ধর্ম্মকর্ম্মে অনুরক্ত ও গুরুজনের হিতকারী হয়।

তুলারাশির ফল।

তুলারাশিতে জন্ম হইলে, অতিশয় দীর্ঘতাবিহীন, শিথিলগাত্রবিশিষ্ট, প্রদানদ্বারা বান্ধবগণের পরিতোষকারক, অতিশয়বহুভাষী, জ্যোতিষজ্ঞাতা ও ভৃত্যবর্গের অনুরক্ত হইবে।

**বৃশ্চিকরাশির ফল।**

বৃশ্চিকরাশিতে জন্ম হইলে, অনেক ধনজনভাগ্য-সম্পন্ন, পত্নীভাগ্যযুক্ত, খলবুদ্ধি, রাজসেবানুরত, পরার্থের অভিলাষহেতু নিয়ত উদ্যোগযুক্ত, দৃঢ়বুদ্ধিবিশিষ্ট ও অতিশয়শূর হয়।

**ধনুরাশির ফল।**

ধনুরাশিতে জন্ম হইলে, কার্ম্মুকের ন্যায় গুণযুক্ত, কীর্ত্তিমান্, পূজনীয়, কুলনাথ, রসবেত্তা, বন্ধুবর্গের একমাত্রপাত্র, অনেক ধনজনযুক্ত, দেবদ্বিজসেবাপরায়ণ, মৃদুগতিবিশিষ্ট ও অসহনশীল হইবে।

**মকররাশির ফল।**

মকররাশিতে জন্ম হইলে, পরদারাভিলাষী, লব্ধধনভোগী, রাজতুল্যপ্রতাপী, মন্ত্র ও বাদে অতিশয় পটু, কুদেহবিশিষ্ট, অতিশয় বুদ্ধিমান্, বন্ধুবর্গেরভোক্তা ও বীরস্বভাব হয়।

**কুম্ভরাশির ফল।**

কুম্ভরাশিতে জন্ম হইলে, তুরগের ন্যায় সুন্দর দৃষ্টিবিশিষ্ট, সুন্দর, নির্ম্মলচিত্তসম্পন্ন, স্থিরধনঅভিলাষী, কুটিলান্তঃকরণবিশিষ্ট, অনেকধনসম্পন্ন, বহুপরিবারযুক্ত, জ্ঞাতি ও বন্ধুর আমোদদাতা ও পরিজনের হিতকারী হইবে।

**মীনরাশির ফল।**

মীনরাশিতে জন্ম হইলে, সলিলোৎপন্ন মৌক্তিকাদি সুখভোক্তা, মৈথুনপ্রশক্ত, সমানরুচিবিশিষ্ট, অল্পশরীরসম্পন্ন, অল্পমধ্যবহুলাভকারী, শত্রুগণের পরাভবকর্ত্তা, স্ত্রীজিত, প্রকাশিতকান্তি, অতিশয় ধনলোভী এবং পণ্ডিত হয়।

বৃহজ্জাতক ও কোষ্ঠীপ্রদীপ প্রভৃতি গ্রন্থ হইতে যেসমস্ত রাশিশীল লিখিত হইল, গ্রহদিগের দৃষ্টি ও বলের তারতম্য এবং গ্রহগণের সন্ধিস্থিতি অনুসারে কদাচিৎ এই সমস্ত ফলেরও তারতম্য ঘটিয়াথাকে।

**ইতি রাশিফল সমাপ্ত।**

**রব্যাশ্রিতরাশিফলমাহ সারাবল্যাং।**

সর্ব্বস্য সর্ব্বকালং গ্রহরাশিসমুদ্ভবং ফলং যস্মাৎ।
কথয়াম্যতঃ প্রযত্নাৎ শেষাচ্চার্থং সমাশ্রিত্য ॥
শাস্ত্রার্থকর্ম্মবিহিতো ব্যাধপ্রিয়ঃ প্রচণ্ডশ্চ।
উদযুক্তো ভ্রমণরুচির্দৃঢ়মুষ্টিবদ্ধঃ ক্রিয়াশ্রেষ্ঠঃ ॥
সাহসকর্ম্মাভিরতঃ পিত্তাস্যকৃব্যাধিকান্তিসত্বযুতঃ।
সূর্য্যে ভবতি নরেন্দ্রঃ স্বে তুঙ্গাংশে নরো জাতঃ ॥
দানরতো বহুভৃত্যো ললিতো যুবতিপ্রিয়ো মৃদুশরীর
কুজভবনগতে সূর্য্যে চন্দ্রেণ নিরীক্ষিতে ভবতি ॥
সংগ্রামোৎকটবীর্য্যাঃ ক্রূরাঃ সংরক্তলোচনকচপদাঃ
ভৌমগৃহে কুজদৃষ্টে ভানৌ তেজোবলোপেতাঃ ॥
প্রেষ্যাঃ পরকর্ম্মরতা মন্দধনাঃ সত্বহীনবহুদুঃখাঃ।
ভানৌ চ বুধসংদৃষ্টে কুজভবনে মলিনদেহঃ ॥
ভূরিদ্রবিণো দাতা নৃপমন্ত্রী দণ্ডনায়কো বাপি।
তরণৌ সুরগুরুদৃষ্টে কুজভবনে জায়তে শ্রেষ্ঠঃ ॥
কুৎসিতবামাভর্ত্তা বহুশত্রুঃ ক্ষীণবান্ধবো দীনঃ।
ভৌমগৃহে সিতদৃষ্টে দিবসকরে জায়তে কুষ্ঠী ॥
দুঃখপরিপ্লুতদেহঃ কার্য্যোৎসাহী ভবেদ্বিমূঢ়মতিঃ।
ভৌমর্ক্ষে দিবসকরে রবিতনয়নিরীক্ষিতে মূর্খঃ ॥

ইতি মেষস্থ রবিফলং।

বদনাক্ষিরোগতপ্তঃ ক্লেশসহিষ্ণুঃ কৃশো ন চাপি
বহুমিত্রঃ। ভোক্তা ব্যবহাররতো রতিমান্ রবাঙ্গনা
দ্বেষী ॥
ভোজনমাল্যাচ্ছাদনগন্ধযুতো গেয়বাদ্যনৃত্যজ্ঞঃ।
দিননাথে বৃষসংস্থে ভবতি পুমান্ সলিলভীরুশ্চ ॥
বেশ্যারতির্মৃদুবচা বহুযুবতি সমাশ্রয়ো ভবতি জাতঃ
দিননাথে সিতভবনে দৃষ্টে শশিনা সলিলজীবী ॥
মূর্খঃ সংগ্রামরুচিস্তেজস্বী সাহসাপ্তধনকীর্ত্তিঃ।
দিননাথে সিতভবনে কুজেন দৃষ্টে ভবেদ্বিকলঃ ॥

লিপিলেখ্যকাব্যপুস্তকগেয়াদিবিধাবতীব নিপুণঃ।
দিননাথে ভৃগুরাশৌ বুধসংদৃষ্টে ভবেৎ সুতনুঃ ॥
বহুশত্রুমিত্রপক্ষো নৃপসচিবশ্চারুলোচনঃ কান্তঃ।
দিননাথে সিতভবনে গুরুণাদৃষ্টে সদোদ্বিগ্নঃ ॥
নৃপতির্নৃপমন্ত্রী বা স্ত্রীধনবহুভোগসংযুতো মতিমান্।
দিননাথে সিতভবনে সিতেনদৃষ্টে ভবেদ্ভীরুঃ ॥
নীচোঽলসো দরিদ্রো বৃদ্ধস্ত্রীসংভৃতো বিষমশীলঃ।
দিননাথে শনিদৃষ্টে সিতভবনে ব্যাধিসন্তপ্তঃ ॥

ইতি বৃষস্থরবিফলং ॥

সারাবলীমতে রবিস্থিত রাশিফল।

ব্যক্তি সকলের রাশি সমুদ্ভব ফল সর্ব্বদা ঘটিয়াথাকে, অতএব আমি সবিশেষ যত্নপূর্ব্বক সেই সমুদায় ফল প্রকাশ করিতেছি।

মেষরাশির ফল।

মেষরাশিতে রবি থাকিলে, শাস্ত্র ও অর্থবিহিত কর্ম্মকারী, যুদ্ধপ্রিয়, ক্রোধী, উদ্যোগী, ভ্রমণেচ্ছু, দৃঢ়-মুষ্টিবদ্ধযুক্ত অর্থাৎ কৃপণ ও শ্রেষ্ঠ ক্রিয়াকর হইবে।

মেষরাশিস্থ রবি স্বীয় তুঙ্গাংশে * থাকিলে, সাহস কর্ম্মরত, রক্তপিত্তব্যাধিযুক্ত কান্তি ও সত্বসম্পন্ন এবং মানবের শ্রেষ্ঠ হয়।

মেষরাশিস্থিতরবি চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইলে, দানরত, বহুভৃত্যযুক্ত, মনোহর, যুবতিপ্রিয় ও মৃদু শরীর হইবে।

মেষরাশিস্থিতরবি মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে, সংগ্রামে উৎকট বীর্য্যসম্পন্ন, ক্রূর, সংরক্তচক্ষু-কেশ ও পদবিশিষ্ট, তেজ ও বলযুক্ত হইয়া থাকে।

মেষরাশিস্থিতরবি বুধ কর্ত্তৃক দৃষ্ট হইলে, ভৃত্যকর্ম্মকর পরকার্য্যরত, মন্দধনসম্পন্ন, সত্বহীন, বহু দুঃখযুক্ত ও মলিন দেহ হয়।

মেষরাশিস্থিতরবি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে, ভূরিদ্রবিণসম্পন্ন, দাতা, রাজমন্ত্রী কিম্বা দণ্ডনায়ক ও শ্রেষ্ঠ হইবে।

মেষরাশিস্থিতরবি শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইলে, কুৎসিৎ-কামিনীর পতি, অনেক শত্রুসংযুক্ত, বন্ধুহীন, দীন ও কুষ্ঠ রোগী হয়।

মেষরাশিস্থিতরবি শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে, দুঃখযুক্ত দেহবিশিষ্ট, কার্য্যে উৎসাহী, জড়বুদ্ধিসম্পন্ন ও মুর্খ হইবে।

বৃষরাশিস্থরবির ফল।

বৃষরাশিতে রবি থাকিলে, মুখ ও চক্ষুরোগে পীড়িত, ক্লেশসহনশীল, কৃশ, অল্প মিত্রযুক্ত, ভোক্তা, ব্যবহাররত, রতিমান্ ও উত্তমস্ত্রীদ্বেষী, ভক্ষ্যদ্রব্য-মাল্য-আচ্ছাদন ও গন্ধযুক্ত, গীত-বাদ্য ও নৃত্যজ্ঞ এবং সলিলভীরু হইবে।

বৃষরাশিস্থিতরবি চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইলে, বেশ্যারমণ-শীল, মৃদুবাক্যসম্পন্ন, বহু যুবতির আশ্রয়স্থল ও সলিল-জীবী হয়।

বৃষরাশিস্থিতরবি মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে, মুর্খ, সংগ্রাম-প্রিয়, তেজস্বী, সাহসলব্ধধনকীর্ত্তিযুক্ত ও বিকল হইবে।

বৃষরাশিস্থিতরবি বুধ কর্ত্তৃক দৃষ্ট হইলে, লিপি-লেখ্য-কাব্য-পুস্তক ও গীতাদিবিধিতে অতিশয় নিপুণ ও সুতনু হয়।

বৃষরাশিস্থিত রবি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে, অনেক শত্রু ও মিত্রপক্ষসম্পন্ন, রাজসচিব, চারুলোচনবিশিষ্ট, কমনীয়কান্তি ও সর্ব্বদা উদ্বিগ্নচিত্ত হইয়া থাকে।

বৃষরাশিস্থিতরবি শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইলে, রাজা কিম্বা রাজমন্ত্রী, স্ত্রীধনভোগসংযুক্ত, মতিমান্ ও ভীরু হয়।

বৃষরাশিস্থিতরবি শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে, নীচ, অলস-যুক্ত, দরিদ্র, বৃদ্ধাস্ত্রী কর্ত্তৃক প্রতিপালিত, বিরুদ্ধস্বভাব-সম্পন্ন ও ব্যাধিসন্তপ্ত হইবে।

মেধাবী বাঙ্মধুরো বাৎসল্যগুণৈর্যুতঃ শ্রুতাচারঃ।
বিজ্ঞানশাস্ত্রকুশলো বহুবিত্তউদারচেষ্টশ্চ ॥
নিপুণো জ্যোতিষবেত্তা মধ্যমরূপো দ্বিমাতৃকঃ

---

* এই পুস্তকের ৬৪ পৃষ্ঠায় তুঙ্গাংশ কথিত আছে।

সুভগঃ। মিথুনস্থে দিনভর্ত্তরি জাতঃ পুরুষো বিনীতঃ স্যাৎ ॥

রিপুবান্ধবকৃতপীড়া বিদেশগমনার্দ্দিতো বহু বিলাসী। বুধভবনে দিনভর্ত্তরি দৃষ্টে চন্দ্রেণ পুরুষঃ স্যাৎ ॥

রিপুভয়কলহসমেতো বলাদপবাদপরিচুম্বিতো দীনঃ।
বুধরাশৌ দিনভর্ত্তরি কুজেক্ষিতে ভবতি সব্রীড়ঃ ॥

ভূপতিচরিতখ্যাতো বান্ধবসহিতো নিরন্তরমরিভিশ্চ সন্ত্যক্তঃ। বুধগেহে দিনভর্ত্তরি বুধদৃষ্টে ভবেজ্জ্যায়ান্ ॥

বহুশাস্ত্রভাবিতসুখো রাজ্ঞাং দূতো বিদেশগঃ সুস্থঃ।
বুধরাশৌ দিনকর্ত্তরি দৃষ্টে গুরুণা সদোৎসাহী ॥
ধনদারপুত্রসহিতো মন্দস্নেহস্তনাময়ী সুভগঃ।
বুধভবনে দিনকর্ত্তরি শুক্রেণ নিরীক্ষিতে ভবেচ্চপলঃ॥
বহুভৃত্যোদ্বিগ্নমনা বহুবান্ধবপোষণে সদা খিন্নঃ।
বুধবেশ্মনি দিননাথে সৌরেণ নিরীক্ষিতে কিতবঃ ॥

ইতি মিথুনস্থরবিফলং ॥

ভার্য্যানিমিত্তবিমুখী শত্রোরর্থান্ন দদাতি বহুশশ্চ।
স্বকুলোদ্ভূতাংস্তত্রূন্ লভতে রোগাংশ্চ নৈকবিধান্ ॥
গাত্রচ্ছেদৈঃ শত্রোর্ব্বশগতো বন্ধনৈঃ প্রহারৈশ্চ।
রোগৈর্ব্বা পাপকৃতৈর্জ্জলনাদ্বা মৃত্যুমুপযাতি ॥

অথ বৃশ্চিকলগ্নের ফল।

বৃশ্চিকলগ্নে জন্ম হইলে, বিস্তৃত মুখ উদর ও কেশযুক্ত ক্রূর, পিত্তপ্রকৃতি, পিঙ্গলনয়নবিশিষ্ট, মৃদুস্বভাব, শীঘ্র-গতিশীল, পরপ্রভু, বর্দ্ধিতকুটুম্ব আত্মীয়যুক্ত, নাশকর, বহুলব্যয়ী, অনেকসন্ততিবিশিষ্ট, সুখহীন, শত্রু ও বৃষসেবী,

ধর্ম্মহীন, ভার্য্যানিমিত্ত লজ্জিত, শত্রুরও বহুতর অর্থপ্রদানবিহীন, স্বীয়কুলোৎপন্ন শত্রুলাভকারী, বহুলরোগযুক্ত হইবে এবং গাত্রছেদন, শত্রুরগৃহগত বন্ধন ও প্রহার, পাপকৃতরোগ বা অনলদ্বারা মৃত্যু হইবে।

### অথ ধনুলগ্নফলং।

স্থূলোষ্ঠদশননাসো নবম লগ্নে কফানিলপ্রকৃতিঃ।
মাংসলগুহ্যোরুভুজঃ কুনখী কর্ম্মোদ্যতঃ শূরঃ॥
শূদ্রান্নীচাচ্চৌর্য্যাদনলান্নৃপাচ্চ নষ্টধনঃ।
বিজ্ঞানাং প্রসবো বহুপূজ্যো ভ্রাতৃঘাতরুচিঃ।
কর্ম্মবিদেশেহ্বিষ্টঃ কুরুতে বিত্তানি চার্হন্তি নৃপেভ্যঃ।
ধর্ম্মে তু মধ্যমমতির্দারৈশ্চ বিরোধমুপযাতি॥
রোগান্ বদনে লভতে চতুষ্পদাচ্চাত্মনঃ সমাপ্নোতি।
মৃত্যুং বিলেশয়াদ্বা নৃপাচ্চ বন্ধাজ্জলাদ্বাপি॥

### অথ ধনুলগ্নের ফল।

ধনুলগ্নে জন্ম হইলে, স্থূল ওষ্ঠ দশন ও নাসিকাসম্পন্ন, কফবায়ুপ্রকৃতি, উরু গুহ্য ও হস্তমাংসল, কুনখী, কর্ম্মে উদ্যোগী, শূর, শূদ্র নীচ তস্কর অনল ও রাজদ্বারা বিনষ্টধনসম্পন্ন, বিজ্ঞের উৎপাদক, অনেকেরপূজ্য, ভ্রাতৃঘাতেচ্ছুক, বিদেশে কর্ম্মপ্রিয়, বা ভূপাল হইতে লব্ধধনসম্পন্ন, ধর্ম্মে মধ্যমরূপমতিবিশিষ্ট, স্ত্রীরসহকলহকারী মুখরোগী হইয়া থাকে। এবং চতুষ্পদ সর্প ভূপতি বন্ধন এবং সলিলদ্বারা আত্মমৃত্যুপ্রাপ্ত হইবে।

### অথ মকরলগ্নফলং।

দশমবিলগ্নে তনুর্নাসিকাপুটো দীর্ঘবক্ত্রকরচরণঃ।
বায়্বাত্মকো মৃগাস্যো ভীরুশ্চপলোহথ বন্ধনভাক্॥
ক্ষুদ্রকুটুম্বোহল্পধনঃ কৃপণঃ কন্যাপ্রজো মৃতস্বজনঃ।
সহজসমৃদ্ধঃ শৌর্য্যান্নৃপাদরণ্যাচ্চ লব্ধধনঃ॥
উপবাসব্রতশীলো নীচামিষ্টামবাপ্নুয়াদ্ভার্য্যাং।
বহুবিগ্রহোহল্পগেশো দুর্ব্বলজানুশ্চ রোগার্ত্তঃ॥
বালাদনিলান্নৃপাদ্বিষাৎ প্রপতনাদ্গজাদ্বাপি।
পিত্তোদয়াদজীর্ণাম্ম্রিয়তে বা মার্গ বিভ্রষ্টঃ॥

### অথ মকরলগ্নের ফল।

মকরলগ্নে জন্ম হইলে, সূক্ষ্মছিদ্রনাসিকাসম্পন্ন হস্ত পদ মুখ অতিশয়দীর্ঘ, বায়ুপ্রকৃতি, মৃগসদৃশবদনবিশিষ্ট, ভীরু, চপল, বন্ধনভাগী, নীচকুটুম্বসম্পন্ন, অল্পধনবান্, অদাতা, কন্যাসন্ততিবিশিষ্ট, মৃতস্বজনযুক্ত, ভ্রাতৃসমৃদ্ধিসম্পন্ন, শৌর্য্য ভূপাল ও অরণ্যলব্ধ ধনবান্, উপবাসব্রতশীল, নীচস্বভাবাপ্রিয়ভার্য্যাযুক্ত, অনেক বিগ্রহকর, অল্পগামীর প্রভু, ক্ষীণজানু ও রোগে পীড়িত হয়। এবং বালক বায়ু নৃপতি বিষ পতন হস্তী পিত্তরোগ অজীর্ণ অথবা পথভ্রষ্টে মৃত্যু ঘটিবে।

### অথ কুম্ভলগ্নফলং।

একাদশে বিলগ্নে স্তব্ধঃ ক্রূরঃ কুলাগ্রজঃ পুরুষঃ।
পিত্তানিলভূয়িষ্ঠস্তিলপুষ্পসমাননাসশ্চ।
প্রাপ্তান্নাশয়তেঽর্থান্ বহুভৃত্যঃ সাধ্যতে ব্যয়শ্চাপি।
ক্ষীণঃ স্বগোত্রগুরুজনপরপক্ষসুহৃৎ স্বজনশত্রুঃ॥
কর্ম্মণি পাপে সক্তঃ তনুশ্চ কান্তানবাপ্নুয়াল্লাভান্।
ধর্ম্মধ্বজপ্রবৃত্তো দৈবতপূজ্যশ্চ কারয়তি ভার্য্যাং॥
বিগ্রহশীলাং লভতে বিবিধান্ রোগান্ কফোদ্ভবানুরসি।
ম্রিয়তে চ জঠররোগাদ্বমনাৎ স্ত্রীণাং প্রয়োগাদ্বা॥

### অথ কুম্ভলগ্নের ফল।

কুম্ভলগ্নে জন্ম হইলে, স্তব্ধ, ক্রূরপ্রকৃতি, কুলেরপ্রধান, প্রভূতপিত্তবায়ুযুক্ত, তিলপুষ্পসদৃশ নাসিকাবিশিষ্ট, প্রাপ্তধনবিনাশী, বহুভৃত্যপালক, অনেকব্যয় দ্বারা কার্য্যসাধক ক্ষীণকায় স্বীয়গোত্র গুরুজন শত্রুপক্ষ সুহৃৎ এবং স্বজনশত্রুযুক্ত, পাপকর্ম্মাশক্ত, মনোহর অল্পলাভকর বৃথাধর্ম্ম দ্বারা দেবপূজাপ্রবৃত্ত, বিগ্রহশীলাভার্য্যাযুক্ত, কফোদ্ভবরোগাক্রান্ত বক্ষঃস্থল হয় এবং জঠররোগ বা বমন কিম্বা স্ত্রীকৃত প্রয়োগে মৃত্যু ঘটিয়াথাকে।

### অথ মীনলগ্নফলং।

দ্বাদশগে প্রাগ্লগ্নে স্থূলোষ্ঠো মীনদৃগ্গুহানাসঃ।

কফবাতিকো মহাত্মা ত্বগ্দোষী নৈকমতিচেষ্টঃ ॥
শিষ্টায়ব্যয়ভৃত্যৈঃ স্বজনস্ত্রীপূজিতঃ সহজনাথঃ।
কর্ম্মণি ধর্ম্মে যুক্তঃ পিত্তোপচয়ঃ সুদাঁশ্চ ॥
নীচাচারাং ভার্য্যাং লভতে চ রিপূন্ সুদারুণান্ ক্রূরান্।
রোগাৎ সশোণিতাদাপ্নুয়াদ্ভয়ং ব্যালসিংহেভ্যঃ ॥
মৃত্যুং পুরুষৈর্গণবৃন্দপূজিতৈগু হ্যজৈর্ব্বিকারৈর্ব্বা।
বিদ্যৌষধপ্রয়োগাদুপবাসান্মার্গদোষাদ্বা ॥

অথ মীনলগ্নের ফল।

মীনলগ্নে জন্ম হইলে, স্থূল ওষ্ঠ বিশিষ্ট, মৎস্যের-ন্যায় লোচন ও বৃহৎ নাসিকাযুক্ত, অতিশয় কফবাতিক প্রকৃতি, মহাত্মা, ত্বক্‌দোষী, বহুবুদ্ধিচেষ্টান্বিত, আয় ব্যয় ও ভৃত্যবিশিষ্ট, স্বজন ও স্ত্রীপূজিত, সহজের অধীশ্বর, ধর্ম্মকর্ম্মে রত, পিত্তবৃদ্ধিযুক্ত, উত্তমভার্য্যান্বিত, নীচাচারভার্য্যালাভকর, দারুণ ও ক্রূর শত্রুবিশিষ্ট শোণিতরোগ ও সর্প সিংহভয়প্রাপ্ত হইয়াথাকে। এবং গণসমূহপূজিতপুরুষ, গুহ্যজাতবিকার অথবা বিদ্যা এবং ঔষধপ্রয়োগ বা উপবাস কিম্বা মার্গদোষে মৃত্যু প্রাপ্ত হয়।

---

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় বিরচিতে ফলিতজ্যোতিষ গ্রন্থে ক্ষেত্রাদি সপ্তবর্গ, বার তিথি নক্ষত্র যোগাদি এবং লগ্ন ও গ্রহস্থিত রাশ্যাদিফল নির্ণয় প্রকরণ সমাপ্ত ॥

# অথ শয়নাদি দ্বাদশভাবঃ।

অথ রব্যাদিগ্রহাণাং শয়নাদি দ্বাদশভাবানয়নমাহ
সঙ্কেতকৌমুদ্যাং হরিনাথাচার্য্যঃ।

যস্মিন্নৃক্ষে স্থিতঃ খেটস্তেন তং পরিপূরয়েৎ।
পুনরংশেন সংপূর্য্য স্বনক্ষত্রং নিযোজয়েৎ ॥
জাতদণ্ডং তথা লগ্নমেকীকৃত্য সদা বুধৈঃ।
রবিণা হরতে ভাগং শেষে ভাবশুভাশুভং ॥
রবৌ পঞ্চপ্রদাতব্যাশ্চন্দ্রে দদ্যাত্ত্রয়স্তথা।
কুজে দ্বয়ং প্রদাতব্যং বুধে ত্রয়ং নিযোজয়েৎ ॥
গুরৌ বাণঃ প্রদাতব্যস্ত্রয়ং দদ্যাচ্চ ভার্গবে।
শনৌ ত্রয়মুপাদেয়ং রাহৌ দদ্যাচ্চতুষ্টয়ং ॥
দদ্যাৎ কেতুষু বাণঞ্চ গ্রহাণাং ভাবযোগজং ॥

### অথ গ্রহাণাং জন্মনক্ষত্রাণি।

বিশাখানলতোয়ানি বৈষ্ণবং ভগদৈবতং।
পুষ্য পৌষ্ণো যমঃ সর্পো জন্মর্ক্ষাণ্যর্কতঃ ক্রমাৎ ॥

### অথ ভাবনামান্যাহ তত্রৈব।

শয়নমুপবেশঞ্চ নেত্রপাণিঃ প্রকাশনং।
গমনেচ্ছা চ গমনং সভায়াং বসতিস্তথা।
আগমনং ভোজনঞ্চৈব নৃত্যলিপ্সা চ কৌতুকং।
নিদ্রা গ্রহাণাং চেষ্টা চ কথিতা পূর্ব্বসূরিভিঃ ॥

### সঙ্কেতকৌমুদীমতে শয়নাদি দ্বাদশভাব গণনা।

১ শয়ন, ২ উপবেশন, ৩ নেত্রপাণি, ৪ প্রকাশন, ৫ গমনেচ্ছা, ৬ গমন, ৭ সভাবসতি, ৮ আগমন, ৯ ভোজন, ১০ নৃত্যলিপ্সা, ১১ কৌতুক ও ১২ নিদ্রা এইদ্বাদশভাব শয়নাদি ভাব নামেবিখ্যাত।

রব্যাদি নবগ্রহের শয়নাদি দ্বাদশভাব নিরূপণ করিতে হইলে, তৎকালে গ্রহগণ কোন্নক্ষত্রে স্থিতি করিতেছেন সর্ব্বাগ্রে তাহানিরূপণ করিয়া ঐ গ্রহাধিষ্ঠিত নক্ষত্রদ্বারা গ্রহকে পূরণকরিবে। এবং গ্রহগণ স্বীয় অধিষ্ঠিত রাশির যে নবাংশভাগে অবস্থিত আছেন, সেই নবাংশপরিমিত অঙ্কদ্বারা ঐ পূরিত অঙ্ককে গুণ করিবে। পরে গ্রহগণের আপন আপন জন্মনক্ষত্র ঐ অঙ্কে যোগ করিয়া জন্মলগ্ন সংখ্যক অঙ্ক ও উদয়াবধি জাতদণ্ড তাহাতে মিলিত করিবে। তদনন্তর ঐ সমস্ত অঙ্ককে ১২ বার দিয়া ভাগকরিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কসংখ্যায় দ্বাদশ ভাব প্রকাশ হইবে। যদি শেষাঙ্ক ১ এক থাকে তবে শয়নভাব বিবেচনা করিবে।

রবিগ্রহের শয়নাদি ভাব গণনা করিবার সময়ে দ্বাদশ হৃতাবশিষ্ট অঙ্কে পাঁচ যোগকরিবে, এবং চন্দ্রগ্রহের তিন, মঙ্গলের দুই, বুধে তিন ও বৃহস্পতির পাঁচ, শুক্রের তিন, শনিগ্রহের তিন ও রাহুগ্রহের চার এবং কেতু গ্রহের পাঁচ যোগ করিয়া ভাব বিচার করিবে। যুক্তাঙ্ক দ্বাদশের অধিক হইলে পুনরায় উহাকে বার দিয়া ভাগকরিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহাতে ভাববোধ হইবে। যদি হৃতশেষাঙ্ক এক হয় তবে শয়নভাব, দুই হইলে উপবেশন এবং তিন হইলে নেত্রপাণি, চার হইলে প্রকাশন ইত্যাদি ক্রমে হইবে। এবং শেষাঙ্ক ০ শূন্য অর্থাৎ ১২ বার থাকিলে নিদ্রাভাব হইয়াথাকে।

রবির ১৬ বিশাখা, চন্দ্রের ৩ কৃত্তিকা, মঙ্গলের ২০ পূর্ব্বষাঢ়া, বুধের ২২ শ্রবণা, বৃহস্পতির ১১ পূর্ব্বফল্গুনী, শুক্রের ৮ পুষ্যা, শনির ২৭ রেবতী, রাহুর ২ ভরণী এবং কেতুর ৯ অশ্লেষা এইসমুদয় নক্ষত্র গ্রহগণের জন্মনক্ষত্র নামে বিখ্যাত হইয়াথাকে।

অধুনা শয়নাদি দ্বাদশ ভাব নির্ণয় করা যাইতেছে।

১ শয়ন, ২ উপবেশন, ৩ নেত্রপাণি, ৪ প্রকাশন, ৫ গমনেচ্ছা, ৬ গমন, ৭ সভাবসতি, ৮ আগমন, ৯ ভোজন, ১০ নৃত্যলিপ্সা, ১১ কৌতুক ও ১২ নিদ্রা এইদ্বাদশভাব কথিত হইয়াথাকে।

এই শয়নাদি দ্বাদশভাবে নানাপ্রকার মতান্তর দৃষ্ট হয়, এস্থলে প্রায় যে সমুদয় মতভেদ ক্রমে ক্রমে লিখিত হইল।

মতান্তরে শয়নাদি দ্বাদশভাবঃ। যস্মিন্নৃক্ষে স্থিতঃ খেটস্তেন তং পরিপূরয়েৎ। অঙ্কাঙ্কৈঃ পুনরাপূর্য্য নক্ষত্রং যোজয়েৎ পুনঃ। জাতদণ্ডং তথালগ্নমেকীকৃত্য সদাবুধৈঃ। রবিণা হরতে ভাগং শেষে ভাবং বিনির্দ্দিশেৎ ॥

শয়নাদি দ্বাদশভাব বিচার করিতে হইলে, রব্যাদি গ্রহগণ যেরাশিতে থাকিবে, সেই রাশিপরিমিত অঙ্কদ্বারা সূর্য্যাদিগ্রহসংখ্যক অঙ্ককে গুণকরিবে। পুনরায় ঐ অঙ্ককে ৯৯ নিরানব্বই দিয়া পূরণ করিয়া যে গ্রহের ভাব গণনা করা যাইতেছে সেই গ্রহের জন্ম নক্ষত্র উহাতে যোগ করিতে হইবে। পরে লগ্নসংখ্যক অঙ্ক আর জাতদণ্ড পরিমিত অঙ্ক এই উভয়াঙ্ক উহাতে যোগ করিয়া ১২ বারদিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাদ্বারা ক্রমে শয়ন, উপবেশ ও নেত্রপাণি প্রভৃতি ভাব বিচার করিবে।

রাশিপরিমিত অঙ্ক এই যে মেষে গ্রহথাকিলে ১ এক বৃষে ২ দুই এবং মিথুনে ৩ তিন ইত্যাদি। গ্রহ পরিমিত

অঙ্ক এই যে রবিগ্রহের ১এক চন্দ্রের, ২দুই, মঙ্গলের ৩ তিন এবং বুধের ৪ চার ইত্যাদি ক্রমে নবগ্রহের নয় অঙ্ক বিবেচনা করিবে।

এই বচনের ব্যাখ্যায় কেহ কেহ "অঙ্কাঙ্কৈঃ পুনরাপূর্য্য, এইস্থলে এইরূপ ব্যাখ্যা করিয়াথাকেন, যে কেবল মাত্র নয় দ্বারা পূরণ করিবে।

মতান্তরে। যদ্রাশৌ বিষ্ঠতে খেটস্তেন তং পরিপূরয়েৎ।

পুনরংশেন সংপূর্য্য স্বর্ক্ষং তত্র নিযোজয়েৎ ॥

জাতদণ্ডং তথা লগ্নমেকীকৃত্য সদা বুধৈঃ।

রবিণা ভাগহারেণ শেষং কার্য্যে নিযোজয়েৎ ॥

অংশেন নবসংখ্যয়া স্বর্ক্ষং গ্রহাণাং জন্মনক্ষত্রং ॥ *

যে রাশিতে গ্রহ থাকিবে সেই রাশিপরিমিত অঙ্ক দ্বারা গ্রহসংখ্যক অঙ্ককে গুণকরিয়া পুনরায় ঐ অঙ্ককে ৯ নয়দিয়া গুণকরিবে। এবং যেগ্রহের ভাব গণিত হইতেছে সেই গ্রহের জন্ম নক্ষত্র এবং জাতদণ্ড আর লগ্নপরিমিত অঙ্ক ঐ গুণফলে যোগকরিয়া ১২ বার দিয়া ভাগকরিবে। যাহা অবশিষ্ট থাকে তাহাই ভাববোধক হইবে।

মতান্তরে। বৃষরাশিস্থিতশ্চন্দ্রং দ্বাভ্যাঞ্চ পরিপূরয়েৎ। সংপূর্য্যতিথিভিঃ পশ্চাৎ নিজমৃক্ষং নিযোজয়েৎ। পশ্চাদ্দ্বাদশভির্হৃত্বা বিজ্ঞেয়ং শয়নাদিকং ॥

অস্যার্থঃ। বৃষ ইত্যুপলক্ষণং। যস্মিন্ রাশৌ স্থিতো গ্রহস্তদঙ্কং দ্বিগুণীকৃত্য পশ্চাত্তদঙ্কং পঞ্চদশগুণং কৃত্বা যন্নক্ষত্রগতো গ্রহস্তন্নক্ষত্রাঙ্কং অঙ্কে নিযোজ্য দ্বাদশভির্হরেদিত্যর্থঃ।

যে রাশিতে গ্রহ থাকিবে সেই অঙ্ক দ্বিগুণ করিয়া ১৫ পোনের দিয়া তাহাকে গুণ করিবে এবং যে নক্ষত্রে গ্রহ আছে সেই নক্ষত্র পরিমিত অঙ্ক পূর্ব্বগুণিত অঙ্কে যোগ করিয়া ১২ বার দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা ভাব প্রকাশ হইবে।

কোন একমতে শয়নাদি ভাবগণনার উদাহরণ।

এই পুস্তকের ৩ তৃতীয় সংখ্যায় ১ এক অঙ্কিত চিহ্নিত চক্রে যে একটি বালকের জন্মসময় কল্পনা করা হইয়াছে, তাহারই একটি ভাব গণনার উদাহরণ প্রদর্শিত হইতেছে। ঐ বালকের জন্মলগ্ন বৃষ কিন্তু তৎকালে মেষরাশিতে রবি গ্রহ আছে, যদি ঐ রবি গ্রহের শয়নাদি ভাব গণনা করিতে হয়, তবে এইরূপে গণনা করিবে যথা—

মেষরাশি পরিমিত অঙ্ক এক এবং রবি গ্রহের পরিমিত অঙ্কও এক এখানে মেষরাশি পরিমিত এক অঙ্ক দ্বারা রবি গ্রহের এক পরিমিত অঙ্ককে গুণ করিয়া ইহার গুণফল এক হইবে। পরে ঐ গুণফলকে পুনরায় ৯ নয় দিয়া গুণ করিয়া গুণফল ৯ নয় হইবে। এক্ষণে গ্রহাদির স্বীয় নক্ষত্র যোগ করিবার রীতি প্রদর্শিত হইতেছে। রবির নক্ষত্র বিশাখা উহার পরিমিত অঙ্ক ১৬ ষোল পূর্ব্বোক্ত গুণফল নয় অঙ্কে এই ১৬ ষোল যোগ করিয়া ২৫ পঁচিশ পরিমিত অঙ্ক স্থাপিত করিয়া রাখিবে। অনন্তর ঐ কথিত জাতবালকের উদয়াবধি জাতদণ্ড ৬ ছয় দণ্ড থাকায় ঐ দণ্ড পরিমিত অঙ্ক ছয় এবং বৃষলগ্ন পরিমিত ২ দুই অঙ্ক এই উভয় অঙ্ক ঐ ২৫ পঁচিশে যোগ করিলে যুক্ত ৩৩ তেত্রিশ হইবে। এই তেত্রিশকে বার দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দুই আর শেষাঙ্ক ৯নয় থাকিবে! এবং লব্ধাঙ্ক পরিত্যাগ পূর্ব্বক শেষাঙ্ক লইয়া ভাব বিচার করিবে। এখানে শেষাঙ্ক নয় থাকায় ভোজন ভাব প্রকাশ পাইতেছে অতএব এই কল্পিত জাতবালকের রবিগ্রহ ভোজনভাবে আছে ইহা কহিবে।

যেরূপ মেষরাশিস্থ রবিগ্রহের শয়নাদি ভাব গণনা প্রকাশ হইল যদি রবি মেষরাশিতে না থাকিয়া, বৃষাদি

* কোষ্ঠীসারাবলীমতে ব্যাখ্যানং যথা—কর্কটে যদি রবিস্তিষ্ঠতি তদা রবিভুক্ত মেষ বৃষ মিথুন রাশ্যঙ্ক ত্রয়ং তেন গ্রহাঙ্কেন রবেরেকেন পূরয়েৎ। তং পূরিতাঙ্কং পুনরংশেন রবিণা ভুক্ত কর্কটাংশেন পূরয়েৎ। তত্র পূরিতাঙ্কে স্বনক্ষত্রং রবে র্বিশাখাং মিশ্রয়েৎ। তত উদয়াবধি জাতদণ্ডং মেষাদিগণনয় জাতলগ্নমপি মিশ্রয়িত্বা সর্ব্বমেকীকৃত্য রবিণা দ্বাদশেন হরেৎ। শেষমেকঞ্চেৎ শয়নং দ্বয়ঞ্চেদুপবেশনং জানীয়াৎ।

কোন রাশিতে থাকে, তবে দুই, তিন, চারি ইত্যাদি ক্রমে বার পর্য্যন্ত অঙ্ক হইবে। এবং রব্যাদি গ্রহগণের এক, দুই, তিন অর্থাৎ রবি এক, চন্দ্র দুই, মঙ্গল তিন, বুধ চার এই রূপে কেতু পর্য্যন্ত নয় অঙ্ক হইবে।

## অথ গ্রহাণাং বিশেষচেষ্টামাহ।

শুভাশুভগ্রহাণাঞ্চ সমীক্ষ্যাথ বলাবলং।
তুঙ্গস্থানে বিশেষেণ বলং জ্ঞেয়ং তথা বুধৈঃ ॥

## অথ জায়াসুতমৃত্যুতুঙ্গস্বগৃহত্রিকোণস্থানস্থিত পাপগ্রহাণাং নিদ্রাশয়নভাবয়োঃ ফলং।

নিদ্রায়াঞ্চ যদা পাপো জায়াস্থানে শুভং বদেৎ।
যদি পাপগ্রহৈর্দৃষ্টো ন শুভঞ্চ কদাচন ॥
যদি বা শত্রুগেহী স্যাদ্রিপুণা যদি বীক্ষিতঃ।
তদা নারীসমং তস্য নাশো ভবতি নিশ্চিতং॥
শুভগ্রহৈর্যদা দৃষ্টঃ শুভগ্রহসমন্বিতঃ।
নারী চ ম্রিয়তে তস্য প্রথমা চ বিশেষতঃ ॥
সুতস্থানে স্থিতঃ পাপো নিদ্রায়াং শয়নেঽপি বা।
তদা শুভং ভবেত্তস্য ন.ত্রকার্য্যবিচারণং ॥
তুঙ্গস্থানে স্বগেহে বা ত্রিকোণে বা যদা ভবেৎ।
অপত্যস্য তদা নাশো জায়তে নাত্রসংশয়ঃ ॥
শুভগ্রহো যদা তত্র শুভৈর্ব্বা যদিবাক্ষিতঃ।
তদাপি প্রথমাপত্যনাশো ভবতি নিশ্চিতং ॥
মৃত্যুস্থানে স্থিতঃ পাপো নিদ্রায়াং শয়নেঽপি বা।
তদা তস্যাপমৃত্যুঃ স্যাদ্রাজতঃ পরতস্তথা ॥
শুভগ্রহৈর্যদা যুক্তঃ শুভৈর্ব্বা যদি বীক্ষিতঃ।
তদা চ মরণং তস্য গঙ্গায়াঞ্চ বিশেষতঃ ॥
পাপগ্রহৈর্যদা দৃষ্টঃ শুভো বা শত্রুবীক্ষিতঃ।
তদা তস্য শিরশ্ছেদো মুনিনা পরিকীর্ত্তিতঃ ॥
অষ্টমস্থৌ শনিকুজৌ তমো বা তত্র সংস্থিতঃ।
অপমৃত্যুর্ভবেত্তস্য শিরশ্ছেদী ন সংশয়ঃ ॥
কর্ম্মস্থানে যদা পাপঃ শয়নে ভোজনেঽপি বা।
তদা দারিদ্র্যদোষেণ কৃৎস্নাং ভ্রমতি মেদিনীং ॥
কর্ম্মস্থানে শুভঃ খেটো নিদ্রায়াং গমনেঽপি বা।
তদা কর্ম্মবিপাকঃ স্যান্নানাদুঃখপ্রদায়কঃ ॥
দশমস্থো নিশানাথঃ কৌতুকে চ প্রকাশনে।
তদৈব রাজযোগঃ স্যান্মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ॥
এবং ক্রমেণ বোদ্ধব্যং সর্ব্বভাবে সুবুদ্ধিনা।
বলাবলবিচারেণ জায়তে চ শুভাশুভং ॥
জ্যোতির্ব্বিদ্ভিঃ পুরা সর্ব্বৈর্জ্ঞায়তে তত্ত্বনির্ণয়ঃ ॥
জ্যোতির্ব্বিৎসু চ সর্ব্বেষু পরিহারঃ কৃতো ময়া।
শয়নাদিকভাবেষু জ্ঞাতব্যঞ্চোপদেশতঃ ॥
শয়নাদ্যেকভাবেষু যস্য তিষ্ঠন্তি সদ্‌গ্রহাঃ।
নিত্যং তস্যশুভং জ্ঞাতং মুনিভিঃ পরিকীর্ত্তিতং ॥
ভোজনাদ্যেকভাবেষু ভাবস্তিষ্ঠতি সর্ব্বদা।
তদা সর্ব্ববিনাশোঽপিনাত্র কার্য্যবিচারণং ॥
একাদশে বা দশমালয়ে বা ধনালয়ে বা যদি বা ত্রিকোণে।
পাপেন যুক্তো ন শুভগ্রহশ্চেত্তথাপি সিদ্ধিং মহতীং বদন্তি ॥

অধুনা গ্রহগণের বিশেষ চেষ্টা কথিত হইতেছে। সর্ব্বাগ্রে শুভ ও অশুভ গ্রহগণের বলাবল বিবেচনা করিয়া ফল নির্ণয় করা আবশ্যক, যদি গ্রহগণ স্বকীয় উচ্চস্থানে থাকে তবে অতিশয় বলবান্ হইবে।

কোনপাপগ্রহ স্বীয় উচ্চস্থানে বা স্বগৃহে কিম্বা মূলত্রিকোণগৃহে থাকিয়া যদি কোনব্যক্তির জায়াস্থান অর্থাৎ সপ্তমস্থান অথবা সুতস্থান অর্থাৎ পঞ্চমস্থানে শয়নভাবে কিম্বা নিদ্রা ভাবে থাকিলে তাহার ফল কথিত হইতেছে।

নিদ্রাভাবস্থিত কোনপাপগ্রহ জায়াস্থানে থাকিলে, শুভদায়ক হয়, কিন্তু পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে, কদাচ শুভকর হয় না। যদি স্বীয় শত্রুগৃহ গত পাপগ্রহ জায়াস্থানে থাকিয়া শত্রু কর্ত্তৃক দৃষ্ট হয় তবে পত্নীর সহিত তাহার মৃত্যু হইবে। এস্থলে 'তদা নারীমৃতা তস্য সকলে চ সুনিশ্চিতং, পাঠও দৃষ্ট হইয়াথাকে)। যদি জায়াস্থানে কোন শুভগ্রহথাকে এবং ঐ শুভগ্রহ শুভাশুভ এই উভয় গ্রহকর্ত্তৃক দৃষ্ট হয় তবে প্রথমাস্ত্রীর মৃত্যু ঘটে। (এস্থলে 'শুভাশুভৈর্যদা দৃষ্টঃ শুভগ্রহ সমন্বিতঃ, পাঠও লক্ষিত হইয়াথাকে) জায়াস্থানে শয়নভাবেরও ফল এইরূপ অশুভদায়ক হয়।

কোন পাপগ্রহ নিদ্রা কিম্বা শয়নাবস্থায় সুতস্থানে অর্থাৎ লগ্নের পঞ্চমস্থানে থাকিলে, শুভদায়ক হয় ইহার আর কোন বিচার করিবার আবশ্যক নাই। কিন্তু ঐ পাপগ্রহ যদি স্বকীয় উচ্চস্থানে কিম্বা আপনার গৃহে

অথবা মূলত্রিকোণ গৃহে থাকিয়া সুতস্থান গত হইলে সন্তানের হানিকর হয় তাহাতে সংশয় নাই।'

নিদ্রা কিম্বা শয়নাবস্থা প্রাপ্ত কোন শুভগ্রহ শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া সুতস্থানে থাকিলে, প্রথম সন্তানের বিনাশমাত্র ঘটিয়াথাকে। এস্থলে (ক্রূরো বা যদি বেক্ষিতঃ, পাঠও দৃষ্ট হয়)

নিদ্রা বা শয়নাবস্থা প্রাপ্ত কোন পাপগ্রহ মৃত্যুস্থানে অর্থাৎ লগ্নের অষ্টমস্থানে থাকিলে, ভূপাল কিম্বা শত্রু হইতে অপমৃত্যু ঘটিয়াথাকে। যদি ঐ পাপগ্রহ শুভগ্রহের সহিত মিলিতথাকে অথবা শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হয়, তবে গঙ্গাতীরে মৃত্যু হয়।

কোন শুভগ্রহ মৃত্যুস্থানে থাকিয়া, পাপগ্রহ কিম্বা স্বীয় শত্রুগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে, মুনিগণ এইরূপ ব্যাখ্যা করিয়াথাকেন যে তাহার শিরশ্ছেদন হয়।

অষ্টমস্থানে শনি মঙ্গল কিম্বা রাহুথাকিলে, অপমৃত্যু বা শিরশ্ছেদন হয় ইহাতে সংশয় নাই।

কর্ম্মস্থানে অর্থাৎ লগ্নের দশমস্থানে কোন পাপগ্রহ শয়ন বা ভোজনভাবে থাকিলে, দরিদ্রতাহেতু সমস্তভূমণ্ডল পরিভ্রমণ করিয়াথাকে।

চন্দ্রমা কৌতুকভাব অথবা প্রকাশন ভাবে থাকিয়া কর্ম্মস্থান গত হইলে, মুনিগণ এরূপ ঘটনাকে রাজযোগ বলিয়া ব্যাখ্যাকরিয়াথাকেন।

পণ্ডিতগণ এইপ্রকারে অন্যান্য সমস্তভাবও বোধকরিয়া লইবেন এবং গ্রহদিগের বলাবল বিবেচনা করিয়া তাহাদের শুভাশুভ পরিজ্ঞাত হইবেন।

পূর্ব্ব পূর্ব্ব জ্যোতির্বেত্তাগণ এই সমুদয় ভাবতত্ত্ব বিশেষ রূপ বিদিত আছেন। আমি সমস্ত জ্যোতির্বেত্তা গণ সমীপে এই পরিহার প্রকাশকরিতেছি যে তাঁহারা উপদেশানুসারে এই শয়নাদিভাব জ্ঞাত হইবেন।

কোন ব্যক্তির শয়নাদি কোন এক ভাবে যদি শুভগ্রহ থাকে, তবে মুনিগণ এইরূপ কহিয়াথাকেন যে নিয়ত তাহার শুভ হয়।

ভোজনাদি কোন একভাবে যদি তন্বাদি কোনভাবিস্থ গ্রহ থাকে, তবে তাহার সমস্ত বিনষ্ট হয়, ইহার আর বিবেচনা করিবার আবশ্যক নাই।

যদি শুভগ্রহ পাপগ্রহের সহিত অযুক্ত হইয়া দ্বিতীয় দশম একাদশ বা নব পঞ্চমে থাকে তবে মহতীসিদ্ধি লাভ হইবে।

## অথ ভাবফলমাহ।

## তত্র রবের্ভাবফলং।

মন্দাগ্নিঃ পিত্তশূলী চ শ্লীপদী চ নসংশয়ঃ।
গুহ্যস্থানে ভবেদ্রোগো জায়তে শয়নে রবৌ ॥১॥
উপবেশে ভবেচ্ছিল্পী শ্যামবর্ণো ভবেন্নরঃ।
সুবিদ্যারহিতো দুঃখী পরসেবাসু তৎপরঃ ॥২॥
পঞ্চমে নবমে বাপি দশমে সপ্তমে তথা।
নেত্রপাণৌ যদা সূর্য্যঃ সর্ব্বসৌখ্যসমন্বিতঃ ॥
নেত্রপাণৌ ভবেৎ ক্রূরো জলদোষী ভবেন্নরঃ ॥৩॥
চক্ষুরোগী মহাক্রোধী পরদ্বেষী তথা পুনঃ।
পুণ্যবান্ ধার্ম্মিকশ্চৈব ধনবাংশ্চ প্রকাশনে ॥
দাতা ভোক্তা ভবেন্মানী রাজপুত্রো ধনাধিপঃ।
সপ্তমে পঞ্চমে বাপি প্রকাশে চ যদা রবিঃ ॥৪॥
নিদ্রালুশ্চ ভবেৎ ক্রোধী জায়তে চ নরাধমঃ।
ক্রূরঃ কুবুদ্ধিকুশলো দাম্ভিকঃ কৃপণস্তথা ॥
পরদারেষ্বভিরুচির্জায়তে গমনোন্মুখে ॥৫॥
নাশয়েৎ প্রথমাপত্যং কলত্রাণাং বিশেষতঃ।
প্রবাসী গমনে ভানৌ পাদমূলে রুজান্বিতঃ ॥৬॥
প্রিয়ভার্য্যো দয়ালুশ্চ মানী বহুগুণান্বিতঃ।
বিদ্যাবিনয়সম্পন্নঃ সভায়াং জায়তে রবেঃ ॥৭॥
মূঢ়কর্ম্ম সদা রক্তো মিথ্যাবাদী কুবিদ্যকঃ।
আগমে চ রবের্জাতো নির্দ্দয়ঃ পরনিন্দকঃ ॥৮॥
ভোজনে চ রবের্জাতো দাম্ভিকো মাংসলুব্ধকঃ।
মৎস্যাহারী চ শাস্ত্রজ্ঞঃ সদাচারী চ মানবঃ ॥৯॥
জায়তে নৃত্যলিপ্সায়াং কর্ণরোগী ভবেন্নরঃ।
নানাবিদ্যারতো নিত্যং রাজপূজ্যশ্চ পণ্ডিতঃ ॥১০॥
উৎসাহী ধনধান্যাঢ্যঃ কৌতুকে কৌতুকী নরঃ।
দাতা ভোক্তা পুত্রভার্য্যা শিল্পকার্য্যযুতো রবেঃ ॥১১॥

নিদ্রালুর্ব্যাধিযুক্তশ্চ প্রবাসী রক্তলোচনঃ।
নিদ্রায়াঞ্চ রবের্জাতঃ ক্রোধনঃ পরনিন্দকঃ ॥১২॥

অথ শয়নাদি ভাবের ফল।

অথ রবির ভাবফল।

শয়নভাবে রবি থাকিলে, মন্দাগ্নিযুক্ত, পিত্তশূলরোগাক্রান্ত, শ্লীপদী অর্থাৎ গোদা, এবং গুহ্যদেশে রোগযুক্ত হইবে। ১ ॥

উপবেশনভাবে রবি থাকিলে, শিল্পকর্ম্মকারী, শ্যামবর্ণদেহবিশিষ্ট, উত্তমবিদ্যারহিত, দুঃখযুক্ত ও পরসেবায় তৎপর হয়। ২ ॥

যদি সূর্য্য নেত্রপাণিভাবে থাকিয়া লগ্নের পঞ্চম নবম দশম ও সপ্তমস্থান গতহয়, তবে সর্ব্বসুখযুক্ত হইবে। কেবলমাত্র নেত্রপাণি ভাবে থাকিলে ক্রূরপ্রকৃতি ও জলদোষরোগযুক্ত হইয়াথাকে। ৩ ॥

প্রকাশন ভাবে রবি থাকিলে, চক্ষুরোগযুক্ত, অতিশয়ক্রোধান্বিত, পরদ্বেষ্টা, পুণ্যবান্, ধার্ম্মিক ও ধনবান্ হয়।

রবি প্রকাশভাবে থাকিয়া যদি লগ্নের পঞ্চম বা সপ্তমস্থানে থাকে, তবে দাতা, ভোক্তা, মানী, রাজতনয় ও ধনাধিপ হইবে। ৪ ॥

গমনেচ্ছা ভাবে রবি থাকিলে, নিদ্রাভিলাষী ক্রোধী, নরাধম, ক্রূরপ্রকৃতি, কুবুদ্ধিকুশল, দাম্ভিক, কৃপণ ও পরদারে অভিরুচি হয়। ৫ ॥

গমনভাবে রবি থাকিলে, প্রথমস্ত্রী ও প্রথমপুত্র বিনষ্ট হয় এবং প্রবাসী ও পাদরোগাক্রান্ত হইয়াথাকে। ৬ ॥

(গ্রন্থান্তরে গমনভাবঃ। বদ্ধবাধাতরোগী চ মানবঃ কলহপ্রিয়ঃ। নিত্যপ্রবাসযুক্তশ্চ জায়তে গমনে রবেঃ॥ গমনভাবে রবি থাকিলে জড়ীভুতবাক্যসম্পন্ন, বাতরোগাক্রান্ত, কলহপ্রিয় ও নিয়তপ্রবাসযুক্ত হয়)

সভাবসতিভাবে রবি থাকিলে, ভার্য্যাপ্রিয়, মানী, অনেকগুণযুক্ত, বিদ্যা ও বিনয়সম্পন্ন হইবে। ৭ ॥

আগমনভাবে রবি থাকিলে, মূর্খ, সর্ব্বদা কর্ম্মরত, মিথ্যাবাদী, কুৎসিতবিদ্যাসম্পন্ন, নির্দ্দয় ও পরনিন্দক হয়। ৮ ॥

ভোজনভাবে রবি থাকিলে, দাম্ভিক, মাংসলোভী, মৎস্যাহারী, শাস্ত্রবেত্তা এবং সদাচারী হইয়াথাকে। ৯ ॥

নৃত্যলিপ্সাভাবে রবি থাকিলে, কর্ণে রোগযুক্ত, নানাবিদ্যারত, রাজপূজ্য ও পণ্ডিত হয়। ১০ ॥

কৌতুকভাবে রবি থাকিলে, উৎসাহযুক্ত, ধনধান্যসম্পন্ন, সর্ব্বদা কৌতুকী, দাতা, ভোক্তা, পুত্র ভার্য্যা ও শিল্পকার্য্যযুক্ত হইবে। ১১ ॥

নিদ্রাভাবে রবি থাকিলে, নিদ্রালু, ব্যাধিযুক্ত, প্রবাসী, রক্তবর্ণ লোচনবিশিষ্ট, ক্রোধী ও পরনিন্দক হয়। ১২ ॥

অথ চন্দ্রস্য।

তুঙ্গাতুঙ্গবলাবলৈর্জ্ঞাতব্যং যত্নতো যুক্ত্যা।
শয়নে চ বিধৌ ক্রোধী দরিদ্রো বহুলম্পটঃ।
গুহ্যস্থানে ভবেদ্রোগো দেহমান্দ্যং সুনিশ্চিতং ॥১॥
এতৎ সর্ব্বং বিলগ্নে চ চিন্তনীয়ং সদা বুধৈঃ।
অন্যভাবে যদা জাতো ন তাদৃক দোষএব চ ॥
কৃষ্ণপক্ষে ভবেদ্বাপি কৃপণো দাম্ভিকঃ সদা।
ভক্ষকশ্চ মহাশূরো লম্পটঃ পরনিন্দকঃ ॥
দক্ষিণাঙ্গে ক্ষতাদিশ্চ বহ্নৌ ভবতি সংশয়ঃ।
সর্পভীতিস্তথা জ্ঞেয়া জলেচৈব মহদ্ভয়ং ॥
পরদ্বেষী প্রবাসী চ পিত্তশূলী ভবেন্নরঃ।
উপবেশে চ রোগী স্যাৎ ধনহীনো ভবেন্নরঃ।
কৃপণঃ কুটিলশ্চৈব দংষ্ট্রাঘাতী ভবেন্নরঃ ॥২॥
নেত্রপাণাবক্ষিরোগী শ্লীপদী বহুভাষকঃ।
ক্রূরঃ খলোঽতিশূরশ্চ জায়তে চ বিধৌ ততঃ ॥৩॥
প্রকাশনে নিশানাথে ধনবাংশ্চ ভবেন্নরঃ।
প্রকাণ্ডদেহঃ কৃপণস্তীর্থে চ গমনোন্মুখঃ ॥৪॥

শুক্লে এবং। কৃষ্ণপক্ষে ভিন্নং।

নানামতির্মহামায়ী শ্লীপদী চ ভবেৎ পুনঃ।
গমনেচ্ছায়াং বিধৌ জাতো ধনহীনো ভবেন্নরঃ ॥৫॥

প্রবাসী বিত্তহীনশ্চ ক্রূরকর্ম্মা বিশেষতঃ।
শিরোরোগী দন্তশূলী জায়তে গমনে বিধৌ ॥৬॥
দাতা চ ধার্ম্মিকশ্চৈব রাজপুত্রো ভবেৎ সদা।
সভায়াঞ্চ বিধৌ নিত্যং জায়তে পুরুষোত্তমঃ ॥৭॥
বহুভাষী প্রিয়ঃ শান্তো দ্বিভার্য্যো ধার্ম্মিকঃ সদা।
কিঞ্চিত্তুবেদ্দেহমান্দ্যাং স্বাপত্যং বহুলং ভবেৎ ॥
সরুজা চ ভবেদ্বাপি একপুত্রী ভবেচ্চ সঃ।
নিত্যক্রোধী মহাদুঃখী ভবেদাগমনে বিধৌ ॥৮॥
ভোজনে চ মহালুব্ধঃ সুতস্থানে বিশেষতঃ।
জায়াস্থানেঽপি নিয়তং তৎ ফলং পরিচিন্তয়েৎ ॥
ভোজনে চ বিধৌ জাতো জ্ঞাতিভিঃ পরিপূরিতঃ।
দাতা ভোক্তা মহামানী ধনবাংশ্চ ভবেন্নরঃ ॥
ক্রূরকর্ম্মা চিররোগী শ্লীপদী চ মহাকৃশঃ।
নিত্যপ্রবাসী ভোগী চ জায়তে চ ন সংশয়ঃ ॥৯॥
জাতোঽসৌ নৃত্যলিপ্সায়াং গুণবান্ ধার্ম্মিকো ভবেৎ।
ধনবান্ বহুপুত্রশ্চ দাতা চ জায়তে নরঃ ॥১০॥
নবমে দশমে বাপি কৌতুকস্থো নিশাকরঃ।
তদা সর্ব্বসুখং বিদ্যা দারিদ্র্যং ন কদাচন ॥১১॥
নিদ্রায়াং দদ্রুরোগী চ ক্লেশী পাপী রুজান্বিতঃ।
পুত্রশোকী মহাদুঃখী নিত্যং ভ্রমতি মেদিনীং ॥১২॥
কর্ম্মস্থানে বিশেষেণ এবং জ্ঞেয়ং সদা বুধৈঃ।
অন্যভাবে তু নিদ্রায়াং বৈপরীত্যং বদেৎ পুনঃ ॥
কন্যাপত্যঞ্চ বহুলং জায়া চ ম্রিয়তে ধ্রুবং।
গুরুণা সহিতশ্চন্দ্রো যত্র তত্র স্থিতো ভবেৎ ॥
যদি নিদ্রা ভবেত্তত্র সর্ব্বভদ্রং ভবেৎ পুনঃ।
রাহুণা সহিতশ্চন্দ্রো যদি নিদ্রান্বিতো ভবেৎ ॥
তদা সর্ব্বং বিনাশঃ স্যাদ্দোষশ্চৈব সহস্রশঃ ॥

অথ চন্দ্রের ভাবফল ॥

ভাবফল বিচারে যত্নপূর্ব্বক উচ্চ নীচ বলাবল বিবেচনা করিয়া ফল বিচার করিবে। শয়নভাবে চন্দ্র থাকিলে, ক্রোধী, দরিদ্র, অতিশয়লম্পট, গুহ্যদেশে রোগার্ত্ত ও নিশ্চয় আলস্যযুক্ত দেহ হইবে।

পণ্ডিতগণ সর্ব্বদা এই সমুদায় ভাবফল লগ্নেরও বিচার করিবেন। যদি চন্দ্র শয়নব্যতীত অন্যভাবে থাকে তাহাহইলে তাদৃশদোষকর হইবেনা, এবং কৃষ্ণপক্ষের চন্দ্র হইলে কৃপণ, সর্ব্বদা দন্তপুরায়ণ, ভক্ষক, অতিশয়শূর, লম্পট, পরনিন্দক দক্ষিণাঙ্গে ক্ষতাদিযুক্ত, এবং অনলে সংশয়িত সর্পভয়ান্বিত ও সলিলমধ্যে মহদ্ভয় প্রাপ্তহয়।১॥

উপবেশনভাবে চন্দ্র থাকিলে, পরের বিদ্বেষ্টা, প্রবাসী, পিত্তশূলরোগযুক্ত বা অন্যরোগান্বিত, ধনহীন, কৃপণ, কুটিল ও দংষ্ট্রের দ্বারা আঘাত প্রাপ্ত হইয়াথাকে।২।

নেত্রপাণিভাবে চন্দ্র থাকিলে, চক্ষুরোগী শ্লীপদী (গোদা) অনেকবাক্যকথনশীল, ক্রূরপ্রকৃতি, খল ও অতিশয় শূর হইবে। ৩ ॥

প্রকাশনভাবে চন্দ্র থাকিলে, ধনবান্, প্রকাণ্ডদেহসম্পন্ন, কৃপণ ও তীর্থগমনাভিলাষী হইবে। শুক্লপক্ষে এইরূপ ফল কিন্তু কৃষ্ণপক্ষে ইহার বিপরীত ঘটিবে। ৪ ॥

গমনেচ্ছাভাবে চন্দ্র থাকিলে, নানাবিধমতিসম্পন্ন, অতিশয় মায়াবী, শ্লীপদী (গোদা) ও ধনহীন হয়। ৫ ॥

গমনভাবে চন্দ্র থাকিলে, প্রবাসী, ধনহীন, বিশেষত ক্রূরকর্ম্মকারী, শিরোরোগী ও দন্তশূলী হইবে। ৬ ॥

সভাবসতিভাবে চন্দ্র থাকিলে, সর্ব্বদা দাতা, ধর্ম্মপরায়ণ, রাজনন্দন ও পুরুষশ্রেষ্ঠ হইয়াথাকে। ৭ ॥

আগমনভাবে চন্দ্র থাকিলে, বহুবাক্যকথনশীল, প্রিয়, শান্তপ্রকৃতি, দ্বিভার্য্যাযুক্ত, সর্ব্বদা ধার্ম্মিক, কিঞ্চিৎ অলসতাযুক্তদেহবিশিষ্ট, অনেক স্ত্রী ও অনেক সন্ততিসম্পন্ন, রোগযুক্ত এবং একপুত্রবিশিষ্ট, নিয়তক্রোধশীল ও মহাদুঃখী হইবে। ৮ ॥

পুত্রস্থানস্থিত চন্দ্র ভোজনভাবগত হইলে যে প্রকার বিশেষরূপ পুত্রচিন্তাকরিতেছয়, জায়াস্থানেরও সেইরূপফল চিন্তাকরিবে এবং ভোজনভাবে চন্দ্র থাকিলে, অতিশয়লোভী, জ্ঞাতিগণে পরিপূরিত, দাতা, ভোক্তা, অতিশয়মানী, ধনবান্, ক্রূরকর্ম্মা, চিররোগী, শ্লীপদী (গোদা), অতিশয় কৃশ এবং নিয়ত প্রবাসী হয়।৯॥

নৃত্যলিপ্সা ভাবে চন্দ্র থাকিলে, গুণবান্, ধার্ম্মিক, ধনবান্, অনেক পুত্রসম্পন্ন ও দাতা হইবে।১০॥

কৌতুকভাবস্থিত চন্দ্র নবম কিম্বা দশম স্থানে থাকিলে, সর্ব্বসুখসম্পন্ন, বিদ্বান্ এবং কদাপি দরিদ্র হইবে না।১১॥

নিদ্রাভাবে চন্দ্র থাকিলে, দদ্রুরোগযুক্ত, ক্লেশবিশিষ্ট, পাপী, রোগযুক্ত, পুত্রশোকাপ্ত, অতিশয় দুঃখী এবং নিয়ত পৃথিবী ভ্রমণশীল হয়।

কর্ম্মস্থান ব্যতীত অন্য স্থানে চন্দ্র থাকিলে এইরূপ ফল হয় না, ইহার বিপরীত ফল ঘটে এবং বিশেষ এই যে বহুল কন্যাসন্তান হয় আর স্ত্রীর মৃত্যু হইয়াকে। নিদ্রাভাবস্থিত চন্দ্র বৃহস্পতির সহিত মিলিত হইয়া যে কোন স্থানে থাকিলে সর্ব্বত্র শুভকর হয়। আর রাহুর সহিত মিলিত হইয়া নিদ্রাভাবে চন্দ্র থাকিলে সর্ব্বনাশ হয় এবং সহস্র দোষ ঘটিয়াথাকে ॥১২॥

## অথ কুজস্য।

শয়নে চ কুজে জাতো লম্পটঃ কৃপণঃ সুখী।
মহাক্রোধী মহাদক্ষঃ পণ্ডিতো জায়তে নরঃ ॥
পঞ্চমে সপ্তমে বাপি শয়নস্থো যদা কুজঃ।
নাশয়েৎ প্রথমাপত্যং নারীঞ্চ প্রথমাং পুনঃ ॥
শক্রগেহী যদা ভৌমো রিপুণা চাবলোকিতঃ।
ভুজচ্ছেদো ভবেচ্চৈব কর্ণাদিষু বিশেষতঃ ॥
শনিরাহুসমাযুক্তঃ স চ ভৌমো যদা ভবেৎ।
তদা তস্য শিরশ্ছেদো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ ॥
শয়নে চ যদা লগ্নে নানা রোগসমন্বিতঃ।
দেহভঙ্গমবাপ্নোতি দদ্রুকুষ্ঠবিচর্চ্চিকৈঃ ॥১॥
উপবেশে যদা ভৌমো জায়তে চ নরাধমঃ।
ধনবান্ ক্রূরকর্ম্মা চ নিষ্ঠুরো জ্ঞাতিবর্জ্জিতঃ ॥
পাপশীলো মহারোগী দরিদ্রো বিকলো মহান্।
যদি লগ্নে বিশেষেণ বক্তব্যঞ্চ সুনিশ্চিতং ॥
ধর্ম্মস্থানে ভবেচ্চৈব কর্ম্মস্থানে বিশেষতঃ।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ তথা পুত্রকলত্রয়োঃ ॥
শুভৈর্যদি সমাযুক্তো মিত্রযুক্তো ভবেৎ পুনঃ।
তদৈতদ্বিপরীতঞ্চ জ্ঞাতব্যঞ্চ বলাবলৈঃ ॥২॥
নেত্রপাণৌ চ যো জাতশ্চক্ষুর্হীনো ভবেচ্চ সঃ।
পুত্রদারধনৈস্ত্যক্তো দারিদ্রেণৈব দহ্যতে ॥

এতল্লগ্নে বিচার্য্যং।

অন্ত্যস্থানে স্থিতো ভৌমো নেত্রপাণৌ যদা ভবেৎ।
তদা সর্ব্বসুখং তস্য পুত্রদারধনৈর্যুতং ॥
দেহমান্দ্যং ভবেৎ কিঞ্চিৎ সন্ধৌ ভবতি বেদনা।
ব্যাঘ্রভীতিঃ সর্পভীতিশ্চাগ্নৌ ভীতির্জ্জলে ভয়ং ॥
দ্বিতীয়ে সপ্তমে বাপি ধনহীনো ভবেন্নরঃ।
জায়া চ ম্রিয়তে তস্য ভূমিজীবী ভবেৎ সদা ॥৩॥
প্রকাশনে কুজে জাতো ধনবান্ ক্ষণিকঃ সুখী।
ক্ষতাদির্ব্বামনেত্রে চ উচ্চাচ্চ পতনং ধ্রুবং ॥
সুতস্থানে কলত্রে বা যদি দৈবাত্তবেৎ পুনঃ।
তদা সর্ব্বান্ সুতান্ হন্তি নারীঞ্চৈব ন সংশয়ঃ ॥
যত্র তত্র স্থিতো ভৌমঃ পাপযুক্তো ভবেদ্যদি।
পতিতং তং বিজানীয়াৎ শনিযুক্তশ্চ গোবধী ॥৪॥
প্রবাসী গমনেচ্ছায়াং গুদরোগী ভবেচ্চ সঃ।
ধনহীনঃ কুকর্ম্মা চ জায়তে ক্ষিতিজস্য তু ॥৫॥
গমনে চ যদা জাতঃ প্রবাসী নিত্যদুঃখিতঃ।
শরীরে চ ভবেদ্রোগো দদ্রুকুষ্ঠবিচর্চ্চিকাঃ ॥
পিত্তশূলী মহাতেজাঃ সন্ধৌ ভবতি বেদনা।
ক্ষিপ্রকর্ম্মা মহাধৈর্য্যঃ স্ত্রীবশো বহুভাষকঃ ॥
চক্ষুর্হীনঃ শিরোরোগী দন্তশূলী ভবেন্নরঃ।
ত্বগ্রোষস্য ভবেৎ কিঞ্চিৎ দংষ্ট্রিনো ভয়মদ্ভুতং ॥
এতল্লগ্নে ভবেচ্চৈবমন্যভাবেষু নৈব চ।
নানাধনী মহাদক্ষো রাজপুত্রো ভবেন্নরঃ ॥
কিন্তস্য দেহমান্দ্যঞ্চ শরীরে নিত্যমেব চ।
দাতা ভোগী ভবেচ্চৈব জায়তে চ ধনেশ্বরঃ ॥৬॥
সভায়াঞ্চ যদা জাতো ধার্ম্মিকো বহুসম্পদঃ।
গুণবাংশ্চ মহাদাতা শিরোরোগী ভবেচ্চ সঃ ॥
নবমে পঞ্চমে চৈব সভায়াঞ্চ যদা কুজঃ।
ধর্ম্মহীনঃ কর্ম্মহীনো ধর্ম্মে বিঘ্নং পদে পদে ॥
সুতস্থানে যদা ভৌমো দ্বাদশে চ ভবেৎ পুনঃ।
তদা সর্ব্বান্ সুতান্ হন্তি কথিতং মুনিপুঙ্গবৈঃ ॥৭॥
কুজস্যাগমনে নিত্যং খঞ্জো ভবতি নান্যতে।
কর্ণরোগী পিত্তশূলী জায়তে চ নরাধমঃ ॥
ধনবান্ ধার্ম্মিকশ্চৈব যদি স্যাদ্দশমে পুনঃ।
নানাধনী মহামানী দ্বিভার্য্যো বহুপুত্রকঃ ॥৮॥
ভোজনে ভূমিজস্যাপি যো জাতো মাংসলুব্ধকঃ।
স্বল্পাকারো মহাক্রোধী নিত্যোৎসাহী ধনান্বিতঃ ॥
অষ্টমস্থো যদা ভৌমো ভোজনে শয়নেঽপি বা।
তদা তস্যাপমৃত্যুঃ স্যাৎ পশুভির্হন্যতে ততঃ ॥৯॥

কুজস্থ নৃত্যলিপ্সায়াং যো জাতো ধনবান ভবেৎ।
দাতা ভোক্তা সদা সৌখ্যং ধনেশশ্চ ভবেন্নরঃ ॥
লগ্নে দ্বিতীয়গে বাপি কর্ম্মস্থানে স্থিতোঽপি বা।
সপ্তমেঽপি যদা ভৌমঃ সর্ব্বসৌখ্যপ্রদায়কঃ ॥
নবমস্থোঽষ্টমস্থো বা নানাদুঃখপ্রদায়কঃ।
অপমৃত্যুর্ভবেচ্চৈব ধর্ম্মহানিঃ পদে পদে ॥১০॥
কৌতুকে ক্ষিতিজস্যাপি জাতো ভবতি পণ্ডিতঃ।
নানাধনৈশ্চ সংযুক্তো দ্বিভার্য্যো বহুকন্যকঃ ॥
বিহায় পঞ্চমস্থানং সপ্তমং নবমস্তথা।
তত্রৈতদ্বিপরীতন্তু বক্তব্যঞ্চ সুনিশ্চিতং ॥
বিশেষতশ্চ বৈকল্যং নানারোগসমন্বিতঃ।
প্রথমাপত্যনাশঃ স্যাৎ কলত্রাণান্তথৈব চ ॥১১॥
নিদ্রায়াঞ্চ চ কুজে জাতো মূর্খো ভবতি মানবঃ।
ধনহীনো মহাক্রোধী জায়তে চ নরাধমঃ ॥
লগ্নে দ্বিতীয়গে বাপি তৃতীয়ে নবমে তথা।
দশমৈকাদশে বাপি এতদ্বাচ্যং তথা বুধৈঃ ॥
পঞ্চমে সপ্তমে বাপি যস্য নিদ্রান্বিতঃ কুজঃ।
তস্যাপত্যস্য বাহুল্যং নানাসুখসমন্বিতং ॥
বাচনা সহিতো ভৌমো যদি নিদ্রান্বিতো ভবেৎ।
নাশয়েৎ প্রথমাপত্যং নানাদুঃখপ্রদায়কঃ ॥
ধনং কলত্রবহুলো দাতা সর্ব্বগুণান্বিতঃ।
কিঞ্চিদ্দোষো ভবেত্তস্য পাদমধ্যে রুজান্বিতঃ ১২॥

অথ মঙ্গলের ভাবফল।

শয়নভাবে মঙ্গল থাকিলে, লম্পট, কৃপণ, সুখী, অতিশয়ক্রোধযুক্ত, অত্যন্তনিপুণ ও পণ্ডিত হইয়াথাকে। যদি শয়নভাবস্থ মঙ্গল পঞ্চমস্থানে থাকে তবে প্রথম সন্তানের হানিকরে, আরসপ্তমস্থানে শয়নভাবে থাকিলে প্রথমপত্নীর বিনাশ হয়।

শয়নভাবস্থিত মঙ্গল শত্রুক্ষেত্রে গতহইয়া শত্রুকর্ত্তৃক দৃষ্ট হইলে, হস্তচ্ছেদ। বিশেষত কর্ণাদিচ্ছেদনও ঘটিয়া থাকে। যদি মঙ্গল শনি ও রাহুর সহিত মিলিতহয়, তবে মস্তকচ্ছেদন হইয়াথাকে, মুনিগণ এইরূপ ব্যাখ্যা করিয়া থাকেন।

শয়নভাবস্থিত মঙ্গল লগ্নে থাকিলে, নানাবিধরোগযুক্ত, দদ্রু (দাদ্) কুষ্ঠ ও বিচর্চ্চিকাদি (পাদরোগবিশেষ) রোগদ্বারা দেহভঙ্গ প্রাপ্তহয়। ১॥

উপবেশনভাবে মঙ্গল থাকিলে, নরাধম, ধনবান্, ক্রূরকর্ম্মকারী, নিষ্ঠুর, জ্ঞাতিবর্জ্জিত, পাপপরায়ণ, মহারোগযুক্ত, দরিদ্র ও অতিশয় অবশ হইবে। যদি উপবেশনভাবস্থ মঙ্গল লগ্নে থাকে তবে নিশ্চয় এসমস্ত ঘটনা হইবে। এবং ধর্ম্মস্থান অর্থাৎনবমস্থানে বিশেষত কর্ম্মস্থানে থাকিলে সমুদায় বিনষ্ট হয় এবং পুত্র ও কলত্রেরও নিধন ঘটে। যদি অনেকশুভগ্রহ ও মিত্রগ্রহের সহিত মিলিত থাকে, তবে বলাবল দ্বারা ইহার বিপরীত ঘটনা ঘটিবে। ২॥

নেত্রপাণিভাবস্থিত মঙ্গল লগ্নে থাকিলে, চক্ষুহীন, স্ত্রী পুত্র ও ধনত্যক্ত এবং সর্ব্বদা দরিদ্রতায় দগ্ধ হইয়াথাকে।

মঙ্গল নেত্রপাণিভাবে থাকিয়া লগ্নব্যতীত অন্যস্থানে থাকিলে, সর্ব্বত্রসুখকর, পুত্র দারা ও ধনযুক্ত, দেহমধ্যে কিঞ্চিৎজড়তা এবং অঙ্গসন্ধি বেদনাযুক্ত, ব্যাঘ্র সর্প ও অগ্নি এবং সলিলভয়যুক্ত হয়।

দ্বিতীয় ও সপ্তমভবনে মঙ্গল থাকিলে, ধনহীন, সর্ব্বদা ভূমিজীবী ও পত্নীরমৃত্যু হইবে। ৩॥

প্রকাশনভাবে মঙ্গল থাকিলে, ধনবান্, ক্ষনিকসুখযুক্ত, বামলোচনে ক্ষতাদি চিহ্নবিশিষ্ট এবং নিশ্চয় উচ্চহইতে পতিত হইবে।

প্রকাশনভাবগত মঙ্গল দৈবাৎ সুতস্থানে থাকিলে সমুদয় পুত্র বিনষ্ট হয় এবং সপ্তমস্থানে থাকিলে স্ত্রী বিনাশ হইবে।

প্রকাশনভাবস্থিত মঙ্গল পাপগ্রহেরসহিত মিলিত হইয়া কোনস্থানে থাকিলে পতিত অর্থাৎ জাতিভ্রষ্ট এবং শনিযুক্ত হইলে গোবধী হইয়াথাকে। ৪॥

গমনেচ্ছাভাবে মঙ্গল থাকিলে, প্রবাসশীল, গুহ্যরোগযুক্ত, ধনহীন ও কুকর্ম্মকারী হইবে। ৫ ॥

গমনভাবে মঙ্গল থাকিলে, প্রবাসী, নিয়তদুঃখিত, শরীরে দদ্রু কুষ্ঠ ও বিচর্চ্চিকা (পাদরোগবিশেষ) রোগযুক্ত, পিত্তশূলী, অতিশয় তেজস্বী, অঙ্গসন্ধিতে বেদনাবিশিষ্ট,

ক্ষিপ্রকারী, মহাঐশ্বর্য্যসম্পন্ন, স্ত্রীবশীভূত, বহুত্যাগী, নেত্রহীন শিরোরোগী, দন্তশূলরোগবিশিষ্ট, কিঞ্চিৎ ত্বক্‌দোষযুক্ত, এবং অদ্ভুত দংষ্ট্রিভয়যুক্ত হয়। গমনভাবস্থিত মঙ্গল লগ্নে থাকিলে, এই সমস্ত ফল ঘটিবে। পরন্তু অন্যভাবস্থ হইলে এ সমুদায় ঘটিবে না, বরঞ্চ নানাবিধ ধনে ধনবান্, মহাদক্ষ ও রাজপুত্র হইবে। কিন্তু নিয়ত তাহার দেহ জড়ীভূত থাকিবে, এবং সে দাতা, ভোক্তা ও বহু ধনের ঈশ্বর হইবে ॥ ৬ ॥

মঙ্গল সভাস্থিতভাবে থাকিলে, যাহার জন্ম হয়, সে ধার্ম্মিক, অনেকসম্পত্তিবিশিষ্ট, গুণবান্, অত্যন্ত দাতা, এবং শিরোরোগী হইয়া থাকে।

মঙ্গল সভাস্থিত হইয়া নবম বা পঞ্চম স্থান গত হইলে, জাত ব্যক্তি ধর্ম্মকর্ম্মহীন হয় ও তাহার পদে পদে ধর্ম্মবিঘ্ন ঘটিয়া থাকে। মুনিশ্রেষ্ঠগণ কহিয়া থাকেন যে, সুতস্থানে বা দ্বাদশস্থানে মঙ্গল থাকিলে সমুদায় পুত্র বিনষ্ট হয় ॥৭॥

মঙ্গল আগমনভাবে থাকিলে, চিরকাল খঞ্জ, কর্ণরোগযুক্ত, পিত্তশূলরোগাক্রান্ত নরাধম (নীচপ্রকৃতি) ধনবান্, এবং ধার্ম্মিক হয়।

আগমনভাবস্থিত মঙ্গল দশম স্থানে থাকিলে, নানাধনে ধনবান্, মহামানী, ভার্য্যাদ্বয়শালী ও বহুপুত্রসম্পন্ন হইবে ॥৮॥

মঙ্গল ভোজনভাবে থাকিলে, মাসংলোভী, ক্ষুদ্রাকৃতি, অতিশয় ক্রোধযুক্ত, নিয়ত উৎসাহসম্পন্ন ও ধনবান্ হয়।

অষ্টম স্থানস্থ মঙ্গল যদি ভোজনভাবে বা শয়নভাবে থাকেন, তাহা হইলে পশুকর্ত্তৃক আহত হইয়া তাহার অপমৃত্যু হইবে ॥৯॥

মঙ্গল নৃত্যলিপ্সাভাবে থাকিলে, যাহার জন্ম হইবে সে ধনবান্, দাতা, ভোক্তা, সর্ব্বদা সুখযুক্ত ও গোধনস্বামী হইবে।

নৃত্যলিপ্সাভাবস্থিত মঙ্গল লগ্নে, দ্বিতীয়ে, দশমে বা সপ্তম গৃহে থাকিলে, সর্ব্বসুখদাতা হন। পরন্তু নবম কিম্বা অষ্টমস্থানস্থ হইলে, নানাবিধ দুঃখদাতা হন এবংজাতসন্তানের পদে পদে ধর্ম্মহানি ও অপমৃত্যু হইয়া থাকে ॥১০॥

মঙ্গল কৌতুকভাবে থাকিলে সন্তান পণ্ডিত, নানাপ্রকার ধনযুক্ত, দ্বিভার্য্যাযুক্ত ও অনেক কন্যাসন্ততিবিশিষ্ট হইবে।

পঞ্চম, সপ্তম ও নবম স্থান ব্যতীত অন্য স্থানে মঙ্গল কৌতুকভাবে থাকিলে, উক্ত ফল হয়। যদি উক্ত স্থান ত্রয়ের মধ্যে কোন এক স্থানে থাকেন, তাহা হইলে ঐ সকল ফলের বিপরীত ঘটনা হয়, বিশেষতঃ অঙ্গবৈকল্য, নানাবিধ রোগ, প্রথম পুত্রনাশ ও পত্নীনাশ ঘটিয়া থাকে ॥১১॥

মঙ্গল নিদ্রাভাবে থাকিলে, যাহার জন্ম হয়, সে মুর্খ, ধনহীন, অতিশয় ক্রোধী ও নরাধম হয়। লগ্ন, দ্বিতীয়, তৃতীয়, নবম ও একাদশ স্থানে থাকিলে এই সকল ফল হইবে এবং নিদ্রাভাবস্থিত মঙ্গল সপ্তম বা পঞ্চম স্থানে থাকিলে বহু সন্ততিযুক্ত ও নানাবিধ সুখে সুখী হয়।

নিদ্রাভাবস্থিত মঙ্গল যদি রাহুর সহিত মিলিত হন, তাহা হইলে (জাতব্যক্তির) প্রথম পুত্রের নাশ, নানাবিধ দুঃখভোগ, ধন ও অনেক পত্নী হয়, বিশেষত সে ব্যক্তি দাতা, সর্ব্বগুণালঙ্কৃত ও পাদমূলে কিঞ্চিৎ রোগযুক্ত হইয়া থাকে ॥১২॥

### অথ বুধস্য ভাবফলম্।

শয়নে চ বুধে জাতো ধনবান্ ক্ষুধিতঃ সদা।
অঙ্গচ্ছেদো ভবেদ্বাপি খঞ্জো ভবতি নান্যথা ॥
যদি লগ্নে ভবেদ্বাপি এতদ্বাচ্যং সদা বুধৈঃ।
অন্যস্থানে স্থিতশ্চৈব দরিদ্রো বহুলম্পটঃ ॥১॥
উপবেশে চ যো জাতঃ স বাগ্মী জায়তে ধ্রুবম্।
কবিতাগুণসংযুক্তো গৌরবর্ণো মহাশুচিঃ ॥
যদি পাপসমাযুক্তঃ শত্রুণা যদি বীক্ষিতঃ।
মহাপাতকযোগোঽয়ং বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ ॥
স্বগৃহী মিত্রযুক্তো বা নানাসুখপ্রদায়কঃ।
পুণ্যবান্ ধার্ম্মিকশ্চৈব চক্ষূরোগশ্চ কেবলম্ ॥ ২ ॥
নেত্রপাণৌ তথা জাতঃ শ্রীপদী চ তথা শশঃ।
বিদ্যাহীনো বিশেষেণ পুত্রনাশো ভবেৎ ধ্রুবম্ ॥
পঞ্চমস্থো যদা সৌম্যো নেত্রপাণৌ ভবেদ্যদি।
নাশয়েৎ প্রথমং পুত্রং কন্যা চ বহুলা ভবেৎ ॥ ৩ ॥

প্রকাশনে ভবেদ্দাতা ধার্ম্মিকোঽপি ধনান্বিতঃ।
নানাগুণসমাযুক্তো জায়তে বেদপারগঃ ॥৪॥
গমনেচ্ছায়াঞ্চ যো জাতো লম্পটো দক্ষ এবচ।
স্ত্রীবশো দুষ্টভার্য্যশ্চ কামুকো বহুভাষকঃ ॥
নানাদুঃখং ভবেত্তস্য সর্ব্বরোগসমন্বিতঃ।
দণ্ডাঘাতী ভবেচ্চৈব কলহো নিত্যমেব চ ॥ ৫ ॥
গমনে চ বুধে জাতো জলদোষী ভবেন্নরঃ।
বাণিজ্যে ধনলাভশ্চ সর্পাদ্ভীতির্জলে ভয়ম্ ॥
নানাদুঃখং ভবেত্তস্য স্ত্রীনাশো বন্ধুনাশকঃ।
মূর্খোঽথ বিকলশ্চৈব সর্ব্বগুণবিবর্জ্জিতঃ ॥ ৬ ॥
সভায়ামপি যো জাতো মূর্খো ভবতি নিশ্চিতম্।
ধনবান্ ধার্ম্মিকশ্চৈব চিররোগী ভবেচ্চ সঃ ॥
পঞ্চমে দ্বাদশে বাপি সভায়াঞ্চ সুধাংশুজঃ।
স্ত্র্যর্পত্যং বহুলং দত্তে কার্পণ্যঞ্চ বিশেষতঃ ॥
সপ্তমে চ যদা সৌম্যঃ সভায়াঞ্চ যদা স্থিতঃ।
তদা সর্ব্বসুখন্তস্য কৃষ্ণবর্ণো দুরাসদঃ ॥ ৭ ॥
ক্রূরঃ খলোঽতিমূর্খশ্চ পাপশীলো ভবেন্নরঃ।
বুধস্যাগমনে নিত্যং জায়তে চ নরাধমঃ ॥
পুত্রদ্বয়ং ধনং কিঞ্চিন্নানামতিশ্চ জায়তে।
গুহ্যস্থানে ভবেদ্রোগো মূত্রকৃচ্ছ্রং সুদারুণম্ ॥ ৮ ॥
ভোজনে চ বুধে জাতো ধনহীনো ভবেন্নরঃ।
পরদ্বেষী প্রবাসী চ শেষে সর্ব্বরুজান্বিতঃ ॥
ক্ষতাদির্ব্বামদেহে চ ব্রণদদ্রুবিচর্চ্চিকাঃ।
বংক্ষণে বেদনা চৈব শিরোরোগী বিশেষতঃ ॥ ৯ ॥
যো জাতো নৃত্যলিপ্সায়াং ধনবান্ পণ্ডিতঃ কবিঃ।
উৎসাহী চ মহাহৃষ্টো ভুনক্তি সুখমদ্ভুতম্ ॥
পঞ্চপুত্রী ভবেৎ সোঽপি চতস্রস্তস্য কন্যকাঃ।
ভার্য্যাদ্বয়ং তথা জ্ঞেয়ং সর্ব্বগুণসমন্বিতম্ ॥ ১০ ॥
কৌতুকে চ যদা জাতো ভবেৎ সর্ব্বজনপ্রিয়ঃ।
অর্শরোগী দদ্রুযুক্তস্ত্বগ্রোগী চ ন সংশয়ঃ ॥
পঞ্চমে দশমে বাপি কৌতুকে চ সুধাংশুজঃ।
প্রথমাপত্যহানিঃ স্যাৎ স্ত্র্যপত্যং বহুলং ভবেৎ ॥
কর্ম্মস্থানে ভবেদ্বাপি ধর্ম্মস্থানে তথৈব চ।
নানাসুখং ভবেত্তস্য সর্ব্বকর্ম্মসমন্বিতম্ ॥ ১১ ॥
নিদ্রায়াঞ্চ যদা জাতঃ সর্ব্বদুঃখৈকভাজনঃ।
অল্পায়ুশ্চ ভবেৎ সোঽপি বিবাদী চ ন সংশয়ঃ ॥
তনুস্থানে ভবেদ্বাপি কর্ম্মস্থানে তথৈব চ।
পূর্ব্বোক্তঞ্চ ফলং যচ্চ তদেব স্যাৎ সুদারুণম্।
অন্য স্থানে ভবেদ্বাপি বিপরীতফলং বদেৎ।
ধনধান্যসুতঞ্চৈব বক্তব্যঞ্চ সুনিশ্চিতম্ ॥ ১২ ॥

### অথ বুধের ভাবফল।

বুধ শয়নভাবে থাকিলে (জাত সন্তান) ধনবান্, সর্বদা ক্ষুধাযুক্ত ও খঞ্জ হয়। তাহার অঙ্গচ্ছেদ হইয়া থাকে, সন্দেহ নাই। শয়নভাবস্থিত বুধ লগ্নে থাকিলে, এই সমুদায় ফল ঘটিয়া থাকে এবং অন্য স্থানে থাকিলে, দরিদ্র ও অতিশয় লম্পট হয় ॥১॥

বুধ উপবেশনভাবে থাকিলে, (প্রসূত কুমার) কবিতা-শক্তিযুক্ত বাক্‌পটু, গৌরবর্ণ ও অতিশয় বিশুদ্ধাচার হইয়া থাকে।

বিষ্ণু এইরূপ কহিয়াছেন যে, উপবেশনভাবস্থিত বুধ পাপগ্রহের সহিত মিলিত এবং শত্রুগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে মহাপাতক যোগ হয়। আর উক্ত ভাবস্থ বুধ স্বক্ষেত্রে থাকিলে কিম্বা মিত্র গ্রহের সহিত যুক্ত হইলে নানাবিধ সুখপ্রদান করেন এবং জাতবালক পুণ্যবান্ ও ধার্ম্মিক হয়, কেবলমাত্র তাহার চক্ষুরোগ হইয়া থাকে ॥২॥

বুধ নেত্রপাণিভাবে থাকিলে, যাহার জন্ম হয়, সে শ্রীপদী (গোদা) শশ* (চতুর্বিধ পুরুষ মধ্যে এক প্রকার পুরুষ) ও বিদ্যাহীন হয় এবং তাহার পুত্রনাশ ঘটে। যদি বুধ পঞ্চম স্থানে থাকিয়া নেত্রপাণিভাবে অবস্থিতি করেন, তাহা হইলে প্রথম পুত্র বিনষ্ট হয় এবং অনেক কন্যা-সন্তান হইয়া থাকে ॥৩॥

বুধ প্রকাশনভাবে থাকিলে জাতব্যক্তি দাতা, ধার্ম্মিক, ধনবান্, বহুতরগুণযুক্ত ও বেদপারগ হয়॥ ৪ ॥

বুধ গমনেচ্ছাভাবে থাকিলে জাতব্যক্তি লম্পট, নিপুণ, স্ত্রীবশ, দুষ্টভার্য্যাসম্পন্ন, কামুক, বাচাল, নানা-দুঃখযুক্ত, নানারোগান্বিত, নিত্যকলহকারী ও দণ্ডাঘাতপ্রাপ্ত হইবে ॥৫॥

---

* শশলক্ষণং যথা রতিমঞ্জর্য্যাং। মৃদুবচনসুশীলঃ কোমলাঙ্গঃ সুকেশঃ সকলগুণনিধানঃ সত্যবাদী শশোঽয়ম্।

বুধ গমনভাবে থাকিলে জাতমনুষ্যের জলদোষরোগ, বাণিজ্য দ্বারা ধনলাভ, সর্পভয়, সলিলভয়, নানাপ্রকার দুঃখভোগ, স্ত্রীবিয়োগ, বন্ধুনাশ, মূর্খতা, সমস্তগুণবিহীনতা এবং অঙ্গবৈকল্য হইয়া থাকে॥ ৬॥

বুধ সভাবসতিভাবে থাকিলে জাত ব্যক্তি নিশ্চয় মূর্খ, ধনবান্, ধার্ম্মিক ও চিররোগী হইবে।

সভাস্থিত বুধ পঞ্চম কিম্বা দ্বাদশ স্থানে থাকিলে সন্তান বহুভার্য্যাসম্পন্ন ও অনেক পুত্রযুক্ত এবং বিশেষরূপ কৃপণতাবিশিষ্ট হইয়া থাকে।

যদি সভাবস্থিত বুধ সপ্তম স্থানে থাকেন, তাহা হইলে প্রসূত কুমার স্বল্পসুখসম্পন্ন, কৃষ্ণবর্ণ ও দুর্দ্ধর্ষ হয়॥ ৭॥

বুধ আগমনভাবে থাকিলে যাহার জন্ম হয়, সে ক্রূরপ্রকৃতি, খল, অতিশয় মূর্খ, পাপশীল, নরাধম, দুইটি পুত্রযুক্ত, কিঞ্চিৎ ধনসম্পন্ন, নানাপ্রকার মতিযুক্ত, গুহ্যরোগবিশিষ্ট ও সুদারুণ মূত্রকৃচ্ছ্র রোগে আক্রান্ত হইয়া থাকে॥ ৮

বুধ ভোজনভাবে থাকিলে, জাতসন্তান ধনহীন পরদ্বেষ্টা, প্রবাসী, শেষবয়সে রোগার্ত্ত, বামদেহে ক্ষতাদিযুক্ত, ব্রণ দদ্রু বিচর্চ্চিকাদি রোগান্বিত, বংক্ষণে (কুঁচকীস্থলে) বেদনাবিশিষ্ট ও বিশেষরূপ শিরোরোগী হয়॥ ৯॥

যাহার জন্ম সময়ে বুধ মৃত্যলিপ্সাভাবস্থিত থাকিবেন, সে ধনবান্, পণ্ডিত, কবি, উৎসাহান্বিত, অতিশয় ক্রোধী, অদ্ভুত সুখভোগী হইবে, এবং তাহার পাঁচটি পুত্র, চারিটি কন্যা ও সর্ব্বগুণসমন্বিতা দুইটি ভার্য্যা হইবে॥১০॥

যদি জন্ম সময়ে বুধ কৌতুকভাবে থাকেন, তাহা হইলে সন্তান সর্ব্বজনপ্রিয়, অর্শরোগবিশিষ্ট, দদ্রুযুক্ত ও ত্বক্রোগী অর্থাৎ গাত্রকণ্ডূযুক্ত হইবে, তাহাতে সংশয় নাই।

যাহার জন্ম লগ্ন হইতে পঞ্চম কিম্বা দশম রাশিতে বুধ কৌতুকভাবাবস্থিত হন, তাহার প্রথমাপত্য নাশ হয় এবং অনেক কন্যা জন্মে। যদি কৌতুক ভাববিশিষ্ট বুধ লগ্নাপেক্ষা কর্ম্ম (দশম) ও ধর্ম্ম (নবম) স্থানে থাকেন, তাহা হইলে সমস্ত শুভকর্ম্মের সহিত নানাসুখভোগ হয়॥১১॥

যাঁহার জন্ম সময়ে বুধ নিদ্রাভাবে থাকিবেন, সে সমস্ত দুঃখের একমাত্র পাত্র, অল্পায়ু এবং বিবাদকারী হইবে। লগ্নে কিম্বা দশম স্থানে বুধ নিদ্রাভাবে থাকিলে যে সুদারুণ ফল উক্ত হইল, তাহাই হইবে। অন্য স্থানে থাকিয়া বুধ যদি নিদ্রাভাবস্থিত হন, তাহা হইলে ঐ ফলের বিপরীত ফল হইবে, অর্থাৎ সুখী, দীর্ঘায়ু, বিবাদ রহিত, ধনবান্, ধান্যযুক্ত ও সন্তানবিশিষ্ট হইবে॥ ১২॥

## অথ বৃহস্পতের্ভাবফলম্।

শয়নে চ গুরোর্জাতো বিদ্যাবুদ্ধিসমন্বিতঃ।
নানাগুণসমাযুক্তো দাতা চ মানবঃ সুখী॥ ১॥
উপবেশে গুরৌ দুঃখী বহুভাষী চ রোগবান্॥
দন্তাঘাতী মহাশিল্পী শ্লীপদী রোগসংযুতঃ॥
দ্বিতীয়ে দ্বাদশে বাপি তৃতীয়ৈকাদশে তথা।
সর্ব্বগুণসমাযুক্তো নানাবিদ্যাসু তৎপরঃ॥ ২॥
নেত্রপাণৌ তথা গৌরঃ শীর্ষরোগী ধনী ভবেৎ।
কার্য্যহানির্ভবেত্তস্য সংশয়স্তু পদে পদে॥
ক্ষতাদিশ্চরণে নিত্যং লগ্নে চৈব ন সংশয়ঃ॥
নবষষ্ঠাষ্টমে বাপি নেত্রপাণৌ গুরুর্ভবেৎ।
শত্রুক্ষয়ং ভবেত্তস্য গঙ্গায়াং মরণং ধ্রুবম্॥ ৩॥
গুরোঃ প্রকাশে ধনবান্ নানারত্নসমাযুতঃ।
রাজপাত্রো ভবেন্নিত্যং লগ্নে বা দশমে পুনঃ॥ ৪॥
গুরোশ্চ গমনেচ্ছায়াং জাতো ভবতি পণ্ডিতঃ।
যদ্যন্যত্র ভবেজ্জীবো লিঙ্গে চৈব রুজান্বিতঃ॥
মূর্খস্তু লম্পটঃ পাপী শ্যামবর্ণো রুজান্বিতঃ।
সেবাকর্ম্মরতঃ শূলী প্রবাসী ধনবানপি॥
গুরোশ্চ গমনেচ্ছায়াং জাতো ভবতি মানবঃ।
দ্বিতীয়ে পঞ্চমে চৈব সপ্তমে দশমে তথা॥
অন্য স্থানে ভবেদ্বাপি বৈপরীত্যেন চিন্তনম্॥ ৫॥
সর্পভীতশ্চোগ্রকর্ম্মা সাহসী গমনে গুরোঃ।
পরবিত্তেন ধনবান্ পুমান্ ভবতি নিশ্চিতম্॥ ৬॥
বক্তা দাতা চ ধনবান্ রাজসেবান্বিতো নরঃ।
পণ্ডিতঃ সুন্দরো বাগ্মী সভায়াং গীষ্পতৌ স্থিতে॥
কেন্দ্রে চৈব যদা জীবঃ সভায়াঞ্চ ভবেৎ পুনঃ।
তদা সর্ব্বং সুখং জ্ঞেয়ং পরদারধনৈর্যুতম্॥
যদি দৈবান্তবেদ্বাপি দ্বাদশে চাষ্টমে তথা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ স নরো দুঃখভাজনঃ॥ ৭॥
ধার্ম্মিকস্তীর্থবান্ মানী ভবেদাগমনে গুরোঃ।
নানাতীর্থকরো নিত্যং উৎসাহী নিত্যগর্ব্বিতঃ॥ ৮॥

ভোজনে বিবিধং সৌখ্যং মাংসলুব্ধো মহত্তরঃ।
কামুকঃ প্রিয়বাদী চ যদি লগ্নে ভবেৎ পুনঃ॥
পঞ্চমে নবমে চৈব পুত্রধর্ম্মসমন্বিতঃ।
গৃহান্তে চ ভবেদ্বাপি সর্ব্বরোগসমাকুলঃ॥ ৯॥
নৃত্যেচ্ছায়াং ভবেদ্বাগ্মী ধনবান্ সাত্ত্বিকস্তথা।
মহদৈশ্বর্য্যসংযুক্তো জীবস্য তু ভবেৎ পুনঃ॥
লগ্নে বা নবমে বাপি দশমে পঞ্চমে তথা।
তৎ সর্ব্বং হি ভবত্যেব নান্যগেহে কদাচন॥ ১০॥
কৌতুকে চ গুরোর্জাতো ধনবান্ ধার্ম্মিকঃ সদা।
নিত্যোৎসাহী মহাহৃষ্টো ভুনক্তি সুখমক্ষতম্॥
কর্ম্মস্থানে ভবেদস্য লগ্নে বা সপ্তমে পুনঃ।
তদা সর্ব্বং ভবত্যেব বিপরীতমতোঽন্যথা॥ ১১॥
নিদ্রাভাবেষু যো জাতশ্চক্ষূরোগী ভবেচ্চ সঃ।
কৃপণো বহুভাষী চ দুঃখিতো ভ্রমতে মহীম্।
পঞ্চমে সপ্তমে বাপি কর্ম্মস্থানে তথাপি বা।
স্ত্রীনাশঃ পুত্রনাশশ্চ দৈন্যো ভবতি লগ্নগঃ॥ ১২॥

## অথ বৃহস্পতির ভাবফল।

জন্ম সময়ে বৃহস্পতি শয়নভাবে থাকিলে মানব বিদ্বান্ ধনসম্পন্ন নানাগুণের আশ্রয় এবং সুখী হয়॥ ১॥

জন্মকালে বৃহস্পতি উপবেশনভাবে থাকিলে, দুঃখী, বহুভাষী, রোগযুক্ত, কোন জীবের দন্তাঘাতবিশিষ্ট, অতিশয় শিল্পকর্ম্মবেত্তা এবং শ্লীপদী (গোদনামক রোগাক্রান্ত) ও উপতাপযুক্ত হয়। যদি লগ্ন হইতে দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয় কিম্বা একাদশ স্থানে থাকিয়া বৃহস্পতি উপবেশনভাব প্রাপ্ত হন, তাহা হইলে মানব সর্ব্বগুণালঙ্কৃত ও নানাবিদ্যায় নিপুণ হয়॥ ২॥

বৃহস্পতি লগ্নে থাকিয়া নেত্রপাণিভাবে থাকিলে, জাত সন্তান গৌরবর্ণ, মস্তকে রোগবিশিষ্ট, ও ধনী হয়, এবং তাহার কার্য্যের হানি, পদে পদে সংশয় এবং চরণে নিত্য ক্ষতাদি হইয়া থাকে।

লগ্ন হইতে নবম ষষ্ঠ কিম্বা অষ্টম গৃহে বৃহস্পতি নেত্রপাণিভাবে থাকিলে, তাহার শত্রুক্ষয় এবং নিশ্চয় গঙ্গাতে মৃত্যু হয়॥ ৩॥

বৃহস্পতি লগ্নে কিম্বা দশম গৃহে থাকিয়া, যদি প্রকাশন ভাবস্থ হন, তাহা হইলে সে সন্তান ধনবান্, নানাপ্রকার রত্নযুক্ত এবং রাজমন্ত্রী হয়॥৪॥

লগ্নস্থিত বৃহস্পতির গমনেচ্ছা সময়ে জন্ম হইলে সন্তান পণ্ডিত হয়। যদি বৃহস্পতি লগ্নে না থাকিয়া, উক্ত গমনেচ্ছাভাবস্থ হন, তাহা হইলে লিঙ্গে রোগ বিশিষ্ট হইবে।

বৃহস্পতি লগ্ন হইতে দ্বিতীয়, পঞ্চম, সপ্তম কিম্বা দশম গৃহে থাকিয়া, গমনেচ্ছাভাবস্থ হইলে জাত ব্যক্তি মুর্খ, লম্পট, পাপাত্মা, শ্যামবর্ণ, রোগাক্রান্ত, সেবাকর্ম্মনিরত, শূলরোগী, বিদেশবাসী এবং ধনবান্ হয়। যদি বৃহস্পতি উক্ত স্থানে না থাকেন, তাহা হইলে উক্ত ফলের বিপরীত ঘটিবে, বিবেচনা করিতে হইবে॥৫॥

বৃহস্পতির গমনভাবে জন্ম হইলে, কুমার সর্পভীরু, ক্রূরকর্ম্মকারী, সাহসী এবং নিশ্চয় অপরের ধনে ধনবান্ হয়॥ ৬॥

বৃহস্পতির সভাবসতি ভাব সময়ে জন্ম হইলে কুমার বক্তা, দাতা, ধনবান্, রাজসেবান্বিত, পণ্ডিত, সুন্দর এবং বাগ্মী হয়। যদি বৃহস্পতি কেন্দ্রে থাকিয়া, সভাবসতিভাব প্রাপ্ত হন, তাহা হইলে সন্তান সর্ব্বসুখবিশিষ্ট, পরস্ত্রীসম্ভোগযুক্ত ও ধনী হয়। আর দ্বাদশ কিম্বা অষ্টম স্থানে গুরু সভাবসতিভাবস্থ হইলে তাহার সমস্ত নাশ হইবে এবং সে দুঃখভাগী হইবে॥৭॥

জন্ম সময়ে বৃহস্পতি আগমনভাবে থাকিলে, কুমার ধার্ম্মিক, পণ্ডিত, মানী, নানাতীর্থ-পরিভ্রমণশীল, উৎসাহান্বিত এবং অহঙ্কারবিশিষ্ট হয়॥ ৮॥

ভোজনভাবস্থ গুরু লগ্নে থাকিলে জাত মানব নানাবিধ সুখভোগী, মাংসলোভী, শ্রেষ্ঠ, কামুক এবং প্রিয়ভাষী হয়। লগ্ন হইতে পঞ্চম কিম্বা নবম গৃহে থাকিলে, জাতব্যক্তি পুত্রবান্ ও ধার্ম্মিক হইয়া থাকে। যদি ভোজনভাবস্থ বৃহস্পতি লগ্ন হইতে দ্বাদশ স্থানে অবস্থিতি করেন, তাহা হইলে সর্ব্বপ্রকার রোগজন্য ব্যাকুল হয়॥ ৯॥

জন্মসময়ে বৃহস্পতি নৃত্যেচ্ছাভাবস্থিত হইলে, সন্তান পণ্ডিত, ধনবান্ সাত্ত্বিক, এবং অতিশয় ঐশ্বর্য্যশালী

হইবে। যদি বৃহস্পতি লগ্ন, পঞ্চম, নবম, কিম্বা দশমগৃহে থাকেন, তাহা হইলে উক্ত সমস্ত ফল লাভ হইবে, অন্য স্থানে থাকিলে ঐ সকল ফল প্রাপ্ত হইবে না ॥১০॥

বৃহস্পতির কৌতুকভাব সময়ে জন্ম হইলে কুমার ধনবান্, সর্ব্বদা ধর্ম্মপরায়ণ, নিয়ত উৎসাহবিশিষ্ট, অতিশয় আহ্লাদান্বিত এবং আশ্চর্য্য সুখভোগী হয়। যদি বৃহস্পতি দশম স্থানে কিম্বা লগ্নে অথবা সপ্তম গৃহে থাকেন, তাহা হইলে এই সমস্ত ফল ঘটে, উক্ত স্থানে না থাকিলে উক্ত ফলের বিপরীত হয় অর্থাৎ সন্তান নির্ধন, অধার্ম্মিক, উৎসাহবিহীন, আহ্লাদরহিত এবং দুঃখী হইবে ॥১১॥

জন্মসময়ে বৃহস্পতি নিদ্রাভাবস্থ হইলে, জাতসন্তান চক্ষূরোগী, কৃপণ, বহুবাক্যব্যয়ী এবং দুঃখিত হইয়া ভুমণ্ডল পরিভ্রমণশীল হয়। নিদ্রাভাব প্রাপ্ত গুরু যদি লগ্ন হইতে পঞ্চম কিম্বা সপ্তম অথবা দশম গৃহে থাকেন, তাহা হইলে তাহার স্ত্রীপুত্র নাশ হয়, আর লগ্নে থাকিলে, সে দরিদ্র হয় ॥ ১২ ॥

## অথ শুক্রভাবফলম্।

সপ্তমৈকাদশে বাপি শয়নে চ ভৃগোর্ভবেৎ।
তদা সর্ব্বসুখং জ্ঞেয়ং দারিদ্র্যং ন কদাচন ॥
অন্নঞ্চ বহুলঞ্চৈব সপ্ত পুত্রাঃ সুনিশ্চিতম্।
পঞ্চ কন্যাস্তথা জ্ঞেয়া গ্রহস্যাপি বলাবলে ॥
অন্যগেহেষু ধনবান্ বিদ্যাবান্ ধার্ম্মিকঃ পুনঃ।
নানাসুখং ভবেত্তস্য পুত্রনাশো ভবেৎ ধ্রুবম্ ॥ ১ ॥
উপবেশে ভৃগোর্জাতো ধনবান্ ধার্ম্মিকঃ সদা।
দক্ষিণাঙ্গে ক্ষতাদিশ্চ সন্ধৌ ভবতি বেদনা ॥
তুঙ্গস্থানে স্থিতো বাপি স্বগৃহী মিত্রসংযুতঃ।
তদা সর্ব্বসুখং প্রোক্তং পুত্রদারধনপ্রদঃ ॥ ২ ॥
নেত্রপাণৌ ভৃগৌ জাতশ্চক্ষুর্নাশো ভবেৎ ধ্রুবম্।
লগ্নে বা সপ্তমে বাপি তদা ভবতি নিশ্চিতম্ ॥
কর্ম্মস্থানে যদা শুক্রো নেত্রপাণির্ভবেদ্যদি।
তদা দারিদ্র্যদোষেণ সমুদ্রানপি শোষয়েৎ ॥
অন্যস্থানেষু সর্ব্বেষু দ্বিভার্য্যো বহুসম্পদঃ।
নানাতীর্থপরো মানী সাহসী রাজসেবকঃ ॥ ৩ ॥
প্রকাশনে ভৃগোর্জাতো ধনবান্ ধার্ম্মিকঃ শুচিঃ।
লগ্নে বাপি দ্বিতীয়ে বা নবমে বাথ সপ্তমে ॥
মিত্রগেহে স্থিতো বাপি তুঙ্গস্থানগতোঽপি বা।
তদা রাজ্যাস্পদং ভুঙ্ক্তে কর্ম্মস্থানে বিশেষতঃ ॥
অন্যগেহে যদা শুক্রঃ সর্ব্বরোগসমন্বিতঃ।
নিত্যপ্রবাসী দুঃখী চ জায়তে নৃত্যসংস্থিতঃ ॥ ৪ ॥
গমনেচ্ছায়াঞ্চ যো জাতো ভ্রাতৃনাশো ভবেৎ ধ্রুবম্।
মাতা চ ম্রিয়তে তস্য শৈশবে ব্যাধিসংযুতঃ ॥ ৫ ॥
শুক্রস্য গমনে জাতঃ পাদমূলে রুজান্বিতঃ।
নিত্যোৎসাহী মহাশিল্পী তীর্থেষু তৎপরো ভবেৎ ॥ ৬ ॥
সভায়াঞ্চ ভৃগোর্জাতো রাজপাত্রো ধনাধিপঃ।
কুশলঃ সর্ব্বকার্য্যেষু কেবলং শূলরোগবান্ ॥
শত্রুগেহী যদা শুক্রঃ শত্রুযুক্তোঽরিবীক্ষিতঃ।
তদা সর্ব্ববিনাশঃ স্যান্নানারোগসমন্বিতঃ ॥ ৭ ॥
ভৃগোরাগমনে জাতো দুঃখিতো বহুভাষকঃ।
দদ্রুরোগী পুত্রশোকী জায়তে চ নরাধমঃ ॥
রিপুগেহী রিপুযুক্তো রিপুণা বীক্ষ্যতে যদা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ স্ত্রীপুত্রস্য বিশেষতঃ ॥
দ্বিতীয়ে দশমে বাপি চতুর্থে চাষ্টমে তথা।
সর্ব্বদুঃখং ভবেত্তস্য নাত্র কার্য্যা বিচারণা ॥ ৮ ॥
শুক্রস্য ভোজনে জাতো বলবান্ ধার্ম্মিকঃ সদা।
মহাধনী ভবেন্নিত্যং বাণিজ্যেনাথ সেবয়া ॥
মন্দাগ্নিঃ পিত্তশূলী চ শিরোরোগী রুজান্বিতঃ।
নানাদুঃখং ভবেত্তস্য প্রবাসী পরসেবকঃ ॥ ৯ ॥
নৃত্যেচ্ছায়াঞ্চ যো জাতঃ স বাগ্মী জায়তে পুনঃ।
পাণ্ডিত্যং কবিতা চৈব বর্দ্ধতে চ দিনে দিনে ॥
যদি চৈব ভবেন্নীচে মূর্খো ভবতি নিশ্চিতম্।
তুঙ্গস্থানে স্বগেহে বা রাজপাত্রো মহাবলী ॥
কামুকো বহুকান্তশ্চ পরযোষিৎপ্রিয়ঃ সদা।
শ্যামবর্ণস্তথা মানী যাজ্ঞিকো বহুভাষকঃ ॥ ১০ ॥
শুক্রস্য কৌতুকে জাতো ধনবান্ সাত্ত্বিকো ভবেৎ।
মহাহৃষ্টো মহাবক্তা কৌতুকী চ ভবেৎ সদা ॥
বহুপুত্রকলত্রশ্চ নানাসুখসমন্বিতঃ।
নীচে তদ্বিপরীতং স্যাদ্দুঃখশোকসমন্বিতঃ ॥ ১১ ॥
নিদ্রায়াঞ্চ ভৃগোর্জাতো ভবেদ্রোগী সুনিশ্চিতম্।
নিত্যক্লেশযুতো রোগী দরিদ্রো বিকলো মহান্।
মিত্রস্থানে তু যাতস্য যদি নিদ্রা ভৃগোরপি।
তদা সর্ব্ববিনাশঃ স্যাদ্বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ ॥ ১২ ॥

### অথ শুক্রের ভাবফল।

লগ্ন হইতে সপ্তম কিম্বা একাদশ স্থানে শুক্র শয়নভাবে থাকিলে যাহার জন্ম হয়, সে নানাবিধ সুখভোগ করে, এবং জীবনমধ্যে কদাচ দরিদ্রতা ভোগ করে না। তাহার সাতটি পুত্র ও পাঁচটি কন্যা জন্মে। এই শুক্রগ্রহ অতিশয় বলবান্ হইলে, উক্ত সংখ্যা অপেক্ষাও অধিক সন্তান হইবে, এবং দুর্ব্বল হইলে উক্ত সংখ্যা হইতে অল্পসংখ্য সন্তান হইবে। আর শুক্র সপ্তম ও একাদশ স্থানে না থাকিয়া অন্য স্থানে নিদ্রাভাবস্থ হইলে যদি জন্ম হয়, তাহা হইলে সে ধনবান্, বিদ্বান্, ধার্ম্মিক ও নানা সুখসম্পন্ন হয়, এবং তাহার পুত্রনাশ ঘটে, সন্দেহ নাই ॥১॥

শুক্রের উপবেশনভাব সময়ে জন্ম হইলে সে সন্তান ধনবান্ ও ধার্ম্মিক হয়। তাহার দক্ষিণাঙ্গে ক্ষতাদি এবং শরীরের সন্ধিস্থানে বেদনা হইয়া থাকে। যদি শুক্র তুঙ্গ স্থানে অর্থাৎ মীন রাশিতে কিম্বা স্বীয় গৃহে (বৃষ কি তুলাতে) থাকিয়া মিত্রগৃহসংযুক্ত হন, তাহা হইলে স্ত্রীপুত্র ও ধন দান করেন। তাহাতে ঐ জাত কুমার নানাসুখে সুখী হয় ॥২॥

শুক্রের নেত্রপাণিভাব সময়ে জন্ম হইলে, চক্ষু নষ্ট হয়। ঐ শুক্র যদি লগ্নে কিম্বা সপ্তমে থাকে, তাহা হইলে নিশ্চয়ই চক্ষু নষ্ট হইয়া থাকে। যদি শুক্র নেত্রপাণিভাবে কর্ম্মস্থানে থাকেন, তাহা হইলে এতদূর দারিদ্র্যদোষ ঘটে যে, তাহাতে সমুদ্রকেও শুষ্ক করে। এই সকল স্থান ভিন্ন অন্য স্থানে শুক্র উক্ত ভাবে থাকিলে, দুইটি ভার্য্যা ও অতুল ঐশ্বর্য্য হয়, এবং সে নানা তীর্থ-পর্য্যটনকারী, মানী, সাহসান্বিত ও রাজসেবাপরায়ণ হইয়া থাকে ॥৩॥

লগ্নস্থানে দ্বিতীয়ে, সপ্তমে কিম্বা নবম গৃহে শুক্র যখন প্রকাশনভাবে স্থিতি করেন, তখন জন্ম হইলে কুমার ধনবান্ ধার্ম্মিক এবং বিশুদ্ধাচারী হয়। যদি শুক্র উক্ত ভাবে মিত্রগৃহে অথবা তুঙ্গস্থানে থাকেন, তাহা হইলে তৎকালে প্রসূত বালক রাজ্য ও প্রতিষ্ঠা ভোগ করে। আর যদি ঐ ভাবে দশম স্থানে থাকেন, তাহা হইলে কুমার বিশেষরূপে ও সম্পূর্ণরূপে উক্ত ফলভোগী হয়। শুক্র ঐ ভাবে ঐ সকল স্থান ভিন্ন অন্য স্থানে থাকিলে, জাত অপত্য সর্ব্বপ্রকার রোগযুক্ত, নিয়ত বিদেশবাসী, দুঃখভোগী ও নৃত্যকর্ম্মে রত হয় ॥৪॥

যাহার জন্মসময়ে শুক্র গমনেচ্ছাভাবস্থ থাকেন, তাহার ভ্রাতার নাশ হয়, সন্দেহ নাই, বিশেষত তাহার মাতা কালগ্রাসে পতিত হয়, এবং সে শৈশবাবস্থাতেই ব্যাধিগ্রস্ত হইয়া থাকে ॥৫॥

জন্মকালে যদি শুক্র গমনভাবস্থিত হন, তাহা হইলে সে পাদমূলে অর্থাৎ গুল্ফদেশে রোগাক্রান্ত, নিত্য উৎসাহবিশিষ্ট, শিল্পকার্য্যে সাতিশয় নিপুণ এবং তীর্থগমনে রত হয় ॥৬॥

শুক্রের সভাবস্থিতি সময়ে জন্ম হইলে, মানব রাজমন্ত্রী ধনেশ্বর, সমস্ত কার্য্যে দক্ষ, কেবলমাত্র শূলরোগাক্রান্ত হয়। যদি ঐ শুক্র অরিগৃহবাসী কি শত্রুসহবাসী কিম্বা শত্রু কর্তৃক বীক্ষিত হন, তাহা হইলে সর্ব্বস্ব নাশ হয় এবং নানাপ্রকার রোগবিশিষ্ট হইয়া থাকে ॥৭॥

শুক্রের আগমনভাব সময়ে জন্ম হইলে মানব দুঃখী, বহুভাষী, দদ্রুরোগাক্রান্ত, পুত্রশোকসন্তপ্ত, এবং নরাধম হয়। যদি ঐ শুক্র রিপুগৃহাগত কিম্বা রিপুযুক্ত অথবা রিপুকর্তৃক দৃষ্ট হন, তাহা হইলে সর্ব্বসম্পত্তি নাশ বিশেষতঃ স্ত্রী নাশ এবং পুত্রনাশ হয়। আগমনভাবস্থ শুক্র লগ্ন হইতে দ্বিতীয়, দশম, চতুর্থ অথবা অষ্টম গৃহে থাকিলে মানব সমস্ত দুঃখের ভাজন হয়, ইহাতে আর কোন বিচারের প্রয়োজন নাই ॥৮॥

জন্মসময়ে শুক্র ভোজনভাবে থাকিলে, জাত ব্যক্তি বলবান্, সর্ব্বদা ধর্ম্মপরায়ণ, বাণিজ্যলব্ধ ধনে অথবা সেবা দ্বারা উপার্জ্জিত ধনে অতিশয় ধনবান্, মন্দাগ্নিবিশিষ্ট, পিত্তশূলরোগযুক্ত, শিরোরোগাক্রান্ত, সর্ব্বদা পীড়িত, বিদেশবাসী ও পরসেবক হয় এবং তাহার নানাপ্রকার দুঃখভোগ হইয়া থাকে ॥৯॥

শুক্রের নৃত্যলিপ্সাভাব সময়ে জন্ম হইলে, মনুষ্য বাগ্মী হইয়া থাকে, এবং দিন দিন তাহার পাণ্ডিত্য ও কবিত্বশক্তি বৃদ্ধিপ্রাপ্ত হয়। যদি ঐ শুক্র নীচ গৃহস্থিত

হন, তাহা হইলে সে নিশ্চয় মূর্খ হইবে। যদি উক্ত শুক্র স্বীয় তুঙ্গস্থানে অথবা স্বীয় গৃহে থাকেন, তাহা হইলে রাজপাত্র, অর্থাৎ রাজমন্ত্রী, মহাবলশালী, কামুক, অনেক স্ত্রীবিশিষ্ট, সর্ব্বদা পরমহিলারত, শ্যামবর্ণদেহসম্পন্ন, মানী, যাগনিষ্ঠ এবং বহুভাষী হয় ॥১০॥

জন্ম সময়ে শুক্র কৌতুকভাবে থাকিলে মানব ধনবান্, সাত্ত্বিক, সর্ব্বদা অতিশয় আহ্লাদযুক্ত, উত্তম বক্তা, সর্ব্বদা কৌতুককারী, বহুপুত্রসম্পন্ন, বহুকলত্রযুক্ত এবং নানা-সুখবিশিষ্ট হয়। কিন্তু যদি ঐ শুক্র নীচস্থানস্থিত হন, তাহা হইলে উক্ত ফলসমূহের বিপরীত ফল ঘটিয়া থাকে এবং সে দুঃখশোকাক্রান্ত হয় ॥১১॥

শুক্রের নিদ্রাভাব সময়ে জন্ম হইলে মনুষ্য নিশ্চয় উপতাপবিশিষ্ট, নিয়ত ক্লেশযুক্ত, রোগী, দরিদ্র, বিকলাঙ্গ এবং স্থূলদেহযুক্ত হয়। বিষ্ণু কহিয়াছেন যে, মিত্র-স্থান প্রাপ্ত শুক্র যদি নিদ্রাভাবে থাকেন, তাহা হইলে তাহার সর্ব্বসম্পত্তি নাশ হয় ॥১২॥

## অথ শনিভাবফলম্।

শয়নে চ শনের্জাতঃ ক্ষুধিতো বিকলস্তথা।
গুহ্যস্থানে ভবেদ্রোগঃ কোষবৃদ্ধিশ্চ জায়তে ॥
লগ্নে ষষ্ঠাষ্টমে চৈব শয়নে চ শনৈশ্চরঃ।
তদা নিত্যং প্রবাসী স্যাদ্দরিদ্রো বিকলো মহান্ ॥
পঞ্চমে নবমে চৈব দশমে সপ্তমে তথা।
পুত্রবান্ ধার্ম্মিকশ্চৈব সুখসর্ব্বপ্রদায়কঃ ॥ ১ ॥
উপবেশে যদা জাতঃ শ্লীপদী দদ্রুসংযুতঃ।
ধনহানির্ভবেত্তস্য পীড়া ভবতি নিত্যশঃ ॥ ২ ॥
লগ্নে বা দশমে বাপি নেত্রপাণৌ শনৈশ্চরে।
কার্য্যবাদো ভবেত্তস্য সর্ব্বদুঃখপ্রদায়কঃ ॥
সপ্তমে পঞ্চমে বাপি পুত্রদারধনক্ষয়ঃ।
অন্যগেহেষু ধনবান্ নানাসুখপ্রদায়কঃ ॥
নেত্রপাণৌ যদা জাতো মূর্খো ভবতি পণ্ডিতঃ।
ধনবান্ ধার্ম্মিকশ্চৈব দ্বিভার্য্যো বহুভাষকঃ ॥
পিত্তশূলী ক্ষণক্রোধী অগ্নৌ ভীতির্জলে ভয়ম্।
শিরোরোগী তুন্দরোগী সন্ধৌ ভবতি বেদনা।
লগ্নেঽথ দশমে চৈব বিপরীতফলং বদেৎ ॥ ৩ ॥

প্রকাশনে চ যো জাতো রাজপাত্রো ভবেচ্চ সঃ।
নানাগুণেন গুণবান্ ধনবান্ ধার্ম্মিকঃ শুচিঃ ॥
জায়াস্থানে চ লগ্নে চ প্রকাশে চ যদা শনিঃ।
তদা সর্ব্ববিনাশঃ স্যাজ্জাতিধ্বংসো ভবেৎ ধ্রুবম্ ॥ ৪ ॥
গমনেচ্ছায়াঞ্চ যো জাতো বহুপুত্রো মহাধনঃ।
পণ্ডিতো গুণবান্ দাতা জায়তে চ নরোত্তমঃ ॥ ৫ ॥
গমনে চ শনের্জাতঃ শ্লীপদী রোগসংযুতঃ।
দন্তাঘাতী মহাক্রোধী কৃপণঃ পরনিন্দুকঃ ॥
সুতস্থানে কলত্রে বা শনিস্তত্র ভবেৎ কচিৎ।
তদা সর্ব্বসুতান্ হন্তি কলত্রঞ্চ বিশেষতঃ ॥
গমনে চ শনৌ লগ্নে পাদমূলে রুজান্বিতঃ।
তীর্থে চ গমনং নিত্যং পুত্রদারৈর্ব্বিবর্জ্জিতঃ ॥
কর্ম্মস্থানে কলত্রে বা ধর্ম্মে বা দ্বাদশে পুনঃ।
তদা সর্ব্বসুখং প্রোক্তং পণ্ডিতোঽপি ধনেশ্বরঃ ॥ ৬ ॥
সভায়াঞ্চ শনৌ জাতঃ পুত্রদারধনৈর্যুতঃ।
সর্ব্বত্র লভতে বিত্তং নানারত্নসমন্বিতঃ ॥
শত্রুস্থানগতঃ শৌরিঃ শত্রুণা যদি বীক্ষিতঃ।
তদা সর্ব্ববিনাশঃ স্যাদ্বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ ॥ ৭ ॥
আগমনে শনের্জাতো মহাক্রোধী রুজান্বিতঃ।
সর্পাদিভিশ্চ সংদষ্টো ভ্রাতৃনাশো ভবেৎ ধ্রুবম্ ॥
লগ্নে এতচ্চিন্তনীয়ম্ ॥

দ্বিতীয়ে তৃতীয়ে বাপি পঞ্চমে সপ্তমে তথা।
বিত্তপুত্রকলত্রৈশ্চ ভ্রাতৃভিঃ সহ মোদতে ॥
নবমস্থো যদা শৌরির্ভবেদাগমনে পুনঃ।
তদা পুণ্যে ভবেদ্বাপি বিঘ্নঃ স্যাচ্চ পদে পদে ॥৮॥
ভোজনে চ যদা জাতো মন্দাগ্নিশ্চ মহান্ ভবেৎ।
অর্শরোগী চ শূলী চ চক্ষুরোগী ভবেচ্চ সঃ ॥
তুঙ্গস্থানে স্বগেহে বা ভোজনে চ যদা শনিঃ।
তদা সর্ব্বসুখং জ্ঞেয়ং সর্ব্বরোগবিবর্জ্জিতঃ ॥ ৭ ॥
নৃত্যোচ্ছায়াঞ্চ যো জাতো ধনবান্ ধার্ম্মিকঃ সদা।
নানাবিধং শ্রুতং সৌখ্যং ভবেত্তস্য ন সংশয়ঃ ॥
পঞ্চমস্থো যদা শৌরির্নৃত্যলিপ্সা ভবেদ্যদি।
নাশয়েৎ সকলান্ পুত্রানিতি প্রাহ দিগম্বরঃ ॥
পঞ্চমে সপ্তমে বাপি নবমৈকাদশে তথা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ সর্ব্বরোগসমন্বিতঃ ॥ ১০ ॥
কৌতুকে চ যদা জাতো রাজপাত্রো মহাধনী।

দাতা ভোক্তা মহাদক্ষো ধার্ম্মিকঃ পণ্ডিতঃ শুচিঃ ॥ ১১ ॥
নিদ্রায়াঞ্চ শনৈর্জাতো ধনবান্ পণ্ডিতঃ শুচিঃ।
চক্ষুরোগী পিত্তশূলী দ্বিভার্য্যো বহুপুত্রকঃ ॥
কর্ম্মস্থানে যদা শৌরির্ব্বিশেষফলদায়কঃ।
যদি দৈবান্তরেন্নিদ্রা নাশো ভবতি নিশ্চিতম্ ॥
কার্য্যনাশো ধর্ম্মনাশঃ ক্ষুধিতো দুঃখিতঃ সদা।
নিত্যপ্রবাসী রোগী চ কার্য্যহানিঃ পদে পদে ॥
যদি তুঙ্গী ত্রিকোণী স্যাৎ কেন্দ্রী বা স্বগৃহী পুনঃ।
তদা সর্ব্বং বিচার্য্যঞ্চ বৈপরীত্যেন চিন্তনম্ ॥
সুতস্থানে চ জায়ায়াং যদি নিদ্রা ভবেৎ পুনঃ।
তদা সর্ব্বং সুখং বিদ্যাৎ দ্বিভার্য্যো বহুপুত্রকঃ ॥ ১২ ॥

## অথ শনির ভাবফল।

শনির শয়নভাব সময়ে জন্ম হইলে জাত ব্যক্তি ক্ষুধার্ত্ত, বিকলাঙ্গ ও গুহ্যস্থানে রোগযুক্ত হয় এবং তাহার কোষ-বৃদ্ধি পীড়া জন্মিয়া থাকে। যদি লগ্নে ষষ্ঠ স্থানে এবং অষ্টম স্থানে শনি শয়নভাবে থাকেন, তাহা হইলে মানব নিয়ত বিদেশবাসী, দরিদ্র, বিকৃত এবং স্থূলশরীর-বিশিষ্ট হয়। লগ্ন হইতে পঞ্চম, নবম, সপ্তম, কিম্বা দশম স্থানে শয়নভাবস্থ শনি থাকিলে যাহার জন্ম হয়, সে পুত্রবান্ ও ধার্ম্মিক হয় এবং সে সুখেতে সমস্ত দান করিতে পারে ॥১॥

জন্মসময়ে শনি উপবেশনভাবে থাকিলে জাত সন্তান শ্লীপদরোগাক্রান্ত ও দদ্রুরোগী হয় এবং তাহার নিত্য ধননাশ ও পীড়া ঘটিয়াথাকে ॥২॥

লগ্নে কিম্বা দশম গৃহে শনি নেত্রপাণিভাবে থাকিলে সর্ব্বপ্রকার দুঃখভোগী হয়, এবং তাহার কৃত কার্য্যে লোকের দ্বেষ জন্মিয়া থাকে। যদি লগ্ন হইতে সপ্তম কিম্বা পঞ্চম স্থানে থাকে, তাহা হইলে তাহার স্ত্রী পুত্র বিয়োগ ও ধনক্ষয় হয়। উক্ত স্থান ভিন্ন অন্য স্থানে থাকিলে, ধন-বান্ হয় এবং ঐ শনি তাহাকে নানা সুখভোগী করেন।

শনির নেত্রপাণিভাব সময়ে জন্ম হইলে, অবোধ ব্যক্তিও পণ্ডিত বলিয়া বিখ্যাত হয় এবং সে ধনবান্, ধার্ম্মিক ও বহুভাষী হইয়া থাকে। বিশেষত তাহার দুইটি ভার্য্যা হয়। সে পিত্তশূলরোগে আক্রান্ত হইয়া থাকে। তাহার ক্রোধ অত্যল্পকালমাত্র স্থায়ী হয়। সেই ব্যক্তি মস্তকরোগে ও উদররোগে অভিভূত হইয়া থাকে। তাহার অগ্নি ও জলে ভয় হয়। তাহার দেহের সন্ধিস্থানে বেদনা হইয়া থাকে।

উক্ত ভাবস্থ শনি লগ্নে কিম্বা দশম স্থানে থাকিলে, উক্ত ফলের বিপরীত ফল হইয়া থাকে ॥৩॥

জন্ম সময়ে শনি প্রকাশনভাবে থাকিলে প্রসূত সন্তান রাজমন্ত্রী হয়, এবং সে নানাগুণ দ্বারা গুণবান্, ধনবান্, ধার্ম্মিক ও শৌচাচারবিশিষ্ট হইয়া থাকে। যদি জায়াস্থানে (অর্থাৎ সপ্তম স্থানে) কিম্বা লগ্নেতে শনি প্রকাশনভাবে থাকেন, তাহা হইলে তাহার সর্ব্বসম্পত্তি বিনাশ এবং জাতি নাশ হয় ॥৪॥

জন্মকালে শনি গমনেচ্ছাভাবে থাকিলে মানব বহু-পুত্রবিশিষ্ট, বিপুল ধনবান্, পণ্ডিত, দাতা এবং মনুষ্য মধ্যে শ্রেষ্ঠ বলিয়া বিখ্যাত হয় ॥৫॥

শনির গমনভাব সময়ে জন্ম হইলে শ্লীপদী, (গোদযুক্ত) রোগবিশিষ্ট দন্তাঘাতচিহ্নযুক্ত অতিশয় ক্রোধী, কৃপণ এবং পরনিন্দুক হয়। যদি জন্ম সময়ে শনি লগ্ন হইতে পঞ্চম কিম্বা সপ্তম গৃহে শয়নভাবে থাকেন, তাহা হইলে ঐ শনি সমুদায় পুত্রনাশ, বিশেষতঃ স্ত্রীবিনাশ করেন। যদি শনি গমনভাবে থাকিয়া, লগ্নে থাকেন, তাহা হইলে পাদমূলে রোগাক্রান্ত, (গুল্‌ফদোষ) তীর্থগমনশীল এবং স্ত্রীপুত্র রহিত হয়। লগ্ন, দশম, সপ্তম, নবম, অথবা দ্বাদশ রাশিতে উক্ত ভাবপ্রাপ্ত শনি অবস্থিতি করিলে সর্ব্বপ্রকার সুখভোগী, পণ্ডিত এবং ধনাধিপতি হয় ॥৬॥

বিষ্ণু কহিয়াছেন যে, জন্ম সময়ে শনি সভাবসতি-ভাবে থাকিলে, স্ত্রীপুত্রসমন্বিত, ধনশালী ও নানারত্ন-বিশিষ্ট হয়। ঐ ভাবস্থ শনি যদি শত্রুগৃহীত হইয়া শত্রুকর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে তাহাকে অকালে কাল-গ্রাসে পতিত হইতে হয় ॥৭॥

শনির আগমনভাব সময়ে জন্ম হইলে, মানব অতিশয় ক্রোধী ও রোগযুক্ত হয় এবং সে সর্পাদি কর্ত্তৃক দষ্ট হইয়া, থাকে। বিশেষত তাহার ভ্রাতৃনাশ হয়। শনি লগ্নে থাকিলে, এই সমস্ত ফলে সন্দেহ আছে। উক্ত

ভাবস্থ শনি লগ্ন হইতে দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম কিম্বা সপ্তম স্থানে থাকিলে জাত মানব ধন, পুত্র, স্ত্রী এবং ভ্রাতার সহিত সুখভোগ করে। যদি শনি লগ্ন হইতে নবম গৃহে থাকিয়া, আগমন ভাবপ্রাপ্ত হন, তাহা হইলে তাহার পুণ্য কর্ম্মে পদে পদে বিঘ্ন ঘটিয়া থাকে ॥৮॥

শনির ভোজন ভাবসময়ে যাহার জন্ম হয়, সে অতিশয় মন্দাগ্নি বিশিষ্ট, অর্শরোগ যুক্ত, শূলরোগাক্রান্ত এবং চক্ষু রোগযুক্ত হয়। যদি শনি স্বীয় তুঙ্গস্থানে (তুলায়) কিম্বা স্বীয় গৃহে (মকর ও কুম্ভ রাশিতে) ভোজন ভাবে থাকেন, তাহা হইলে জাতব্যক্তি সর্ব্বতোভাবে সুখী ও নীরোগ হয় ॥৯॥

শনির নৃত্যলিপ্সা ভাব সময়ে যে ব্যক্তি জন্মগ্রহণ করে, সে চিরকাল ধনবান্ ও ধার্ম্মিক হয় এবং তাহার নানাবিধ সুখ হয়, সংশয় নাই। দিগম্বর বলিয়াছেন যে, যদি শনি লগ্ন হইতে পঞ্চম স্থানে নৃত্যলিপ্সা ভাবে থাকেন, তাহা হইলে তিনি সমস্ত পুত্র নষ্ট করেন। যাহার জন্ম কালে লগ্ন হইতে পঞ্চম, সপ্তম কিম্বা নবম অথবা একাদশ গৃহে শনি থাকেন, তাহার সমস্তই বিনিষ্ট হয়, এবং সে নানা-প্রকার রোগে আক্রান্ত হইয়া থাকে ॥১০॥

শনির কৌতুকভাব সময়ে জন্ম হইলে মানব রাজমন্ত্রী, বিপুল ধনবান্, দাতা, ভোক্তা, অতিশয় কার্য্যকুশল, ধার্ম্মিক, পণ্ডিত এবং বিশুদ্ধাচার হয় ॥১১॥

শনির নিদ্রা ভাব সময়ে যাহার জন্ম হয়, সে ধন-বান্, পণ্ডিত, বিশুদ্ধাচার, নেত্ররোগযুক্ত, এবং পিত্তশূল-রোগাক্রান্ত, হয়। তাহার দুইটি ভার্য্যা ও বহুসন্তান হইয়া থাকে। জন্মকালে শনি যদি কর্ম্ম স্থানে (দশমগৃহে)থাকেন, তাহা হইলে তিনি বিশেষ ফলদায়ক হন। পরন্তু যদি উক্ত দশম স্থানে থাকিয়া নিদ্রা ভাব প্রাপ্ত হন, তাহা হইলে সে নিশ্চয় বিনিষ্ট হয়। (তন্মধ্যে সে যত দিন জীবিত থাকে ততদিন) তাহার কার্য্য ও ধর্ম্ম বিনাশ প্রাপ্ত হইতে থাকে এবং সে সর্ব্বদা ক্ষুধার্ত্ত, দুঃখার্ত্ত, নিয়ত বিদেশ-বাসী এবং সর্ব্বদা রোগ যুক্ত হয় ও তাহার পদে পদে কার্য্য-হানি হইয়া থাকে। (নিদ্রা ভাব প্রাপ্ত শনি) যদি তুঙ্গী, (তুলাস্থ) ত্রিকোণী, (লগ্ন হইতে পঞ্চম বা নবম স্থানস্থ) কেন্দ্রী, (লগ্ন চতুর্থ সপ্তম দশম, এই সকল স্থানের মধ্যে যে কোন স্থানস্থ) স্বগৃহী, (মকর কিম্বা কুম্ভস্থ) হন, তাহা হইলে উক্ত ফলসমূহের বিপরীত ফল ঘটিবে। সুতস্থানে (পঞ্চমে) কিম্বা জায়াস্থানে (সপ্তমে) থাকিয়া শনি যদি নিদ্রা ভাব প্রাপ্ত হন, তাহা হইলে সর্ব্বপ্রকার সুখভোগ, দুইটি ভার্য্যা এবং বহুসন্তান হয় ॥১২॥

## অথ রাহুভাবফলম্।

শয়নে চ যদা রাহুর্যস্য জন্ম ভবেৎ পুনঃ।
তস্য ক্লেশো মহাদুঃখং জায়তে চ ন সংশয়ঃ॥
শয়নে চ যদা জাতঃ শ্লীপদী রোগসংযুতঃ।
ধনহানির্নরেন্দ্রস্য পীড়া ভবতি নিত্যশঃ॥
মিথুনে চ তথা সিংহে কন্যায়াং বৃষভে তথা।
সর্ব্বসুখসমাযুক্তঃ শয়নে চ বিধুন্তুদে ॥ ১ ॥
উপবেশে চ যো জাতো রাহোঃ কুষ্ঠাদিপীড়িতঃ।
ধনহানির্ভবেত্তস্য রাজতঃ শত্রুতোঽপি বা ॥ ২ ॥
নেত্রপাণৌ যদা জাতশ্চক্ষূরোগী ভবেৎ ধ্রুবম্।
সর্পাদ্ভয়ং মহাভীতির্ব্ব্যাঘ্রস্যৈব বিশেষতঃ॥
অধর্ম্মেষু চ চিত্তং স্যাৎ স্ত্রীবশো ধনবানপি।
অন্তঃক্রূরো মহাধৈর্য্যঃ ক্ষণিকো বহুভাষকঃ॥
কোষে পার্শ্বে ভবেদ্বিঘ্নঃ শৈশবে চ রুজান্বিতঃ।
গুহ্যস্থানে ভবেদ্রোগী জলে চৈব ভবেদ্ভয়ম্॥
নেত্রপাণির্যদা রাহুর্লগ্নে বা সপ্তমে তথা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ সর্ব্বদুঃখপ্রদায়কঃ ॥ ৩ ॥
প্রকাশনে চ যো জাতো ধনবান্ ধার্ম্মিকঃ সদা।
নিত্যপ্রবাসী চোৎসাহী সাত্ত্বিকো রাজসেবকঃ॥
সিংহে বা কর্কটে বাপি যদি রাহুঃ প্রকাশনে।
শিরশ্ছেদকরো যোগো বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ ॥ ৪ ॥
যো জাতো গমনেচ্ছায়াং বহুপুত্রো মহাধনঃ।
পণ্ডিতো গুণবান্ দাতা জায়তে চ নরোত্তমঃ ॥ ৫ ॥
গমনে চ যদা জাতো নানারোগৈর্ধনক্ষয়ঃ॥
দন্তাঘাতী মহাক্রোধী পিশুনঃ পরনিন্দকঃ।
ব্যাঘ্রভীতিঃ সর্পভীতির্নিগড়হো দুরাসদঃ॥
স্ত্রীনাশো বন্ধুনাশশ্চ ধননাশো ভবেন্নরঃ ॥ ৬ ॥

সভায়াঞ্চ যদা জাতঃ কৃপণো ধনসংযুতঃ।
নানাগুণেন গুণবান্ ধার্ম্মিকঃ পণ্ডিতঃ শুচিঃ ॥
লগ্নে বা দশমে বাপি পঞ্চমে চ যদা ভবেৎ।
ভার্য্যাপুত্রবিনাশঃ স্যাদ্বিত্তনাশোঽতিচঞ্চলঃ ॥ ৭ ॥
আগমনে চ যো জাতঃ সর্ব্বদুঃখপ্রদায়কঃ।
সুহৃদ্বন্ধুবিনাশঃ স্যান্নানাক্লেশোঽপি জায়তে ॥ ৮ ॥
ভোজনে চ মহালুব্ধো মন্দাগ্নিশ্চ রুজান্বিতঃ।
দুঃখিতঃ কৃপণশ্চৈব ক্রূরশ্চ কলহপ্রিয়ঃ ॥
যদা দৈবান্তরেচ্চৈব লগ্নে বা দশমে যথা।
পতিতং তং বিজানীয়াচ্চন্দ্রবংশো ভবেদ্যদি ॥
সপ্তমে দশমে বাপি ভোজনে চ যদা তমঃ।
নারীঞ্চ হন্তি নিয়তং পুণ্যে বিঘ্নং করোতি চ ॥ ৯ ॥
জাতশ্চ নৃত্যলিপ্সায়াং যদি লগ্নে ভবেৎ ক্বচিৎ।
তদা খঞ্জো মহারোগী চক্ষুর্নাশো দুরাসদঃ ॥
অন্য গেহে যদা জাতো ধনবান্ বহুসম্পদঃ।
নানাগুণেন গুণবান্ দ্বিভার্য্যো বহুপুত্রকঃ ॥ ১০ ॥
কৌতুকে চ যদা জাতঃ সর্ব্বগুণসমাশ্রয়ঃ।
নানা ধনেন ধনবান্ পিত্তশূলী ভবেন্নরঃ ॥
বিহায় পঞ্চমং স্থানং সপ্তমং দশমন্তথা।
নানা দুঃখং ভবেত্তস্য পুত্রদারবিবর্জ্জিতম্ ॥
যদি দৈবাত্তবেত্তুঙ্গী স্বগৃহী বা কদাচন।
তদা সর্ব্বং শুভং জাতং জায়তে নাত্র সংশয়ঃ ॥ ১১ ॥
নিদ্রায়াঞ্চাপি যো জাতঃ শোকদুঃখসমন্বিতঃ।
নানা স্থানে স্থিতঃ সোঽপি ধনপুত্রবিবর্জ্জিতঃ।
সুতস্থানেঽপি জায়ায়াং যাতি নিদ্রাং বিধুন্তুদঃ ॥
তদা সর্ব্বগুণৈর্যুক্তঃ সুতজায়াসমন্বিতঃ।
নবমে দশমে বাপি যদি নিদ্রা ভবেৎ পুনঃ ॥
তদা চ তীর্থরাজেষু মৃত্যুর্ভবতি নিশ্চিতম্।
দ্বিতীয়ৈকাদশে বাপি দ্বাদশে বা ভবেৎ পুনঃ ॥
তদা দারিদ্র্যদোষেণ কৃৎস্নাং ভ্রমতি মেদিনীম্ ॥ ১২ ॥
নানা শাস্ত্রং সমালোক্য ক্রিয়তে গ্রন্থসংগ্রহঃ।
বলাবলবিচারেণ যুক্ত্যা সঞ্চিন্তয়েদ্বুধঃ ॥

ইতি সঙ্কেতকৌমুদ্যাং শয়নাদি দ্বাদশ ভাবফলং সমাপ্তম্।

---

**অথ রাহুর ভাবফল।**

যে সময়ে রাহু শয়নভাবে থাকেন, ঐ সময়ে যদি কোন ব্যক্তির জন্ম হয়, তাহা হইলে তাহার ক্লেশ এবং অতিশয় দুঃখ ভোগ হইয়া থাকে, সংশয় নাই, কারণ রাহুর শয়নভাব সময়ে জন্ম হইলে শ্লীপদী ( গোদযুক্ত )ও রোগী হয় এবং নিয়ত তাহার ধননাশ ও রাজপীড়া ঘটিতে থাকে। জন্ম সময়ে মিথুন, সিংহ, কন্যা, কিম্বা বৃষরাশিতে শয়নভাবে রাহু থাকিলে সর্ব্বসুখ সমৃদ্ধি হয় ॥১॥

রাহুর উপবেশন ভাব সময়ে যাহার কুষ্ঠাদি রোগে কাতর হইয়া থাকে এবং রাজা কিম্বা শত্রু দ্বারা তাহার ধনক্ষয় হয় ॥২॥

রাহুর নেত্রপাণিভাব সময়ে যাহার জন্ম হয়, সে নিশ্চয়ই চক্ষুরোগাক্রান্ত হইয়া থাকে এবং তাহার সর্প হইতে ভয় ও বিশেষত ব্যাঘ্র হইতে অতিশয় ভয় হয়। সে ব্যক্তির চিত্ত অধর্ম্মপরতন্ত্র হইয়া থাকে, এবং সে স্ত্রীর বশতাপন্ন, ধনবান্, কুটিলান্তঃকরণ, অতিশয় ধৈর্য্যগুণবিশিষ্ট, ক্ষণিক, ( অস্থিরবাক্য ) এবং বহুভাষী হয়। তাহার কোষ ( মুষ্ক ) ও পার্শ্বদেশে দোষ ঘটিয়া থাকে। সে শৈশবাবস্থাতেই রোগাক্রান্ত হয়। তাহার গুহ্যস্থানে রোগ ও তাহার জলে ভয় হইয়া থাকে। নেত্রপাণি ভাবস্থ রাহু লগ্নে কিম্বা সপ্তমে থাকিলে সর্ব্বপ্রকার দুঃখদায়ক হন এবং তাহার সর্ব্বনাশ করেন ॥৩॥

রাহুর প্রকাশন ভাব সময়ে যাহার জন্ম হয়, সে ধনবান্, নিরন্তর ধর্ম্মপরায়ণ, নিয়ত বিদেশবাসী, উৎসাহান্বিত, সাত্ত্বিক এবং রাজকর্ম্মকর হইয়া থাকে। বিষ্ণু কহিয়াছেন যে, প্রকাশনভাবস্থ রাহু কর্কট কিম্বা সিংহরাশিতে থাকিলে শিরচ্ছেদকর যোগ হইয়া থাকে ॥৪॥

রাহুর গমনেচ্ছাভাব সময়ে যাহার জন্ম হয়, সে ব্যক্তি বহুপুত্রবিশিষ্ট, অতিশয় ধনবান্, পণ্ডিত, গুণবান্, দাতা, এবং পুরুষশ্রেষ্ঠ হয় ॥ ৫ ॥

রাহুর গমনভাব সময়ে জন্ম হইলে মানব কোন জীবের দন্তাঘাত চিহ্নবিশিষ্ট, অতিশয় ক্রোধী, খলস্বভাবসম্পন্ন, পরনিন্দক, ব্যাঘ্রভীত, সর্পভীক, নিগড়স্থ ( লৌহশৃঙ্খল

দ্বারা বদ্ধপাদ) এবং দুর্দ্ধর্ষ হয় এবং নানারোগ জন্য তাহার ধনক্ষয় হইয়া থাকে। তাহার স্ত্রী বন্ধু এবং ধন নাশ হয় ॥৬॥

রাহুর সভাবসতিভাব সময়ে জন্ম হইলে কৃপণ, ধনবান্, নানা গুণদ্বারা গুণবান্, ধার্ম্মিক, পণ্ডিত এবং বিশুদ্ধাচার হয়। উক্ত ভাবাপন্ন রাহু যদি লগ্নে কিম্বা পঞ্চমে অথবা দশমে থাকেন, তাহা হইলে তাহার ভার্য্যা, পুত্র ও ধন নাশ হয় এবং তাহার প্রকৃতি অতিশয় চঞ্চল হইয়া থাকে ॥৭॥

রাহুর আগমন ভাব সময়ে যাহার জন্ম হয়, সে সর্ব্বজনের দুঃখদাতা হয়। তাহার মিত্র নাশ, জ্ঞাতি নাশ ও নানা প্রকার ক্লেশ ঘটিয়া থাকে ॥৮॥

রাহুর ভোজন ভাব সময়ে জন্ম হইলে মানব অতিশয় লোভী, মন্দাগ্নিরোগ যুক্ত, দুঃখিত, কৃপণ, ক্রূর এবং কলহপ্রিয় হয়। যদি লগ্নে কিম্বা দশমে রাহু উক্তভাবে থাকেন, তাহা হইলে চন্দ্রের ন্যায় অকলঙ্কিত বংশে সমুৎপন্ন হইয়াও পতিত বলিয়া বিখ্যাত হইতে হয়। লগ্ন হইতে সপ্তম কিম্বা দশম গৃহে যদি এরূপ ভোজন ভাবে রাহু থাকেন, তাহা হইলে নিশ্চয়ই তাহার পত্নী নাশ হয়, এবং পুণ্য কার্য্যে তাহার সর্ব্বদা ব্যাঘাত ঘটিয়া থাকে ॥৯॥

যাহার জন্ম সময়ে নৃত্যলিপ্সা ভাবপ্রাপ্ত রাহু লগ্নে থাকিবে, সে খঞ্জ (খোঁড়া) মহারোগ (কুষ্টব্যাধি প্রভৃতি) দ্বারা অভিভূত, চক্ষুহীন এবং দুর্দ্ধর্ষ হইবে। জন্মসময়ে নৃত্যলিপ্সাভাবান্বিত রাহু লগ্নে না থাকিয়া অন্য গৃহে থাকিলে মানব ধনবান্, বহুসম্পদ্‌যুক্ত, নানা গুণ দ্বারা গুণবান্, দুইটি ভার্য্যাযুক্ত এবং বহুসন্তান বিশিষ্ট হয় ॥১০॥

রাহুর কৌতুকভাব সময়ে জন্ম হইলে মানব সমস্ত গুণের আবাসস্থল, নানাধন দ্বারা ধনবান্, এবং পিত্তশূলরোগে আক্রান্ত হয়। লগ্ন হইতে পঞ্চম সপ্তম কিম্বা দশম স্থান ব্যতীত অন্য স্থানে রাহু কৌতুক ভাবে থাকিলে মানব স্ত্রী পুত্রাদির অভাব নিবন্ধন নানাপ্রকার দুঃখভোগ করে। যদি দৈবাধীন ঐ রাহু তুঙ্গী (মিথুনস্থ) অথবা স্বগৃহী (কন্যাস্থ) হন, তাহা হইলে নানাবিধ শুভফল হইবে, সংশয় নাই ॥ ১১ ॥

রাহুর নিদ্রা ভাব সময়ে জন্ম হইলে মানব শোক ও দুঃখে অভিভুত, নানা স্থানবাসী, ধনহীন ও পুত্ররহিত হয়। লগ্ন হইতে সুত স্থানে (পঞ্চমে) অথবা জায়া স্থানে (সপ্তমে) যদি রাহু নিদ্রা ভাব প্রাপ্ত হন, তাহা হইলে, মনুষ্য সর্ব্ব গুণান্বিত, পুত্রবান্ ও স্ত্রীবিশিষ্ট হয়। যদি নবম কিম্বা দশম স্থানে রাহু নিদ্রা ভাব প্রাপ্ত হন, তাহা হইলে নিশ্চয়ই তীর্থরাজে (প্রয়াগে) মৃত্যু হয়। দ্বিতীয় কিম্বা একাদশ অথবা দ্বাদশ স্থানে রাহু নিদ্রা ভাব প্রাপ্ত হইলে মানব দারিদ্র্য দোষে অভিভুত হইয়া সমস্ত ভূমণ্ডল পরিভ্রমণ করে ॥ ১২ ॥

নানা শাস্ত্র অবলোকন করিয়া এই গ্রন্থ সংগ্রহ করিয়াছি। গ্রহগণের বলাবল বিচার দ্বারা এবং যুক্তিদ্বারা পণ্ডিতগণ ফলাফল নিরূপণ করিবেন।

ইতি সঙ্কেতকৌমুদী মতে রব্যাদি গ্রহের শয়নাদি দ্বাদশ ভাবফল সমাপ্ত ॥

---

অথ গ্রহাণাং ষড়্‌ভাবাঃ।

লজ্জিতো গর্ব্বিতশ্চৈব ক্ষুধিতস্তৃষিতস্তথা।
মুদিতঃ ক্ষোভিতশ্চৈব ষড়্‌ভাবাঃ পরিকীর্ত্তিতাঃ ॥

লজ্জিতো যথা—পুত্রগেহগতঃ খেটো রাহুযুক্তো যথা তথা।
রবিমন্দকুজৈর্যুক্তো লজ্জিতো গ্রহ এব চ ॥ ১ ॥

গর্ব্বিতো যথা—তুঙ্গস্থানগতো বাপি ত্রিকোণেঽপি ভবেৎ পুনঃ।
গর্ব্বিতঃ স নিগদিতো মুনিভিঃ কৃতনিশ্চয়ৈঃ ॥ ২ ॥

ক্ষুধিতো যথা—শত্রুগেহী রিপুগতো রিপুদৃষ্টো ভবেদ্যদি।
ক্ষুধিতঃ স চ বিজ্ঞেয়ঃ শনিযুক্তো যথা তথা ॥ ৩ ॥

তৃষিতো যথা—জলরাশৌ স্থিতঃ খেটঃ শত্রুণা চাবলোকিতঃ।
শুভগ্রহা ন পশ্যন্তি তৃষিতঃ সমুদাহৃতঃ ॥ ৪ ॥

মুদিতো যথা—মিত্রগেহী মিত্রযুক্তো মিত্রেণ চাবলোকিতঃ।
গুরুণা সহিতো যশ্চ মুদিতঃ স প্রকীর্ত্তিতঃ ॥ ৫ ॥

ক্ষোভিতো যথা—রবিণা সহিতো যশ্চ পাপাঃ পশ্যন্তি সর্ব্বথা
ক্ষোভিতং তং বিজানীয়াৎ শত্রুণা যদি বীক্ষিতঃ ॥ ৬ ॥

যেষু যেষু চ ভাবেষু গ্রহাস্তিষ্ঠন্তি সর্ব্বথা।
ক্ষুধিতঃ ক্ষোভিতো বাপি স নরো দুঃখভাজনঃ ॥

এবং ক্রমেণ বোদ্ধব্যং সর্ব্বভাবেষু পণ্ডিতৈঃ।
বলাবলবিচারেণ বক্তব্যঃ ফলনির্ণয়ঃ ॥
অন্যোন্যঞ্চ যদা যুক্তং ফলমিশ্রং বুদেৎ পুনঃ।
বলহীনে তথা হানিঃ সবলে চ মহাফলম্ ॥
কর্ম্ম স্থানে স্থিতো যস্য লজ্জিতস্তৃষিতস্তথা।
ক্ষুধিতঃ ক্ষোভিতো বাপি স নরো দুঃখভাজনঃ ॥
সুতস্থানে ভবেদ্যস্য লজ্জিতো গ্রহ এব চ।
সুতনাশো ভবেত্তস্য একস্তিষ্ঠতি কেবলম্ ॥
ক্ষোভিতস্তৃষিতশ্চৈব সপ্তমে যস্য বা ভবেৎ।
ম্রিয়তে তস্য নারী চ সত্যমাহ দিগম্বরঃ ॥

**লজ্জিত প্রভৃতি ষড়্ভাব ও তত্তৎফল কথন।**

(রবি প্রভৃতি গ্রহগণের শয়নাদি দ্বাদশ ভাব ও তাহার ফল উক্ত হইয়াছে। অপরাপর যে কএক প্রকার ভাব আছে, তন্মধ্যে লজ্জিত ভাব প্রভৃতি ছয়টি ভাব অধুনা প্রকাশ করা যাইতেছে। যথা) ১ লজ্জিত ২ গর্ব্বিত ৩ ক্ষুধিত ৪ তৃষিত ৫ মুদিত ৬ ক্ষোভিত। এই ছয়টি ভাব যেরূপে নিরূপণ করিতে হয়, তাহা নিম্নে প্রকটিত হইল।

যদি কোন গ্রহ লগ্ন হইতে পঞ্চম গৃহে রাহুর সহিত মিলিত হইয়া অবস্থিতি করেন, তাহা হইলে ঐ গ্রহ অথবা যে কোন গ্রহ রবি কিম্বা শনি অথবা মঙ্গলের সহিত মিলিত হইয়া লগ্নাদি দ্বাদশ স্থান মধ্যে যে কোন স্থানে অবস্থিতি করেন, সে গ্রহ লজ্জিত বলিয়া বিখ্যাত হন ॥১॥

অথ গর্ব্বিত ভাবফল।

মুনিগণ স্থির করিয়া বলিয়াছেন যে, যদি কোন গ্রহ স্বীয় তুঙ্গ স্থানে অথবা স্বীয় মূল ত্রিকোণে অবস্থান করেন, তাহা হইলে তাঁহাকে গর্ব্বিত বলিয়া নির্দ্দেশ করা হয়।

যদি কোন গ্রহ শত্রুর সহিত মিলিত হইয়া রিপুগৃহে অবস্থিত এবং রিপু কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে ঐ গ্রহ, অথবা যদি কোন গ্রহ যে কোন স্থলে শনির সহিত এক রাশিতে অবস্থিতি করেন, তাহা হইলে তিনি ক্ষুধিত নামে বিখ্যাত হন ॥ ৩ ॥

(কর্কট, বৃশ্চিক, মীন, এই তিন রাশির নাম জলরাশি। এ স্থলে কেহ কেহ এই রূপ কহেন যে, কর্কট ও মকরের শেষার্দ্ধ জলরাশি। কোন কোন মতে কুম্ভ এবং মীন জলরাশি। এই চারিটী জলরাশি এস্থলে জলরাশি শব্দে লক্ষিত হইবে।) জলরাশিতে অর্থাৎ ঐ সমস্ত রাশির মধ্যে যে কোন রাশিতে গ্রহ থাকিয়া যদি শত্রু কর্ত্তৃক দৃষ্ট হন, এবং কোন শুভ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত না হন, তাহা হইলে ঐ গ্রহ তৃষিত বলিয়া খ্যাত হইয়া থাকেন ॥৪॥

যদি কোন গ্রহ মিত্রগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইয়া মিত্রের সহিত মিত্রভবনে অবস্থিতি করেন, তাহা হইলে সেই গ্রহ, এবং যে গ্রহ বৃহস্পতির সহিত মিলিত থাকেন, সেই গ্রহ মুদিত নামে কথিত হন ॥ ৫ ॥

যে গ্রহ রবির সহিত এক রাশিতে থাকিয়া পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, আর যদি তাঁহাতে নিজ শত্রুগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে ঐ গ্রহ ক্ষোভিত বলিয়া নির্দ্দিষ্ট হইয়া থাকে ॥ ৬ ॥

তন্বাদি দ্বাদশ ভাব মধ্যে যে যে ভাবে গ্রহ সমস্ত থাকিবে, ঐ গ্রহগণ যদি সর্ব্ব প্রকারে ক্ষুধিত অথবা ক্ষোভিত হয়, তবে সে নর দুঃখের পাত্র হয়। এই প্রকারে পণ্ডিতগণ তন্বাদি দ্বাদশ ভাবের সমস্ত ভাবে গ্রহগণের স্থিতিদ্বারা তাহাদিগের লজ্জিতাদি ভাব বিবেচনা করিবেন, এবং ঐ সমস্ত গ্রহের বলাবল বিচার করিয়া ফলের নির্ণয় কহিবেন। যদি তন্বাদি দ্বাদশ স্থানের কোন স্থানে দুইটি অথবা তাহার অধিক গ্রহ থাকে, তন্মধ্যে পরস্পর বিভিন্ন ভাবপ্রাপ্ত হয়, অথবা এক গ্রহ লজ্জিত এবং গর্ব্বিত ইত্যাদি ভাবদ্বয় কিম্বা ভাবত্রয় যুক্ত হয়, তবে ঐ ভাবের গ্রহদত্তফল মিশ্র কহিবে। সেই সেই গ্রহ যদি দুর্ব্বল হয়, তাহা হইলে ফলের হানি এবং সবল হইলে সম্পূর্ণ ফল হইবে। যাহার কর্ম্ম (দশম) স্থানে লজ্জিত, তৃষিত কিম্বা ক্ষুধিত অথবা ক্ষোভিত কোন গ্রহ থাকে, সে দুঃখভাগী হয়।

যে মনুষ্যের সুত (পঞ্চম) স্থানে লজ্জিত কোন গ্রহ থাকেন, তাহার সমস্ত সন্তান নাশ হয়, কেবল একমাত্র

**জীবিত থাকে। ক্ষুধিত অথবা ক্ষোভিত কোন গ্রহ যাহার লগ্ন হইতে সপ্তম স্থানে অবস্থিতি করেন, তাহার স্ত্রী যমভবনের অতিথি হয়। ইহা দিগম্বর কহিয়াছেন।**

## অথ গ্রহাণাং দীপ্তাদিদশভাবঃ।

### দৈবজ্ঞবল্লভায়াম্।

দীপ্তো দীনঃ স্বস্থো মুদিতঃ সুপ্তঃ প্রপীড়িতো মুষিতঃ।
পরিহীয়মাণবীর্য্যঃ প্রবৃদ্ধবীর্য্যোঽধিকবীর্য্যশ্চ॥

### অথ দীপ্তাদিলক্ষণম্।

স্বোচ্চে দীপ্তো নীচে দীনঃ স্বগৃহে ব্যবস্থিতঃ স্বস্থঃ।
মুদিতো মিত্রগৃহস্থো রিপুগৃহস্থো ভবেৎ সুপ্তঃ॥
অন্যৈর্ব্বিজিতো যুদ্ধে প্রপীড়িতোঽস্তং গতো মুষিতঃ।
পরিহীয়মাণবীর্য্যো নীচাভিমুখং প্রসর্পংশ্চ॥
গচ্ছন্ স্বোচ্চাভিমুখং প্রবৃদ্ধবীর্য্যঃ সমাখ্যাতঃ।
শুভবর্গস্থঃ খেটোঽধিকবীর্য্যো বিপুলরশ্মিশ্চ॥

গ্রহগণের দীপ্তাদি যে দশপ্রকার ভাব আছে, তাহা শ্রীপতিভট্ট স্বীয় দৈবজ্ঞবল্লভা নামক গ্রন্থে সন্নিবেশিত করিয়া তাহার ফল কহিয়াছেন। অধুনা ঐদশটি ভাব প্রকাশ হইতেছে।

**১ দীপ্ত ২ দীন ৩ স্বস্থ ৪ মুদিত ৫ সুপ্ত ৬ প্রপীড়িত ৭ মুষিত ৮ পরিহীয়মাণবীর্য্য ৯ প্রবৃদ্ধবীর্য্য-১০ অধিকবীর্য্য, এই দশ ভাব যেরূপে নির্ণয় করিতে হইবে, তাহা প্রকটিত হইল। যথা—**

**স্বীয় উচ্চস্থ গ্রহ দীপ্ত এবং নীচস্থ গ্রহ দীন। স্বীয় গৃহস্থ গ্রহ স্বস্থ, মিত্রগৃহস্থ গ্রহ মুদিত। স্বীয় শত্রু-গৃহস্থ গ্রহ সুপ্ত, গ্রহযুদ্ধে পরাজিত গ্রহ প্রপীড়িত। অস্তগত গ্রহ অর্থাৎ রবিকিরণাচ্ছাদিত গ্রহ মুষিত, এবং যে গ্রহ স্বীয় নীচ গৃহাভিমুখে গমন করে, তাহা পরি-হীয়মাণবীর্য্য বলিয়া নির্দ্দেশ আছে। স্বকীয় উচ্চ গৃহাভি-মুখে গতিবিশিষ্ট গ্রহ প্রবৃদ্ধবীর্য্য, শুভগ্রহের ক্ষেত্রাদি-ষড়্বর্গস্থিত গ্রহ অধিকবীর্য্য ও বিপুলরশ্মি বলিয়া কথিত আছে।**

## অথ দীপ্তাদিফলম্।

দীপ্তে সিদ্ধিরনুত্তমা নরপতের্দীনে চ দৈন্যাগমঃ
স্বস্থে স্বং মনসি স্থিতঞ্চ ভবতি শ্রীকীর্ত্তিসৌখ্যাদিকম্।
আমোদো মুদিতে যথেপ্সিতফলপ্রাপ্তিঃ প্রসুপ্তে বিপৎ
পীড়া শত্রুকৃতা প্রপীড়িততনৌ মোষং গতেঽর্থক্ষয়ঃ॥
ভবতি প্রবৃদ্ধবীর্য্যে গজতুরগরত্নভূলাভঃ।
তদ্বদধিকবীর্য্যযুক্তে শক্তিত্রয়সম্পদাদি রাজ্ঞঃ স্যাৎ॥

### অথ দীপ্তাদি দশভাবের ফল।

**সম্প্রতি দীপ্তাদি দশভাবের ফল নিরূপণ করা যাই-তেছে। জন্মসময়ে বা প্রশ্ন সময়ে গ্রহ দীপ্তভাবে থাকিলে উত্তম কার্য্যসিদ্ধি হয় এবং দীনভাবে থাকিলে নরপতিও দীনতা প্রাপ্ত হন। আর গ্রহ স্বস্থভাবে থাকিলে ধন, লক্ষ্মী, কীর্ত্তি এবং সুখাদি লাভ হয়। গ্রহ মুদিত ভাবস্থ হইলে আমোদ এবং বাঞ্ছিত ফল প্রাপ্তি হয়। যদি গ্রহ সুপ্তভাবে থাকে, তাহা হইলে সে ব্যক্তি সর্ব্বদা বিপদা-পন্ন হয়। আর গ্রহ প্রপীড়িত ভাবে থাকিলে শত্রু কর্ত্তৃক পীড়িত হয়। গ্রহ মুষিত হইলে তাহার অর্থ ক্ষয় হয়। যদি গ্রহ প্রবৃদ্ধবীর্য্য ভাবস্থ হয়, তাহা হইলে হস্তী ঘোটক রত্ন এবং ভূমি লাভ হয়। গ্রহ অধিকবীর্য্যান্বিত হইলে রাজসদৃশ শক্তিত্রয়জনিত সম্পদাদি লাভ হয়।**

## অন্যচ্চ সারাবল্যাম্।

দীপ্তঃ স্বস্থো মুদিতঃ শান্তঃ শক্তঃ প্রপীড়িতো দীনঃ।
বিকলঃ খলশ্চ কথিতো নবপ্রকারো গ্রহো হরিণা॥
স্বোচ্চে ভবতি দীপ্তঃ স্বস্থঃ স্বগৃহে স্বসুহৃদ্গৃহে মুদিতঃ।
শান্তঃ শুভবর্গস্থঃ শক্তঃ স্ফুটকিরণ জালঃ॥
বিকলো রবিলুপ্তকরো গ্রহাভিভূতঃ প্রপীড়িতশ্চৈব।
পাপগণমধ্যগতশ্চ খলো নীচে দীনঃ সমাখ্যাতঃ॥
দীনে বিচরতি পুরুষঃ প্রতাপবিষমাগ্নিদগ্ধরিপুনিচয়ঃ।
লক্ষ্ম্যালিঙ্গিতদেহো গজমদসংসিক্তভূপৃষ্ঠঃ॥
স্বস্থে করোতি জন্মনি সুখেন কনকাশ্বরত্নপরিবারান্।
নৃপতের্দণ্ডপতিত্বং ধনধান্যকুটুম্বপরিবৃদ্ধম্॥
মুদিতে বিলসতি মুদিতো বিলাসিনীকনকরত্নপরিপূর্ণঃ।
বিজিতসকলারিপক্ষঃ সমস্তসুখভাজনঃ পুরুষঃ॥
শান্তে প্রশান্তচিত্তঃ সুখধনভাগী মহীপতেঃ সচিবঃ।
বিদ্বান্ পরোপকারী ধর্ম্মপরো জায়তে সুভগঃ॥
স্ত্রীরত্নগন্ধমাল্যৈর্নৃপতিপুরুষঃ সদা বিততকীর্ত্তিঃ।
দয়িতঃ সর্ব্বজনস্য শক্তাখ্যে ভবতি বিখ্যাতঃ॥

দুঃখৈর্ব্ব্যাধিভিররিভিঃ প্রপীড়িতে ভবতি পীড়িতঃ পুরুষঃ।
দেশাদ্দেশং বিচরতি বন্ধুবিয়োগাভিসন্তপ্তঃ॥
বহুসাধনোঽপি রাজা প্রধ্বস্তবলঃ প্রপীড়িতো রিপুণা।
নাশমুপৈতি নিয়তং দীনে দৈন্যং পরং প্রাপ্তঃ॥
স্বস্থানপরিভ্রষ্টঃ ক্লিষ্টো মলিনঃ প্রয়াতি পরদেশম্।
বিধ্বস্তধনো বিকলো রিপুভয়সঙ্কিতচিত্তঃ॥
স্ত্রীহরণদুঃখতপ্তঃ সমস্তধননাশশল্লিতমনস্কঃ।
ন জহাতি শোকভাবং কথমপি খলসংশ্রিতে পুরুষঃ॥

সারাবলীগ্রন্থে গ্রহগণের দীপ্তাদি নয় ভাব কথিত আছে। দৈবজ্ঞবল্লভাতে উল্লিখিত দীপ্তাদি ভাবের সহিত তাহার অনৈক্য দেখা যাইতেছে। সুতরাং তাহা পাঠকবর্গের নিকট জ্ঞাপনার্থ নিম্নে প্রকটিত হইল।

১ দীপ্ত, ২ সুস্থ, ৩ মুদিত, ৪ শান্ত, ৫ শক্ত, ৬ প্রপীড়িত, ৭ দীন, ৮ বিকল, ৯ খল। এই নয় প্রকার গ্রহের অবস্থা হরি উল্লেখ করিয়াছেন। কোন গ্রহ স্বীয় উচ্চরাশিতে থাকিলে দীপ্ত, স্বীয় গৃহে থাকিলে সুস্থ, বন্ধুগৃহে থাকিলে মুদিত, শুভগ্রহের ক্ষেত্রাদি ষড়ব্‌র্গে থাকিলে শান্ত, প্রস্ফুটকিরণ হইলে শক্ত, রবিকিরণাচ্ছাদিতকিরণ হইলে বিকল, অন্য গ্রহ কর্ত্তৃক অভিভূত হইলে প্রপীড়িত, পাপগ্রহদিগের মধ্যগত হইলে এবং স্বীয় নীচ রাশিতে থাকিলে দীন বলিয়া বিখ্যাত হয়।

জন্মসময়ে কোন গ্রহ দীপ্তাবস্থায় থাকিলে মানব প্রতাপরূপ প্রদীপ্ত অগ্নি দ্বারা রিপুসমূহকে দগ্ধ করে, লক্ষ্মীর আশ্রয় হয় এবং তাহার গজমদ দ্বারা ভূতল সিক্ত হইয়া থাকে॥১॥

জন্মসময়ে গ্রহ সুস্থভাবে থাকিলে মনুষ্য সুবর্ণ, অশ্ব, রত্ন এবং পরিবারবর্গ প্রাপ্ত হয় এবং সে নৃপতির দণ্ডনায়ক হইয়া ধন ধান্য ও কুটুম্ববর্গে পরিবৃত হইয়া সর্ব্বতোভাবে বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকে॥ ২॥

কোন গ্রহ মুদিতাবস্থায় থাকিলে মানব সর্ব্বদা আনন্দযুক্ত এবং স্ত্রী সুবর্ণ ও রত্ন প্রাপ্তি দ্বারা পরিতুষ্ট হইয়া আমোদ প্রমোদ করে। তাহার সমস্ত অরিপক্ষ পরাভূত এবং সে পুরুষ সমস্ত সুখের ভাজন হইয়া থাকে॥ ৩॥

জন্মকালে কোন গ্রহ শান্তভাবে থাকিলে বালক প্রশান্তচিত্ত, সুখী, ধনভাগী, রাজমন্ত্রী, বিদ্বান্ পরোপকারী, ধর্ম্মপরায়ণ এবং সুন্দর কান্তিবিশিষ্ট হয়॥ ৪॥

জন্মসময়ে কোন গ্রহ শক্ত অবস্থায় থাকিলে মানব স্ত্রী রত্ন গন্ধ এবং মাল্য দ্বারা ধনপতির ন্যায় সৌভাগ্যশালী পুরুষ, সর্ব্বদা বিস্তৃত কীর্ত্তিশালী, সর্ব্বজনপ্রিয় এবং সর্ব্বত্র বিখ্যাত হয়॥ ৫॥

জন্মকালে যদি কোন গ্রহ প্রপীড়িত ভাবাপন্ন হন, তাহা হইলে পুরুষ, দুঃখ ব্যাধি এবং শত্রুকর্ত্তৃক প্রপীড়িত হয়। সে ব্যক্তি এক দেশ হইতে অন্য দেশে ভ্রমণ করে এবং তাহাকে বন্ধুবিয়োগ জন্য সর্ব্বদা দুঃখ ভোগ করিতে হয়॥ ৬॥

জন্মসময়ে কোন গ্রহ দীনভাবস্থ হইলে বিপুলসৈন্যসামন্তবিশিষ্ট রাজাও হীনবল হইয়া রিপুকর্ত্তৃক প্রপীড়িত হয় এবং নিয়তই সে দৈন্যের পরাকাষ্ঠা ভোগ করিয়া নিরন্তর নষ্টপ্রায় হইতে থাকে॥ ৭॥

জন্মসময়ে কোন গ্রহ বিকল ভাব প্রাপ্ত হইলে জাত ব্যক্তি স্বস্থানপরিত্যাগী ক্লেশবিশিষ্ট ও মলিন হয় এবং বিদেশ গমন করে। তাহার সর্ব্বদা ধনহানি হয় ও সে সর্ব্বদা শত্রুভয়ে ভীতচিত্ত হইয়া থাকে॥ ৮॥

জন্মকালে কোন গ্রহ খলভাবাপন্ন হইলে মানব, ভার্য্যাহরণজন্য দুঃখে সন্তপ্তহৃদয় হইতে থাকে। তাহার অন্তঃকরণ ধননাশজনিত দুঃখরূপ শলাকা দ্বারা বিদ্ধ হয় এবং তাহার কখনই শোকসন্তার অপনীত হয় না॥৯॥

---

অথ তন্বাদিদ্বাদশভাববিবেকমাহ দীপিকায়াম্।

সামর্থ্যং তনু কল্যতে সমুদয়ে বিত্তং কুটুম্বং ততো
বিক্রান্তিং সহজং তৃতীয়ভবনে যোধঞ্চ সঞ্চিন্তয়েৎ।
বন্ধুং বাহসুখালয়ানপি ততো ধীমন্ত্রপুত্রাংস্ততঃ,
ষষ্ঠেঽথ ক্ষতবিদ্বিষৌ মদগৃহে কামং স্ত্রিয়ং বর্ত্ম চ॥
রন্ধ্রায়ুর্ম্মৃতয়োঽষ্টমে গুরুতপোভাগ্যানি চিন্তস্ততো
মানাজ্ঞাস্পদকর্ম্মণাং দশমভে কুর্য্যাত্ততশ্চিন্তনম্।
প্রাপ্ত্যায়াবথ চিন্তয়েত্তবগৃহে রিপ্‌ফেতু মন্ত্রিব্যয়ৌ
সৌম্যস্বামিযুতীক্ষণৈরুপচয়স্তেষাং ক্ষতিস্ত্বন্যথা॥

অরাতিব্রণয়োঃ ষষ্ঠে চাষ্টমে মৃত্যুরন্ধ্রয়োঃ।
ব্যয়স্ত দ্বাদশস্থানে বৈপরীত্যেন চিন্তনম্॥

**অথ তন্বাদিদ্বাদশ ভাব কথন।**

(লগ্ন অবধি ব্যয়পর্য্যন্ত দ্বাদশটি রাশির নাম এবং যে যে ভাবে যাহা বিবেচনা করিতে হয়, তাহা দীপিকাকার মহাত্মা শ্রীনিবাস, স্বীয়গ্রন্থে যেরূপ নির্দ্দিষ্ট করিয়াছেন, এস্থলে তাহাই প্রথমত সন্নিবেশিত হইল।)

সামর্থ্য অর্থাৎ শক্তি (সবল কি দুর্ব্বল,) তনু (শরীর ক্ষীণ কি স্থূল, হ্রস্ব বা দীর্ঘ এবং শিথিল বা দৃঢ়) কল্যতা অর্থাৎ কল্যাণ, লগ্নেতে এই সমস্ত চিন্তা করিবে। লগ্নের দ্বিতীয় স্থানে, ধন এবং কুটুম্বের বিষয় নিরূপণ করিবে। লগ্ন হইতে তৃতীয় স্থানে বিক্রম সহোদর এবং যুদ্ধবিষয় বিবেচনা করিবে। চতুর্থ স্থানে বন্ধু বাহন সুখ ও আলয় স্থির করিবে। পঞ্চম স্থানে বুদ্ধি মন্ত্রণা এবং পুত্র নির্ণয় করিবে। ষষ্ঠ স্থানে ক্ষত ও শত্রু বিবেচনা করিবে। সপ্তম স্থানে কাম স্ত্রী ও পথ নিরূপণ করিতে হইবে। অষ্টম স্থানে আয়ু মৃত্যু এবং রন্ধ্র অর্থাৎ অপবাদ বা পাপ চিন্তা করিবে। নবম স্থানে গুরু (কেহ কেহ গুরু শব্দে পিতামাতা প্রভৃতি ব্যাখ্যা করিয়া থাকেন।) তপ অর্থাৎ পুণ্য ভাগ্য ও মন স্থির করিবেন। দশম গৃহে মান আজ্ঞা এবং কর্ম্ম স্থান বিবেচনা করিবে। একাদশ গৃহে প্রাপ্তি ও আয় স্থান বলিয়া স্থির করিবে। (প্রশ্নদীপিকা মতে উহা বিদ্যা ও অর্থপ্রাপ্তির স্থান।) দ্বাদশ স্থানে মন্ত্রী এবং ব্যয় নিরূপণ করিবে।

যে সমস্ত ভাব কথিত হইল, সেই সেই ভাবস্থ গ্রহগণ যদি শুভগ্রহ এবং স্ব স্ব ভাবের অধিপতি গ্রহ কর্ত্তৃক যুক্ত কি দৃষ্ট হন, তাহা হইলে ঐসকল ভাবের আধিক্য বিবেচনা করিতে হইবে। পরন্তু যদি তাঁহারা পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট অথবা মিলিত হন এবং সেই ভাবের অধিপতি গ্রহ কর্ত্তৃক দৃষ্ট কিম্বা যুক্ত না হন, তাহা হইলে সেই সেই ভাবের হানি নিরূপণ করিতে হইবে। যে যে ভাবে যে সমস্ত চিন্তা উক্ত হইয়াছে, ঐ সমস্তের ফলাফল নির্ণয় করিবার সময় সেই সেই ভাবাপন্ন রাশির এবং তাহার অধিপতি কুজ সৌম্য ইত্যাদি গ্রহের বর্ণ ও আকৃতির শ্বেত রক্ততা প্রভৃতি খর্ব্বতা, দীর্ঘতা প্রভৃতি স্থির করিয়া গ্রহ এবং রাশির বলাবল বুঝিয়া তাহাদের কতদূর ফলদানে সামর্থ্য আছে, তাহা বিবেচনা করিয়া উক্ত সমস্ত ফলের নির্ণয় করিতে হইবে।

শুভগ্রহ এবং অধিপতি গ্রহ কর্ত্তৃক যুক্ত অথবা দৃষ্ট [illegible]লে যে ফলের আধিক্য উক্ত হইয়াছে, তাহার বাধস্থল তাহ[illegible]ত হইতেছে। ষষ্ঠস্থানে শত্রু এবং ব্রণ, অষ্টম স্থানে করি[illegible]পবাদ বা পাপ, দ্বাদশ স্থানে ব্যয়, ইহার বিপরীত সমূহকে [illegible]বে। ইহার তাৎপর্য্য এই যে, যদি কোন গ্রহ ষষ্ঠ স্থ[illegible] তাহাকে থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয়, তাহা হই[illegible]কিবে [illegible]ণ এবং শত্রুবৃদ্ধি না হইয়া তাহার হানি হইবে, স্থির [illegible]রিবে। আর ঐ স্থানে থাকিয়া যদি, পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয়, তাহা হইলে উহার বৃদ্ধিই স্থির করিতে হইবে। অষ্টম অথবা দ্বাদশ স্থানে ঐ রূপ শুভগ্রহ এবং তাহার অধিপতি গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে ফলের হানি এবং পাপগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে ফলের আধিক্য জানিতে হইবে। অষ্টম স্থানে মৃত্যু এবং রন্ধ্রের বিপরীত ফল উক্ত হইয়াছে। এজন্য কেবল ঐ উভয়েরই বিপরীত ফল হইবে, আয়ুর বিপরীত ফল হইবে না। কেবল দ্বাদশ স্থানে একমাত্র ব্যয়ের বিপরীত ফল বলাতে কেবল তাহারই বিপরীত ফল হইবে, মন্ত্রীর বিপরীত ফল ঘটিবে না।

(তনু প্রভৃতি যে দ্বাদশ ভাব উক্ত হইল, তত্তদ্ভাবাপন্ন গ্রহসমূহের স্ফুটগণনা ব্যতীত তাহার ফলাফল সাধন করা যায় না *। যেমন লগ্ন স্থানকে তনুভাব এবং তৎপর রাশিকে ধনভাব বলিয়া, ঐ স্থানে যে গ্রহ থাকিবে, তাহাকে ধনস্থ বলিয়া যদি তাহার ফল বলা যায়, তাহা হইলে শাস্ত্রোক্ত ফলের সহিত তাহার ঐক্য হইবে না। এই কারণে রবি প্রভৃতি গ্রহের স্ফ[illegible] পরে ভাব ও

* লাগ্নিক গণনা মাত্রেই গ্রহস্ফুট গণনা প্রয়োজন হইয়া থাকে।

ভাবসন্ধি, ইত্যাদি সমুদায় গণনা করা উচিত। প্রথমতঃ গ্রহদিগের স্ফুটগণনা প্রকাশ করা আবশ্যক। পরন্ত ঐ গ্রহস্ফুট করিবার সঙ্কেত নানা গ্রন্থে নানারূপ নির্দ্দিষ্ট আছে। তন্মধ্যে সূর্য্যসিদ্ধান্তই সর্ব্বোৎকৃষ্ট, কিন্তু ঐ মতে গণনা করা বহু আয়াসসাধ্য। এই জন্য তাহা এক্ষণে প্রকাশ না করিয়া তদুপযোগী অল্পায়াসসাধ্য ও সূর্য্যসিদ্ধান্তের ন্যায় সূক্ষ্ম গণনা রাঘবানন্দ কৃত সিদ্ধান্ত রহস্য নামক গ্রন্থে প্রকটিত হইয়াছে। অধুনা সেই গণনা প্রকাশ করা যাইতেছে।) ইত পাঠক-

অথ গ্রহস্ফুট গণনা।

প্রণম্য সূর্য্যস্য পদারবিন্দং শ্রীসূর্য্যসিদ্ধান্তরহস্যমেব
হিতায় বিশ্বস্য বিদগ্ধতুষ্টৈ বিতন্যতে রাঘবশর্ম্মণৈতৎপ্রদী-

আমি রাঘবশর্ম্মা নামে ব্রাহ্মণ। আমি জগতেরহিতের নিমিত্ত এবং পণ্ডিতবর্গের সন্তোষ সাধনের জন্য উক্তসূর্য্যদেবের পাদপদ্মে প্রণাম করিয়া সূর্য্যসিদ্ধান্তরহস্য নামক এই পুস্তক প্রকাশ করিতেছি।

অব্দপিণ্ড ও দিনবৃন্দ গণনা।

ইহার দ্বারা যে কোন শকাব্দের বৈশাখ মাসের প্রথম দিনের বার নির্ণয় হইবে।

বিশ্বেষুচন্দ্রোন ১৫১৩ শকোঽব্দপিণ্ডঃ
কৃতাঙ্গরামৈ-৩৬৪ র্গুণিতো নগ-৭ ঘ্নাৎ।
অব্দাৎ খবাণাগ্নিধরাংশ ১৩৫০ যুক্তাৎ।
সহস্র ১০০০ নিঘ্নাব্দ যমাগ্নিবিশ্বৈঃ ১৩৩২।
যুক্তাৎ খথাষ্টৌ ৮০০ হৃতযুক্ ক্রিয়াদি।
গতাহযুক্তঃ শশিতো দিনৌঘঃ॥ ২॥

(এই শাস্ত্রে অব্দপিণ্ড ও দিনবৃন্দ ব্যতীত কোন স্ফুট গণনা হয় না, এ জন্য গ্রন্থকার প্রথমেই অব্দপিণ্ড ও দিনবৃন্দ এক বচনে নির্দ্দিষ্ট করিতেছেন। যথা)—

শকাব্দাঙ্ক হইতে ১৫১৩ এক হাজার পাঁচ শত তের অঙ্কবিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে। ঐ অঙ্ক অব্দপিণ্ড নামে বিখ্যাত। ঐ অব্দপিণ্ড দুই স্থলে রাখিয়া একটিকে ৩৬৪ তিন শত চৌষট্টি দ্বারা, অপরটিকে ৭ সাত দ্বারা গুণ করিয়া দুই স্থানে রাখিবে। সপ্ত ৭ গুণিত অব্দপিণ্ডকে পুনরায় আর এক স্থানে রাখিয়া এক হাজার তিন শত পঞ্চাশ ১৩৫০ দ্বারা ভাগ দিয়া, যাহা লব্ধ হইবে, সপ্ত ৭ গুণিত অব্দপিণ্ডে তাহা যোগ করিবে, এবং পুনরায় অন্য স্থানে অব্দপিণ্ডকে সহস্র ১০০০ দ্বারা গুণ করিয়া তাহাতে তের শত বত্রিশ ১৩৩২ যোগ করিবে। পরে ঐ সপ্তপূরিত অব্দপিণ্ডে ঐ অঙ্ক যোগ করিয়া তাহাকে ৮০০ অষ্ট শত দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, ঐ অঙ্কটি পূর্ব্বোক্ত তিন শত চৌষট্টি ৩৬৪ গুণিত অব্দপিণ্ডে যোগ করিবে। ইহাকে দিনবৃন্দ কহে। ঐ দিনবৃন্দকে সাত দিয়া হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ক সোমবার অবধি গণনায় যে বারে পতিত হইবে, সেই শকাব্দের বৈশাখ মাসের প্রথম দিনে সেই বার হইবে। এইরূপ সেই শকাব্দ মধ্যে যে তারিখের বার নির্ণয় করিতে হইবে, বৈশাখ মাসের প্রথম দিন হইতে গণনায় যত দিনসংখ্যা গত হইয়াছে, ঐ সংখ্যা উক্ত দিনবৃন্দাঙ্কে যোগ করিয়া সাত দিয়া হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সোম বার হইতে গণনায় ঐ অঙ্কে যে বার হইবার সম্ভাবনা, সেই দিবস সেইবার স্থির করিতে হইবে।

রবি বুধ এবং শুক্রের মধ্যানয়ন ক্রম।

দিনং খসপ্তাংশ-৭০ বিযুক্ দিনস্য
খখাভ্রগোঽং-৯০০০ শোনিতমংশকাদ্যম্।
গজা-৮ হতাব্দাদ্বিখসপ্ত৭০২ লব্ধলিপ্তো নিতং সূর্য্যভৃগুজ্ঞমধ্যং॥ রক্ষেপঃ ১১।২৭।৫৬।৪০।৩৭। রবিশুক্রবুধানাং মধ্যানি।

সম্প্রতি রবি বুধ ও শুক্রের মধ্যানয়নক্রম কহিতেছেন। দিনবৃন্দ দুই স্থলে রাখিয়া একটিকে ৭০ সত্তর দিয়া ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, ঐ লব্ধাঙ্ক অপর দিনবৃন্দে হীন করিবে। পুনরায় দিনবৃন্দকে ৯০০০ নয় হাজার দিয়া হরণ করিলে যে ভাগফল অঙ্ক লব্ধ হইবে, ঐ অঙ্ক পূর্ব্ব লব্ধাঙ্কবিয়োজিত দিনবৃন্দে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে; তাহা অংশাদি ধার্য্য হইবে। তৎপরে অব্দপিণ্ডকে ৮ আট দিয়া গুণ করিয়া ৭০২ সাত শত দুই দিয়া ভাগ দিলে যে কলাদি লাভ হইবে, তাহা পূর্ব্ব স্থাপিত

অংশাদিতে হীন করিবে। তাহার পর উহাতে দেশান্তর কলাহীন করিলে শুদ্ধদিনাদি হইবে। ঐদিনকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিয়া শেষ অঙ্ক দ্বারা অংশাদি সংস্থাপন করণানন্তর লব্ধাঙ্ককে ১২ দ্বাদশ দিয়া হরণ করিয়া লব্ধ অঙ্ক পরিত্যাগ করিবে। শেষ অঙ্ক দ্বারা রাশি নির্ণয় হইবে। তৎপরে ঐ রাশ্যাদিতে রবির ক্ষেপ যোগ করিলে রবি বুধ ও শুক্রের মধ্য রাশ্যাদি নিশ্চয় হইবে।

দিনং ত্রি-৩ নিঘ্নং ঘন-১৭ ভাগযুক্তং
সাশা-১০ ঘ্নঘস্রং বিধুরংশকাদি।
বিঘস্রথেন্দ্রাংশ-১৪০ কলঃ সলিপ্তঃ
কষ্টা-৮১ হতাব্দাৎ খখভূরসা-৬১০০ প্তৈঃ॥
চং ক্ষেপঃ ৫।১৬।৫৩।৫২।২৩। চন্দ্রমধ্যম্।

দিনবৃন্দকে তিন দিয়া পূরণ করিয়া দুই স্থলে রাখিবে। একটিকে ১৭ সপ্তদশ দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, ঐ লব্ধাঙ্ক ঐ ত্রিগুণিত দিনবৃন্দে যুক্ত করিতে হইবে। পুনরায় দিনবৃন্দকে ১০ দশ দিয়া গুণ করিয়া উহাতে যোগ করিলে চন্দ্রের অংশাদি হইবে। পুনর্ব্বার একশত চল্লিশ ১৪০ দ্বারা দিনবৃন্দকে ভাগ দিয়া যে কলা প্রভৃতি লাভ হইবে, তাহা পূর্ব্ব স্থাপিত অংশাদিতে হীন করিবে। তৎপরে অব্দপিণ্ডকে ৮১ একাশী দ্বারা গুণ করিয়া ছয় হাজার একশত ৬১০০ দ্বারা ভাগ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা যোগ করিয়া শুদ্ধ দিনাদি জানিবে। ঐ দিনকে ত্রিশ ৩০ দিয়া ভাগ করিলে যাহা শেষ থাকিবে, তাহা দিন এবং লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা হরণ করিলে যাহা শেষ থাকিবে, তাহা রাশি। ঐ রাশ্যাদিতে দেশান্তর কলা ৩৩।৪৭।৮ হীন করণানন্তর রাশ্যাদিতে ক্ষেপ যোগাইলে চন্দ্রমধ্য রাশ্যাদি হইবে।

বিশ্ব-১৩ ঘ্নঘস্রং খনখাংশ-২০০ যুক্তং
দিনাদ্রভঃখাব্ধিরদাংশ-৩২৪০০ হীনম্।
ভাগাদি কেন্দ্রং নগভূ-১৭ হতাব্দাৎ
খাগ্ন্যদ্রিসপ্তাপ্ত-৭৭৩০ কলাদ্যমিন্দোঃ।
কেন্দ্রক্ষেপঃ ১১।১৯।৪০।২৫।৪৮ চন্দ্রকেন্দ্রম্।

দিনবৃন্দকে ১৩ ত্রয়োদশ দিয়া পূরণ করিয়া দুই স্থানে সংস্থাপন করণানন্তর একটীকে ২০০ দুই শত দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, তাহা অপর ত্রয়োদশগুণিত দিনবৃন্দে যুক্ত করিবে। পুনরায় বত্রিশ হাজার চারিশত দ্বারা দিনবৃন্দকে হরণ করিলে যে অঙ্ক লব্ধ হইবে ঐ অঙ্ক, পূর্ব্ব স্থাপিত দিনবৃন্দে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ভাগাদি কেন্দ্র নামে বিখ্যাত। তৎপরে অব্দপিণ্ডকে ১৭ সপ্তদশ দ্বারা গুণ করিয়া সাত হাজার সাতশত ত্রিশ ৭৭৩০ দিয়া হরণ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা উহাতে যোগ করিয়া, দেশান্তর কলা ৩৩।৩০ হীন করিলে চন্দ্র কেন্দ্রের শুদ্ধ দিনাদি হইবে। পরে ঐ দিনসমূহকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাকে দ্বাদশ দিয়া হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা রাশি। এই ক্রম অনুসারে চন্দ্র কেন্দ্রে রাশি অংশ কলা বিকলাদি সংস্থাপন করিয়া তাহাতে চন্দ্রকেন্দ্রক্ষেপ রাশ্যাদি সংযুক্ত করিলে চন্দ্রকেন্দ্রের শুদ্ধ রাশ্যাদি হইবে।

দিনং যমা-২ প্তং নখ-২০ ভাগযুক্তং
দিনান্নখাশাংশ-১০২০ বিযুক্ কুজঃ স্যাৎ।
অংশাদিরব্দাদ্দশগুণিতাৎ খচন্দ্রে-১০
নেত্রাঙ্কগোভূ-১৯৯২ হৃতলিপ্তিকোনঃ॥
মং ক্ষেপঃ ৭।১০।১৩।৮।৫০। মংমধ্যম্।

দিনবৃন্দকে দুই দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হয়, তাহাতে, দিনবৃন্দকে কুড়িদ্বারা হরণ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা যোগ করিবে। পুনর্ব্বার দিনবৃন্দকে একহাজার কুড়ি দ্বারা বিভক্ত করিয়া লব্ধ ফল তাহা হইতে বিয়োগ করিয়া অবশিষ্ট যাহা থাকিবে, তাহা কুজাংশাদি জানিবে। পরে অব্দপিণ্ডকে দশ দিয়া পূরণ করিয়া ১৯৯২ এক হাজার নয় শত বিরানব্বই দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা স্থাপিত কুজাংশেতে কলাদি হীন করিয়া তাহা হইতে দেশান্তর ১।২১ কলা পরিত্যাগ করিবে। পরে দিনসমূহকে ত্রিশ দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা ভাগাবশেষিত রাশ্যাদিতে ক্ষেপরাশ্যাদি ৭।১০।১৩।৮।৫০ যোগ করিলে কুজ মধ্য রাশ্যাদি প্রকাশ পাইবে।

## অথ বুধশীঘ্রানয়নম্।

দিনং রবিঘ্নং ১২ খগুণেন্দুলব্ধং
১৩০তথাব্ধশীঘ্রং সযুগঘ্নঘস্রম্।
দিনাদ্দিগষ্ট্যাপ্ত ১৬১০ কলাঢ্যমব্দাৎ
খখাভ্রবিশ্বাপ্ত ১৩০০০ বিলিপ্তিকাঢ্যম্॥
বুধশীঘ্রক্ষেপঃ ৭।১১।৫৫।৩৩।

### অথ বুধশীঘ্রানয়ন।

দ্বাদশপূরিত দিনবৃন্দ একশত ত্রিশ দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক সংস্থাপনানন্তর চারি দ্বারা পূরিত দিনবৃন্দ তাহাতে সংযুক্ত করিবে। পুনরায় এক হাজার ছয় শত দশ দিয়া দিনবৃন্দকে ভাগ করিয়া যে কলাদি লাভ হইবে। তাহা উহাতে যোগ করিবে। তৎপরে, অব্দপিণ্ডকে ত্রয়োদশ সহস্র দ্বারা ভাগ করিলে যে বিকলাদি লাভ হইবে, তাহাও তাহাতে সংযুক্ত করিলে শুদ্ধ দিনাদি হইবে। পরেদিনগণকে ত্রিশ দিয়া হরণ করিলে যাহা শেষ থাকিবে, তাহা অংশ। লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা হরণ করিয়া শেষ দ্বারা রাশি সংস্থাপন করিয়া তাহাতে ক্ষেপ রাশ্যাদি ৭।১১।৫৫।৩৩ যোগ করিলে বুধশীঘ্ররাশ্যাদি স্থিরীকৃত হইবে।

## অথ গুরুমধ্যানয়নম্।

দ্বিনিঘ্নঘস্রং ত্রিখসপ্ত ৭০৩ লব্ধহীনাদ্দিনাদ্দ্বাদশলব্ধমিজ্যঃ।
অংশাদিরব্দাদ্গিগমেন ৪ নিঘ্নাৎ খাগাভ্রনেত্রা-২০৭০প্ত কলান্বিতশ্চ॥
বৃক্ষেপঃ ৬।২৯।৫০।৪৮।৯॥ বৃ মধ্যম্॥

### অথ গুরুমধ্যানয়ন।

দিনবৃন্দকে দুই দিয়া গুণ করিয়া সাত শত তিন দিয়া ভাগ করিলে যে ফল লব্ধ হয়, ঐ ফল দ্বিপূরিত দিনবৃন্দে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে দ্বাদশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধাঙ্ক হইবে, তাহা বৃহস্পতির অংশাদি বলিয়া বিখ্যাত। তৎপরে অব্দপিণ্ডকে চারি দিয়া পূরণ করিয়া, দুই হাজার সত্তর ২০৭০ দিয়া ভাগ করিলে যে কলাদি লাভ হইবে, তাহা পূর্ব্বস্থাপিত অংশাদির কলাদিতে যোগ করিয়া দেশান্তর পল ১৩। ০ হীন করিলে বৃহস্পতির শুদ্ধ অংশাদি হইবে। তদনন্তর দিনগণকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা শেষথাকিবে, তাহা অংশ, এবং লব্ধাঙ্ককে দ্বাদশ দ্বারা হরণ করিলে যাহা অবশেষ থাকিবে তাহা রাশি এই প্রকারে রাশ্যাদি সংস্থাপন করিয়া তাহাতে ক্ষেপাঙ্ক ৬।২৯।৫০।৪৮।৯। যোগ করিলে বৃহস্পতির মধ্য রাশ্যাদি হইবে।

## অথ শুক্র শীঘ্রানয়নম্।

দিনং শত ১০০ ঘ্নং খদিনাংশ ১৫০ হীনং
পক্ষর্ত্তু ৬২ লব্ধং কবিশীঘ্রভাগাঃ।
অথাব্দপিণ্ডাদ্রসষট্কনিঘ্নাৎ ৬৬
ভশৈল ৭২৭ লব্ধেন কলাদিনোনাঃ।
শুক্র শীঘ্রক্ষেপঃ ০।২৫।৪০।২৯।৩০। শুশীঘ্রম্।

### অথ শুক্র শীঘ্রানয়ন।

এক শত গুণিত দিনবৃন্দকে দুই স্থলে স্থাপন করিবে। পরে একটিকে দেড় শত ১৫০ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহা অপরটি হইতে হীন করিবে। পরে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬২ বাষট্টি দ্বারা হরণ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, ঐ অঙ্ক শুক্র শীঘ্রের অংশাদি বলিয়া পরিগণিত হইয়া থাকে। তৎপরে অব্দপিণ্ডকে ছয়ষট্টি ৬৬ দিয়া পূরণ করিয়া সাত শত সাতাইশ দিয়া ভাগ করিলে যে কলাদি লাভ হইবে, তাহা পূর্ব্বস্থিতঅংশাদির কলাদিতে হীন করিবে, এবং তাহাতে দেশান্তর কলা ৪।৬ হীন করিলে শুক্রশীঘ্রের শুদ্ধ দিনাদি হইবে। পরে দিনকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে যে মাস লব্দ হয়, তাহাকে দ্বাদশ দ্বারা হরণ করিয়া শেষ রাশি মাসশেষ অংশ ইত্যাদি ক্রমে রাশ্যাদি সংস্থাপন করিয়া পরে তাহাতে ক্ষেপ ০।২৫। ৪০।২৯।৩৪ যোগ করিলে শুক্রশীঘ্রের রাশ্যাদি নিশ্চয় হইবে।

## অথ শনিমধ্যানয়নম্।

মন্দোচ্চবৃন্দাৎ খগুণৈ ৩০ র্ব্বিভক্তঃ
সবাণচন্দ্রাগ্নিলবেন ৩১৫ যুক্তঃ।
অংশাদিরব্দান্নয়নেন ২ নিঘ্নাৎ
ভূনন্দবাণোদ্ধৃত ৫৯১ লিপ্তি- কাঢ্যঃ॥
শনিক্ষেপঃ ২।৮।১।৫।৪৫॥ শনিমধ্যম্।

অথ শনি মধ্যানয়ন।

দিনবৃন্দকে ত্রিশ দিয়া হরণ করিয়া লব্ধাঙ্ক দুই স্থলে সংস্থাপন করিবে। পরে একটিকে তিন শত পোনর ৩১৫ দ্বারা ভাগ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, তাহা পূর্ব্ব-স্থাপিত অঙ্কে যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা শনি-মধ্যের অংশাদি বলিয়া বিখ্যাত। পরে দ্বিগুণিত অব্দ-পিণ্ডকে পাঁচশত একানব্বই ৫৯১ দ্বারা ভাগ করিয়া লব্ধ কলাদি তাহাতে যোগ করিয়া পরে দেশান্তর পল হীন করিলে শুদ্ধ দিনাদি হইবে। তৎপরে পূর্ব্বের ন্যায় দিনাদি ৩০ ত্রিশ এবং দ্বাদশ দ্বারা হরণ করিয়া শেষে রাশ্যাদি সংস্থাপন করিয়া ক্ষেপাঙ্ক ২।৮।১।৫।৪৫ যোগ করিলে শনিমধ্যের রাশ্যাদি স্থির হইবে।

অথ রাহুমধ্যানয়নম্।

দিনং নখাপ্ত ২০ ত্রি ৩ হতদ্যুবৃন্দাৎ
বাণাভ্রদিক্ ১০০৫ লব্ধযুগং শকাদ্যম্।
রসাহতাব্দাৎ কৃযমাব্ধি ৪২১ লব্ধ-
লিপ্তাযুতোঽশুর্ব্বিপরীতগত্যা॥
রাহুক্ষেপঃ ৮।২৬।৩০।৪১।১৫।

অথ রাহুমাধ্যনয়ন।

দিনবৃন্দকে কুড়ি দিয়া ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহা এক স্থানে সংস্থাপন করিয়া পুনর্ব্বার দিন-বৃন্দকে তিন দ্বারা পূরণ করিয়া একহাজার পাঁচ দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক পূর্ব্ব স্থাপিতাঙ্কে যোগ করিলে রাহু মধ্যের অংশাদি হইবে। তৎপরে অব্দপিণ্ড ছয় দ্বারা পূরণ করিয়া চারি শত একুশ দিয়া ভাগ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা পূর্ব্বাঙ্কে যোগ করিয়া দেশান্তর পল বিপল ৮।৯ হীন করিলে রাহুর শুদ্ধ দিনাদি নিশ্চয় হইবে। পরে দিনসমূহকে ত্রিশ দিয়া ভাগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহা অংশ এবং লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা ভাগ করিয়া যাহা শেষ, তাহা রাশি সংস্থাপিত করিয়া রাহুর ক্ষেপাঙ্ক ৮।২৬।৩০।৪১।১৫ যোগ করিলে রাহুমধ্যের রাশ্যাদি স্থির হইবে। ইতি রাহুমধ্যম্।

অথ রাহুস্ফুটসাধনম্।

রাহুঃ সদা বক্রগতিঃ স্ফুটঃ স্যা-
চ্চক্রাচ্চ্যুতঃ ষড়্ভযুতশ্চ কেতুঃ।
ইতি রাহুকেতুস্ফুটৌ।

অথ রাহুস্ফুট সাধন।

রাহু সর্ব্বদা বক্রগতি, একারণ রাহুমধ্য রাশ্যাদি, চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই রাহুর স্ফুট বলিয়া বিখ্যাত হয় এবং তাহাতে ছয় রাশি যোগ করিলে কেতুর স্ফুট হইবে।

অথ ভুক্তিকথনম্।

এবং প্রকারেণ দিনৈক মধ্যং শীঘ্রং ভবেদ্যৎ খলু সৈব ভুক্তিঃ॥

অথ ভুক্তি কথন।

উক্ত প্রকারে গ্রহদিগের মধ্যশীঘ্র সাধন করিলে এক দিনের যে মধ্যশীঘ্র হইবে, তাহাই ভুক্তি নামে প্রসিদ্ধ।

অথ গ্রহণাং ভুক্তি কলাদি।

রবের্ভুক্তি কলা ৫৯।৮।১০। চন্দ্রস্য ৭৯০।৩৪।৫২। চন্দ্রকেন্দ্রস্য ৭৮৩।৫৩।৫৩। কুজস্য ৩১।২৬।২৮। বুধশীঘ্রস্য ২৪৫।৩২।২১। গুরোঃ ৪।৫৯।৯। শুক্রশীঘ্রস্য ৯৬।৭।৪৪। শনেঃ ২।০।২৩। রাহোঃ ৩।১০।৪৫॥

অথ গ্রহদিগের ভুক্তি কলাদি।

রবির ভুক্তি কলাদি ৫৯।৮।১০। চন্দ্রের ৭৯০।৩৪।৫২। চন্দ্রকেন্দ্রের ৭৮৩।৫৩।৫৩ মঙ্গলের ৩১।২৬।২৮। বুধশীঘ্রের ২৪৫।৩২।২১ বৃহস্পতির ৪।৫৯।৯। শুক্রশীঘ্রের ৯৬।৭।৪৪। শনির ২।০।২৩। রাহুর ৩।১০।৪৫ এই সমস্ত অঙ্ক গ্রহদিগের দৈনিক ভুক্তি বলিয়া বিখ্যাত হয়।

অথ বীজানয়নং।

কল্যব্দপিণ্ডা ত্রিসহস্রলব্ধং
ভাগাদিবীজং ধনমিন্দুকেন্দ্রে।
ত্রিঘ্নং শনৌ বেদহতং বুধোচ্চে
দ্বিত্রিঘ্নমিজ্যাস্ফুজিতোর্ব্বিশোধ্যং॥

অথ বীজানয়ন।

অধুনা বীজানয়ন কথিত হইতেছে। কল্যব্দপিণ্ডকে

তিন হাজার দিয়া ভাগ করিলে যে ভাগ ফল লব্ধ হয়, তাহা ভাগাদি বীজ নামে বিখ্যাত এবং উহাকেই বীজাংশাদি কহে। ঐ বীজাংশাদি চন্দ্র কেন্দ্রে যোগ করিতে হইবে এবং ঐ বীজাংশ তিন দিয়া গুণ করিয়া শনির মধ্য ভুক্তিতে এবং উহা চতুর্গুণ করিয়া বুধের শীঘ্র ভুক্তিতে যোগ করিবে। উক্ত বীজাংশ দ্বিগুণিত করিয়া বৃহস্পতির মধ্য ভুক্তিতে এবং ত্রিগুণিত বীজাংশ, শুক্রের শীঘ্র ভুক্তিতে হীন করিলে উহাদিগের মধ্য ও শীঘ্র বীজশুদ্ধ বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

### অথ সূর্য্যাদীনাং ক্ষেপাঙ্কস্য জন্ম।

সূর্য্যস্য ভূখর্ত্তু গজাষ্ট সূর্য্যাঃ ১২৮৮৬০১
চন্দ্রস্য দন্তাষ্টখশূন্যতর্কাঃ ৬০০৮৩২
কেন্দ্রস্য ষড়দ্ব্যষ্টগজেষুসূর্য্যাঃ ১২৫৮৮২৬
রাহোঃ কুবেদাব্ধিনবেষুনন্দাঃ ৯৫৯৪৪১
ভৌমস্য গোঽষ্টাদ্রিযমাঙ্কশৈলাঃ ৭৯২৭৮৯
জ্ঞোচ্চস্য দেবাঙ্কগজাঙ্কশৈলাঃ ৭৯৮৯৩৩
গুরোর্গজাব্ধ্যব্ধিশরেষুশৈলাঃ ৭৫৫৪৪৮
কবেঃ খরামাম্বুধিনেত্রনন্দাঃ ৯২৪৩০
শনেরসর্ত্তুষ্টযুগাব্ধিপক্ষাঃ ২৪৪৮৬৬
ক্ষেপাবিলিপ্তা ইহ তেষু দেয়াঃ।
তদার্দ্ধরাত্রে ক্ষিতিমধ্যসূত্রে
শ্রীসূর্য্যসিদ্ধান্তসমা ইমে স্যুঃ।

### অথ সূর্য্যাদি গ্রহের ক্ষেপাঙ্কের উৎপত্তি।

পূর্ব্বে যে সমস্ত ক্ষেপাঙ্ক রব্যাদি গ্রহের মধ্যভুক্তি ও শীঘ্রভুক্তিতে যোগ করা হইয়াছে। ঐ ক্ষেপাঙ্কের উৎপত্তি কহিতেছেন। ১২৮৮৬০১এই অঙ্ককে ষষ্টি দ্বারা হরণ করিয়া পুনরায় ঐ লব্ধ অঙ্ককেও ষষ্টি দিয়া ভাগ করিয়া যাহা লব্ধ হইবে। তাহাকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে এবং শেষ অঙ্ক যাহা থাকিবে, তাহাতে পূর্ব্বোক্ত রবির ক্ষেপাঙ্ক হইবে। এই রূপ চন্দ্রের ৬০০৮৩২ এই অঙ্ককে দুই বার ষষ্টি দিয়া হরণ করিয়া লব্ধ অঙ্ক ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার দ্বারা ক্ষেপাঙ্কের রাশি শেষ অঙ্ক দ্বারা অংশাদি নির্দ্দিষ্ট হয়। এইরূপ অন্যান্য গ্রহের যে সমস্ত অঙ্ক লিখিত হইতেছে, ঐ সমুদয়ের ঐরূপ প্রক্রিয়া দ্বারা ক্রমে গ্রহদিগের ক্ষেপাঙ্কের উৎপত্তি জানিবে। চন্দ্রকেন্দ্রের ১২৫৮৮২৬ রাহু মধ্যের ৯৫৯৪৪১ কুজ মধ্যের ৭৯২৭৮৯ বুধ শীঘ্রের ৭৯৮৯৩৩ বৃহস্পতির ৭৫৫৪৪৮ শুক্র শীঘ্রের ৯২৪৩০ শনির ২৪৪৮৬৬। রব্যাদি গ্রহের এই যে সমস্ত অঙ্ক উক্ত হইল, এই সমুদায় অঙ্ক প্রথম ৬০ ষাট দিয়া তৎপরে ৬০ ষাট দিয়া তৎপরে ত্রিশ দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হইবে, এবং শেষ থাকিবে, তাহার দ্বারা ক্ষেপরাশ্যাদি নিশ্চয় হইবে। ত্রিশ দিয়া হরণদ্বারা লব্ধ রাশি শেষ অংশ এবং ষাট দিয়া হরণ শেষে কলাদি জানিবে। যদি কোন স্থলে উক্ত সকল অঙ্ক ভাগ করিলে গ্রহদিগের ক্ষেপাঙ্কের সহিত কোন অনৈক্য হয়, তাহা হইলে এই রূপে বিবেচ্য যে পূর্ব্বোক্ত যে সকল ক্ষেপ আছে, তাহারা সূক্ষ্ম মতে গণনা আছে। গ্রন্থকার এখানে যে অঙ্ক নির্দ্দিষ্ট করিয়াছেন, তাহা শ্লোকের ছন্দোনুরোধে বা জ্যোতিষশাস্ত্রে অর্দ্ধাতিরিক্তে একাঙ্কের গ্রহণ, অর্দ্ধন্যূনে তাহার পরিত্যাগ করা প্রসিদ্ধ আছে। তদনুসারেই সমাধা করিয়া কোন অঙ্কে কিঞ্চিৎ ত্যাগ বা কোন স্থলে কিঞ্চিৎ অধিক গ্রহণ করিয়া উক্ত অঙ্ক সমস্ত হইতে ক্ষেপাঙ্কের জন্ম উল্লেখ করিয়াছেন। এই সমস্ত ক্ষেপাঙ্ক বিলিপ্তা অর্থাৎ পলস্থানীয়। উহা উক্ত মতে ভাগ করিয়া রাশ্যাদি করিয়া এই স্থলে গ্রহদিগের মধ্য ও শীঘ্র রাশ্যাদিতে যোগ করিবে। তাহা হইলে পৃথিবীর মধ্যরেখা স্থিত দেশের শ্রীসূর্য্য সিদ্ধান্তোক্ত মধ্যাদির সদৃশ অর্দ্ধরাত্রীয় মধ্যাদি হইবে।

### অথ দেশান্তর শোধনম্।

সুমেরুলঙ্কান্তরভূমিমধ্যরেখা স্বদেশান্তরযোজনং ২০০ হিযৎ।৮
ভুক্তিঘ্নমষ্টাদ্রি ৭৮ হৃতং বিলিপ্তা গ্রহাদিকে প্রাক্‌পরয়োঋণংস্বং॥

### অথ দেশান্তর শোধন।

সুমেরু পর্ব্বত এবং লঙ্কার মধ্যভূমিস্থ যে রেখা, উহাকে মধ্যরেখা কহে। ঐ রেখা স্বস্ব দেশ হইতে ২০০ যোজন ব্যবহিত। গ্রহদিগের স্বীয় স্বীয় ভুক্তি অর্থাৎ রবির ৫৯।৮।১০ ইত্যাদি ক্রমে যে ভুক্তি উল্লেখ হইয়াছে, ঐ

ভুক্তি দ্বারা ঐ ২০০ যোজনকে পূরণ করিয়া ৭৮ আটাত্তর দিয়া হরণ করিলে যে বিলিপ্তা অর্থাৎ পলাদি লাভ হইবে ঐ পলাদি মধ্যরেখার পূর্ব্বদেশে গ্রহদিগের মধ্য এবং শীঘ্র ভুক্তিতে হীন এবং পশ্চিম দেশে যোগ করিবে।

## অথ তাৎকালিকপ্রকারমাহ।

ইষ্টনাড়ীহতা ভুক্তিঃ ষষ্টিভক্তাঃ কলাদিকাঃ
গতে শোধ্যং যুতং গম্যে গ্রহস্তাৎকালিকো ভবেৎ॥

### অথ তাৎকালিক প্রকার।

ইষ্টনাড়ী অর্থাৎ দিনমানে নিশার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হয়, তাহা মিশ্রদণ্ড নামে বিখ্যাত। সূর্য্যোদয়াবধি জাতদণ্ড যে পরিমিত দণ্ডাদি হয়.তাহা মিশ্রদণ্ড হইতে অন্তর করিলে যাহা অবশিষ্ট থাকে, ঐ দণ্ডাদি ইষ্টনাড়ী নামে প্রসিদ্ধ। তাহা দ্বারা গ্রহের ভুক্তি পূরণ করিয়া ষাট দিয়া ভাগ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা সূর্য্যোদয়াবধি অর্দ্ধরাত্র মধ্যে জাতদণ্ড থাকিলে, উক্ত লব্ধকলাদি গ্রহস্ফুটে হীন করিবে, নচেৎ গ্রহস্ফুটে লব্ধকলাদি যোগ করিলে তাৎকালিক গ্রহস্ফুট হইবে।

## অথ মন্দোচ্চম্।

মন্দোচ্চ মর্কস্য যমোনগেন্দু
রসেন্দবো রামশরৌ গৃহাদ্যাঃ ২।১৭।১৬।৫৩।
বাণো যুগং দ্বে ত্রিযমৌ কুজস্য ৫।৪।২।২৩
নাগো যুগং ভং মরুতো ৮।৪।২৭।৪৯। বুধস্য॥
গুরোরসা বাণবিধু কুপক্ষৌ ৬।১৫।২১।৮।
নাগাঃ সিতস্য জ্বলনোগুণেন্দু
কুসায়কৌ বেদগুণা ৩।১৩।৫১।।৩৪। বথার্কে-
র্নাগো নখাঃ শৈলগুণৌ কুরামৌ ৮।২০।৩৭।৩১॥

### অথ মন্দোচ্চ।

গ্রহদিগের মন্দোচ্চ কথিত হইতেছে। ২ দুই রাশি সতর ১৭ অংশ ষোল ১৬ কলা তিপ্‌পান্ন ৫৩ বিকলা রবির মন্দোচ্চ বলিয়া কথিত আছে। এইরূপ মঙ্গলের ৫ পাঁচ রাশি চার অংশ দুই কলা তেইশ বিকলা, বুধের ৮ আট রাশি চার অংশ সাতাইশ কলা ঊনপঞ্চাশ, বিকলা, বৃহস্পতির, ছয় রাশি পোনের অংশ একুশ কলা আট বিকলা, শুক্রের তিন রাশি তের অংশ একান্ন কলা চৌত্রিশ বিকলা, শনির মন্দোচ্চ আট রাশি কুড়ি অংশ সাঁইত্রিশ কলা একত্রিশ বিকলা, বলিয়াবিখ্যাত হয়।

## তাৎকালিক মন্দোচ্চম্।

অথাব্দপিণ্ডং নগনাগরামৈ-৩৮৭
র্বেদাভ্রনেত্রৈ-২০৪র্গজতর্করামৈঃ ৩৬৮।
খখগ্রহৈঃ ৯০০ সায়করামবাণৈঃ ৫৩৫
নর্ব্বাগ্নিভিঃ ৩৯ সূর্য্যকুজাদিকানাম্।
হত্বাদ্বিলক্ষৈ ২০০০০০ র্ব্বিভজেৎ কলাদ্যং
মন্দোচ্চকে যোজ্যমিদং ক্রমেণ।

### অথ তাৎকালিক মন্দোচ্চ।

অব্দপিণ্ড তিন শত সাতাশি ৩৮৭ দ্বারা পূরণ করিয়া দুই লক্ষ দ্বারা হরণ করিলে যে কলাদি লাভ হইবে, তাহা রবি মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে, এবং অব্দপিণ্ডকে ২০৪ দ্বারা পূরণ করিয়া দুই লক্ষ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা মঙ্গলের মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে। অব্দপিণ্ডকে ৩৬৮ দিয়া গুণ করিয়া গুণফল পূর্ব্বোক্ত অঙ্ক দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বুধ মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে। ৯০০ পূরিত অব্দপিণ্ডকে দুই লক্ষ দিয়া ভাগ দিয়া লব্দ কলাদি বৃহস্পতির মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে, এবং অব্দপিণ্ডকে ৫৩৫ দিয়া গুণ করিয়া দুই লক্ষ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধহইবে তাহা শুক্র মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগকরিবে। অব্দপিণ্ডকে ৩৯ দ্বারা পূরণ পূর্ব্বক দুই লক্ষ দ্বারা বিভক্ত করিয়া লব্ধ ভাগফল শনির মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিলে রবি প্রভৃতি গ্রহের তাৎকালিক মন্দোচ্চ রাশ্যাদি হইবে।

## অথ কুজ গুরু শনৈশ্চরাণাং শীঘ্রং বুধ শুক্রয়োর্মধ্য কথনঞ্চ।

কার্য্যেস্ফুটে মধ্যরবিস্তু শীঘ্রং মহীজদেবেজ্যশনৈশ্চরাণাং।

সৌম্যস্য শুক্রস্য সএব মধ্যোধীরোবিপশ্চিদ্বদতীতিসত্যং॥

অথ কুজগুরুশনৈশ্চরের শীঘ্র এবং বুধ ও শুক্রের মধ্য কথন।

ধীর ও পণ্ডিতগণ অভ্রান্তরূপে বলিয়াছেন যে স্ফুট করণ সময়ে রবির মধ্য রাশ্যাদিই, মঙ্গল, বৃহস্পতি ও শনির শীঘ্র এবং বুধ ও শুক্রের মধ্য বলিয়া পরিগৃহীত হইবে।

অথ কেন্দ্রানয়নম্।

শীঘ্রোনিতো মধ্য ইহাশুকেন্দ্রং মন্দো নিতঃ স্যাদপিমন্দকেন্দ্রম্॥

অথ কেন্দ্রানয়ন।

প্রথমত গ্রহের মধ্য সংস্থাপন করিয়া তাহাকে স্বীয় স্বীয় শীঘ্র দ্বারা হীন করিলে যে রাশ্যাদি অবশিষ্ট থাকিবে, তাহা শীঘ্রকেন্দ্র নামে বিখ্যাত, এবং গ্রহগণের মধ্য হইতে স্ব স্ব মন্দোচ্চরাশ্যাদি বিয়োগ করিলে যে রাশ্যাদি অবশেষ থাকিবে, তাহা মন্দকেন্দ্র নামে প্রসিদ্ধ।

অথ রবিস্ফুটসাধনম্।

স্বমন্দকেন্দ্রাংশফলান্বিতোঽর্কঃ
স্ফুটো ভবেদ্বার্থগুণেন্দুলিপ্তঃ। ১৩৫।

অথ রবিস্ফুট সাধন।

রবির শুদ্ধ মধ্য দুই স্থানে সংস্থাপন করিয়া, একটি হইতে তাৎকালিক রবি মন্দোচ্চ রাশ্যাদি হীন করিবে। যদি মধ্য রাশ্যাদি হইতে মন্দোচ্চ রাশ্যাদি হীন না হয়, তাহা হইলে মধ্য রাশিতে দ্বাদশ যোগ করিয়া হীন করিবে। যদি এইরূপে হীন করিয়া রাশি অবশেষ থাকে, তাহা হইলে তাহাকে ৩০ দ্বারা গুণ করিয়া অংশের সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা মন্দকেন্দ্র নামে খ্যাত। ঐ মন্দকেন্দ্রাংশে যে সংখ্যা থাকিবে, ঐ সংখ্যা পরিমিত অঙ্কে রবির মান্দ্যখণ্ডার যে অঙ্ক থাকে, তাহা যোগ করিয়া স্থাপিত করিলে, উহাকে খণ্ডা কহে। তৎপরে তাহার পরবর্তী সংখ্যাঙ্ক গ্রহণ করিলে উহাকে অনুখণ্ডা কহে। ঐ অনুখণ্ডা খণ্ডার নিম্নে সংস্থাপন করিয়া বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা ভোগ্য নামে প্রসিদ্ধ। ঐ ভোগ্যাঙ্ক দ্বারা কেন্দ্রশেষ কলাদি গুণিত করিয়া যে গুণফল লব্ধ হইবে, তাহাকে ষষ্টি ৬০ দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে। তাহা ঋণধন, খণ্ডা অর্থাৎ যদি খণ্ডা হইতে অনুখণ্ডা অল্প হয় তাহা হইলে ঋণখণ্ডা, এবং যদি খণ্ডা হইতে অনুখণ্ডার পরিমাণ অধিক হয় তাহা হইলে ধনখণ্ডা বলিয়া কথিত হইয়া থাকে। ঋণখণ্ডা স্থলে উক্ত লব্ধাঙ্ক খণ্ডাঙ্কে হীন করিবে, এবং ধনখণ্ডা স্থলে লব্ধাঙ্ক খণ্ডাঙ্কে যোগ করিবে। উক্তাঙ্ক মন্দ্রকেন্দ্রাংশফল নামে বিখ্যাত। উক্ত মন্দকেন্দ্রাংশফল শুদ্ধ রবিমধ্যরাশ্যাদির কলাদিতে যোগ করিয়া তাহা হইতে ১৩৫ একশত পঞ্চত্রিংশৎ কলা হীন করিলে যদি ঐ কলাতে ষষ্টির ৬০ অধিক অঙ্ক থাকে, তাহা হইলে তাহাকে ৬০ ষাট দিয়া ভাগ করিয়া শেষাঙ্কে কলা স্থাপিত করিয়া লব্ধাঙ্ক অংশে মিশ্রিত করিয়া অংশ স্থাপন করিলে যে অঙ্ক হইবে, তাহাই রবির স্ফুট রাশ্যাদি।

অথ চন্দ্রস্ফুটসাধনম্।

চন্দ্রো যুতঃ সূর্য্যফলস্য ভাংশৈঃ ২৭
যুক্তাচ্চ কেন্দ্রাদনুপাততোঽংশাৎ॥
ফলেন যুক্তোঽথ গজাভ্ররাম- ৩০৮
লিপ্তাবিহীনঃ স্ফুটতামুপৈতি॥

অথ চন্দ্রস্ফুট সাধন।

সংস্কৃত সূর্য্যখণ্ডাকে কেন্দ্রাংশফল এবং সূর্য্যফল কহে। ঐ সূর্য্যফলকে সপ্তবিংশতি দ্বারা বিভক্ত করিলে যাহা লব্ধ হইবে, তাহার সহিত শুদ্ধ চন্দ্রমধ্য যোগ করিয়া সংস্থাপন করিবে, এবং ঐ সপ্তবিশাংশফল চন্দ্রকেন্দ্রে যোগ করণানন্তর চন্দ্রকেন্দ্র রাশি ত্রিংশৎ পূরিত করিয়া অংশের সহিত সংযুক্ত করিলে যে অঙ্ক হইবে, ঐ অঙ্ক পরিমিত অঙ্কে চন্দ্রের মান্দ্যখণ্ডায় যে অঙ্ক থাকিবে, তাহা খণ্ডা নামে প্রসিদ্ধ, তৎপরে অনুখণ্ডা খণ্ডা হইতে অন্তর করিয়া শেষ ভোগ্য দ্বারা কেন্দ্র শেষ গুণ করণাদি খণ্ডাযোগান্ত সমস্ত প্রক্রিয়া পূর্ব্ব মত করিয়া শুদ্ধখণ্ডা পূর্ব্বস্থাপিত ভাংশযুক্ত চন্দ্রমধ্য রাশ্যাদিতে সংযোগ করিবে। পরে তাহার অংশাদি হইতে পাঁচ অংশ আট কলা হীন করিলে চন্দ্রের স্ফুট রাশ্যাদি হইবে।

### অথ ভৌমাদীনাং স্ফুটাঃ।

স্বশীঘ্রকেন্দ্রাংশফলার্দ্ধযুক্ত স্বমন্দকেন্দ্রাংশফলেন মধ্যঃ।
যুতো যুতাচ্ছীঘ্রজকেন্দ্রভাগাৎ দ্বিচন্দ্র-১২ হীনাচ্চ ফলেন যুক্তঃ॥
দ্বিরাশিহীনশ্চ কুজাদিকানাং স্ফুটো গ্রহাণাং ভবতীহ সত্যম্॥

### অথ ভৌমাদি গ্রহের স্ফুট সাধন।

২৩৬ হয়। ইহাকে ৩৫ পঁয়ত্রিশ পূরিত অব্দপিণ্ডাঙ্ক অর্থাৎ ৯৭৬৫ সহিত যোগ করিলে১০০১১হয়, ইহাকে ষষ্টি দ্বারা বিভক্ত করিলে অবশিষ্ট ৫১ একান্ন থাকে এবং লব্ধফল ১৬৬ একশত ছষট্টি হইল। উহা ১৫ পঞ্চদশ পূরিত অব্দপিণ্ডাঙ্ক অর্থাৎ ৪১৮৫ চারি হাজার একশত পঁচাশির সহিত যোগ করিলে ৪৩৫১ চারিহাজার তিন-শত একান্ন হয়। ইহাকে ষাইট দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ৩১ একত্রিশ থাকে এবং ভাগফল বাওয়াত্তর হইল। ইহা ৩৩ তেত্রিশ পূরিত অব্দপিণ্ডাঙ্ক অর্থাৎ ৯২০৭ সহিত যোগ করিলে ৯২৭৯ হয়। ইহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ৩৯ থাকে এবং ভাগফল ১৫৪ হইল। ইহা সপ্তপূরিত অব্দপিণ্ডাঙ্ক অর্থাৎ ১৯৫৩ সহিত যোগ করিলে২১০৭ হইল এবং শেষাঙ্ক গুলি ক্রমশঃ শ্রেণী পূর্ব্বক রাখিলে ২১০৭।৩৯।৩১।৫১।২১।২৫।১২ হয়। যোগ-দিন ১২ বার। ইহাকে দুই স্থানে রাখিয়া এক স্থানের যোগ দিনকে ৩০০ তিনশত দিয়া ভাগ করিলে ০।২।২৪ লব্ধ হয়। তাহাতে পূর্ব্ব স্থাপিত যোগদিন ১২ যোগ করিলে ১২।২।২৪ হয়। এই অঙ্ক পূর্ব্বাঙ্ক ২১০০৭।৩৯।৩১।৫১।২১।২৫।১২ সহিত বিয়োগ করিলে ২০৯৫।৩৭।৭।৫১।২১।২৫।১২। হইল। ইহাতে ০।২৮।১৮ যোগ করিলে ২০৯৬।৫।২৫।৫১।২১।২৫।১২ হইল। ইহাকে ৬০ ষাইট দিয়া গুণ করিয়া একজাতীয় করিলে ১২৫৭৬৫।২৫।৫১।২১।২০।১২ হইল। ইহাকে ১৭৬২ দিয়া ভাগ করিলে লব্ধ ৭১ হইল। এই অঙ্কটীর নাম যোগকেন্দ্রভ্রম। অঙ্কশেষ ৬৬৩।২৫।৫১।২১।২০।১২ রহিল ইহাকে ষাইট দ্বারা ভাগ করিলে ১১।৩।২৫।৫১।২১।২৫। ১২ হইল। ইহাই যোগকেন্দ্র।

## যোগ বারাদি আনয়ন।

অব্দপিণ্ড ২৭৯ কে ছয় স্থানে রাখিয়া ১।৪৬।১০।২৯।৩০।৩৬ দিয়া ক্রমে পূরণ করিলে যথাক্রমে ২৭৯।১২৮৩৪।২৭৯০।৮০৯১।৮৩৭০ ১০০৪৪ হইল। ইহাকে যথাক্রমে শেষাঙ্ক অবধি ষাইট দিয়া ভাগ করিয়া তৎপূর্ব্বাঙ্কে যোগ করিলে ৪৯৩।৪২।৪৭।১৩।১৭।২৪ হইল। পরে যোগদিন ১২ কে দুই স্থানে রাখিয়া তাহার একটীকে ২৪০ দিয়া ভাগ করিয়া ০।৩ লব্ধ হইল। তাহাকে অপর স্থানে স্থাপিত যোগদিনের সহিত যোগ করিলে ১২।৩ হইল। ইহাকে পূর্ব্বাঙ্ক ৪৯৩।৪২।৪৭।১৩।১৭।২৪ হইতে হীন করিলে ৪৮১।৩৯।৪৭। ১৩।১৭।২৪ হইল। পুনর্ব্বার ইহা হইতে ৪।১২।৩৮।৬ হীন করিলে ৪৭৭।২৭।৯।৭।১৭।২৪ হইল। পরে পূর্ব্বনিরূপিত যোগকেন্দ্রভ্রম ৭১কে ১১০ একশত দশ দিয়া পূরণ করিলে ৭৮১০ দণ্ড হইল। ইহাকে ষাইট দিয়া ভাগ করিলে ১৩০।১০ লব্ধ হইল। এক্ষণে উক্ত ৪৭৭।২৭।৯।৭।১৭।২৪ হইতে এই ১৩০।১০ হীন করিলে ৩৪৭। ১৭।৯।৭।১৭।২৪ হইল। ইহাকে ৭ দিয়া বিভক্ত করিলে ৪।১৭।৯।৭। ১৭।২৪ হইল। তাহাকে দেশান্তর সংস্কার ২।৩৪ দণ্ড ও পল স্থলে অর্থাৎ উক্ত অঙ্কশ্রেণীর অন্তর্গত ১৭।৯ দণ্ড পলে যোগ করিলে ৪।১৯।৪৩।৭।১৭।২৪ শুদ্ধ যোগবারাদি হইল। এই অঙ্কের পূর্ব্বে পূর্ব্ব আনীত প্রথম যোগ আট অঙ্কটীকে প্রথমে বসাইলে ৮।৪।১৯। ৪৩।৭ হইল। ইহার প্রথমাঙ্ক সংখ্যা যোগ, দ্বিতীয়াঙ্ক সংখ্যা বার, তৎপরে ক্রমশ দণ্ড পল ইত্যাদি হইল। ইহার নাম যোগ বারাদি।

## প্রত্যেক দিবসের তিথি নক্ষত্র যোগের স্থিতিদণ্ড পলাদি সাধনের উদাহরণ।

পূর্ব্ব প্রক্রিয়া অনুসারে ১৮০০ শকের আরম্ভকালে তিথি বারাদি ধ্রুব ৯।৪।৫৫।৩০।৫৬ এবং তিথিকেন্দ্র ধ্রুব ১০।৩৫।৫৩।৩৮ স্থির হইয়াছে। এক্ষণে প্রত্যেক দিনের তিথির দণ্ড পল প্রভৃতি যেরূপে স্থির করিতে হইবে, তাহা নিম্নে লিখিত হইতেছে।

ঐ তিথিবারাদি ধ্রুব ৯।৪।৫৫।৩০।৫৬, ইহার সহিত (৩৫৬ পৃষ্ঠার দ্বিতীয় কলমের লিখিত) ১৪ দিন পর্য্যন্ত প্রতিদিনের ধ্রুবাঙ্ক ১।১।০।১০।৪৮ যোগ করিলে প্রথম দিনের ১০।৫।৫৫।৪১। ৪৪ হইল, অর্থাৎ দশ অঙ্কে দশমী তিথি, ৫ অঙ্কে বৃহস্পতি বার, পরের ৫৫ অঙ্ক পঞ্চান্ন দণ্ড,একচল্লিশ অঙ্কে একচল্লিশ পল চুয়াল্লিশ অঙ্কে চুয়াল্লিশ বিপল হইল। তৎপরে ১৮০০ শকের আরম্ভ কালে যে পূর্ব্বোক্ত তিথিকেন্দ্র ধ্রুব ১০।৩৫।৫৩।৩৮ ইহার সহিত ঐ ১৪ দিন পর্য্যন্তের কেন্দ্রধ্রুবও প্রতিদিনের ধ্রুবাঙ্ক ১।০।৮।৩৬ যোগ করিলে ১১।৩৬।২।১৪ হইল। উহা এই পুস্তকের ৩৬১ পৃষ্ঠায় তিথি খণ্ডা সপ্তম স্তম্ভের শেষ খণ্ডা ৪৮।৪৪ তৎপরখণ্ডা ৮ স্তম্ভের প্রথমে ৪৮।৩৯ আছে। প্রথমোক্ত খণ্ডা হইতে পরখণ্ডার অঙ্ক বাদ দিয়া ৫ থাকে। (ঐ ৫ অঙ্ক ঋণ ভোগ্য) ঐ ৫ দ্বারা শেষাঙ্ক ২।১৪ কে গুণ করিলে ১০।৭০ হইতেছে। তাহাকে একজাতীয় করিলে ০। ১১।১০। হইল। পরে ০।১১।১০ অঙ্ক ঐ খণ্ডা ৪৮।৪৪ হইতে বাদ দিলে ৪৮।৪৩।৪৮।৫০ দণ্ডাদি হইল। এক্ষণে আটচল্লিশ দণ্ড ৪৩ তেতাল্লিশ পল ৪৮ আটচল্লিশ বিপল ৫০ পঞ্চাশ অনুপল পূর্ব্বোক্ত তিথি বারাদি অঙ্কে অর্থাৎ ঐ ১০।৫।৫৫।৪১।৪৪ অঙ্কের অন্তর্গত ৫৫ দণ্ড অবধি যোগ করিলে ১০।৬।৪৪।২৫।৩২।৫০ হইল। অতএব এইরূপ প্রক্রিয়া দ্বারা ১০ অঙ্কে দশমীতিথি, ৬ অঙ্কে শুক্র বার, ঐ দশমীতিথি স্থিতি ৪৪।২৫।৩২।৫০ চোয়াল্লিশ দণ্ড পচিশ পল, বাত্রিশ বিপল, পঞ্চাশ অনুপল হইতেছে। তাহার পরদিবসের

তিথি বার ও তিথির স্থিতি দণ্ডাদি জানিতে হইলে ১০।৫।৫৫।৪১। ৪৪অঙ্কে ঐ চৌদ্দদিনের তিথিবারাদি ধ্রুব১১।১০।১০।৪৮যোগ করিয়া তিথিকেন্দ্র ১১।৩৬।২।১৪ অঙ্কে তিথি কেন্দ্রধ্রুব ১।০।৮।৩৬ যোগ করিলে যাহা হইবে, তৎসংখ্যায় পূর্ব্বমত খণ্ডানুখণ্ডা লইয়া তিথিবারাদির অঙ্কের দণ্ডাদির সহিত যোগ করিলে ক্রমশ তিথিবার দণ্ড পল ইত্যাদি হইবে।

## নক্ষত্রানয়নের উদাহরণ।

১৮০০ শকের আরম্ভ কালে পূর্ব্বোক্ত প্রকারে নক্ষত্র বারাদি ধ্রুব ৮।৫।১২।৩০।১৫ ও নক্ষত্রকেন্দ্র ধ্রুব১০।১৩।২।৩৩ ইহাতে ৩৫৭ পৃষ্ঠার প্রথম কলমে ১ দিন অবধি ২৯ দিন পর্য্যন্ত নক্ষত্র বারাদি ধ্রুব লিখিত আছে। তাহা শকারম্ভের নক্ষত্র বারাদি ধ্রুবে অর্থাৎ ১।১।০।৪।৫২ এই অঙ্কশ্রেণীকে যোগ করিলে ৯।৬।১২।৩৫।১৭ হইল। ইহার প্রথমাঙ্কটী নক্ষত্র, দ্বিতীয়াঙ্কটী বার, তৎপরে দণ্ড, পরে পল, পরে বিপল অনুপল ইত্যাদি। ঐ স্থানের নক্ষত্রকেন্দ্রধ্রুব ১।০।২।৪৬ শকারম্ভের নক্ষত্রকেন্দ্রে যোগ করিলে ১১।১৩।৫।২৯ হইল। এই নক্ষত্রকেন্দ্রের ১১।১৩ সংখ্যার নক্ষত্রখণ্ডা লইতে হইবেক। ৩৬৬ পৃষ্ঠার ৯ স্তম্ভের ১১।১৩ সংখ্যার খণ্ডা ২৮।৪২ অনুখণ্ডা ২৮।৩৯ আছে। ঐ খণ্ডা ও অনুখণ্ডার অন্তর করিলে ৩ ঋণভোগ্য হইল। ঐ ভোগ্য ৩ দিয়া শেষ ৫।২৯ কে গুণ করিলে ১৫।৮৭ হইল। তাহাকে একজাতীয় করিলে ০।১৬।২৭ হয়। এই ০।১৬।২৭ খণ্ডা ২৮।৪২ হইতে বাদ দিলে ২৮।৪১।৪৩।৩৩ হইল। ইহা দণ্ড পল বিপল অনুপল হইল। এই পূর্ব্বোক্ত নক্ষত্র বারাদি যাহা ৯।৬।১২।৩৫।১৭ হইয়াছে, তাহাতে দণ্ড অবধি খণ্ডার অঙ্ক যোগ করিলে ৯।৬।৪১।১৬।৫০।৩৩ হইল। ইহাতে শুক্র বার কুটসংক্রান্তি দিবসে অশ্লেষানক্ষত্র একচল্লিশ দণ্ড ষোল পল পঞ্চাশ বিপল তেত্রিশ অনুপল হইল।

## যোগানয়নের উদাহরণ।

ঐরূপ ১৮০০ শকারম্ভের সময়ে পূর্ব্বলিখিত যোগবারাদি ধ্রুব ৮।৪।১৯।৪৩।১৭ হইয়াছে এবং যোগকেন্দ্রধ্রুব ১১।৩।২৫। ৫১ হইয়াছে। ৩৫৭ পৃষ্ঠার প্রথম ও দ্বিতীয় স্তম্ভে যোগবারাদি ধ্রুব ও যোগকেন্দ্র ধ্রুব যাহা লিখিত আছে, তাহার ১ দিন অবধি ১৩ দিন পর্য্যন্ত যোগ বারাদি ধ্রুব ১।১।০।১৯।২০ যাহা লিখিত আছে, তাহাকে যোগবারাদি ধ্রুবের সহিত যোগ করিলে ৯।৫।২০।২।২৭ হইল। ইহার প্রথমটী যোগ দ্বিতীয়টী বার, তৎপরে দণ্ড পরে পল পরে বিপল হইল। এবং ঐ স্থানে যে যোগকেন্দ্রধ্রুব ১।০।১৩।৫৬ লিখিত আছে, তাহাকে যোগ কেন্দ্রের সহিত যোগ করিলে ১২।৩।৪০।৫১ হইল। ঐ যোগকেন্দ্রের ১২।৩ সংখ্যার খণ্ডা লইতে হইবে। ঐ খণ্ডা ৩৭২ পৃষ্ঠার ২ স্তম্ভের ১২।৩ বার তিনের খণ্ডা ৭৮।৩৪ অনুখণ্ডা ৭৮।২৭ যাহা আছে তাহার অন্তরে ঋণভোগ্য ৭ হইল। ঐ ভোগ্য দিয়া শেষাঙ্ক ৪০।৫১ কে গুণ করিলে ২৮০।৩৫৭ হইল। ইহাকে একজাতীয় করিয়া ষষ্টিবিভক্ত করিলে৪।৪৫।৫৭হইল। ইহা খণ্ডা৭৮।৩৪ হইতে বাদ দিলে ৭৮।২৯।১৪।৩ দণ্ড পল বিপল অনুপল হইল। ইহা যোগবারাদি ধ্রুবের দণ্ডাদিতে যোগ করিলে ৯।৬।৩৮।৩১।৪১।৩ হইল। ইহাতে কুটসংক্রান্তি দিনে শুক্রবার শূল যোগ আটত্রিশ দণ্ড একত্রিশ পল একচল্লিশ বিপল তিন অনুপল হইল। তিথি নক্ষত্র যোগের দণ্ডাদিতে ষাইটের অধিক হইলে ইহাকে ষাইট দ্বারা ভাগ করিয়া লব্ধফলকে বারের সহিত যোগ করিতে হইবে। বারের অঙ্ক সাতের অধিক হইলে সাত পরিত্যাগ করিতে হইবে। ত্র্যহস্পর্শ স্থলে দুই দিবসের বার সমান হইবেক কিন্তু পর দিবসের দণ্ডাদিকে পূর্ব্ব দিনের দণ্ডাদিতে বাদ দিয়া যাহা হইবেক, তাহাই পঞ্জিকাতে লিখিত হইবে।

যেটেনস্থলে একটী বার পাওয়া যাইবে না, তাহাতে বোধ হইবে যে, যে বার না পাওয়া যাইবে, সেই বার দিবসে সেই তিথি বা নক্ষত্র যোগ ৬০ ষাইট দণ্ড থাকিবে এবং পর দিবস অন্যবারে সেই সেই তিথিনক্ষত্র যোগে যে অল্প দণ্ড হইবে, তাহাই পঞ্জিকাতে লিখিতে হইবে।

## করণের উদাহরণ।

পূর্ব্ব প্রক্রিয়া দ্বারা ১৮০০ শকের কুটসংক্রান্তি দিবস শুক্রবারে দশমীতিথি ৪৮ আট চল্লিশ দণ্ড ৪৩ তেতাল্লিশ পল স্থির হইয়াছে। এক্ষণে ঐ তিথির অঙ্ক ১০ কে দুই দিয়া গুণ করিলে ২০ কুড়ি হইল। পূর্ব্বার্দ্ধ প্রযুক্ত ২ দুই হীন করিলে ১৮ হইল। উহাকে সাত দিয়া বিভক্ত করিলে ভাগশেষ ৪ থাকিল। ঐ চেরে করণের নাম তৈতিল হইল। অতএব ঐ ১৮০০ শকের শুক্রবার দশমী কুটসংক্রান্তি দিবসে তৈতিল করণ হইতেছে। এইরূপ গণনা করিলে পরদিনেরও করণ নির্ণয় হইবে। কোন্ তিথির পূর্ব্বার্দ্ধে ও পরার্দ্ধে কোন্ করণ হইবে, তাহা নিম্ন স্থিত মণ্ডলে প্রদর্শিত হইতেছে। ঐ মণ্ডলের প্রথম পঙ্ক্তিতে ১ হইতে ৩০টী তিথি অর্থাৎ শুক্ল পক্ষের প্রতিপৎ অবধি

অমাবস্যা পর্য্যন্ত লিখিত হইয়াছে। দ্বিতীয় পঙ্‌ক্তিতে ঐ ঐ তিথির পূর্ব্বার্দ্ধে যে যে করণ হইবে, তাহার অঙ্ক রাখা হইয়াছে। তৃতীয় পঙ্‌ক্তিতে ঐ ঐ তিথির পরার্দ্ধে যে যে করণ হইবে তাহার অঙ্ক রাখা হইয়াছে। যথা প্রথম পঙ্‌ক্তির ১ একের অঙ্কে শুক্ল পক্ষের প্রতিপৎ। ঐ তিথির পূর্ব্বার্দ্ধ হইলে দ্বিতীয় পঙ্‌ক্তির প্রথমে কিং দ্বারা কিস্তুঘ্ন করণ এবং পরার্দ্ধ হইলে তৃতীয় পঙ্‌ক্তির ১ অঙ্কে বব করণ হইবে। এইরূপ ক্রমে ক্রমে গণনা করিতে হইবে। ঐ সকল করণের নাম ১ বব ২ বালব ৩ কৌলব ৪ তৈতিল ৫ গর ৬ বণিজ্ ৭ বিষ্টি এই সাত। আর শকুনি চতুষ্পাদ নাগ কিস্তুঘ্ন এই চারি মিলিয়া একাদশ করণ হয়। নিম্নের চক্রে বিষ্টির পরিবর্ত্তে (০) শূন্য আর শকুনির পরিবর্ত্তে (শ), চতুষ্পাদের (চ), নাগের (না) কিস্তুঘ্নের (কিং) ইহা লিখিত হইল।

| তিথির অঙ্ক | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তিথির পূর্ব্বার্দ্ধে যে করণ | কিং | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | চং |
| তিথির পরার্দ্ধে যে করণ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | ১ | ৩ | ৫ | ০ | ২ | ৪ | ৬ | শ | না |

## সংক্রান্তি বারদণ্ডাদির আনয়নের উদাহরণ।

অব্দপিণ্ড ২৭৯কে ১০০৭ এক হাজার সাত দিয়া গুণ করিলে ২৮০৯৫৩ হইল। ইহাকে ৮০০ আট শত দিয়া ভাগ করিলে লব্ধ ৩৫১।১১।২৮।৩০ হইতেছে। ইহার প্রথমাঙ্কটী বার, তৎপরে দণ্ড, পরে পল, পরে বিপল হইল। বারের অঙ্ক ৩৫১ কে ৭ সাত দিয়া বিভক্ত করিলে ১।১১।২৮।৩০ হয়। ইহা এক স্থানে রাখ। পুনর্ব্বার ২৭৯ অব্দপিণ্ডকে ৭ সাত দিয়া গুণ করিলে ১৯৫৩ হইল ইহাকে ৩০০ তিনশত দিয়া ভাগ করিলে লব্ধ ৬।৩০।৩৬ ছয় পল, ত্রিশ বিপল ছত্রিশ অনুপল হইবে। ইহা পূর্ব্বাঙ্ক ১।১১। ২৮।৩০ পল অবধি যোগ করিলে ১।১১।৩৫।০।৩৬ হইল। ইহার সহিত ক্ষেপ ৪।৪৪।৮।১৩ যোগ করিলে ৫।৫৫।৪৩।১৩। ৩৬ হইল। ইহাতে দেশান্তর দণ্ডাদি ২।৩৪ আর চরার্দ্ধ দণ্ডাদি ০।৩৪ যোগ করিলে ৫।৫৮।৫১।১৩।৩৬ হইল। ইহার দ্বারা জানা-গেল, বৃহস্পতি বারে আটান্ন দণ্ড, একান্ন পল, তের বিপল, ছত্রিশ অনুপলের সময়ে রবির মেষ রাশিতে সংক্রমণ হইবে। ঐ যে মেষ সংক্রান্তির বারদণ্ডাদির সহিত বৃষাদির ক্ষেপ যাহা পূর্ব্বে ৩৫৬ পৃষ্ঠার প্রথম কলমে লিখিত আছে। তাহা ক্রমশ যোগ করিলে রবির বৃষাদি সংক্রমণের বারদণ্ডাদি হইবে। যথা ৫।৫৮।৫১।১৩।৩৬ এই মেষ সংক্রান্তির অঙ্কে বৃষের ক্ষেপ ২।৫৬। ৪৯ যোগ করিলে ১।৫৫।৪০।১৩।৩৬ হইল। ইহতে রবিবারে পঞ্চান্ন দণ্ড চল্লিশ পল তের বিপল ছত্রিশ অনুপলের সময়ে রবি বৃষে গমন করিবেন। এইরূপ মিথু-নাদির ক্ষেপ ক্রমশ যোগ করিলে রবির মিথুনাদি গমনের বার-দণ্ডাদি হইবে।

## খণ্ডা মতে সংক্রান্তির বার দণ্ডাদির আনয়ন।

অব্দ পিণ্ডের শেষাঙ্ক সংখ্যার খণ্ডা লইয়া যোগ করিয়া ক্ষেপ ৪।৪৪।৮।১৩ যোগ করিয়া দেশান্তর ২।৩৪ চরার্দ্ধ ০।৩৪ দণ্ডাদিতে যোগ করিলে রবির মেষ সংক্রান্তির বার দণ্ডাদি হইবে। পরে ক্রমশ বৃষাদির ক্ষেপ যোগ করিলে রবির বৃষাদি সংক্রান্তির বার দণ্ডাদি হইবেক।

## খণ্ডামতে সংক্রান্তির বার দণ্ডাদি আনয়নের উদাহরণ।

অব্দপিণ্ড ২৭৯ ইহার শেষাঙ্ক ৯ সুতরাং নিম্নের প্রথম কোষ্ঠার ৯ নয় সংখ্যার খণ্ডা ৪।১৯। ৪৩।৪২।৩৬ গ্রহণ কর। পরে দ্বিতীয় কোষ্ঠার ৭ সংখ্যার খণ্ডাও ৪।৬।৪৬।৩৮ স্থাপন কর। পরে তৃতীয় কোষ্ঠার ২ সংখ্যার খণ্ডা ৬।৪৫।৪।৩০ এই সমস্ত যোগ করিলে ১।১১।৩৫ ০।৩৬ হইল। ইহার সহিত ক্ষেপ৪।৪৪।৮।১৩।০ যোগ করিলে ৫।৫৫।৪৩।১৩।৩৬ হইল। ইহাতে দেশান্তর দণ্ডাদি ২।৩৪ যোগ করিলে ৫।৫৮।১৭।১৩।৩৬ হইল। ইহাতে চরার্দ্ধ দণ্ডাদি ০।৩৪ যোগ করিলে ৫।৫৮।৫১।১৩।৩৬ হইল। ইহাতে বৃষের ক্ষেপ ২।৫৬।৪৯ যোগ করিলে ১।৫৫।৪০।১৩।৩৬ হইতেছে অর্থাৎ জ্যৈষ্ঠ মাসের সংক্রান্তির বার দণ্ডাদি হইল। ঐ রূপ মেষ সংক্রান্তির বার দণ্ডাদিতে মিথুনাদির ক্ষেপ যোগ করিলে ক্রমশ মিথুনাদির অর্থাৎ আষাঢ়াদি মাসের সংক্রান্তির বার দণ্ডাদি হইবে।

| প্রথম কোষ্ঠা | দ্বিতীয় কোষ্ঠা | তৃতীয় কোষ্ঠা | চতুর্থ কোষ্ঠা |
|---|---|---|---|
| ১।১৫।৩১।৩১।২৪ | ৫।৩৫।১৫।১৭ | ৬।৫২।৩২।২০ | ৫।৪৫।২৩।২০ |
| ২।৩১।৩।২।৪৮ | ৪।১০।৩০।২৮ | ৬।৪৫।৪।৪০ | ৪।৩০।৪৬।৪০ |
| ৩।৪৬।৩৪।৩৪।১২ | ২।৪৫।৪৫ ৪২ | ৬।৩৭।৩৭।০ | ৩।১৬।১০।০ |
| ৫।২।৬।৫।৩৬ | ১।২১।০।৫৬ | ৬।৩০।৯।২০ | ২।১।৩৩।২০ |
| ৬।১৭।৩৭।৩৭।০ | ৬।৫৬।১৬।১০ | ৬।২২।৪১।৪০ | ৭।৪৬।৫৬।৪০ |
| ৭।৩৩।৯।৮।২৪ | ৫।৩১।৩১।২৪ | ৬।১৫।১৪।০ | ৬।৩২।২০।০ |
| ১।৪৮।৪০।৩৯।৪৮ | ৪।৬।৪৬।৩৮ | ৬।৭।৪৬।২০ | ৫।১৭।৪৩।২০ |
| ৩।৪।১২।১১।১২ | ২।৪২।১।৫২ | ৬।০।১৮।৪০ | ৪।৩।৬।৪০ |
| ৪।১৯।৪৩।৪২।৩৬ | ১।১৭।১৭।৬ | ৫।৫২।৫১।০ | ২।৪৮।৩০।০ |
| ৯ | ৯০ | ৯০০ | ৯০০০ |

মেষ সংক্রান্তির ক্ষেপ বারাদি ৪।৪৩।৮।১৩ দেশান্তর ২।৩৪। চরার্দ্ধ ০।৩৪

ইতি ফলিত জ্যোতিষে সংক্রান্তি আনয়নের উদাহরণ সমাপ্ত।

---

# গ্রহণের কারণ।

ছাদকো ভাস্করস্যেন্দুরধঃস্থো ঘনবদ্ভবেৎ।
ভূচ্ছায়াং প্রাঙ্মুখশ্চন্দ্রো বিশত্যস্য ভবেদসৌ॥
শশাঙ্কপাতে গ্রহণং কিয়দ্ভাগাধি কোনকে।

সূর্য্যসিদ্ধান্ত বচনং।

ছায়াং সমাশ্রিত্য ভুবঃ শশাঙ্কং শশাঙ্কমাশ্রিত্য রবিং কদাচিৎ।
রাহুর্যদা ছাদয়তীক্ষ্যতে তৎ গ্রাসাথ্যমুক্তং বিধুধৈর্ন বোধঃ॥
রাহুঃ কুভামণ্ডলগঃ শশাঙ্কং শশাঙ্ক গশ্ছাদয়তী ন বিম্বং।
তমোময়ঃ শম্ভুবর প্রসাদাৎ সর্ব্বাগমানা মবিরুদ্ধমেতৎ॥

ভাস্করঃ

ভূছায়ায়াং প্রবিষ্ট স্থগয়তি শশিনং শুক্ল পক্ষাবসানে।
রাহুর্ব্রহ্মপ্রসাদাৎ সমধিগত বরস্তত্তমোব্যাসতুল্যঃ॥
উর্দ্ধস্থং ভানু ব্রিম্বং শলিল ময়তনোরপ্য বোধর্ত্তিবিম্বং।
সংস্থত্যৈবঞ্চমাস ব্যপরতি সময়ে তস্য সাহিত্যহেতোঃ॥

শ্রীপতিঃ

সূর্য্যের অধস্থ হইয়া মেঘের ন্যায় চন্দ্র সূর্য্যরশ্মিকে আচ্ছন্ন করিলে সূর্য্য গ্রহণ হয়।

চন্দ্র পূর্ব্ব দিকে গমন করিয়া পৃথিবীর ছায়াতে প্রবেশ করিলে চন্দ্রগ্রহণ হয়।

চন্দ্রপাত যাহাকে রাহু বলা যায়, ঐ পাতস্থানের কিঞ্চিৎ অংশ ন্যূনাধিক রূপে চন্দ্র কিম্বা সূর্য্য স্থিতি করিলে চন্দ্র, সূর্য্যের গ্রহণ সম্ভাবনা হয়।

পক্ষান্তকালপ্রভবস্য তুল্যঃ স্ফুটস্য ভানো স্ফুটসৈংহিকেয়ঃ।
তৎসপ্তমে বা গ্রহণং রবীন্দোর্দিগিশ্বভাগৈরধিকোপি হীনঃ॥

অমাবস্যার সময় সূর্য্যস্ফুটে ও পাতস্ফুটে ১০ দশ অংশ ন্যূনাধিক হইলে সূর্য্যগ্রহণ আর পৌর্ণমাসীতে চন্দ্রস্ফুটে এবং পাতস্ফুটে ১৩ অংশ ন্যূনাধিক হইলে চন্দ্রগ্রহণ হয়। *

ভত্রিপাদান্তরেরাহোঃ কেতোর্ব্বা সংস্থিতো রবিঃ।
চতুষ্পাদান্তরে চন্দ্রস্তদা সংভাব্যতে গ্রহঃ॥
যস্মিন্নৃক্ষে রবিস্তস্মাচ্চতুর্দ্দশ গতঃ শশী।
পূর্ণিমা প্রতিপৎসন্ধৌ রাহুণা গ্রস্যতে শশী॥
কৃষ্ণপক্ষে তৃতীয়ায়াং মাসর্ক্ষং যদি জায়তে।
তত ত্রয়োদশে সূর্য্যো রাহুণা গ্রস্যতে রবিঃ॥

রবি যে নক্ষত্রের যে পাদেস্থিত থাকিবেন সেই নক্ষত্রের সেই পাদের পূর্ব্বাপর ত্রিপাদ মধ্যে যদি রাহু অথবা

---

* ইংরাজি মতে ১৭ অংশ ২১ কলা পাত স্থানের নিকটে থাকিলে সূর্য্য গ্রহণ হয়, আর ১১ অংশ ৩৪ কলা হইলে চন্দ্রগ্রহণ হয়।

কেতু থাকে তাহা হইলে সূর্য্য গ্রহণ সম্ভাবনা হয়। এবং চন্দ্র যে নক্ষত্রের যে পাদে স্থিত হইবে সেই নক্ষত্রের সেই পাদের পূর্ব্বাপর চতুষ্পাদ মধ্যে রাহু বা কেতু থাকিলে চন্দ্র গ্রহণ সম্ভাবনা হয়।

যে নক্ষত্রে রবি থাকিবে ঐ নক্ষত্র হইতে গণনা করিয়া চতুর্দ্দশ নক্ষত্রে যদি চন্দ্র থাকে তাহা হইলে পূর্ণিমা এবং প্রতিপদ এই দুই তিথির সন্ধির সময় চন্দ্রগ্রহণ হইবে।

কৃষ্ণপক্ষের তৃতীয়া তিথিতে যদি মাস নামক নক্ষত্র প্রাপ্ত হয় এবং ঐ নক্ষত্র হইতে গণনা করিয়া ত্রয়োদশ নক্ষত্র যে দিবস হয় সেই দিবস সূর্য্যগ্রহণ হইবে।

স্পষ্টার্থ

প্রতি অমাবস্যায় সূর্য্য ও পৃথিবীর মধ্যস্থলে চন্দ্র প্রবেশ করেন এবং পূর্ণিমা তিথিতে পৃথিবী, চন্দ্র ও রবির মধ্যবর্ত্তী হয়।

পৃথিবী স্বয়ং বর্ত্তুলের ন্যায় গোলাকার ও দিগ্‌হীন এবং নিরাধার হইয়া শূন্যেতে স্থিতি করেন, সূর্য্য তেজোময় ও পৃথিবী অপেক্ষা বৃহৎ এজন্য পৃথিবীর যে ভাগ সূর্য্যরশ্মি দ্বারা প্রকাশিত হয় তাহার বিপরীত ভাগে যে ছায়া পড়ে তাহা সূচ্যাকার। পৃথিবী যে গোলাকার ও শূন্যেতে স্থিতি করিতেছে তাহা ভাস্করাচার্য্য কৃত গোলাধ্যায়ে কয়েকটি বচনের দ্বারা সপ্রমান হইবে, যথা—

সর্ব্বতঃ পর্ব্বতারাম গ্রামচৈত্যচরৈশ্চিতঃ।
কদম্বকুসুমগ্রন্থিঃ কেশর প্রশরৈরিব॥


যে প্রকার কেশর সমূহ দ্বারা কদম্ব পুষ্পের গ্রন্থি বেষ্টিত থাকে সেইরূপ পৃথিবী পিণ্ড, বন, গ্রাম, পর্ব্বত এবং বৃক্ষাদি দ্বারা বেষ্টিত রহিয়াছে।

নান্যাধারঃ স্বশক্ত্যৈব বিয়তি নিয়তং তিষ্ঠতীহাস্য পৃষ্ঠে
নিষ্ঠং বিশ্বঞ্চ শশ্বৎ সদনুজমনুজাদিত্য দৈত্যং সমন্তাৎ॥


আকাশমণ্ডলে পৃথিবী বিনা আধারে স্থিতি করিতেছে এবং তাহার পৃষ্ঠে দেব, দৈত্য, দানব, মনুষ্য সমুদায় স্থাপিত রহিয়াছে।

মূর্ত্তো ধর্ত্তা চেদ্ধরিত্র্যাস্তুতোন্যস্তস্যাপ্যন্যোপ্যেবমত্রানবস্থা।
অন্ত্যে কল্প্যাচেৎ স্বশক্তিঃ কিমাদ্যেকিন্নোভূমেঃ সাষ্টমূর্ত্তেশ্চমূর্ত্তিঃ।

যদি এরূপ বিবেচনা করা যায় যে, পৃথিবীর মূর্ত্তিমান আধার আছে, তাহা হইলে তাহার ধারণের জন্য পুনরায় অপর একটি আধার প্রয়োজন এবং সেই দ্বিতীয় আধারকে ধারণ জন্য তৃতীয়, আর একটি আধার প্রয়োজন হয়, এই প্রকার আধারের আর শেষ হইতে পারে না, অতএব যদি শেষ কোন একটি আধার স্বীয় শক্তি দ্বারা আকাশে স্থিতি করিতে পারে এমত কল্পনা করিতে হইল তখন, পৃথিবী যে স্বীয় শক্তি দ্বারা আকাশে স্থিতি করিতেছে তাহা কেন না স্বীকার কর।




ঐ পৃথিবীর ছায়া মধ্যে চন্দ্র প্রবেশ করিলে ক্রমশঃ মলিন হইতে থাকে এইরূপ ঘটনা হইলেই চন্দ্র গ্রহণ বলা যায়, এইরূপ ঘটনা পূর্ণিমাতেই সম্ভাবনা হয়, সুতরাং পূর্ণিমা ভিন্ন অন্য সময় চন্দ্রগ্রহণ হইতে পারে না।



চন্দ্র যখন রবি ও পৃথিবীর মধ্যবর্ত্তী হন, তখনই সূর্য্যরশ্মি অবরুদ্ধ হয়, এইরূপ ঘটনা হইলে সূর্য্যগ্রহণ বলা যায়। আর ঐ রূপ ঘটনা অমাবস্যা ভিন্ন হয় না।

চন্দ্রকক্ষা ও ভূকক্ষা সমতল হয় না, কেবল দুই বিন্দুমাত্র তির্য্যক্‌ভাবে সন্ধি হয় এই যে, দুইটি সন্ধিস্থল ইহার নাম চন্দ্রপাত, * এই পাতস্থলে চন্দ্র আসিলে চন্দ্র, সূর্য্য ও পৃথিবী সমতলস্থ হয়, এজন্য অমাবস্যা কিম্বা পূর্নিমাতে চন্দ্র স্বীয় পাতস্থ কিম্বা পাতের নিকটে আগমন না হইলে চন্দ্র সূর্য্যের গ্রহণ হয় না †। নিম্নচক্রে চ ও ক এই দুইটি স্থান ভূকক্ষার ও চন্দ্রকক্ষার সন্ধিপাতস্থল ঐ




* চন্দ্রের পাত স্থির নহে, যদি স্থির হইত তাহা হইলে প্রতিবর্ষে একই সময়ে গ্রহণ হইত, কিন্তু ঐ পাত পূর্ব্ব হইতে পশ্চিম দিকে প্রতিবর্ষে প্রায় ১৯ অংশ ১৯ কলা ৪৪ বিকলা গমন করে এবং প্রায় ১৮ বর্ষ ২২৮ দিন ১৫ দণ্ডে সূর্য্যকে একবার প্রদক্ষিণ করিয়া পুনরায় স্বস্থানে উপস্থিত হইয়া থাকে, এজন্য প্রত্যেক ১৮ বৎসর ২২৮ দিন ১৫ দণ্ডে সূর্য্যের ও চন্দ্রের গ্রহণ প্রায় সমান দিনে ও সমান রূপে হয়।

† নচেৎ প্রতি অমাবস্যায় ও পূর্ণিমায় গ্রহণ হইত।

চ চিহ্নিত স্থলে অমাবস্যায় চন্দ্রস্থিত হইলে চন্দ্র সূর্য্য পৃথিবী সমতল হয়, এবং এইরূপ ঘটনায় সূর্য্যরশ্মি চন্দ্রের দ্বারা অবরুদ্ধ হইয়া সূর্য্যগ্রহণ হইয়া থাকে, আর পূর্নিমাতে ক চিহ্নিত স্থানে যদি চন্দ্র স্থিত হয়, তাহা হইলে চন্দ্র ও সূর্য্য পৃথিবীর সমতলস্থ হইয়া ভূচ্ছায়াতে চন্দ্র প্রবেশ করিলে চন্দ্রগ্রহণ হয়।

---

## গ্রহণ গণনা।

প্রাগ্‌ভূবিভাগে গণিতোত্থকালাদনন্তরং প্রগ্রহণং বিধোঃ স্যাৎ আদৌহি পশ্চাদ্বিবরে তয়োর্য্যা ভবন্তি দেশান্তর নাড়িকাস্তাঃ অর্কোদযাদূর্দ্ধমধশ্চতাভিঃ প্রাচ্যাং প্রতীচ্যাং দিনপপ্রবৃত্তিঃ ঊর্দ্ধং তথাধশ্চরনাড়িকাভী রবাবুদগ্দক্ষিণ গোল যাতে ॥

সুমেরু ও লঙ্কার মধ্য রেখার পূর্ব্বভাগে গণিতপ্রাপ্ত সময়ের পরে গ্রহণ দর্শন হয়, পশ্চিমভাগে গণিতপ্রাপ্ত কালের পূর্ব্বে গ্রহণ দর্শন হয়, ঐ উভয় কালের দণ্ড পলাদি অন্তর করিলে যে দণ্ড পল হইবে তাহাকেই দেশান্তর দণ্ড পলাদি বলা যায়, এবং ঐ রেখার পূর্ব্বভাগে সূর্য্যোদয়ের পর এবং পশ্চিমভাগে সূর্য্যোদয়ের পূর্ব্বে বার প্রবৃত্তি হয়।

রবি চন্দ্রগ্রহণের গণনার কারণ স্ফুটপাতা নয়ন।

দিনং নখাপ্তং রসনিঘ্নখস্রাগ্নবাঙ্ক গোক্ষ্মাংস যুগং শকাদ্যং।
অব্দাৎ খতিথ্যংশ বিলিপ্তিকাঢ্যং ক্ষেপাচ্চ্যুতংস্যাৎ স্ফুটপাতএষঃ।
ক্ষেপোগ্রহাদ্যো দহনো হুতাশো রবিৰ্দ্ধবাণৌ গ্রহণে রবীন্দোঃ ॥ ৩।৩।১২।৫২ ॥

যে দিবসে গ্রহণের সম্ভাবনা বোধ হইবে তদ্দিবসীয় পূর্নিমা বা অমাবস্যার অন্তিম সময়ের দিনবৃন্দ, রবি চন্দ্রের তাৎকালিক স্ফুট ও গতি নিরূপণ করিতে হইবে, পরে দিনবৃন্দকে কুড়ি দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই রাহুস্ফুটের অংশাদি। পুনর্ব্বার দিনবৃন্দকে ছয় দ্বারা গুণ করিয়া ১৯৯৯ ঊনিশ শত নিরানব্বই দিয়া ভাগ করিলে যে লব্ধ হইবে তাহা ঐ অংশাদিতে যোগ করিবে, পরে অব্দপিণ্ডকে ১৫০ একশত পঞ্চাশ দিয়া ভাগ করিয়া যে

লব্ধ হইবে তাহা ঐ রাহুর স্ফুটের অংশাদির বিকলার সহিত যোগ করিবে পরে ঐ স্ফুটের অংশকে ৩০ ত্রিংশ দিয়া ভাগ দিলে যে লব্ধ হইবে, তাহাকে পুনরায় ১২ বার দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাই রাশ্যাদি। ঐ রাশ্যাদিকে ৩।৩।১২।৫২ ক্ষেপ হইতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাই রাহুস্ফুট। উহার অন্য নাম স্ফুটপাত।

## চন্দ্র গ্রহণ গণনা।

পর্ব্বান্তীন তমোহৃরুণান্তর কলা ভুবেদনিঘ্না নৃপাংশোনা ক্ষিত্রি বিধুঘ্ন সূর্য্যগতিযুকবীধঙ্কগোষ্মাহৃতা। ভুক্তোন্দো স্ত্রিযুগাৎ থনেত্র বিকলা যুক্তা দ্বিযুক্তা গ্রহেবিশ্বাসার্কহৃতা বিবোস্থিতি ঘটী দিগ্‌যুক্ত বিশ্বাহৃতা॥

পূর্ণিমার অন্তিম সময়ের রাশ্যাদি স্ফুটপাত যাহা হইবে, তাহা তৎকালের রবিস্ফুটের রাশ্যাদির সহিত অন্তর করিয়া যে অংশাদি হইবে, তাহাকে ৬০ ষাইট দ্বারা গুণ করিয়া তৎপরের কলার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে তাহাকে পুনরায় ৪১ একচল্লিশ দিয়া গুণ করিয়া, গুণফল দুই স্থানে রাখিবে, পরে তাহার এক স্থানের অঙ্ককে ১৬ যোল দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে ঐ লব্ধাঙ্ক অন্য স্থানের অঙ্কে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা এক স্থানে রাখিতে হইবে, পরে তৎসময়ের রবির গতির কলাদিকে ১৩৪একশত চৌত্রিশ দিয়া গুণ করিলে যে অঙ্ক হয়, তাহা ঐ পূর্ব্বাঙ্কের সহিত যোগ করিবে, পরে ঐ যোগাঙ্ক হইতে ১৯৬৫ উনিশ শত পয়ষট্টি হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ককে তৎকালের চন্দ্র গতির কলাদির দ্বারা ভাগ দিলে যে লব্ধ হয় তাহাকে ৪৩।২০ তেতাল্লিশ কুড়ি হইতে বিয়োগ করিয়া যে অঙ্ক পাওয়া যাইবে তাহার নাম গ্রাস। যদি ঐ লব্ধাঙ্ক ৪৩।২০ তেতাল্লিশ কুড়ির অধিক হয় তাহা হইলে গ্রহণ হইবে না।

ঐ গ্রাসাঙ্ক দুই স্থানে রাখিবে পরে তাহার এক স্থানের অঙ্ক ১২ বার দিয়া গুণ করিবে এবং অপর স্থানের অঙ্কে ১০ দশ যোগ করিবে তৎপরে ঐ দশ যুক্ত অঙ্কের দ্বারা দ্বাদশ গুণিত অঙ্ককে ভাগ দিলে, যে লব্ধ হইবে তাহাই ঐ দিবসের চন্দ্র গ্রহণের স্থিতি দণ্ডাদি।

অন্য প্রকার।

পতার্কান্তর লিপ্তিকা গ্রহলবৈঃ সেষর্থ ভাগৈ বিযুক সত্রিঘ্নার্ক গতিঃ খবেদবিযুতা শুদ্ধাবিষোর্তুক্তিতঃ। তর্কঘ্নেন্দু গতি ত্রিভূলব মিতস্যাঙ্কস্য খণ্ডো ভবেৎ খণ্ডঃ সূর্য্য গুণো গুণাঙ্ক বিধুযুক খণ্ডেন লব্ধাস্থিতিঃ॥

পূর্ণিমার অন্তিম সময়ের স্ফুটপাত রবিস্ফুটে অন্তর করিলে ১৩ তের অংশের ন্যূন বা অধিক হইলে গ্রহণ হইবে। ঐ অন্তরিত অংশ ন্যূনাধিক যত হইবে, তাহাকে কলা করিয়া দুই স্থানে রাখিবে, পরে তাহার এক স্থানের অঙ্ককে ৯ নয় দিয়া ভাগ করিলে যে লব্ধ হইবে, তাহাকে দুই স্থানে রাখিয়া তাহার এক স্থানের অঙ্ককে ৫৫ পঞ্চান্ন দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা ঐ নয় ভাগ লব্ধাঙ্কে যোগ করিবে, পরে যোগাঙ্ক পূর্ব্বের অন্তরিত কলাতে বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহার সহিত ঐ সময়ের রবির গতিকে ৩ তিন গুণ করিয়া যোগ করিবে এবং ঐ যোগাঙ্ক হইতে ৪০ চল্লিশ বাদ দিবে, অবশিষ্টাঙ্ক তৎকালের চন্দ্রের গতি হইতে হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহাকে ৬ ছয় দ্বারা গুণ করিয়া যে অঙ্ক হইবে তাহার নাম গ্রাস। ঐ গ্রাসকে দুই স্থানে রাখিয়া, তাহার একটীকে ১২ বার দিয়া গুণ করিতে হইবে, অপর একটীতে ১৯৩ একশত তিরানব্বই যোগ করিবে, পরে ঐ ১২ গুণিত অঙ্ক একশত তিরানব্বই যুক্ত অঙ্ক দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে তাহা সেই চন্দ্রগ্রহণের স্থিতি দণ্ডাদি।

পর্ব্বান্তেগূনবিধুঃ সগুণোরসশেষিতো গুণান্তরিতঃ।
ফলিতঃ পর্ব্বত গুণিতো বিক্ষেপঃস্যাৎ খনন্দাপ্তঃ॥
চন্দ্র গতির্ঘন নিঘ্নানখকৃত লব্ধাসুধানিধের্ম্মানং।
দশ গুণিতং শশিমানং রামাপ্তং ষষ্টিনিঘ্ন রবিভুক্তেস্তু।
গুণনগগজোনিতায়াঃ কুশিবাং শোনং তমোমানং।
গ্রাহ্য গ্রাহক যোগার্দ্ধং বিক্ষেপ বর্জ্জিতং গ্রাসঃ।
গ্রাসানুপাতাৎ স্থিতিনাড়ি কার্দ্ধ মথাভ্রষন্নাগতইন্দু ভুক্তিঃ
হীনাহতা শুদ্ধি পলৈঃখশক্রৈর্লব্ধং পলং তত্রযুতং স্ফুটংস্যাৎ॥

পূর্ণিমার অন্তিম সময়ের রাশ্যাদি চন্দ্র স্ফুট হইতে রাশ্যাদি স্ফুট পাতকে হীন করিলে যে রাশ্যাদি হইবে, ঐ রাশির সহিত ৩ তিন যোগ করিবে, যদি যুক্তাঙ্ক ৬ ছয়ের অধিক হয়, তবে ছয় ত্যাগ করিয়া, অবশিষ্ট অঙ্ক গ্রহণ করিবে, এবং দেখিবে, যে ঐ অঙ্ক ৩ তিনের অধিক কি না, যদি তিনের অধিক হয়, তবে তাহা হইতে ঐ তিন পরিত্যাগে অবশিষ্ট অঙ্ক গ্রহণ করিয়া কলা করিবে। আর যদি ঐ অঙ্ক তিনের ন্যুন হয়, তবে ঐ ন্যুনাঙ্ক তিন হইতে বাদ দিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকেই কলা করিবে, পরে ঐ কলাদিকে ৭ সাত দিয়া গুণ করিলে যে অঙ্ক হয়, তাহাকে ৯০ নব্বই দ্বারা ভাগ দিলে যে লব্ধ হইবে, তাহার নাম শর।*

পরে চন্দ্রের সাধিত গতিকে ১৭ সতের দিয়া গুণ করিয়া, ৪২০ চারিশত কুড়ি দ্বারা ভাগ করিলে, যে লব্ধ হইবে, তাহার নাম চন্দ্রমান।

ঐ চন্দ্রমানকে দশ দিয়া গুণ করিয়া ৩ তিন দ্বারা ভাগ করিলে, যে লব্ধ হইবে, ঐ লব্ধাঙ্ক এক স্থানে রাখিবে, পরে রবির গতিকে, যাইট দ্বারা গুণ করিয়া যে অঙ্ক হইবে, ঐ অঙ্ক হইতে ৮৭৩ আটশত তেয়াত্তর হীন করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহাকে ১১১ এক শত এগার দ্বারা ভাগ দিয়া ভাগ ফল ঐ পূর্ব্ব স্থাপিত অঙ্ক হইতে হীন করিলে, যে অঙ্ক হইবে, তাহার নাম রাহুমান। উক্ত চন্দ্রমান ও রাহু মানের অঙ্ক যোগ করিলে যে সমষ্টি হইবে, তাহাকে দুই দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা হইতে, পূর্ব্ব আনীত শরের অঙ্ক, হীন করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম গ্রাস।

ঐ শরের অঙ্ক, যদি ঐ লব্ধাঙ্ক হইতে অধিক হয়, তবে গ্রহণ হইবে না।

ঐ গ্রাসাঙ্কের যে সংখ্যা হইবে, সেই সংখ্যানুসারে স্থিত্যর্দ্ধ খণ্ডা ও শুদ্ধি পল গ্রহণ করিয়া এক স্থানে রাখিবে। পরে তৎকালের চন্দ্রের গতিকে ৮৬০ আটশত যাইট হইতে হীন করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ঐ শুদ্ধিপল দ্বারা গুণ করিয়া, গুণ ফলকে ১৪০ এক শত চল্লিশ দিয়া ভাগ দিলে যে লব্ধ হইবে, তাহা স্থিত্যর্দ্ধ খণ্ডার অঙ্কে যোগ করিলে, শুদ্ধ স্থিত্যর্দ্ধ দণ্ডাদি হইবে।

পূর্ণিমার স্থিতি দণ্ডকে দুই স্থানে রাখিয়া তাহার একটি হইতে শুদ্ধ স্থিত্যর্দ্ধ দণ্ডাদি হীন করিলে যে অঙ্ক হইবে, তাহা চন্দ্র গ্রহণের স্পর্শ দণ্ডাদি, অপরটির সহিত ঐ শুদ্ধ স্থিত্যর্দ্ধ দণ্ডাদি যোগ করিলে যে অঙ্ক হইবে তাহা চন্দ্র গ্রহণের মোক্ষ দণ্ডাদি।

যদি চন্দ্র স্ফুটে এবং পাত স্ফুটে বিয়োগ করিলে, হীনাঙ্ক ৬ ছয় রাশির ন্যুন হয়, তবে ঈশান কোণে স্পর্শ, হইয়া বায়ু কোণে মোক্ষ হইবে। আর যদি ৬ রাশির অতিরিক্ত হয়, তাহা হইলে অগ্নি কোণে স্পর্শ হইয়া, নৈর্ঋত কোণে মোক্ষ হইবে।

* কোন চাপ বা বৃত্তাংশের কোন প্রান্ত হইতে যদি একটী রেখা এরূপ টানা যায় যে, তাহা অন্য প্রান্ত পর্য্যন্ত যে ব্যাসার্দ্ধ টানা হইয়াছে তাহার সহিত ঠিক লম্ব ভাবে থাকে, তাহা হইলে ঐ রেখাকে শর বলা যায়।

| গ্রাস | স্থিত্যর্দ্ধ | শুদ্ধিপল | গ্রাস | স্থিত্যর্দ্ধ | শুদ্ধিপল | গ্রাস | স্থিত্যর্দ্ধ | শুদ্ধিপল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০।১০ | ০।২১ | ১ | ৫।০ | ১।৫১ | ৮ | ৩২।০ | ৪।৮ | ৯ |
| ০।২০ | ০।২৯ | ২ | ৬।০ | ২।১ | ৯ | ৩৬।০ | ৪।১৮ | ৭ |
| ০।৩০ | ০।৩৬ | ৩ | ৭।০ | ২।১১ | ১০ | ৪০।০ | ৪।২৬ | ৫ |
| ০।৪০ | ০।৪১ | ৩ | ৮।০ | ২।১৯ | ১০ | ৪৪।০ | ৪।৩২ | ৩ |
| ০।৫০ | ০।৪৬ | ৪ | ৯।০ | ২।২৭ | ১০ | ৪৮।০ | ৪।৩৭ | ৩ |
| ১।০ | ০।৫০ | ৪ | ১২।০ | ২।৪৭ | ১২ | ৫২।০ | ৪।৪১ | ৫ |
| ১।৩০ | ১।২ | ৫ | ১৫।০ | ৩।৪ | ১৩ | ৫৬।০ | ৪।৪৩ | ৮ |
| ২।০ | ১।১১ | ৬ | ১৬।০ | ৩।৯ | ১৩ | ৬০।০ | ৪।৪৫ | ৮ |
| ২।৩০ | ১।২০ | ৬ | ২০।০ | ৩।২৮ | ১২ | ৬৪।০ | ৪।৪৭ | ৯ |
| ৩।০ | ১।২৭ | ৬ | ২৪।০ | ৩।৪৪ | ১১ | | | |
| ৪।০ | ১।৪০ | ৭ | ২৮।০ | ৩।৫৭ | ১০ | | | |

## সূর্য্যগ্রহণ গণনা।

সূর্য্য গ্রহণ সাধনের দিনে প্রথমত অব্দপিণ্ড, দিনবৃন্দ, পূর্ব্বোক্ত স্ফুটপাত, অয়নাংশ, অমাবস্যার অন্তিম দণ্ডের, তাৎকালিক রবিচন্দ্রের স্ফুট ও গতি আদি পূর্ব্ব প্রক্রিয়া মতে গণনা করিয়া স্থির করিতে হইবে।

### নতানয়ন।

দিনার্দ্ধ দণ্ডান্তর পূর্ব্বদণ্ডঃ পূর্ব্বাপরাখ্যঃ কথিতো নতোঽত্র॥

যে অমাবস্যার দিবস সূর্য্য গ্রহণের সম্ভাবনা স্থির হইবে, প্রথমত সেই দিবসের অমাবস্যার স্থিতি দণ্ডাদি, এক স্থানে রাখিবে। পরে সেই দিবসের দিনমান দুই ভাগ করিয়া, তাহার এক ভাগ, ঐ অমাবস্যার দণ্ড হইতে অন্তর করিলে, যত দণ্ড হইবে, তাহার নাম নত-দণ্ড। ঐ নতদণ্ড দুই প্রকার, প্রাঙ্নত ও পশ্চান্নত, যদি ঐ দিবসের অমাবস্যার স্থিতি দণ্ড ঐ দিনার্দ্ধের ন্যূন হয় তাহা হইলে তাহার নাম প্রাঙ্নত, এবং অধিক হইলে পশ্চান্নত হইবে।

### লম্বনানয়ন।

চলাংশ সংস্কার বতোঽহরুণস্য ভাগান্নতাল্ল স্বইহাসু পাতাৎ।

পরে তদ্দিবসীয় অয়নাংশের সহিত রবি স্ফুট যোগ করিলে, যে রাশ্যাদি হইবে, নিম্নলিখিত খণ্ডা চক্রে, সেই রাশিতে নতদণ্ড সংখ্যায় যে খণ্ডা ও অনুখণ্ডা হইবে, তাহা পরস্পর অন্তর করিলে, যে ভোগ্যাঙ্ক হয়, তাহা দ্বারা ঐ নতদণ্ডের শেষাঙ্ক পলকে পূরণ করিয়া, ৬০ যাইট দ্বারা ভাগ দিয়া যে লব্ধ হয়. তাহা ঐ খণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে তাহার নাম লম্বন।

### মধ্যোদয়ানয়ন।

ইহার নামান্তর দশমোদয়।

তাৎকালিকা দয়নাংশযুক্তা দেকাদিলঙ্কোদয় খণ্ডলাকং যৎ। ভোগ্যাহতাংশাৎ খপুনাপ্ত যুক্তং নতৈঃ সলম্বৈর্দ্যদলা দ্বিযুকস্বৎ। খণ্ডানি লঙ্কোদয় সংজ্ঞকানি বিশোধ্য শেষং নিহতং শরেণ ভোগ্যাদ্ধৃতং শোধিত সংখ্য নিঘ্ন শরেণ যুক্তং দশমোদয়ঃ স্যাৎ

অয়নাংশ যুক্ত তাৎকালিক রবি স্ফুটের রাশির সংখ্যার নিম্নলিখিত লঙ্কোদয় খণ্ডা, এক স্থানে রাখিবে। পরে ঐ খণ্ডার ভোগ্য দ্বারা ঐ রবি স্ফুটের অংশাদিকে পূরণ করিয়া এক জাতীয় করিলে যাহা হইবে, তাহাকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে যে লব্ধ হইবে, তাহা ঐ লঙ্কোদয় খণ্ডায় যোগ করিবে। পরে তাহাকে পূর্ব্বসাধিত লম্বনের সহিত নতদণ্ড যোগ করিয়া যাহা হইবে, তাহা ঐ যুক্তাঙ্ক, যখন অমাবস্যার স্থিতিদণ্ড গণনা দিবসের বেলা, দুই প্রহরে পূর্ব্ব পর্যন্ত থাকিবে, তখন হীন করিতে হইবে, আর দুই প্রহরের পর হইলে যোগ করিবে, ঐ রূপ যোগ কিম্বা হীন করিলে, যে অঙ্ক হইবে, তাহা হইতে যে রাশীর সংখ্যায় ঐ লঙ্কোদয় খণ্ডার অঙ্ক বাদ দেওয়া সম্ভব হয়, সেই খণ্ডাটি ঐ যুক্ত কিম্বা হীনাঙ্কে বাদ দিয়া, অবশিষ্ট যাহা থাকিবে, তাহাকে পাঁচ দ্বারা গুণ করিয়া যে অঙ্ক হইবে তাহা এক স্থানে রাখিবে। পরে যে রাশির খণ্ডাটি বিয়োগ করা হইয়াছে, সেই রাশির ভোগ্যখণ্ডা দ্বারা ঐ পঞ্চ গুণিত অঙ্ককে ভাগ দিয়া, যাহা লব্ধ হইবে তাহা এক স্থানে স্থাপিত করিয়া রাখিবে। পরে যত সংখ্যক রাশির খণ্ডাটি হীন করা হইয়াছে, সেই সংখ্যক অঙ্ককে পাঁচ দ্বারা পূরণ করিয়া ঐ পূর্ব্ব স্থাপিত অঙ্কে যোগ করিলে যে অঙ্ক হইবে তাহার নাম দশমোদয়।

### ক্রান্তি ও হারানয়ন।

মধ্যোদয়াদ্বাণ শশাঙ্ক যুক্তাৎ ত্রিংশাধিকশ্চেৎ খরসা দ্বিশুদ্ধাৎ। ক্রান্তিঃসদা ক্ষান্তরিতা শতস্থঃ ক্রমেণ হারাস্থির লম্বনার্থম্

মধ্যোদয় যে অঙ্ক হইবে তাহাতে ১৫ পোনের যোগ করিবে ঐ যোগাঙ্ক যদি ৩০ ত্রিশের অধিক হয় তবে ৬০ যাইট হইতে হীন করিবে। আর যদি ঐ যুক্তাঙ্ক ৬০ যাইটের অধিক হয়, তবে তাহা হইতে যাইট ত্যাগ করিয়া যে অঙ্ক থাকিবে, তাহা গ্রহণ করিবে। যদি ত্রিশের অধিক না হয় তবে তাহার প্রথম অঙ্ক সংখ্যার নিম্নলিখিত ক্রান্তি খণ্ডা এবং তাহার অনুখণ্ডা গ্রহণ করিয়া, উভয়কে অন্তর করিলে যাহা ভোগ্য হইবে, সেই অঙ্ক দ্বারা ঐ মধ্যোদয়ের দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অঙ্ক পূরণ করিয়া এক জাতীয় করিলে যাহা হইবে, তাহাকে যাইট দ্বারা ভাগ দিয়া, খণ্ডায় যোগ করিলে যাহা হইবে, তাহার নামক্রান্তি।

ঐ ক্রান্তিকে অক্ষাঙ্ক ৭৮৮।৩২ সহিত অন্তর করিয়া যাহা হইবে, তাহাকে ১০০ একশত দিয়া একবার মাত্র ভাগ করিলে যে লব্ধ হইবে, তৎসংখ্যার হার খণ্ডা ও অনুখণ্ডা লইয়া পরস্পর অন্তর করিলে যাহা ভোগ্য হইবে, তদ্দ্বারা ঐ শতহৃত লব্ধ শেষ অঙ্ককে গুণ করিয়া, ১০০ একশত দ্বারা যথা মতে ভাগ দিয়া, লব্ধাঙ্ক খণ্ডার সহিত যোগ করিলে যাহা হইবে তাহার নাম হার।

### স্ফুটনতানয়ন।

তথা বিধার্কাংশষড়শমধ্যোদয়ান্তরোয়ঃ স নতস্ফুটঃস্যাৎ ॥

অয়নাংশযুক্ত রবিস্ফুটের রাশ্যাদিকে অংশাদি করিয়া যাহা হইবে, তাহাকে ৬ ছয় দিয়া ভাগ দিলে যে লব্ধ হয়, তাহা পূর্ব্বসাধিত মধ্যোদয়ের সহিত অন্তর করিলে যাহা হইবে তাহার নাম স্ফুটনত।

### স্থিরলম্বনানয়ন।

ত্রিংশাধিকশ্চেৎ খরসাদ্বিশোধ্যঃ পুনঃ শরঙ্কাধিকতঃ খরামাৎ।
নতস্ফুটজ্যা বিহৃতাস্বহারৈর্দ্দণ্ডাদিকং তৎ স্থিরলম্বনং স্যাৎ ॥

স্ফুটনত যাহা হইবে, তাহা যদি৩০ত্রিশের অধিক হয়, তবে ষাইট হইতে বাদ, এবং যদি পোনেরর অধিক হয়, তবে ৩০ হইতে বাদ দিয়া যাহা হইবে, তাহার প্রথমাঙ্ক সংখ্যার জ্যা খণ্ডা ও অনুখণ্ডা, পরস্পর অন্তর করিলে, যাহা হইবে তাহার দ্বারা স্ফুটনতর শেষাঙ্ককে গুণ করিয়া, ঐ গুণিতাঙ্ক ষাইট দ্বারা ভাগ দিয়া, লব্ধাঙ্ক জ্যা খণ্ডার সহিত যোগ দিলে যাহা হইবে, তাহার নাম জ্যা। ঐ জ্যার অঙ্ককে পূর্ব্বসাধিত হার অঙ্ক দিয়া, ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম স্থিরলম্বন।

### স্ফুট দশমোদয়ানয়নং।

ঊনাধিকং যৎ স্থিরলম্বনং স্যাৎ মধ্যাৎ খলগ্নস্ত তদূনযুক্তম্।
পশ্চান্নতে পূর্ব্বনতে তু বামং তৎকালমধ্যোদয় মে তদুক্তম্।

পূর্ব্বসাধিত লম্বন ও স্থিরলম্বন, এই উভয়কে অন্তর করিলে যে অঙ্ক হইবে, তাহা এক স্থানে রাখিবে। পশ্চান্নত কালে যদি পূর্ব্বলম্বন হইতে স্থিরলম্বন ন্যুন হয়, তাহা হইলে মধ্যোদয়ের ঐ স্থাপিত অঙ্কে হীন, আর অধিক হইলে যোগ করিবে। প্রাঙ্নতকালে যদি পূর্ব্বলম্বন হইতে স্থিরলম্বন ন্যুন হয়, তাহা হইলে ঐ মধ্যোদয়ে যোগ, এবং অধিক হইলে হীন করিবে। এইরূপ প্রক্রিয়া দ্বারা যাহা হইবে, তাহার নাম স্ফুট দশমোদয়।

### নত্যানয়ন।

এবং খলগ্নাৎ শরচন্দ্রযুক্তাৎ ত্রিংশাধিকশ্চেৎ খরসাৎ বিশুদ্ধাৎ।
ক্রান্তিঃ খখেম্বিন্দুযুতাক্ষহীনা শতেন তস্যা নতয়ঃ ক্রমেণ ॥

এই তাৎকালিক দশমোদয়ের সহিত ১৫ পোনের যোগ করিলে, যদি ত্রিশের অধিক হয়, তাহা হইলে তাহাকে ষাইট হইতে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহার প্রথম অঙ্ক সংখ্যায় পুণরায় ক্রান্তি খণ্ডা এবং তাহার অনুখণ্ডা গ্রহণ করিয়া, পরস্পর অন্তর করিলে, যে ভোগ্য হইবে, তদ্দ্বারা তাহার দ্বিতীয় ও তৃতীয় অঙ্ককে, পুরণ করিয়া এক জাতীয় করিবে। পরে ঐ অঙ্ককে ৬০ ষাইট দ্বারা ভাগ দিয়া, ভাগফল খণ্ডার সহিত যোগ করিলে, যে অঙ্ক হইবে, তাহার নাম ক্রান্তি। ঐ ক্রান্তিতে ১৫০০ পোনের শত যোগ করিয়া, তাহা হইতে ৭৮৮।৩২ অক্ষাঙ্ককে বিযোগ করিলে, যাহা অবশিষ্ঠ থাকিবে, তাহাকে ১০০ এক শত দিয়া একবার মাত্র ভাগ দিবে. পরে ভাগফল সংখ্যার নতখণ্ডা ও অনুখণ্ডা লইয়া পরস্পর অন্তর করিলে যাহা হইবে, তাহার নাম ভোগ্য। ঐ ভোগ্য দ্বারা শতহৃত শেষাঙ্ককে গুণ করিয়া যাহা হইবে, তাহাকে, ১০০ একশত দ্বারা ভাগ দিবে। পরে ঐ ভাগফল নতখণ্ডার সহিত যোগ করিয়া, যাহা হইবে তাহার নাম নত।

### স্ফুটদর্শদণ্ডের আনয়ন।

দর্শান্ততো লম্বনহীনযুক্তাৎ দর্শান্ত নাড়ীছ্যদলাৎ স্ফুটাত্র ॥

পূর্ব্বসাধিত স্থিরলম্বনকে প্রাঙনত সময়ে অমাবস্যার স্থিতিদণ্ডে হীন ও পশ্চান্নত সময়ে যোগ করিলে যাহা হইবে, তাহার নাম স্ফুটদর্শদণ্ড।

### গ্লৌ আনয়ন।

চন্দ্রস্য তুক্তি স্থিরলম্বনঘ্না ষষ্ট্যাবিভক্তা তু কলাদিকং স্যাৎ।
দর্শান্তকালীন রবৌ দিনার্দ্ধাৎ ঋণং ধনৎগ্লৌস্ফুটদর্শকালে ॥

তৎকালের চন্দ্রগতিকে স্থিরলম্বন দ্বারা গুণ করিলে যাহা হইবে, তাহাকে ৬০ ষাইট দিয়া ভাগ দিলে, ভাগ ফল কলাদি হইবে। ঐ কলাদিকে প্রাগুনত সময়ে তাৎকালিক রবিস্ফুটে হীন, ও পশ্চান্নতকালে যোগ করিলে যাহা হইবে, তাহার নাম গ্লৌ অর্থাৎ স্ফুটদর্শদণ্ড সময়ের চন্দ্র স্ফুট।

## শর ও স্ফুটশরানয়ন।

ত্রিভোন তৎকালবিধো র্বিপাতাৎ ষড়্ভাধিকাম্মণ্ডলতো বিশুদ্ধাৎ।
কলীকৃতাৎ নাগহতাৎ খনন্দরামেষুভূনাদগুণখেন্দু ভক্তঃ।
শরঃ স নত্যন্তরিত স্ফুটঃ স্যাৎ গ্রাসস্তমানৈক্যদলা দ্বি শুদ্ধঃ॥

ঐ স্ফুটদর্শদণ্ড সময়ের চন্দ্রস্ফুট হইতে তিন রাশি বাদ দিলে, যদি তিন রাশির ন্যুন হয়, তাহা হইলে ঐ চন্দ্রস্ফুটের রাশিতে ১২ বার যোগ করিয়া, তিন রাশি হীন করিলে যাহা হইবে, তাহা হইতে ঐ দিবসের স্ফুটপাতকে বিয়োগ করিবে। যদি ঐ অঙ্ক ৬ ছয় রাশির অধিক হয়, তবে তাহাকে ১২ বার রাশি হইতে হীন করিয়া যে রাশ্যাদি হইবে, তাহাকে কলা করিয়া, ৮ আট দ্বারা গুণ করিবে। ঐ অষ্ট গুণিতাঙ্ক হইতে ১৫৩৯০ পোনের হাজার তিন শত নব্বই বাদ দিলে যাহা শেষ থাকিবে, তাহাকে ১০৩ একশত তিন দিয়া ভাগ দিবে। ঐ ভাগফলের নাম শর।

ঐ শরকে পূর্ব্ব সাধিত নতির সহিত অন্তর করিলে অবশিষ্ট অঙ্ক যাহা থাকিবে তাহার নাম স্ফুটশর।

## চন্দ্রমানানয়ন।

চন্দ্রগতিঘ্নণনিঘ্নানখকৃতলব্ধা সুধানিধের্ম্মানং।

ইহার অনুবাদ চন্দ্র গ্রহণে লেখা হইয়াছে।

## রবিমানানয়ন।

রবিগতিরগবাণঘ্নাবেদদৃগাপ্তারবের্ম্মানং।

তৎকালিক রবির স্ফুটগতিকে ৫৭ সাতান্ন দ্বারা গুণ করিয়া যে অঙ্ক হইবে তাহাকে ১০৪ একশত চারি দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম রবিমান।

## গ্রাসানয়ন।

গ্রাহ্য গ্রাহকয়োগার্দ্ধং বিক্ষেপবর্জ্জিতং গ্রাসঃ।

ঐ চন্দ্রমান ও রবিমান এই উভয়মান যোগ করিলে যাহা হইবে, তাহাকে দুই দ্বারা ভাগ দিয়া, ভাগফল হইতে পূর্ব্ব সাধিত স্ফুটশরকে হীন করিলে যাহা হইবে, তাহার নাম গ্রাস। যদি ঐ ভাগফল হইতে স্ফুটশর অধিক হয়, তবে গ্রহণ হইবে না।

## স্থিত্যর্দ্ধানয়ন।

গ্রাসাম্নুপাতাৎ স্থিতিনাড়িকার্দ্ধং অথাল্পষড়্ঘ্নং রবিচন্দ্রমানং
ন বর্জ্জ্য নাগেন্দ্রভিরঙ্গনাগশূন্যাক্ষিভির্যদ্বিবরং রবীন্দোঃ।
পলাখ্য ভোগ্যেন হতং বিভক্তং কৃবাণচন্দ্রৈর্গজদেবতাভিঃ
লব্ধে পলেস্তঃ সহিতঞ্চ তত্রস্থাদেব মধ্যস্থিতিনাড়িকার্দ্ধং॥

## স্পর্শকাল মোক্ষকালানয়ন।

গ্রাসাঙ্ক সংখ্যার সূর্য্য গ্রহণের স্থিত্যার্দ্ধ খণ্ডা যাহা হইবে, তাহা এক স্থানে রাখিবে। পরে রবিমানকে ৬০ ষাইট দ্বারা পুরণ করিলে যে অঙ্ক হইবে, তাহা ১৮৬৯ আঠার শত উনসোত্তর হইতে হীন করিয়া, যাহা থাকিবে তাহা গ্রাসাঙ্ক সংখ্যার রবির শুদ্ধি পল দ্বারা গুণ করিয়া এক শত একান্ন দিয়া ভাগ দিলে যে লব্ধ হইবে, তাহা এক স্থানে রাখিবে। এবং ঐরূপ চন্দ্রমানকে ৬০ ষাইট দ্বারা পুরণ করিয়া, পুরিতাঙ্ককে ২০৮৯ কুড়ি শত উন নব্বই হইতে হীন করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ঐ গ্রাসাঙ্ক সংখ্যার চন্দ্রের শুদ্ধি পল দ্বারা পুরণ করিয়া, ৩৩৮ তিন শত আটত্রিশ দ্বারা ভাগ দিবে। পরে ঐ ভাগ ফল পূর্ব্ব স্থাপিত রবির ভাগ ফল সহিত যোগ করিয়া ঐ পূর্ব্ব স্থাপিত স্থিত্যর্দ্ধ খণ্ডার সহিত যোগ করিলে, যে অঙ্ক হইবে, তাহার নাম স্থিত্যর্দ্ধ।

স্থিত্যর্দ্ধদণ্ডোনিতমধ্যদর্শ দণ্ডোঽস্য ঘস্রার্দ্ধত উনযুক্তঃ
তৎকালজেন স্থিরলম্বনেন স্পর্শস্য কালস্য বিনিশ্চয়ঃ স্যাৎ।
স্থিত্যর্দ্ধ দণ্ডেন যুতাচ্চ তদ্বন্মোক্ষস্য কালোঽপি তথাবগম্যঃ
প্রকীর্ত্তিতায়াস্ফুটদর্শনাড়ী স এব মধ্য গ্রহণস্যকালঃ।

পূর্ব্বসাধিত স্ফুটদর্শদণ্ড পলকে দুই স্থানে রাখিবে। পরে উহার একটীর সহিত স্থিত্যর্দ্ধ দণ্ডপলকে হীন করিলে, সূর্য্যগ্রহণের স্পর্শদণ্ড হইবে। অপরটীর সহিত যোগ করিলে ঐ সূর্য্যগ্রহণের মোক্ষদণ্ড হইবে।

# সূর্য্য গ্রহণে নতদণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডা।

| ০ শূন্যরাশৌ প্রাঙ্নতে | ১ রাশৌ প্রাঙ্নতে | ২ রাশৌ প্রাঙ্নতে | ৩ রাশৌ প্রাঙ্নতে | ৪ রাশৌ প্রাঙ্নতে | ৫ রাশৌ প্রাঙ্নতে | ৬ রাশৌ প্রাঙ্নতে | ৭ রাশৌ প্রাঙ্নতে | ৮ রাশৌ প্রাঙ্নতে |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০।৪০ | ০।৪৫ | ০।৪৩ | ০।৩৮ | ০।৩৮ | ০।৪২ | ০।৪৮ | ০।৩৮ | ০।২৮ |
| ১।১৩ | ১।২৪ | ১।২২ | ১।১৪ | ১।১৪ | ১।২৩ | ১।২৮ | ১।১৮ | ০।৫৭ |
| ১।৩৯ | ১।৫৬ | ১।৫৭ | ১।৪৭ | ১।৪৭ | ২।০ | ২।৮ | ১।৫৭ | ১।২৭ |
| ১।৫৬ | ২।১৮ | ২।২৬ | ২।১৯ | ২।১৭ | ২।২৮ | ২।৩৯ | ২।৩৩ | ২।০ |
| ২।১০ | ২।৩৪ | ২।৪৯ | ২।৪৬ | ২।৪৩ | ২।৫৩ | ৩।৫ | ৩।২ | ২।৩৩ |
| ২।২০ | ২।৪৬ | ৩।৫ | ৩।৭ | ৩।৫ | ৩।১৩ | ৩।২৫ | ৩।২৫ | ৩।১৪ |
| ২।২৮ | ২।৫৩ | ৩।১৫ | ৩।২৪ | ৩।২৬ | ৩।২৯ | ৩।৩৯ | ৩।৩৯ | ৩।২২ |
| ২।৩৪ | ২।৫৬ | ৩।২০ | ৩।৩৫ | ৩।৩৬ | ৩।৪১ | ৩।৪৮ | ৩।৫১ | ৩।৩৮ |
| ২।৩৮ | ২।৫৭ | ৩।২২ | ৩।৪১ | ৩।৪৭ | ৩।৫০ | ৩।৫৫ | ৩।৫৬ | ৩।৪৮ |
| ২।৪০ | ২।৫৬ | ৩।২০ | ৩।৪২ | ৩।৫৩ | ৩।৫৬ | ৩।৫৯ | ৩।৫৯ | ৩।৫৪ |
| ২।৪১ | ২।৫৪ | ৩।১৭ | ৩।৪১ | ৩।৫৫ | ৩।৫৯ | ৪।০ | ৩।৫৯ | ৩।৫৫ |
| ২।৪২ | ২।৫০ | ৩।১৫ | ৩।৩৬ | ৩।৫৪ | ৩।৫৯ | ৩।৫৯ | ৩।৫৬ | ৩।৫৩ |
| ২।৪২ | ২।৪৬ | ৩।৪ | ৩।৩০ | ৩।৫০ | ৩।৫৭ | ৩।৫৬ | ৩।৫২ | ৩।৪৯ |
| ২।৪১ | ২।৪১ | ২।৫৫ | ৩।২১ | ৩।৪৪ | ৩।৫৩ | ৩।৫১ | ৩।৪৬ | ৩।৪৩ |
| ২।৩৯ | ২।৩৫ | ২।৪৬ | ৩।১১ | ৩।৩৬ | ৩।৪৬ | ৩।৪৪ | ৩।৩৮ | ৩।৩৪ |
| ২।৩৭ | ২।২৯ | ২।৩৭ | ৩।০ | ৩।২৫ | ৩।৩৭ | ৩।৩৬ | ৩।২৯ | ৩।২৫ |
| ২।৩৩ | ২।২৩ | ২।২৭ | ২।৪৮ | ৩।১৪ | ৩।২৭ | ৩।২৭ | ৩।২৯ | ৩।১৫ |
| ২।২৭ | ২।১৭ | ২।১৬ | ২।৩৫ | ৩।২ | ৩।১৫ | ৩।১৭ | ৩।২৮ | |
| ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৭ |

| ৯ রাশৌ প্রাঙ্নতে | ১০ রাশৌ প্রাঙনতে | ১১ রাশৌ প্রাঙনতে | পশ্চান্নতে সায়নার্কে | ০ রাশৌ পশ্চান্নতে | ১ রাশৌ পশ্চান্নতে | ২ রাশৌ পশ্চান্নতে | ৩ রাশৌ পশ্চান্নতে। | ৪ রাশৌ পশ্চান্নতে |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০।২২ | ০।২৩ | ০।৩০ | নতং প্রতি | ০।৪৪ | ০।৪২ | ০।৩৮ | ০।৩৮ | ০।৪৩ |
| ০।৪৩ | ০।৪৩ | ০।৫৫ | লম্বনানি | ১।২৮ | ১।১৩ | ১।১৪ | ১।১৪ | ১।২২ |
| ১।৫ | ১।২ | ১।১৬ | শূন্যরাশ্যাদি | ২।১৮ | ২।২০ | ১।৩৭ | ১।৪৭ | ১।৫৭ |
| ১।২৭ | ১।১১ | ১।৩৪ | লম্বনখণ্ডাঃ। | ২।৩৯ | ২।২৮ | ২।১৭ | ২।১৯ | ২।২৬ |
| ১।৫২ | ১।৩৯ | ১।৪৮ | | ৩।৫ | ২।৫৩ | ২।৪৩ | ২,৪৬ | ২।৪৯ |
| ২।১৭ | ১।৫৫ | ২।০ | | ৩।২৫ | ৩।১৩ | ৩।৫ | ৩।৭ | ৩।৫ |
| ২।৩৯ | ২।১০ | ২।১১ | | ৩।৩৯ | ৩।২৯ | ৩।২০ | ৩।২৪ | ৩।১৫ |
| ২।৫৯ | ২।২৫ | ২।২১ | | ৩।৪৮ | ৩।৪১ | ৩।৩৬ | ৩।৩৫ | ৩।২০ |
| ৩।১৩ | ২।৪০ | ২।১৯ | | ৩।৫৫ | ৩।৫০ | ৩।৪৭ | ৩।৪১ | ৩।২২ |
| ৩।৩১ | ২।৫৪ | ২।৩৭ | | ৩।৫৯ | ৩।৫৬ | ৩।৫৩ | ৩।৪২ | ৩।২০ |
| ৩।৩৮ | ৩।৫ | ২।৪৪ | | ৪।০ | ৩।৫৯ | ৩।৫৫ | ৩।৪১ | ৩।১৭ |
| ৩।৪২ | ৩।১৩ | ২।৪৯ | | ৩।৫৯ | ৩।৫৯ | ৩।৫৪ | ৩।৩৬ | ৩।১০ |
| ৩।৪৩ | ৩।১৯ | ২।৫৩ | | ৩।৫৬ | ৩।৫৭ | ৩।৫০ | ৩।৩০ | ৩।৪ |
| ৩।৩৯ | ৩।২২ | ২ ৫১ | | ৩।৫১ | ৩।৫৩ | ৩।৪৪ | ৩।২১ | ২।৫৫ |
| ৩।৩৪ | ৩।২২ | ২।৫৭ | | ৩।৪৪ | ৩।৪৬ | ৩।৩৬ | ৩।১১ | ২।৪৬ |
| ৩।২৬ | ৩।১৮ | ২।৫৬ | | ৩।৩৬ | ৩।৩৭ | ৩।২৫ | ৩।০ | ২।৩৭ |
| ৩।১৬ | ৩।১২ | ২।৫৪ | | ৩।২৭ | ৩।২৭ | ৩।১ ৫ | ২।৪৮ | ২।৩৭ |
| ১৭ | ১৭ | ১৭ | | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ |

| ৫ রাশৌ পশ্চান্নতে | ৬ রাশৌ পশ্চান্নতে | ৭ রাশৌ পশ্চান্নতে | ৮ রাশৌ পশ্চান্নতে | ৯ রাশৌ পশ্চান্নতে | ১০ রাশৌ পশ্চান্নতে | ১১ রাশৌ পশ্চান্নতে | লঙ্কোদয় খণ্ডাঃ তদ্ভোগ্যঞ্চ । অথ খণ্ডা | ভোগ্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০।৪৫ | ০।৪০ | ০।৩০ | ০।২৩ | ০।২২ | ০।২৮ | ০।৩৮ | ৪।৩৮ | ৪।৫৯ |
| ১।২৪ | ১।১৩ | ০।৫৫ | ০।৪৩ | ০।৪৩ | ০।৫৭ | ১।১৮ | ৯।৩৭ | ৫।২৩ |
| ১।৫৬ | ১।৩৯ | ১।১৬ | ১।৮ | ১।৫ | ১।২৭ | ১।৫৭ | ১৫।০ | ৫।২৩ |
| ২।১৮ | ১।৫৬ | ১।৩৪ | ১।২১ | ১।২৭ | ২।০ | ২।৩৩ | ২০।২৩ | ৪।৫৯ |
| ২।৩৪ | ২।১০ | ১।৪৮ | ১।৩৯ | ১।৫২ | ২।৩৩ | ৩।২ | ২৫।২২ | ৪।৩৮ |
| ২।৪৬ | ২।২০ | ২।০ | ১।৫৩ | ২।১৭ | ৩।০ | ৩।২৫ | ৩০।০ | ৪।৩৮ |
| ২।৫৩ | ২।২৮ | ২।১১ | ২।১০ | ২।৩৯ | ৩।২২ | ৩।৪০ | ৩৪।৩৮ | ৪।৫৯ |
| ২।৫৬ | ২।৩৪ | ২।২১ | ২।২৫ | ২।৫৯ | ৩।৩৩ | ৩।৫১ | ৩৯।৩৭ | ৫।২৩ |
| ২।৫৭ | ২।৩৮ | ২।২৯ | ২।৪০ | ৩।১৭ | ৩।৪৮ | ৩।৫৬ | ৪৫।০ | ৫।২৩ |
| ২।৫৫ | ২।৪০ | ২।৩৭ | ২।৫৪ | ৩।৩০ | ৩।৫১ | ৩।৫৯ | ৫০।২৩ | ৪।৫৯ |
| ২।৫৪ | ২।৪১ | ২।৪৪ | ৩।৫ | ৩।৩৮ | ৩।৫৫ | ৩।৫৯ | ৫৫।২২ | ৪।৩৮ |
| ২।৫০ | ২।৪২ | ২।৪৯ | ৩।১৩ | ৩।৪২ | ৩।৫৩ | ৩।৫৬ | ৬০।০ | ৪।৩৮ |
| ২।৪৬ | ২।৪২ | ২।৫৩ | ৩।১৯ | ৩।৪০ | ৩।৪৯ | ৩।৫২ | ১২ | ১২ |
| ২।৪০ | ২।৪১ | ২।৫৬ | ৩।২২ | ৩।৩৯ | ৩।৪৩ | ৩।৪৬ | | |
| ২।৩৫ | ২।৩৯ | ২।৫৭ | ৩।২২ | ৩।৩৪ | ৩।৩৪ | ৩।৩৮ | | |
| ২।২৯ | ২।৩৭ | ২।৫৬ | ৩।১৮ | ৩।২৬ | ৩।২৫ | ৩।২৯ | | |
| ২।২৩ | ২।৩৩ | ২।৫৪ | ৩।১২ | ৩।১৬ | ৩।১৫ | ৩।১৯ | | |
| ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ১৭ | ৫৭ | ইতি লম্বন খণ্ডাঃ | | |

| অথ ক্রান্তিখণ্ডাঃ | | শূন্যাদিহারাঃ | জ্যাখণ্ডাঃ | নতিখণ্ডাঃ ০।০ | | অথ গ্রাসক্রমাৎ স্থিত্যর্দ্ধানি । | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | ৪৪১ | ৬০।০ | ২৫ | ২২১।১৪ | ২৭০।০ | ০।৩৬ | ১।৫৮ |
| ৯ | ৪৮১ | ৬০।২১ | ৫০ | ২২১।৩১ | ২৭৫।৬ | ০।৫১ | ২।১ |
| ২১ | ৫২০ | ৬১।২২ | ৭৪ | ২২২।১৯ | ২৮০।৮ | ১।২ | ২।৪ |
| ৩৭ | ৫৫৮ | ৬৩।৬ | ৯৮ | ২২৩।৩৮ | ২৮৫।৪ | ১।১১ | ২।৭ |
| ৫৬ | ৫৯৫ | ৬৫।৪২ | ১২০ | ২২৫।২৮ | ২৮৯।৪৯ | ১।১৮ | ২।১০ |
| ৮০ | ৬৩০ | ৬৯।১৬ | ১৪১ | ২২৭।৪৬ | ১৯ | ১।২৫ | ২।১২ |
| ১০৭ | ৬৬৩ | ৭৪।১১ | ১৬১ | ২৩০।৩৪ | বঙ্গেচ্ছায়া | ১।৩১ | ১৮ |
| ১৩৭ | ৬৯৩ | ৮০।৪৬ | ১৭৮ | ২৩৩।৪৬ | ৫।১০ | ১।৩৭ | গ্রাসক্রমাৎ স্থিত্যর্দ্ধানি |
| ১৭০ | ৭২০ | ৮৯।১২ | ১৯৪ | ২৩৭।২৩ | তত্রাক্ষঃ | ১।৪২ | ২।১৪ |
| ২০৫ | ৭৪৪ | ১০২।৮ | ২০৮ | ২৪১।২১ | ৭৮৮।৩২ | ১।৪৬ | ২।১৬ |
| ২৪২ | ৭৬৩ | ১২০।০ | ২১৯ | ২৪৫।২৭ | কাশ্যাং ছায়া | ১।৫০ | ২।১৮ |
| ২৮০ | ৭৭৯ | ১৪৭।২০ | ২২৮ | ২৫০।১১ | ৫।৪৫ | ১।৫৪ | ২।২০ |
| ৩১৯ | ৭৯১ | | ২৩৫ | ২৫৪।৫৬ | তত্রাক্ষঃ | | ২।২১ |
| ৩৫৯ | ৭৯৭ | | ২৩৯ | ২৫৯।৫২ | ৮২৭।১ | | ২।২২ |
| ৪০০ | ৮০০ | | ২৪০ | ২৬৪।৫৪ | | | |
| ১৫ | ৩০ | ১১ | ১৫ | ১৪ | | ১২ | ২৪ |

গ্রাসদণ্ডস্য প্রথমাঙ্কসংখ্যয়া খণ্ডগ্রহণং অনুখণ্ডগ্রহণঞ্চ তদন্তরেণ ভোগ্যেন গ্রাসদণ্ডস্ত শেষপলাদিকং হতং ষষ্ট্যাপ্তং পলং খণ্ডে যুক্তং তদা স্থিত্যর্দ্ধদণ্ডাদিকং ভবতি ।

| |
|---|
| ২।২৩ |
| ২।২৪ |
| ২।২৫ |
| ২।২৬ |
| ২।২৭ |
| ২।২৮ |
| ২।২৮ |
| ২।২৮ |
| ৩২ |

ইতিস্থিত্যর্দ্ধখণ্ডানি।

| অথ গ্রাসাৎ রবি পল ভোগ্যং | | চন্দ্রপল-ভোগ্যং | |
|---|---|---|---|
| | ৪ | | ১৮ |
| | ৪ | | ১৮ |
| ১ | ৪ | ৬ | ১৮ |
| ১ | ৪ | ৮ | ১৯ |
| ১ | ৪ | ১০ | ১৯ |
| ১ | ৪ | ১১ | ১৯ |
| ২ | ৪ | ১২ | ১৯ |
| ২ | ৫ | ১৩ | ১৯ |
| ২ | ৫ | ১৪ | ১৯ |
| ২ | ৫ | ১৫ | ১৯ |
| ২ | ৫ | ১৫ | ১৯ |
| ৩ | ৫ | ১৬ | ১৮ |
| ৩ | ৫ | ১৬ | ১৮ |
| ৩ | ৫ | ১৭ | ১৮ |
| ৪ | ৫ | ১৭ | ১৭ |
| ৪ | ৬ | ১৭ | ১৭ |
| ৪ | ৬ | ১৭ | ১৭ |
| ১৫ | ৩২ | ১৫ | ৩২ |

## ভাস্বতীমতে গ্রহণ গণনা।

নত্বা মুরারেশ্চরণারবিন্দং শ্রীমান্ শতানন্দ ইতি দ্বিজেন্দ্রঃ।
তাং ভাস্বতীং শিষ্যহিতার্থমাহ শাকে বিহীনে শশিপক্ষখৈকৈঃ।

শ্রীশ্রীকৃষ্ণের পাদপদ্মে প্রণাম করিয়া শিষ্যদিগের হিতজন্য আমি ব্রাহ্মণ কুলোদ্ভব শতানন্দ নামক দ্বিজ এই ভাস্বতী নামক গ্রন্থ ১০২১ একহাজার একুশ শকে প্রচার করিতেছি।

অথ প্রবক্ষ্যে মিহিরোপদেশাৎ তৎ সূর্য্যসিদ্ধান্তসমং সমাসাৎ॥

এক্ষণে আমি বরাহ মিহির কৃত গ্রন্থের মর্ম্মানুসারে সূর্য্যসিদ্ধান্তের তুল্য রূপে এই পুস্তকে গ্রহস্ফুট ও গ্রহণ গণনা প্রকাশ করিব।

চন্দ্রাশ্বিশূন্যেন্দুবিহীনশাকঃ শাস্ত্রাব্দপিণ্ডো ভবতীহ শাস্ত্রে॥

শকাব্দাঙ্ক হইতে এক হাজার একুশ বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে তাহার নাম শাস্ত্রাব্দপিণ্ড।

শাস্ত্রাব্দপিণ্ডঃ স্বরশূন্যদিগ্ঘ্ন স্তানাগ্নিযুক্তোহষ্টশতৈর্ব্বিভক্তঃ।
লব্ধং নগৈঃ শেষিতমঙ্গযুক্তং সূর্য্যাদিসম্বৎসরপালকঃ স্যাৎ॥

ঐ শাস্ত্রাব্দ পিণ্ডকে ১০০৭ একহাজার সাত দিয়া পূরণ করিয়া, ঐ গুণ্-ফলের সহিত ৩৪৯ তিন শত ঊনপঞ্চাশ যোগ করিবে। পরে ঐ যোগজ অঙ্ককে ৮০০ আটশত দ্বারা ভাগ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা এক স্থানে স্থাপিত করিয়া রাখিবে। পরে লব্ধাঙ্ককে ৭ সাত দ্বারা ভাগ করিয়া ভাগাবশিষ্ট অঙ্কে ছয় যোগ করিবে, যদি ঐ যুক্তাঙ্ক সাতের অধিক হয়, তাহা হইলে সাত বাদ দিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহার নাম সংবৎসর পালক অর্থাৎ সেই অবশিষ্ট অঙ্কে রবিবারাবধি গণনায় যে বার হইবে, সেই বৎসরের বৈশাখ মাসের প্রথম দিনেরসেই বার।

শেষং হরেঃ প্রোহ্য পৃথগ্গজাশালব্ধং রবেরৌদয়িকধ্রুবঃ স্যাৎ॥

পূর্ব্বস্থাপিত অঙ্ক ৮০০ আটশত হইতে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে দুই স্থানে সংস্থাপন করিবে। পরে ঐ স্থাপিতাঙ্কের একটিকে ১০৮ এক শত আট দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম রবির ঔদয়িক ধ্রুব।

অপর স্থানে স্থাপিত অঙ্কের নাম শুদ্ধি। এই শুদ্ধি চন্দ্র ধ্রুব সাধনে প্রয়োজন হইয়া থাকে। *

সহস্রনিঘ্নঃ খবিধুনিতোহধঃ খসিদ্ধভাগোনভচক্রশেষঃ।
খপঞ্চসংযুক্তদশঘ্নশুদ্ধেশ্চন্দ্রাষ্টভাগাভ্যধিকঃ শশাঙ্কঃ॥

অব্দপিণ্ডকে ১০০০ এক হাজার দিয়া পূরণ করিলে যে অঙ্ক হইবে, তাহা হইতে ১০ দশ বিয়োগ করিয়া অবশিষ্ট অঙ্ক দুই স্থানে রাখিবে। পরে তাহার এক স্থানের অঙ্ককে ২৪০ দুই শত চল্লিশ দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহা অপর স্থানের অঙ্কে হীন করিয়া, যে অঙ্ক-শেষ থাকিবে, তাহাকে ২৭০০ দুই হাজার সাত শত দ্বারা ভাগ দিয়া, ভাগ শেষ, এক স্থানে স্থাপিত করিবে।

পরে পূর্ব্বোক্ত শুদ্ধি নামক অঙ্কে ৫০ পঞ্চাশ যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহাকে ১০ দশ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৮১ একাশি দ্বারা ভাগ দিবে। পরে ঐ ভাগফল পূর্ব্বোক্ত ২৭০০ সাতাইশ শতের ভাগাবশিষ্ট স্থাপিতাঙ্কের সহিত যোগ করিলে, যাহা লব্ধ হইবে, তাহার নাম মধ্যচন্দ্র ধ্রুব।

* পৃথক্ স্থিতং যৎ শশিনো ধ্রুবার্থং
শুদ্ধাঙ্ক সংজ্ঞং ভবতীহ শাস্ত্রে।

রুদ্রাহতো বেদযুতস্ত্রিবেদশেষশ্চতুঃষষ্টি গুণো রদাঢ্যঃ।
পৃথক্ খখাগাপ্তযুগিন্দুকেন্দ্রং শুদ্ধ্যষ্টভাগাব্দনখাংশযুক্তং॥

অব্দপিণ্ডকে ১১ এগার দ্বারা গুণ করিয়া, তাহাতে ৪ চারি যোগ করিবে। পরে ঐ যোগজ অঙ্ককে ৪৩ তেতাল্লিশ দিয়া ভাগ দিলে, যাহা শেষ থাকিবে, তাহাকে ৬৪ চৌষট্টি দ্বারা পূরণ করিলে যে অঙ্ক হইবে, তাহাতে ৩২ বত্রিশ যোগ করিয়া, ঐ যুক্তাঙ্ক দুই স্থানে রাখিবে। পরে তাহার এক স্থানের অঙ্ককে ৭০০ সাত শত দিয়া ভাগ দিবে। ভাগ ফল অন্য স্থানের স্থাপিত অঙ্কের সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার সহিত পূর্ব্বোক্ত শুদ্ধি অঙ্কের আট ভাগের এক ভাগ, এবং অব্দপিণ্ডের কুড়ি ভাগের এক ভাগ যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম চন্দ্রকেন্দ্র।

কেন্দ্রাত্তবগ্নাদিষুনেত্রচন্দ্রৈর্লব্ধোনিতো মধ্যবিধুধ্রুবঃ স্যাৎ॥

চন্দ্রকেন্দ্রকে ১১ এগার দ্বারা পূরণ করিয়া, তাহাকে ১২৫ এক শত পঁচিশ দ্বারা ভাগ দিলে, যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্বোক্ত সাধিত মধ্যচন্দ্রধ্রুব হইতে হীন করিলে, যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহার নাম শ্রীচন্দ্রধ্রুব।

পাতঃ শরঘ্নো নগনেত্রযুক্তস্ত্রিনন্দশেষো গগণাঙ্গনিঘ্নঃ।
দ্বিরিন্দুরামাপ্তখরামহীনঃ সাংশোঽব্দবৃন্দাৎ পুনরঙ্গচন্দ্রৈঃ॥

অব্দপিণ্ডকে ৫ পাঁচ দিয়া পূরণ করিলে, যে অঙ্ক হইবে, তাহাতে ২৭ সাতাইস যোগ করিয়া ৯৩ তিরানব্বই দ্বারা ভাগ দিবে। † পরে ভাগাবশিষ্ট অঙ্ককে ৬০ ষাইট দ্বারা গুণ করিয়া ঐ গুণিতাঙ্ক দুই স্থানে স্থাপন করিবে। পরে উহার একটিকে ৩১ একত্রিশ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহার সহিত ৩০ ত্রিশ যোগ করিয়া, ঐ যুক্তাঙ্ক অপরটির সহিত বিয়োগ করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ক একস্থানে স্থাপন করিয়া রাখিবে। পরে অব্দপিণ্ডকে ১৬ যোল দ্বারা ভাগ দিয়া, যাহা লব্ধ হইবে, তাহার সহিত ঐ স্থাপিত অঙ্ক যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম রাহুধ্রুব।

দেশান্তরং দৃগ্গুণিতাৎ প্রসাধ্য মিতীহকল্লান্তসমো ধ্রুবঃ স্যাৎ।
অথোড্রদেশান্তরযোজনানি রব্যাদিভুক্ত্যা গুণিতানি কৃত্বা।
খখাষ্টবেদৈঃ পরিহৃত্য লব্ধং হীনং ধনং প্রাক্ পরয়োর্ক্বাদৌ।
রবেঃ স্মরাঃখং নবতিঃ খমিন্দোঃ কেন্দ্রে শতংভূতমসঃ খসিদ্ধৌ॥

উড্রদেশ হইতে যে দেশ যত যোজন অন্তর হইবে, সেই যোজনকে গ্রহদিগের স্বীয় স্বীয় ভুক্তি দ্বারা পূরণ করিয়া ৪৮০০ চারি হাজার আট শত দ্বারা ভাগ করিলে দেশান্তর হইবে। যেমন উড্রদেশ হইতে আমাদের দেশ (কলিকাতা) ৩৬ যোজন অন্তর। ইহাকে গ্রহদিগের স্বীয় ভুক্তি অর্থাৎ রবির ৭।০ চন্দ্রের ৯০।০ চন্দ্রকেন্দ্রের ১০০।১ রাহুর ০।২৪ দিয়া পূরণ করিয়া ৪৮০০ চারি হাজার আট শত দিয়া ভাগ করিলে দেশান্তর অংশাদি হইবে।

যথা রবির ০।৩।৯ শ্রীচন্দ্রের ০।৪০।৩০ চন্দ্রকেন্দ্রের ০।৪৫ রাহুর ধ্রুবে দেশান্তর সংস্কার করিতে হইবে না। এই দেশান্তর সংস্কার করিলে শুদ্ধধ্রুব হইবে।

---

* ত্রিবেদশেষে যদিশূন্যতা স্যাত্তদা খখাগৈরদমেব ভক্ষেৎ। লব্ধঞ্চ দত্ত্বা রদমেব কেন্দ্রং শুদ্ধ্যষ্টভাগাব্দনখাংশ যুক্তম্॥
৪৩ দ্বারা ভাগ করিলে যদি শূন্য অবশিষ্ট হয়, তাহা হইলে ৩২ কে ৭০০ দ্বারা ভাগ করিয়া তাহাতে যোগ করিবে।

† ত্রিনন্দশেষে যদিশূন্যতা স্যাৎ খরামহীনঃ খখবেদবাণঃ। ধার্য্যস্তদা চন্দ্রমসঃ সপাতঃ সাংশোঽব্দবৃন্দাৎ পুনরঙ্গচন্দ্রৈঃ॥
৯৩ দ্বারা ভাগ করিয়া যদি ভাগশেষ শূন্য থাকে, তাহা হইলে ৫৪০০ হইতে ৩০ হীন করিবে।

উত্তরভাস্বতী

# ইতি তারাধ্রুবাধিকারঃ।

## খণ্ডামতে পালক ও শেষাঙ্ক আনয়ন।

ইহাতে চারিটী মাত্র কোষ্ঠা লিখিত হইল। ইহার প্রথম কোষ্ঠা এককের, দ্বিতীয় কোষ্ঠা দশকের, তৃতীয় কোষ্ঠা শতকের, চতুর্থ কোষ্ঠা সহস্রের, অব্দপিণ্ডের এককাদি সংখ্যার খণ্ডা গ্রহণ করিয়া একত্র যোগ করিবে। তাহার সহিত ৬।৩৪৯ এই ক্ষেপাঙ্ক যোগ করিলে, প্রথমটী পালক, পরেরটী শেষাঙ্ক হইবে। ঐ পালক যদ্যপি সাতের অধিক হয়, তাহা হইলে সাত বাদ দিতে হইবে। শেষাঙ্কও ৮০০ আট শতের অধিক হইলে আটশত বাদ দিতে হইবে। তাহা হইলে পালকও শেষাঙ্ক হইবে। শেষাঙ্ককে ৮০০ আট শত হইতে বিয়োগ করিলেও শুদ্ধি হয়।

অথ পালক ও শেষাঙ্ক আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ১।২০৭ | ৫।৪৭০ | ৬।৭০০ | ৫।৬০০ |
| ২।৪১৪ | ৪।১৪০ | ৬।৬০০ | ৪।৪০০ |
| ৩।৬২১ | ২।৬১০ | ৬।৫০০ | ৩।২০০ |
| ৫।২৮ | ১।২৮০ | ৬।৪০০ | ২।০ |
| ৬।২৩৫ | ৬।৭৫০ | ৬।৩০০ | ৭।৬০০ |
| ৭।৪৪২ | ৫।৪২০ | ৬।২০০ | ৬।৪০০ |
| ২।৬৪৯ | ৪।৯০ | ৬।১০০ | ৫।২০০ |
| ৩।৫৬ | ২।৫৬০ | ৬।০ | ৪।০ |
| ৪।২৬৩ | ১।২৩০ | ৫।৭০০ | ২।৬০০ |
| ৯ | ৯০ | ৯০০ | ৯০০০ |

## খণ্ডামতে শুদ্ধি আনয়ন।

ইহাতে চারিটী কোষ্ঠা লিখিত হইল। প্রথম কোষ্ঠা এককের, দ্বিতীয় কোষ্ঠা দশকের ইত্যাদি। অব্দপিণ্ডের এককাদি সংখ্যার খণ্ডা গ্রহণ করিয়া ৪৫১ চারিশত একান্ন এই ক্ষেপাঙ্ক যোগ করিতে হইবে। তাহা হইলেই শুদ্ধি হইবে। ঐ যুক্তাঙ্ক যদ্যপি ৮০০ আট শতের অধিক হয়, তাহা হইলে আটশত বাদ দিতে হইবে।

শুদ্ধি আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ৫৯৩ | ৩৩০ | ১০০ | ২০০ |
| ৩৮৬ | ৬৬০ | ২০০ | ৪০০ |
| ১৭৯ | ১৯০ | ৩০০ | ৬০০ |
| ৭৭২ | ৫২০ | ৪০০ | ৮০০ |
| ৫৬৫ | ৫০ | ৫০০ | ২০০ |
| ৩৫৮ | ৩৮০ | ৬০০ | ৪০০ |
| ১৫১ | ৭১০ | ৭০০ | ৬০০ |
| ৭৪৪ | ২৪০ | ৮০০ | ৮০০ |
| ৫৩৭ | ৫৭০ | ১০০ | ২০০ |
| ৯ | ৯০ | ৯০০ | ৯০০০ |

## খণ্ডামতে রবির ধ্রুব আনয়ন।

ইহাতে তিনটী মাত্র কোষ্ঠা লিখিত হইল। ইহার প্রথম কোষ্ঠা এককের, তৎপরে দশকের ইত্যাদি। শুদ্ধি অঙ্কের এককাদি ক্রমে এই খণ্ডা গ্রহণ করিয়া একত্র যোগ করিলে রবির ধ্রুব হইবে। কিন্তু এই ধ্রুব হইতে ৭।২৪।২৬।৪০ এই ভ্রমাঙ্ক যতবার বাদ যাইবে তাহা দিতে হইবে। তাহা হইলেই রবির ধ্রুব হইবে।

রবির ধ্রুব আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ০।০।৩৩।২০ | ০।৫।৩৩।২০ | ০।৫৫।৩৩।২০ | ভ্রম |
| ০।১।৬।৪০ | ০।১১।৬।৪০ | ১।৫১।৬।৪০ | ৭।২৪।২৬।৪০ |
| ০।১।৪০।০ | ০।১৬।৪০।০ | ২।৪৬।৪০।০ | ভ্রমাধিকে ভ্রম |
| ০।২।১৩।২০ | ০।২২।১৩।২০ | ৩।৪২।১৩।২০ | হীনঃ কার্য্যঃ |
| ০।২।৪৬।৪০ | ০।২৭।৪৬।৪০ | ৪।৩৭।৪৬।৪০ | |
| ০।৩।২০।০ | ০।৩৩।২০।০ | ৫।৩৩।২০।০ | |
| ০।৩।৫৩।২০ | ০।৩৮।৫৩।২০ | ৬।২৮।৫৩।২০ | |
| ০।৪।২৬।৪০ | ০।৪৪।২৬।৪০ | ৭।২৪।২৬।৪০ | |
| ০।৫।০।০ | ০।৫০।০।০ | ০।৫৫।৩৩।২০ | |
| ৯ | ৯০ | ৯০০ | |

মধ্যচন্দ্রের ধ্রুব আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ৯৯৫।৫০ | ১৮৫৮।২০ | ২৩৮৩।২০ | ২২৩৩।২০ |
| ১৯৯১।৪০ | ১০১৬।৪০ | ২০৬৬।৪০ | ১৭৬৬।৪০ |
| ২৮৭।৩০ | ১৭৫।০ | ১৭৫০।০ | ১৩০০।০ |
| ১২৮৩।২০ | ২০৩৩।২০ | ১৪৩৩।২০ | ৮৩৩।২০ |
| ২২৭৯।১০ | ১১৯১।৪০ | ১১১৬।৪০ | ৩৬৬।৪০ |
| ৫৭৫।০ | ৩৫০।০ | ৮০০।০ | ২৬০০।০ |
| ১৫৭০।৫০ | ২২০৮।২০ | ৪৮৩।২০ | ২১৩৩।২০ |
| ২৫৬৬।৪০ | ১৩৬৬।৪০ | ১৬৬।৪০ | ১৬৬৬।৪০ |
| ৮৬২।৩০ | ৫২৫।০ | ২৫৫০।০ | ১২০০।০ |
| ৯ | ৯০ | ৯০০ | ৯০০০ |

## খণ্ডামতে চন্দ্রের ধ্রুব আনয়ন।

ইহাতে চারিটী মাত্র কোষ্ঠা লিখিত হইল। ইহার প্রথম কোষ্ঠা এককের ইত্যাদি। অব্দপিণ্ডের এককাদি সংখ্যায় খণ্ডা গ্রহণানন্তর একত্র করিয়া ৩।৪৭।৮ বাদ দিবে। পরে শুদ্ধি অঙ্ক-সংখ্যায় নিম্নের খণ্ডা গ্রহণ করিয়া তাহার সহিত যোগ করিলে মধ্য চন্দ্রের ধ্রুব হইবে। ইহা ২৭০০ সাতাইশ শতের অধিক হইলে সাতাইশ শত বাদ দিতে হইবে।

শুদ্ধিসংখ্যায় এই খণ্ডা গ্রহণ করিয়া মধ্যচন্দ্রে যোগ করিতে হইবে।

| | | |
|---|---|---|
| ০।৭।২৪ | ১।১৪।৪ | ১১।২০।৪৪ |
| ০।১৪।৪৯ | ২।২৮।৯ | ২৪।৪১।২৯ |
| ০।২২।১৩ | ৩।৪২।১৩ | ৩৭।২।১৪ |
| ০।২৯।৩৮ | ৪।৫৬।১৮ | ৪৯।২২।৫৮ |
| ০।৩৭।২ | ৬।১০।২২ | ৬১।৪৩।৪৩ |
| ০।৪৪।২৭ | ৭।২৪।২৭ | ৭৪।৪।২৭ |
| ০।৫১।৫১ | ৮।৩৮।৩১ | ৮৬।২৫।১২ |
| ০।৫৯।১৬ | ৯।৫২।৩৬ | ৯৮।৪৫।৫৬ |
| ১।৬।৪০ | ১১।৬।৪০ | ১১১।৬।৪০ |
| ৯ | ৯০ | ৯০০ |

চন্দ্রকেন্দ্রের ধ্রুব আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ৭০৫।৩।২১ | ১৫৩৮।৫১।৩৯ | ১৬০৭।১৭।৯ | ২২৯৩।১২।০ |
| ১৪১০।৬।৪১ | ৩২১।২৭।২৬ | ৪৫৮।৩৮।২৪ | ১৮৩০।২৮।৭ |
| ২১১৫।১০।২ | ১৮৬০।৯।৫ | ২০৬৫।৫৫।৩৩ | ১৩৬৭।৪৫।১৪ |
| ৬৪।১৭।২৯ | ৬৪২।৫৪।৫২ | ৯১৭।১৬।৪৮ | ৯০৫।০।২১ |
| ৭৬৯।২০।৫০ | ২১৮১।৩৬।৩১ | ২৫২৪।৩৩।৫৭ | ৪৪২।১৬।২৭ |
| ১৪৭৪।২৪।১০ | ৯৬৪।২২।১৭ | ১৩৭৫।৫৫।১২ | ২৭৩৫।২৮।২৭ |
| ২১৭৯।২৭।৩১ | ২৫০৩।৩।৫৭ | ২২৭।১৬।২৭ | ২২৭২।৪৪।৩৮ |
| ১২৮।৩৪।৫৮ | ১২৮৫।৪৯।৪৩ | ১৮৩৪।৩৩।৩৬ | ১৮১০।০।৪১ |
| ৮৩৩।৩৮।১৯ | ৬৮।৩৫।২৯ | ৬৮৫।৫৪।৫১ | ১৩৪৭।১৬।৪৮ |
| ৯ | ৯০ | ৯০০ | ৯০০০ |

## চন্দ্রকেন্দ্রের ধ্রুব আনয়ন।

ইহাতে চারিটী মাত্র কোষ্ঠা লিখিত আছে। ইহার প্রথম কোষ্ঠা এককের ইত্যাদি। অব্দপিণ্ডের এককাদি ক্রমে খণ্ডা গ্রহণ করিয়া, ২৮৮।২৪।৪১ এই ক্ষেপাঙ্ক যোগ করিতে হইবে। পরে শুদ্ধি অঙ্ক সংখ্যায় নীচের লিখিত, খণ্ডা গ্রহণ করিয়া, ইহার সহিত যোগ করিলে, চন্দ্রকেন্দ্রের ধ্রুব হইবে। কিন্তু ইহাতে ২৭৫৫।৫৫।৫৩ যতবার বিয়োগ করিতে পারাযায়, তাহা করিতে হইবে।

শুদ্ধিসংখ্যায় এই খণ্ডা গ্রহণ করিয়া চন্দ্রকেন্দ্রে যোগ করিবে।

| | | |
|---|---|---|
| ০।৭।৩০ | ১।১৫।০ | ১২।৩০।০ |
| ০।১৫।০ | ২।৩০।০ | ২৫।০।০ |
| ০।২২।৩০ | ৩।৪৫।০ | ৩৭।৩০।০ |
| ০।৩০।০ | ৫।০।০ | ৫০।০।০ |
| ০।৩৭।৩০ | ৬।১৫।০ | ৬২।৩০।০ |
| ০।৪৫।০ | ৭।৩০।০ | ৭৫।০।০ |
| ০।৫২।৩০ | ৮।৪৫।০ | ৮৭।৩০।০ |
| ১।০।০ | ১০।০।০ | ১০০।০।০ |
| ১।৭।৩০ | ১১।১৫।০ | ১১২।৩০।০ |
| ৯ | ৯০ | ৯০০ |

## খণ্ডামতে শ্রীচন্দ্র আনয়ন।

পূর্ব্বে যাহা মধ্যচন্দ্রস্থির হইয়াছে, তাহা এক স্থানে পৃথক করিয়া রাখিবে। পরে কেন্দ্র সংখ্যায় এই খণ্ড গ্রহণ করিয়া একত্র যোগ করিবে। ঐ যোগজ অঙ্ক যত হইবে, তাহা মধ্যচন্দ্রে বিয়োগ করিতে হইবে। যদ্যপি বিয়োগ না হয়, তাহা হইলে মধ্যচন্দ্রে ২৭০০ সাতাইশ শত যোগ করিতে হইবে।

শ্রীচন্দ্র আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ০।৫।১৭ | ০।৫২।৪৮ | ৮।৪৮।০ | ৮৮।০ |
| ০।১০।৩৪ | ১।৪৫।৩৬ | ১৭।৩৬।০ | ১৭৬।০ |
| ০।১৫।৫০ | ২।৩৮।২৪ | ২৬।২৪।০ | |
| ০।২১।৭ | ৩।৩১।১২ | ৩৫।১২।০ | |
| ০।২৬।২৪ | ৪।২৪।০ | ৪৪।০।০ | |
| ০।৩১।৪১ | ৫।১৬।৪৮ | ৫২।৪৮।০ | |
| ০।৩৬।৫৮ | ৬।৯।৩৬ | ৬১।৩৬।০ | |
| ০।৪২।১৪ | ৭।২।২৪ | ৭০।২৪।০ | |
| ০।৪৭।৩১ | ৭।৫৫।১২ | ৭৯।১২।০ | |
| ৯ | ৯০ | ৯০০ | ২০০০ |

## খণ্ডামতে রাহুর ধ্রুব আনয়ন।

অব্দপিণ্ডের এককাদি সংখ্যায় এই খণ্ডা গ্রহণ করিয়া একত্র যোগ করিবে। তাহার সহিত ১৫৩৭।৪৪।২৯ এই ক্ষেপাঙ্ক যোগ করিতে হইবে। ইহা যদ্যপি ২৭০০ সাতাইশ শতের অধিক হয়, তাহা হইলে বাদ দিতে হইবে। অবশিষ্ট অঙ্ক রাহুর ধ্রুব হইবে।

রাহুর ধ্রুব আনিবার খণ্ডা।

| | | | |
|---|---|---|---|
| ২৯০।২৩।ও | ২০৩।৫১।৩ | ২০।৩৮।৩০।২৯ | ১৪৮৫।৪।৫০ |
| ৫৮০।৪৬।১৬ | ৪০৭।৪২।৬ | ১৩৭৭।০।৫৮ | ২৭০।৯।৪০ |
| ৮৭১।৯।১৯ | ৬১১।৩৩।৯ | ৭১৫।৩১।২৭ | ১৭৫৫।১৪।৩০ |
| ১১৬১।৩২।২৫ | ৮১৫।২৪।১২ | ৫৪।১।৫৬ | ৫৪০।১৯।২০ |
| ১৪৫১।৫৫।৩১ | ১০১৯।১৫।১৫ | ২০৯২।৩২।২৫ | ১০২৫।২৪।১০ |
| ১৭৪২।১৮।৩৮ | ১২২৩।৬।১৭ | ১৪৩১।২।৫৪ | ৮১০।২৯।০ |
| ২০৩২।৪১।৪৪ | ১৪২৬।৫৭।২০ | ৭৬৯।৩৩।২৩ | ২২৯৫।৩৩।৫০ |
| ২৩২৩।৪।৫০ | ১৬৩০।৪৮।২৩ | ১০৮।৩।৫২ | ১০৮০।৩৮।৪০ |
| ২৬১৩।২৭।৫৭ | ২৮৩৪।৩৯।২৬ | ২১৪৬।৩৪।২১ | ২৫৬৫।৪৩।৩০ |
| ৯ | ৯০ | ৯০০ | ৯০০০ |

দিনবৃন্দানয়ন।

ত্রিংশদ্‌গুণামেষমুখার্কমাসা দিনৈঃ সমেতাঋতুবাসরাঢ্যাঃ।
দ্যুবৃন্দমেতন্নগভক্তশেষে বারা ভবন্ত্যব্দমুখদ্যুনাথাৎ॥

যে মাসের যে দিবসে গ্রহণ গণিতে হইবে, সেই দিবসের দিনবৃন্দ গণনা করিতে হইলে বৈশাখ অবধি যত মাস গত হইবে, তাহাকে ৩০ ত্রিশ দিয়া পূরণ করিয়া বর্ত্তমান মাসের যত দিবস হইয়াছে, তাহা যোগ করিতে হইবে। পরে তাহার সহিত সেই মাসের ঋতুবাসর যোগ করিলে দিনবৃন্দ হইবে।

ঐ দিন বৃন্দের সহিত পালকাঙ্ক যোগ করিয়া ৭ সাত দিয়া ভাগ দিলে সেই দিবসের বার হইবে। ঐ শেষ অঙ্ক দ্বারা (রবিবার অবধি) বার গণনা করিতে হইবে। অর্থাৎ ১ থাকিলে রবিবার ২ দুই থাকিলে সোমবার ইত্যাদি।

ঋতুবাসরাঙ্ক যথা।

চন্দ্রাশ্বিবহ্নিযুগভূতরসাশ্বতর্কাঃ ষড়্‌বাণ বেদবিষয়াশ্চ যথাক্রমেণ॥

| | | |
|---|---|---|
| বৈশাখের ১ | জৈষ্ঠের ২ | আষাঢ়ের ৩ |
| শ্রাবণের ৪ | ভাদ্রের ৫ | আশ্বিনের ৬ |
| কার্ত্তিকের ৭ | অগ্রহায়ণের ৬ | পৌষের ৬ |
| মাঘের ৫ | ফাল্‌গুনের ৪ | চৈত্রের ৫ |

সূর্য্যো স্মরঘ্নাস্তিথয়ঃ প্রদেয়াঃ পৃথক্‌ শতস্নাঃ ক্রমশশ্চ খণ্ডাঃ।
শেষাচ্চ ভুক্তোনিতভোগ্যনিঘ্নাচ্ছতাপ্তযুক্তাভ্যধিকঃস্ফুটঃ স্যাৎ।

দিনবৃন্দকে সাত দিয়া পূরণ করিয়া, পূর্ব্ব সাধিত দেশান্তর শুদ্ধ রবিধ্রুবে যোগ করিলে, যাহা হইবে, তাহাকে দুই স্থানে রাখিয়া, এক স্থানের অঙ্ককে ১০০ এক শত দ্বারা এক বার মাত্র ভাগ দিলে লব্ধ ও অবশিষ্ট অঙ্ক যত হইবে, তাহার লব্ধাঙ্কের সংখ্যায় পশ্চাল্লিখিত রবির স্ফুটখণ্ডা ও অনুখণ্ডা পরস্পর অন্তর করিলে যে ভোগ্যাঙ্ক হইবে, তাহার দ্বারা ঐ শত হৃতশেষাঙ্ককে পূরণ করিবে। পরে পূরিতাঙ্ক সমূহকে ১০০ এক শত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা খণ্ডার সহিত যোগ করিয়া পূর্ব্বস্থাপিত সপ্তপূরিত দিনবৃন্দযুক্ত রবির ধ্রুবের সহিত সংযোগ করিলে রবির স্ফুট হইবে।

ভাস্বতীমতে রবির স্ফুটখণ্ডা।

| খণ্ডা | ভোগ্য | খণ্ডা | ভোগ্য |
|---|---|---|---|
| ৪।২৪ | ৩।৩৭ | ৪৮।১২ | ৭।৪৮ |
| ৮।১ | ২।৪৮ | ৫৬।০ | ৮।৩২ |
| ১০।৪৯ | ২।১২ | ৬৪।৩২ | ৯।৬ |
| ১৩।১ | ১।৪৮ | ৭৩।৩৮ | ৯।২৭ |
| ১৪।৪৯ | ১।৪৩ | ৮৩।৫ | ৯।৩৩ |
| ১৬।৩২ | ১।৪৪ | ৯২।৩৮ | ৯।২৩ |
| ১৮।১৬ | ১।৫৮ | ১০২।১ | ৯।৫ |
| ২০।১৪ | ২।৩৫ | ১১১।৬ | ৮।৩২ |
| ২২।৪৯ | ৩।১৪ | ১১৯।৩৮ | ৭।৪২ |
| ২৬।৩ | ৪।১৩ | ১২৭।২০ | ৬।৫৫ |
| ৩০।১৬ | ৪।৫৮ | ১৩৪।১৫ | ৫।৫৭ |
| ৩৫।১৪ | ৬।২ | ১৪০।১২ | ৪।৪৮ |
| ৪১।১৬ | ৬।৫৬ | ১৪৫।০ | |
| ১৩ | | ২৬ | |

খনন্দনিঘ্নাস্তিথয়ঃ শশাঙ্কে কেন্দ্রে শতঘ্নাস্তিথয়ঃ প্রদেয়াঃ।
কেন্দ্রলমাঃ ষট্‌শরসপ্তদস্রাঃ শোধ্যা বিধোশ্চাগশরাব্ধিদস্রাঃ।
ইন্দুদ্যুবৃন্দাৎ সহিতঃ খসিদ্ধৈশ্চরার্দ্ধভাগোনযুতঃ সমার্দ্ধাৎ।
পুনর্দ্যুবৃন্দাৎ গগণেন্দুলব্ধং শীতাংশুকেন্দ্রেষু যুতং প্রকুর্য্যাৎ।
তৎ প্রত্যহং স্যুঃ শতশশ্চ খণ্ডা ভোগ্যোত্তবাংশাপ্তধনং স্ফুটঃ স্যাৎ॥

দেশান্তর শুদ্ধ শ্রীচন্দ্রধ্রুব ও চন্দ্রকেন্দ্রের ধ্রুব পৃথক্‌ পৃথক্‌ করিয়া দুই স্থানে রাখিবে। পরে দিনবৃন্দকে নব্বই দ্বারা পূরণ করিয়া শ্রীচন্দ্রধ্রুবে যোগ করিবে। এবং দিনবৃন্দকে ১০০ এক শত দিয়া পূরণ করিয়া চন্দ্রকেন্দ্রের

ধ্রুবে যোগ করিবে। ঐরূপ যোগ করিলে চন্দ্রকেন্দ্রের ধ্রুবের সংখ্যা যত অঙ্ক হইবে, তাহাকে ২৭৫৬ সাতাইশ শত ছাপ্পান্ন দ্বারা ভাগ দিলে যত শেষ থাকিবে, তাহা এক স্থানে রাখিবে, এবং যত লব্ধ হইবে, তাহাকে ২৪৫৭ চব্বিশ শত সাতান্ন দিয়া পূরণ করিয়া শ্রীচন্দ্রধ্রুব হইতে হীন করিবে। অবশিষ্ট যাহা থাকিবে, তাহা এক স্থানে পৃথক্ করিয়া রাখিবে।

পরে দিনবৃন্দকে ২৪০ দুই শত চল্লিশ দিয়া ভাগ দিলে যে অঙ্ক লব্ধ হইবে, তাহা উক্ত অবশিষ্ট শ্রীচন্দ্রধ্রুবে যোগ করিবে। পরে যদি বৈশাখাদি ছয় মাসের মধ্যে চন্দ্রস্ফুট সাধিবার আবশ্যক হয়, তবে চরার্দ্ধ অংশাদি হীন করিবে, এবং যদি কার্ত্তিকাদি ছয় মাসের মধ্যে হয়, তবে চরার্দ্ধ অংশাদি যোগ করিতে হইবে, চরার্দ্ধখণ্ডা লিখিত হইতেছে।

চরার্দ্ধ ভ গাবিষুবাদি মাসৈঃ খচন্দ্রনেত্রদ্বয় চন্দ্রখাংশাঃ।

## চন্দ্রস্ফুট আনিবার জন্য চরার্দ্ধ খণ্ডা, ইহা বৈশাখাদি ছয় মাসে যোগ ও কার্ত্তিকাদি ছয় মাসে হীন করিতে হইবে।

| সূর্য্যাংশ | বৈশাখ | জ্যৈষ্ঠ | আষাঢ় | শ্রাবণ | ভাদ্র | আশ্বিন | কার্ত্তিক | অগ্রহায়ণ | পৌষ | মাঘ | ফাল্গুন | চৈত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০।০ | ১।০ | ২।০ | ২।৫৬ | ১।৫৮ | ০।৫৮ | ০।০ | ১।০ | ২।০ | ২।৫৬ | ১।৫৮ | ০।৫৮ |
| ২ | ০।২ | ১।২ | ২।২ | ২।৫৪ | ১।৫৬ | ০।৫৬ | ০।২ | ১।২ | ২।২ | ২।৫৪ | ১।৫৬ | ০।৫৬ |
| ৩ | ০।৪ | ১।৪ | ২।৪ | ২।৫২ | ১।৫৪ | ০।৫৪ | ০।৪ | ১।৪ | ২।৪ | ২।৫২ | ১।৫৪ | ০।৫৪ |
| ৪ | ০।৬ | ১।৬ | ২।৬ | ২।৫০ | ১।৫২ | ০।৫২ | ০।৬ | ১।৬ | ২।৬ | ২।৫০ | ১।৫২ | ০।৫২ |
| ৫ | ০।৮ | ১।৮ | ২।৮ | ২।৪৮ | ১।৫০ | ০।৫০ | ০।৮ | ১।৮ | ২।৮ | ২।৪৮ | ১।৫০ | ০।৫০ |
| ৬ | ০।১০ | ১।১০ | ২।১০ | ২।৪৬ | ১।৪৮ | ০।৪৮ | ০।১০ | ১।১০ | ২।১০ | ২।৪৬ | ১।৪৮ | ০।৪৮ |
| ৭ | ০।১২ | ১।১২ | ২।১২ | ২।৪৪ | ১।৪৬ | ০।৪৬ | ০।১২ | ১।১২ | ২।১২ | ২।৪৪ | ১।৪৬ | ০।৪৬ |
| ৮ | ০।১৪ | ১।১৪ | ২।১৪ | ২।৪২ | ১।৪৪ | ০।৪৪ | ০।১৪ | ১।১৪ | ২।১৪ | ২।৪২ | ১।৪৪ | ০।৪৪ |
| ৯ | ০।১৬ | ১।১৬ | ২।১৬ | ২।৪০ | ১।৪২ | ০।৪২ | ০।১৬ | ১।১৬ | ২।১৬ | ২।৪৮ | ১।৪২ | ০।৪২ |
| ১০ | ০।১৮ | ১।১৮ | ২।১৮ | ২।৩৮ | ১।৪০ | ০।৪০ | ০।১৮ | ১।১৮ | ২।১৮ | ২।৩৮ | ১।৪০ | ০।৪০ |
| ১১ | ০।২০ | ১।২০ | ২।২০ | ২।৩৬ | ১।৩৮ | ০।৩৮ | ০।২০ | ১।২০ | ২।২০ | ২।৩৬ | ১।৩৮ | ০।৩৮ |
| ১২ | ০।২২ | ১।২২ | ২।২২ | ২।৩৪ | ১।৩৬ | ০।৩৬ | ০।২২ | ১।২২ | ২।২২ | ২।৩৪ | ১।৩৬ | ০।৩৬ |
| ১৩ | ০।২৪ | ১।২৪ | ২।২৪ | ২।৩২ | ১।৩৪ | ০।৩৪ | ০।২৪ | ১।২৪ | ২।২৪ | ২।৩২ | ১।৩৪ | ০।৩৪ |
| ১৪ | ০।২৬ | ১।২৬ | ২।২৬ | ২।৩০ | ১।৩২ | ০।৩২ | ০।২৬ | ১।২৬ | ২।২৬ | ২।৩০ | ১।৩২ | ০।৩২ |
| ১৫ | ০।২৮ | ১।২৮ | ২।২৮ | ২।২৮ | ১।৩০ | ০।৩০ | ০।২৮ | ১।২৮ | ২।২৮ | ২।২৮ | ১।৩০ | ০।৩০ |
| ১৬ | ০।৩০ | ১।৩০ | ২।৩০ | ২।২৬ | ১।২৮ | ০।২৮ | ০।৩০ | ১।৩০ | ২।৩০ | ২।২৬ | ১।২৮ | ০।২৮ |
| ১৭ | ০।৩২ | ১।৩২ | ২।৩২ | ২।২৪ | ১।২৬ | ০।২৬ | ০।৩২ | ১।৩২ | ২।৩২ | ২।২৪ | ১।২৬ | ০।২৬ |
| ১৮ | ০।৩৪ | ১।৩৪ | ২।৩৪ | ২।২২ | ১।২৪ | ০।২৪ | ০।৩৪ | ১।৩৪ | ২।৩৪ | ২।২২ | ১।২৪ | ০।২৪ |
| ১৯ | ০।৩৬ | ১।৩৬ | ২।৩৬ | ২।২০ | ১।২২ | ০।২২ | ০।৩৬ | ১।৩৬ | ২।৩৬ | ২।২০ | ১।২২ | ০।২২ |
| ২০ | ০।৩৮ | ১।৩৮ | ২।৩৮ | ২।১৮ | ১।২০ | ০।২০ | ০।৩৮ | ১।৩৮ | ২।৩৮ | ২।১৮ | ১।২০ | ০।২০ |
| ২১ | ০।৪০ | ১।৪০ | ২।৪০ | ২।১৬ | ১।১৮ | ০।১৮ | ০।৪০ | ১।৪০ | ২।৪০ | ২।১৬ | ১।১৮ | ০।১৮ |
| ২২ | ০।৪২ | ১।৪২ | ২।৪২ | ২।১৪ | ১।১৬ | ০।১৬ | ০।৪২ | ১।৪২ | ২।৪২ | ২।১৪ | ১।১৬ | ০।১৬ |
| ২৩ | ০।৪৪ | ১।৪৪ | ২।৪৪ | ২।১২ | ১।১৪ | ০।১৪ | ০।৪৪ | ১।৪৪ | ২।৪৪ | ২।১২ | ১।১৪ | ০।১৪ |
| ২৪ | ০।৪৬ | ১।৪৬ | ২।৪৬ | ২।১০ | ১।১২ | ০।১২ | ০।৪৬ | ১।৪৬ | ২।৪৬ | ২।১০ | ১।১২ | ০।১২ |
| ২৫ | ০।৪৮ | ১।৪৮ | ২।৪৮ | ২।৮ | ১।১০ | ০।১০ | ০।৪৮ | ১।৪৮ | ২।৪৮ | ২।৮ | ১।১০ | ০।১০ |
| ২৬ | ০।৫০ | ১।৫০ | ২।৫০ | ২।৬ | ১।৮ | ০।৮ | ০।৫০ | ১।৫০ | ২।৫০ | ২।৬ | ১।৮ | ০।৮ |
| ২৭ | ০।৫২ | ১।৫২ | ২।৫২ | ২।৪ | ১।৬ | ০।৬ | ০।৫২ | ১।৫২ | ২।৫২ | ২।৪ | ১।৬ | ০।৬ |
| ২৮ | ০।৫৪ | ১।৫৪ | ২।৫৪ | ২।২ | ১।৪ | ০।৪ | ০।৫৪ | ১।৫৪ | ২।৫৪ | ২।২ | ১।৪ | ০।৪ |
| ২৯ | ০।৫৬ | ১।৫৬ | ২।৫৬ | ২।০ | ১।২ | ০।২ | ০।৫৬ | ১।৫৬ | ২।৫৬ | ২।০ | ১।২ | ০।২ |
| ৩০ | ০।৫৮ | ১।৫৮ | ২।৫৮ | ২।০ | ১।০ | ০।০ | ০।৫৮ | ১।৫৮ | ২।৫৮ | ২।০ | ১।০ | ০।০ |

পুনর্ব্বার দিনবৃন্দকে ৫০ পঞ্চাশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা শুদ্ধ চন্দ্রকেন্দ্রধ্রুবে যোগ করিবে। পরে তাহাকে কলাদি না করিয়া, প্রথমোপস্থিত অঙ্কটীকে একবারমাত্র এক শত দিয়া ভাগ করিলে, যাহা লব্ধ হইবে, তাহা এবং শেষাঙ্ক অপর স্থানে রাখিবে। পরে ঐ লব্ধাঙ্ক সংখ্যায় পশ্চাল্লিখিত চন্দ্রের স্ফুটখণ্ডা ও তাহার পরখণ্ডা গ্রহণ করিয়া পরস্পর অন্তর করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম ভোগ্য। ঐ ভোগ্য দিয়া অপর স্থানের শেষাঙ্ককে পূরণ করিবে। পরে তাহাকে এক শত দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহাকেই খণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা চরার্দ্ধ সংস্কৃত শ্রীচন্দ্রধ্রুবে যোগ করিলে চন্দ্রস্ফুট হইবে। ঐ স্ফুট যদ্যপি সাতাইশ শতের অধিক হয়, তাহা হইলে ঐ স্ফুট হইতে সাতাইশ শত ত্যাগ করিতে হইবে।

| খণ্ডা | ভোগ্য | খণ্ডা | ভোগ্য |
|---|---|---|---|
| ০।২২ | ০।৪৪ | ১৪২।৩৫ | ১৬।৪৯ |
| ১।৬ | ১।৩২ | ১৫৯।২৪ | ১৫।৪৪ |
| ২।৩৮ | ২।৫৫ | ১৭৫।৮ | ১৪।২৫ |
| ৫।৩৩ | ৪।২৭ | ১৮৯।৩৩ | ১২।৫৪ |
| ১০।০ | ৬।১১ | ২০২।২৭ | ১০।০ |
| ১৬।১১ | ৮।০ | ২১২।২৭ | ১০।৬ |
| ২৪।১১ | ১০।৬ | ২২।৩৩ | ৭।১৫ |
| ৩৪।১৭ | ১১।৪৫ | ২২৯।৪৮ | ৫।২৮ |
| ৪৬।২ | ১৩।৩৫ | ২৩৫।১৬ | ৩।৩৬ |
| ৫৯।৩৭ | ১৫।১২ | ২৩৮।৫২ | ২।১৭ |
| ৭৪।৪৯ | ১৬।১২ | ২৪১।৯ | ১।১২ |
| ৯১।১ | ১৭।১ | ২৪২।২১ | |
| ১০৮।৩ | ১৭।১৮ | | |
| ১২৫।২১ | ১৭।১৪ | | |

## রবির গতি সাধন।

ভোগ্যাদ্রবেঃ সপ্তগুণাচ্ছতাপ্তমং।
সপ্তাধিকং স্যাৎ স্ফুটসূর্য্যভুক্তিঃ॥

পূর্ব্বে রবিস্ফুটসাধন সময়ে খণ্ডা ও অনুখণ্ডার অন্তরে যে ভোগ্যাঙ্ক লব্ধ হইয়াছে, তাহাকে ৭ সাত দ্বারা পূরণ করিয়া ১০০ এক শত দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক যাহা হইবে, তাহাতে ৭ সাত যোগ করিলেই রবির ভুক্তি হইবে।

## চন্দ্রের গতি সাধন।

কেন্দ্রস্য শেষাচ্ছতভক্তলব্ধং গতৈষ্যভোগ্যান্তরসংগুণঞ্চ।
এষ্যোঽধিকে স্বং বিযুতঞ্চ হীনে ভুক্তৌ মতা স্যাৎ স্ফুটভুক্তিরিন্দোঃ॥

চন্দ্রের স্ফুট সাধন সময়ে চন্দ্রকেন্দ্রের যে অঙ্ককে একবার মাত্র এক শত দ্বারা ভাগ করিয়া খণ্ডা গ্রহণ হইয়াছে, ঐ শতহৃত শেষাঙ্ককে পুনর্ব্বার এক শত দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহাকে, ঐ গৃহীত খণ্ডার পূর্ব্বভোগ্য ও পরভোগ্য পরস্পর অন্তর করিলে যে অঙ্ক হইবে, তাহা দ্বারা পূরণ করিবে। পরে পূরিতাঙ্ককে পশ্চাল্লিখিত চন্দ্রভুক্তিতে যোগ বা বিয়োগ (যদি পরভোগ্য অধিক হয়, তাহা হইলে যোগ ও যদি ন্যূন হয় তাহা হইলে বিয়োগ) করিলে যে অঙ্ক হইবে, তাহাই চন্দ্রের শুদ্ধভুক্তি।

ভুক্তির্নবত্যন্বিতভোগ্যমিন্দোরর্কোনচন্দ্রাত্তিথয়ঃ খনন্দৈঃ।
শেষোনখাঙ্কাদ্গগনাঙ্গনিঘ্নাদ্ভুক্তস্ত্যরাপ্তা ঘটিকা ভবন্তি॥

পূর্ব্বে চন্দ্রের স্ফুট সাধন কালে খণ্ডা ও অনুখণ্ডার অন্তরে যে ভোগ্য হইয়াছে, তাহাতে ৯০ নব্বই যোগ করিলেই চন্দ্রের ভুক্তি হইবে।

পূর্ব্বোক্ত মতে রবি ও চন্দ্রের স্ফুট, গতি, সাধন করিবে। পরে ইষ্ট দিনের চন্দ্রের স্ফুট হইতে রবির স্ফুট বিয়োগ করিবে। যদি (চন্দ্রের স্ফুট রবির স্ফুট অপেক্ষা ন্যূন হয়, তাহা হইলে চন্দ্রের স্ফুটে ২৭০০ সাতাইশ শত যোগ করিতে হইবে।) বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহাকে ৯০ নব্বই দ্বারা ভাগ করিলে ভাগফল সেই দিবসের গত তিথি হইবে। পরে যাহা শেষ থাকিবে, তাহা এবং তাহাকে ৯০ নব্বই হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা, এই দুই অঙ্ক দুই স্থানে পৃথক্ করিয়া রাখিবে। উভয় স্থান স্থিত অঙ্ককে ষষ্টি গুণিত করিবে। পরে চন্দ্রের গতি হইতে সূর্য্য গতি বিয়োগ করিলে যে অঙ্ক হইবে, তদ্দ্বারা ঐ ষষ্টি গুণিত অঙ্ককে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা দণ্ডাদি। (শেষাঙ্ককে ষষ্টি গুণিত করিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা বর্ত্তমান তিথির ভুক্ত দণ্ডাদি। এবং তাহাকে ৯০ নব্বই হইতে বিয়োগ করিয়া ষষ্টি

পূরিতাঙ্ককে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা বর্ত্তমান তিথির ভোগ্য দণ্ডাদি।)'

শতহৃদ্ভুক্তং শতশোধিতাংশাঃ ষষ্ঠ্যাহতাঃ ভুক্তিহৃতাস্ত নাড্যঃ।
এবং রবীন্দ্বোর্য্ুতিতস্ত যোগো রবীন্দুভুক্ত্যোর্য্ুতিতস্ত হারঃ॥

পূর্ব্ব সাধিত চন্দ্রস্ফুটকে একশত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা গত নক্ষত্র এবং যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ও তাহাকে ১০০ এক শত হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা, এই দুই অঙ্ককে পৃথক্ করিয়া রাখিবে। পরে পূর্ব্বমত চন্দ্র গতি দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা নক্ষত্রের দণ্ডাদি। (শেষাঙ্কে গত দণ্ডাদি ও শোধিতাঙ্কে ভোগ্য দণ্ডাদি)। পরে তিথির নিয়ম মত সমস্ত প্রক্রিয়া করিতে হইবে।

রবিস্ফুট ও চন্দ্রস্ফুট একত্র যোগ করিবে। যোগজ অঙ্ক ২৭০০ সাতাইশ শতের অধিক হইলে সাতাইশ শত বাদ দিয়া তাহাকে ১০০ এক শত দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক গত যোগ হইবে। পরে অবশিষ্টাঙ্ক, ও তাহাকে এক শত হইতে বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, এই উভয় অঙ্ক এক স্থানে রাখিয়া রবি-চন্দ্রের গতি যোগ করিয়া তদ্দ্বারা ভাগ করিলে বর্ত্তমান যোগের দণ্ডাদি হইবে। পরে পূর্ব্বমত ভুক্ত ও ভোগ্য দণ্ড হইবে।

## চন্দ্র গ্রহণ গণনা।

দিগ্ঘ্নো রবিঃ পর্ব্বকৃতাপ্তযুক্তো দিগ্‌ভিস্তমোঽষ্টঘ্নদিনাদ্ধ্রুবাঢ্যঃ।
তমোযুতোঽর্কাৎ খখভৈস্ত সৌম্যো যাম্যঃ শরোঽল্পঃ স্বদশাংশহীনঃ।

চন্দ্রগ্রহণের দিবস রবিস্ফুট যাহা হইবে, তাহাকে দ্বিগুণ করিবে, পরে সেই দিবসের পূর্ণিমার স্থিতিদণ্ডকে ৪ চারি দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা ঐ দ্বিগুণিত রবিস্ফুটে যোগ করিতে হইবে। পরে দিনবৃন্দকে ৮ আট দিয়া গুণ করিয়া ১০ দশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্ব সাধিত রাহুধ্রুবের সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম তমঃ।

পরে পূর্ব্বস্থাপিত দ্বিগুণিত রবি ও তমঃ, এই উভয়ের সংযোগে যে অঙ্ক হইবে, তাহা হইতে ২৭০০ সাতাইশ শত যত বার বিয়োগ হইতে পারে ততবার বিয়োগ করিবে। অবশিষ্টাঙ্ক যদি ১৩৫০ তেরশত পঞ্চাশের অধিক হয়, তাহা হইলে তাহাকে ২৭০০ সাতাইশ শত হইতে বিয়োগ করিতে হইবে। পরে সেই অঙ্ককে দুই স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ককে দশ দিয়া ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা অন্য স্থানের অঙ্কে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম শর।

ঐ শর দুই প্রকার, সৌম্য ও যাম্য। সাতাইশ শত ০,২,৪, বারবিয়োগ হইলে সৌম্য আর ১,৩ বার বিয়োগ হইলে যাম্য শর হইবে।

## চন্দ্রমান ও রাহুমান সাধন।

মানং হিমাংশোর্গতিরগ্নিহীনা দিগ্ঘ্নাচ্চতুর্ভিস্তমসশ্চ মানম্॥

চন্দ্রের গতি হইতে তিন হীন করিলে চন্দ্রমান হয়। ঐ চন্দ্রমানকে দশ দিয়া পূরণ করিয়া ৪ চারি দ্বারা ভাগ করিলে রাহুর মান হইবে। চন্দ্রমান ও রাহুমান উভয়কে একত্র যোগ করিয়া, দুই ভাগ করিবে, এবং তাহা হইতে পূর্ব্বসাধিত শর বিয়োগ করিলে যাহা হইবে, তাহার নাম গ্রাস। ঐ গ্রাস পূর্ণিমা এবং প্রতিপদের সন্ধির সময় হইয়া থাকে। ঐ অঙ্ক হইতে যদ্যপি শর বিয়োগ না হয়, তাহা হইলে গ্রহণ হইবে না।

স্থিত্যর্দ্ধমঙ্গাহতমিন্দুখণ্ডং খপঞ্চযুক্‌খণ্ডবিখণ্ডিতঞ্চ॥
হীনং ধনং পর্ব্বণি শীতরশ্মেঃ স্পর্শোঽথ মুক্তিশ্চ তদিষ্টকালঃ॥

ঐ গ্রাসকে ৬ ছয় দ্বারা পূরণ করিয়া এক স্থানে রাখিবে। পরে ৫০ পঞ্চাশ যুক্ত গ্রাস দিয়া তাহাকে বিভাগ করিলে লব্ধাঙ্ক স্থিত্যর্দ্ধ হইবে। ঐ স্থিত্যর্দ্ধ দণ্ড, পূর্ণিমার অন্তিম সময়ে হীন করিলে গ্রহণের স্পর্শ কাল, এবং ঐ দণ্ড যোগ করিলে গ্রহণের মোক্ষ কাল হইবে।

ইতি ভাস্বত্যাং চন্দ্র গ্রহণাধিকারঃ।

# ভাস্বতী মতে সূর্য্য গ্রহণ গণনা।

## লম্বন সাধন।

নতাদ্দশঘ্নাজ্জিনযুঙ্নতাপ্তং তল্লম্বনং তেন যুতং নতঞ্চ।

অমাবস্যার অন্তিম দণ্ডাদি ও দিনার্দ্ধ এই উভয়ের অন্তরকে গ্রহণ কালীন নত কহে, অর্থাৎ দিবা দুই প্রহরের মধ্যে যদ্যপি অমাবস্যার শেষ হয়, তাহা হইলে প্রাঙ্নত হয়, এবং যদ্যপি দিবা দুইপ্রহরের পর অমাবস্যার শেষ হয়, তাহা হইলে পশ্চান্নত হয়। প্রাঙ্নত অথবা পশ্চান্নত দণ্ডাদির পরিমাণ যত সংখ্যক হইবে, তাহাকে দশ দিয়া পূরণ করিয়া ২৪ যুক্ত নতদণ্ডাদি দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম লম্বন, ঐ লম্বন নতদণ্ডাদির সহিত যোগ করিয়া দুই স্থানে রাখিবে। এক স্থানের দণ্ডাদিকে ১০ দশ দ্বারা পূরণ করিবে। অপর স্থানের দণ্ডাদির সহিত ২৪ যোগ করিয়া যাহা হইবে, তদ্দ্বারা ঐ পূরিতাঙ্ককে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নামও লম্বন। ঐ লম্বনের সহিত পুনর্ব্বার নতদণ্ডাদি যোগ করিয়া ঐরূপ দুই স্থানে রাখিয়া একটীকে দশ দ্বারা পূরণ করিবে এবং অপর স্থানের অঙ্কের সহিত ২৪ যোগ করিয়া তাহার দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম লম্বন। ঐ লম্বন যাবৎ পরিমাণে দুইটীতে সমান না হয়, তাবৎ পর্য্যন্ত ঐরূপ প্রক্রিয়া করিতে হইবে।

যে দুইটী লম্বন সমান হইবে, সেই লম্বনের নাম সমলম্বন। ঐ সমলম্বনের সহিত নত দণ্ডাদি যোগ করিবে।

শর সাধন।

তৎ খাঙ্কনিঘ্নোনযুতস্য ভানোঃ
প্রাচীপ্রতীচ্যোস্ত শরঃ প্রসাধ্যঃ॥

ঐ নতদণ্ডাদি যুক্ত লম্বনকে ৯০ নব্বই দ্বারা পূরণ করিবে। দিবা পূর্ব্বার্দ্ধে গ্রহণ হইলে, অমাবস্যা দণ্ডের চতুর্থাংশযুক্ত দ্বিগুণিত রবিস্ফুটে ঐ অঙ্ক হীন করিতে হইবে। এবং দিবা পরার্দ্ধে গ্রহণ হইলে, ঐ অমাবস্যা দণ্ডের চতুর্থাংশযুক্ত দ্বিগুণিত রবিস্ফুটে যোগ করিতে হইবে। হীন অথবা যোগ করিয়া যে অঙ্ক হইবে, তাহাকে ২৭০০ সাতাইশ শত দ্বারা ভাগ করিবে। লব্ধাঙ্ক যদ্যপি ১,৩ হয়, তাহা হইলে যাম্যশর হইবে। এবং যদ্যপি ০,২,৪ লব্ধ হয়, তাহা হইলে সৌম্যশর হইবে। এবং সাতাইশ শত দ্বারা ভাগ করিলে, যদি ১৩৫০ এর অধিক হয়, তাহা হইলে ২৭০০ সাতাইশ শত হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে দুই স্থানে রাখিবে। এক স্থানের অঙ্ককে দশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা অন্য স্থানের অঙ্কে বিয়োগ করিতে হইবে। বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম শর।

নতি সাধন।

পৃথক্ শতাপ্তাধিক রুদ্রভক্ত-
স্তদক্ষযোগান্তরিতা নতিঃ স্যাৎ।

ঐ শরকে দুই স্থানে রাখিবে। এক স্থানের অঙ্ককে ১০০ একশত দ্বারা ভাগ করিবে। লব্ধাঙ্কের সহিত ১১ একাদশ যোগ করিয়া অপর স্থানের অঙ্ককে ভাগ করিবে। তাহাতে যে অঙ্ক লব্ধ হইবে, তাহা একস্থানে রাখিবে। পরে স্বীয় স্বীয় দেশের অক্ষের * সহিত ঐ অঙ্ক যোগ অথবা বিয়োগ করিতে হইবে। অর্থাৎ অক্ষ ও শর উভয় যাম্য হইলেও যোগ করিবে এবং উভয় সৌম্য হইলেও যোগ করিতে হইবে। ইহার অন্যথা হইলেই বিয়োগ করিতে হইবে। যোগ অথবা বিয়োগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম নতি। ঐ নতি একস্থানে স্থাপিত করিয়া রাখিবে।

খরাংশু আনয়ন।

তল্লম্বনং দৃগগুণিতং গুণাপ্তং
হীনং ধনং প্রাক্ পরয়োঃ খরাংশৌ॥

পূর্ব্ব সাধিত সমলম্বনকে ১০ দশ দিয়া পূরণ করিয়া ৩ তিন দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা দ্বিগুণিত রবিস্ফুটের সহিত বিয়োগ অথবা যোগ করিবে, অর্থাৎ দিবা পূর্ব্বার্দ্ধে গ্রহণ হইলে বিয়োগ করিতে হইবে, এবং দিবা পরার্দ্ধে গ্রহণ হইলে যোগ করিতে হইবে।

* বিষুব রেখার উত্তরে যে দেশ, সেই দেশে যাম্যাক্ষ ও বিষুবরেখার দক্ষিণে যে দেশ সেই দেশে সৌম্যাক্ষ, যেমন আমাদের দেশ কলিকাতা, আমাদের যাম্যাক্ষ, তাহার সংখ্যা ৫৪,১৫।

তত্তমঃ সংপ্রযুতাচ্চ ভানোঃ
শরোঽবনত্যন্তরযুক্ স্ফুটঃ স্যাৎ ॥

স্ফুটশর সাধন।

পরে দিনরন্ধ্রকে ৮ আট দিয়া পূরণ করিয়া ১০ দশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্ব সাধিত রাহুর ধ্রুবে যোগ করিবে। ঐ সংযুক্তাঙ্কের নাম তমঃ। এই তমঃ খরাংশুর সহিত যোগ করিবে। ঐ সংযুক্তাঙ্ক যত হইবে, তাহাকে ২৭০০ সাতাইশ শত দ্বারা ভাগ করিবে। লব্ধাঙ্ক ১,৩ হইলে যাম্য শর এবং লব্ধাঙ্ক ০,২,৪ হইলে লব্ধ অঙ্ক শর হইবে। পরন্তু সাতাইশ শত দ্বারা ভাগ শেষাঙ্ক ১৩৫০ এর অধিক হইলে সেই অঙ্ক ২৭০০ সাতাইশ শত হইতে বিয়োগ করিতে হইবে। অবশিষ্টাঙ্ক দুই স্থানে রাখিবে। একস্থানের অঙ্ককে দশ দ্বারা ভাগ দিয়া লব্ধাঙ্ক অপর স্থানের অঙ্কে বিয়োগ করিবে। বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম শর। ঐ শর ও নতি উভয়ই সৌম্য অথবা উভয়ই যাম্য হইলে যোগ করিতে হইবে। এবং একটী সৌম্য ও একটী যাম্য হইলে বিয়োগ করিতে হইবে। যোগ বা বিয়োগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম স্ফুট শর। ঐ স্ফুটশর এক স্থানে পৃথক্ করিয়া রাখিবে।

রবিমান সাধন।

মানং রবের্ভোগ্যযুতোঽঙ্গনন্দস্তদ্‌গ্রাহকোঽধঃ স্থিতএব চন্দ্রঃ।

রবিরভোগ্যে ৯৬ যোগ করিলে রবির মান হইবে। চন্দ্রের মান চন্দ্র গ্রহণে কথিত হইয়াছে, যথা চন্দ্রের গতির ৩ হীন করিলেই চন্দ্রমান হয়।

ঐ চন্দ্র সূর্য্যের অধঃস্থিত হইয়া গ্রাহক হয়।

গ্রাস আনয়ন।

গ্রাসাচ্চতুর্ঘ্নাৎ সবিতুঃ খরাম গ্রাসৈক্যলব্ধং স্থিতি মর্দ্দমার্দ্ধে।
ইতীহ সূর্য্যগ্রহণে বিশেষঃ শেষস্তু চন্দ্রগ্রহবদ্বিচিন্ত্যঃ ॥

পূর্ব্ব সাধিত রবিমান ও চন্দ্রমান একত্র যোগ করিয়া ২ দুই দ্বারা ভাগ করিবে এবং লব্ধাঙ্ক একস্থানে পৃথক্ করিয়া রাখিবে। সূর্য্য গ্রহণে এই বিশেষ প্রক্রিয়া। অপর সমস্তই চন্দ্র গ্রহণের ন্যায় জ্ঞাত হইবে। অর্থাৎ ঐ লব্ধাঙ্ক হইতে স্ফুট শর (যাহা পৃথক্ করিয়া রাখা হইয়াছে) বিয়োগ করিলে গ্রাস * হইবে। যদ্যপি ঐ অঙ্ক বিয়োগ না হয়, তাহা হইলে স্পষ্টই প্রমাণ হইবে যে, গ্রহণ হইবে না, কারণ গ্রাস হইল না।

গ্রাসাঙ্ককে দুই স্থানে রাখিয়া একস্থানের অঙ্ককে ৪ দ্বারা পূরণ করিবে এবং অপর স্থানের অঙ্কের সহিত ৩০ ত্রিশ যোগ করিয়া তদ্দ্বারা ঐ অঙ্ককে ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহার নাম স্থিত্যর্দ্ধ। স্ফুট পর্ব্ব সন্ধি সময় অর্থাৎ (দিবা দুই প্রহরের পূর্ব্বে গ্রহণ হইলে সমলম্বন হীন সময়, ও দিবা পরার্দ্ধে গ্রহণ হইলে সমলম্বন যুক্ত সময়।) ঐ সময়কে দুই স্থানে রাখিয়া এক স্থানের অঙ্কের সহিত ঐ স্থিত্যর্দ্ধ দণ্ডাদি হীন করিবে, এবং এক স্থানের অঙ্কের সহিত যোগ করিবে। হীন করিলে যে সময় হইবে, তাহাই গ্রহণের স্পর্শ কাল এবং যোগ করিলে যাহা হইবে, তাহাই গ্রহণের মোক্ষকাল।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিতে ও প্রকাশিতে ফলিত জ্যোতিষে ভাস্বতী মতে চন্দ্র সূর্য্য গ্রহণাধিকার সমাপ্ত।

গ্রহণকালীনরবিচন্দ্রয়োর্ম্মেঘেনাচ্ছাদনানাচ্ছাদনকারণং।
রবিভৌমনবাংশে তু নিরভ্রং গ্রাসমাদিশেৎ।
বুধসৌরিনবাংশে তু মলিনং ক্ষুদ্রবর্ষণম্ ॥
গুরোরংশকমাসাদ্য দৃশ্যতে সবলাহকঃ।
শশিশুক্রনবাংশে তু প্রাবৃট্‌কালে মহজ্জলম্ ॥

রবি ও মঙ্গলের নবাংশে গ্রহণ হইলে মেঘ শূন্য গ্রহণ দর্শন হয়। বুধ ও শনির নবাংশে গ্রহণ হইলে মলিন রূপে দর্শন ও বিন্দু বিন্দু বর্ষণ হইয়া থাকে। বৃহস্পতির নবাংশে গ্রহণ হইলে মেঘের সহিত গ্রহণ দর্শন হয়। চন্দ্র ও শুক্রের নবাংশে গ্রহণ হইলে বর্ষাকালে অতিশয় বৃষ্টি হয়।

---

* অর্কমানাদ্দ্বাদশাংশাগ্রাসো হীনো ভবেদ্যদি।
গ্রাসো নাস্তীতি বক্তব্যো দর্শনাযোগ্যতাবশাৎ ॥

পূর্ব্বোক্ত রবিমানের ১২ দ্বাদশ ভাগের এক ভাগ অপেক্ষা গ্রাস যদ্যপি ন্যূন হয়, তাহা হইলে সেই গ্রহণ দর্শন হইবে না।

**চন্দ্র গ্রহণে স্পর্শ দিক্‌নির্ণয়মাহ।**

চন্দ্র গ্রহে যাম্যশরে আগ্নেয়্যাং স্পর্শনং ভবেৎ।
নৈঋর্ত্যান্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভির্নিরূপিতঃ॥
চন্দ্র গ্রহেসৌম্যশরে ঐশান্যাং স্পর্শনং ভবেৎ।
বায়ব্যান্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভিনিরূপিতঃ।

চন্দ্র গ্রহণ গণনাতে, যে শর সাধন উক্ত হইয়াছে, সেই শর দুই প্রকার যাম্য ও সৌম্য, যে চন্দ্রগ্রহণ গণনায় যাম্য শর হইবে, সেই গ্রহণে চন্দ্র মণ্ডলের অগ্নি কোণে স্পর্শ এবং নৈঋর্ত কোণে মুক্তি হইবে, আর যদি সৌম্যশর হয় তাহা হইলে ঈশান কোণে স্পর্শ এবং বায়ু কোণে মুক্তি হইবে জ্যোতির্ব্বিৎ পণ্ডিত গণ ইহা নিরূপণ করিয়াছেন।

**সূর্য্য গ্রহণে স্পর্শদিক্‌নির্ণয়মাহ।**

সূর্য্য গ্রহেযাম্যশরে নৈঋর্ত্যাংস্পর্শনং ভবেৎ।
আগ্নেয়্যান্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভি র্নিরূপিতঃ॥
সূর্য্যগ্রহে সৌম্যশরে বায়ব্যাং স্পর্শনং ভবেৎ।
ঐশান্যান্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভি নিরূপিতঃ॥

সূর্য্য গ্রহণে যে শর সাধন উক্ত হইয়াছে, ঐ শর যদি যাম্য শর হয়, তাহা হইলে সূর্য্য মণ্ডলের নৈঋর্ত কোণে স্পর্শ এবং অগ্নি কোণে মুক্তি হইয়া থাকে। আর সূর্য্য গ্রহণে সৌম্যশর হইলে, সূর্য্য মণ্ডলের বায়ুকোণে স্পর্শ এবং ঈশান কোণে মুক্তি হইবে, জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণ ইহা নিরূপণ করিয়াছেন।

**অথ মণ্ডল বর্ণমাহ।**

অর্দ্ধাদূনং সধূম্রং স্যাৎ কৃষ্ণমর্দ্ধাধিকং ভবেৎ।
ত্যাগে বিম্বং কৃষ্ণতাম্রং কপিলং সকল গ্রহে॥

গ্রহণ সময়ে চন্দ্র এবং সূর্য্য মণ্ডল কোন বর্ণ হইবে তাহা লিখিত হইতেছে, যদি গ্রাস অর্দ্ধেকের ন্যূন হয় তাহা হইলে চন্দ্র বা সূর্য্য মণ্ডল ধূম্র বর্ণ হইবে। অর্দ্ধের অতিরিক্ত গ্রাস হইলে মণ্ডল কৃষ্ণবর্ণ হয়। আর সম্পূর্ণ গ্রাস হইলে মণ্ডল কপিল বর্ণ হইবে। আর উহার মুক্তি সময়ে মণ্ডল কৃষ্ণ ও তাম্র বর্ণ হইবে।

**অথযাম্য সৌম্যশর জ্ঞান মাহগণপতিভট্টঃ।**

একাদি বিষমেলব্ধে যাম্যঃ সৌম্যস্তুযুগ্মকে।
লব্ধাভাবেপি সৌম্যস্তশর এবপ্রকীর্ত্তিতঃ॥

যাম্য ও সৌম্যশর কাহাকে কহে, তাহা বলা হইতেছে। শর সাধন সময়ে সপ্তবিংশতি শত দ্বারা ভাগ করিয়া ১।৩।৫ ইত্যাদি বিষমাঙ্ক লব্ধ হইলে, যে শর হইবে তাহা যাম্যশর নামক, এবং ঐ ভাগফল যদি ২।৪।৬ হয়, তাহা হইলে সেই শর সৌম্য নামক হয়। আর সেই হরণ সময় যদি লব্ধ ০ শূন্য হয় তাহা হইলেও সেই শর সৌম্যশর বলিয়া কথিত হইবে।

**সিদ্ধান্তরহস্যমতে চন্দ্রগ্রহণের উদাহরণ।**

চন্দ্র গ্রহণ গণনা করিতে হইলে প্রথমে গ্রহণ সম্ভাবনা আছে কিনা দেখিতে হইবে। যদিও গ্রহণ সম্ভাবনা পূর্ব্বেই লিখিত হইয়াছে, তথাপি এস্থলে সংক্ষেপে কিঞ্চিৎ উল্লেখ করা যাইতেছে। যথা

পূর্ণিমার অন্তিম সময়ে রবিস্ফুট ও স্ফুটপাত, এই উভয়ের অন্তর করিলে যদি ১৩ ত্রয়োদশ অংশ হয়, তাহা হইলেই চন্দ্র গ্রহণ হইবে। এই রূপ সূর্য্য গ্রহণ গণনা করিবার সময় অমাবস্যার অন্তিম সময়ে যদি রবিস্ফুট ও স্ফুটপাত এই উভয়ের অন্তর করিলে দশ অংশ হয়, তাহা হইলেই সূর্য্য গ্রহণ হইবে।

শকাব্দা ১৮০০ শকের ২৮ শ্রাবণ তারিখের রাঘবানন্দ চক্রবর্ত্তীর পর্ব্বান্তীনতমোঽকৃণান্তরকলা" ইত্যাদি শ্লোক মতে উদাহরণ।

ঐ দিবস পূর্ণিমার অন্তিম দণ্ড ৫৯।:৫ অব্দপিণ্ডঃ ২৮৭ দিনবৃন্দ ১০৪৯৫২ দিনমান দণ্ডাদি ৩২।২০ দিনার্দ্ধ ১৬।১০ মিশ্রদণ্ড ৪৬।১০ মিশ্রেষ্টান্তর দণ্ড * ১৩।৫ তাৎকালিক রবিমধ্য ৩।২৯।৫।১৪ তাৎকালিক চন্দ্রমধ্য ৯।২৩।৪৩।৬ তাৎকালিক চন্দ্র কেন্দ্রের মধ্য

---

* ইহাকে কেহ কেহ যুক্তেষ্ট দণ্ড বলেন। কারণ ইহা মধ্য রাত্রির স্ফুটসাধনে যোগ করিতে হইবে। মধ্যরাত্রির পূর্ব্ব ইষ্ট দণ্ড হইলে হীনেষ্ট দণ্ড বলা যাইত।

১০।৮।১৬।৩১ তাৎকালিক রবিস্ফুট ৩।২৭।৩৭।৩৩ গতি ৫৭।২৯। ৩২ তাৎকালিক চন্দ্রস্ফুট ৯।২৭।৩৭।৪৩ গতি ৭৪৬।৪৮।৪৮।

**স্ফুটপাত আনয়ন।**

দিনবৃন্দ ১০৪৯৫২ কুড়ি দ্বারা ভাগ করিলে ৫২৪৭।৩৬ হয়। ইহাকে একস্থানে পৃথক্ করিয়া রাখিতে হইবে। পরে দিনবৃন্দ ১০৪৯৫২ ইহাকে ৬ ছয় দ্বারা পূরণ করিলে ৬২৯৭১২ হয়। ইহাকে ১৯৯৯ দ্বারা ভাগ করিলে ৩১৫।০।৪৮।৩৭ হয়। ইহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৫২৪৭।৩৬ শের সহিত যোগ করিলে ৫৫৬২। ৩৬।৪৮।৩৭ অংশাদি হইল। অব্দপিণ্ড ২৮৭ ইহাকে ১৫০ দ্বারা ভাগ করিলে লব্ধ ১।৫৪।৪৮ হইল। ইহা পূর্ব্বাঙ্ক অর্থাৎ ৫৫৬২। ৩৬।৪৮।৩৭ ইহা রবিকলাদিতে যোগ করিলে ৫৫৬২।৩৬।৫০।৩১ ৪৮ হয়। ইহা অংশাদি। ইহাকে ত্রিশ দ্বারা ভাগ করিলে লব্ধ ১৮৫ রাশি ও অবশিষ্ট ১২ অংশ থাকে। ঐ ১৮৫ রাশিকে ১২ বার দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ৫ রাশি থাকে। ইহা ক্ষেপাঙ্ক ৩।৩। ১২।৫২ হইতে বিয়োগ করিলে ৯।২০।৩৬।১।২৮ থাকে। ইহার নাম স্ফুটপাত।

শকাব্দা ১৮০০ শকের ২৮শে শ্রাবণ পূর্ণিমার শেষ সময়ের রবিস্ফুট ৩।২৭।৩৭।৩৩ স্ফুটপাত ৯।২০।৩৬।২ এই উভয়ের অন্তর রাশ্যাদি ৫।২২।৫৮।২৯ তিন রাশির অধিক হওয়াতে ছয় রাশি হইতে শোধিত অংশাদি ৭।১।৩১ কলাদি ৪২১।৩১ ইহাকে ৪১ একচল্লিশ দ্বারা পূরণ করিলে ১৭২৮২।১১ হয় ইহার ষোল ভাগের এক ভাগ ১০৮০।৮ বিয়োগ করিলে। ১৬২০২।৩ অবশিষ্ট থাকে, পরে সূর্য্যগতি ৫৭।৩০কে ১৩৪ দিয়া পূরণ করিলে ৭৭০৫ হয়। ইহা পূর্ব্বাঙ্ক অর্থাৎ ১৬২০২।৩ এর সহিত যোগ করিলে ২৩৯০৭।৩ হইল, ইহা হইতে ১৯৬৫ বিয়োগ করিলে ২১৯৪২।৩ অবশিষ্ট থাকে। ইহাকে চন্দ্রের গতি ৭৪৭ দ্বারা বিভক্ত করিলে লব্ধাঙ্ক ২৯।২২ হয়। ইহা ৪৩।২০ এই অঙ্ক হইতে বিয়োগ করিলে ১৩।৫৮ অবশিষ্ট থাকে। ইহার নাম গ্রাস। এই গ্রাসকে দুই স্থানে রাখিতে হইবে। এক স্থানের গ্রাসকে দ্বাদশ দ্বারা পূরণ করিলে ১৬৭।৩৬ হয়। অপর স্থানের গ্রাসের সহিত ১০ দশ যোগ করিলে ২৪ হয়। ইহা দ্বারা পূর্ব্বাঙ্ক অর্থাৎ ১৬৭।৩৬কে ভাগ করিলে ৬।৫৯ লব্ধ হয়। ইহা ঐ দিবসের গ্রহণের স্থিতিদণ্ড। এই স্থিতি দণ্ডকে ২ দুই দ্বারা ভাগ করিলে ৩।২৯।৩০ হয়, ইহা পূর্ণিমার অন্তিমদণ্ড অর্থাৎ ৫৯।১৫ পলের সহিত বিয়োগ এবং যোগ করিতে হইবে। বিয়োগফল ৫৫।৪৫।৩০ এবং যোগফল ৬২।৪৪।৩০ বিয়োগফল গ্রহণের স্পর্শকাল। যোগফল গ্রহণের মোক্ষকাল। এই গ্রহণের মোক্ষকাল ষাইট দণ্ডের অধিক হইয়াছে, অতএব মোক্ষ পর দিবস হইবে। চন্দ্রগ্রহণের স্পর্শ ও মোক্ষকাল হইতে দিনমান বাদ দিলে রাত্রিমান হয়। ৫৫।৪৫।৩০ হইতে দিনমান দণ্ড ৩২।২০ বিয়োগ করিলে ২৩।২৫।৩০ থাকে। ইহা রাত্রি দণ্ডের স্পর্শকাল। গ্রহণের স্থিত্যাদি এইরূপে লিখিতে হইবে। যথা, চন্দ্রগ্রহণ রাত্রি ২৩ দণ্ড ২৫ পল ৩০ বিপল গতে স্পর্শ এবং পর দিনে ২ দণ্ড ৪৪ পল ৩০ বিপল গতে মোক্ষ। স্থিতি ৬ দণ্ড ৫৯ পল।

**সিদ্ধান্তরহস্য মতে শকাব্দাঃ ১৭৬৫ শকের ৭ পৌষ দিবসীয় সূর্য্যগ্রহণের উদাহরণ।**

ঐ দিবস অমাবস্যার অন্তিম দণ্ড ১১।১৮ অব্দপিণ্ডঃ ২৫২ দিনবৃন্দ ৯২২৯৯ দিনমান দণ্ডাদি ২৬।২২ দিনার্দ্ধঃ ১৩।১১ মিশ্র-দণ্ডঃ ৪৩।১১ হীনেষ্ঠ দণ্ডঃ ৩১।৫৩ অয়নাংশাদি ২০।১০।১২ তাৎকালিক রবিমধ্য ৮।৭।৩১।৪২ তাৎকালিক চন্দ্রমধ্য ৮।৩।২৭। ৩৫ চন্দ্রকেন্দ্রের মধ্য ৭।১৭।২৪।৫৯ তাৎকালিক রবিস্ফুট ৮।৭। ৮।২৮ তাৎলালিক রবির গতি ৬১।২৩ তাৎকালিক চন্দ্রস্ফুট ৮।৭।১০।১১ তাৎকালিক চন্দ্রের গতি ৮৩৭।২৪ স্ফুটপাত ৮।১।১৩। ৫৬। ইহার উদাহরণ চন্দ্রগ্রহণে কথিত হইয়াছে। এবং স্ফুটাদি আনিবার উদাহরণাদি সিদ্ধান্তরহস্যে লিখিত হইয়াছে।

**নতানয়ন।**

দিনার্দ্ধ ১৩।১১ পর্ব্বদণ্ডঃ ১১।১৮ উভয়ে অন্তর করিলে ১।৫৩ হইল। ইহার নাম নতদণ্ড। দিবা দুই প্রহরের পূর্ব্বে গ্রহণ হইবে, এজন্য ইহার সংজ্ঞা প্রাঙ্নত হইল। প্রাঙ্নতদণ্ড ১।৫৩

**লম্বন আনয়ন।**

তাৎকালিক অয়নাংশ ২০।১০।১২ রবিস্ফুট ৮।৭।৮।২৮ যোগ-জাঙ্ক ৮।২৭।১৮।৪০ ইহার নাম সায়ন রবি। সূর্য্যগ্রহণে নতদণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডাতে (৮ রাশৌ প্রাঙ্নতে) এই কোষ্ঠায় নতদণ্ড ১।৫৩ ইহার সংখ্যায় একের খণ্ডা ০।২৮ পরখণ্ডা ০।৫৭ উভয়ে অন্তর করিলে ০।২৯ হইল। ইহার নাম ভোগ্য ঐ ভোগ্য দিয়া অবশিষ্ট অঙ্ক ৫৩কে পূরণ করিলে ১৫৩৭ হয়, ইহাকে ষাইট দ্বারা বিভক্ত করিলে ২৫।৩৭ হয়, ইহা খণ্ডা ০।২৮এর সহিত যোগ করিলে ০।৫৩।৩৭ হয়, ইহার নাম মধ্য লম্বন। মধ্যলম্বন ০।৫৩।৩৭

### মধ্যোদয় আনয়ন।

অয়নাংশযুক্ত রবিস্ফুট ৮।২৭।১৮।৪০ ইহার সংখ্যায় লঙ্কোদয়খণ্ডা ৩৯।৩৭ পরখণ্ডা ৪৫।০ অন্তর ৫।২৩ ইহার নাম ভোগ্য। এই ভোগ্য দ্বারা অয়নাংশযুক্ত রবিস্ফুটের অংশাদিকে পূরণ করিলে। ১৪৭।১।২৯।২০ হয় ইহাকে ত্রিশ দ্বারা ভাগ করিলে ৪।৫৪।৩ হইল। ইহা লঙ্কোদয় খণ্ডার সহিত যোগ করিলে ৪৪।৩১।৩ হয়। পূর্ব্বসাধিত মধ্যলম্বন ০।৫৩।৩৭ প্রাঙ্নত দণ্ড ১।৫৩ উভয়ের যোগাঙ্ক ২।৪৬।৩৭ প্রাঙ্নত জন্য ইহা পূর্ব্বাঙ্ক হইতে বিয়োগ করিতে হইবে। বিয়োগ ফল ৪১।৪৪।২৬ ইহা হইতে লঙ্কোদয় খণ্ডা ৩৯।৩৭ বাদ দেওয়া সম্ভব। অতএব ইহা পূর্ব্বাঙ্ক হইতে বিয়োগ করিলে ২।৭।২৬ অবশিষ্ট থাকে। ইহাকে ৫ পাঁচ দ্বারা পূরণ করিলে ১০।৩৭।১০ হয়, ৮ রাশির লঙ্কোদয় খণ্ডা ৩৯।৩৭ বিয়োগ করা হইয়াছে। উহার ভোগ্য ৫।২৩ ইহা দ্বারা পূর্ব্বাঙ্ক ১০।৩৭।১০কে ভাগ করিলে লব্ধাঙ্ক ১।৫৮।২১ হয়। ৮ রাশির খণ্ডা বিয়োগ করা হইয়াছে। অতএব ৮কে ৫ পাঁচ দ্বারা গুণ করিলে ৪০ হয়। ইহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ১।৫৮।২১ এর সহিত যোগ করিলে ৪১।৫৮।২১ হইল। ইহার নাম মধ্যোদয়। মধ্যোদয়ের বিশেষ সংজ্ঞা দশমোদয়।

### ক্রান্তি ও হারানয়ন।

মধ্যোদয় ৪১।৫৮।২১ ইহার সহিত ১৫ পোনের যোগ করিলে ৫৬।৫৮।২১ হয়। ইহা ৩০ ত্রিশের অধিক হইয়াছে, এজন্য ৬০ ষাইট হইতে বিয়োগ করিতে হইলে বিয়োগ ফল ৩।১।৩৯, ইহার প্রথমাঙ্ক ৩, ইহার সংখ্যায় ক্রান্তি খণ্ডা গ্রহণ করিতে হইবে। ৩ সংখ্যার ক্রান্তি খণ্ডা ২১, পর খণ্ডা ৩৭, উভয়ের অন্তরে ভোগ্য ১৬, শেষাঙ্ক ১।৩৯ কে ভোগ্য ১৬ দ্বারা পূরণ করিলে ২৬।২৪ হয়। ইহাকে ষষ্টি বিভক্ত করিলে ০।২৬।২৪ হইল ইহা খণ্ডার সহিত যোগ করিলে ২১।২৬।২৪ হইল। ইহার নাম ক্রান্তি।

ঐ ক্রান্তিকে স্ব স্ব দেশের অক্ষাঙ্ক হইতে অন্তর করিলে যে অঙ্ক হইবে, তাহাকেই শত দ্বারা ভাগ করিতে হইবে। আমাদের দেশের (কলিকাতার) অক্ষাঙ্ক ৭৮৮।৩২ ক্রান্তি ২১।২৬। ২৪ উভয়ে অন্তর করিলে ৭৬৭।৫।৩৬ অবশিষ্ট থাকে। ইহাকে একবার ১০০ এক শত দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ৭ ও শেষাঙ্ক ৬৭।৫।৩৬ লব্ধাঙ্ক ৭ সাতের সংখ্যায় হারখণ্ডা ৮০।৪৬ অনুখণ্ডা ৮৯।৪২ উভয়ের অন্তর ৮।৫৬ ইহার নাম ভোগ্য। এই ভোগ্য দ্বারা শতহৃত শেষাঙ্ক ৬৭।৫।৩৬ কে পূরণ করিলে ৫৯৯।২২।১।৩৬ হয়। ইহাকে এক শত দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ৬ হয়। ইহা খণ্ডা ৮০।৪৬এর সহিত যোগ করিলে ৬।৪৬ হয়। ইহার নাম হার।

### স্ফুট নত আনয়ন।

অয়নাংশযুক্ত রবিস্ফুট ৮।২৭।১৮।৪০ ইহার অংশাদি ২৬৭। ১৮।৪০ ইহাকে ৬ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ৪৪।৩৩।৬ হইল। এই অঙ্ক পূর্ব্বসাধিত মধ্যোদয় ৪১।৫৮।২১র সহিত অন্তর করিলে ২।৩৪।৪৫ হয়। ইহার নাম স্ফুটনত।

### স্থির লম্বন আনয়ন।

স্ফুটনত ২।৩৪।৪৫। দুই অঙ্ক সংখ্যায় জ্যা খণ্ডা ৫০ তাহার পরখণ্ডা ৭৪ উভয় অঙ্কের অন্তর ২৪ এই ভোগ্যের দ্বারা শেষাঙ্ক ৩৪।৪৫ কে পূরণ করিলে ৮৩২।০ হয়। ইহাকে ষাইট দ্বারা ভাগ করিলে ১৩।৫২ হয়। ইহা খণ্ডার সহিত যোগ করিলে ৬৩।৫২ হইল। ইহার নাম জ্যা। এই জ্যাকে পূর্ব্ব সাধিত হারাঙ্ক ৮৬।৪৬ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ০।৪৪।১০ ইহার নাম স্থির লম্বন।

### তাৎকালিক মধ্যোদয় আনয়ন।

পূর্ব্বসাধিত লম্বন ০।৫৩।৩৭ ইহা হইতে পূর্ব্বানীত স্থির লম্বন ০।৪৪।১০ হীন করিয়া শেষ ০।৯।২৭ থাকে এস্থলে প্রাঙ্নত হেতু মধ্যোদয় ৪১।৫৮।২১ ইহার সহিত শেষাঙ্ক ০।৯।২৭ যোগ করিলে ৪২।৭।৪৮ হইল। ইহাকেই তাৎকালিক মধ্যোদয় কহে।

### নত্যানয়ন।

তাৎকালিক মধ্যোদয় ৪২।৭।৪৮ ইহার সহিত ১৫ যোগ করিয়া ৫৭।৭।৪৮ হইল। ইহার প্রথমাঙ্ক ৫৭ হইতে ৬০ হীন করিলে শেষ ২।৫২।১২ থাকে ইহার প্রথমাঙ্ক ২ এজন্য ক্রান্তি খণ্ডার ২ কোষ্ঠের খণ্ডা৯ অনুখণ্ডা ২১ উভয়ের অন্তর করিয়া শেষ ১২ থাকে তাহা ভোগ্য। ঐ ভোগ্য দ্বারা শেষ ৫২।১২ পূরণ করিয়া গুণফল ষাইটদ্বারা ভাগ করিয়া লব্ধ ১০।২৬ ইহা খণ্ডা ৯ য়ের সহিত যোগ করিয়া ১৯।২৬ ইহার সহিত ১৫০০ পোনের শত যোগ করিয়া ১৫১৯।২৬ ইহাতে অক্ষাঙ্ক ৭৮৮।৩২ হীন করিয়া শেষ ৭৩০।৫৪ কে ১০০ দ্বারা ভাগ করিয়া লব্ধ ৭ হয়। ইহার অনুসারে নতি খণ্ডার ২৩০। ৩৪ খণ্ডা ও অনুখণ্ডা ২৩৩।৪৬ গ্রহণ করিয়া উভয়ে অন্তর করিয়া ভোগ্য ৩।১২ দ্বারা শতহৃত শেষ ৩০।৫৪ কে গুণ করিয়া গুণফল এক শত দ্বারা ভাগ করিয়া লব্ধ ০।৫৯।১৯ খণ্ডা ২৩০।৩৪ সহিত যোগ করিয়া ২৩১।৩৩।১৯ হয়। ইহাই নতি।

প্রাঙ্নতত্ব হেতু এস্থলে পর্য্যন্তদণ্ড ১১।১৮ হইতে স্থির লম্বন ০।৪৪।১০ হীন করিলে শেষ ১০।৩৩।৫০ থাকে, ইহাই স্ফুট-দর্শদণ্ড।

### অথগ্নৌ আনয়ন।

চন্দ্রগতি ৮৩৭।২৪ কে স্থিরলম্বন ০।৪৪।১০ দ্বারা গুণ করিয়া গুণ ফল ষাইট দ্বারা ভাগ করিয়া লব্ধ ১০।১৬।২৫ কলাদি তাৎকালিক রবিস্ফুট হইতে হীন করিলে শেষ ৮।৬।৫৮।১১।৩৫ রাশ্যাদি থাকে। তাহাই এস্থলে গ্নৌ অর্থাৎ স্ফুট দর্শদণ্ড সময়ের চন্দ্র স্ফুট রাশ্যাদি।

### অথশর ও স্ফুটশর সাধন।

স্ফুট দর্শ দণ্ড সময়ের চন্দ্র স্ফুট ৮।৬।৫৮।১১।৩৫ হইতে তিন রাশি হীন করিলে শেষ ৫।৬।৫৮।১১।৩৫ থাকে। ইহা হইতে স্ফুটপাত রাশ্যাদি ৮।১।১৩।৫৬ হীন করিয়া শেষ ৯।৫।৪৫।১৫ রাশ্যাদি ১১ দ্বাদশ হইতে বিয়োগ করিয়া শেষ ২।২৪।১৫।৪৫ রাশ্যাদির রাশি ও অংশকে কলা করিয়া কলার সহিত যোগ করিয়া যোগাঙ্ক ৫০৫৫ কে আট দ্বারা গুণ করিয়া গুণফল ৪০৪৪০ হইতে ১৫৩৯০ বিয়োগ করিয়া শেষ ২৫০৫০ কে ১০৩ দ্বারা ভাগ করিয়া লব্ধ ২৪৩।৩২।৪০ হয় ইহা শর। ঐ শরাঙ্ক হইতে নতি ২৩১।৩৩।১৯ হীন করিলে শেষ ১১।৫৯।২১ থাকে। ইহাকে স্ফুট শর কহে।

### চন্দ্রমানানয়ন।

চন্দ্রের তাৎকালিক গতি ৮৩৭।২৪কে ১৭ দিয়া পূরণ করিয়া গুণফল ১৪২৩৫।৪৮ কে ৪২০ দ্বারা ভাগ করিয়া লব্ধ ৩৩।৩৯।২৩ ইহাই চন্দ্রমান।

### রবিমান সাধন।

রবির তাৎকালিক গতি ৬১।২৩ কে ৫৭ দ্বারা গুণ করিয়া গুণফল ৩৪৯৮।৫১ কে ১০৪ দ্বারা ভাগ করিয়া লব্ধ ভাগফল ৩৩।৩৮।৩৪ রবিমান।

### গ্রাসানয়ন।

চন্দ্রমান ৩৩।৩৯।২৩ ইহার সহিত রবিমান ৩৩।৩৮।৩৪ যোগ করিয়া যোগাঙ্ক ৬৭।১৭।৫৭ ইহাকে দুই ভাগ করিয়া ভাগফল ৩৩।৩৮।৫৮।৩০ হইল। ইহা হইতে স্ফুট শর ১১।৫৯।২১ হীন করিলে শেষ ২১।৩৯।৩৭।৩০ হইল ইহা গ্রাস।

### স্থিত্যর্দ্ধানয়ন।

গ্রাস ২১।৩৯।৩৭।৩০ ইহার প্রথমাঙ্ক ২১ এই সংখ্যার স্থিত্যর্দ্ধ খণ্ডা ২।১৮ অনুখণ্ডা ২।২০ ভোগ্য ২ শেষ ৩৯।৩৭ কে ২ ভোগ্য দ্বারা গুণ করিয়া ৬০ দ্বারা ভাগ করিয়া লব্ধ ১।১৯।১৫ খণ্ডা ২।১৮ সহিত যোগ করিয়া যোগাঙ্ক ৩।৩৭।১৫ রবিমান ৩৩।৩৯ চন্দ্রমান ৩৩।৩৯ পূরক ৬০ পূরিত ২০১৯ চন্দ্রমান। ষষ্টি পূরিত ২০১৯ রবিমান ২০১৯ হইতে ১৮৬৯ বাদ দিয়া শেষ ১৫০কে গ্রাস সংখ্যায় রবির শুদ্ধি পল ৪ দ্বারা পূরণ করিয়া গুণফল ১৫১ দ্বারা ভাগ করিয়া লব্ধ ৩।৫৮ পল ইহাকে ২০৮৯হইতে পূরিত চন্দ্রমান ২০১৯ হীন করিয়া শেষ ৭০ কে চন্দ্রের শুদ্ধিপল ১৯ দ্বারা গুণ করিয়া গুণফল ১৩৩০ কে ৩৩৮ দ্বারা ভাগ করিয়া লব্ধ ৩।৫৬ পল রবির লব্ধ পলে যোগ করিয়া ৭।৫৪ পল হইল। ইহা যোগাঙ্কে ৩।৩৭।১৫ সহিত যোগ করিয়া ৩।৪৫ হইল ইহার নাম মধ্য-স্থিত্যর্দ্ধ।

### স্পর্শকাল ও মোক্ষকাল।

স্ফুটদর্শ দণ্ড ১০।৩৩।৫০ ইহা হইতে স্থিত্যর্দ্ধ দণ্ড ৩।৪৫।৮ হীন করিয়া শেষ ৬।৪৮।৪২ ইহা স্পর্শকাল আর স্ফুটদর্শ দণ্ড ১০।৩৩ ৫০ ইহার সহিত স্থিত্যর্দ্ধ দণ্ড ৩।৪৫।৮ যোগ করিয়া ১৪।১৮ ৫৮ ইহা মোক্ষকাল মোক্ষকাল হইতে স্পর্শকাল হীন করিলে শেষ ৩০। ১৬ স্থিতি দণ্ডাদি জানিবে।

### গ্রহাণাং রাশি ভোগকাল কথনং।

রবির্ম্মাসং নিশানাথঃ সপাদদিবসদ্বয়ম্।
পক্ষত্রয়ং ভূমিপুত্রো বুধোঽষ্টাদশবাসরম্॥
বর্ষমেকং সুরাচার্য্যশ্চাষ্টাবিংশদিনং ভৃগুঃ।
শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষং স্বর্ভানুঃ সার্দ্ধবৎসরম্।
এবং প্রমাণাৎ সর্ব্বে তু রাশ্যেকং ভুঞ্জতে গ্রহাঃ॥

**আদিত্যাদি নবগ্রহ এক রাশিতে কত দিন পর্য্যন্ত অবস্থিতি করিবেন, তাহা উক্ত হইতেছে। যথা; রবি এক রাশিতে এক মাস অবস্থিতি করে, চন্দ্র ২ দুই দিন ১৫ পোনের দণ্ড, মঙ্গল তিনপক্ষ অর্থাৎ ৪৫ পঁয়তাল্লিশ দিন বুধ ১৮ আটার দিন, বৃহস্পতি এক বৎসর, শুক্র ২৮ আটাশ দিন, শনি দুই বৎসর ছয় মাস, রাহু এক বৎসর ছয় মাস, এই পরিমাণে সমস্ত গ্রহ এক এক রাশি ভোগ করিয়া থাকে। রাহুর রাশি ভোগের কাল নির্দ্দিষ্ট হওয়াতেই কেতুর রাশি ভোগকাল নিশ্চয় হইয়াছে, এজন্য পৃথক্ করিয়া তাহার কাল আর উক্ত হয় নাই, রাহুও কেতুর**

এক শরীর, এজন্য রাহুর রাশি ভোগকাল যত কেতুরও রাশি ভোগকাল তত অর্থাৎ এক বৎসর ছয় মাস।

## অতিচার।

এবং মানং লঙ্ঘয়িত্বা শীঘ্রং যাতি গৃহান্তরম্।
যদা খেটস্তদা ব্রূয়াদতিচারং গ্রহস্য তু॥

গ্রহদিগের যে সমস্ত রাশি ভোগ কাল উক্ত হইয়াছে, কুজাদি পঞ্চগ্রহের মধ্যে, কোন গ্রহ যদি কোন রাশিতে প্রবেশ করিয়া, সেই কাল পর্য্যন্ত সেই রাশিতে না থাকিয়া, শীঘ্র অন্য রাশিতে গমন করেন, তবে সেই গ্রহ অতিচারী বলিয়া নির্দ্দিষ্ট হইবেন, এবং যে দিবস স্থিতি-রাশি ত্যাগ করিয়া অন্য রাশিতে গমন করিবেন, সেই দিবস গ্রহের অতিচার কহিবে।

## অতিচার দিন।

অর্দ্ধমাসা দশাহানি ত্রিপক্ষা দিবসা দশ।
মাসষট্ মঙ্গলাদীনামতিচারঃ প্রকীর্ত্তিতঃ॥

কুজাদি পঞ্চগ্রহ অতিচারী হইয়া সেই রাশিতে যে কাল পর্য্যন্ত থাকিবে, ততকাল তাহার অতিচার কহিবে, সেই কাল এই, মঙ্গল অতিচারী হইলে পঞ্চদশ দিবস, বুধ দশ দিবস, বৃহস্পতি ত্রিপক্ষ অর্থাৎ পঁয়তাল্লিশ দিবস, শুক্র দশ দিবস, শনি ছয় মাস, সেই রাশিতে থাকিয়া পুনরায় পূর্ব্বস্থিতি রাশিতে প্রত্যাগমন করেন।

## মহাতিচার।

অতিচারগতঃ খেটস্তত্রৈব কুরুতে স্থিতিম্।
তদা মহাতিচারঃ স্যাদুক্তো জ্যোতির্ব্বিদাং বরৈঃ॥

গ্রহ অতিচারী হইয়া যে রাশিতে গমন করে, উক্ত অতিচার কালের পর সেই রাশি ত্যাগ করিয়া, যদি পূর্ব্ব রাশিতে না আইসেন এবং সেই রাশিতে থাকিয়া, পুনরায় যদি তৎপর রাশিতে গমন করেন, তাহা হইলে শ্রেষ্ঠ জ্যোতির্ব্বিদ্ গণ ঐ গমনকে মহাতিচার কহিয়াছেন।

## অতিবক্র।

বক্রো ভূত্বা যদা খেটো গৃহান্তরগতো ভবেৎ।
তদাতিবক্রসংজ্ঞঃ স প্রোক্তো জ্যোতির্ব্বিদাং বরৈঃ॥

যদি বক্রী কোন গ্রহ, স্থিতি রাশি হইতে রাশ্যান্তর গমন করে, তাহা হইলে শ্রেষ্ঠ জ্যোতির্ব্বিদগণ, সেই গ্রহকে অতিবক্রী, বা মহাবক্রী বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এই বক্র এবং অতিবক্র কুজাদি পঞ্চ গ্রহেরই হইয়া থাকে অন্য গ্রহের হয় না।

## উদয়াস্তদিক্‌নিয়মমাহ।

সূর্য্যাদপ্যধিকাঃ পশ্চাদস্তং জীবকুজার্কজাঃ।
হীনাঃ প্রাগুদয়ং যান্তি শুক্রজ্ঞৌ বক্রিণৌ তথা॥

সূর্য্য স্ফুটের রাশ্যাদি হইতে, বৃহস্পতি, মঙ্গল, শনি এবং বক্রী বুধ ও শুক্র, এই পাঁচ গ্রহের স্ফুট রাশ্যাদি অধিক হইলে, উক্ত পাঁচ গ্রহের, পশ্চাৎ অর্থাৎ পশ্চিম দিকে অস্ত হয়, আর সূর্য্য স্ফুটের রাশ্যাদি হইতে, উক্ত পাঁচ গ্রহের স্ফুট রাশ্যাদি হীন অর্থাৎ অল্প হইলে, উহা-দিগের পূর্ব্বদিকে উদয় হয়।

## চন্দ্রবুধশুক্রাণামুদয়াস্তদিক্‌নিয়মমাহ।

অল্পা বিবস্বতঃ প্রাচ্যামস্তং চন্দ্রজ্ঞভার্গবাঃ।
ব্রজন্ত্যভ্যধিকাঃ পশ্চাদুদয়ং শীঘ্রযায়িনঃ॥

শীঘ্রযায়ী চন্দ্র বুধ ও শুক্র, এই তিন গ্রহের স্ফুট রাশ্যাদি, সূর্য্য স্ফুট রাশ্যাদি হইতে অল্প হইলে, তাহা-দিগের পূর্ব্বদিকে অস্ত হয়, আর সূর্য্য স্ফুট রাশ্যাদি হইতে উক্ত গ্রহগণের স্ফুট রাশ্যাদি অধিক হইলে পশ্চাৎ অর্থাৎ পশ্চিম দিকে উহাদিগের উদয় হয়।

## উদয়াস্তাংশনিয়মমাহ।

একাদশামরেজ্যস্য তিথিসংখ্যার্কজস্য চ।
অস্তাংশা ভূমিপুত্রস্য দশসপ্তাধিকাস্তথা॥
চন্দ্রোদ্বাদশভিঃ পশ্চাদ্দৃশ্যঃ প্রাগ্‌গাত্যদৃশ্যতাম্।
পশ্চাদস্তময়োঽষ্টাভিরুদয়ঃ প্রাঙ্মহত্তরা॥
প্রাগস্তমুদয়ঃ পশ্চাদল্পত্বাদ্দশভির্ভৃগোঃ।
এবং বুধে দ্বাদশভিশ্চতুর্দ্দশভিরংশকৈঃ॥

রবিস্ফুট হইতে, বৃহস্পতির স্ফুট একাদশ অংশ অধিক বা ন্যূন হইলে, উক্ত দিকে বৃহস্পতির অস্ত বা উদয় নির্ণয় করিবে। আর পোনর অংশ অধিক বা অল্প হইলে,

শনির, এবং সপ্ত দশাংশ অধিক বা অল্প হইলে, উক্ত-অস্তোদয়ের নিরূপিত দিকে মঙ্গলের অস্ত বা উদয় হইয়া থাকে। আর রবিস্ফুট হইতে, চন্দ্র স্ফুট দ্বাদশাংশ অধিক হইলে পশ্চিম দিকে চন্দ্র দর্শন হইবে। আর সূর্য্যস্ফুট হইতে দ্বাদশাংশ ন্যূন হইলে পূর্ব্ব দিকে অদৃশ্য অর্থাৎ অস্ত হইবে। আর সূর্য্য স্ফুট হইতে বক্রী শুক্রের স্ফুট যদি আট অংশ অধিক হয়, তবে পশ্চিম দিকে অস্ত হয়। এবং আট অংশ ন্যূন হইলে পূর্ব্ব দিকে উদয় হয়। আর বক্রতা রহিত ঐ শুক্র যখন শীঘ্র-গামী হইবে, তখন সূর্য্য স্ফুট হইতে উক্ত শুক্রের স্ফুট যদি দশ অংশ ন্যূন হয়, তাহা হইলে পূর্ব্ব দিকে অস্ত হইবে। আর দশ অংশ অধিক হইলে উক্ত শুক্র পশ্চিম দিকে উদয় হইবে। এইরূপ বক্রী বুধের স্ফুট যদি সূর্য্য স্ফুট হইতে দ্বাদশ অংশ অধিক হয়, তাহা হইলে পশ্চিমে অস্ত, এবং দ্বাদশ অংশ ন্যূন হইলে, পূর্ব্ব দিকে উদয় হয়। আর বক্রগতি রহিত বুধের স্ফুট রাশ্যাদি সূর্য্য স্ফুটরাশ্যাদি হইতে চতুর্দ্দশ অংশ ন্যূন হইলে, পূর্ব্বদিকে বুধের অস্ত আর চতুর্দ্দশ অংশ অধিক হইলে, পশ্চিম দিকে বুধের উদয় হইয়া থাকে।

জেলা ঢাকার অন্তর্গত, মহকুমা মাণিকগঞ্জের অধীন বুতনী নিবাসী শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কর্ত্তৃক সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষের অষ্টম সংখ্যার প্রথম খণ্ড সমাপ্ত।

অন্যানি শাস্ত্রাণি বিনোদমাত্রং
ন তেষু কিঞ্চিদ্বহু দৃষ্টমস্তি।




চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ
পদে পদে প্রত্যয়মাবহন্তি॥

প্রথম খণ্ড সম্পূর্ণ।

# ফলিত জ্যোতিষ।

কোষ্ঠি, ঠিকুজি, প্রস্তুত করা এবং নানামতে ভূত, ভবিষ্যত ও বর্ত্তমান সম্বন্ধীয় প্রশ্নাদির উত্তর করা ও স্বরোদয় অর্থাৎ শ্বাস প্রশ্বাস এবং বর্ণ-স্বরোদয় অর্থাৎ প্রশ্নের বর্ণাক্ষর এবং রমণ অর্থাৎ পাষ্টি ফেলাইয়া এবং কাকচরিত্র ও শকুন শিবোক্ত পঞ্চপক্ষী, পারিজাত পঞ্চপক্ষী, কেরলী ষষ্ঠীদাস ইত্যাদি নানা শাস্ত্র মতে শুভাশুভ বলিতে পারা এবং সামুদ্রিক শাস্ত্রানুসারে অর্থাৎ হস্ত ও কপালের রেখা ও অঙ্ক দৃষ্টে ত্রিকালের গণনা করা এবং কিরূপে যোগাভ্যাস করিতে হয় তৎপ্রকরণাদি এই পুস্তক পাঠে শিক্ষা করা যাইতে পারিবেক। আমি যে সমস্ত গ্রন্থ হইতে এই সমস্ত সংগ্রহ করিয়াছি তাহার সংস্কৃত মূল ও বাঙ্গালানুবাদ এবং উপদেশ ও দৃষ্টান্ত ও চক্র সহিত খণ্ডানুক্রমে প্রতি মাসে প্রকাশিত হইবে। প্রতি খণ্ডের আকার ডিমাই ৪ পেজি ১২ ফরমা হইবেক। সমগ্র গ্রন্থ ১২ খণ্ডে সমাপ্ত হইবার সম্ভাবনা আছে। ইহার মূল্য নির্দ্দিষ্ট গ্রাহকগণের প্রতি প্রতিখণ্ডের ॥/০ আনা এবং সাধারণের প্রতি ১ টাকা নির্দ্ধারিত করা হইল। মফস্বলবাসীদিগকে ইহা ভিন্ন /০ আনা হিঃ ডাকমাসুল দিতে হইবে।

যাঁহারা এই পুস্তক গ্রহণেচ্ছু হইয়া গ্রাহক শ্রেণী ভুক্ত হইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অনুগ্রহ করিয়া নিম্নলিখিত ঠিকানায় অগ্রিম দুই খণ্ডের মূল্যের সহিত পত্র প্রেরণ করিবেন।


হাল সাং
সহর কলিকাতা যোড়াসাঁকো ৭ নং
শিবকৃষ্ণদাঁর লেন।

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়।
সাং বুতনী জেলা, ঢাকা।
হাং কলিকাতা।